Barcode - 4990010123356
Title - Bengal Legislative Assembly Proceedings (2002) vol.120, no. 3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 640
Publication Year - 2002
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123356

Vol. 120, No.—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

## West Bengal Legislative Assembly

Hundred Twentieth Session

(February to July Session, 2002)

(From 27th February, 2002 to 17th July, 2002)

(The 7th, 10th, 11th, 12th, 13th, 14th and 17th June, 2002)

Published by authority of the Assembly under Rulė 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price Rs. 214/-

L/V.120N0.III(02)

Vol. 120, No.—III

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Hundred Twentieth Session

**(February to July Session, 2002)**

**(From 27th February, 2002 to 17th July, 2002**

(The 7th, 10th, 11th, 12th, 13th, 14th and 17th June, 2002)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor

## SHRI VIREN J. SAHA

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Buddhadeb Bhattacharjee,** Chief Minister and Minister-in-charge of Home Department, Information & Cultural Affairs Department, Science & Technology Department, Personnel Administrative Reforms Deptt., Hill Affairs Department.

2. **Shri Nirupam Sen,** Minister-in-charge, Department of Commerce & Industries, Public Undertakings, Industrial Reconstruction and Development & Planning including Uttaranchal Unnayan Affairs & Paschimanchal Unnayan Affairs.

3. **Dr. Surya Kanta Mishra,** Minister-in-charge, Health & Family Welfare and Panchayat & Rural Development Department.

4. **Shri Mahammad Amin,** Minister-in-charge of Labour Department.

5. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department.

6. **Shri Subhas Chakraborty,** Minister-in-charge of Transport Department, Sports Deptt. and Hooghly River Bridge Commission.

7. **Shri Md. Salim,** Minister-in-charge of Department of Minorities Development & Welfare, Self Employment Scheme for the Urban Unemployed, Department of Youth Services and Technical Education Department.

8. **Shri Kamal Guha,** Minister-in-charge Department of Agriculture.

9. **Shri Biswanath Chowdhury,** Minister-in-charge, of Women & Child Development & Social Welfare Department and Jails Department.

10. **Shri Nanda Gopal Bhattacharya,** Minister-in-charge of Minor irrigation and Water Investigation & Development Deptt.

11. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Fisheries, Agriculture and Aquatic Resource and Fishing Harbours Department.

12. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Parliamentary Affairs and Department of Excise.

13. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Food & Supplies Department.

14. **Shri Amar Chaudhuri,** Minister-in-charge of Public Works Department.

15. **Shri Goutam Deb,** Minister-in-charge Department, of Housing and Public Health Engineering Department.

16. **Shri Kanti Biswas,** Minister-in-charge, Department of School Education and Madrasah.

17. **Shri Naren Dey,** Minister-in-charge, Department of Co-operation and Consumer Affairs Department.

18. **Shri Manabendra Mukherjee,** Minister-in-charge, Department of Information, Technology and Environment Department.

19. **Shri Asok Bhattacharya,** Minister-in-charge, Department of Municipal Affairs, Urban Development and Town & Country Planning.

20. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge, Department of Tourism.

21. **Shri Sailen Sarkar,** Minister-in-charge, Department of Food Processing & Horticulture.

22. **Shri Satyasadhan Chakraborty,** Minister-in-charge, Department of Higher Education.

23. **Shri Amalendralal Roy,** Minister-in-charge, Department of Irrigation & Waterways.

24. **Shri Abdur Razzak Mollah,** Minister-in-charge, Deparment of Land & Land Reforms.

25. **Shri Mrinal Banerjee,** Minister-in-charge, Department of Power.

26. **Shri Bansagopal Choudhury,** Minister-in-charge, Department of Cottage and Small Scale Industries.

27. **Shri Nisith Adhikary,** Minister-in-charge, Department of Law and Judicial.

28. **Shri Upen Kisku,** Minister-in-charge, Department of Animal Resources Development.

29. **Shri Anisur Rahaman,** Minister-in-charge Department of Animal Resources Development.

30. **Shri Jogesh Chandra Barman,** Minister-in-charge, Department of Forest.

31. **Shri Nimai Mal,** Minister-in-charge, Department of Library Services.

32. **Shrimati Nandarani Dal,** Minister-in-charge, Department of Mass Education Extension.

33. **Shrimati Chhaya Ghosh,** Minister-incharge, Department of Agriculture Marketing.

34. **Shri Hafiz Alam Sairani,** Minister-in-charge, Department of Relief.

35. **Shri Pratim Chatterjee,** Minister-of-State, Department of Fire Services.

36. **Shri Dhiren Sen,** Minister-of-State, Department of Panchayats & Rural Development.

37. **Shri Susanta Ghosh,** Minister-of-State, Department of Labour, Employment Exchange and Employees State Insurance.

38. **Shri Dasrath Tirkey,** Minister-of-State, Department of Public Works.

39. **Shri Maheswar Murmu,** Minister-of-State, Department of Forests and Paschimanchal Unnayan Affairs.

40. **Shrimati Anju Kar,** Minister-of-State, Department of Municipal Affairs.

41. **Shrimati Bilasi Bala Sahis,** Minister-of-State, Department of Backward Classes Welfare.

42. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State, Department of Irrigation & Waterways.

43. **Dr. Srikumar Mukherjee,** Minister-of-State, Department of Home (Civil Defence).

44. **Shri Kanti Ganguly,** Minister-of-State, Department of Sundarban Development Affairs.

45. **Shri Pratyush Mukherjee,** Minister-of-State, Department of Health & Family Welfare.

46. **Shri Narayan Biswas,** Minister-of-State, Department of Transport.

47. **Shri Nayan Sarkar,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation.

48. **Smt. Ibha Dey,** Minister-of-State, Department of School Education.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Kripasindhu Saha**

## SECRETARIAT

*Secretary* : **Shri Monoranjan Sarker**

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

**Note :** Number shown within brakets against the name of each Member is the "Constituency Number".

## A

1. Abdul Karim Choudhary, Shri (28-Islampur, North Dinajpur)
2. Abdul Mannan, Shri (181-Champdani, Hooghly)
3. Abdur Razzak Molla, Shri (106-Canning East, South 24-Parganas)
4. Abu Ayes Mondal, Shri (278-Manteswar, Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak, Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola, Murshidabad)
7. Abu Taher Khan, Shri (61-Naoda, Murshidabad)
8. Abul Hasnat, Shri (54-Jangipur, Murshidabad)
9. Acharya, Shri Manik Lal (257-Kulti, Burdwan)
10. Adhikari, Shri Sisir (211-Contai South, Midnapore)
11. Adhikary, Shri Nisith (270-Burdwan North, Burdwan)
12. Adhikary, Shri Paresh Chandra [1-Mekliganj (SC), Cooch Behar]
13. Anisur Rahaman, Shri (60-Domkal, Murshidabad)
14. Ankure, Shri Saresh [266-Kanksa (SC), Burdwan]

## B

15. Badal Zamadar, Shri (107-Bhangar, South 24 Parganas)
16. Bag. Shri Kartick Chandra [267-Ausgram (SC), Burdwan]
17. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC), Birbhum]
18. Bagdi, Shri Kirity [247-Indpur (SC), Bankura]
19. Bajaj, Shri Satyanarayan (143-Jorasanko, Kolkata)
20. Bakshi, Sri Subrata (111-Bishnupur West, South 24-Parganas)
21. Bala, Dr. Asim [80-Ranaghat East (SC), Nadia]
22. Bandyopadhyay, Smt. Nayna (145-Bowbazar, Kolkata)
23. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipur, Kolkata)
24. Banerjee, Shri Ambica (163-Howrah Central, Howrah)
25. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
26. Banerjee, Shri Kalyan (260-Asansol, Burdwan)
27. Banerjee, Shri Mrinal (264-Durgapur-1, Burdwan)
28. Banerjee, Shri Pankaj (150-Tollygunge, Kolkata)
29. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC), Jalpaiguri]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.***

30. Basu, Smt. Manju (132-Noapara—North 24-Parganas)
31. Bauri, Shri Madan [263-Ukhra (SC), Burdwan]
32. Bauri, Shri Ramcharan [249-Gangajalghati (SC), Bankura]
33. Bera, Shri Dipak (203-Moyna, Midnapore)
34. Bera, Shri Nityananda [205-Sutahata (SC), Midnapore]
35. Bhadra, Shri Arup (104-Baruipur, South 24-Parganas)
36. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur, South 24-Parganas)
37. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan, Midnapore)
38. Bhattacharjee, Shri Asok (25-Siliguri, Darjeeling)
39. Bhattacharjee, Shri Rabindranath (183-Singur, Hooghly)
40. Bhowal, Shri Subrata (279-Purbasthali, Burdwan)
41. Bhowmick, Shri Prafulla Kumar (69-Karimpur, Nadia)
42. Bhunia, Shri Ajit (198-Daspur, Midnapore)
43. Biswas, Shri Haripada (131-Jagatdal, North 24-Parganas)
44. Biswas, Shri Kaliprasad (184-Haripal, Hooghly)
45. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC), North 24-Parganas]
46. Biswas, Shri Kanti [98-Sandeshkhali (SC), North 24-Parganas]
47. Biswas, Shri Narayan (35-Gangarampur, Sourth Dinajpur)
48. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC), Nadia]
49. Biswas, Smt. Susmita (250-Barjora, Bankura)
50. Bose, Shri Subrata (141-Shyampukur, Kolkata)
51. Bouri, Smt. Uma Rani [241-Raghunathpur (SC), Purulia]

## C

52. Chakraborty, Shri Biman (167-Jagatballavpur, Howrah)
53. Chakraborty, Shri Subhas (139-Belgachia East, Kolkata)
54. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha, Nadia)
55. Chakraborty, Shri Tarapada (252-Onda, Bankura)
56. Chatterjee, Smt. Nirupama (173-Bagnan, Howrah)
57. Chatterjee, Shri Partha (113-Behala West, South 24-Parganas)
58. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar, Hooghly)
59. Chatterjee, Shri Rabindranath (280-Katwa, Burdwan)
60. Chattopadhyay, Shri Sobhandeb (149-Rash Behari Avenue, Kolkata)
61. Chattopadhyay, Shri Tapas (275-Memari, Burdwan)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.***

62. Chhetri, Smt. Shanta (24-Kurseong, Darjeeling)
63. Chandhuri, Shri Amar (137-Baranagar, North 24-Parganas)
64. Chaudhuri, Shri Nripen (57-Nabagram, Mirshidabad)
65. Choudhuri, Smt, Asima (47-Manickchak, Malda)
66. Choudhury, Shri Bansagopal (261-Ranigunj, Burdwan)
67. Chowdhury, Shri Biswanath (38-Balurghat, South Dinajpur)
68. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur, Bankura)
69. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur, Howrah)
70. Chowdhury, Shri Subhendu [45-Malda (SC), Malda]

## D

71. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC), Cooch Behar]
72. Dal, Smt. Nanda Rani [219-Keshpur (SC), Minapore]
73. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC), Birbhum]
74. Das. Dr. Debesh [154-Taltala (SC), Kolkata]
75. Das. Shri Jagadish Chandra (128-Bijpur, North 24-Parganas)
76. Das, Shri Jajneswar (125-Patharpratima, South 24-Parganas)
77. Das, Shri Nirmal (12-Alipurduar, Jalpaiguri)
78. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC), Cooch Behar]
79. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC), Cooch Behar]
80. Das, Shri Ratan (277-Nadanghat, Burdwan)
81. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah, North 24-Parganas)
82. Das, Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur, Midnapore)
83. Dasthakur, Shri Chitaranjan (200-Panskura West, Midnapore)
84. D'Costa Hart, Smt. Gillian Rosemary (295-Nominated)
85. Datta, Shri Binoy (194-Arambagh, Hooghly)
86. Datta, Smt. Tapati (87-Habra, North 24-Parganas)
87. De (Nag), Dr. Ratna (180-Serampore, Hooghly)
88. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge, South 24-Parganas)
89. Deb, Shri Goutam (96-Hasnabad, North 24-Parganas)
90. Deb, Shri Rabin (152-Ballygunge, Kolkata)
91. Dey, shri Ajoy (78-Santipur, Nadia)
92. Dey, Smt. Ibha (177-Jangipara, Hooghly)
93. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar, Kolkata)
94. Dey, Shri Naren (186-Chinsurah, Hooghly)

95. Dhar, Shri Padmanidhi (166-Domjur, Howrah)
96. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC), Midnapore]
97. Dutta, Shri Gurupada (196-Chandrakona, Midnapore)
98. Dutta, Shri Parash (112-Behala East, South 24-Parganas)
99. Dutta, Smt. Sarmistha (88-Ashokenagar, North 24-Parganas)

## G

100. Ganguly, Smt. Kanika (161-Bally, Howrah)
101. Ganguly, Shri Kanti (123-Mathurapur, South 24-Parganas)
102. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC), North 24-Parganas]
103. Ghatak, Shri Moloy (259-Hirapur, Burdwan)
104. Ghose, Smt, Manasi (254-Kotulpur, Bankura)
105. Ghosh, Shri Arunava (138-Dum Dum, North 24-Parganas)
106. Ghosh, Shri Bankim (83-Haringhata, Nadia)
107. Ghosh, Shri Bhakti Pada (286-Dubrajpur, Birbhum)
108. Ghosh, Smt. Chhaya (58-Murshidabad, Murshidabad)
109. Ghosh, Shri Dipak Kumar (204-Mahisadal, Midnapore)
110. Ghosh, Shri Nirmal (135-Panihati, North 24-Parganas)
111. Ghosh, Shri Pankaj (85-Bongaon, North 24-Parganas)
112. Ghosh, Shri Rabindra (171-Uluberia, Howrah)
113. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnanagar West, Nadia)
114. Ghosh, Shri Susanta (220-Garhbeta East, Midnapore)
115. Ghosh, Shri Tamonash (118-Falta—South 24-Parganas)
116. Giri, Shri Akhil (212-Ramnagar, Midnapore)
117. Goala, Shri Rajdeo (160-Belgachia West, Kolkata)
118. Golam Kibria Mia, Shri (64-Beldanga, Murshidabad)
119. Goswami, Shri Subhas (248-Chhatna, Bankura)
120. Guha, Shri Kamal (7-Dinhata, Cooch Behar)
121. Guha, Smt. Sonali (117-Satgachia, South 24-Parganas)

## H

122. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar, North Dinajpur)
123. Haldar, Shri Jagaranjan [124-Kulpi (SC), South 24-Parganas]
124. Haldar, Shri Rishi (119-Diamond Harbour, South 24-Parganas)
125. Hamidul Rahaman, Shri (27-Chopra, North Dinajpur)

126. Hansda, Shri Upendra Nath [233-Banduan (ST), Purulia]
127. Hashim Abdul Halim, Shri (89-Amdanga, North 24-Parganas)
128. Hatial, Shri Bhabani Sankar (230-Gopiballavpur, Midnapore)
129. Hazra, Shri Bankim Chandra (127-Sagar, South 24-Parganas)
130. Hazra, Shri Samar [274-Jamalpur (SC), Burdwan]
131. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST), Purulia]
132. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST), Malda]
133. Hore, Shri Tapan (284-Bolpur, Birbhum)
134. Humayun Reza, Shri (51-Aurangabad, Murshidabad)

## I

135. Id. Mohammad, Shri (68-Bharatpur, Murshidabad)

## J

136. Jane Alam Mian, Shri (52-Suti, Murshidabad)
137. Jatua, Shri Choudhury Mohan [122-Mandirbazar (SC), South 24-Parganas]

## K

138. Kabi, Shri Pelab (262-Jamuria, Burdwan)
139. Kalimuddin Shams, Shri (293-Nalhati, Birbhum)
140. Kanji, Shri Bansari Mohan [121-Magrahat East (SC), South 24-Parganas]
141. Kar, Smt. Anju (276-Kalna, Burdwan)
142. Kar, Shri Jyotirmoy (210-Contai North, Midnapore)
143. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (SC), Bankura]
144. Khan, Shri Kollol (71-Nakashipara, Nadia)
145. Khanra, Shri Saktipada (190-Polba, Hooghly)
146. Kisku, Shri Upen [245-Raipur (ST), Bankura]
147. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
148. Kundu,Shri Ranjit (129-Naihati, North 24-Parganas)

## L

149. Lahiri, Shri Jatu (165-Shibpur, Howrah)
150. Lakra, Shri Paban Kumar [11-Kalchini (ST), Jalpaiguri]
151. Lakra, Shri Somra [18-Mal (ST), Jalpaiguri]
152. Laya, Dr, Tushar Kanti (216-Sabang—Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*contd.*

153. Lepcha, Shri Gaulan (22-Kalimpong, Darjeeling)
154. Let Shri Bishnu [290-Mayureswar (SC), Birbhum]

## M

155. Mafuja Khatun, Smt. (37-Kumarganj, South Dinajpur)
156. Mahapatra, Dr. Saumen Kumar (199-Nandanpur, Midnapore)
157. Mahata, Shri Abinas (243-Hura, Purulia)
158. Mahata, Shri Khagendranath (222-Salboni, Midnapore)
159. Mahata, Smt. Shamya Pyari (234-Manbazar, Purulia)
160. Mahato, Shri Nepal (237-Jhalda, Purulia)
161. Mahato, Shri Shantiram (238--Joypur, Purulia)
162. Mahbubul Haque (Badal), Shri (41--Kharba, Malda)
163. Mainul Haque, Shri (50-Farakka, Murshidabad)
164. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC), Hooghly]
165. Maity, Shri Ardhendu (208-Bhagabanpur, Midnapore)
166. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST), Purulia]
167. Majhi, Shri Nandadulal [255-Indas (SC), Bankura]
168. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC), Burdwan]
169. Mal, Shri Asit Kumar [292-Hasan (SC), Birbhum]
170. Mal, Shri Nimai (192-Pursurah, Hooghly)
171. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC), Hooghly]
172. Mallik, Shri Jyoti Priya (86-Gaighata, North 24-Parganas)
173. Mallik, Smt. Sadhana (281-Mangalkot, Burdwan)
174. Mandal, Shri Kalipada (172-Shyampur, Howrah)
175. Mandal, Shri Subhas (268-Bhatar—Burdwan)
176. Mandi, Dr. Sambhu Nath [232-Binpur (ST), Midnapore]
177. Md. Salim, Shri (153-Entally, Kolkata)
178. Md. Yakub, Shri (92-Deganga, North 24-Parganas)
179. Mehbub Mondal, Shri (269-Galsi, Burdwan)
180. Mehata, Shri Nishi Kanta (236-Arsha, Purulia)
181. Minj, Shri Prokash [26-Phansidewa (ST), Darjeeling]
182. Mishra, Shri Kashinath (251-Bankura, Bankura)
183. Mishra, Dr. Surya Kanta (227-Narayangarh, Midnapore)
184. Mitra, Shri Asit (174-Kalyanpur, Howrah)
185. Mitra, Smt. Sabitri (44-Araidanga, Malda)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.***

186. Mitra, Shri Somendra Nath (156-Sealdah, Kolkata)
187. Modak, Shri Dhananjoy (72-KaliganJ, Nadia)
188. Mohammed Amin, Shri (114-Garden Reach, South 24-Parganas)
189. Mojibor Rahaman, Shri (56-Bhagabangola, Murshidabad)
190. Mondal, Shri Biswanath [66-Khargram (SC), Murshidabad]
191. Mondal, Shri Dilip [110, Bishnupur East (SC), South 24-Parganas]
192. Mondal, Shri Ganesh Chanda [100-Gosaba (SC), South 24-Parganas]
193. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
194. Mondal, Shri Mohan [170-Uluberia North (SC)—Howrah]
195. Mondal, Shri Nirmal Chandra [109-Sonarpur (SC)—South 24-Parganas]
196. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
197. Mondal, Shri Tanmoy [91-Rajarhat (SC)—North-Parganas]
198. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
199. Mostaque Alam, Shri (42-Harishchandrapur—Malda)
200. Mukherjee, Shri Apurba (265-Durgapur-II—Burdwan)
201. Mukherjee, Shri Ashoke (Gopal) (90-Barasat—North 24-Parganas)
202. Mukherjee, Shri Braja (288 Suri—Birbhum)
203. Mukherjee, Shri Kamal (182-Chandernagore—Hooghly)
204. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Kolkata)
205. Mukherjee, Shri Manas (136-Kamarhati—North 24-Parganas)
206. Mukherjee, Smt. Nabanita (285-Labhpur—Birbhum)
207. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
208. Mukherjee, Shri Nikhil (239-Purulia—Purulia)
209. Mukherjee, Shri Pratyush (175--Amta—Howrah)
210. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
211. Mukherjee, Shri Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
212. Mukherjee, Shri Subrata (146-Chowringhee—Kolkata)
213. Mukherjee, Shri Swaraj (179-Uttarpara—Hooghly)
214. Mukhopadhyay, shri Ashutosh (187-Bansberia—Hooghly)
215. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
216. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
217. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)

## N

218. Nanda, Shri Brahmamoy (207 Narghat—Midnapore)
219. Nanda Shri Kiranmay (214-Mugberia—Midnapore)

220. Naskar, Shri Gobinda Chandra [105-Canning West (SC)—South 24-Parganas]
221. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
222. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
223. Niamot Sk, Shri (62-Hariharpara—Murshidabad)
224. Noorar Rahaman, Shri (120-Magrahat West—South 24-Parganas)

**P**

225. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
226. Pakhira, Shri Manturam (126-Kakdwip—South 24-Parganas)
227. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]
228. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
229. Pan, Shri Bhakta Ram (178-Chanditala—Hooghly)
230. Pande, Shri Sadhan (158-Burtola—Kolkata)
231. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
232. Paul, Smt. Maya Rani (63--Berhampore—Murshidabad)
233. Paul, Shri Paresh (159-Manicktola—Kolkata)
234. Paul, Shri Tapas (148-Alipore—Kolkata)
235. Pradhan, Shri D. K. (23-Darjeeling—Darjeeling)
236. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
237. Purkait, Shri Probodh [102-Kultali (SC)—South 24-Parganas]

**Q**

238. Qamre Elahi, Dr. (294-Murarai—Birbhum)
239. Quazi Abdul Gaffar, Shrı (94-Baduria—North 24-Parganas)

**R**

240. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
241. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Kolkata)
242. Ray, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
243. Ray, Shri Nirbed (202-Tamluk—Midnapore)
244. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
245. Ray, Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
246. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
247. Roy, Shri Amalendralal (67-Barwan—Murshidabad)
248. Roy, Shri Chitta Ranjan [31-Raiganj (SC) North Dinajpur]

249. Roy, Shri Gobinda (20-Jalpaiguri—Jalpaiguri)
250. Roy, Shri Gokul (30-Karandighi—North Dinajpur)
251. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Lakshmi Kanta [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
254. Roy, Shri Nripendra Nath (6-Sitai—Cooch Behar)
255. Roy, Shri Samar (46-English Bazar—Malda)
256. Roy, Shri Saugata (151-Dhakuria—Kolkata)
257. Roy, Shri Tapas (144-Bara Bazar—Kolkata)
258. Rubi Noor, Smt. (48-Sujapur—Malda)

## S

259. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]
260. Saha, Shri Pundarikakshya (77-Nabadwip—Nadia)
261. Sahis, Smt. Bilasi Bala [240-Para (SC)—Purulia]
262. Samanta, Shri Rampada [217-Pingla—Midnapore]
263. Sanatani, Smt. Mina (231-Jhargram—Midnapore)
264. Sanyal, Shri, Kamalendu (70-Palashipara—Nadia)
265. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
266. Saren, Shri Bhutnath [229-Nayagram (ST)—Midnapore]
267. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
268. Sarkar, Shri Dipak Chandra (4-Cooch Behar North—Cooch Behar)
269. Sarkar, Shri Nayan [79-Hanskhali (SC)—Nadia]
270. Sarkar, Shri Sailen (43-Ratua—Malda)
271. Seal, Shri Sudhangshu (142-Jorabagan—Kolkata)
272. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
273. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
274. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
275. Shamsul Islam Mollah, Shri (73-Chapra—Nadia)
276. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
277. Singh, Shri Arjun (130-Bhatpara—North 24-Parganas)
278. Singh, Smt. Jyotsna [272-Khandaghosh (SC)—Burdwan]
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat—West Nadia)

281. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
282. Sinha, Shri Probodh Chandra (213-Egra—Midnapore)
283. Sk. Illias Mohammad, Shri (206-Nandigram—Midnapore)
284. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
285. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
286. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Town—Midnapore)
287. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]

## T

288. Tamser Ali, Shri (8-Natabari—Cooch Behar)
289. Thakur, Shri Akshoy (5-Cooch Behar West—Cooch Behar)
290. Tirkey, Shri Dasrath [10-Kumargram (ST)—Jalpaiguri]
291. Tudu, Shri Makar [246-Ranibandh (ST)—Bankura]
292. Tudu, Shri Sadhu [40-Gazole (ST)—Malda]

## U

293. Unus Ali Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 7th June, 2002 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri HASHIM ABDUL HALIM) in the Chair, 24 Ministers, 10 Ministers of State and 87 Members.

[11.00—11.12 a.m.]

## OBITUARY REFERENCES

**Mr. Speaker:** Hon'ble Members, before commencement of the business rise to perform a melancholy duty to refer to the sad demise of a sitting Member, former Members of West Bengal Legislative Assembly and other renowned personalities who breathed their last recently.

Shri **Badal Basu,** a sitting member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 8th May, 2002 in Kolkata after massive heart attack. He was 63.

Shri Basu was born on the 10th February, 1939 in Dhaka now in Bangladesh. In 1950 he came to Kolkata along with his family and took shelter at Pallyshree Colony, Jadavpur. He had his schooling at Netajinagar Vidyamandir. During his student life he came in close contact with the Communist Leaders, Prashanta Sur and Sachin Sen through 'Kishore Bahini'. In 1960 he started his career as a worker of Remington Factory, Howrah. At that time he got the membership of Communist Party of India and subsequently he remained with CPI(M). He was imprisoned under 'MISA' in 1973. In 1982 he became a member of Howrah District Committee of the Party. He was also a member of the Howrah District Committee of CITU. He was elected to the Howrah Municipal Corporation as a Councillor for Consecutive three terms beginning from 1984. Apart from his political activities he had a keen affinity to Rabindra Sangeet. He was associated with many philanthropic activities and social organisations.

He was elected to the West Bengal Legislative Assembly from Howrah South Constituency in 2001 as a candidate of the Communist Party of India (Marxist).

At his death the State has lost an eminent political leader as well as an ardent social worker.

**Shri Mahadev Mukherjee,** former member of the West Bengal Legislative Assembly and veteran freedom fighter breathed his last on the 19th April, 2002 at his residence at Charpota-Nadiha in the district of Purulia after a protracted illness. He was 88.

Shri Mukherjee was born on the 30th Baisakh, 1321 B.S. at Purulia. He took up his profession in practising law as an advocate in Purulia Court. During freedom struggle of the country he worked in the Radical Democratic Party with M. N. Roy. In 1972 he got the membership of Communist Party of India (Marxist). He was a member of Lawyers' Bar Association and later became the President of West Bengal Bar Assocaition. He was involved in Co-operation movement in the State. Besides, he was associated with many social, educational and trade union organisations too. Apart from his political career, he had a keen interest in journalism. He was the editor of 'Yuva Andolon', a Bengali fortnightly magazine.

He was elected to the West Bengal Legislative Assembly from Purulia—Purulia Constituency in 1977 as a C.P.I.(M) candidate.

At his death the State has lost a veteran politician, a freedom fighter and a social worker.

**Shri Sundar Hazra,** former member of West Bengal Legialative Assembly, breathed his last on the 7th May, 2002 at S. S. K. M. Hospital, Kolkata after a protracted illness. He was 57.

Shri Hazra was born on the 9th May, 1945 at Salbani in the district of Midnapore. He had his education at Salbani High School and Midnapore College. A cultivator by profession, Shri Hazra started his political career through his active participation in workers' movement. He got the membership of Communist Party of India (Marxist) in 1969 and became a whole time worker of the party. He was also a member of Salbani Zonal Committee of the party.

He was elected to the West Bengal Legislative Assembly from Salbani, Midnapore Constituency in 1971, 1977, 1982 and 1987 as a candidate of the Communist Party of India (Marxist).

At his death the State has lost an eminent politician as well as a true friend of the peasants and workers.

**Shri Shyam Lal Shakdher,** former Secretary General of Lok Sabha, breathed his last on the 18th May, 2002 at the All India Institute of Medical Sciences in New Delhi suffering from pneumonia. He was 84.

A Constitutional and Parliamentary expert Shri Shakdher was born at Bohri Kadel in Srinagar, Jammu & Kashmir on the 1st November, 1918. He had started his career as an Accountant in the office of the Military Accountant General. Later he acrued in various capacities like as Superintendent in the Ministry of Relief and Rehabilitation, as Administrative Officer in Press Information Bureaus and Chief Controller of Reports, as Secretary to Government Chief Whip, Ministry of Law and as Secretary, Department of Parliamentary Affairs. In 1950 he joined the Parliament Secretariat as officer on special duty and ex-officio Deputy Secretary and subsequently in 1964 he became the Secretary of Lok Sabha. He distinguished himself in various capacities in the Lok Sabha Secretariat and was associated with almost every sphere of functioning of the Indian Parliament. In 1973 he became the Secretary-General of Lok Sabha and held that portfolio till 1977. By virtue of his brillant performance in decling with a number of cases in the Parliament he had earned an enviable reputation. After relinquising the Office of Secretary General he became the Chief Election Commissioner, Government of India and held that post till 1982.

He was associated with Staff Welfare Activities, Village Community Social Work and other philanthropic activities. He co-authored' practice and Procedure of Parliament', a standard exposition of Parliamentary procedure which won approbation from Parliamentary and Legislative Circles in India and abroad. This book is new regarded as an indispensable reference for parliamentarians, Legislators, Parliamentary officials & research scholars. Besides, he authored a number of books of which Report on the Budgetary System of the various parliaments, process of Legislation, Inter Parliamentary Relations, Budget in Parliament, Comptroller and Auditor General in India and V. K.—A comparison, Administrative Accountability to Parliament, The Commonwealth Parliaments, The Constitution and Parliament in India are remarkable. He travelled many countries via U. K., France, U. S. A., Canada, West Germany, Italy, etc.

At his death the nation has last an eminent administrator and exponent in the field of functioning of the Indian Parliament.

**Shri Mahadev Saha,** veteran freedom fighter and communist leader, breathed his last on the 14th April, 2002 at a nursing home in New Delhi after a protracted illness. He was 85.

Shri Saha was born in 1917 at Abholi in Uttar Pradesh. He came to Kolkata in his childhood and had his schooling at South

Subarban School, got his graduation from a College in Lahore and the M. A. degree in History and Sociology from Allahabad University. While studying in Allahabad he came in close contact with Dr. Meghnath Saha. He took part in Satyagraha movement when .he was more a student and sufferred imprisonment. In the early part of his political career he worked in the socialist lobby of Congress. In 1936 he was a volunteer in Lucknow Congress and in 1939 he attended Haripara Congress. In the mid-thirties he became a member of the Communist Party under the inspiration of R. K. Bharadwaj, a pioneer leader of Textile Workers' movement at Kanpur. In 1939 he came to Kolkata and worked as a Congress worker and was imprisoned in Alipore Central Jail and Presidency Jail for taking part in Satyagraha movement. He played a key role to organise the workers of Jute Mills and tea gardens under the instruction of the eminent communist leaders Abdul Halim and Bankim Mukherjee. He was the member of the Communist party of India (Marxist) since its formation. He was bestowed on the doctorate degree by the Hungery University for his fundamental article on 'slavery'. He was associated with the daily 'Swadhinata' in Bengali as well as in Hindi and 'Deshhitaishi'. He was called a living encyclopedia for his outstanding merit. His erudition, prudence and unostentatious life style endeared him to his colleagues and followers.

At his death the State has lost a veteran freedom fighter as well as a true friend of the toiling mass.

**Shri Kaify Azmi,** poet, lyricist and writer, breathed his last on the 10th May, 2002 at Jaslok Hospital. Mumbai after suffering from cardiac and respiratory infections. He was 82.

Shri Azmi was born of a zaminder family at Mijwen village in the district of Asamgarh, Uttar Pradesh. At a very tender age he rebelled against the traditional religious education forced on him. He was expelled from school for organising Students' Union. At the age of 19, he joined the Communist Party of India and absorbed himself in the work for the textile workers in Kanpur. In 1942 he left his study and plunged in the Quit India Movement. In 1943 he came to Mumbai and worked as a trade union worker. He also worked as Assistant Editor of the CPI-run Urdu Paper, Quami Jung. Apart from political activities he was a versatile genius.

He was a renowned Urdu Poet. His feeling for the downtrodden people and the expressions through his works were vivid and unique. He always raised his voice against communalism and advocated for humanity, secularism, equality and fraternity. His collection of

poems, Jhankar, Akhir-e-Shab, Aware Sijde and Sarmaya—were acclaimed highly from every corner in the country. He was a lyricist also. He had started writing Ghazal at the age of 11. Later he wrote songs for Hindi films from 1948. He went on writing songs for a large number of Hindi films and some of the all time favourites from Hindi movies can be credited to him. A committed communists through out his life Shri Azmi played a key role in the Progressive Writers' Movement too. He along with some literary talents, poets and writers waged a war against a restrictive social system, conventional morality and India's lack of independence. He was honoured with the Sahitya Academy Award. He was one of the founder members of Indian People's Theatre Association and later became its President.

At his death the nation has lost an eminent Urdu poet and writer as well as a frontline leader of progressive cultural movement.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage, the Hon'ble Members nose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the messag of condolence to the members of the bereaved family of the deceased.

**Adjournment**

The House was then adjourned at 11.12 a.m. till 11.00 a.m. on Monday the 10th June, 2002, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 10th June, 2002 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 2 Ministers, 09 Ministers of State and 162 Members.

[11.00—11.10 a.m.]

## OBITUARY

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the busines of the day I rise to perform a melancholy duty to refer to the sa demise of Shri B. D. Jatti, former Vice-President of the countr who breathed his last on the 7th June, 2002 at a Nursing Home i Bangalore, Karnataka. He was 90.

**Shri Jatti** was born on the 10th September, 1912 at Jamakhand in the district of Bijapur, Karnataka. He started his politica career as a Councillor. As an active politician he devoted himsel in various engagements for a long period of five decades Besides, he was associated with so many philanthropic and socia organisations.

Shri Jatti adorned the chair of Vice-President of the country during the period from 1974 to 1980. He also held the office o President for a brief stint after the death of Shri Fakhruddin Ali Ahmed. He also served as Chief Minister of the erstwhile Mysore State, Lt. Governor of Pondicherry and Governor of Orissa.

At the death of Shri Jatti the country has lost an able administrator and a veteran politician too.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## PRESENTATION OF THE COMMITTEE REPORT

### 18th Report of the Business Advisory Committee

**Mr. Speaker:** I beg to present the 18th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on 7th June and recommended the following programme of business.

| | | | |
|---|---|---|---|
| 10.6.2002 (Monday) | : | (i) | The West Bengal Primary Education (Amendment) Bill, 2002 (Introduction, Consideration & Passing) 1 hour |
| | | (ii) | The Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2002 (Introduction, Consideration & Passing) 1½ hour |
| 11.6.2002 (Tuesday) | : | (i) | The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002 (Introduction, Consideration & Passing) 1½ hour |
| | | (ii) | Demand No. 4, Judicial Department 1½ hour |

I now request the Minister-in-Charge of Parliamentary Affairs Deptt. to please move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha:** Sir, I beg to move that the 18th report of the Business Advisory Committee as presented in the House be accepted.

The motion was then put and agreed to.

### Starred Questions
### (to which oral Answers were given)

### মহাবিদ্যালয়ে অধ্যাপকদের শূন্যপদ পূরণ

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রী দেবপ্রসাদ সরকার:** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০০২ পর্যন্ত রাজ্যের মহাবিদ্যালয়গুলিতে অধ্যাপকদের ক'টি পদ শূন্য আছে : এবং

(খ) শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী:**

(ক) প্রায় এক হাজারটি (বেসরকারি কলেজ) এবং দুশোটি (সরকারি কলেজ)।

(খ) পশ্চিমবঙ্গ মহাবিদ্যালয় সেবা আয়োগ বেসরকারি কলেজগুলিতে নিয়োগের জন্য সুপারিশপত্র শিগগিরই পাঠাতে শুরু করবে বলে আশা করা যায়।

সরকারি কলেজগুলিতে নিয়োগপত্র পাঠানোর কাজ চলছে।

**শ্রী সৌগত রায়** : স্যার, নারায়ণ বিশ্বাস এখনও বসে আছে।

(নয়েজ)

(এই সময় তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যরা শ্লোগান দিতে দিতে সভার ওয়েলে নেমে আসেন এবং চিৎকার করে শ্লোগান দিতে থাকেন)

(হট্টগোল)

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, দীর্ঘদিন আগে শূন্য পদে নিয়োগের জন্য স্কুল সার্ভিস কমিশন এবং কলেজ সার্ভিস কমিশন প্যানেল তৈরি করা সত্ত্বেও এই নিয়োগে বিলম্ব হচ্ছে কেন ? এই বিলম্বিত নিয়োগের পশ্চাতে রাজ্য সরকারের কোনও ইঙ্গিত আছে কি ? এই প্রক্রিয়ায় সরকার এই খাতে টাকা বাঁচাতে চাইছে কি ?

(তুমুল হট্টগোল)

Hon'ble TMC Members started moving round the tables of the official reporters raising slogans.

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্যকে আমি জানাতে চাই, নিয়োগের কাজ চলছে এবং আপনি ৩১শে জানুয়ারি পর্যন্ত সংখ্যাটা জানার কথা বলেছেন। তারপর থেকে কলেজ সার্ভিস কমিশন ৪০০টির উপরে নিয়োগপত্র কলেজে পাঠিয়েছে। এবং পাবলিক সার্ভিস কমিশনও তাদের নিয়োগপত্র পাঠিয়েছে। তাদের সুপারিশ অনুযায়ী সরকারি কলেজে শিক্ষক নিয়োগ করা হয়েছে। ইতিমধ্যে খবরের কাগজে শ্লেট (স্টেট লেবেল এলিজিবিলিটি টেস্ট) পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। মাননীয় সদস্য যা বলছেন, এর সঙ্গে টাকার কোনও প্রশ্ন জড়িত নেই। কলেজগুলোতে নিয়োগের কাজ চলছে। আপনি ৩১ তারিখ পর্যন্ত যা জানতে চেয়েছেন, সেই সংখ্যাটা দেওয়া হয়েছে। এখন সংখ্যাটা তার চেয়ে আরও কম।

[11.10—11.20 a.m.)

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে শিক্ষক পদ শূন্য রয়েছে। অথচ আপনারা বিভিন্ন কলেজে নতুন ডিপার্টমেন্ট খোলার কথা চিন্তা করছেন। আপনারা নতুন শিক্ষক নেওয়ার কোনও অনুমোদন দিচ্ছেন না, প্রায় ১২০০-র মতো শিক্ষক পদ খালি, সেখানে আপনারা নতুন নতুন ডিপার্টমেন্ট খোলার কথা বলছেন। এই ব্যাপারে আপনাদের বক্তব্য কি ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্যকে আগেই বলেছি যে, সরকারি এবং বেসরকারি কলেজে শিক্ষক নিয়োগের কাজ চলছে। ৩১শে জানুয়ারি পর্যন্ত আপনি চেয়েছেন। কিন্তু গত ৬ তারিখ পর্যন্ত যে নিয়োগপত্র গেছে কলেজ সার্ভিস কমিশনে ৪২৭-এর বেশি এই

সময়ে নিয়োগপত্র পাঠিয়েছে। প্রিন্সিপালের নিয়োগপত্র আমরা পাঠাতে পারিনি, তার কারণ হাইকোর্টে মামলা ছিল। দু-মাসের জন্য এই নিয়োগপত্র বন্ধ ছিল। তারপর হাইকোর্টের অনুমতি নিয়ে সেখানে নিয়োগপত্র পাঠানো হয়েছে। সুতরাং নিয়োগের কাজ চলছে। খবরের কাগজে নতুন করে শ্লেট পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে এবং প্রক্রিয়াটা বন্ধ নেই, চালু আছে। আপনি জানতে চেয়েছেন, আমরা শিক্ষক দিতে পারছি না, অথচ নতুন ডিপার্টমেন্ট খোলার কথা কেন ভাবছি। আমি আগেই বলেছি যে, শিক্ষক দিয়েছি, কিন্তু অন্যান্য রাজ্যে সমস্ত বন্ধ করে দিয়েছে, আমরা করিনি। কিন্তু কলেজগুলি দ্রুত খুলতে চাইছে। আমরা এইজন্য বলেছি যে, প্রথম বছর সব শিক্ষকের দরকার হবে না, আপনারা আপাতত চালিয়ে নিন। আপনারা ছাত্রদের দাবি পূরণ করুন, আমরা ধীরে ধীরে শিক্ষক পদ দিচ্ছি এবং যেখানে দেখা যাবে যে, ডিপার্টমেন্টের ওয়ার্ক লোড কম আছে, সেখানে আপনারা পূর্ণ সময়ের শিক্ষক, আংশিক সময়ের শিক্ষক এই দুজনকে দিয়ে কাজ চালিয়ে যান, কিন্তু আমাদের নিয়োগের কাজ চলছে। এটা থেমে নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আপনি বলছেন অধ্যক্ষের অ্যাপয়েন্টমেন্ট হাইকোর্টের অর্ডারে বন্ধ ছিল। শিক্ষকদের হাইকোর্টের অর্ডারের ব্যাপারটা ছিল না। তাহলে এই যে এখন ১২শোর মতো অধ্যাপকের পদ এতদিন ধরে প্যানেল হয়ে রয়েছে, অ্যাপয়েন্টমেন্ট দিতে দেরি হচ্ছে। কলেজ সার্ভিস কমিশন বলছে যে এই প্যানেল ৩১শে ডিসেম্বর পর্যন্ত বহাল থাকছে। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে সরকার একটা সেল্ফ ফিনান্সিং নীতি ঘোষণা করেছেন, সরকার সেই নীতি থেকে সরে এসেছেন কি না ? সেল্ফ ফিনান্সিং সিস্টেম বিভিন্ন কলেজে চালু করেছেন। এখন আবার আপনারা বলছেন যে যেখানে যেখানে প্রয়োজন হবে সেখানে নতুন শিক্ষক-এর অনুমোদন দেবেন স্টপ গ্যাপ অ্যারেঞ্জমেন্ট হিসাবে।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : আপনি জানতে চেয়েছেন ৩১শে জানুয়ারি কতগুলো পোস্ট খালি আছে। আমি বলেছি। তারপর বলেছি ইতিমধ্যে ৪৮৭টা পোস্টে কলেজ সার্ভিস কমিশন লোক পাঠিয়েছে। এখন শূন্য পদের সংখ্যা ৮শোর কাছাকাছি। আপনি জানতে চেয়েছেন কেন, আমরা নিয়োগপত্র দিচ্ছি না বলে। না, সর্বভারতীয় স্তরে একটা নেট পরীক্ষা হয়। আমাদের যেটা শ্লেট পরীক্ষা হয়। এটা জানবেন ইউ জি সি-র কর্তৃত্বাধীন, ইউ জি সি-র প্রতিনিধিরা সেখানে থাকেন। এই পরীক্ষাগুলোতে পাশের হার ২ পার্সেন্ট। তিনও নয়। এটা শুধু আমাদের এখানেই নয়, এটা সর্বভারতীয় চিত্র। এখন যেখানে যতগুলো পদ খালি আমরা সেখানে তত শিক্ষক পাই না। আর পাই না বলেই সেগুলো দ্রুত করার জন্য, অ্যারেঞ্জমেন্ট করে তাড়াতাড়ি করে প্যানেল করা চেষ্টা করি। দ্বিতীয় হচ্ছে যে আমরা জেলাগুলোতে অনেক শিক্ষককে আমরা নিয়োগপত্র দিয়েছি কিন্তু দুর্ভাগ্যবশত তাঁরা সেখানে যাননি। ফলে অনেকগুলো পদ খালি পড়ে আছে। তৃতীয় হচ্ছে আমাদের যে রিজারভেশন পলিসি। এই যে আটশো পদ খালি আছে তার বদলে ৬শো হবে, এস সি এস টি। এদের জন্য যে রিজারভেশন পলিসি সেগুলো আমরা আপাতত চেষ্টা করছি কিছু কিছু ডি-রিজারভেশন এবং সেই পদ্ধতিতে সেগুলোকে পূরণ করতে কিন্তু তা সত্ত্বেও বলব যে চারশোটা কলেজে যদি আটশো পদ খালি থাকে সেখানে প্রতি কলেজে দুটো করে খালি পদ এসে দাঁড়ায়।

[11.20—11.30 a.m.)

যেখানে খালি আছে সেখানে কলেজগুলি আংশিক সময়ের শিক্ষকদের দিয়ে কাজ চালিয়ে নেয়, পরে পূর্ণ সময়ের শিক্ষকরা যোগ দেয়। আপনি যেটা বলেছেন ঠিকই বলেছেন। যেখানে আমরা শিক্ষক পদ দিচ্ছি না—ধরুন একটা ডিপার্টমেন্ট আছে তারা অনার্স খুলতে চাইছে। সেখানে দুজন সর্বসময়ের শিক্ষক আছেন। ইউ জি সি-র নিয়মানুসারে সপ্তাহে ৪৮টা ক্লাস তাঁদের নিতে হবে। আমরা হিসাব করে দেখছি অনার্স খুললে কটা ক্লাস হয়। আমরা যদি দেখি ২ জন সর্বসময়ের শিক্ষক এবং দু-একজন পার্টটাইমার দিয়ে এই কাজ করা সম্ভব তখন কলেজগুলির যে দাবিগুলি সেগুলি মেনে নিয়ে বলি দুজন হোলটাইমার আছে, দু-বছর পরে যখন আরও ক্লাস লোড বাড়বে তখন আমরা সবটা দেখে কতজন পার্টটাইমার এবং কতজন হোলটাইমার লাগবে সেটা ঠিক করে দেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বিষয়টা আপনার মতো করে রেখেছেন। তবে আমার জিজ্ঞাস্য হচ্ছে সরকার স্বাভাবিক হারে ফি বৃদ্ধি করেছেন। শিক্ষাক্ষেত্রে, কলেজ স্তরে এবং সাধারণ ছাত্রছাত্রীদের কাছে এটা দুর্মূল্য হয়ে উঠছে দিনের পর দিন। কিন্তু শিক্ষার পরিকাঠামো অব্যাহত রাখার জন্য শূন্যপদে শিক্ষক নিয়োগ যথাসময়ে করে শিক্ষার মান, পঠন-পাঠন এটা অক্ষুণ্ণ রাখার জন্য সরকার তৎপর হচ্ছে না কেন ? শিক্ষাকে দুর্মূল্য করে তুলছেন কিন্তু যথাসময়ে শিক্ষক নিয়োগ করার জন্য আপনার যতই ব্যারিয়ার থাকুক না কেন ওয়্যারফুটিং তা দূর করে শিক্ষার পঠন-পাঠনের মান যাতে অক্ষুণ্ণ থাকে—উন্নয়নের কথা বলছি না—তার জন্য সরকার তৎপর হচ্ছে না কেন ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী**: মাননীয় সদস্য যেটা বললেন সেটা একটা সাধারণ স্টেটমেন্ট। আগেই বলেছি অধিকাংশ কলেজে যে শূন্যপদগুলি আছে আমার কাছে তার লিস্ট আছে, জেরক্স কপি দিতে পারি। বড়ো কলেজ এবং ছোটো কলেজে কিরকম পদ খালি আছে এটা আমরা প্রতি সপ্তাহে নজর রাখছি। আমাদের বাস্তব অবস্থার কথা বলেছি। টিচাররা রিটায়ার করছে, পদ খালি হচ্ছে, কলেজ সার্ভিস কমিশনের কাছে চেয়ে পাঠিয়েছে। অধিকাংশ শূন্যপদগুলি দূরের কলেজের। যেখানে কলেজ সার্ভিস কমিশন পাঠানো সত্ত্বেও তারা জয়েন করছেন না বা জয়েন করে চলে এসেছেন। এ ছাড়াও রয়েছে রিজার্ভেশানের ব্যাপার। ৮০ ভাগ পোস্ট খালি আছে রিজার্ভেশানের জন্য। অ্যাসেম্বলি থেকে আপনারাই রিজার্ভেশান আইন পাশ করেছেন। পরিকাঠামোর দিক থেকে আমি শুধু একটা কথা বলি যে ন্যাক (ন্যাশনাল অ্যাক্রিডিয়েশন কাউন্সিল)-এর ডিরেক্টার তিনি এখানে এসেছিলেন, তিনি কলেজগুলির কাগজপত্র দেখে বলেছেন এ রাজ্যের পরিকাঠামোর অবস্থা সবচেয়ে ভালো।

(নয়েজ)

আমি জানি আপনারা যে কথা বলতে অভ্যস্ত তার বাইরে অন্য কিছু আপনারা ভাবতে পারেন না। এটা আমার কথা নয়, এটা খবরের কাগজে বেরিয়েছে। আপনারা দেখতে পাবেন সর্বভারতীয় ক্ষেত্রে অ্যাসেসমেন্ট হয়েছে আমাদের পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়গুলি ৪ তারা ৫ তারা পাচ্ছে, যাদবপুর বিশ্ববিদ্যালয় সেন্টার ফর একসেলেন্সি হয়েছে। ন্যাক বলেছে পশ্চিমবঙ্গের পরিকাঠামো ভালো। ইউ জি সি বলেছে আপনাদের রাজ্যে প্ল্যান

ডেভলপমেন্ট হচ্ছে। মাননীয় বিরোধী সদস্যরা বললেন সব ঝুটা হ্যায়, কিছু ঠিক নেই। আমার কোনও জবাব নেই। সর্বভারতীয় সংস্থা আমাদের পক্ষে নয়, আপনাদের সরকার, তাদের নির্বাচিত যারা তারা পশ্চিমবাংলা সম্বন্ধে বলছেন। আপনারা অস্বীকার করছেন ? এর কারণ বুঝি না। তিনদিন আগে, মাননীয় সদস্যরা একটু শুনবেন, ৩/৪ দিন আগে টেলিগ্রাফে বেরিয়েছিল, সর্বভারতীয় সর্বশ্রেষ্ঠ বিজ্ঞান কেন্দ্রে পরীক্ষায় পশ্চিমবাংলার ছাত্রদের জয়জয়কার। খুলে পড়ে দেখুন। আপনারা অনেকে আমার চেয়ে অনেক বেশি খবর রাখেন। তা সত্ত্বেও বিনীতভাবে বলব, গোটা ভারতবর্ষের যে কেন্দ্রীয় সংস্থাগুলো আছে সেখানে বাংলার ছেলেমেয়েরা কিভাবে একেবারে উঁচুতে থাকছে দেখুন। এটা গর্বের ব্যাপার, তাচ্ছিল্য করা যায় না। আপনাদের বারবার বলেছি যে, তা সত্ত্বেও আমাদের যে দুর্বলতা আছে সেগুলো দূর করার আপ্রাণ চেষ্টা করব। আমি একবারও বলছি না, আমাদের কোনও দুর্বলতা নেই, আমাদের দুর্বলতা আছে। সেগুলো দূর করার জন্য আরো ভালোভাবে পরিশ্রম করব, আত্মসন্তুষ্টির অবকাশ নেই।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, বিগত যে স্লেট পরীক্ষার তালিকা তৈরি হয়েছে এবং বর্তমানে যে পদ খালি আছে সেগুলো ওই তালিকা থেকে নেওয়া সম্ভব হয়নি বলে খালি আছে না তালিকাভুক্ত এস সি/এস টি সব নেওয়া হয়েছে এবং পাওয়া যায়নি বলে বাকি পদগুলো খালি আছে ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : এস সি/এস টি তালিকায় যত নাম ছিল সকলকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া সম্ভব হয়েছে, তাতে কেউ বাদ নেই। তা সত্ত্বেও রিজার্ভ পোস্টের সংখ্যা অনেক বেশি সেইজন্য এই পোস্ট খালি পড়ে থাকে। কিন্তু তালিকাভুক্ত এই রকম অ্যাপয়েন্টমেন্ট পায়নি বলে কেউ নেই।

**শ্রী অতীশচন্দ্র সিন্হা** : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, দুজন করে শিক্ষক নেই। কিন্তু সেটা আমাদের কলেজ 'কান্দীরাজ কলেজ'-এর ক্ষেত্রে প্রযোজ্য হচ্ছে না। মুর্শিদাবাদ জেলার কান্দীরাজ কলেজে ১৬ জন শিক্ষকের পদ খালি রয়েছে। আমরা সেখানে কাউকে দেড়, কাউকে দু'হাজার টাকা দিয়ে শিক্ষক নিয়োগ করে চলেছি। কিন্তু এতে ৩০ হাজার টাকা মতো প্রতি মাসে যায়। কিন্তু ওই টাকা কোথা থেকে আসবে এবং তা কলেজ থেকে দেওয়া যাবে— সেই সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকারকে বলেছি। রাজ্য সরকারের কাছ থেকে হোক, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে হোক তা দেওয়া হোক। এটা দেওয়ার কোনও পরিকল্পনা আপনার আছে কি না ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : আপনি একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করেছেন। কান্দীরাজ কলেজ সম্বন্ধে জানি, অনেকগুলো পোস্ট খালি আছে এবং এ বছর থেকে অনেকগুলো নতুন বিষয় খোলার কথা বিবেচনা করা হচ্ছে। আমি আগেই বলেছি, শিক্ষার চাহিদা যেভাবে বাড়ছে এবং আমাদের রাজ্যে নতুন নতুন বিষয় খোলার ক্ষেত্রে উৎসাহিত করতে হবে, শিক্ষার অগ্রগতি যাতে ব্যাহত না হয় সেটার প্রতি লক্ষ্য রাখছি। আপনারা 'পার্টটাইমার' সম্বন্ধে বলেছেন। আপনারা জানেন, ১৯৭৮ সালে যখন 'পেমেন্ট অফ স্যালারিজ অ্যাক্ট' হয়, সেই অ্যাক্টে বলা হয়েছে, শিক্ষকদের পুরো বেতনের দায়িত্ব সরকার গ্রহণ করবে কিন্তু

ছাত্রদের টিউশন ফি থেকে যে টাকা হবে তার ৭৫ শতাংশ বা ভাগ টাকা সরকারের ভাণ্ডারে জমা দিতে হবে।

[11.30—11.40 a.m.]

অর্থাৎ ছাত্রদের বেতনের টাকার ৭৫ ভাগ সরকারের কাছে জমা দিতে হবে, তার বিনিময়ে কলেজ শিক্ষকদের বেতনের টাকা সরকার কলেজকে দেবে। পরবর্তীকালে আমরা ১০০ ভাগ টাকা ছেড়ে দিয়েছি। আমরা ১৯৯৬ সালে একটা সার্কুলার দিয়ে বলেছি কলেজগুলোতে ছাত্রদের ফি থেকে যে টাকা আয় হচ্ছে এটা আর সরকারের কাছে জমা দিতে হবে না। এই টাকা সরকারের টাকা, কিন্তু আপনাদের কাছে রাখুন, সেই টাকা থেকে আপনারা পার্টটাইমারদের বেতন দেবেন। এবং পরবর্তী সময়ে আমরা বলেছি পার্টটাইমাররা সপ্তাহে ৬টি ক্লাস নেবেন এবং তাঁদের ২ হাজার টাকা করে দিন এবং ফি বাড়ানোর ফলে আমরা হিসেব করে বলেছি আপনাদের যে আয় বাড়ল তা থেকে আপনারা পার্ট-টাইমারদের ২ হাজার টাকা অনায়াসে দিতে পারবেন। সরকারি কলেজে আমরা ২ হাজার টাকা করে তাদেরকে সরকার থেকে দিচ্ছি, বেসরকারি কলেজে যদি কোনও ঘাটতি থাকে তাহলে আপনারা আপনাদের অডিট রিপোর্ট আমাদের কাছে জমা দিন, আপনাদের অডিট রিপোর্ট থেকে যদি মনে হয় যে, আপনারা সত্যি ২ হাজার টাকা করে পার্টটাইমারদের দিতে পারছেন না তাহলে সরকার থেকে আমরা ভরতুকি দেব যাতে পার্টটাইমাররা সেই টাকা পেতে পারেন। আপনারা জানেন যে, ২০০টি কলেজ অডিট রিপোর্ট জমা দেয়নি দীর্ঘদিন। এবারে বলেছি, অডিট রিপোর্ট যদি না জমা দেন তাহলে আপনাদের যে টাকা-পয়সা দিই সেটা বন্ধ করে দিতে বাধ্য হব আস্তে আস্তে। অডিট রিপোর্ট আসছে, আমরা সেগুলো পর্যালোচনা করছি এবং আমরা দেখছি শতকরা প্রায় ৯০ ভাগ কলেজ, এই যে আমরা যতটুকু ফি বাড়িয়েছি গরিবদের ছাড় দিয়েও, সেই টাকা থেকে তারা যদি পার্টটাইমারদের টাকা দিতে না পারেন তাহলে আমরা সরকার থেকে টাকা দিয়ে দেব।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : অতিরিক্ত প্রশ্ন স্যার। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, প্রতিটি কলেজে ২ জন করে শিক্ষক নিয়োগ হয়েছে। কিন্তু হিসেব অনুযায়ী ২ জন করে যদি শিক্ষক নিয়োগ হয় তাহলেও আমি বলছি যে, উলুবেড়িয়া কলেজে ১২ থেকে ১৪টি পদ খালি আছে। আপনি বিধানসভায় ঘোষণা করেছিলেন যে, পার্টটাইমাররা ৬০০ টাকা করে পাচ্ছেন, তাদেরকে ২ হাজার টাকা করে দিতেই হবে। কিন্তু আজও পর্যন্ত উলুবেড়িয়া কলেজে যাঁরা পার্টটাইমার করে কলেজকে রক্ষা করছেন তাঁরা ৬০০ টাকার বেশি পাচ্ছেন না। উলুবেড়িয়া কলেজ একটা বিরাট সাবডিভিশনাল কলেজ, সেখানে প্রচুর ছাত্র পড়ছে, সব জায়গা থেকে সেখানে ছাত্র আসে, একাদশ-দ্বাদশ শ্রেণি উঠে যাওয়ার পরেও সেখানে ছাত্রসংখ্যা বাড়ছে, কিন্তু সেই অনুপাতে প্রফেসরের সংখ্যা কমেছে, সেখানে পার্টটাইমাররা আছেন বলেই কলেজ চলছে। আপনি এগুলো তদন্ত করবেন কি ?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্য যেটা বললেন সেটা ঠিক যে, কিছু কিছু কলেজ আছে, তাদের আর্থিক সঙ্গতি থাকা সত্ত্বেও তারা পার্টটাইমারদের ২ হাজার টাকা করে দিচ্ছেন না। আমরা ধীরে ধীরে শক্ত হয়েছি, এবারে আমরা মুখে বলেছি, কয়েকটা কলেজে

পে-প্যাকেট আটকে দিয়েছি এবং তাদেরকে বলেছি, আপনারা যদি পার্টটাইমারদের ২ হাজার টাকা করে না দেন তাহলে আগামীবারে পে-প্যাকেট আটকে দেব, কোনও টাকা দেব না। যদি পার্টটাইমারদের ২ হাজার টাকা করে না দিতে পারেন তাহলে আপনারা অডিট রিপোর্ট নিয়ে এসে আমাদের কাছে জমা দিন, আমাদের কাছে বলুন যে, টাকা দিতে পারছি না, এই টাকা দরকার। কিন্তু আপনাদের টাকা থাকবে অথচ পার্টটাইমারদের টাকা দেবেন না—এটা আমরা চলতে দেব না। কলেজ গভর্নিং বডি চালান, তাঁদের বলতে হয়। কিন্তু আমরা আস্তে আস্তে এ ব্যাপারে কঠোর হচ্ছি। আমি মাননীয় সদস্যকে বলছি যে, এ বছর বহু কলেজ অনেক নতুন নতুন বিষয় খোলার জন্য তারা আবেদন করেছে। আমি মাননীয় সদস্যকে বিবেচনা করতে বলছি—আমরা আমাদের দপ্তর থেকে বলে নিতে পারি যে, এক্ষুণি এত শিক্ষক দিতে পারব না আপনাদের, আমরা এটা খোলার অনুমতি দিতে পারি না। কলেজে গভর্নিং বডি আছে, প্রিন্সিপাল আছেন, টিচার আছেন, ছাত্র ইউনিয়নের নেতারা—তাঁরা এসে বলছেন, 'আপনি শুধু অনুমতি দিন, আমরা যেমন করে পারি চালিয়ে দেব। আমাদের এই সুযোগটা বন্ধ করবেন না। আপনি যখন পারবেন ধীরে ধীরে শিক্ষক দেবেন।' আমাদের সামনে এই সমস্যা এসে দাঁড়াচ্ছে। আমরা ওঁদের কথা শুনব, না শুনব না ? আমরা বলছি, শুধু কলেজের প্রিন্সিপাল বা গভর্নিং বডির রেজলিউশন নিয়ে এলেই হবে না, ছাত্ররা রাজি আছে কিনা জানাতে হবে। তা যখন জানাচ্ছে তখন ছাত্রদের স্বার্থের বিষয় চিন্তা করে, নতুন নতুন বিষয় যাতে পড়ানো যায়, অনার্স পড়ানো যায় তার জন্যই আমরা বলি,—আপাতত পার্টটাইম দিয়ে চালিয়ে নিন, আপনাদের ফি বাড়ানো হয়েছে, আপাতত আপনারা চালিয়ে দিতে পারবেন। আমরা রাতারাতি দিতে পারছি না, কিন্তু প্রতি বছরই কিছু কিছু করে পোস্ট তৈরি করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয় রাজ্যের মহাবিদ্যালয়গুলির বিভিন্ন শিক্ষক পদ খালির বিষয়ে নানা কথা বললেন। তিনি বললেন, বর্তমানে যে সমস্ত পদ খালি আছে তার অধিকাংশই সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইব প্রার্থীদের জন্য সংরক্ষিত। তিনি আরো বললেন, স্যাংশনড পোস্টের পরিপ্রেক্ষিতে প্রার্থীদের যে তালিকা ছিল তা ইতিমধ্যেই এক্সজসটেড। মাননীয় মন্ত্রীর এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে একটা কথা বেরিয়ে আসছে যে, আমাদের রাজ্যের সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবদের শিক্ষাগত যোগ্যতাকে আমরা এখনও পর্যন্ত সঠিক জায়গায় পৌঁছে দিতে পারিনি। ফলে আমরা কলেজগুলিতে অধ্যাপক নিয়োগ করতে পারছি না। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি রাজ্যের সরকারি কলেজগুলিতে, বিশেষ করে প্রেসিডেন্সি কলেজে—আমার কাছে খবর আছে—১৫টি শিক্ষকের পদ খালি আছে। অন্যান্য অনেক কলেজেও অনুরূপভাবে খালি আছে। গত বিধানসভা অধিবেশনেও আমি এই বিষয়টা আলোচনার জন্য উত্থাপন করেছিলাম। সরকারি কলেজগুলিতে মোট ৮০০ মতো পদ খালি আছে এবং তার মধ্যে ৬০০ পদ সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইবদের জন্য সংরক্ষিত, এই রকম একটা হিসাব আমাদের নজরে এসেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি রাজ্যের **সমস্ত কলেজগুলিতে একজ্যাক্ট কত পদ খালি আছে এবং সিডিউলড কাস্ট ও সিডিউলড ট্রাইবদের জন্য কত পদ খালি আছে ?**

**শ্রীসত্যসাধন চক্রবর্তী** : সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব সংক্রান্ত একজ্যাক্ট সংখ্যাটা জানার জন্য আপনি আলাদা নোটিশ দিন। এ ছাড়া আমার কাছে পুরো সরকারি কলেজের লিস্ট আছে। সপ্তাহখানেক আগে আমি প্রেসিডেন্সি কলেজের মাননীয় অধ্যক্ষ এবং বিভাগীয় প্রধানদের সঙ্গে দীর্ঘ সময় বৈঠক করেছি। আমাদের হিসাবে প্রেসিডেন্সি কলেজে শিক্ষকের পদ খালি নেই। কারণ ওখানে কিছু কিছু অতিরিক্ত পদ সৃষ্টি করা আছে। আমরা এই অতিরিক্ত পদগুলি পূরণ না করতে বলেছি। যে বিভাগে অতিরিক্ত পদ আছে সে বিভাগ থেকে সেই পদ কনভার্ট করে নতুন একটা বিষয় চালু করুন। ওখানে এমন অবস্থা আছে, যেখানে ১০ জন অধ্যাপক প্রয়োজন সেখানে ১৬ জন অধ্যাপক আছেন, ৬ জন অতিরিক্ত। অর্থাৎ ওয়ার্ক লোডের তুলনায় অতিরিক্ত। এককালে এ পদগুলো সৃষ্টি করা হয়েছিল যখন কলেজে ইনটারমিডিয়েট পড়ানো হত। সেই সব পোস্ট অ্যাবলিশ হয়নি। সে জন্য আমরা বলছি এ সব অতিরিক্ত পদে আমরা আর নতুন করে লোক দিচ্ছি না। প্রয়োজনে একটা, দুটো দিচ্ছি, বেশি দিচ্ছি না। একটা পদ মানে মাসে প্রায় ১৫ হাজার টাকা। আমরা বলছি, ধরুন কোনও একটা বিষয়ে অতিরিক্ত পদ রয়েছে, সেটাকে মাইক্রোবায়োলজিতে কনভার্ট করে নতুন মাইক্রোবায়োলজি বিভাগ চালু করুন। অতএব এই পরিপ্রেক্ষিতে ওখানে পোস্ট খালি আছে, এটা ঠিক নয়। প্রেসিডেন্সিসহ অ্যাভারেজ সরকারি কলেজগুলিরই এই অবস্থা। আমাদের বক্তব্য ওঁরা মেনে নিয়েছেন। কিন্তু অতিরিক্ত পদ আছে, সেগুলোকে কনভার্ট করতে হবে। কনভার্ট করার মানে কি ? কোথাও ১৪ জন আছেন, এখন প্রয়োজন ১০ জন, বাকি অতিরিক্ত।

[11.40—11.50 a.m.]

৪ জন, তাহলে কি হচ্ছে ? তাদের মাথাপিছু ক্লাস কমে যাচ্ছে। যেখানে নাকি ১০ জন অপটিমাম সেখানে ১৪ জন থাকা মানে মাথাপিছু ক্লাস কমে যাচ্ছে, অনাবশ্যক টাকা দিতে হচ্ছে। এগুলি আমরা কথা বলে ঠিক করেছি। একথা ঠিক, সরকারি কলেজে—দূরে যেটা আমি বলছি, এ বি এন শীল কলেজে—সেখানে দু-একটি ডিপার্টমেন্ট আছে যেখানে শিক্ষক কম। আমরা সেখানে কিছু শিক্ষক পদে চুক্তির মাধ্যমে নিয়োগ করতে বাধ্য হয়েছিলাম। সেগুলি এখন পি এস সির থেকে গেছে। আমরা আপ্রাণ চেষ্টা করছি। অনেক সময়ে শিক্ষকরা যেতে চান না, তাঁরা থাকতে চান না, আমরা পাঠাতে পারছি না। সেইজন্য পার্টটাইমার দিয়ে অ্যাড-হক অ্যাপয়েনমেন্ট দিয়ে, কখনও কনট্রাক্ট দিয়ে অন্ততপক্ষে ছাত্রদের ক্লাস যাতে হয় সেগুলির ব্যবস্থা আমরা করছি। কিন্তু সরকারি কলেজে—আমি আপনাকে বলেছিলাম—২০০ পদ খালি আছে। কিন্তু তার পর থেকে—৩১ জানুয়ারির পর থেকে এখন পর্যন্ত আরো প্রায় ৫০/৫২টি পদে অ্যাপয়েনমেন্ট দেওয়া হয়েছে বিভিন্ন কলেজে, ফলে সরকারি কলেজগুলিতে এখন খালি পদের সংখ্যা খুবই কম।

### স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে এ রাজ্যে মাধ্যমিক স্তরে উত্তীর্ণ বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করতে স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে রাজ্যে মোট কতগুলি কেন্দ্র চালু আছে ? (জেলাভিত্তিক হিসাব)

**মহঃ সেলিম :**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে ৮০টি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** ৩১শে মার্চের পর সংখ্যা বেড়েছে বললেন। এগুলি জেলা-ভিত্তিক অনুগ্রহ করে জানালে ভাল হয় ?

**শ্রী মহঃ সেলিম :** আমি বললাম, গত আর্থিক বছর পর্যন্ত ৭৬টি ছিল, সেটি এখন ৪টি বেড়ে ৮০টি হয়েছে। আমার কাছে জেলাভিত্তিক তালিকা আছে। কলকাতায় ১৫টি, হুগলিতে ৩টি, জলপাইগুড়িতে ৪টি, বর্ধমানে ১৬টি, মালদায় ১টি, মেদিনীপুর (পূর্ব এবং পশ্চিম মিলিয়ে) ৮টি, বাঁকুড়ায় ১টি, উত্তর দিনাজপুরে ১টি, উত্তর ২৪-পরগনায় ১৩টি, দক্ষিণ ২৪-পরগনায় ৪টি, হাওড়ায় ৪টি, নদিয়াতে ২টি, মুর্শিদাবাদে ৬টি, বীরভূমে ২টি। এ পর্যন্ত কোচবিহার, দক্ষিণ দিনাজপুর এবং পুরুলিয়া জেলায় এখনও কোনও কেন্দ্র হয়নি, হবে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আপনি পরিসংখ্যান দিলেন ৮০টি। এর মধ্যে মাধ্যমিক স্তরে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে যারা শারীরিকভাবে অক্ষম এবং মেয়েদের জন্য আলাদা কোনও প্রশিক্ষণ কেন্দ্র আছে কি না ? যদি থাকে তাহলে দয়া করে বলবেন আর যদি না থাকে তাহলে অনুরূপ প্রকল্প খোলার কোনও পরিকল্পনা আছে কি না ?

**শ্রী মহঃ সেলিম :** শারীরিক প্রতিবন্ধীদের জন্য এই ধরনের শর্ট-টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স আলাদা করে কোনও কোর্স হয়নি। তবে আই টি আই-তে প্রস্তাব আছে। শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষভাবে আই টি আই-তে শর্ট-টার্ম ভোকেশনাল ট্রেনিং মেয়েদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা আছে। যেগুলি আছে সেগুলি স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র এবং অনেকগুলি মেয়েদের জন্য বিভিন্ন পলিটেকনিক প্রতিষ্ঠান আছে, যেমন, ওমেন্স পলিটেকনিক, স্বেচ্ছামূলক প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠান যারা মেয়েদের জন্য কিছু বিশেষ কোর্স পরিচালনা করে থাকে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** এই স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণকেন্দ্রগুলিতে যারা প্রশিক্ষণপ্রাপ্ত হচ্ছেন, তা হবার পর তাদের স্বনিযুক্তির দিকে বেশি জোর দেওয়া হচ্ছে, নাকি তাদের চাকরি পাওয়ার দিকে বেশি জোর দেওয়া হচ্ছে মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ?

**শ্রী মহঃ সেলিম :** এই গোটা শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং তার জোরটা হচ্ছে যাতে খুব কম মেয়াদে প্রশিক্ষণ দিয়ে তাদের স্বাবলম্বী করে তোলা যায় এবং বিভিন্ন রকমের পরিষেবা তারা নিজেরা দিতে পারে এবং স্বনিয়োজিত হতে পারে। সেইজন্য স্বনিযুক্তি প্রকল্পের সঙ্গে তাল রেখেই এর ক্যারিকুলামটা তৈরি হয়েছে এবং প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সেখানে তাদের প্র্যাকটিক্যাল ট্রেনিং-এর উপর বেশি জোর দেওয়া হয় এবং উদ্যোগীদের বেছে নেওয়া হয়। স্বাভাবিকভাবেই ৬ মাসের ট্রেনিং-এর জন্য যারা আসে তাদের বেশিরভাগই হচ্ছে হয় কিছু কাজ করে, না হলে কিছু কাজ করার ইচ্ছা আছে। মূলত তাদেরকেই ট্রেনিং দেওয়া হয়।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা** : এই যে মাধ্যমিক স্তরের বেকার যুবক-যুবতীদের জন্য স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ, এটা তো হচ্ছে এস টি ভি টি আমাদের মুর্শিদাবাদ জেলাতে, কান্দিতে, সেখানে বিমলচন্দ্র সিন্‌হা ইন্সটিটিউট অব টেকনোলজি যেটা আছে সেটা এই যে ৬টি আছে বললেন মুর্শিদাবাদ জেলাতে, সেটা তার মধ্যে অন্তর্ভুক্ত কি না ? যদি হয় তাহলে এই যে অনুদান দেন—৩ বার দিয়েছেন কিন্তু চতুর্থবারের জন্য অনেকদিন ধরে আপনাদের কাছে দরখাস্ত করা সত্ত্বেও সেটা দিচ্ছেন না কেন ? সেটা কবে নাগাদ পৌঁছাবে জানাবেন কি ?

**শ্রী মহম্মদ সেলিম** : আপনি একটি বিশেষ কেন্দ্রের কথা বলেছেন এবং সেটি হচ্ছে বিমলচন্দ্র সিন্‌হা ইন্সটিটিউট অব টেকনোলজি। মুর্শিদাবাদে যে ৬টি আছে সেটি তার মধ্যে অন্যতম। আমরা এক একটি কেন্দ্রকে অনুমোদন দিই সেই কেন্দ্রের অন্তর্ভুক্ত বিভিন্ন বিষয় সেখানে প্রশিক্ষণ চালানোর জন্য। সেখানে অনুমতি দেওয়া হয় এবং তার সঙ্গে কিছু টাকাও বরাদ্দ করা হয়। প্রথম বছর যখন চালু করা হয় তখন কিছু যন্ত্রপাতি, চেয়ার, টেবিল এগুলির জন্য একটু বেশি বরাদ্দ কর়া হয় বা একটু বেশি পরিমাণে টাকা দেওয়া হয়। কিন্তু পরবর্তীকালে সেই কেন্দ্রটি যখন টাকা চায় তখন আমরা দেখে নিই যে আগের দেওয়া টাকাটা সদ্‌ব্যবহার হয়েছে কি না এবং যাদের প্রশিক্ষণ দেওয়া হয় সেটা তাদের কাজে কতটা লেগেছে। অর্থাৎ যে উদ্দেশ্যে দেওয়া হয়েছে—সেলফ এমপ্লয়মেন্টের ক্ষেত্রে কতটা সুযোগ সে পেয়েছে বা সুযোগ করে নিয়েছে। এর ভিত্তিতেই পরবর্তীকালের প্রশিক্ষণটা দেওয়া হয়। কারণ একই বিষয়ে বারবার প্রশিক্ষণ দিয়ে অনেক বেকার তৈরি করার উদ্দেশ্য এটার নয়। বিমলচন্দ্র সিন্‌হা ইন্সটিটিউটের ক্ষেত্রেও আমরা রিপোর্ট চেয়েছি। বিভিন্ন কেন্দ্রগুলি আমরা মনিটর করছি। যাদের টাকা দেওয়া হল, ট্রেনিং দেওয়া হল, সেখানে তার সদ্‌ব্যবহার কিরকম হল, কাজে লাগল কি না ইত্যাদি দেখা হয়। তারা রিপোর্ট দেন এবং আমরা নিজেরাও ইন্সপেকশান করি এবং তারপর কোর্সের জন্য অনুমতি দেওয়া হয়। যেহেতু এটা শর্ট টার্ম ভোকেশনাল কোর্স সেইহেতু এটা ভীষণভাবে সেলফ এমপ্লয়মেন্ট ওরিয়েনটেড। এই রিপোর্টটা না পেলে আমরা পরবর্তী প্রশিক্ষণের দিকে এগুই না। এটা যত এগুবে তত টাকার পরিমাণটা কমবে। স্টার্ট আপ কস্টটা আমরা দিই এবং তারপর আস্তে আস্তে সেটাকে নিজের পায়ে দাঁড়াতে হবে। শুধুমাত্র বেকারদের স্বনির্ভর নয়, কেন্দ্রগুলিকেও স্বনির্ভর হয়ে উঠতে হবে।

**শ্রী পংকজ ব্যানার্জি** : এই শর্ট টার্ম কোর্সের মাধ্যমে যাদের স্বনিযুক্তির জন্য তৈরি করছেন বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায় তাদের অর্থকরী সংস্থান না থাকার জন্য তারা বেকারই থেকে যাচ্ছে। আমার প্রশ্ন, এ ক্ষেত্রে কোনও টাই-আপ করার ব্যবস্থা আছে কি না ? এ ক্ষেত্রে সরকারের তরফ থেকে তাদের অর্থকরী সাহায্য দিয়ে পাকাপাকিভাবে স্বনির্ভর করার কোনও প্রকল্প আছে কি না ? যারা ট্রেনিং নিয়ে বেরুচ্ছে তাদের কোনও সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যাংকের সঙ্গে টাই-আপ করে স্বনির্ভর করার পরিকল্পনা সরকারের আছে কি না ?

**শ্রী মহম্মদ সেলিম** : মাননীয় বিরোধীদলের নেতা যথার্থ প্রশ্ন তুলেছেন। এই স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেওয়ার মূল উদ্দেশ্য হচ্ছে যারা প্রশিক্ষণ নিচ্ছে তারা যাতে কাজ করে রোজগার করতে পারে। সেইজন্য আমরা একটা সাইনার্জি ডেপালপ করেছি—টেকনিক্যাল এডুকেশান ডিপার্টমেন্ট, তারা যেমন প্রশিক্ষণ দিচ্ছে সে ক্ষেত্রেও আমরা যেমন শুধু আমাদের পলিটেকনিক নয়, আই টি আই জুনিয়ার টেকনিক্যাল স্কুলই শুধু নয়, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, চেম্বার অব কমার্স, ব্যবসায়িক প্রতিষ্ঠান, পৌরসভা, স্কুল, কলেজ তাদেরও যুক্ত করছি। সেই

একইভাবে প্রশিক্ষণ সমাপনে তারা যাতে কাজ করতে পারে সেইজন্য অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান, ব্যাংক, চেম্বার অব কমার্স এবং আমাদের নিজস্ব সরকারি যেসব প্রকল্প আছে, বিভিন্ন কর্পোরেশন আছে, সংখ্যালঘু বিত্ত নিগম, এস সি/এস টি ও ও বি সি, ওয়্যান হ্যাণ্ডিক্যাপড ডেভোলপমেন্ট কর্পোরেশন, যুবকল্যাণ দপ্তরের বি এস কে পি,

[11.50—12.00 p.m.]

তাদের সঙ্গে আমরা টাই-আপ করছি। বেশিরভাগ ক্ষেত্রে যারা সেন্টারগুলি পরিচালনা করছেন তাদের সঙ্গে ডিস্ট্রিক্ট ইউথ অফিসার, মিউনিসিপ্যাল ইউথ অফিসাররা বসে কথা বলার পর প্রাইম মিনিস্টার রোজগার যোজনা, বি এস কে পি-র ক্ষেত্রে ফাণ্ড দিয়ে দিচ্ছি। সেই ফাণ্ড দিয়ে বিভিন্ন কোর্স ফ্রেম-আপ করা হয়। এবং যেদিন তারা সার্টিফিকেট দিচ্ছেন সেদিনই লোনের ব্যাপারে প্রসেস চালু করা হচ্ছে। সেদিকেই আমরা জোর দিয়েছি। নতুন নতুন প্রকল্পে আমরা জোর দিচ্ছি টাই-আপ করবার দৃষ্টিভঙ্গি থেকেই। যেখানে টাই-আপ হচ্ছে না সেখানে আমরা ডিসকারেজ করছি। এভাবে আমরা এনকারেজ করছি।

**শ্রী তমসের আলি** : স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র আমাদের রাজ্যে ৮০টির মতো করেছেন বলে মাননীয় মন্ত্রী বলেছেন, সঙ্গে সঙ্গে কোচবিহার জেলায় এই ধরনের কোনও কেন্দ্র হয়নি বলে তিনি জানিয়েছেন। কোচবিহার জেলায় এই ধরনের কেন্দ্র করবার ক্ষেত্রে কোনও অসুবিধা আছে কি না এবং ভবিষ্যতে ওই জেলায় এই ধরনের কেন্দ্র খুলবার কোনও পরিকল্পনা আছে কি না জানালে উপকৃত হবো।

**মহম্মদ সেলিম** : নিশ্চয়ই আছে। আমি বলবার সময় বলেছি যে কোচবিহার, পুরুলিয়া এবং দক্ষিণ দিনাজপুর জেলায় হয়নি। এই সেন্টারগুলি আমাদের সরকার থেকে খোলা হয়নি। আমি মাননীয় সদস্যের মাধ্যমে প্রস্তাব চাইছি। আমাদের নিজস্ব প্রচেষ্টা এবং বেসরকারি প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রস্তাব এলে শুধু ব্লক লেভেলে নয়, সাবডিভিশন লেভেলেও এটা আমরা জরুরি ভিত্তিতে করবো।

**শ্রী অসীম বালা** : বিশেষ করে গ্রামাঞ্চলে যেসব বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র আছে সেখান থেকে যেসব ছাত্র বেরোয় তারা ট্রেনিং নিয়ে বেরিয়ে এসে কোনও প্রকল্পের জন্য ব্যাঙ্কের কাছে লোনের জন্য দরখাস্ত করেন, কিন্তু অনেক সময় তারা কোনরকম সাহায্য পান না। এসব অসুবিধা রয়েছে। কাজেই তাদের স্বার্থে ব্যাঙ্কের সঙ্গে বসে যদি প্রজেক্টের প্রোগ্রামগুলো অ্যাপ্রুভ করা যায় তাহলে ভাল হয়। কাজেই এই ধরনের প্রোগ্রাম নিলে ভাল হয়।

**শ্রীমহম্মদ সেলিম** : এইরকম প্রচেষ্টাই আমাদের রয়েছে। এক-একটি কেন্দ্রে এক-একরকম অসুবিধা রয়েছে। যাদের আমরা অনুদান দিচ্ছি তাদেরকে আমরা সেল্‌ফ এমপ্লয়মেন্টের সঙ্গে টাই-আপ করছি। এ ক্ষেত্রে স্থানীয় পুরসভা এবং পঞ্চায়েত প্রতিনিধিরা আলাদা উদ্যোগ নিলে বিভিন্ন সংস্থাকে একসূত্রে গ্রথিত করা যাবে।

**শ্রী নির্মল ঘোষ** : এ ক্ষেত্রে আপনি কারিগরী দপ্তরের উদ্যোগের কথা বললেন। কিন্তু আপনি জানেন যে, পশ্চিমবঙ্গে যতগুলো সেল্‌ফ এমপ্লয়মেন্ট স্কিম আছে রুরাল, আরবান বা সিটিতে তার মধ্যে মোস্ট অফ দি স্কিম হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের স্কিম এবং সে ক্ষেত্রে স্বরোজগার যোজনা, 'সেশ্রু' বা যে কোনও স্কিমে কিছু কারিগরী শিক্ষার প্রয়োজন রয়েছে।

তারই জন্য আপনি ভোকেশনাল ট্রেনিং-এর কথা বলেছেন। কিন্তু আপনি কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকা নিয়েই ভাবেন, এটা হচ্ছে আমার কথা। কল্যাণীতে আই টি আই রয়েছে, বালিগঞ্জে একটি রয়েছে, মধ্যবর্তী ৬০ কিলোমিটারের মধ্যে আর কিছু নেই। দেখুন, এই নিয়ে বিতর্ক হয়েছে। আপনার বি আই টি নিয়ে হয়েছে, আপনার আই আই টি নিয়ে হয়েছে। পরবর্তীকালে গভর্নমেন্ট একসিড করেছে, মাথা নত করেছে। বলে হায়ার এডুকেশানে আপনাদের টেকনিক্যাল সাইন্সকে নিয়ে যেতে হবে। অনেক পরে হলেও রাজ্য সরকার সেটা গ্রহণ করেছে। তবে আই টি আইতে সরকারি পরিচালন ক্ষমতা সীমিত হয়ে গেছে। আজকে বাইরের এজেন্সি, বিভিন্ন ইনডাসট্রিয়াল হাউস, সামাজিক সংগঠন, এন জি ও এই আই টি আই বিভিন্ন স্কুলে খুলতে চায়। আই টি আই আপনি দিচ্ছেন, সি আই টি আপনি দিচ্ছেন, আপনি মেডিক্যাল কলেজের ক্ষেত্রে যাচ্ছেন, আপনি নানা ওপেন ইউনিভারসিটিতে যাচ্ছেন টু হ্যাভ এ টাই-আপ উইথ দি প্রাইভেট সেক্টর। আমি এখানে প্রাইভেট কথাটা না বলে শুধু এইটুকু বলি যে এন জি ও বা কোনও ইনডাসট্রিয়াল হাউস এটা করতে চায় তাহলে আপনি যৌথভাবে আই টি আই কলেজ করার অনুমোদন দেবেন কি দেবেন না, সরকারের এই রকম কোনও পরিকল্পনা আছে কি না ?

**শ্রী মহম্মদ সেলিম** : এখানে স্বল্পমেয়াদি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র নিয়ে আলোচনা হচ্ছে। আপনি এখানে যেটা তুলেছেন সেটা আই টি আই নিয়ে। আই টি আই-এর ক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠান বা এন জি ও বা বেসরকারি উদ্যোগ যদি এগিয়ে আসে তাহলে তাদের আমরা চাই, আমাদের এই ব্যাপারে কোনও আপত্তি নেই। নির্দিষ্ট যদি কোনও প্রস্তাব থাকে তাহলে আমার কাছে পাঠিয়ে দেবেন।

**শ্রী নির্মল দাস** : মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি আলিপুরদুয়ারে একটা প্রশিক্ষণ কেন্দ্র আছে। গত ২ বছর ধরে সরকারি উদ্যোগে এটা ভালভাবে চলছিল। কিন্তু পাশে আছে আই. টি. আই। এখানকার যারা ছাত্রছাত্রী আছে তারা আই টি আই-এর দাবিদার, তারা এখানে ট্রেনিং নিতে চাইছে। আমার প্রশ্ন হল আই টি আই-তে এই ধরনের প্রশিক্ষণের সুযোগ করতে যাচ্ছেন কি না ? তা ছাড়া যে সমস্ত বেকার যুবক-যুবতী ট্রেনিং নিয়েছে, আমাদের রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে চাকুরির ক্ষেত্রে বিশেষ করে টেকনিক্যাল পদে বিশেষ করে কমপিউটারে ওয়েটেজ পাচ্ছে কি না ? তা ছাড়া বেসরকারি ক্ষেত্রে ওয়েটেজের উদ্যোগ নিয়েছেন কি না ?

**শ্রী মহম্মদ সেলিম** : আলিপুরদুয়ারে আমাদের হাইস্কুলে এই যে শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্স দিয়েছি সেটা সফলভাবে চলছে আপনি জানেন। যেখানে একটা সংস্থা সফলভাবে চলছে পাশাপাশি আই টি আই থাকলেও আমরা সেখানে আর রিপিট করতে চাই না। অন্য জায়গায় যেখানে নেই সেখানে যদি কোনও প্রতিষ্ঠান এগিয়ে আসে সেখানে অনুমোদন দেওয়া যায়। আলিপুরদুয়ারে ভালভাবে চলছে, আরো ভাল করে চালাবার ব্যবস্থা করা যেতে পারে। ওয়েটেজের ব্যাপারে বলছি। আমাদের মানসিকতাই হল যারা এখানে প্রশিক্ষণ নিচ্ছে, শিক্ষার শেষে এই শর্ট টার্ম ভোকেশনাল ট্রেনিং কোর্সের শিক্ষার পরে সে যদি কাজ পেয়ে যায় আলাদা কথা, তা না হলে আমরা প্রথম থেকে চেষ্টা করছি উদ্যমীদের। খুঁজে বার করে তারা যাতে সেল্ফ এমপ্লয়েড হতে পারে, তারা যাতে রোজগার করতে পারে সেটা দেখা। ওয়েটেজের ক্ষেত্রে আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, সেখানে এবং সরকারি ক্ষেত্রে বিভিন্ন জায়গায়

আমাদের দপ্তর এই ব্যাপারে প্রচেষ্টা চালাচ্ছে। কিছুটা ক্ষেত্রে সফল হয়েছি। এই সার্টিফিকেটের যাতে দাম থাকে তার ব্যবস্থা করছি, এই সার্টিফিকেট দিচ্ছে ওয়েস্ট বেঙ্গল কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশান। গত ২ বছরে সফলতা পাওয়া গেছে। প্রাইভেট প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফ তারা এইগুলি চালাত, তারা এগিয়ে এসেছে। তারা এই যে সার্টিফিকেট দিচ্ছে তাদের সার্টিফিকেটের মানটা অনেক উঁচু।

*Question No. 108 : Held over

**দমকল পরিষেবায় বিদেশী লগ্নী**

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৫) **শ্রী নর্মদা রায় ও শ্রী তপন হোড়** : অগ্নি-নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের দমকল পরিষেবা উন্নতির জন্য বিদেশি লগ্নীর সম্ভাবনা আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিদেশি লগ্নীর পরিমাণ কত ?

**শ্রী প্রতিম চ্যাটার্জি** :

(ক) এই মুহূর্তে বিদেশি লগ্নীর কথা বিবেচনা করা হচ্ছে না।

(খ) প্রসঙ্গ আসে না।

[12.00—12.10]

**শ্রী তপন হোড়** : অতিরিক্ত প্রশ্ন—আমরা যতদূর জানি, রাজ্য সরকার রাজ্যের দমকল পরিষেবার উন্নতির জন্য সচেষ্ট হয়েছে, সে ক্ষেত্রে আপনার সময়কালে বিদেশি লগ্নী এ পর্যন্ত কত হয়েছে ? আগামী দিনে আপনি বলছেন, এখন কোনও সম্ভাবনা নেই। তাহলে এই পরিকাঠামোর উন্নয়নের ক্ষেত্রে আমরা কোনও সহযোগিতা পাচ্ছি কি পাচ্ছি না ? সে ক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী প্রতীম চ্যাটার্জি** : কেন্দ্র থেকে এমনি করে কোনও সাহায্য পাওয়া যায় না। কেন্দ্রে একটা ডিপার্টমেন্ট আছে। তারা সমপরিমাণ অর্থ দিয়ে থাকে। আমাদের এখানে যে রকম অর্থ আসবে, ১ কোটির মতো, সেটি হচ্ছে বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট হিসাবে আসবে। তাতে আমরা দমকল পরিষেবা কি হবে তা আমাদের দমকল দপ্তর তৈরি করি। এবারে সেই রকম একটি পরিকল্পনা আমরা পাঠিয়েছিলাম। সেটির গ্রিন সিগন্যাল পাওয়া গেছে। সেটি হবে। সেটি আমাদের কোন বর্ডার এরিয়াতে স্পেসিফিক জায়গা বলা আছে, তা থেকে বেছে নিয়ে করতে হবে। এটি গেল এক নম্বর। তার আগের প্রশ্ন যেটি ছিল, আমাদের পরিষেবা বাড়াতে হবে—আমাদের তার জন্য টাকা-পয়সা নেই, বাইরে থেকে সাহায্য নিয়ে সেটি করতে হবে। এই ব্যাপারে আমি বলি, একটা পরিষ্কার চিত্র—মিৎসুবিশি কর্পোরেশন তারা একটি প্রোজেক্ট চেয়েছিল। জাপান গভর্নমেন্ট এইভাবে দিয়ে থাকে। তাতে অনেকগুলি প্রশ্ন ছিল। আমরা ফিল-আপ করে দিয়েছি। আমাদের সঙ্গে দু-তিনবার বৈঠকও হয়েছে তবে পাকাপাকিভাবে কিছু পাওয়া যায়নি। এতে আমাদের কেন্দ্রীয় সরকারের সাহায্য দরকার হবে। কারণ আমরা সরাসরি সাহায্য চাইতে পারি না।

**শ্রী তপন হোড়** : আমরা দেখছি যে, কলকাতা এবং প্রত্যন্ত এলাকায় আগুন লাগছে। ফিরপো মার্কেটে আগুন লেগেছে। গতকাল ইস্ট বেঙ্গল মার্কেটে আগুন লেগেছে। রাইটার্সে মন্ত্রীর ঘরে যে কোনও কারণে হোক আগুন লেগেছে। এগুলোর ব্যাপারে—রাইটার্সে, ফিরপো মার্কেটে বা ইস্ট বেঙ্গল মার্কেটে পুনরায় যাতে এই রকম ঘটনা না ঘটে তার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী প্রতীম চ্যাটার্জি** : আপনার যে প্রশ্ন, এটা তার বাইরে চলে গেল। এতবড় ঘটনা, আপনি বরং আলাদা করে প্রশ্ন করবেন, আমি উত্তর দেব।

**শ্রী তাপস রায়** : স্যার, আপনার মাধ্যমে মাননীয় দমকলমন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, এর আগে আপনার সঙ্গে আমার কথা হয়েছে, টি ভি টক্‌ও হয়েছে, আপনি সি এস সি'র ব্যাপারে কি কোনও বিল আনছেন ? তার কারণ হচ্ছে, এই ব্যাপারে সি এস সি'ই অন্যতম কারণ—ইমপ্রপার ওয়ারিং, নেকেট ওয়ারিং মাকড়সার জালের মতো। বিভিন্ন জায়গায় পুরনো বাড়ি, বাজার এবং বহুতল বাড়িতে যে ওয়ারিং রয়েছে সি এস সি'র সাপ্লাইয়ে তা অত্যন্ত বিপজ্জনক অবস্থায় রয়েছে। গতকাল ইস্ট বেঙ্গল মার্কেট, আমার এলাকার অন্তর্ভুক্ত, সেখানে আগুন লেগেছে। এক্সপার্টরা বলছে ইলেকট্রিক সাপ্লাইয়ের ওয়ারিংয়ের কথা। ফিরপো মার্কেটের ব্যাপারেও একই অবস্থা। আপনি কি কোনও বিল আনছেন, হুকিং উইল লিড টু ইমপ্রিজনমেন্ট ? সারা কলকাতা শহর হুকিংয়ে ছেয়ে গেছে। আপনি সি এস সি-কে নিয়ে এই ব্যাপারে কোনও বিল আনছেন কি না বলবেন।

**শ্রী প্রতীম চ্যাটার্জি** : এটিও ঠিক আগের সদস্য যে প্রশ্ন করেছেন সেই রকম প্রশ্ন। এই বিষয়ে আপনার সঙ্গে আমার কথা হয়েছে, আবারও হতে পারে। এই ব্যাপারে আপনাকে আলাদা প্রশ্ন করতে হবে।

**শ্রী তাপস রায়** : এই ব্যাপারে তো আলাদা প্রশ্ন করতেই হবে কিন্তু ইমিডিয়েট যেগুলো ঘটেছে সেগুলো সম্পর্কে বলুন যেমন ইস্ট বেঙ্গল মার্কেটে, ফিরপো মার্কেটে যে অগ্নিকাণ্ড ঘটেছে তাতে আপনি কি ধরনের মেজার আপনাদের তরফ থেকে কিংবা সরকারের তরফ থেকে কিংবা আপনার দপ্তরের তরফ থেকে নেওয়া হয়েছে সেটা বলুন।

**শ্রী প্রতীম চ্যাটার্জি** : এখন এমন একটা ধারণা হয়ে দাঁড়িয়েছে যে যেন আমরাই আগুন লাগিয়েছি। কনসেপশানটা এরকমই হয়ে দাঁড়িয়েছে যে ফায়ার ডিপার্টমেন্ট থেকেই আগুন ধরিয়ে দিয়েছে। আপনারা জেনে রাখুন আমরা হচ্ছি অগ্নিনির্বাপক পরিষেবা দিয়ে থাকি এবং আমি তার মন্ত্রী, এই জিনিসটা ভুলে যাবেন না।

**শ্রী তাপস রায়** : আগুন লাগবার কারণটা তো খুঁজে বার করবেন—কেন আগুন লাগল এবং আপনারা তার জন্য কি ব্যবস্থা নেবেন না নেবেন সেটা তো জানাবেন। তা না হলে বলে দিন আপনি অপারগ, আপনার ব্যবস্থা নিতে অসুবিধা আছে।

**শ্রী প্রতীম চ্যাটার্জি** : আমার বলার কোনও অসুবিধা নেই কিন্তু এই প্রশ্নটা মূল প্রশ্নের সঙ্গে সামঞ্জস্য থাকছে না, সেই কারণে বলছি আলাদা প্রশ্ন করবেন আমার বলার কোনও অসুবিধা নেই।

**Mr. Speaker:** Question Hour is Over

## Starred Questions
## (to which answers were laid on the 'Table')

### মহাবিদ্যালয়ে অধ্যক্ষর শূন্যপদ

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০০২ পর্যন্ত রাজ্যে কতগুলি মহাবিদ্যালয়ে অধ্যক্ষর পদ খালি আছে ; এবং

(খ) উক্ত পদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ১০৭টি

(খ) সরকারি কলেজগুলির পদ পূরণের জন্য লোকসেবা আয়োগ, পশ্চিমবঙ্গ ও বেসরকারি কলেজের পদ পূরণের জন্য কলেজ সেবা আয়োগ, পশ্চিমবঙ্গ ব্যবস্থা গ্রহণ করছে।

### বিচারকের শূন্যপদের সংখ্যা

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৫) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নিম্ন আদালতগুলিতে মোট বিচারপতির সংখ্যা কত ;

(খ) এর মধ্যে বিচারকের কত পদ শূন্য আছে ; এবং

(গ) শূন্যপদ পূরণের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ৫৭১টি

(খ) ১০২টি

(গ) ৬৮টি শূন্যপদ পূরণের পরীক্ষা লোকসেবা আয়োগ গ্রহণ করেছেন।

*Question No. 112 & 113 : Held Over

### Closure of B. E. College, Shibpur

*114. (Admitted Question No. *483) **Shri Saugata Roy**: Will the Minister-in-Charge of the Higher Education Department be pleased to state—

(a) whether B. E. College, Shibpur was closed for over a month;

(b) If So, reasons thereof; and

(c) the Conditions under which it has been opened?

**The M.I.C. of the Higher Education Deptt :**

(a) No. only undergraduate classes were suspened and undergraduate hostels were closed for the period from 24.12.2001 to 1.2.2002.

(a) Does not arise.

(b) Does not arise.

## অনুমোদিত স্ব-নিযুক্তি প্রকল্পের সংখ্যা

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬২) **শ্রী পরেশনাথ দাস** : স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার স্ব-নিযুক্তি প্রকল্পের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন ;

(খ) সত্যি হলে, ডিসেম্বর, ২০০১ পর্যন্ত রাজ্যের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে মোট কয়টি প্রকল্প অনুমোদনের জন্য জমা পড়ে ; এবং

(গ) এর মধ্যে কয়টি প্রকল্প অনুমোদন করা হয়েছে এবং কয়টি প্রকল্পে অর্থ দেওয়া হয়েছে ?

**স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, সত্য।

(খ) উক্ত সময়ে (এপ্রিল থেকে) মোট ১৩৪৫৮টি প্রকল্প জমা পড়ে।

(গ) ২২৪৬টি প্রকল্প অনুমোদিত হয়েছে এবং এর মধ্যে ৭০৩টি প্রকল্পে অর্থ দেওয়া হয়েছে।

এ ছাড়া ২০০০-২০০১ সালের অনুমোদিত প্রকল্প থেকে প্রায় ২০০০ প্রকল্পে চলতি বছরে অর্থ দেওয়া হয়েছে।

## No. of Water Tender Engines lying out of order

*116. (Admitted Question No. *755) **Shri Bankim Chandra Hazra** : Will the Minister-in-Charge of the Fire Service Department be pleased to state—

(a) Number of vehicles in West Bengal Fire Services lying out-of-order in 2001-2002 financial year (up to dated); and

(b) total amount sanctioned for repairing of such vehicles ?

**The M.I.C. of the Fire Service Dpartment :**

(a) Thirty four.

(b) Financial involvement for repairing of such vehicles is being finalised.

**যুবকল্যাণ বিভাগ থেকে সাহায্যপ্রাপ্ত যুবক-যুবতীর সংখ্যা**

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৫) **শ্রী কমল মুখার্জী**: যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১লা জানুয়ারি, ২০০১ থেকে ৩১শে জানুয়ারি, ২০০২ পর্যন্ত যুবকল্যাণ দপ্তর কতজন যুবক-যুবতীকে স্ব-নির্ভর হতে সাহায্য করেছে ;

(খ) গত আর্থিক বৎসর এবং বর্তমান আর্থিক বৎসরে ৩১শে জানুয়ারি, ২০০২ পর্যন্ত হুগলি জেলায় কতজন 'আত্মসম্মান' ও 'আত্মমর্যাদা' প্রকল্পে ঋণ পেয়েছেন; এবং

(গ) ঐ সময়ে উপরোক্ত দুই প্রকল্পে হুগলি জেলায় আবেদনকারীর সংখ্যা কত ?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) উক্ত সময়ে ৫১৯৮টি প্রকল্প অনুমোদিত হয়েছে।

(খ) উক্ত সময়ে হুগলি জেলায় ৫৫৯টি 'আত্মমর্যাদা' প্রকল্পে এবং ২৪টি 'আত্মসম্মান' প্রকল্পে ঋণ দেওয়া হয়েছে।

(গ) উক্ত সময়ে হুগলি জেলায় মোট আবেদনকারী ছিল ১৩৪৫৮ জন।

**সরকারি মহাবিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা**

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯৬) **শ্রী মলয় ঘটক**: উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারি মহাবিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের মোট সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি আসানসোল মহকুমাতে অবস্থিত (পৃথক পৃথকভাবে) ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) মহাবিদ্যালয় সংক্রান্ত উত্তর উচ্চশিক্ষা বিভাগ হইতে প্রেরিত হচ্ছে। সরকারি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৩২।

(খ) আসানসোল মহাকুমাতে কোন সরকারি উচ্চমাধ্যমিক বিদ্যালয় নেই।

**পঞ্চায়েত ও পুরসভা স্তরে যুব উৎসব**

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৯) **শ্রী অজয় দে**: যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান বৎসরে পঞ্চায়েত ও পুরসভা স্তরে যুব উৎসবের কোন কর্মসূচি গ্রহণ করা হয়েছে কি; এবং

(খ) না হলে, কারণ কি ?

**যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমান আর্থিক বৎসরে পঞ্চায়েত ও পুরসভা স্তরে যুব উৎসব অনুষ্ঠিত হয় নাই।

(খ) রাজ্যে গত ২০০১-এর মে মাসে অনুষ্ঠিত বিধানসভা নির্বাচনের পূর্ববর্তী ও পরবর্তীকালে নির্বাচনী কাজে সকল স্তরের কর্মচারীদের অংশগ্রহণ ও বিভাগীয় নতুন প্রকল্প বাংলা স্ব-নির্ভর কর্মসংস্থান প্রকল্পের সুষ্ঠু ও সার্থক রূপায়ণের জন্য জেলা ও পৌরসভা স্তরে আধিকারিকদের বিশেষভাবে নিয়োজিত করার ফলে, যুব-উৎসব অনুষ্ঠিত করা সম্ভব হয় নাই।

২০০২-২০০৩ আর্থিক বৎসরের জন্য যুব-উৎসব করার প্রস্তুতি নেওয়া হয়েছে।

## GOVERNOR'S REPLY TO THE ADDRESS

**Mr. Speaker :** Hon'ble Members, I have received the following message from His Excellency, the Governor of West Bengal.

Vinren J. Shah
Governor of West Bengal 10th April, 2002

Hon'ble Speaker,

Thank you for your letter No. 90 HS/2002 dated April 9, 2002, with which you have sent me the Motion of Thanks adopted by the West Bengal Legislative Assembly on March 11, 2002, in reply to the address delivered by me on February 27th, 2002.

Yours truly,

**Viren J. Shah**

Hon'ble Speaker
West Bengal Legislative Assembly
Kolkata

## ADJOURNMENT MOTION

**Mr Speaker :** Today I have received six notices of Adjournment Motions. The First one is from Shri Abdul Mannan and the third one is from Shri Atish Chandra Sinha, Shri Asit Mitra and and Shri Abu Hasem Khan Choudhury on the same subject of non-purchasing

of targeted quantity of paddy at the minimum support price by the State Government. The second one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira and the sixth one is from Shri Sobnandeb Chattopadhyay on the same subject of alleged irregularities in issuing of certificates in favour of Madhyamik pass students.

The fourth one is from Shri Jatu Lahiri on the Subject of non-removal of Shri Narayan Biswas, Minister of State of Transport Department from the State Cabinet. And the fifth one is from Shri Saugata Roy on the subject of reported threat to attack Writer' Buildings by the terrorists.

In consideration of the urgency and importance of the subject matter of the first and third Motions, I give n e consent to it.

Now I call upon Shri Abdul Mannan to ask for leave of the House to move the Adjourment Motion.

**Shri Abdul Mannan** : Sir, I beg leave of the House to move the Motion.

... (At this stage Trinamul Congress members were seen coming down in the Well shouting slogans)...

[12.10-12.20 P.m.]

**Mr. Speaker** : I think there is no objection to this. The leave is granted.

I would request the Hon'ble Members who are in favour of granting leave to rise in their seats. I see not less than thirty members have risen in support of the leave. So the leave is granted.

The adjournment Motion will be taken up for discussion at 12/10 p.m. and the discussion will continue for two hours. If any Member wants to vote the Motion that also have to be put before expiry of two hours. Under Rule 65 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly no question can be put at the end of two hours' debate.

The subject matter of the fourth Motion is sub-judice. The Notice is thus out of order and I reject it.

Not more than one Adjournment Motion is allowed to be taken up in a day. I, therefore, withhold my consent to the remaining Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

## DISCUSSION ON ADJOURNMENT MOTION

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, "জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছে। বিষয়টি হল—রাজ্যে গ্রামাঞ্চলে সর্বস্তরের কৃষক ও চাষিভাইরা তাদের উৎপাদিত আমন ও বোরো ধানের উপযুক্ত বিক্রয় মূল্য পাচ্ছেন না।

রাজ্য সরকার, ভারত সরকারের নির্ধারিত মিনিমাম সাপোর্ট প্রাইস অনুযায়ী গ্রামাঞ্চলের কৃষক ও চাষিভাইদের কাছ থেকে প্রতি কুইন্টাল ধান ৫০০.০০ টাকা মূল্যে ক্রয় করছেন না। রাজ্য সরকার বারে বারে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও চলতি বৎসরে মিনিমাম সাপোর্ট প্রাইস দিয়ে এখনও পর্যন্ত কুইন্টাল প্রতি ৫০০.০০ টাকা দরে কোনও ধান ক্রয় করেননি। রাজ্য সরকারের নির্দিষ্টভাবে ঘোষিত ধান-চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৬ লক্ষ টনের মধ্যে মাত্র ৫০ হাজার টন এখন অবধি সংগৃহীত হয়েছে। রাজ্য সরকার নির্ধারিত মূল্যে ধান-চাল না ক্রয় করার জন্য সর্বস্তরের কৃষক ও চাষিভাইদের নিজের জীবন ও জীবিকা ও সংসার লালনপালনের জন্য বাধ্য হয়ে তাঁদের বহু কষ্টের উৎপাদিত ধান কুইন্টাল প্রতি মাত্র ২২০ টাকা থেকে ২৮০ টাকায় বিক্রি করে দিতে বাধ্য হচ্ছেন। রাজ্য সরকারের চরম উদাসীনতা এবং নীরবতায় এই সমস্যাটি আরও গভীরভাবে ভয়ঙ্কর হয়ে উঠেছে।

সর্বস্তরের কৃষক ও চাষিভাইদের এবং তাদের পরিবারের সদস্যদের রক্ষা করার জন্য এবং গ্রামবাংলার সামাজিক ও অর্থনৈতিক অবস্থাকে বাঁচানোর জন্য রাজ্য সরকার যাতে অবিলম্বে সক্রিয় হোন এবং ভারত সরকারের নির্ধারিত মিনিমাম সাপোর্ট প্রাইস অনুযায়ী কৃষকদের থেকে ৫৩০ (পাঁচশত তিরিশ) টাকা প্রতি কুইন্টাল মূল্যে ধান ক্রয় করে তার জন্য সভার কাজ মুলতবি রেখে বিষয়টি সম্পর্কে বিশদ আলোচনার দাবি জানাচ্ছি।"

স্যার, আপনাকে ধন্যবাদ। আপনি আজকে মুলতবি প্রস্তাবটি উত্থাপন ও আলোচনা করার সুযোগ দিয়েছেন। আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে এবং একটি বিরোধী দল এস ইউ সি আই ও জি এন এল এফ তাঁদের চারজন সদস্য এবং আমাদের ২৭ জন সদস্য উপস্থিত থেকে মোট ৩১ জন সদস্য হাউসে উপস্থিত থেকে মুলতবি প্রস্তাব উত্থাপন করার সুযোগ দিয়েছেন, তাঁর জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, এবং যারা সমর্থন করেছেন তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি। স্যার, সারা পশ্চিমবাংলায় কৃষকরা গত কয়েক বছর ধরে একটা অসহায় অবস্থার মধ্যে রয়েছে। আমাদের রাজ্য সরকার প্রতি বছর দাবি করছেন যে তারা কৃষিতে রেকর্ড উৎপাদন করেছেন, তারা নাকি চাষের ধানে এত ফসল ফলিয়েছেন যে, গ্রামবাংলার চাষিরা ধান উৎপাদনে রেকর্ড করেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কি তারা কংগ্রেস সরকারের যখন সমালোচনা করেন, বিরূপ সমালোচনা করেন, সেই কংগ্রেস সরকারের আমলে কি অবস্থা ছিল।

সেই কংগ্রেস সরকারের আমলে ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কৃষকদের থেকে ন্যায্য মূল্যে আমরা যত ধান সংগ্রহ করেছিলাম, আজকে এই সরকার কৃষকদের কাছ থেকে ন্যায্য মূল্যে সেই ধান সংগ্রহ করতে পারছে না। যখন ধানের সহায়ক মূল্য ৫৩০ টাকা করা হয়েছে, তখন দেখা যাচ্ছে গ্রামের চাষিরা কোথাও ২২০ টাকা আবার কোথাও ২৮০ টাকা

করে তারা ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। এদিকে যারা বাজার থেকে বঞ্চিত হচ্ছে, অন্যদিকে সাধারণ মানুষকে বেশি দামে চাল কিনতে বাধ্য করা হচ্ছে। একদিকে উৎপাদকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে, অন্যদিকে সাধারণ মানুষ যারা ক্রেতা তাদের বেশি দামে চাল কিনতে হচ্ছে, মাঝখান থেকে লাভ করছে চালকল মালিকরা। এই বামফ্রন্ট সরকার চালকল মালিকদের তোষণ করার ফলে তাদের স্বার্থরক্ষার একটা সুযোগ করে দেওয়া হয়েছে। এইজন্যই পশ্চিমবঙ্গের আপামর জনসাধারণ যারা বাজার থেকে চাল কেনেন তারা ক্ষতিগ্রস্থ হচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার বছরের পর বছর সারে দাম বাড়িয়ে চলেছে, লেবারদের মজুরি বাড়ছে, আর চাষিদের উৎপাদন মূল্য ক্রমেই বেড়ে যাচ্ছে, কিন্তু তারা ন্যায্য দাম পাচ্ছে না। আজকে কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতির জন্য ডিজেলের মূল্যবৃদ্ধি হচ্ছে, সারের মূল্যবৃদ্ধি হচ্ছে। কিন্তু সাধারণ চাষিরা আজকে ক্ষতিগ্রস্থ হচ্ছে। আজকে চালকল মালিকরা কম দামে ধান কিনে বেশি দামে তা বাজারে বিক্রি করছে। তাহলে মাঝখান থেকে এই মুনাফা খাচ্ছে কে ? এই কারণেই আমাদের দলের তরফ থেকে ১৪ই জুন বাংলা বন্ধের ডাক দেওয়া হয়েছিল। কিন্তু একটা চক্রান্তের স্বীকার হয়ে কংগ্রেসকে সেই বাংলা বন্ধ প্রত্যাহার করতে হয়েছে বাংলার মানুষের স্বার্থে। আজকে বিধানসভা চলছে সেইজন্য অধিবেশনের দ্বিতীয় দিনেই আমরা এই মুলতবি প্রস্তাব সরকারের বিরুদ্ধে আনতে বাধ্য হয়েছি। আজকে এই মুলতবি প্রস্তাব বিধানসভাতে পাশ হল কিনা সেটা বড় কথা নয়, কিন্তু আপনারা যে জনবিরোধী নীতি নিয়েছেন সেটা সংশোধন করবেন কিনা সেটাই আমরা এখানে জানতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ধানের ন্যায্য দাম নিয়ে তিনি আলোচনা করবেন। কিন্তু এই ব্যাপারে আমরা আজকেই এখানে সরকারের বক্তব্য জানতে চাই। আমরা জানতে চাই মাঝখান থেকে লাভটা কারা করছে ? আজকে এই সরকারের মন্ত্রীদের নিজেদের মধ্যে বিরোধ স্পষ্ট। কৃষিমন্ত্রী এক কথা বলছেন, আর মুখ্যমন্ত্রী আরেক কথা বলছেন। কৃষিমন্ত্রী বলছেন তিনি ঐ রিপোর্ট মেনে কাজ করবেন না। আজকে রাজ্য সরকারের নিজেদের মধ্যে এই বিরোধের ফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে, কৃষকরা ক্ষতিগ্রস্থ হচ্ছে। তাই এই সরকারের বিরুদ্ধে আমরা মূলতবি প্রস্তাব আনতে বাধ্য হয়েছি। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় যে জবাব এখানে দেবেন তার থেকে চাষিভাইরা উপকৃত হবেন। আমি জবাবি ভাষণ যখন দেব তখন আবার এই ব্যাপারে বলব।

[12.10-12.30 p..m.]

**শ্রী কমল গুহ** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কংগ্রেসের পক্ষ থেকে যে প্রস্তাবটি আনা হয়েছে, আমি সরাসরি তার বিরোধিতা করছি। এই প্রসঙ্গে আমাদের রাজ্য সরকার কি নীতি নিয়েছে সেই সম্বন্ধে অনেকেই বলবেন, আমি একটা অন্য কথায় যাচ্ছি।

আজকে আমাদের দেশে এই যে অবস্থাটা দাঁড়িয়েছে, তার কারণ হচ্ছে যে, কেন্দ্রীয় সরকার এত দিন পর থেকে, এতদিন যে ভরতুকি দিচ্ছিল, কৃষকদের বিভিন্ন বিষয়ে সাহায্য করছিল, সেইগুলো আস্তে আস্তে গুটিয়ে একের পর এক উঠিয়ে দেওয়া হচ্ছে এবং আমাদের বাধ্য করা হচ্ছে বিদেশি সার বেশি দামে কিনতে। বাধ্য করছে বহুজাতিক সংস্থাগুলো থেকে বেশি দামে শস্যবীজ কিনতে। অন্যদিকে যেসব ভরতুকি দেওয়া হত, সেইগুলো বন্ধ করে দেওয়ার ফলে কৃষকদের খরচ অনেক বেড়ে গেছে। এত বেড়েছে যে, বাজারে যে দামে

কৃষককে বিক্রি করতে হচ্ছে তাতে আকাশ-পাতাল তফাত হয়ে যাচ্ছে। এই অবস্থায় আমরা আশা করেছিলাম যে কেন্দ্রীয় সরকার এগিয়ে আসবেন, কেননা প্রাইস কমিশনের নীতি অনুসারে তারাই ঠিক করেন সহায়ক মূল্য। তারা সহায়ক মূল্য ঠিক করে দেন যে, অভাবী বিক্রি থেকে কৃষককে বাঁচাবার জন্য এই শস্যের এই অভাবী দাম হবে। তারাই কিনবেন, তারাই এগিয়ে আসবেন, এই আশা আমরা করেছিলাম। কিন্তু আমরা দেখলাম, এফ সি আই অন্য রাজ্য থেকে ধান কিনছে, এবং কেন্দ্রীয় প্রকল্পে পশ্চিমবঙ্গে যেসব খাদ্য দেওয়া হয়ে থাকে সেইগুলো অন্য রাজ্য থেকে কিনে আমাদের রাজ্যে দিচ্ছে, অথচ আমাদের রাজ্য থেকে এফ সি আই সহায়ক মূল্যে ধান কিনছে না।

তারপর যখন এই অবস্থাটা গভীর থেকে গভীরতর হল, তখন রাজ্য সরকার রিজার্ভ ব্যাঙ্কের কাছে অনুরোধ করেছিল যে আমাদের ঋণ দেওয়া হোক, আমরা এই অভাবী বিক্রির ধান কেন্দ্রীয় সরকারের নির্ধারিত মূল্যে কিনব। কিন্তু আমরা একটা ভুল করে ছিলাম, আমরা বুঝতে পারিনি যে রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাঙ্ককে এই ধরনের নির্দেশ দেবেন না। যা হোক আমরা এই সিদ্ধান্ত নিয়েছি যে, আমাদের যতটুকু ক্ষমতা আছে, তাই দিয়েই আমরা কৃষকদের কাছে যে অভাবী বিক্রির ধানটা রয়েছে, সেটা কিনব। কি ভাবে কেনা হবে সেটা অনেকেই বলবেন।

এই প্রসঙ্গে—মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, মন্ত্রীসভার অন্যান্য সদস্যরাও আছেন—তাঁদের কাছে বলতে চাই—এই একটা আঘাত এসে গেছে, এটাকে সামাল দেওয়ার চেষ্টা করছি। কিন্তু কয়েকদিনের মধ্যেই পশ্চিমবাংলার প্রধান অর্থকরী ফসল পাট বাজারে এসে যাবে। আমাদের এখন থেকেই প্রস্তুতি নিতে হবে—কেন্দ্রীয় সরকার পাটের যে সহায়ক মূল্য ঠিক করে দেবেন, জে সি আই পশ্চিমবাংলার বাজারে উপস্থিত হয়ে যেন সেই পাটটা কেনে। আমরা রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছি যে, আমরা ভোজ্য তেল, ডাল, গম, এইসব শস্যের উৎপাদন যাতে আরও বৃদ্ধি করা যায় তার জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হবে এবং তা নিচ্ছি। কিন্তু একটা কথা মনে রাখতে হবে, ডব্লু টি-র আড়ালে বিশ্বায়নের নামে আমাদের দেশে এসব ফসল আসা শুরু হয়েছে, শস্য আসা শুরু করেছে।

সেইসব চাষিরা তাদের নিজের দেশে ভোজ্য তেলের আবাদ করেন বা চাষ করেন, বা মশলা চাষ করেন, তাদের এত অধিক পরিমাণে ভরতুকি দিচ্ছেন, যে সেই ভরতুকির সাথে পাল্লা দিয়ে আমাদের কৃষকরা সেটা বাজারে বিক্রি করে তার চাষের খরচ ওঠাতে পারবে কিনা সেই অবস্থায় এসে দাঁড়াচ্ছে। এগুলি আমাদের ভাবতে হবে। আমি একটা কথা বলতে চাই যে, আজকে কৃষিতে বিশ্বায়নের নামে সাম্রাজ্যবাদীরা তাদের তৃতীয় বিশ্বে তাদের যে ষড়যন্ত্র ছিল, তারা আজকে চারদিক থেকে আমাদের মারবার চেষ্টা করছে এবং সেই সম্পর্কে আমাদের সতর্ক থাকতে হবে। আমরা যদি এই ব্যাপারে সর্তক হতে পারি, আগামী দিনে আমাদের যেটুকু সম্পদ আছে, আমরা সমস্ত দেশপ্রেমিক মানুষকে নিয়ে আমরা তাদের পাশে দাঁড়াতে পারব। তাই আমি আবেদন করছি পশ্চিমবঙ্গের সমস্ত প্রগতিশীল মানুষের কাছে, কৃষক শ্রমিকের কাছে যে, আমাদের আর্থিক একটু অসুবিধা আছে। এটা আপনারা সকলেই জানেন যে, আমাদের কেন্দ্র থেকে যে ব্যবস্থা নিচ্ছে, তাতেই আমাদের আর্থিক অবস্থা একটু টালমাটাল হয়ে গেছে। এটাকে ঠিক করবার আগে, আমাদের নিজেদের তৈরি হতে

হবে। আমরা যদি সকলে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পারি, তাহলে আমরা দেখব যে রাজ্য সরকার সঠিক সুদৃঢ় ভিত্তির উপর দাঁড়াতে পারবে এবং সাম্রাজ্যবাদীরা বিশ্বায়নের নামে যে, চক্রান্ত করছিল, তার হাত থেকে কৃষক এবং সাধারণ মানুষকে বাঁচাতে পারব। তাই সেদিকে লক্ষ্য রেখে আমরা সকলে মিলে চলার অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি

**শ্রী দীপক ঘোষ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মান্নান সাহেব যে প্রস্তাব এনেছেন, সেই বিষয়ে আমি প্রথমেই বলব যে, কৃষিমন্ত্রী প্রথমেই খানিকটা রাজনীতি করে নিলেন। কিন্তু আমার বক্তব্য হচ্ছে রাজনীতির উর্ধ্বে উঠে কৃষকদের বাঁচাবার জন্য সবারই একমত হওয়ার দরকার ছিল। গত ৩ বছরে কৃষি বাজেট বলতে গিয়ে আমি সবসময়ই আশঙ্কার কথা বলেছি যে, প্রত্যেকবারই বলা হচ্ছে ধানে উৎপাদন বাড়ছে, এমনকি বন্যার সময়ও বেড়েছে। এর যে খারাপ এফেক্ট আসবে, সেটা আমি বারবারই বলেছি। এর থেকে কোনও শিক্ষা এই সরকার নেয়নি। কৃষি পণ্যে সহায়ক মূল্য সমস্ত রাষ্ট্রই দেয়। এমনকি সবচেয়ে উন্নত রাষ্ট্র আমেরিকা তারা দরকার হলে মূল্য ধরে রাখবার জন্য তারা গম খেতও পুড়িয়ে দেয় জেনারেল ম্যাকারথা দ্বিতীয় মহাযুদ্ধের পরে জাপানের কৃষি নীতি উন্নত করার জন্য উচ্চ সহায়ক মূল্য বেঁধে দিয়েছিলেন। জাপানের মূলধন হচ্ছে ধান তারা সেই ধান বিক্রি করে মূলধন করবে এবং তা দিয়ে শিল্পায়ন হতে পারে। উচ্চ পর্যায়ের সহায়ক মূল্য দিয়ে চাষিদের কাছে যথেষ্ট টাকা পৌঁছে দেওয়া হচ্ছে। সেই টাকা দিয়ে চাষিরা শিল্পায়ন করছে। পশ্চিমবঙ্গের গত ২৫ বছর ধরে ফুড কর্পোরেশান থেকে প্রায় ২০ লক্ষ টন ধান চাল গম এবং ট্রেড চ্যানেল থেকে ১০-১৫ লক্ষ টন ধান চাল গম মানুষকে খাওয়াচ্ছে এবং দাবি করে যাচ্ছে যে, ধান উৎপাদন উঁচু জায়গায় রয়েছে। ধান উৎপাদন বাড়ছে, তাতে পশ্চিমবঙ্গ সরকারের কৃতিত্ব নয়, এটা কৃষকদের কৃতিত্ব, এটা তারা জানে।

[12.30-12.40 p.m.]

বিশেষ করে বামফ্রন্ট সরকারের অধিকাংশ মন্ত্রী চাষবাস সম্পর্কে কিছুই জানেন না যেটা মূল কারণ সেটা হচ্ছে আমন ধানের বিস্তৃত এলাকা, বছরের পর বছর যাচ্ছে হাই-ইল্ডিং ভ্যারাইটি। হাই-ইল্ডিং ভ্যারাইটিতেই তো উৎপাদন বাড়ছে। বোরো এলাকা বেড়ে যাচ্ছে বোরোতে তো সবটাই হাই-ইল্ডিং ভ্যারাইটি। এই দুটি কারণেও ধান উৎপাদন বেড়েছে। সেই কারণে এলাকাটাও বেড়েছে বিশেষ করে বাংলাদেশ এবং কিছু পার্শ্ববর্তী রাজ্যে ধান উৎপাদন কম ছিল বলে পশ্চিমবঙ্গে উদ্বৃত্ত ধান। চাল বিশেষ করে সেদ্ধ চাল এইসব জায়গায় গেছে সরাসরি রপ্তানির মাধ্যমে গেছে, বা কিছু কিছু চোরাকারবারের মাধ্যমে গেছে। এই বছর যেহেতু বাংলাদেশ, বিহার, উড়িষ্যা, আসাম সেখানে এবার ধান উৎপাদন ভালো হয়েছে বলে এখানে ক্রাইসিসটা হয়েছে। এই তো কয়েক বছর আগে দেখেছি আলুর ক্ষেত্রে, আলু উৎপাদন যখনই বেশি হয়, তখনই গেল গেল রব ওঠে। তারপর রাজভবন থেকে আলু বিক্রি করা হয়। একটা শো-কেস করা হয়। তারপর সেটা থেমে যায়। মূল কারণটা হচ্ছে যে আপনাদের রাজ্য সরকার দুম করে হঠাৎ করে ফুড করপোরেশনকে বিদায় করে দিলেন। কি একটা বন্দোবস্ত হয়েছে মিল মালিকদের সঙ্গে। সেটা নিয়ে আমি এখন কিছু বলছি না। কৃষি বাজেট খাদ্য বাজেটের সময়ে বলব। মিল মালিকদের পাইয়ে দেওয়ার জন্য এবং কিছু আপনাদের পেটোয়া পঞ্চায়েতকে পাইয়ে দেওয়ার জন্য এটা করা হয়েছে। ফুড করপোরেশনকে ঘাড়

ধাক্কা দেওয়া হয়েছে। আজকে কৃষিমন্ত্রী আক্ষেপ করছেন, কেন ফুড করপোরেশন কিনবে না। কেন কিনবে ? ফুড করপোরেশনকে তো আপনারা সর্বদা গালাগাল দেন, গালাগাল দিয়ে তাড়িয়ে দিয়েছেন। কেন আসবে রিজার্ভ ব্যাঙ্কের টাকা এই রাজ্যে ? আপনারা কি সময়মত, ঠিকমত কেস তৈরি করে রিজার্ভ ব্যাংকে পাঠাতে পেরেছেন ? তারও একটা প্রসিডিওর আছে, সময় আছে। বহু বছর আগে বর্তমান অর্থমন্ত্রী, তিনি জয়ললিতার স্কিম দেখে এসে রাজ্যের জনগণকে অল্প দামে চাল খাওয়াবার স্কিম করেছিলেন কিন্তু টাকার অভাবে পারেননি। এই অভিজ্ঞতা আমাদের আছে। আপনারা তো অভিজ্ঞতা থেকে কোন শিক্ষা নেন না। নেবেন না। আজকে যে পলিসিটা আপনারা করেছেন, তার মূল উদ্দেশ্য হচ্ছে মিল মালিককে পাইয়ে দেওয়া, পেটোয়া পঞ্চায়েতকে পাইয়ে এবং আপনাদেরও কিছু পাওয়া। কাজেই অভাবী ধান চাল বিক্রি হয় নভেম্বর-ডিসেম্বর মাসে। তারপর বোরো উঠলে আবার বিক্রি হবে এপ্রিল মাসের শেষ থেকে মে জুন পর্যন্ত। এরপর আর অভাবী ধান চাল কোথায় থাকবে। আপনারা এখন আবার যেটা কিনতে যাচ্ছেন যেটুকুই কেনেন, ৫০ কোটি টাকার কিনবেন শুনছি। যেটুকুই কেনেন সেটুকুই যাবে বড় চাষির কাছে। সত্যিকারের যে অভাবী চাষি সে ধান চাল ধরে রাখতে পারে না। উৎপাদনের পরে পরে তার দু সপ্তাহ, তিন সপ্তাহ, ৪ সপ্তাহ বড়জোর। সে সময় তো চলে গেছে। আমনেরও চলে গেছ, বোরোরও চলে গেছে। আর এখন অরণ্যে রোদন করে কি হবে ? এক দু মাস আগে থেকে চেঁচামেচি উঠল। আপনারা একটি মিটিং করার সময় পর্যন্ত পেলেন না। মিটিং করলেন গিয়ে ৬ তারিখে। আপনারা তো জানেন যে এই সময়ের মধ্যে ক্রাইসিসটা কেটে যাবে, গরিব চাষিদের ক্রাইসিসটা চলে যাবে। বড় চাষিদের পাইয়ে দেব পঞ্চায়েতের ফলস সার্টিফিকেট দিয়ে। ফলস সার্টিফিকেট সম্বন্ধে সি পি আই বলেছেন, আর এস পি বলেছেন, সার্টিফিকেট নিয়ে কি একটা বন্দোবস্ত হয়েছে পঞ্চায়েতের কাছ থেকে। আমি নিজে মেদিনীপুরের খবর বলতে পারি, সেখানে ফল্‌স সার্টিফিকেট করা হচ্ছে। ফল্‌স সার্টিফিকেট দিয়ে রাইস মিলারের কাছ থেকে চাল কেনা হচ্ছে। ৬ লক্ষ টন চাল কেনা হবে বলে ধরা হয়েছে তার মধ্যে কেনা হয়েছে মাত্র ৪০ হাজার টন। অভাবী ধান বিক্রির ক্ষেত্রে আপনাদের কোন সদিচ্ছা নেই। যদি থাকত তাহলে অক্টোবর, নভেম্বর মাসে প্ল্যান করে রিজার্ভ ব্যাংক থেকে টাকা নিয়ে তখন থেকে অভাবী বিক্রি আটকাবার চেষ্টা করতেন। কিন্তু আপনারা তা করেননি যখন ক্রাইসিসটা আপনাদের ঘাড়ের উপর এসে পড়েছে তখন চাইছেন যে রিজার্ভ ব্যাংক আপনাদের টাকা দেবেন। আপনারা এখন করবেন। করবেন কোথায় আপনাদের কোন গোডাউন আছে ? কোনও লজিষ্টিক ব্যাপার আপনাদের আছে ? লরি আছে, বড় বড় ডিলারস আছে যারা এত জিনিস তুলতে পারবে রাইস মিলারের কাছ থেকে ? নদিয়ার রানাঘাটে দুটো হাস্কিং মেশিনের কাছে, সেই হাস্কিং মেশিনের ক্যাপাসিটি তত নেই তার প্রায় একশো গুণ চাল কেনা হয়েছে সেই হাস্কিং মেশিনের কাছ থেকে পঞ্চায়েতের সার্টিফিকেট নিয়ে। এই তো অবস্থা। তাই আজকে যে মুলতবি প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আবদুল মান্নান যে মুলতবি প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। প্রথম হচ্ছে আজকে পশ্চিমবাংলার ৭০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। গরিব, দ্রারিদ্রক্লিষ্ট কৃষকরা কায়িক পরিশ্রম করে

চাষ করলো এবং এতে তাদের প্রচুর খরচ হলো আজকে সারের দাম বেড়েছে, কীটনাশক ওষুধের দাম বেড়েছে তাই আজকে কৃষকরা চাষ করতে গিয়ে সর্বহারা হয়েছে। আজকে বোরো ধান উৎপাদন হলো, আমরা দেখলাম ৬০ কেজি ধানের বস্তার দাম ২০০ থেকে ২১০ টাকার মধ্যে ঘোরাফেরা করছে। আজকে এই গরিব চাষিরা যারা এত কষ্ট করে এত খরচ করে উৎপাদন করে যদি ২০০ টাকা বস্তা বিক্রি করে তাহলে কি করে তারা বাঁচবে ? আমরা ২ মাস ধরে মমতা ব্যানার্জীর নেতৃত্বে প্রত্যেকটি জেলায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের সামনে অবস্থান করেছি, বিক্ষোভ সমাবেশ করেছি। আমরা বলেছি কৃষকরা সর্বশ্রান্ত, সর্বহারা তাদের ধানের মূল্য বাড়াতে হবে। তা না হলে তারা দিশাহারা হয়ে পথহারা হয়ে আত্মহত্যা করছে। আজকে পশ্চিমবঙ্গের কৃষকদের বাঁচাবার জন্য, গরিব কৃষকদের বাঁচাবার জন্য নির্দিষ্ট কোন কৃষিনীতি আপনারা গ্রহণ করতে পারলেন না। একটু আগেই মাননীয় মন্ত্রী বক্তব্য রাখলেন, তিনি কি বলতে পারবেন যে আজ পর্যন্ত কোনও সুনির্দিষ্ট কৃষিনীতি তারা কেন ঘোষণা করতে পারলেন না। বৈঠক হলো কৃষিনীতি নিয়ে এবং সেখানে ম্যাকেনসী প্রস্তাবের আপত্তি করেছিলেন মাননীয় মন্ত্রী মহাশয়। সেই বৈঠক সেখানে ভেস্তে গেল। তার পরে মন্ত্রীসভার বৈঠকে দেখলাম তাঁদের যে নিষ্ঠা, যে সততা সেই ভাবে তাঁরা বক্তব্য রাখলেন না। এক এক জন মন্ত্রী এক এক রকম বক্তব্য রাখলেন। আজকে মন্ত্রী লেভেলের বক্তৃতাও ভ্যালুলেস হয়ে গেছে। আজকে ধান-চালের সহায়ক মূল্য নিয়ে আপনাদের ৬ তারিখে বৈঠক হলো কিন্তু আজ পর্যন্ত সহায়ক মূল্য ঘোষণা করতে পারলেন না। ৫৩০ টাকা মিনিমাম কুইন্টাল পিছু দাম হওয়া উচিত কেন্দ্রীয় সরকার বলেছিলেন, কিন্তু আপনারা কোন ব্যবস্থা নিতে পারলেন না। আমরা দেখলাম বিভিন্ন রাষ্ট্র কৃষকদের বাঁচাবার জন্য ভরতুকি দেয়। কিন্তু পশ্চিমবঙ্গে কৃষকদের সাবসিডি দেওয়ার কোন ব্যবস্থা আপনাদের নেই। যে প্রোটেকটিভ সাবসিডিয়ারি প্রাইস কৃষকদের দেওয়া উচিত ছিল সেই বিষয়ে আপনারা মাথা ঘামাননি। এ রাজ্যে আপনারা গরিব মানুষদের, গরিব কৃষকদের, ভূমিহীন মানুষদের জন্য কোনও কথা বলেন না। আপনারা শুধু ভোটের আগে ভূমিনীতির কথা, কৃষিনীতির কথা বলে ভুঁয়ো আওয়াজ তোলেন। আজকে এখানে কৃষকরা শেষ হয়ে যাচ্ছে। আপনারা এত দিন এই ২৫-২৬ বছর ধরে ক্ষমতায় আছেন কৃষকদের স্বার্থে, কৃষিনীতির স্বার্থে, সহায়ক মূল্যের স্বার্থে কিছু করেননি। সারা ভারতবর্ষে কৃষিনীতি পাশ হয়েছে, আজকে লক্ষ লক্ষ বর্গাদার উচ্ছেদ হয়ে চলে যাচ্ছে। আজকে রায়তিপ্রাপ্ত জমি যাদের দেওয়া হয়েছিল তাদের সেখান থেকে উচ্ছেদ করে দেওয়া হচ্ছে। মাননীয় রেজ্জাক মোল্লা সাহেব এই দপ্তরের মন্ত্রী। রায়তিপ্রাপ্ত প্রকৃত লোকদের সরিয়ে সেখানে অন্য লোককে বসিয়ে দেওয়া হচ্ছে। গরিব কৃষকদের উপর এত অত্যাচার, অসহযোগীতা সত্ত্বেও সেই গরিব কৃষকরা নিজেদের ইচ্ছাতেই পশ্চিমবঙ্গের কৃষিকে এগিয়ে নিয়ে যাচ্ছে তাদের ন্যায্য প্রাপ্তি না পেয়েও। আজকে যে উৎপাদন বৃদ্ধি হয়েছে সেই উৎপাদিত ফসল কোথায় যাবে ? আপনারা মিল মালিকদের দালালি করছেন। আজকে আপনারা এফ সি আই-এর কথা বলছেন। এফ সি আই নাকি অন্য রাজ্য থেকে কিনছে, আমাদের রাজ্য থেকে কিনছে না। এটা সর্বৈব মিথ্যা কথা। আপনারা এফ সি আইকে ঝগড়া করে তাদের তাড়িয়ে দিয়েছেন। আপনারা রাইস মিল ওনারদের দালালি করছেন। কৃষকদের সহায়ক মূল্য দিয়ে ধান কেনা উচিত ছিল। পশ্চিমবঙ্গের কো-অপারেটিভ সোসাইটিরও উচিত ছিল বর্ধিত মূল্য দিয়ে ধান কেনা।

[12.40-12.50 P.m.]

কিন্তু আজ পর্যন্ত গরিব চাষিদের স্বার্থে কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না। সেই জন্য ফড়ে, দালালে বাজার ভর্তি হয়ে গেল এবং তাদের কবলে পড়ে অভাবী চাষিরা ২০০ টাকা বস্তায় ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। এবং এই অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে তারা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। আজকে তারা দিশেহারা হয়ে বিক্ষোভ করছে, বি ডিও অফিস, ডি এম অফিসে গিয়ে সমবেত হচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী গরিব কৃষকের স্বার্থে আজ পর্যন্ত ধানের ক্ষেত্রে কোন সাবসিডিয়ারি প্রটেকটিভ প্রাইস ঘোষণা করতে পারলেন না। আজকে আপনারা কৃষক-কুলদের নিয়ে গ্রামে গ্রামে দলবাজি করছেন, কৃষকদের সভা-সমিতি করছেন, কৃষকরা কি ভাবে বাঁচবে, তাদের স্বার্থে কি ভাবে রক্ষিত হবে, কি ভাবে তারা ধান উৎপাদনে উৎসাহিত হবে তার দিকে আপনাদের কোন দৃষ্টি নেই এবং সেই জন্য পশ্চিমবাংলার কৃষক আপনাদের বিপক্ষে চলে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনাকে অনুরোধ করব, মাননীয় আবদুল মান্নান মহাশয় আজকে এ বিষয়ে যে মুলতবি প্রস্তাব এনেছেন তা হাউজে গ্রহণ করা হোক এবং অনতিবিলম্বে পশ্চিমবঙ্গ সরকার কৃষকদের ধানের সাবসিডিয়ারী প্রটেকটিভ প্রাইস ঘোষণা করুন। এবং বাজার থেকে যাতে রাইস মিলগুলো বা তাদের এজেন্ট বা কো-অপারেটিভ সোসাইটি সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সেই ধান গরিব কৃষকের কাছ থেকে কেনে সেটা দেখা হোক। কিন্তু আজকে দু-মাস হয়ে গেল এ বিষয়ে কোন দৃষ্টি দেওয়া হচ্ছে না। অভাবী কৃষক, গরিব চাষিরা আজকে শেষ হতে চলেছে তাদের দিকে আপনাদের কোনও দৃষ্টি নেই। আজকে আপনারা তাদের হাতে ঝাণ্ডা ধরিয়ে 'ইন ক্লাব জিন্দাবাদ' ধ্বনি দিয়ে বিক্ষোভ মিছিল করাচ্ছেন, ঘেরাও করাচ্ছেন। কিন্তু কি ভাবে বাঁচবে তার ব্যবস্থা করছেন না, তাদের শেষ করে দিচ্ছেন। আপনারা কাকদ্বীপে 'তেলেঙ্গানা' আন্দোলন করেছিলেন এবং আপনারা বলেছিলেন, চাষি পাবে ৬০ ভাগ আর জমির মালিক পাবে ৪০ ভাগ। কিন্তু আপনারা সেই আইন বলবৎ করতে পারেননি। গরিব, অভাবী কৃষকের স্বার্থে, ভুমিহীনদের স্বার্থে আমরা যে আইন পেশ করেছিলাম তাতে চাষি ৭৫ শতাংশ এবং জমির মালিক ২৫ শতাংশ পাওয়ার কথা ছিল। কিন্তু সেটা আপনারা করতে পারেননি। আজকে বাংলার কৃষকরা মেরুদন্ড সোজা করে দাঁড়াতে পারছে না। বাংলাদেশ থেকে লক্ষ লক্ষ মানুষ এপার বাংলায় আসছে কিন্তু জমির পরিমাণ তো বাড়ছে না, জমি তো রাবার নয় যে টানলে বাড়বে, যা ছিল তাই আছে। আপনারা শিল্পায়নের ব্যবস্থা করতে পারেননি, পশ্চিমবাংলায় শিল্পে উন্নত হয়নি এবং এর ফলে ধানের জোগান বাড়লেও চাহিদা বাড়ছে না, কমে যাচ্ছে। কিন্তু যদি শিল্পায়ন হত তাহলে পশ্চিমবাংলায় ধানের চাহিদা বাড়ত। পশ্চিমবাংলায় এই সমস্যা ক্রমশ বাড়বে। তাই এটাকে ঠিকমত পরিচালনা করতে গেলে, গরিব কৃষকদের স্বার্থরক্ষা করতে গেলে এদিকে লক্ষ্য রাখতে হবে এবং শিল্পায়ন করতে হবে। এটা না হলে গরিব, অভাবী চাষিদের রক্ষা করা যাবে না। তাই আজকে আপনার মাধ্যমে বলতে চাই, পশ্চিমবাংলার লক্ষ লক্ষ কৃষক যে সর্বনাশের পথে চলেছে এবং পথহারা হয়ে যে বিভিন্ন আন্দোলনে অংশগ্রহণ করছে অনতিবিলম্বে তাদের নিয়ে মিটিং করুন। এবং অবিলম্বে যাতে ধানের সহায়ক মূল্য সরকার ঘোষণা করেন তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। এবং একে বাস্তবায়িত করতে গেলে যে

কৃষি-নীতি দরকার, সেটা যাতে ঠিকভাবে করা হয় তার জন্যও দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ক্ষুদ্রসেচ দপ্তরের ঠিকভাবে কাজ না করার জন্য চাষ করতে গিয়ে চাষিরা সেচ যাচ্ছে না, জলসেচের কোনও ব্যবস্থা নেই, সার, ধান, বীজের সাপ্লাই পাওয়া যাচ্ছে না, তা সত্ত্বেও গরিব কৃষক দেনা করে মহাজনের কাছ থেকে সুদ নিয়ে চাষ করছে। ব্যাংক থেকে, কো-অপারেটিভ ব্যাংক থেকে টাকা ঋণ পাচ্ছে না এবং এই অবস্থায় তারা মহাজনের কাছ থেকে টাকা ধার নিচ্ছে, জমিজমা বিক্রি করে ফসল উৎপাদনের ব্যবস্থা করছে। কিন্তু তারা কি দেখতে পাচ্ছে ? তারা দেখতে পাচ্ছে, পশ্চিমবাংলার অপদার্থ সরকারের কৃষকদের বাঁচাবার জন্য যে নীতি গ্রহণ করা উচিত ছিল তা গ্রহণ করেননি।

৮-১০টা পার্টি নিয়ে বামফ্রন্ট সরকার তৈরি হয়েছে। কৃষি দপ্তর ফরওয়ার্ড ব্লকের হাতে আছে, যদি সি পি এমের হাতে কৃষি দপ্তর থাকতো তাহলে খানিকটা গুরুত্ব দেওয়া হত। যে গুরুত্ব কৃষি দপ্তরের প্রতি দেওয়া দরকার ছিল সেই গুরুত্ব কৃষি দপ্তরের প্রতি না দেওয়ার জন্য পশ্চিমবঙ্গে কৃষিনীতি এখনও পর্যন্ত ঘোষিত হয়নি। পশ্চিমবঙ্গের কৃষককুল যে সমস্যার মধ্যে ছিল সেই সময়ের মধ্যেই তারা থেকে গেল। একটা রথ দুটো হাতি দিয়ে চালালে ভালভাবে চলে, কিন্তু একটা রথ যদি একটা হাতি, একটা হনুমান, একটা কুকুর, একটা গরু, একটা গাধা এই ৫টা জিনিস দিয়ে চালানো হয় তাহলে তার গতি কমে যায়। বামফ্রন্ট সরকার যদি সুনির্দিষ্ট নীতি নিয়ে চলতেন তাহলে কৃষকদের ভাল হত। পশ্চিমবঙ্গের কৃষককুলকে বাঁচানোর স্বার্থে আমি অনুরোধ করব যে, সাবসিডিয়ারি প্রোটেকটিভ প্রাইস বা সহায়ক মূল্যে ধান কেনার কথা ঘোষণা করা হোক। এখনও পর্যন্ত গরিব কৃষকরা ধান বিক্রি করতে পারছেন না। সাবসিডিয়ারি প্রোটেকটিভ প্রাইস বা সহায়ক মূল্যে ধান কেনার কথা ঘোষণা করে বাংলার গরিব কৃষকদেরকে বাঁচানোর আবেদন রেখে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী তপন হোড় :** স্যার, এই যে মুলতবি প্রস্তাব কংগ্রেসের পক্ষ থেকে আনা হয়েছে এবং তৃণমুল কংগ্রেস সমর্থন করেছেন এটা কৃষকদের প্রতি একটা প্রতারণা, একটা কুম্ভীরাশ্রু এতদিন পরে বিসর্জন করতে দেখলাম। এটা ঠিক আমাদের কৃষকরা খুব দুঃসময়ের মধ্যে পড়েছেন, আমাদের যেভাবে কৃষকদের পাশে দাঁড়ানোর কথা ছিল আমরা নিশ্চয়ই সেভাবে তাদের পাশে দাঁড়াতে পারিনি—এটা স্বীকার করা ভাল। কিন্তু তার পাশাপাশি এটা মনে রাখতে হবে যে, কংগ্রেসের পক্ষ থেকে এই যে মুলতবি প্রস্তাব আনা হয়েছে এবং তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে এটা সমর্থন করা হয়েছে সে ব্যাপারে বলি যে, কংগ্রেসের কোনও নৈতিক অধিকার নেই এই মুলতবি প্রস্তাব আনার। কারণ, তারা গ্যাট চুক্তিতে সই করেছিলেন ? প্রণব মুখার্জী যখন ছিলেন এবং মনমোহন সিং-এর সময় গ্যাট চুক্তিতে সই হয়েছিল। কেন কৃষকদের এত দুঃসময়ের মধ্যে চলতে হচ্ছে ? কেন বাংলার কৃষকদের এতো দুঃসময়ের মধ্যে চলতে হচ্ছে ? আজকে সরকার সারের উপর যে ভরতুকি প্রত্যাহার করে নিল তার জন্য তৃণমূল কংগ্রেস একটা কথাও বলেননি। সুতরাং তৃণমূল কংগ্রেসের কোনও নৈতিক অধিকার নেই এই মুলতবি প্রস্তাবকে সমর্থন করা। আপনারা কি জানেন ঝাড়খণ্ডে ধানের দাম কত ? উত্তরপ্রদেশে ধানের দাম কত ? বিহারে ধানের দাম কত ? পাঞ্জাবে ধানের দাম কত ? আমাদের রাজ্যে ধানের যে দাম ওঠে সেটা হল তিনশো থেকে সাড়ে তিনশো টাকা। এর থেকে উত্তরপ্রদেশ, বিহার, পাঞ্জাবে ধানের দাম কম। আজকে সরকার এর জন্য

ব্যবস্থা নেবেন, কিন্তু কৃষকরা আজকে দুঃসময়ে পড়েছেন কেন ? এই দুঃসময় কাদের জন্য হয়েছে ? এর কারণ হচ্ছে, কেন্দ্রীয় সরকারের যে নীতি সেই নীতির ফলে আজকে কৃষকরা দুঃসময়ের মধ্যে পড়েছেন—আজকে এই কথা পরিষ্কার করে বলে দেওয়া দরকার, আজকে এটা ভাবা দরকার। আপনারা বলছেন যে, কৃষক ধানের দাম পাচ্ছে না। আমরা কি করেছি না করেছি সেই মূল্যায়ন আমরা করব, আমরা খেতমজুরদের সঙ্গে আছি. গরিব কৃষকদের সঙ্গে আছি। বর্গা কৃষকদের সঙ্গে আছি। কিন্তু আপনারা এই মুলতবি প্রস্তাব এনে কৃষকদের নিয়ে রাজনৈতিক মুনাফা তুলতে চেয়েছেন। শুধু রাজনৈতিক মুনাফা তোলাই নয়, আপনাদের নীতির কুফলে শুধু বাংলার কৃষকই নয় সারা ভারতবর্ষের কৃষক সমস্যার মধ্যে পড়েছেন। তার উপর সারের দাম বাড়িয়ে দিচ্ছেন, সারের উপর থেকে ভরতুকি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। এই অবস্থায় আজকে যে মুলতবি প্রস্তাব আনা হচ্ছে আমি শুধু তার বিরোধিতাই করছি না, সেই সঙ্গে আর একটা কথা বলছি যে, এ ব্যাপারে আমাদের রাজ্য সরকার সচেষ্ট আছেন, রাজ্য সরকার ইতিবাচক দিক নিয়ে চেষ্টা করছেন। ফুড কর্পোরেশন কাদের অধীনে ? ফুড কর্পোরেশন কেন ধান কিনতে পারছে না ? আজকে সে কথা কে বলবে ? আমাদের রাজ্য সরকার বিভিন্ন সমবায়ের মাধ্যমে, সহায়ক মূল্য দিয়ে ধান কেনার চেষ্টা করবেন ঠিকই। তার পাশাপাশি ফুড কর্পোরেশনকেও ধান কেনার চেষ্টা করতে হবে। তা না হলে ধান, চালের দাম রোখা যাবে না।

[12.50-1.00 p.m.]

যতক্ষণ না ঐ নীতি পাল্টাচ্ছেন ততক্ষণ আমাদের ঐ নীতির কুফল ভোগ করতেই হবে। বিশ্বায়নের নীতি নিয়ে গ্যাট চুক্তিতে সই করেছিলেন, সেই পাপের ফলে কৃষকদের ভুগতে হচ্ছে। সেই পাপের ফল শিল্পক্ষেত্রকে ভোগ করতে হচ্ছে, ক্ষুদ্র ও কুটির শিল্পকে ভোগ করতে হচ্ছে। সমস্ত অর্থনীতিকে ধ্বংস করছেন আপনাদের এটা বুঝতে হবে। আপনাদের পাপ আজকে গোটা দেশটাকে কুরে কুরে খাচ্ছে। এই অবস্থায় এখানে দাঁড়িয়ে কংগ্রেস বা তৃণমূলের কোন নৈতিক অধিকার নেই কৃষকদের পক্ষে কথা বলার। এই অবস্থায় আমি রাজ্য সরকারের কাছে দাবি জানাবো—আজকে যে অবস্থা চলছে, সে অবস্থায় মোকাবিলায় অন্য রাজ্য কি করবে জানি না, কেন্দ্রীয় সরকার কোন সহায়তা দেবে না, এটা নিশ্চিত। তা সত্ত্বেও অতীতে যেভাবে ভাগচাষিদের স্বার্থে, খেতমজুরদের স্বার্থে, পাট্টাদারদের স্বার্থে লালু-ভুলুদের নামে যে সব জমি বেনামী করা ছিল, গোবিন্দবাবুর যে সব বেনামী জমি ছিল তা আমরা উদ্ধার করেছি, সে ভাবে আজকে কৃষকদের পাশে দাঁড়াতে হবে। তাদের সকলের স্বার্থে রক্ষা করতে হবে। বর্গাদারদের স্বার্থে, ক্ষুদ্র চাষিদের স্বার্থে, প্রান্তিক চাষিদের স্বার্থে, ক্ষেতমজুরদের স্বার্থে চাল, ধান সংক্রান্ত বিষয়ে সরকারকে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমাদের রাজ্য সরকার সেই পদক্ষেপ গ্রহণ করবেন, এই বিশ্বাস রেখে এই মুলতবি প্রস্তাবের মধ্যে দিয়ে যে কুম্ভীরাশ্রু বিসর্জন করা হয়েছে তার নিন্দা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কংগ্রেস সদস্য শ্রী আবদুল মান্নান, শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা এবং শ্রী খানচৌধুরী মহাশয়রা যে প্রস্তাব এনেছেন তার সমর্থনে আমি আমার বক্তব্য পেশ করছি। আমি আশ্চর্য হয়ে লক্ষ করছি বামফ্রন্টের মাননীয় সদস্যরা তাঁদের নিজেদের জীবনের অতীত ভুলে যাবার চেষ্টা করছেন অথবা ভুলেই গেছেন !

'প্রকিয়োরমেন্ট' শব্দটা যখন প্রথম এই পশ্চিমবঙ্গ বিধানসভায় উচ্চারিত হয়েছিল তখন সেটা বামফ্রন্ট রাজত্বকাল ছিল না বা যুক্তফ্রন্ট রাজত্বকালও ছিল না। এখানে সেসময় কংগ্রেস আমল চলছিল, একজন কংগ্রেসি মুখ্যমন্ত্রীর আসনে ছিলেন। সেটা ছিল ১৯৬৬-৬৭ সাল। তিনি ভেবেছিলেন শুধুমাত্র বেসরকারি ব্যবসায়ীদের হাতে চাল-ধানের দায়িত্ব তুলে দিয়ে বাংলার মানুষকে বাঁচানো যাবে না। তাই তিনি ঠিক করেছিলেন প্রকিয়োরমেন্ট করবেন এবং প্রকিয়োরমেন্টের মাধ্যমে যে চাল-ধান সংগৃহীত হবে তা ডিলারদের মাধ্যমে অথবা পি ডি এস—পাবলিক ডিসট্রিবিউশন সিসটেমের মাধ্যমে, গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে সাধারণ মানুষের কাছে, বিশেষ করে নিম্ন আয়ের মানুষদের কাছে পৌঁছে দিতে হবে। আপনারা তা নিয়েও আন্দোলন করেছিলেন। সে সময়ে পরিকাঠামো ঠিকমত ছিল না, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। লেভির ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা নিশ্চয়ই হয়েছিল। সে ক্ষেত্রে জেলা প্রশাসনের যাঁরা দায়িত্বপ্রাপ্ত ছিলেন তাঁরা একটা সময় তা সঠিকভাবে কার্যকরী করতে পারেননি। কিছু কিছু মানুষের প্রতি অবিচার হয়েছিল, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু ঐ পলিসি গ্রহণ করা এবং তার ইম্পলিমেনটেশন বামফ্রন্ট রাজত্বে হয়নি। বর্তমান ভারতবর্ষের খাদ্যনীতি যে পলিসির ওপর নির্ভর করে আছে, যে পলিসি আপনারা আবার নতুন করে ইম্পলিমেন্ট করার চেষ্টা করছেন সেই পলিসি যিনি তৈরি করেছিলেন তিনি এক সময় এই পবিত্র গৃহে মুখ্যমন্ত্রীর আসনে বসতেন—যাঁর নামে একদিন আপনারা কুৎসা রটনা করেছিলেন ; আবার একদিন ক্ষমতায় আসার জন্য 'আমার হাত ধরে তুমি নিয়ে চলো সখা—আমি যে পথ চিনি না' বলেছিলেন ১৯৭৭ সালের লোকসভা নির্বাচনে। তিনি হলেন প্রয়াত প্রফুল্লচন্দ্র সেন। তিনি প্রকিয়োরমেন্ট প্রাইস নির্দিষ্ট করে ধান-চাল প্রকিয়োরমেন্ট করার চেষ্টা করেছিলেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সরকারকে বলতে চাই এখন আবার প্রকিয়োরমেন্ট করলে মানুষ বাঁচবে। বিশেষ করে নিম্ন শ্রেণির মানুষ, অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া মানুষরা খেতে পাবেন। ইতিপূর্বে এই বিধানসভায় অন্তত তিনবার আমি এই আবেদন মাননীয় অর্থমন্ত্রীর কাছে রেখেছি। আমি বলেছিলাম,—আপনারা প্রকিয়োরমেন্ট প্রাইস ঠিক করেছেন ৫৩০ টাকা কুইন্টাল। কেন্দ্র থেকে আপনারা বেশ কিছু টাকাও পেয়েছিলেন। আমি জানি না, আমার প্রশ্নের জবাব মাননীয় মুখ্যমন্ত্রী দেবেন, না মাননীয় অর্থমন্ত্রী দেবেন ? আমি আজকে সরাসরি দুটি প্রশ্ন করে জানতে চাইবো, আজকে আপনারা কুইন্টাল প্রতি ৫৩০ টাকা ধানের দাম যেটা নির্ধারণ করলেন, মানুষ আজকে সেই জায়গায় ২৩০ টাকায় কিংবা ১৮০ টাকায় ধান বিক্রি করছে কেন ? আমি মেদিনীপুরের প্রত্যন্ত অঞ্চলের কথা বলছি, আমি বাঁকুড়ার প্রত্যন্ত অঞ্চলের কথা বলছি, যেখানে জনযুদ্ধ গোষ্ঠী বা এম সি সির অত্যাচারে সি পি এম মারা যাচ্ছে বলে আপনারা বলছেন। কিন্তু আমি বলছি, অনেক নিরীহ মানুষের প্রাণ যাচ্ছে, পুলিশ সাধারণ মানুষকে গ্রেপ্তার করছে ওদের ধরতে না পেরে। সেই জায়গায় মানুষ সরকারি নির্ধারিত দামের চেয়ে খুব কম দামে ধান বিক্রি করে দিচ্ছে। সরকার কোনও ব্যবস্থা নিচ্ছে না। দ্বিতীয়ত, কেন্দ্রের কাছ থেকে খাদ্য দপ্তর যে টাকা পেলেন সেই টাকা দিয়ে আপনারা কি করলেন ? কত কোটি টাকা পেলেন ? ২৩৫ কোটি, নাকি ৪০০ কোটি টাকা এই প্রকিয়োরমেন্ট পারপাসের জন্য তার জবাব মাননীয় মুখ্যমন্ত্রী বা অর্থমন্ত্রী দেবেন ? যে টাকা আপনাদের দেওয়া হল, সেই টাকা

অসীমবাবুরা কি খেয়ে ফেললেন ? আমরা বিরোধীদলের সদস্যরা এই কথা তুললে তপনবাবু আঙুল তুলে নিঃসন্দেহে মিথ্যা তথ্য দিয়ে এই সভাকে বিপথে পরিচালিত করার চেষ্টা করবেন। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই এই বামফ্রন্ট সরকারকে, কেন্দ্রের দেওয়া টাকায় আপনারা কি করলেন ? নিশ্চয়ই গ্লোবালাইজেশনের বিরোধিতা করতে গিয়ে ধান বা চাল প্রতিযোগিতার সামনে এসে পড়েছে বলবেন ? অন্য কমোডিটির কথা বাদ দিলেও সারা ভারতবর্ষে আজকে পরিকাঠামোর যে অবস্থা তাতে বিশ্বায়নের ফলে এখনো পর্যন্ত ভারতবর্ষ কোন চ্যালেঞ্জের সামনে আসেনি। এই বামফ্রন্ট সরকার কোন তথ্য দিয়ে বলতে পারবেন যে, আজকে বিশ্বায়নের ফলে ধান এবং চাল মানুষ কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে। আমি বলছি, সরকারি অপদার্থতার জন্য এই জিনিস হচ্ছে, বিশ্বায়নের জন্য নয়। ট্রেজারির বেঞ্চের সদস্যরা আজকে যা কিছু বলছেন তা সবই কৃষিমন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য, মুখ্যমন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য বলছেন। আজকে বলতে গিয়ে তপনবাবু বললেন, উত্তরপ্রদেশে কম টাকায় ধান বিক্রি হচ্ছে, পাঞ্জাবে কম টাকায় ধান বিক্রি হচ্ছে, মধ্যপ্রদেশে কম টাকায় ধান বিক্রি হচ্ছে। অথচ আপনারাই বলে থাকেন, সব বিষয়ে পশ্চিমবঙ্গ সেরা। উত্তরপ্রদেশ থেকে সেরা, মধ্যপ্রদেশ থেকে সেরা, পাঞ্জাব থেকে সেরা। তাহলে এই ব্যাপারে আপনারা তাদের পিছনে কেন ? কেন আজকে তাদের সঙ্গে তুলনা হচ্ছে ? তারা তো পিছিয়ে পড়া রাজ্য। আমি যে কথা বলতে চাই, আপনারা আজকে বলুন, পিছিয়ে পড়া রাজ্যগুলি থেকে আমরা পিছিয়ে আছি। মাননীয় সদস্য তপনবাবু বললেন, রিজার্ভ ব্যাংক টাকা দিচ্ছে না। কতদিন টাকা দেবেন ? একটা মুদিখানার দোকানে ১ মাস কিংবা ২ মাস ধার রাখা যায়, কিন্তু বেশি দিন তো চলবে না। আপনারা রিজার্ভ ব্যাংকের টাকা শোধ করবেন না আর আপনাদের টাকা ধার দিয়ে যাবে—এটা হতে পারে কখনও ? কতদিন ধরে টাকা ধার দেবে ? টাকা তারা ধার দেবে না। আজকে রিজার্ভ ব্যাংক টাকা ধার দেয়নি বলে তপনবাবু বলছেন। আর কি বলছেন ? কো-অপারেটিভকে দিয়ে নাকি ধান কিনবেন। কো-অপারেটিভের অবস্থার কথা আপনি কি জানেন ? মাননীয় সমবায়মন্ত্রী এখানে বসে আছেন, উনি ভাল করে জানেন। আজকে কো-অপারেটিভগুলির বর্তমান যে অবস্থা,—তাদের যে পরিকাঠামো,—৫০০ টাকা ম্যানেজারকে দিয়ে চালাতে হয়,—এমন অবস্থায় তারা বাড়ি-বাড়ি ঘুরে ঘুরে চাষিদের কাছ থেকে ধান কিনে এনে সেই ধান বিক্রি করে চাষিদের হাতে সহায়ক মূল্য পৌঁছে দেবেন এই যদি বন্দোবস্ত হয় তাহলে আমি বলবো, সাত মন তেলও পুড়বে না আর রাধাও নাচবে না অর্থাৎ কিছুই হবে না। আজকে অন্ধ্রের চন্দ্রবাবু নাইডু সামনের দিকে এগিয়ে গেছেন। তিনি কি করেছেন জানেন ? চন্দ্রবাবু নাইডু ৪০ লক্ষ টন ধান প্রকিয়োর করেছেন। আর আমাদের রাজ্য সরকারের টার্গেট কত ? ৬ লক্ষ টন। আজকে জুন মাসের ১০ তারিখ। প্রকিয়োরমেন্ট কত— ৫০ হাজার টন। এটা কি পারসেনটেজে আসে ? বামপন্থী সদস্য যাঁরা আছেন তাঁরা বলুন, আমি যে কথা বলছি সেটা ঠিক কি না ?

[1.00-1.10 p.m.]

তাই স্যার, আমার বক্তব্য আর দীর্ঘায়িত না করে শুধু এইটুকু সরকারের কাছে বলতে চাই যে আর দেরি নয়, প্রকিয়োরমেন্ট পলিসি যেটা আছে, যদি সত্যিকারের গরিব কৃষকদের বাঁচাতে চান, ধান উৎপাদকদের বাঁচাতে চান, তাহলে অবিলম্বে তা কার্যকরী করুন। কেন্দ্রীয়

সরকারের টাকা, আপনাদের টাকা সবটা সংযুক্ত করে আগামী দিনে কৃষকদের বাঁচানোর জন্য ঝাঁপিয়ে পড়ুন। তা না হলে বাংলার জনগণ কোনদিন আপনাদের ক্ষমা করবেন না। এই কথা বলে মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান যে মুলতবি প্রস্তাব এনেছেন তা সমর্থন করে শেষ করছি।

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী আবদুল মান্নান যে মুলতবি প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করে এর আলোচনায় অংশগ্রহণ করছি। আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে আমি প্রথমেই সমস্যাটি বিশ্লেষণ করার চেষ্টা করছি এবং এই বিশ্লেষণকে সামনে রেখে আশু এবং দীর্ঘমেয়াদিতে কি পদক্ষেপ আমরা গ্রহণ করতে চলেছি তাও আমি আপনাদের কাছে রাখছি। বিশ্লেষণ করতে গিয়ে আমাদের উৎপাদনের গতি-প্রকৃতি লক্ষ্য করতে হবে। আমাদের রাজ্যে চালের মোট প্রয়োজন একটা বছরে ১৩০ লক্ষ মেট্রিক টন। এর মধ্যে বীজ হিসাবে যা প্রয়োজন সেটাও যুক্ত হয়ে আছে। গত কৃষিবর্ষে অর্থাৎ ২০০০-২০০১ এই কৃষিবর্ষে আমাদের রাজ্যে ধান এবং তার থেকে চাল—১.৫ দিয়ে গুণ করলেই এটা এসে যাবে। তার থেকে চালের উৎপাদন হয়েছিল ১২৪ লক্ষ মেট্রিক টন। আমাদের ওদিক থেকে ঘাটতি ছিল। মানে এই বছরের আগের বছরে। কিন্তু বর্তমান কৃষি বছরে বোরো ধানের উৎপাদনের যে সর্বশেষ তথ্য কৃষি দপ্তর মারফত জেলাগুলি থেকে এসে পৌঁছেছে তাতে বর্তমান বছরে চালের মোট উৎপাদন খরিফ মরশুম এবং বোরো ধানকে যুক্ত করে ১৫০ লক্ষ মেট্রিক টনে গিয়ে পৌঁছাবে। অর্থাৎ আগের বছরের চেয়ে প্রায় ২৪ শতাংশ উৎপাদন বৃদ্ধি পাচ্ছে এবং আমাদের প্রয়োজন ১৩০ লক্ষ মেট্রিক টনের থেকে উদ্বৃত্ত এই বছরে ২৩ লক্ষ টন হতে চলেছে। উৎপাদন শুধু আমাদের রাজ্যেই বেড়েছে তাই নয়, আমাদের পার্শ্ববর্তী রাজ্যগুলি—আসাম, বিহার, ঝাড়খণ্ড, উড়িষ্যা এবং পার্শ্ববর্তী রাষ্ট্রে উৎপাদন ১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শুধু পার্শ্ববর্তী রাজ্যগুলিতে নয়, ভারত সরকারের যে সর্বশেষ তথ্য পাচ্ছি তাতে দেখছি গোটা দেশে চালের উৎপাদন আগের বছরের চেয়ে ৮ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রায় ৯ কোটি ১০ লক্ষে উৎপাদন পৌঁছাচ্ছে। সারা দেশের ক্ষেত্রে আমাদের যা প্রয়োজন বর্তমান বছরে সেখানে একটা উদ্বৃত্ত হয়েছে ভারত সরকারের বক্তব্য অনুযায়ী। এটা গুরুত্বপূর্ণ কারণ আমাদের রাজ্যে যা উৎপাদন হয় তার ১৫ থেকে ২০ শতাংশ পাশ্ববর্তী কারণ আমাদের রাজ্যে যা উৎপাদন হয় তার ১৫ থেকে ২০ শতাংশ পার্শ্ববর্তী রাজ্যগুলিতে এবং রাষ্ট্রে প্রবেশ করে। এ বছর সেই প্রক্রিয়াটা সম্ভব হয়নি। এ ছাড়া আরও একটি ব্যাপার ঘটেছে যেটা মাননীয় কৃষিমন্ত্রী কিছুটা উল্লেখ করেছেন, সেটা একটু পরিষ্কার করে বলা দরকার। রাজ্য সরকারের সঙ্গে ভারতের ফুড কর্পোরেশনের যে বোঝাপড়া আছে তা হচ্ছে গণবন্টন ব্যবস্থার জন্য রাজ্য সরকার আভ্যন্তরীণ চাল সংগ্রহ করবেন কিন্তু কেন্দ্রীয় প্রকল্পগুলির জন্য এরকম কোন বোঝাপড়া কখনও হয়নি। এ বছরে এর উপর বাড়তি যেটা সমস্যা হয়েছে—কেন্দ্রীয় সরকারের নতুন কিছু ঘোষিত প্রকল্পে প্রায় সোয়া দু-লক্ষ টন চাল অন্য রাজ্য থেকে—মূলত পাঞ্জাব থেকে আমাদের রাজ্যে অতিরিক্ত প্রবেশ করিয়ে দেওয়া হয়েছে। মূল কারণটি, এ বছরে আমাদের প্রয়োজনের তুলনায় এতোটা উদ্বৃত্ত হওয়া যেটা আগে কখনও হয়নি। সমস্ত দেশেই উদ্বৃত্ত হয়েছে। রাজনীতির উর্ধ্বে উঠে বলা প্রয়োজন, ধানের উৎপাদন শুধু পশ্চিমবঙ্গে বা পার্শ্ববর্তী রাজ্যগুলিতেই বেড়েছে তা নয়, গোটা দেশে

বেড়েছে, কিভাবে বেড়েছে সেটা অন্য কথা। এটা ঠিক, ৫৩০ টাকা কুইন্টাল পিছু সারা ভারতবর্ষে সহায়ক মূল্য ধার্য করা হয়েছে। এটা ঠিক, আমাদের নিজেদের রাজ্যে উদ্বৃত্ত উৎপাদনে কুইন্টাল পিছু ধানের মূল্য কার্যত ৪০০ টাকা, কোথাও কোথাও ৩৫০ টাকার নীচে নেমে গেছে। কিন্তু পার্শ্ববর্তী রাজ্যগুলিতে, কিছু মনে করবেন না, এখন অসমে বোধ হয় কংগ্রেস দল সরকারে রয়েছেন, সেখানে কুইন্টাল কিছু ধানের মূল্য ৩০০ টাকায় নেমে গেছে, ঝাড়খণ্ডে ২০০ টাকায় নেমে গেছে, ওড়িশাতেও তাই—ধানের মূল্য নেমে গেছে। ধানের মূল্য সারা ভারতবর্ষেই নেমেছে এবং এটাই বাস্তব অবস্থা। এই অবস্থার মুখে দাঁড়িয়ে খাদ্য সংগ্রহের ক্ষেত্রে আমরা কি চেষ্টা করেছি, কি পারিনি সেটা খোলাখুলি রাখছি, আগামী দিনে কি করতে চাই সেটাও বলছি। খাদ্য সংগ্রহ শুধু পশ্চিমবঙ্গ নয়, এফ সি আইও খাদ্য সংগ্রহ করেন রিজার্ভ ব্যাংকের অনুমতি নিয়ে স্টেট ব্যাংকের কাছ থেকে ঋণের উর্ধ্বসীমা বেঁধে দেওয়া ক্রেডিট লিমিটে টাকা নিয়ে। এফ সি আই যা করেন, রাজ্য সরকারও একইভাবে ক্রেডিট লিমিটের মধ্যে কাজটা করছিলেন। এই প্রথা দীর্ঘদিন চালু ছিল। এই প্রথার মানে হচ্ছে, রাজ্য সরকার এই ঋণের সীমাবদ্ধ তার মধ্যে ঋণ গ্রহণ করেন এবং সেখানে দুই মাসের মধ্যে সংগ্রহ করে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করে তার হিসাব দিয়ে দেন। দুই মাস ছিল কিন্তু, সময়সীমা রাজ্য সরকার এবং এস সি আই, উভয়ের ক্ষেত্রে। গত বছর, আমার মনে আছে, ৩৬৯ কোটি টাকা জেলাগুলোকে দিয়ে ৪ লক্ষ ১৮ হাজার মেট্রিক টন চাল সংগ্রহ করা হয়েছিল। এ বছরও ঠিক সেভাবেই এগোচ্ছিলাম এবং খাদ্য সংগ্রহের মাত্রা বাড়াবো ঠিক করেছিলাম। কিন্তু অক্টোবর মাসে হঠাৎ রিজার্ভ ব্যাংকের সংশ্লিষ্ট ডেপুটি গভর্নরের কাছ থেকে একটি চিঠি আসে। সমস্ত রাজ্যগুলিকে সেটা দেওয়া হয়। পরে আলোচনার সময় আমাদের বলেন। আমাদের রাজ্য নয়, অন্য একটি রাজ্যের হিসাবে গরমিল পাওয়া যেতে ঐ চিঠিতে বলেছেন, আপনারা যে টাকা পাচ্ছেন, দশ দিনের মধ্যে তার হিসেব না বুঝিয়ে দিলে ক্রেডিট পাবেন না, ক্রেডিট লিমিট অপারেটিভ হবে না। হিসেবটা দশ দিনের মধ্যে বুঝতে হবে, কিন্তু ১০ দিনের মধ্যে সেটা বুঝানো যায় না। এখানে একটা বৈষম্যের কথা বলা উচিত। এফ সি আই-এর ক্ষেত্রে কিন্তু সেটা বলা হল না। সমান দৃষ্টিভঙ্গি থাকলে এফ সি আই-এর ক্ষেত্রেও বলা উচিত ছিল এটা। এটা দু মাসের আগে দেওয়া যায় না। আমাদের রাজ্যের কোনও হিসাব বুঝাবার ক্ষেত্রে কোনও-কমপ্লেন আমরা পাইনি। আমরা সঙ্গে সঙ্গে রিজার্ভ ব্যাংকের গভর্নরের কাছে লিখি, 'এটা আপনারা কি করছেন ? অক্টোবর মাসে আমাদের চাল সংগ্রহের কাজ শুরু হয় এবং নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি, এই সময় পর্যন্ত কাজটা আমরা করবো। এই সমস্যাটা চলে এপ্রিল মাস পর্যন্ত।' অসিত মিত্র মহাশয় যা বলছিলেন তার সঙ্গে এর কোনও মিল নেই, পুরানো একটি খাতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ প্রাপ্য ছিল আমাদের খাদ্য দপ্তরের, এর সঙ্গে কোনও যোগ নেই, অর্থাঙ্কের পরিমাণ ২২০ কোটি টাকা। দুটো ক্ষেপে সেই টাকা ওরা আনেন যে মুহূর্তে ঐ ২২০ কোটি টাকা আমরা পাই ঠিক সেই সময় কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের করের ক্ষেত্রে যে প্রাপ্য ছিল তা থেকে ৭৬৬ কোটি টাকা তাঁরা কেটে দেন। শুধু আমাদের নয়, প্রতিটি রাজ্যের কেটে দেন। ২২০ কোটি টাকা পাই, ৭৬৬ কোটি টাকা কেটে দেন, এটা বাজেট বইয়ে লিপিবদ্ধ করি। একটা আর্থিক সমস্যা সৃষ্টি হয়েছে, কিন্তু ওর অর্ধেক পেলেই আমরা টাকা ছাড়তে শুরু করবো। আপনার মাধ্যমে

শ্রী মিত্রকে জানাচ্ছি যেহেতু তাঁর নির্দিষ্ট প্রশ্ন ছিল। ২২০ কোটির মধ্যে ১৯৭ কোটি টাকা ছেড়ে দেওয়া হয়েছে ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টকে। কিন্তু তাতে হচ্ছে না, ক্রেডিট লিমিট অপারেটিভ করতে হবে এখন থেকে দিন দশেকের মধ্যে। রিজার্ভ ব্যাংকের গভর্নর একটা কাজে কলকাতায় এসেছিলেন।

[1.10-2.30 p.m.]

(Including Adjournment)

আমরা বলি আপনি যদি এখনই না করেন, আমরা তো মানুষকে বোঝাতে পারছি না যে এটা আপনাদের থেকে বাধার সৃষ্টি করেছেন। আমাদের কি ভুলটা হয়েছে বলে দিন। উনি চলে যান, কিন্তু সমস্যাটা পুরো মেটেনি। এখন থেকে ঠিক ৬ দিন আগে—উনি বলেন যে পারেন তো স্টেট ব্যাংকের সঙ্গে বসুন, কোনও ফলই হয় কিনা—স্টেট ব্যাংকের যিনি আঞ্চলিক অধিকর্তা, তাঁকে আমরা ডেকে নিই এবং সেখানে খাদ্য দপ্তরের অফিসাররা ছিলেন, আমরা পরিষ্কার করে বলি, আপনারা একটা বাস্তব কথা বলতে পারেন, আপনারা তো অনেক দিন কাজ করছেন হাতেকলমে, ১০ দিনে হিসাব মেলানো যায় ? উনি বললেন আমরা চেষ্টা করছি। রিজার্ভ ব্যাংক বলেছে। বাস্তবে কি করা যায় দেখছি, বলে এই ইতিবাচক বক্তব্য রাখলেন। রাখার পর, আমরা টাকা দিতে পারার পর ১৮১ কোটি টাকা এখন আমাদের হাতে এসেছে। এই ১৮১ কোটি টাকা আমরা জেলাগুলিতে বণ্টন করে দিয়েছি। বণ্টন করে দেওয়ার পর এতে তো মিটবে না। জুন-জুলাই মাসে, আমরা একই কথা বলছি, দেওয়া একেবারে অসম্ভব। এটা কি একটা বাস্তবোচিত প্রস্তাব ? একটা হিসাব দিচ্ছি, যে যে ভাবে হয় ক্রেডিট লিমিট, যতটুকু পারছি দিচ্ছি। আপনারা দিন, আবার ফেরত নিন। ১৮১ কোটি টাকা জেলায় দিয়েছি, এটাকে অন্তত ৩০০ কোটিতে তুলতে চাচ্ছি। ইতিমধ্যে প্রায় ৬৮ হাজার মেট্রিক টন খাদ্য সংগৃহীত হয়েছে। এটা অন্তত ২ লক্ষ মেট্রিক টনে তুলতে চাইছি। কিন্তু কি ভাবে তুলবো, কি ভাবে সংগ্রহ করবো ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য সংগ্রহ করার ক্ষেত্রে এখানে আমরা একটা পরিবর্তন আনছি। এই খাদ্য সংগ্রহ করার ক্ষেত্রে মূল গুরুত্ব আমরা দিচ্ছি থানা সমবায় সমিতিগুলির উপর। সমবায়ের মাধ্যমে মূল এই খাদ্য সংগৃহীত হবে। চাল সংগ্রহের ক্ষেত্রে সমবায়কে বলা হচ্ছে যে ধান থেকে চাল আপনারা করবেন সেখানে ৫৩০ টাকা কুইন্টাল পিছু যেন কৃষকরা পান। এই নিয়ে একটা পদ্ধতি বদলে মূল গুরুত্বটা সমবায়ের মাধ্যমে—এই আলোচনায় খাদ্যমন্ত্রী সমবায়মন্ত্রী ছিলেন, মুখ্যমন্ত্রী ডেকেছিলেন—এই পদক্ষেপটা আমরা নিচ্ছি। এই সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকারকে বলছি, আপনারা গুলিয়ে ফেলবেন না যে এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্পের জন্য চাল সংগ্রহ করা, তাঁদেরও এখানে ৫০ হাজার বাকি আছে যেটা সেটা আপনারা করুন। তাহলে অন্তত ২ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন সংগৃহীত হবে ভিন্ন পদ্ধতিতে সমবায়ের মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় সেখানে উৎপাদনের এতো বড় ঘাটতি হয়েছে, সীমিত ক্ষমতার মধ্যে এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে আমরা যদি যাই তাহলে কিছু একটা প্রভাব পড়বে। কিন্তু দীর্ঘমেয়াদি কতকগুলি পদক্ষেপ নিতে হবে। কৃষি উৎপাদনে আমাদের মাথাপিছু যা প্রয়োজন তা হলো ৩৫০ গ্রাম প্রতিদিন, যে হিসাবটা ভারত সরকার ঠিক করে দেন। এই হিসাব নিয়ে ১৩০ লক্ষ মেট্রিক টন আমাদের প্রয়োজন, চালের হিসাবে বলছি। আমাদের কিন্তু উৎপাদন বেশি বাড়ালে অসুবিধা হবে। এর জন্য খাদ্যশস্যের

ক্ষেত্রে বলছি, শস্যক্রম পরিবর্তন করা প্রয়োজন। বিশেষ করে ডাল তৈলবীজ এবং গমের দিকে যাওয়া প্রয়োজন। উল্লেখনীয় এই বার্তা কৃষকদের কাছে কৃষি দপ্তর পঞ্চায়েত দপ্তরের মাধ্যমে পৌছে দেবার ফলে গত ৫ বছরে ডালের উৎপাদন বেড়েছে। আমাদের ঘাটতি আছে, গোটা ভারতবর্ষে ঘাটতি আছে। ইতিমধ্যে গত ৫ বছরে ২৫ শতাংশ অতিরিক্ত জমিতে একসঙ্গে ডাল এবং তৈলবীজের চাষ হয়েছে। প্রায় ১৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গম ১৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এটাতে আমাদের যেতেই হবে। দ্বিতীয় হচ্ছে ধান এবং চাল সংগ্রহ করার ক্ষেত্রে আগামী কৃষি বৎসরের আগে সরকারি স্তরে আলোচনা করে এবং সেই আলোচনার সমস্ত রাজনৈতিক দলের সঙ্গে করা প্রয়োজন, কৃষক সংগঠনের সঙ্গেও করা প্রয়োজন, আলোচনা করে সমবায় ব্যবস্থাটাকে মূল জায়গায় নিয়ে আসতে চাচ্ছি। রাজ্য সমবায় ব্যাংকের এবারে আমাদের অভিজ্ঞতাটা তিক্ত হলো। রাজ্য সমবায় ব্যাংকের মাধ্যমে আবর্তিত যেটা আছে—একটু আগে উল্লিখিত হয়েছে—সমবায়, বিশেষ করে থানা সমবায় সমিতি, যে সমিতিগুলির সঙ্গে গুদাম আছে, এবারের প্রক্রিয়ার মূল জেলাগুলিতে সেইভাবেই শুরু হবে। তৃতীয় বক্তব্য হচ্ছে, এবারে আমরা বলছি সাধারণ ভাবে নয়, কেন্দ্রীয় প্রকল্পের যেমন চাল রাজ্যকেই দিতে হচ্ছে সেই চালটুকু এফ সি আইকে এখান থেকেই সংগ্রহ করতে হবে।

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাবুন, এগুলো আমরা সবই করেছিলাম। কিন্তু এর সঙ্গে সঙ্গে এটাও বলে রাখা প্রয়োজন, পরিমাণটা খুব বেশি হয়নি, তাই আমি মূল আলোচনায় আনিনি। সি এম আই ই-র সর্বশেষ তাদের তথ্যে বলেছে, এত উদ্বৃত্তের মধ্যেও বিশ্ব বাণিজ্য সংস্থার সঙ্গে চুক্তির কারণে এই মাসের শেষের দিকে প্রায় ৩০ হাজার মেট্রিক টন ভাঙা চাল কেন্দ্রীয় সরকার আমদানি করে ফেলেছে। এটা যদি আমরা করি এবং পাশাপাশি যদি বিশ্ব বাণিজ্য সংস্থার সঙ্গে চুক্তির কারণে নির্বিচারে চাল আমদানি শুরু হয়ে যায়—ই এম আই ই-র তথ্যে যা বলেছে, যদি শুরু হয়ে যায়—চুক্তি অনুযায়ী সেটাই শর্ত, তাহলে কিন্তু আমরা সামাল দিতে পারবো না। তাই এখন থেকে ছ'মাস আগে যখন প্রধানমন্ত্রী সভা ডেকেছিলেন, পশ্চিমবঙ্গ প্রথম বলে। প্রত্যেকটি রাজ্য বলে যে, আপনারা বিশ্ব বাণিজ্য সংস্থার পরবর্তী সভায় গিয়ে বলুন যে কাদের চাল ঢুকবে ? ঢুকবে তো পাঁচ-ছ'টি বহুজাতিক সংস্থার, যারা ৮০ ভাগ বিশ্ব বাণিজ্য এই ক্ষেত্রে নিয়ন্ত্রণ করে তাদের। তাদের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য, আমাদের জীবিকা রক্ষার জন্য যেন সাবসিডি দেন। জীবিকা রক্ষার জন্য তাঁরা যেন নির্বিচারে আমদানিটা বন্ধ করেন। সেখানে আপনারাও সহযোগী ছিলেন। ভুল করবেন না, আপনাদের রাজ্যের মুখ্যমন্ত্রীরা একই ভাষায় বলেছেন। এমনকি বি জে পি দল, যাদের সঙ্গে আপনারাও আছেন, তাঁরাও বলেছেন। বলেছেন, মূল শত্রু, মূল যে সমস্যা, এই বছরে প্রবেশ করার মুখে। মূল সমস্যা থেকে যদি না বাঁচতে পারি, তাহলে একটি রাজ্যের মধ্যে এই আলোচনা করা অর্থহীন। সেটি আপনারা বুঝতে পারছেন। এর কোনও উল্লেখ ছিল না আপনার বক্তব্যে। তাই আপনার যে মুলতবি প্রস্তাব, তার বিরোধিতা করে একে মূল প্রেক্ষিতে ফেলে এবং এখানে রাজনীতির ভুলে মূল যে আঘাতটা আসছে তার বিরুদ্ধে দাঁড়িয়ে সাধারণ কৃষকের স্বার্থে একটি কথা বলা দরকার। প্রথম বিশ্বের দেশগুলি তাদের সরকার থেকে ৫০ বছর ভরতুকি পেয়েছে। আমরা ১০ বছর সময় চাইছি—এই ভরতুকি দিতে হবে কেন্দ্রীয় সরকারকে। মূল দায়িত্ব তাদের। এর মধ্যে আমরা

নিজেদের পায়ে দাঁড়িয়ে, নিজেদের কৃষককে ভরতুকি দিয়ে, উৎপাদনে খরচ কমিয়ে বিশ্বায়নে তখন অংশগ্রহণ করতে পারবো। অন্তত ১০ বছর প্রস্তুতির সময় দরকার। এই কথা বলে আপনার মুলতবি প্রস্তাব থেকে নিজেকে সরিয়ে তার বিরোধিতা করে আমি মূল প্রেক্ষিতে ফেলে আমার বক্তব্য শেষ করলাম।

[At this stage the House was adjourned till 2.30 p.m.]

(After recess)

[2.30-2.40 P.m.]

**শ্রী দেব প্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে যে মুলতবি প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই মুলতবি প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে আমি প্রথমেই যে কথা বলতে চাই যে, রাজ্য সরকার তাদের যে ধান সংগ্রহের নীতি, সেই ধান সংগ্রহের নীতির ক্ষেত্রে এই রাজ্য সরকারের যারা মিল মালিক, আড়তদার তাদের খুশি করেছেন। আর অপরদিকে রাজ্যের যারা সাধারণ গরিব চাষি তাদের জীবনে চরম সর্বনাশ ডেকে নিয়ে এসেছেন। সরকার ধানের সহায়ক মূল্য বেঁধে দিয়েছেন কিন্তু সেই সহায়ক মূল্য দিয়ে সরকার ধানচাষিদের কাছ থেকে ধান সরাসরি কেনবার কোনও ব্যবস্থা নেননি। ফলে চাষিরা আড়তদার, মিলমালিক তাদের কাছে অত্যন্ত অসহায়ভাবে তাদের ধান উৎপাদনের ব্যয় থেকে অনেক কম দামে অভাবী বিক্রয় করে তারা আজকে চরম সর্বনাশের মুখে এসে দাঁড়িয়েছে। বিশেষ করে গত বছরে বিধ্বস্ত বন্যায় গ্রামবাংলার চাষিদের উপরে চরম সর্বনাশ ঘটিয়েছে। সেই বন্যাবিধ্বস্ত চাষিরা একদিকে ডিজেলের দাম, সারের দাম বৃদ্ধি এবং চাষের পণ্য উপকরণের দাম বৃদ্ধির মধ্যে দিয়ে চাষ করতে গিয়ে একেবারে সর্বস্বান্ত হয়ে গেছে। তারপরে আবার সরকারের কৃষকদের স্বার্থবিরোধী ধান সংগ্রহ নীতির ফলে তাদেরকে পথের ভিখারি করে দিয়েছে। সরকারের যে প্রকিয়োরমেন্ট পলিসি—তাতে ওরা বলতে চাইছেন যে, ধান উদ্বৃত্ত হয়েছে। এবং যে তথ্য পরিবেশন করেছেন তাতে দেখাচ্ছেন যে, সাপ্লাই বেশি হয়ে যাবার ফলে ধানের দাম অনেকখানি নেমে গেছে।

প্রথমত এই কথাটার সত্যতা কোথায় ? আসলে সরকারের যে প্রকিওরমেন্ট পলিসি, সেই মূল প্রকিওরমেন্ট পলিসির মধ্যে গলদ। উদ্বৃত্ত ধান অতিরিক্ত ধান উৎপাদন হচ্ছে, কিন্তু তার বেনিফিট কে পাচ্ছে। বেনিফিট যারা চাষি, তারা যেমন পাচ্ছে না, তারা যেমন ফসলের ন্যায্য দাম থেকে বঞ্চিত হচ্ছে, অপরদিকে যারা সাধারণ মানুষ, কনজিউমার, তারাও কিন্তু সস্তায় চাল পাচ্ছে না। মাঝখান থেকে যারা ফোড়ে মজুতদার যারা মিল মালিক তাদের অবাধে লুণ্ঠনের স্বর্গরাজ্যে পর্যবসিত হয়েছে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের এই সর্বনাশা যে ধান সংগ্রহ নীতি তার ফলে এটা হচ্ছে, তাদের বেনিফিট তারা পাচ্ছে না। তারা আজকে দেখতে পাচ্ছে এবং আমরাও অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ করছি সরকার ধান সংগ্রহের যে লক্ষ্যমাত্রা ধার্য করেছে, সেখানে ১৫০ লক্ষ টন কি ১৫৩ লক্ষ টন ধান উৎপাদনের ক্ষেত্রে সরকার সেখানে সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করেছে ৬ লক্ষ টন অর্থাৎ ৪ শতাংশরও কম। কি হবে। যেটা সংগ্রহ করছে, সেটাও মিল মালিকদের কাছ থেকে এবং আমরা জানি মিল মালিকরা কি ভাবে ঐ অভাবী চাষিদের কাছ থেকে অল্প মূল্যে ধান কিনছে। আর ৫৩০ টাকা কুইন্টাল দরে ধান দিলো, এই ভাবে তাদের কাছ থেকে রসিদ সংগ্রহ করছে। ফলে যেটুকু সংগ্রহ

হয়েছে তার বেনিফিট চাষীরা পাচ্ছে না। পাচ্ছে মিল মালিক, আড়তদার। আজকে রাজ্য সরকারের, বামফ্রন্ট সরকারের কৃষক স্বার্থ বিরোধী ধান সংগ্রহ নীতি, যার জন্য আজকে আমরা ওয়ারফুটিং উপর দাঁড়িয়ে তাই সরকারের যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে গ্রাম বাংলার এই সংখ্যাগরিষ্ঠ শ্রমজীবী মানুষ যারা আছেন তাদের এই অভাবী বিক্রির হাত থেকে বাঁচাবার জন্য সরকারকে এই সহায়ক মূল্যে ধান সংগ্রহ করতে হবে। এটা ওয়ারফুটিং এর উপর দাঁড়িয়ে, যুদ্ধকালীন ভিত্তিতে গুরুত্ব সহকারে করা উচিত। এবং আমরা এটা মনে করি, আজকে সরকার এর পাশাপাশি যে নীতি গ্রহণ করছেন, কৃষি ক্ষেত্রে এটা অত্যন্ত মারাত্মক। আমরা দেখতে পাচ্ছি সরকার নতুন কৃষিনীতি মুখ্যমন্ত্রী—ঘোষণা করবেন, তারা নাকি নতুন কৃষিনীতি গ্রহণ করছেন এবং সেখানে মার্কিন সংস্থা—কার পরামর্শে, এই পিজেন্টস অর্গানাইজেশান এর পরামর্শে, নাকি মার্কিন সংস্থা-ম্যাকিনসে তার পরামর্শে তারা কৃষিনীতি গ্রহণ করছেন। যেটা দ্বারা এই রাজ্যের কৃষিনীতিকে ঐ মাল্টি ন্যাশনালরা বহুজাতিক সংস্থা, কর্পোরেট পুঁজিবাদ এর হাতে তুলে দিতে চাইছে—অ্যাট দি কস্ট অফ দি ইন্টারেস্ট অফ দি কমন পিজেন্টস। ক্ষেতমজুর, ভূমিহীন চাষী তাদের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে আজকে বিশ্বায়নের নামে কৃষিনীতির পরিবর্তন করতে চলেছেন। এখানে উচিত ছিল পিজেন্টস অর্গানাইজেশান-এর সঙ্গে পরামর্শ করে কাজ করা, কিন্তু সেটাও করছেন না। এমন কি শরিকদলগুলির সঙ্গেও পরামর্শ করেননি, তারাও ক্ষোভ প্রকাশ করেছেন, কৃষিমন্ত্রী ক্ষোভ প্রকাশ করেছেন, যেভাবে বিশ্বায়নমুখী হচ্ছে, কৃষিনীতির পরিবর্তন করা হচ্ছে, বিশ্বায়নমুখী কাজ করা হচ্ছে, এতে গ্রামবাংলার কৃষকের উপর মারাত্মক আক্রমণ নেমে আসছে। ফলে আমরা একটা অশনি সংকেত লক্ষ করছি। সর্বশেষে বলতে চাই, বি পি এল তালিকায় দারিদ্র সীমার নিচের মানুষদের যে তালিকা তাতে এফ সি আই এর মাধ্যমে চাল সংগ্রহ করার যে পদক্ষেপ সেটা সরকার এখনও গ্রহণ করেননি।

যেটা এখনো করা হয়নি। এখন হইচই হচ্ছে বলে সরকার দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী লোকেদের তালিকা খুব শীঘ্রই প্রকাশ করতে যাচ্ছে। এখানে আপনাকে জানিয়ে রাখি, অন্য জেলায় কি হচ্ছে জানি না, আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় বি পি এল তালিকায় নথিভুক্ত করানোর জন্য দরখাস্তের আজকেই শেষ দিন। এর ফলে অনেকে দরখাস্ত করার সুযোগ পেল না। কেবলমাত্র সাত দিন সুযোগ দেওয়া হয়েছে। এটা খুবই দুঃখজনক। আমাদের জেলায় এই ডেটটা পরিবর্তন করার জন্য আমি দাবি জানাচ্ছি, এটা যাতে দশ তারিখ থেকে পিছিয়ে দেওয়া হয়।

[2.40—2.50 p..m.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারলাম না কংগ্রেসের পক্ষ থেকে এবং তাদের দোসর তৃণমূল কংগ্রেস হঠাৎ করে এই মুলতবি প্রস্তাব আলোচনার জন্য আনলেন কেন। আমাদের দেশে কোন জাতীয় কৃষিনীতি আছে কি ? আমাদের দেশের কোন প্রকিয়োরমেন্ট পলিসি নেই। সুতরাং প্রতি বছর আমরা যখন সংকটে পড়ি তখন আমরা হইচই করি। ১৯৯১ সালে নরসিমা রাও যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি উদারনীতির প্রচলন করেন। পরবর্তীকালে বি জে পি এবং তৃণমূল সেই উদারনীতির আক্রমণ ক্রমেই বাড়িয়ে যাচ্ছে বিশ্ববাণিজ্য সংস্থার নির্দেশে। তার ফলেই আমরা ভুগছি।

আমাদের দেশে ধান উৎপাদন বৃদ্ধি হয়েছে ঠিকই, গত বছরের থেকে এই বছরে তেইশ লক্ষ টন চাল বেশি হয়েছে, যেখানে সারা দেশে বেড়েছে আট শতাংশ। ঠিক তেমনি ভিন্ন রাষ্ট্র থেকে যে চাল আমাদের রাজ্যে আসত বা বাংলাদেশে ও নেপালে যেত। সেখানে আজকে ধানের দাম বেড়ে যাচ্ছে। আগে এফ সি আই কিছু প্রকিয়োরমেন্ট করত, তারা বলে দিল আমরা আর প্রকিয়োরমেন্ট করতে পারছি না। রাজ্য সরকার আগ বাড়িয়ে বলল আমরা প্রকিয়োরমেন্ট পলিসি চালু রাখব। কিন্তু রাজ্য সরকারের তো সেই রকম অর্থ নেই, যদি কেন্দ্রীয় সরকার আমাদের অর্থ সাহায্য না করে তাহলে এই পলিসি আমাদের রাজ্যে আমরা চালু করতে পারব না। কেন্দ্রীয় সরকার নানাভাবে আমাদের উপরে চাপ সৃষ্টি করছে, ঋণ বাবদ যে টাকা আমাদের দেওয়া হয় তার থেকে একটা অংশ কেটে নেওয়া হয়, কর বাবদ যে টাকা দেওয়া হয় তার থেকে একটা অংশ কেটে নেওয়া হয়, ফলে আমাদের রাজ্যে ঘাটতি দেখা যাচ্ছে। এ কথা ঠিক, রাজ্য সরকারেরও তো একটা দায়দায়িত্ব রয়েছে, তাই তারা স্থির করেছে প্রকিয়োরমেন্টে নামবে এবং সমবায় সমিতির মাধ্যমে চাষিদের কাছ থেকে ধান ক্রয় করবে। কিংবা কেন্দ্রীয় সরকার যদি যথেষ্ট বরাদ্দ না বাড়ান তাহলে আমাদের পক্ষে এই কাজ চালু রাখা যাবে না। আমরা মোটেই এই দাবিকে উপেক্ষা করছি না। আজকে স্বাধীনতার চুয়ান্ন বছর পরেও আমাদের দেশে কোন জাতীয় কৃষিনীতি নেই। আজকে পশ্চিমবাংলায় প্রান্তিক চাষিরা হচ্ছে ৯৪ শতাংশ, আর অপরাপর রাজ্যে ঠিক উল্টো চরিত্র, সেখানে প্রান্তিক চাষির সংখ্যা হচ্ছে ১৭-১৮ শতাংশ।

সুতরাং, আমাদের দেশে যারা বড় বড় ফার্মিংয়ের মাধ্যমে চাষ করতে চান, যারা কনট্রাক্ট বেসিসে চাষ করতে চান সেই নীতিতে আমাদের পশ্চিমবাংলার চাষিরা আরও মার খাবে। যা হোক, এখানে ধানের দর নিয়ে যে কথাবার্তা হচ্ছে, এবং আমরা আশাবাদী যে, রাজ্য সরকার দেরিতে হলেও বলেছে যে, কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল না থাকে রাজ্য সরকার নিজস্ব আর্থিক ক্ষমতার মধ্যে থেকেই ক্রয় করার চেষ্টা করবে। এই কথা বলে এই মুলতবি প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ধানের সহায়ক মূল্য দিতে ব্যর্থ এই সরকারের বিরুদ্ধে আনা যে অ্যাডর্জনমেন্ট মোশান, সেই মোশানের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে সবার আগে আমি যে-কথা বলতে চাই, সেটা হল এই যে—আজকে যারা আমাদের উল্টো দিকে বসে আছেন, তারা দীর্ঘদিন আমেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে না বলে প্রাতঃরাশ করতেন না বা ঘুমাতে যাবার আগেও একবার গালাগাল না দিয়ে ঘুমাতে যেতেন না। আজকে তাদের সেই চেহারাটা আছে, কিন্তু যে জামাটা তারা পরে আছেন সেটা আমেরিকান জামাতে পরিণত হয়েছে—যেটা নিরুপমবাবুকে দেখলে, তাঁর বক্তব্য শুনলে বোঝা যায়, যেটা বুদ্ধদেববাবুকে দেখলে, তাঁর বক্তব্য শুনলে বোঝা যায় এবং যা নিয়ে বামফ্রন্টের মধ্যেও বিক্ষোভ আছে। এই রাজ্যে কৃষিনীতি, শিল্পনীতি কি হবে সেটা আজকে অসীমবাবুরা, নিরুপম সেন বা বুদ্ধদেববাবু বা আলিমুদ্দিন স্ট্রিট ঠিক করছে না, আজকে সেটা ম্যাকিনসেকে দিয়ে ঠিক করে নিচ্ছে। এটা আমার বক্তব্য নয়, ওইদিকে যে বসে আছেন কমলবাবু তিনি বলেছেন—ম্যাকিনসে আমাদের কৃষিনীতি ঠিক করে দেবে না, এটা আমাদেরই করতে হবে। ভ্রান্ত নীতি এবং অসত্য ভাষণে পারদর্শী অসীমবাবু তথ্যজাল বিস্তার

করে এটাকে এড়িয়ে গেলেন। আজকে রাজ্যে কি ভয়ংকর অবস্থার সৃষ্টি হয়েছে। একটা চাষির পরিবারে দুটি কন্যার মৃত্যু পর্যন্ত হয়েছে অভাবের তাড়নায়। সেখানে দাঁড়িয়ে অসীমবাবু কোন পজিটিভ্ বক্তব্য রাখতে পারেননি। এবং কি চরম ব্যর্থতার সামনে দাঁড়িয়ে আছে রাজ্য সরকার। এদিকে যারা বসে আছেন আমাদের ওই পাশে, তারা বলেন এই সরকারকে টিকিয়ে রাখতে হবে বলে তারা সমর্থন করেন, কিন্তু মাঠে-ঘাটে, বিভিন্ন জনসভায় এস ইউ সি আই, আর এস পি, ফরোয়ার্ড ব্লক এই ভ্রান্ত নীতির বিরোধিতা করছে। আজকে এই সরকার আর্থিক দিক থেকে দেউলিয়া হয়ে গেছে—এটা প্রমাণিত হয়ে গেছে। অসীমবাবু বলেছেন—আমরা মাত্র ৬৮ হাজার মেট্রিক টন সংগ্রহ করতে পেরেছি অথচ লক্ষ্যমাত্রা রেখেছিলেন ৬ লক্ষ মেট্রিক টন। শুধু তাই নয়, আগে ঘোষণা করেছিলেন ৫ লক্ষ মেট্রিক টন সংগ্রহ করবেন, গত বছর ২ লক্ষ টনের বেশি সংগ্রহ করতে পারেননি। তারপর বলেছেন ৬ লক্ষ মেট্রিক টন সংগ্রহ করবেন। এটা করলেও হয়ত কৃষকরা কিছুটা বাঁচতে পারত। আজকে যে সরকার ৬ লক্ষ মেট্রিক টন সংগ্রহ করবে বলে কৃষকদের সান্ত্বনা দিয়েছিল, সেই অর্থমন্ত্রী এখানে দাঁড়িয়ে বললেন—আমরা ৬ লক্ষ টন পারব না, ২ লক্ষ টন যদি করতে পারি। এই ব্যর্থতার বোঝা কে বহন করবে ? কেন পশ্চিমবঙ্গের কৃষকরা এই ব্যর্থতার দায় বহন করবে ? এখন বলছেন খাদ্যে উদ্বৃত্ত হয়ে গেছে, ধানে উদ্বৃত্ত হয়ে গেছে। আমার কাছে একটা বাজেট বই আছে—কলিমুদ্দিন সামসের—২০০১-০২ সালের, সেখানে বলছে—আমরা খাদ্যে ঘাটতি। আর অসীমবাবু কি বলেছেন ? আমি দায়িত্ব নিয়েই বহুবার বলেছি—অসীমবাবু, আজকে না হয় কালকে প্রমাণিত হবে কতবার আপনি মানুষকে প্রতিশ্রুতি দিয়েছেন এবং পিছিয়ে এসেছেন সেখান থেকে।

[2.50—3.00 p..m.]

এখানে সবচেয়ে অভিজ্ঞ মানুষ হচ্ছে অসীমবাবু। তিনি ২০০১-০২-এ বলছেন যে, চাল গম চনি তৈলবীজ ভোজ্য তেল পেট্রোলজাত সামগ্রী প্রভৃতি সহ প্রায় সব রকমই অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য। আজকে অসীমবাবু কোন জাদুবলে প্রমাণ করে দিলেন যে, আমাদের রাজ্যে ধান উদ্বৃত্ত হয়ে গেছে ? আমি ডেপুটেশান দিতে চাষিদের নিয়ে বর্ধমানে গিয়েছিলাম। নিরুপমবাবু শুনে রাখুন আপনার শহরেরই ডি এম বলেছেন যে, এত ক্রাইসিস অথচ সরকার আমাদের কাছে এমন কোন টাকা দিচ্ছে না, যে টাকা আমরা মিলের মালিককে দিতে পারি না ধান সংগ্রহ করার জন্য। এটা ভুল নীতি। কারণ সে যখন তার থেকে কম দামে ধান পাচ্ছে, তখন সে সাপোর্ট প্রাইজে ধান কিনতে যাবেন কেন। আপনারা নিজের ভাষায় বলছেন যে, ৬৮ হাজার মেট্রিক টনের বেশি ধান সংগ্রহ করতে পারেন এবং টার্গেট ২ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ আমন ধান যারা চাষ করেন, তারা মারা গেল, যারা বোরো চাষ করেন, তারা মারা গেল। চাষিদের মধ্যে হাহাকার পড়ে গেছে এবং ডি এম বলেছে যে, যে সমস্ত জেলা ধান উৎপাদন করে, সেই সমস্ত জেলার ডি এমকে নিয়ে সভা করা উচিত। কিন্তু সেই সভা করার আপনাদের সময় হয়নি। আপনাদের অপদার্থতা কোথায় পৌঁছেচে যে, আপনাদের ডি এমদের নিয়ে সভা করারও সময় হল না। এখানে বললেন যে, ৫০ কোটি টাকা দেবে। ৫০ কোটি টাকায় আপনারা কত ধান সংগ্রহ করতে পারেন। ৫০ কোটি টাকা ১ লক্ষ মেট্রিক টনের বেশি ধান সংগ্রহ করতে পারছে না।

অথচ আপনি বলছেন ২ লক্ষ মেট্রিক টন সংগ্রহ করবেন। আপনারা আর্থিক দিক থেকে দেউলিয়া হয়ে গেছেন। আপনারা পরিকল্পনা খাতে ব্যয় করতে পারছেন না। আপনাদের ভাঁড়ার শূন্য। সমস্ত মন্ত্রীদের টাকা পয়সা আপনি আটকে দিচ্ছেন। কেবলমাত্র কিছু তথ্যের ভিত্তিতে আপনি অসীমবাবু এই হাউসকে পরিচালিত করছেন। অপদার্থতা ঢাকবার জন্য আপনি পশ্চিমবঙ্গের মানুষকে বিপদে ফেলে দিয়েছেন। বর্ধমানের ডি এম বলেছে অন্যান্য রাজ্য থেকে কম দামে চাল ঢুকছে। আর একটা জিনিস বুদ্ধদেববাবু বলেছেন যে, বিদেশ থেকে চাল আসছে। কোথাও কেউ দেখেছেন ? একজনও বলতে পারেন যে থাইল্যান্ড থেকে বা অন্যান্য জায়গা থেকে চাল আসছে ? আলু চাষ এত হয়েছে, যে কোথায় আলু রাখবে ? আমাকে বললেন যে, মমতা ব্যানার্জীর সঙ্গে কথা বলতে ট্রান্সপোর্টের ব্যবস্থা করে দেবার জন্য। ম্যাড্রাসে আলু রাখতে হবে। গোটা পশ্চিমবঙ্গে একটা নীতি আপনারা তৈরি করতে পারেননি। কোন একটা জিনিস যদি বেশি উৎপাদন হয়, সেখানে সরকারের কিছু করার নেই। যদি কম উৎপাদন হয়, সেখানেও সরকারের কিছু করার নেই। অসীমবাবু ৭৭ সালে পশ্চিমবঙ্গে চালের উৎপাদন হয়েছিল ৮৭ লক্ষ মেট্রিক টন। সেই সময় পশ্চিমবঙ্গে সংগ্রহ ছিল ৫ লক্ষ মেট্রিক টন। সেই সময় এই রাজ্যে আপনারা ছিলেন না। কংগ্রেস ছিল। আমি দায়িত্ব নিয়ে বলছি যে, ৫ লক্ষ মেট্রিক টন ছিল সংগ্রহ। আজকে ২৫ বছর পেরিয়ে যাওয়ার পরও আপনারা সেই দায়িত্ব পালন করতে পারেননি। আজকে কৃষকদের অসহায় অবস্থায় ধান বিক্রি করতে হয়েছে। দুশো টাকায়, দুশো ৩০ টাকায় বিক্রি করতে হচ্ছে। দুশো তিরিশ টাকা কুইন্টালে ধান বিক্রি করে দিতে হচ্ছে। গরিব মানুষের ধান। গ্রামের চাষিদের আপনারা সহায়ক মূল্য দিতে ব্যর্থ হয়েছেন। তাই এই সরকারের বিরুদ্ধে অনাস্থা জানিয়ে আমরা ওয়াক আউট করছি।

(এই সময়ে তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গ্রামবাংলার চাষিরা অসহায় অবস্থার মধ্যে রয়েছে, তারা তাদের উৎপাদিত ফসলের দাম পাচ্ছেন না সেই কারণেই আমরা মুলতবি প্রস্তাব আনতে চেয়েছি। আপনি অনুগ্রহ করে এই প্রস্তাবের অনুমোদন দিয়েছেন। আলোচনা প্রসঙ্গে সরকার পক্ষের দুজন মন্ত্রীর বক্তব্য শুনলাম। একজন মাননীয় কৃষিমন্ত্রী কমল গুহ আর একজন মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয়। যেহেতু এই দুজন মন্ত্রী বক্তব্য রাখলেন আমরা আশা করেছিলাম তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে তাঁরা এমন আশ্বাস দেবেন যার মধ্যে দিয়ে যে উদ্দেশ্যে আজকে মুলতুবি প্রস্তাব আমরা আনতে চেয়েছি তা সার্থক হবে, গ্রামবাংলার চাষিরা আশার আলো দেখবেন। আজকে মাননীয় অর্থমন্ত্রী দীর্ঘদিন অর্থমন্ত্রী থাকার ব্যাপারে একটা রেকর্ড করেছেন। কিন্তু তিনি গ্রামবাংলার মানুষের সঙ্গে তঞ্চকতা করারও একটা রেকর্ড তৈরি করেছেন। আজকে তিনি বলেছেন দু লক্ষ টন ফসল সংগ্রহ করবেন। কোথা থেকে তিনি এটা করবেন। তিনি তো শিক্ষকদের মাইনে দিতে পারছেন না। তিনি ট্রেজারিতে নির্দেশ দিয়েছেন মিউনিসিপ্যালিটির চেক ক্যাশ করবে না। ১০ লক্ষ টাকার কোন উন্নয়নমূলক কাজ করতে পারবে না। আপনি সমস্ত জায়গায়, ট্রেজারিতে একটা এমবার্গো করে দিয়েছেন। আপনি বলে দিলেন দু লক্ষ টন ফসল সংগ্রহ করবেন, কি করে করবেন ? আপনি কিছু বলেননি। বাংলার মানুষকে আপনি শূন্য বাজেট দেখিয়ে

প্রতারণা করেছেন। আজকে আপনি ১৬টা বাজেট পশ্চিমবাংলায় পেশ করেছেন। আজকে এই দায়িত্ব আপনার। আজকে এক এক জায়গায় কৃষকরা ধান পুড়িয়ে দিচ্ছে, জমি থেকে তারা ধান কাটছে না, অর্থমন্ত্রী হিসেবে আপনার লজ্জা করা উচিত। দুর্ভাগ্যের বিষয়ে আপনার কাছ থেকে কোন জবাব পাওয়া যায়নি। কৃষিমন্ত্রী খুবই কম সময় বললেন। বাইরে তিনি খুব বিপ্লবের কথা বলেন, কিন্তু হাউসে তিনি চুপ রইলেন। আশ্চর্যজনক বিষয়। একদিকে বাংলার চাষিরা একটা অসহায় অবস্থার মধ্যে রয়েছে, ধান বিক্রি করতে পারছে না, আর অর্থমন্ত্রী কতগুলো তথ্য এখানে আউড়ে গেলেন। এখানে কলিমুদ্দিন শামস বলেছিলেন যে খাদ্যশস্যে এই রাজ্যে ঘাটতি রয়েছে। আর আপনি বলে দিলেন যে ৫৪ লক্ষ টন উদ্বৃত্ত রয়েছে। এই অবস্থা আপনারা তৈরি করেছেন সেজন্য এই হাউস মুলতবি করতে চাইছি। চাষিদের স্বার্থ যদি আপনারা চান, তাদের যদি বাঁচাতে চান তাহলে হাউসকে মুলতবি রেখে সঠিক পথ নির্ধারণ করুন। আজকে চাষিরা কম দামে ধান বিক্রি করছেন আর বাংলার মানুষকে বেশি দামে চাল কিনতে হচ্ছে। কারা মুনাফা করছে, কারা লাভ করছে। সবটাই ধোঁয়াশার মধ্যে রেখে দিয়েছেন।

[3.00—3.10 p..m.]

আজকে যে উদ্দেশ্যে আমরা এই প্রস্তাব এনেছি সেটা সঠিক ছিল। আপনি চাষিদের হতাশ করেছেন, তাদের সর্বনাশের পথে ঠেলে দিয়েছেন। মাননীয় মন্ত্রী তাঁর বক্তৃতার মধ্যে দিয়ে চাষিদের আজকে হতাশ করলেন। আজকে এই অবস্থা যদি হয় তাহলে দরকার হলে এই সরকারের বিরুদ্ধে আমরা অনাস্থা প্রস্তাব এনে সরকারের ক্রিটিসাইজ করবো, যেমনভাবে আজকে এনেছি। মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করছি এই ভাবে হবে না, আপনি রাজ্যের কৃষকদের স্বার্থ রক্ষা করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion was than put to vote and lost.

(At this stage members of Congress walked out of the House in protest)

## CALLING ATTENTION

**Mr. Speaker** : Today I have received five notices of calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Non-payment of salaries to the teachers of Primary and Secondary Schools | : | Shri Abdul Mannan |
| (ii) | Clash between two groups at Kharibari under Barasat P.S., North 24-Parganas on 8.6.2002 and consequential situation arisen | : | Shri Jyoti Priya Mallik, Shri Tanmoy Mondal & Shri Arunava Ghosh |

| | | | |
|---|---|---|---|
| (iii) | Apprehended attack on Writers' Buildings and measures taken | : | Shri Asit Kumar Mal |
| (iv) | Break out of Kala-ajar in Malda since May, 2002 | : | Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |
| (v) | Measures taken by the state Government to prevent terrorist activities in the state. | : | Shri Nirmal Das |

I have selected the notice of Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira on the subject of break out of Kala-ajar in Malda since May, 2002.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on 19th June, 2002.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### The 1st and 2nd Reports of the Standing Committee on Commerce and Industries & Industrial Reconstruction (2001-2002)

The Chairman (Shri SUNIL KUMAR GHOSH) to present.

The First and Second Reports of the Standing Committee on Commerce and Industries and Industrial Reconstruction (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to Industrial Reconstruction Department and Commerce and Industries Department, respectively.

### The 2nd, 3rd and 4th Reports of the Standing Committee on Irrigation & Waterways and Water Investingation & Development (2001-2002)

The Chairman (Shri TAPAN HORE) to present :

(i) The Second Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2001-2002) on the Keleghai-Kapaleswari-Baghai Basin Drainage Scheme ;

(ii) The Third Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2001-2002) on the problem of protecting Sea-coasts from erosion in West Bengal ; and

(iii) The Fourth Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003.

**The 20th and 21st Reports of the Standing Committee on Panchayats, Rural Development and Land & Land Reforms (2001-2002) regarding study visit to the Sugar Mills in the districts of Nadia and Murshidabad and Pre-Voting Budget Secrutiny of the Budget Esaimate for the year 2002-2003 on the Departments of Panchayat, Rural Development and Land & Land Reforms respectively**

The Chairman (Shri Sk. JAHANGHIR KARIM) to present the 20th and 21st Reports of the Standing Committee on Panchayats, Rural Development and Land & Land Reforms (2001-2002) regarding study visit to the Sugar Mills in the districts of Nadia and Murshidabad and Pre-Voting Budget Secrutiny of the Budget Estimate for the year 2002-2003 of the Departments of Panchayats, Rural Development and Land & Land Reforms respectively.

## LAYING OF RULES

**The West Bengal Wakf Rules, 2001**

**Shri Probodh Chandra Sinha :** Mr. Speaker, sir, with your permission I beg to lay the West Bengal Wakf Rules, 2001.

## LAYING OF REPORT

**Annual Budget of the Damodar Valley Corporation, (2002-03)**

**Shri Amalendra Lal Roy** : Mr. Speaker Sir, I beg to lay the Annual Budget of the Damodar Valley Corporation for the year 2002-2003.

## LEGISLATION

**The West Bengal Primary Education (Amendment) Bill, 2002**

**Shri Kanti Biswas** : Mr. Speaker Sir, I beg to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 2002.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kanti Biswas** : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 2002, be taken into consideration.

**Shri Pankaj Banerjee** : Not present.

**শ্রী আশুতোষ মুখার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা (সংশোধন) বিধেয়ক, ২০০২ এখানে উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে দু-চারটে কথা বলছি। এই বিলে যে সংশোধনী করতে চাওয়া হয়েছে সেগুলো বাস্তবসম্মত এবং সময়োচিত হয়েছে। শিশুশিক্ষার গুণমান উন্নয়ন করা সার্বজনীন প্রাথমিক শিক্ষার অন্যতম লক্ষ্য। আমাদের রাজ্যে 'জেলা প্রাথমিক শিক্ষা কার্যক্রম', বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম করা হচ্ছে চাহিদা এবং প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে। শিক্ষক শিক্ষণ ব্যবস্থা ঢেলে সাজানোর ব্যবস্থা নেওয়া হয়েছে এই বিলের মাধ্যমে। আমরা সকলে জানি, আমাদের রাজ্যে মোট ৫৯টি 'প্রাথমিক শিক্ষক শিক্ষণ' বিদ্যালয়, মহাবিদ্যালয় কাজ করছে, চালু আছে। ১৬টি স্পনসর্ড, নন-গভর্নমেন্ট এডেড ৭টি এবং সরকারি ৩৬টি। সেখানে প্রতি বছর ৫ হাজার শিক্ষক শিক্ষণ নিয়ে থাকেন। ঐ ৫ হাজার যে আসন আছে তার ৫০ শতাংশ ডেপুটেশনের জন্য এবং বাকি ৫০ শতাংশ ফ্রেসারদের জন্য। শিক্ষার বিস্তৃতির জন্য শিক্ষণের গুণগত মানের উন্নয়ন দরকার। আমাদের দেশে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন এন সি টি ই স্থাপন করা হয়েছে এবং সেখানে শিক্ষক শিক্ষণ ব্যবস্থাকে একটা নতুন মাত্রা দেওয়ার চেষ্টা করা হয়েছে। নিশ্চয় এটা একটা খুব ভালো প্রস্তাব। কিন্তু এর কতগুলো বাস্তব সমস্যা আমরা দেখতে পাচ্ছি। কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন এই যে এন সি টি ই, তারা যেগুলোর ব্যবস্থা করতে বলেছে, রাজ্যকে করতে হবে, তার মধ্যে আছে 'টিচার্স অ্যান্ড ট্রেনিং রেশিও' ওয়ান ইস্টু টেন। লাইব্রেরির যথেষ্ট ব্যবস্থা করতে হবে এবং অন্যান্য সাজসরঞ্জাম করতে হবে এবং তার জন্য কোনও আর্থিক দায়দায়িত্ব কেন্দ্রীয় সরকার নেবে না, সব রাজ্য সরকারকে করতে হবে। বর্তমান পরিস্থিতিতে রাজ্যের হাতে যে ক্ষমতা আছে তার মধ্যে থেকে এন সি টি ই-র এই সব প্রস্তাব কার্যকর করা গোটা রাজ্যের পক্ষে সম্ভব নয়। সেই জন্য আমাদের রাজ্যে এই ব্যবস্থা কেমনভাবে নিয়ে যাওয়া যায়, বিশেষ করে আমাদের বহু গুণগত মানসম্পন্ন শিক্ষক দরকার।

[3.10-3.20 p..m.]

এই বিলে সেজন্য বেসরকারি ক্ষেত্রে কলেজ স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এটাকে কবে, কিভাবে করা হবে সে সম্বন্ধে বলা হয়েছে। এতাবৎকাল যেভাবে করা হত— ডায়রেক্টর অফ স্কুল এডুকেশন, তার অধীনে থেকে এই সমস্ত বিষয় পর্যালোচনা হত, তারাই ভর্তি করতেন, পরীক্ষা নিতেন। এখন এটাকে একটু পরিবর্তন করার প্রয়োজন হয়েছে। সঠিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হচ্ছে প্রাইমারি স্কুল বোর্ড, তার অধীনে এটাকে নিয়ে আসার কথা বলা হচ্ছে। আর একটা সংশোধনীর কথা বলা হয়েছে সেকশন ৪(১) তে, ডিরেক্টর ছিলেন এক্স অফিসিও মেম্বার, এখানে সংশোধন করে বলা হয়েছে, অর্ হিজ্ নমিনি নট বিলো দি র‍্যাংক অফ ডেপুটি ডিরেক্টর, এতাবৎকাল ডিরেক্টর থাকতো, এখন তিনি নমিনি দিতে পারবেন। এগুলো করতে গেলে বেসরকারি সংস্থার ক্ষেত্রে যারা অনুমোদন পাবে

তাদের নিয়ন্ত্রণ করার প্রয়োজন আছে এবং তার জন্য কতকগুলো কমিটি করা হয়েছে। রেকগ্নিশন্ কমিটি, একজামিনেশন কমিটি ইত্যাদি, যাতে তারা ব্যবসায়িক ক্ষেত্রে এটাকে পর্যবসিত করতে না পারে তার জন্য নজরদারি ব্যবস্থা হয়েছে এবং একজামিনেশন কিভাবে হবে ঐ প্রাইমারি স্কুল বোর্ড ঠিক করবে, তারাই সঠিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত সংস্থা এবং একটা আইন অনুযায়ী একটা স্ট্যাটুটরি বোর্ড সেই বোর্ডের অধীনে এটাকে আনা হচ্ছে যাতে এটা বাস্তবায়িত হতে পারে এবং সুসামঞ্জস্যপূর্ণ হতে পারে এবং এন সি টি ই তারা যে শিক্ষক-শিক্ষণের কথা বলেছেন তার আদর্শগত এবং গুণগত মান উন্নয়নের জন্য এন সি টি ই কতকগুলো প্রস্তাব রেখেছেন। কিন্তু এই প্রস্তাবগুলো কার্যকর করতে গেলে কিছু সময় দরকার এবং আমাদের রাজ্যে এর মেয়াদকাল এক বছর, এন সি টি ই, বলেছে ২ বছরের কথা। আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী মহাশয় এটাকে বিচার-বিবেচনা করতে পারেন। এন সি টি ই বলেছে যে উচ্চমাধ্যমিক যোগ্যতাসম্পন্ন ছেলেমেয়েরাই কেবল এই ট্রেনিং নিতে পারবে। কিন্তু আমাদের রাজ্যে মাধ্যমিক স্তর উন্নীত ছেলেমেয়েরা এই শিক্ষণের সুযোগ পেয়ে থাকেন। অবশ্য এটা ঠিকই যে, ভয়ংকর বেকারত্বের যুগে মাধ্যমিক স্তরের ছেলেমেয়েদের সামনে অন্য কোনও এ্যাভিনিউ খোলা নেই। সেক্ষেত্রে সঠিকভাবে তারা এই সুযোগ পেয়ে আসছে। কিন্তু উচ্চমাধ্যমিক পাস ছেলেমেয়েদের জন্য এই ব্যবস্থা যদি কার্যকরী হয় তাহলে গুণগত মানটাও কিছুটা উন্নত হতে পারে। এই বাস্তব এবং গুণগত মানের মধ্যে একটা আপাত বিরোধ রয়েছে। এই বিষয়টা বিচার-বিবেচনা করার প্রয়োজনীয়তা আছে। এখানে রেকগনিশন কমিটি প্রয়োজন মনে করলে অনুমোদন প্রত্যাহার করে নিতে পারেন। অর্গানাইজেশনগুলো ঠিকমত কাজ না করলে, পরীক্ষা ঠিক সময় হচ্ছে কিনা সেটাও তাঁরা বিচার-বিবেচনা করে থাকেন। সবচেয়ে বড় কথা হল এই বিল কার্যকর করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও আর্থিক দায়ভার নিতে হচ্ছে না। কাজেই এই বিলের প্রস্তাবগুলোকে সমর্থন করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন (অ্যামেণ্ডমেন্ট) বিল, ২০০২'—যেটা এনেছেন তার ওপর আমরা বিতর্কে অংশগ্রহণ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এই বিলে যা বলা হয়েছে তাতে আমাদের বলবার বা বিরোধিতা করার বিশেষ কিছু নেই। কিন্তু সমস্যা হচ্ছে সরকার যা বলেন সরকার তা করেন না। আর সরকার যা করেন তা সরকার কোথাও বলেন না। আজকে উনি এখানে যে সংশোধনী প্রস্তাবটি এনেছেন—"In this context, the Government has to consider the proposals for opening such institutes from the Non-Government organisations without any financial support from the Government". যদি আজকে এন জি ওদের দিয়ে প্রাথমিক শিক্ষকদের শিক্ষা দেয়ার, ট্রেনিং দেয়ার ব্যবস্থা করেন তাহলে নিশ্চয়ই সেটা আমরা সমর্থন করব। তার কারণ এখন পর্যন্ত যে সিস্টেম আছে তাতে ৫০০ জনকে ট্রেনিং দেয়া যেতে পারে। রাজ্য সরকারের বই 'অ্যানুয়াল রিপোর্ট ২০০০-২০০১, ডিপার্টমেন্ট অব স্কুল এডুকেশন' তাতে, ২০০ পাতার বই-এ মাননীয় মন্ত্রী এবং তাঁর দপ্তর তিনটে প্যারায় সাকুল্যে ১০টি লাইন রেখেছেন। সরকারি নীতি যেখানে প্রকাশ করা হয়েছে সেখানে সরকারের শিক্ষকদের ট্রেনিং সংক্রান্ত চিন্তাভাবনার দৈন্যতা ফুটে উঠেছে। ২০০০ সালের ডিসেম্বর মাস

পর্যন্ত প্রাপ্ত হিসাবে আমরা দেখছি পশ্চিমবাংলায় প্রাথমিক স্কুলের সংখ্যা ৫২,৩৮৫টি। এই বিদ্যালয়গুলিতে মোট শিক্ষক এবং শিক্ষিকা আছেন ১,৮১,৭৪২ জন। অথচ মাত্র ৫,০০০ শিক্ষক-শিক্ষিকাকে শিক্ষিত করার বা ট্রেনিং দেয়ার বা প্রশিক্ষণ দেয়ার সরকার ব্যবস্থা করেছেন। এর মধ্যে আবার ৫০% চাকুরিরত শিক্ষক-শিক্ষিকা ট্রেনিং পাবেন, আর বাকি ৫০% যাঁরা বিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় থেকে ফ্রেস পাস করে বেরিয়েছেন তাঁদের মধ্যে থেকে নেয়া হবে। এটা হচ্ছে তথ্যের কথা। আসলে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত প্রতিটি শিক্ষাক্ষেত্রে এ রাজ্যে একটা রাজনৈতিক দল সরকারের নামে কুক্ষিগত করেছে এবং প্রতিটি ক্ষেত্র দুর্নীতিতে ভরে গেছে। একজন মাননীয় মন্ত্রী, যার আজকে জেল হওয়া উচিত ছিল, সে আজকে মন্ত্রীসভায় এবং এই হাউসে বসে আছে। প্রাইমারি স্কুল বোর্ডে কিভাবে এবং কাদের চাকুরি দিয়েছে তা এখন কাগজে বেরুচ্ছে। ফলস্ সার্টিফিকেট ইস্যু করে—সেই জাল সার্টিফিকেট দিয়ে পার্টির ছেলেমেয়েদের চাকরি দেয়া হয়েছে। এ রকম হাজার হাজার চাকরি দেয়া হয়েছে। মেদিনীপুর, মালদায় ধরাও পেড়েছে। মাননীয় শিক্ষামন্ত্রী দীর্ঘদিন শিক্ষকতা করেছেন এবং অনেক দিন ধরেই মন্ত্রীও আছেন। তিনি কি এখন পর্যন্ত কোনও প্রাথমিক স্কুল বোর্ড ভেঙে দিয়েছেন ? একজন মানুষকেও কি জেলে দিয়েছেন, কারো জরিমানা করেছেন, কাউকে গ্রেপ্তার করেছেন ? তিনি দিনের পর দিন সরকারি প্রশাসনের মাথায় বসে আছেন। দুর্নীতির আশ্রয় নিয়ে, জালিয়াতি করে যারা চাকরি পাবার যোগ্য নয় তাদের সার্টিফিকেট ইস্যু করে দিনের পর দিন তাদের চাকরি পাইয়ে দেয়া হচ্ছে। এর বিরুদ্ধে আজ পর্যন্ত মন্ত্রী মহাশয় কোনও ব্যবস্থা নিলেন না। মাধ্যমিক শিক্ষা পর্যদ তথা সেকেণ্ডারি এডুকেশনের মাথায় যাঁকে রাখা হয়েছে তিনি কয়েক দিন আগেও পার্টির হয়ে একটা মিউনিসিপ্যালিটির কমিশনার ছিলেন। সেখান থেকে তাঁকে তুলে এনে ঐ দায়িত্ব দিয়ে দেয়া হল ! তাতে যদি তাঁর দ্বারা কাজ হত তাহলে আমাদের বলার কিছু ছিল না। কিন্তু আমরা কি দেখলাম ? বলা হল পরীক্ষার ফল ঘোষণা করা হবে বেলা তিনটের সময়। তিনটের সময় পর্ষদের সভাপতি প্রেস কনফারেন্স করে ফল ঘোষণা করবেন। বাস্তবে কি হল ? তিনি তা ঘোষণা করার অনেক আগেই সবাই ফল জেনে ফেললো। এটা কি রকম হল, না অর্থমন্ত্রী বাজেট পেশ করবেন বেলা তিনটের সময়, অথচ সকালবেলা সবাই ওয়েবসাইটে সেই বাজেট জেনে ফেললো। এই তো হচ্ছে অবস্থা ! এর পরেও কি বলতে হবে সব ঠিকঠাক চলছে ? ১৪ই এপ্রিল পর্যন্ত সেকেণ্ডারি একজামিনেশন চললো, ৭ই মার্চ ডেট্ দিয়ে সার্টিফিকেট ছাপানো হয়ে গেল ! অথচ সরকার এই বিষয়টাও গুরুত্ব দিয়ে বিবেচনা করলেন না। পরীক্ষা শেষ হবার আগেই সার্টিফিকেট ছেপে দিলেন। আজকে কি বলা হচ্ছে— সার্টিফিকেট ফিরিয়ে নিয়ে আবার নতুন করে ছাপিয়ে দেবে। এই রকম কাজ করার মতো একজন লোককে ওখানে বসানো হল।

[3.20-3.30 p..m.]

যিনি ওনাকে বসিয়েছেন তিনি এখন মন্ত্রী হয়ে বসে আছেন ওনার এই অপদার্থতার ফলে। আমরা তারই বিরুদ্ধে কথা বলছি। আবার তিনি বলেছেন, ছাপিয়ে দেব। এ কি গৌরী সেনের টাকা ? কার টাকা দিয়ে ছাপাচ্ছেন নতুন সার্টিফিকেট দেবার জন্য ? এটা কি তার মাহিনা কনফিসকেট্ করে ছাপাচ্ছেন ? যদি ঐভাবে ছাপাতেন তাহলে বুঝতাম। আজকে আপনারা

গৌরী সেনের টাকায় ছাপাচ্ছেন আর এদিকে মাস্টারদের মাহিনা দিতে পারছেন না, ৩ লক্ষ, সাড়ে ৩ লক্ষ শিক্ষকদের মাহিনা দিতে পারছেন না। আপনাদের এই অপদার্থতার জন্য, আপনাদের বেয়াদপির জন্য আপনারা ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলছেন। আজকে আপনারা প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ দেবার কথা বলছেন। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট (আই আই এম) পশ্চিমবাংলায় যে ৫১ হাজার প্রাথমিক স্কুল আছে তা নিয়ে তারা একটা গবেষণা করে রিপোর্ট বের করলেন। আমি সেই রিপোর্ট থেকে পড়ছি, সেখানে বলছে, ৯ হাজার স্কুল আছে—ওয়ান টিচার স্কুল। যেখানে ওয়ান-টু-থ্রি-ফোর ক্লাস হয় সেখানে শিক্ষক হচ্ছে ১ জন। যিনি ক্লাস ওয়ানে অঙ্ক করান, তিনিই ক্লাস টুতে বাংলা পড়ান। আবার তিনিই ক্লাস টুতে বাংলা পড়ান, তিনিই আবার ক্লাস থ্রিতে ইংরাজি পড়ান। তিনিই আবার ক্লাস—ফোরে কি পড়াবেন ? কখন পড়াবেন ? ১ জন শিক্ষক ৪টি ক্লাস চালাচ্ছে আর আপনি এখানে নতুন নতুন আইন আনছেন। আপনি আজকে যে ব্যবস্থা তৈরি করেছেন, আপনার অপদার্থতার জন্য আজকে পশ্চিমবাংলার শিক্ষাব্যবস্থা কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে উচ্চশিক্ষা মন্ত্রিমহাশয় বড় বড় কথা বললেন। তিনি বললেন, ভারতবর্ষের সব জায়গায় বাংলার ছেলেরা ছড়িয়ে পড়ছে। আপনি তাদের ডিগ্রিটা ভাল করে দেখুন। বাংলার ছেলেরা ছড়িয়ে পড়ছে না। বাংলার বাইরে ক'জন ছেলে গিয়ে দাঁড়াচ্ছে ? আপনাদের অপদার্থতার জন্য গোটা শিক্ষাব্যবস্থাটাই ধসে গেছে। আপনারা শিক্ষাব্যবস্থাটাকে আজকে কোন জায়গায় নিয়ে গেছেন—কলকাতা বিশ্ববিদ্যালয়ে মন্ত্রী এবং মাতব্বরের ছেলেমেয়েরা ইউনিয়ন দখল করলো। তারা কি বলছে ? তারা বলছে, আমাদের ভোট দাও, তোমাদের কলেজ সার্ভিস কমিশনে আমরা সেট্-আপ করে দেব। কোথায় নিয়ে গেছেন ? প্রেসিডেন্সি কলেজে মন্ত্রী এবং মাতব্বরের ছেলেমেয়েরা ইলেকশন করলো। এই ইলেকশনের নাম করে তারা ছাত্রদের কাছে কি প্রতিশ্রুতি দিলেন ? তারা বলছে, তোমরা যারা ফিফ্‌থ ইয়ারের অথবা সিক্স্থ ইয়ারের স্টুডেন্ট, তোমরা আর ১ বছর পরে কলেজে কলেজে মাস্টারি করতে যাবে। আমরা তোমাদের মাস্টারির ব্যবস্থা করে দেব। তাই বলছি, আজকে গোটা শিক্ষাব্যবস্থাটাকেই পলিটিকালাইজ্ড করে দিয়েছেন। এর প্রতিবাদ আমরা করবো না ? কারণ, অপোজিশন ইজ টু অপোজ। দি অপোজিশন ইজ টু ফাইন্ড দি ফল্ট অফ দি গভর্নমেন্ট। এই কথা যদি আপনাদের বলি, আপনারা গোসা করে বসে থাকবেন। তাই বলছিলাম, পশ্চিমবাংলার মানুষ একটা সার্বিক দাবিতে তারা প্রতিবাদ করেছেন। আপনারা শিক্ষা যে একটা প্রতিপাদ্য বিষয় তা নিয়ে একবারও আমাদের সঙ্গে আলোচনা করলেন না। শিক্ষামন্ত্রী মহাশয় একটার পর একটা নীতি নির্ধারণ করছেন, পলিসি তৈরি করছেন, কিন্তু একবারও বিরোধী পক্ষকে শিক্ষার ব্যাপারে আলোচনার জন্য ডাকলেন না। আপনারা যে মৌলিক পরিবর্তনের কথা চিন্তা করছেন, তার জন্য আপনারা আসুন, মতামত দিন এই কথা বিরোধী পক্ষকে বললেন না। হঠাৎ করে আপনারা প্রাইমারি স্কুল থেকে ইংরাজি তুলে দিলেন। আপনারা কি কখনও দেখেছেন, কলকাতা এবং তার সুবার্বন এলাকায় কয়েক শো প্রাইমারি স্কুল উঠে গেছে ? সেইসব স্কুলের বাড়িঘর পড়ে আছে বা গুণ্ডা মস্তানদের আখড়া হয়েছে। কেন তুলে দিলেন ? আজকে যারা গরিব মানুষ যারা রিক্‌শা চালিয়ে খান, যেসব মায়েরা লোকের বাড়িতে কাজ করে খান তারা আজকে তাদের ছেলেমেয়েদের ভবিষ্যৎ নিয়ে

চিন্তিত, তাদের ক্লেদাক্ত জীবন-যাপন করতে হয়। তা সত্ত্বেও তারা না খেয়ে তাদের ছেলেমেয়েদের ইংরাজি স্কুলে পড়ান যাতে তাদের ছেলেমেয়েরা আলোর পরিবেশে শিক্ষা নিতে পারেন। আপনারা এমন জায়গায় নিয়ে গেছেন যার ফলে কলকাতা এবং তার সুবার্বন এলাকায় শয়ে-শয়ে স্কুল উঠে গেল। এদিকে আপনারা বলছেন টিচার ট্রেনিং নতুন করে দেবেন। এর জন্য আপনারা কাদের হাতে তুলে দিচ্ছেন ? এন জি ওদের হাতে। ওদিকে বলছেন, রামকৃষ্ণ মিশন নিয়োগ করতে পারবে না, আপনাদের মাধ্যমে নিতে হবে। মুখ্যমন্ত্রী গোলপার্কে রামকৃষ্ণ মিশনের সেক্রেটারিকে বলেছিলেন, আপনি ভাববেন না, আপনারা যাতে শিক্ষক নিয়োগ করতে পারেন সেটা আমি দেখবো। কিন্তু পার্টির মাতব্বরা ঠিক করেছেন রামকৃষ্ণ মিশনের মতন প্রতিষ্ঠান চালাবে। মন্ত্রী বলছেন, আমরাই টিচার সিলেক্ট করবো। আপনারা ঐ পদ্ধতিতেই টিচার নেবেন। অথচ এইসব ইনস্টিটিউশনগুলির টিচাররা এখনো পর্যন্ত ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ তৈরি করার চেষ্টা করছেন যেখানে, সেখানে আপনারা এইভাবে গেঁথে দেবেন অর্থাৎ সর্বনাশ করবেন। সুতরাং নীতিগতভাবে আপনারা যদি না পাল্টান, চলার পথ পুনর্বিন্যাস যদি না করেন, গোটা ব্যাপারটা যদি রিভিউ না করেন, পারসন্স ইনটারেস্টেড ইন এডুকেশন, পারসন্স ইনভলভ্ড ইন এডুকেশন তাদের নিয়ে শিক্ষাব্যবস্থার পর্যালোচনা যদি না করেন, যদি আলিমুদ্দিন স্ট্রিটের অফিসে যিনি টুলে বসে থাকেন তাকে যদি ইউনিভারসিটির ভি সি করে দেন তাহলে বাংলার শিক্ষার কোনও মান বাড়ে না।

বাঙালিদের অনেক কিছুই নেই কিন্তু আমাদের গর্ব করার মতো যেটা ছিল সেটা হচ্ছে আমরা বাঙালিরা না খেয়েও শিক্ষার আলোয় আলোকিত হতে চাই। কিন্তু আমরা দেখছি চারিদিকেই আপনারা অন্ধকার ছড়িয়ে দিচ্ছেন। এই বিলে যা বলেছেন তা করার আগে you give re-thought, re-analise and then come out with a solution. তাতে যদি মনে করেন আলোচনার যোগ্য, আলোচনা করুন। আমাদের বুদ্ধি, বিদ্যা, অভিজ্ঞতা যা আছে তা দিয়ে আমরা চাই শিক্ষাপ্রতিষ্ঠানগুলির উন্নতি করতে কিন্তু আপনারা চারিদিক পূতিগন্ধময় করে রেখেছেন। আপনার বিলে সদিচ্ছার ভাষা আছে, কিন্তু আপনার মনে মনে যা ইচ্ছে আছে তা আমরা জানি এবং তা আর যাই হোক শিক্ষা বিস্তারের পক্ষে নয়, তা শিক্ষা সংকোচনেরই পক্ষে। তাই আমি এই বিলের বিরোধিতা করছি।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের প্রাথমিক বিদ্যালয়গুলির প্রয়োজনে আরও বেশি বেশি করে ট্রেন্ড টিচার যাতে পাওয়া যায় তার জন্য সরকারের যে প্রচেষ্টা রয়েছে সেখানে রাজ্য সরকারের সীমাদ্ধতার কথা মনে রেখে যে সমস্ত প্রতিষ্ঠান, সংগঠন টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট গড়ে তুলতে চান তারা যাতে সরকারের নিয়মনীতি মেনে এই টিচার্স ট্রেনিং-এর ব্যবস্থা করতে পারেন সেই জন্য এই দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশান (অ্যামেন্ডমেন্ট) বিল ২০০২ আনা হয়েছে। এ ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের উদ্দেশ্যকে স্বাগত জানাচ্ছি। আমি আশা করবো এ ক্ষেত্রে বিরোধীদলের তরফ থেকে যে আশঙ্কা প্রকাশ করা হল তা যে অমূলক তা মন্ত্রিমহাশয় প্রমাণ করে দেবেন। বিরোধীদল নিশ্চয় সমালোচনা করবেন কিন্তু মাঝে মাঝে আমাদের ইচ্ছা করে ওদের '৭২ থেকে '৭৭ সালে ওরা যা করেছিলেন সে কথাটা একটু স্মরণ করিয়ে দিতে। স্যার, আমরা নিশ্চয় এমন দাবি করছি না যে এ রাজ্যে শিক্ষার ক্ষেত্রে যা যা করণীয় তা সবই আমরা করে

ফেলেছি কিন্তু এটা আমরা নিশ্চয় দাবি করতে পারি যে একটা চেষ্টা হচ্ছে। আমি বিরোধীদের বলব, আজকে বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে টিচার্স ট্রেনিং-এর ব্যবস্থা করার ব্যাপারে দায়িত্ব তো আপনাদেরই সেটা ভুলে যাবেন না। এখানে বিলের মধ্যে কে সভাপতি হবেন, সচিব কে হবেন সেসব ঠিক আছে, এ ক্ষেত্রে মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ, আমাদের রাজ্যে বেশ কিছু সরকারি ইনস্টিটিউট আছে যেখানে বিধায়কদের প্রতিনিধিত্ব আছে যেমন আই টি আই ইত্যাদি। আমাদের রাজ্যে বেশ কিছু ভাল এন জি ও আছে আবার ট্রেনিং-এর নাম করে ব্যবসা করবেন এরকম কিছু এন জি ও—তারা যাতে এটা নিয়ে ব্যবসা কেন্দ্র গড়ে তুলতে না পারে তার জন্য স্থানীয় বিধায়করা যাতে সেগুলি দেখাশুনা করতে পারেন সে ব্যবস্থা যদি তিনি করতে পারেন তাহলে ভাল হয়। এটা ঘটনা যে এমন দিন আসবে যে দিন সমস্ত টিচার্স অ্যাপয়েন্টমেন্ট করতে হবে ট্রেন্ড টিচার দিয়ে। এখন পর্যন্ত ৪০ পারসেন্ট ট্রেনিং ছাড়া শিক্ষকতা করতে পারেন। এটা দ্রুত সংকুচিত হতে বাধ্য এবং সেখানে একশো পারসেন্ট যেতে হবে। সম্প্রতি কিছু কিছু বিজ্ঞাপন দেওয়া হয়েছে টিচার নেওয়ার জন্য। বহু জেলাতে নেওয়াও হয়েছে।

[3.30-3.40 p.m.]

কিন্তু দেখা যাচ্ছে, বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রে যখন নাম চাওয়া হচ্ছে তখন তারা পাঠিয়ে দিচ্ছেন। তার ফলে হয়তো কেউ মারা গেছেন বা কেউ চাকরি করছেন—এমন সব নাম চলে যাচ্ছে। তার ফলে যারা কল্ পেতে পারতেন তারা বঞ্চিত হচ্ছেন। একজন, সে হয়তো চাকরি নাও পেতে পারেন, কিন্তু তার যোগ্যতা প্রমাণের সুযোগ থাকা দরকার। আজকে বেসরকারি ট্রেনিং সেন্টার গড়ে উঠবে, কিন্তু সেক্ষেত্রে প্রাথমিক শিক্ষার ব্যাপারে রাজ্য সরকারের মাধ্যমে বেশ কয়েকটি জায়গায় ট্রেনিং ইনস্টিটিউট গড়ে তোলা যায় কি না সেটা দেখা দরকার। যদি সেটা নাও করা যায়, সেক্ষেত্রে যে ট্রেনিং ইনস্টিটিউটগুলি আছে তার আসন সংখ্যা বাড়ানো যায় কিনা সেটা দেখা দরকার। আমি দেখেছি, সেখানে যারা ট্রেনিং দিচ্ছেন তাঁদের মধ্যে অনেকের চাকরি নেই এবং ইনস্টিটিউটগুলো খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। এসব বিষয়গুলো রাজ্য সরকার, বিশেষ করে কান্তিবাবুকে দেখবার জন্য আবেদন জানাচ্ছি। আমরা আন্তরিকভাবে চাইছি যাতে আমাদের রাজ্য সম্পূর্ণ শিক্ষিত রাজ্য হিসাবে গড়ে ওঠে। তার জন্য সমস্ত ট্রেনি টিচাররা যাতে চাকরির সুযোগ পান তার জন্য আবেদন রাখছি। এ ছাড়া বেসরকারি উদ্যোগে ট্রেনিং ইনস্টিটিউট তৈরির যে প্রচেষ্টা নিয়েছেন, দেখতে হবে সেখানে ইনফ্রাস্ট্রাকচারের ঘাটতি যেন না হয়। সেখানে শিক্ষার উপকরণ, অন্যান্য উপকরণের ঘাটতি যাতে না থাকে সেটা দেখা দরকার। রাজ্য সরকার পরিচালিত ও নিয়ন্ত্রিত ট্রেনিং সেন্টার এবং এন জি ও পরিচালিত ট্রেনিং সেন্টার, এই দুই ধরনের ট্রেনিং সেন্টারগুলো যাতে সমান ওয়েটেজ পায় সেটা দেখতে হবে। সেটা শুধু চাকরি পাওয়ার ক্ষেত্রে নয়, শিক্ষাদানের ক্ষেত্রেও। আগামী দিনের যারা আমাদের ভবিষ্যৎ তাদের যারা পড়াবেন তাদের মান যাতে বজায় থাকে সেটা দেখা দরকার। এই বলে সংশোধনী বিলকে সমর্থন জানিয়ে শেষ করছি।

**শ্রী কল্যাণ ব্যানার্জি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' যা উত্থাপন করা হয়েছে তার অপোজ করে আমার বক্তব্য রাখছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন, এই বিলের অবজেক্ট হচ্ছে To increase the number of Primary Teachers' Training Institute in the State. প্রাইমারি টিচারদের জন্য ট্রেনিং ইনস্টিটিউট ইনক্রিজ করবার জন্য যে অ্যাক্টের অ্যামেন্ডমেন্ট আনছেন তার নাম হচ্ছে 'ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন অ্যাক্ট, ১৯৭৩'। ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি অ্যাক্ট, ১৯৭৩ এই এডুকেশন অ্যাক্টটা এসেছিল কিসের জন্য ? অ্যাক্টটা এসেছিল an Act to make better Provision for the development, expansion, management and control of Primary education with a view to making it universal and free. তাহলে অরিজিনাল অ্যাক্টটা নিয়ে আসা হয়েছিল প্রাইমারি এডুকেশনকে ডেভেলপ করবার জন্য। আজকে আপনি যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন সেটা এনেছেন ট্রেনিং ইনস্টিটিউটগুলোকে তার মধ্যে ইনক্লুড করবার জন্য। প্রাইমারি স্কুলে যারা পড়াবেন তাদের জন্য যে ট্রেনিং ইনস্টিটিউট হবে সেগুলো প্রাইমারি এডুকেশনের মধ্যে আসতে পারে ? তাই এটা ওভাররাইজিং হয়ে যাচ্ছে। প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট যা তৈরী করেছেন সেগুলো বেসিক্যালি সেকেন্ডারি এবং হায়ার সেকেন্ডারির জন্য প্রাইমারি এডুকেশনের ডেফিনেশন সেকশন-২, রোমান সেভেনটিনে বলা আছে ; Primary education means education in such subjects and upto such standard as may be prescribed. এই স্টান্ডার্ড যদি ক্লাস-১ হয়, সেখানে হচ্ছে আপটু স্টান্ডার্ড ফোর পর্যন্ত। আপনি ইনক্রিজ করে সেটা সিক্স করতে পারেন, আপনি ইনক্রিজ করে সেটা এইট করতে পারেন। কিন্তু প্রাইমারি এডুকেশানের ট্রেনিং ইনস্টিটউট হবে তাকে আপনি কি করে প্রাইমারি এডুকেশানের মধ্যে নিয়ে আসবেন। বেসিক্যালি প্রাইমারি এডুকেশান অ্যাক্টের জায়গায় এটা প্রাইমারি এডুকেশান অ্যাক্টের এরিনার মধ্যে পড়ছে না। টিচার, যারা শিক্ষক প্রাইমারি স্টুডেন্টদের যারা পড়াবে, They cannot be brought within the Purview of Primary education. আমি আপনাকে এই জন্য বলছি, আপনি একটু দেখুন, যে ডেফিনেশান যে স্কোপ প্রাইমারি এডুকেশান অ্যাক্টের মধ্যে রয়েছে এটা basically it is not at all primary education এটা অনেক হায়ার এডুকেশান হচ্ছে। শিক্ষক যে তৈরি হবে সেখানে প্রাইমারি এডুকেশানের মধ্যে পড়তে পারে ? আমি আপনাকে বলছি এটা একটা ওভাররাইডিং অ্যাফেক্ট হয়ে যাচ্ছে। সেই ওভাররাইডিং অ্যাফেক্ট হচ্ছে সেকেন্ডারি এবং হায়ার সেকেন্ডারির ওভাররাইডিং অ্যাফেক্ট হয়ে যাচ্ছে। আপনি সেখানে একটা অ্যামেন্টমেন্ট করে আপনি বর্ডার পার্সপেকটিভে যদি নিয়ে আসতেন, আই ক্যান আন্ডারস্টান্ড। কিন্তু প্রাইমারি এডুকেশানের মধ্যে বেসিক্যালি এই জায়গাটা আসছে না। তারপর আপনি যেটা বলেছেন, আপনি এখানে নিয়ে আসছেন এন জি ও—এন জি ও You are basically bringing the concept of non-government organisations. এন জি ও-দের দিয়ে তাদের ট্রেনিং করাচ্ছেন। প্রথমত নন-গভর্নমেন্ট অরগানাইজেশান ইজ নট অ্যাক্ট অল এ স্টাটুটারি ফোর্স, তাদের কোনও স্টাটুটরি স্ট্যাটাস নেই। আপনি এন জি ও বলতে কি বোঝাতে চাইছেন ? ৩ জন অশিক্ষিত লোক একসঙ্গে মিলে একটা এন জি ও করে দিল। তারা ট্রেনিং দেবে প্রাইমারি এডুকেশানের টিচারদের ? তাহলে একটা বেসিক গাইড লাইন করুন এন জি ও বলতে কাদের বোঝাবেন আপনি। এন জি ও-র তাহলে একটা

স্টাটুটরি ডেফিনেশান করুন। স্টিল নাউ এখনও পর্যন্ত কোনও স্টাটুটরি ডেফিনেশান নেই। আপনার অ্যাক্টের যেখানে অ্যামেন্ডমেন্ট নিয়ে আসছেন সেই অ্যামেন্ডমেন্টের মধ্যে বলছেন না এন জি ও কাদের করা হবে। তাহলে এন জি ও হতে গেলে তাদের যে কনডিশান ফুলফিল করতে হবে সেটা অ্যাক্টের মধ্যে বলছেন না। আপনি বলছেন না এন জি ও কারা হবে অথবা হতে পারে। এই এন জি ও আনতে চাইছেন, বর্ডার কনসেপ্ট, হোয়াই এন জি ও ? তাহলে কেন এই ইনডিভিজুয়াল আনবেন না ? তাহলে কেন আপনি কোম্পানি আনবেন না ? Why you are giving Stress on NGO ? এবারে আপনি বলুন প্রাইমারি এডুকেশান টিচার্স ইনস্টিটিউটে আপনার এই বিলের মধ্যে বলা নেই প্রাইমারি এডুকেশান টিচার্স ইনস্টিটিউটের সিলেবাস কি হবে। কি পড়াবে ? আপনার বলা নেই। আপনি শুধু কনট্রোলিং অথরিটি, বোর্ডের মধ্যে কনট্রোলিং অথরিটিটা রেখে দিচ্ছেন, কি করে পরীক্ষা নেওয়া হবে বা কখন সার্টিফিকেট দেওয়া হবে। কিন্তু সিলেবাস কি হবে ? টিচার্স ইন্সটিটিউটে কারা পড়াবে ? তাদের এডুকেশান স্ট্যান্ডার্ড কি হবে ? আপনার এর মধ্যে কিছু নেই, কতকগুলি এন জি ওকে নিয়ে এসে এন জি ও-র মাধ্যমে দিয়ে, ইফ দি বোর্ড ইজ সার্টিফায়েড তাহলে টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে পাশ করতে পারবে, দে উইল বি এনটাইটেল্ড। সুতরাং এন জি ও-র সিলেবাসের জায়গা নেই। আবার এন জি ও-র সিলেবাস নেই। তাহলে how the NGOS will be governed সেখানে কনট্রোলিং-এর জায়গায় ব্যাঙের ছাতার মতো এন জি ও গজিয়ে উঠবে। এটা হতে পারে না। একটা ডেফিনিট জায়গাতে আপনাকে নিয়ে আসতে হবে। তারপর দেখুন আপনি বলছেন যে নো ফাইনানসিয়াল ইমপ্লিকেশান ইজ ইনভলবড্ ইন দিস বিল। আপনি বলছেন একজামিনেশান কমিটি। আপনি দেখুন ৩(৩) (ডি ডি) অ্যান্ড (৪) (এফ এফ) একজামিনেশান কমিটি সেখানে ইনক্লুড করেছেন। একজামিনেশান কমিটির মেম্বারদের নিঃসন্দেহে you have taken in from the members of the board বোর্ডের মধ্যে যাঁরা যাঁরা রয়েছেন তাদের সবাইকে নিয়েছেন। কিন্তু একটা একজামিনেশান কমিটি যে মুহূর্তে হবে সেই মুহূর্তে কিছু এক্সপেন্স ইনক্লুডেড রয়েছে। ধরুন আপনার পেপার সেটিং রয়েছে, অ্যানসার্স স্ক্রিপ্টস একজামিনেশান রয়েছে, ইনভিজিলেটরস রয়েছে, ট্যাবুলেটার্স রয়েছে, স্ক্রুটিনিয়ার্স রয়েছে, হেড একজামিনার্স রয়েছে basically, the controller of examinations and an infrastructure is required. আপনার কোথাও আছে বিলের মধ্যে, অ্যাক্টের মধ্যে স্কোপ ? অতএব যে মুহূর্তে এইগুলো নিয়ে আসবেন ফাইনানসিয়াল ইনভলভমেন্ট রয়ে যাচ্ছে। ফাইনানসিয়াল ইনভলভমেন্ট বাদ দেওয়া যাবে না। এটা কি করে আপনি বাদ দেবেন বলুন। এই জায়গাগুলো রয়েছে। আমি আপনাকে অনুরোধ করবো, আপনি সংখ্যার জোরে বেরিয়ে যাবেন, ভোটের জোরে বেরিয়ে যাবেন, কিন্তু একটা বেসিক জায়গা, এন জি ও-র জায়গাটা ডিফাইন করুন। স্ট্যান্ডার্ডটা ঠিক করুন। প্রাইমারি এডুকেশান ট্রেনিং ইনস্টিটিউটে কারা কারা ট্রেনিং দেবেন তার স্ট্যান্ডার্ড ফিক্স আপ করুন। কি কি সিলেবাস হবে সেই জায়গাটা ফিক্স আপ করুন। সেইগুলো আগে করতে হবে। তারপর আপনি প্রাইমারি টিচারদের ট্রেনিং-এর ব্যবস্থা করুন। না হলে কোনও জায়গাতে অ্যাজ সাচ কোনও লাভ হবে না। Nothing is controlled, only the examinations.

সেকশান ৩(৩)-তে আপনি নিয়ে এসেছেন to institute Primary Teachers' Training Examination Committee.

[3.40-3.50 p.m]

আপনি এখানে কন্ট্রোল নিলেন ওপরের দিকে, নীচের দিকে কন্ট্রোল কিছুই নেই। এন জি ওরা পয়সা খরচ করে ট্রেনিং দেবে, They don't have anything to say. পয়সা খরচ করে এন জি ও যারা টিচার তৈরি করবে তাদের বোর্ডে কথা বলার থাকবে না। দে উইল ওনলি স্পেন্ড মানি—তারা টাকা খরচ করবে, টিচার তৈরি করবে তারপর আপনি অ্যাপ্রুভ করলেন কি করলেন না, তাদের কোনও রিপ্রেজেনটেটিভ আপনি বোর্ডের মধ্যে নিয়ে এলেন না, তাদের একজামিনেশন কমিটিতে নিয়ে এলেন না। শুধু ট্রেনিং দিয়ে ছেড়ে দিলেন। ফলে এই যে একটা বিশাল গ্যাপ তৈরি হলো—এন জি ওদের রিপ্রেজেনটেটিভ এগজামিনেশন কমিটিতে থাকলো না, এটা দূর করতে তাদের কমিটিগুলোর মধ্যে, বোর্ডের মধ্যে নিয়ে আসুন। মেইন অ্যাক্টে যেটা আছে, কনস্টিটিউশন অফ দি বোর্ডে যারা মেম্বার রয়েছেন, সেখানে এন জি ওদের নিয়ে আসুন। তা না হলে there is no relationship between the Board and the NGO. তা না হলে আপনি বলুন, কোথায় সেই রিলেশানশিপ থাকছে যেখানে এন জি ওদের সঙ্গে বোর্ড ইন্ট্যার‍্যাক্ট্ করবে ? How the NGO's words will be heard by the board ? সেই জায়গাটা কোথায় ? আপনি আমাকে বলুন, এই যে বিশাল জায়গা করে দিচ্ছেন, ব্যাঙের ছাতার মত এন জি ওরা পশ্চিমবাংলায় ট্রেনিং ইনস্টিটিউট তৈরি করবে, রাম, শ্যাম, যদু, মধুকে দিয়ে পড়াবে, তাদের এডুকেশন্যাল কোয়ালিফিকেশনের দরকার নেই ? তারা যাদের ইচ্ছা নিয়ে আসবে এবং ছাত্রদের ট্রেনিং দেবে। ছাত্রছাত্রীরা পাশ করলো কি পাশ করলো না তা দেখা হচ্ছে না। হু ইমজিক্যালি এইভাবে বিলটিকে পাশ করার আগে আপনি এটি কনসিডার করুন। তা না হলে গোটা বিষয়টি এফেকটিভ হবে না, ইনএফেকটিভ, ইন-অপারেটিভ হয়ে যাবে বলে আমার মনে হয়। তারপর দেখুন, ছাত্ররা এমনিতে যে অবস্থায় দাঁড়িয়ে রয়েছে—আপনি এই বিলের অবজেক্টস্ অ্যান্ড রিজনসে বলেছেন, In order to meet the growing need and demand for the training of Primary teacher ; it has become essential and unavoidable to increase the number of Primary Teachers' Training Institutes in the State. কিন্তু আপনি দেখুন, এখন পর্যন্ত প্রাইমারি ট্রেনিং পেয়ে যারা রয়েছে, তারা চাকুরির ব্যবস্থা করতে পারছে না। প্রাইমারি স্কুলে চাকুরির ব্যবস্থা করতে পারছে না। লক্ষ লক্ষ যুবক-যুবতী ট্রেনিং নিয়ে বসে আছে, তারা চাকুরি পাচ্ছে না। প্রাইমারি টিচার্স ট্রেনিং নিয়ে বসে আছে, যারা চাকুরি পাচ্ছে না যেখানে, সেখানে এই অবস্থায় গ্রামেগঞ্জে দয়া করে স্কুলকে নিয়ে রাজনীতি করবেন না। ব্যাঙের ছাতার মত স্কুল করে শিক্ষার পরিবেশকে নষ্ট করবেন না। আপনাকে আমার অনুরোধ, মধ্যশিক্ষা পর্ষদ অফিসের সামনে পশ্চিমবঙ্গ তৃণমূল ছাত্র পরিষদের কর্মীরা ১৫ দিন ধরে অবস্থান করছে। আপনি তাদের বক্তব্য শুনুন এবং একটা রিপ্লাই দিন। এর আগে আমরা দেখেছি, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, কনস্ট্রাকটিভ আলোচনা করুন, আমরা আলোচনা শুনবো। কিন্তু আমরা তো কনস্ট্রাকটিভ আলোচনা করেই যাচ্ছি, কোনও কথা কানেই ঢুকছে না। কোনও জায়গায় কিছুই

শুনছেন না—একবগ্গা শোনাচ্ছি। আমি আপনাকে যে সাজেসসানগুলো দিলাম, এগুলো আপনি রি-কনসিডার করুন, ভাবুন। একটা জায়গা তৈরি করুন। তারপর বিল পাশ করুন। আপনাকে আমি অনুরোধ করছি, মধ্যশিক্ষা পর্ষদ অফিসের সামনে তৃণমূল ছাত্র পরিষদ ১৫ দিন ধরে যে অবস্থান করছে, তাদের বক্তব্য শুনুন। তারপর আপনি ডিসিসান নিন এবং সেই ডিসিসান কমিউনিকেট করুন। এই কথা বলে আমি বিলটিকে অপোজ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সংশোধনী বিধেয়ক, এই বিলটিকে সাধারণ ভাবে সমর্থন করছি। আমরা ফোর্সড হয়েছি বেসরকারিকরণের ট্রেনিংপ্রাপ্ত স্কুল করার জন্য। এন জি ও'র মাধ্যমে এটি আমরা করতে চলেছি। কারণ আমরা জানি, আমাদের রাজ্যে খুবই সীমিত ক্ষমতা। আমাদের শিক্ষা বাজেটে বেতন দিতে গিয়েই টাকা চলে যায়, আর আমাদের এখানে পশ্চিমবাংলায় মাধ্যমিকে বহু ছাত্রছাত্রী, হাজার হাজার ছাত্রছাত্রী স্টার পেয়ে পাশ করেছে কিন্তু তারা চাকুরির সুযোগ পাচ্ছে না। তারা যদি এই ধরনের প্রশিক্ষণ নেবার জন্য সুযোগ পায় তাতে তারা লাভবান হবেন। সেই কারণেই রাজ্য সরকার উদ্যোগী হয়েছেন। আমাদের এখানে প্রাথমিক বিদ্যালয়ে যারা পঠন-পাঠন দিচ্ছেন তারা যদি প্রশিক্ষণ পায় এবং কিছুটা সুবিধা লাভ করে তাহলে তারা ছাত্রদের কিছু জ্ঞান বিতরণ করতে পারবে এবং তাতে রাজ্য সরকারের উপকার হবে। আমরা জানি বেসরকারি ব্যবস্থা সব সময়ে সব কিছুতে ভাল হয় না। কোনও কোনও ক্ষেত্রে দেখা যায় যে তারা প্রফিট বা মুনাফাটা বেশি বড় করে দেখেন তবে সেটা রক্ষা করার ক্ষেত্রে কিছুটা রক্ষাকবচ এই বিলের মধ্যে রয়েছে। আমাদের যে পরিকাঠামো সেই পরিকাঠামোর উন্নতি করার জন্য কিছু নজর যদি আমরা দিতে পারি তাহলে এর সুফল আমরা পাব। আমাদের কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময়ে বিভিন্ন রকম পরিকল্পনা নিচ্ছেন। এবং দশ বছর বা কয়েক বছর পরে সেগুলো আবার বন্ধও করে দিচ্ছেন। সুতরাং রাজ্য সরকারের চাহিদা পূরণের জন্য প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণপ্রাপ্ত বা ট্রেন্ড শিক্ষকের দরকার। সেই শিক্ষা আমরা কোথায় পাব সেই কারণে আজকে এই বিল আনা হয়েছে। তবে পরীক্ষা কমিটি যেটা করা হয়েছে সেটাতে আমার মনে হয় আরো বেশি একটু ভাবনাচিন্তা করে দেখা দরকার। আমরা কি সব ক্ষেত্রেই পিছিয়ে যাচ্ছি—আমি তা বলব না,—কিন্তু আমরা পর পর হলেও আমরা অগ্রগতির ধারাবাহিকতাকে রক্ষা করার জন্য আমরা কিছু পরিবর্তন করতে আগ্রহী। এবং সেটা যদি ভালোর দিকে যায় তাহলে তো আমাদের কিছু বলার থাকবে না। এই যে ট্রেনিং সেন্টারে বেতনের তারতম্য থাকবে সেটা দেখা দরকার। আমরা অনেক ক্ষেত্রে দেখি ভর্তির সময়ে অনেক বেশি বেতন নেওয়া হয়, ক্যাপিটেশান ফি অনেক বাড়ানো হয়। সেক্ষেত্রে সেটা যদি ম্যানেজমেন্ট কমিটির উপরে থাকে তাহলে সেটা যথেচ্ছ হবে না বলে আমার ধারণা। সুতরাং সেই দিকটাও আমাদের নজর রাখতে হবে। যেমন একদিকে পরীক্ষা সম্পর্কে নির্ণয় করার জন্য যাতে নিয়ন্ত্রণ থাকে ঠিক তেমনিভাবে ছাত্র ভর্তির সময়ে যে বেতন তারা দাবি করছে সেই ব্যাপারেও রাজ্য সরকারের ভূমিকা বা নিয়ন্ত্রণ থাকা দরকার। যাতে করে এন জি ওরা যথেচ্ছভাবে বেতন বৃদ্ধি করে ছাত্রদের হয়রানি না করে সেটাও আমাদের নজর রাখতে হবে। আর হচ্ছে আমাদের প্রাথমিক বিদ্যালয় যতগুলো রয়েছে সেই অনুপাতে

প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক আমাদের নেই। সেইদিক থেকে এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। ধন্যবাদ।

[3.50-4.00 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশান অ্যামেন্ডমেন্ট বিল ২০০২ এনেছেন তার স্টেটমেন্ট অফ অবজেক্টস্ অ্যান্ড রিজিন্সে বলেছেন ট্রেন্ড টিচার, প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের সংখ্যা পূরণ করার জন্য বেসরকারি প্রতিষ্ঠানের হাতে এই প্রশিক্ষণ ব্যবস্থার সুযোগ তুলে দিতে চাইছেন। তাই সরকার নীতিগতভাবে বেসরকারিকরণের বিরুদ্ধাচারণ করলেও কার্যক্ষেত্রে বেসরকারিকরণের ব্যাপারে এমন কোনও ক্ষেত্র থাকছে না যেখানে বেসরকারিকরণের কাজটা বাকি থাকছে। শিক্ষার ক্ষেত্রে এই টিচার্স ট্রেনিং-এর ব্যাপারটা ইনস্টিটিউটশানগুলি, এইগুলিকে বেসরকারিকরণের এই টিচার্স ট্রেনিং-এর ক্ষেত্রে বেসরকারিকরণের ব্যবসার সুযোগ করে দিতে চাইছেন। আপাতদৃষ্টিতে তারা ট্রেন্ড টিচার্স-এর অভাব পূরণ করতে চাইছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই,—তাঁর কাছ থেকে জানতে চাইছি—এই ট্রেন্ড টিচার্স, আনএমপ্লয়েড ট্রেন্ড টিচার্স তাঁদের সংখ্যাটা কত পশ্চিমবাংলায় আছে ? যারা ট্রেনিং নিয়ে বসে আছে ? কত হাজার শিক্ষক এই রকম আছেন যারা ট্রেনিং নিয়ে বসে আছেন ? কিন্তু তারা শিক্ষকতা পাননি। আমি একটা সময় জানতাম, আমার এখন কারেন্ট ফিগারটা জানা নেই, ৩০ থেকে ৩৫ হাজার শিক্ষক যারা ট্রেনিং নিয়ে বসে আছেন, কিন্তু তারা কোনও শিক্ষক পদে নিয়োগ হচ্ছে না। এই অর্গানাইজেশানটা দীর্ঘদিনের, তাদের সংখ্যাটা এখন বোধহয় বেশি হয়েছে। এবং বাস্তব পরিস্থিতি এই রকম, অনেকেই বললেন, শিক্ষার মান উন্নয়নের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের ব্যবস্থা করা হচ্ছে। শিক্ষার মান উন্নয়ন হবে। শিক্ষার মান কতটা উন্নয়ন হচ্ছে—বলছেন এক জিনিস, আর কার্যক্ষেত্রে হচ্ছে আর এক জিনিস। শিক্ষার মানটা আজকে যে জায়গায় এসে দাঁড়িয়েছে, আপনাদের যে প্রাথমিক শিক্ষাপ্রতিষ্ঠান তার বেশিরভাগ স্কুলগুলিতে অ্যাডিকোয়েট নাম্বার অফ টিচার্স নেই। এর মানে হচ্ছে, অনেক স্কুল আছে ওয়ান টিচার স্কুল, টু টিচার স্কুল, এই রকমই বেশিরভাগ। অন্য ইনফ্রাস্ট্রাকচারের কথা ছেড়েই দিলাম। ফলে ইন সার্ভিস যে ট্রেনিং যারা সার্ভিসে রয়েছে তাদের ট্রেনিং দেওয়ার সুযোগ নেই। কারণ ট্রেনিং নিতে গেলে সেই ওয়ান টিচার স্কুল, টিচার লেস হবে যাবে। এই হচ্ছে পরিকাঠামো, শিক্ষার হাল। আজকে এমন একটা বাতাবরণ সৃষ্টি করা হচ্ছে, এই টিচার্স ট্রেনিং দিয়ে শিক্ষার উন্নতি করতে চান। আনএমপ্লয়েড ট্রেন্ড টিচার হাজার হাজার রয়েছে, কিন্তু কার্যক্ষেত্রে তারা কোন সুযোগ পান না। যদি সুযোগ পেতো তাহলে এই অবস্থা থাকতো না কার্যক্ষেত্রে। আমার জিজ্ঞাস্য, এখানে আরো প্রশ্ন উঠেছে, বেসরকারিকরণের ব্যাপারে এমন কি স্ট্যান্ডার্ড আছে ? বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ ৩৬টা করেছেন, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজগুলির স্ট্যান্ডার্ড ? বলতে ভাল, কয়েক বছর এর মধ্যে ৩৬টি ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে, সেখানে বিক্ষোভ হচ্ছে, তাদের কোন ইনফ্রাস্ট্রাকচার লাউড সাউন্ডিং কথা। এই যে বেসরকারি ট্রেনিং ইনস্টিটিউশান-এর ব্যবস্থা করছেন, নূতন অ্যাপয়েন্টমেন্ট-এর ক্ষেত্রে ট্রেনিং কম্পালসারি করেছেন বেশ কিছু এন জি ও

বা বেসরকারি ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে অর্থ লুণ্ঠনের একটা বিরাট সুযোগ চলে আসবে এবং আমাদের দেশের বেকার শিক্ষিত যুবক-যুবতী তারা চাকরির অভাবে এই সমস্ত সাবস্ট্যান্ডার্ড প্রতিষ্ঠানে ট্রেনিং নিয়ে আসলে শিক্ষার মান কতটুকু উন্নতি হবে সে সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী যসি কোনও উত্তর দেন তাহলে পশ্চিমবাংলার মানুষ বাধিত হবেন ও এই সদর্থক উদ্দেশ্য সাধিত হচ্ছে কিনা সেটা পরিষ্কার হবে।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যারা এই বিধেয়কের উপর আলোচনায় অংশ নিয়েছেন তাদের সবাইকে আমি আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। আমার মনে হচ্ছে এই বিধেয়কটি পড়ে বোঝবার ক্ষেত্রে কিছু শূন্যতার অবকাশ আছে। মাননীয় বিধায়ক আশুতোষ মুখার্জি যথার্থভাবেই বলেছেন এবং তার বক্তব্যে এই বিধেয়কের উদ্দেশ্য প্রতিফলিত হয়েছে। বর্তমানে একজন অধিকর্তার উপরে প্রাথমিক শিক্ষা শিক্ষণ-এর দায়িত্ব ন্যাস্ত আছে। আমরা সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে প্রাথমিক শিক্ষা পর্ষদের উপরে এই দায়িত্বটা ন্যস্ত করতে চাই। কোনও বেসরকারি প্রতিষ্ঠানের উপরে দায়িত্ব অর্পণ করা আমাদের মূল উদ্দেশ্য নয়। প্রাথমিক শিক্ষা শিক্ষণ ব্যবস্থা একজন আমলার হাতে না রেখে সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে শিক্ষক প্রতিনিধিদের নিয়ে যে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ গঠিত হচ্ছে আমরা তাদের উপরে দায়িত্ব ন্যস্ত করতে চাই। যদি এই ব্যাপারটাতে আমরা পরিষ্কার থাকি তাহলে এখান থেকে যে সমালোচনার সুর ভেসে উঠেছে তা দূর হবে। এখানে মাননীয় সদস্য পঙ্কজ ব্যানার্জি কতগুলো কথা বলেছেন, তার সবগুলোর উত্তর দেওয়ার সময় আমার এখন নেই, যখন শিক্ষা বাজেট নিয়ে আলোচনা হবে তখন আমি এর উত্তর দেওয়ার চেষ্টা করব। ফলস্ সার্টিফিকেট নিয়ে কিছু কথা এখানে উঠেছে, ফলস্ সার্টিফিকেট নিয়ে জালিয়াতি করে যারা চাকরি করছে তাদের আমরা ধরব। মালদহ জেলায় এই রকম কিছু ঘটনা ধরা পড়েছে। (ভয়েস : দিনাজপুরে কি হয়েছে ?) দিনাজপুরেও এই ধরনের ঘটনা ঘটেছে, সেখানে কয়েকজনকে আমরা অ্যারেস্টও করেছি এবং যারা জালিয়াতি সার্টিফিকেট নিয়ে চাকরি করছে তাদের চাকরি খোয়া গেছে এবং এর বিরুদ্ধে আমাদের তদন্ত আরও চলছে। এই ব্যাপারে আশঙ্কিত হবার কোনও কারণ নেই, এদেরকে আমরা খুঁজে বার করব। একজন শিক্ষকবিশিষ্ট বিদ্যালয়ের ব্যাপারে কিছু সমস্যা আছে, হাওড়া জেলায় একটা বিদ্যালয়ে বারো বছর একজন শিক্ষক আছে, সেখানে কোনও শিক্ষক নিয়োগ করা যায়নি মামলার জন্য। সুতরাং এই এক শিক্ষকবিশিষ্ট বিদ্যালয় এটা ঠেকানো খুব মুশকিল। তবে আমরা চেষ্টা করছি সেখানে মামলার ফয়সালা করে শিক্ষক নিয়োগ করা যায় কিনা। আপনারা শিক্ষার মান নিয়ে বলেছেন, যেহেতু আপনারা বিরোধী দলে আছেন সেইহেতু আপনারা এই কথা বলছেন। এই কথা বলতেই পারেন। কিন্তু আপনারা জানেন না বিশ্বব্যাঙ্কের দ্বারা সারা ভারতবর্ষে প্রাথমিক শিক্ষার মান পর্যালোচনা করার যে উদ্যোগ নেওয়া হয়েছিল—সেটা বই আকারে প্রকাশিত হয়েছে—সেখানে দেখা যাচ্ছে পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষার সাধারণ মান অনেক উপরে। হতে পারে আমাদের অনেক দোষত্রুটি আছে। কিন্তু এই ক্ষেত্রে আমাদের যে সাফল্য, আপনিও আমাদের মত পশ্চিমবাংলার একজন দায়িত্বশীল নাগরিক হিসাবে সেই সাফল্যে গর্বিত হবেন। মাননীয় সদস্য নির্মলবাবু বললেন, বেসরকারি প্রতিষ্ঠান তারা করবেন। এটা কিন্তু একেবারেই ঠিক নয়।

[4.00-4.10 p.m.]

বেসরকারি সংস্থার হাতে শিক্ষক-শিক্ষণের দায়িত্ব দেব, তা নয়, অবকাশ রাখা হয়েছে। যেমন বিশ্ববিদ্যালয়ে বেসরকারি মহাবিদ্যালয় আছে, পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদে অনেক বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় আছে, তাদের সেখানে স্বীকৃতি দেওয়া হয়। সেইরকম বেসরকারি প্রাথমিক শিক্ষণ প্রতিষ্ঠানের স্বীকৃতি দেওয়ার অবকাশ আগে ছিল না, এখন যদি দেখা যায় সেইরকম মান আছে তাহলে স্বীকৃতিদানের অবকাশ রাখা হয়েছে। আর, আমাদের প্রাথমিক শিক্ষক শিক্ষণ যে বিদ্যালয় আছে, তাদের আসন সংখ্যা এবং পরিকাঠামো বৃদ্ধির কথা যেটা বলেছেন, সেটা চিন্তা করব।

মাননীয় সদস্য শ্রীকল্যাণ বন্দ্যোপাধ্যায় যেটা বলেছেন, মনে হয় একটা ভুল ধারণা থেকেই বলেছেন। আপনাকে বিনীতভাবে বলছি—যে আইন থেকে বললেন পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন ১৯৭৩—প্রাথমিক শিক্ষার মানকে উন্নত ও নিয়ন্ত্রণ করার জন্য এই আইন, সেখানে শিক্ষক শিক্ষণ প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেওয়ার বিষয়টি তাদের উপর ন্যস্ত হয়ে আছে। কেননা শিক্ষার মান যথেষ্ট পরিমাণে ওভাররেট করে গেছে। পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষার মানকে উন্নত করতে এই বিলটি এনেছি, যাতে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা পর্ষদ শিক্ষক শিক্ষণ বিদ্যালয়কে নিয়ন্ত্রণ করতে পারে। শিক্ষকদের মান কিভাবে বাড়ানো হবে তার উপর খবরদারি করবার অধিকার পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের ছিল না, সেই দায়িত্ব তাদের দেওয়া হয়েছে। সেইজন্য শিক্ষার মানকে উন্নত করার জন্য যে সংজ্ঞা, তার সঙ্গে বর্তমান বিধেয়কের উদ্দেশ্য সম্পূর্ণভাবে সামঞ্জস্যপূর্ণ।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান সম্পর্কে আগেই বলেছি—ফিনান্সিয়াল স্টেটমেন্টের মধ্যে, আর্থিক বিবরণীর মধ্যে বলা নেই—বলা হয়েছে কোনও ব্যয় হবে না। আপনি জানেন, যখনই কোন শিক্ষাপ্রতিষ্ঠানকে স্বীকৃতি দেওয়া হয় এখানে, শিক্ষকদের শিক্ষণের জন্য পাঠ্যসূচি তৈরি করে সেই হিসাবে শিক্ষকদের প্রশিক্ষিত করা হবে, তারপর পরীক্ষা হবে, পরীক্ষায় পাশ করতে হবে। দেবপ্রসাদবাবু বললেন সাবস্ট্যান্ডার্ড, কিন্তু সেখানে পাশ করতে হবে। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে আমরা জানি, সেখানে যেসব বেসরকারি মহাবিদ্যালয় আছে সেইগুলো সাবস্ট্যান্ডার্ড নয়, সাবস্ট্যান্ডার্ডের কথা সেখানে নেই। যারা পরীক্ষা দেবে তাদের কাছ থেকে ফি আদায় করা হবে, সেই ফি থেকেই চলবে, সেইজন্য আর্থিক বিবৃতিতে বলেছি এর জন্য আমাদের কোনও অতিরিক্ত ব্যয় হবে না।

আর একটা তথ্য দেবপ্রসাদবাবু দিয়েছেন—৩০ হাজার শিক্ষাপ্রাপ্ত। ৩০ হাজার নয়, কয়েক হাজার হবে। সেখানে কিছু সমস্যা আছে। মূলত এখন থেকে ১০ বছর আগে একজন মাধ্যমিক পাশ যুবক বা যুবতী প্রশিক্ষিত হয়েছেন, তিনি হয়ত তৃতীয় বিভাগে পাশ করেছেন এবং চাকরি পেয়েছেন। তখন চাকরির অত হাহাকার ছিল না। এখন প্রথম বিভাগে পাশ করেছেন, তিনি প্রশিক্ষিত হতে চাইছেন। আমি চাইব প্রথম বিভাগে পাশ করে প্রশিক্ষিত হয়েছে যে, তাকে না দিয়ে অন্য কাউকে দেব তা নয়, সেই যুক্তি কিন্তু গ্রহণযোগ্য নয়। যারা প্রশিক্ষিত হয়েছে তাদের চাকরির কথা ভাবব, কিন্তু অধিকতর যোগ্যতাসম্পন্ন কোনও শিক্ষক যদি প্রশিক্ষিত হন, তার যোগ্যতা আমাদের বিচার করতে হবে। সেইজন্যে, এই ধরনের বিধেয়ক আমাদের আনতে হয়েছে।

মাননীয় সদস্য পূর্ণেন্দুবাবু আশঙ্কা প্রকাশ করেছেন, বাংলার প্রতি দরদ থেকেই বলেছেন—আমরা কি পিছিয়ে পড়ছি ? না, আমরা পিছিয়ে পড়ছি না। প্রাথমিক শিক্ষার মানকে উন্নত করার জন্য শিক্ষকদের প্রশিক্ষিত করার যে তাগিদ সেটা আমরা অনুভব করেছি। ভারতবর্ষের আর কোনও রাজ্যে এমনটি নেই, যেখানে শিক্ষকদের নিয়োগ করবার, বিধি, রিক্রুটমেন্ট রুলস, প্রবেশন বিধিতে বলেছি শিক্ষণপ্রাপ্ত হওয়া বাধ্যতামূলক। ভারতবর্ষের অন্য কোথাও এটাকে বাধ্যতামূলক করেনি যাতে যোগ্য ব্যক্তি প্রাথমিক শিক্ষকের পদে নিযুক্ত হতে পারে।

আমার আবেদন, এই বিধেয়কটি আপনারা অনুমোদন করবেন। মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যেগুলো উল্লেখ করেছেন, আমার সময় থাকলে জবাব দিতাম। কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণের যে বিষয়টি আছে—কর্মরত শিক্ষকরা আর শিক্ষাপ্রাপ্ত হওয়ার জন্য শিক্ষণ কেন্দ্রে আসে না।

তার ফলেই আমরা সবচেয়ে বেশি যত শিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকরা প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক হিসাবে নিযুক্ত হন। আমার দুর্বলতা এখানেই যে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষকের যত অংশ প্রশিক্ষণপ্রাপ্ত, তার হার জাতীয় গড়ের নিচে। এটা আমি অস্বীকার করছি না। এটাতে আমরা পিছিয়ে আছি। প্রাথমিক শিক্ষাকে আরও উন্নত করার জন্য এই বিধেয়ক এনেছি। আমি আশা করি এই বিধেয়ক সকলে সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the West Bengal Primary Education (Amendment) Bill, 2002, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 5**

The question that the clauses 1 to 5 do stand part of the Bill, was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the bill, was then put agreed to.

**Shri Kanti Biswas :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The motion that the West Bengal Primary Education (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## The Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2002

**Shri Kanti Biswas:** Mr. Duputy Speaker, Sir I beg to introduce the Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill 2002.

(Secretary then read the Title of the Bill)

**Shri Kanti Biswas :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2002, be taken into consideration.

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয় বিলের উপর বলছি, কিন্তু তার আগে এই কথা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, এখানে প্রাথমিক শিক্ষামন্ত্রী আছেন। ১৫ দিন ধরে ছাত্র পরিষদ দল সেকেন্ডারি বোর্ডের সামনে অবস্থান করছে। তাদের দাবি যে, মাধ্যমিক পরীক্ষা নিয়ে এবার যে কেলেঙ্কারী হচ্ছে, তার জন্য অবিলম্বে মাধ্যমিক শিক্ষা পর্ষদের সভাপতিকে বরখাস্ত করতে হবে। তার কারণ এবার পরীক্ষায় ৫ লক্ষ ৭৫ হাজার ছাত্র-ছাত্রী বসেছিল। তারপর বলা হল ফল প্রকাশ করা হবে। সেকেন্ডারি বোর্ডের প্রেসিডেন্ট হরপ্রসাদ সমাদ্দার যিনি দীনবন্ধু এন্ড্রুজ কলেজের প্রিন্সিপাল ছিলেন তিনি প্রেস কনফারেন্স ডাকলেন কিন্তু সেইদিন সকালবেলা ক্যালকাটা টেলিফোন ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার ফল বার হয়ে গেল আমরা দেখেছি টিভিতে, টেলিফোনের জেনারেল ম্যানেজারকে ধমকাচ্ছেন। আমি এর আগেও বারবার বলেছি সেকেন্ডারি বোর্ডের রেজাল্ট নিয়ে গণ্ডগোল আছে। হাউসেও বলেছি, যে বার অনিল বিশ্বাসের মেয়ে পরীক্ষা দিল সেবার অঙ্কের কোশ্চেন আউট হয়ে গিয়েছিল, তার পরের বারও কোশ্চেন আউট হয়ে গেল। ওঁরা বলবেন এনকোয়ারি হবে। তারপর কখন কোথায় এনকোয়ারি হয় কেউ জানতে পারেন ? রবীন্দ্র মুক্ত বিদ্যালয় নিয়ে বলব কিন্তু তার আগে এই ব্যাপারটা একটু রাখা দরকার যে উনি সেকেন্ডারি বোর্ডের প্রেসিডেন্ট থাকেন কি করে ? কি এই জন্য যে দীনবন্ধুর এন্ড্রুজ কলেজ বুদ্ধদেববাবুর কনস্টিটিউয়েন্সি যেখানে সবচেয়ে বেশি রিগিং হয়েছে, এই জন্য তাঁকে সেকেন্ডারি বোর্ডের প্রেসিডেন্ট করা হয়েছে। আরেকটা প্রশ্ন আপনার কাছে, বলা হল যে কম্পিউটারে সার্টিফিকেট ছাপিয়ে দেওয়া হবে। এমন কাজের প্রেসিডেন্ট যে সার্টিফিকেট যখন এল তাতে দেখা গেল যে ডেট লেখা আছে ৭ই মার্চ ২০০২, যখন মাধ্যমিক পরীক্ষা শেষই হয়নি। এই প্রেসিডেন্টের রিজাইন করা উচিত বলে আমি মনে করি। আর তিনি বলে দিলেন যে আমাকে সম্বর্ধনা দেওয়া উচিত আমি এত তাড়াতাড়ি ফল বার করতে পেরেছি। আমি রবীন্দ্র মুক্ত বিদ্যালয় নিয়ে বলব কিন্তু খবর নিয়ে দেখা যাবে সেখানেও হয়তো কোনও পার্টির লোককেই চেয়ারম্যান পদে কিম্বা সর্বোচ্চ পদে বসিয়ে দেওয়া হয়েছে। এই হরপ্রসাদ সমাদ্দার সোনারপুরে পৌরসভার সি পি এমের কাউন্সিলার ছিলেন। তাহলে পার্টির লোক হওয়াটাই যোগ্যতার মাপকাঠি ? কান্তিবাবুর ডিপার্টমেন্ট সম্বন্ধে আমি প্রকাশ্যে অভিযোগ এনেছিলাম। মাধ্যমিক পরীক্ষায় আপনারা যে মেরিট লিস্ট বার করেন এটা হচ্ছে ম্যানুফাকচারড ইন আলিমুদ্দিন স্ট্রিট। কান্তিবাবুদের জেলা ভার্সেস কলকাতা এই নিয়ে আমার বলার কিছু নেই। আপনারা একটা পলিটিক্যাল মেসেজ দেওয়ার চেষ্টা করেছেন এর মধ্যে দিয়ে যে আপনাদের আমলে শিক্ষাব্যবস্থার এত উন্নতি হয়েছে তাই জেলার ছেলেরা এত ভালো করেছে। আমি একটা সিম্পল অফার আপনাকে দিচ্ছি মাননীয় শিক্ষামন্ত্রী এটা অ্যাকসেপ্ট করুন। প্রত্যেক দুশোটা ছেলের খাতা একজন করে একজামিনার দেখুক, ইউনিফর্ম মার্কিং ফর দি টপ স্টুডেন্টস, তাতে জেলার ছেলেরা ভালো হলে হবে। আর দ্বিতীয় হচ্ছে মাধ্যমিকের যে মেরিট লিস্ট বার করছেন ২০ জনের মেরিট লিস্ট, তাদের একটা কেরিয়ার গ্রাফ রিপোর্ট বার

করুন। যেমন করে জগদীশ ট্যালেন্ট সার্চ, ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ। সায়েন্স ট্যালেন্ট সার্চ তারা যেমন করে যে এই ছেলেরা পরবর্তী জীবনে তারা কি করছে। আমি এমন জানি যে মাধ্যমিক পরীক্ষায় স্ট্যান্ড করা ছেলে টুয়েলভের পরীক্ষায় ফেল করেছে। কেন এটা হচ্ছে। ছেলেগুলোর দোষ নেই। পলিটিক্যাল মেসেজ দিতে গিয়ে আপনারা তাদের এইরকম বানিয়ে দিচ্ছেন। সম্বর্ধনা নিয়ে তাদের পড়াশোনা মাথায় উঠে যাচ্ছে। এই ব্যাপারে একটা বিচার হওয়া দরকার। সেকেন্ডারি বোর্ডের একজামিনার, ট্যাবুলেটর, মডারেটর সমস্ত ক্ষেত্রেই সি পি এমের পার্টি লাইন আছে। কেন হবে ? এ বি টি-এর মেম্বার ছাড়া এই সব পোস্ট পাওয়া যাবে না। শিক্ষার মান আজকে গোল্লায় গিয়েছে। আজকে কান্তিবাবুদের মুখে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের কথা শুনে আমার হাসি পাচ্ছে। আমার মনে আছে ৮৪ সালে রাজীব গান্ধী প্রস্তাব করেছিলেন।

১৯৮৬ সালে ন্যাশনাল এডুকেশান পলিসি গৃহীত হয়, সেই পলিসিতে বলা হয়েছিল ডিস্ট্যান্স এডুকেশানের কথা। তখন সি পি এম আওয়াজ তুলেছিলো ক্লাসরুমের বাইরে প্রথাগত শিক্ষার বাইরে ছেলেদের পাঠিয়ে দেওয়া হচ্ছে। এঁরা সব কিছু করে, কিন্তু দেরিতে করে। শিল্পপতিদের ডাকছেন, কিন্তু দেরিতে ডাকছেন। প্রাইভেট ইঞ্জিনিয়ারিং কলেজ করছেন, কিন্তু লেটে করছেন। সব রাজ্য করে নেবে তার পরে করবে। এখানে মাননীয় সত্যসাধনবাবু আছেন, নেতাজি সুভাষ ওপেন ইউনিভার্সিটি কবে চালু করেছেন ? যখন ইন্দিরা গান্ধীর অলরেডি ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি ১০ বছর ফাংশন করছে। আজকে আপনারা ক্লাস রুম এডুকেশানের কথা বলছেন। আজকে সত্যসাধনবাবু বলছেন কলেজে নতুন সাবজেক্ট দিতে পারি, কিন্তু টিচার দিতে পারবো না, পার্টটাইম টিচার দিয়ে কাজ চালাতে হবে। আগে ওঁরাই বলতেন প্রত্যেকটি সাবজেক্টে টিচার দিতে হবে। কান্তিবাবু বলছেন প্রাথমিক শিক্ষায় আমরা নতুন করে প্রাথমিক স্কুল করতে পারবো না। শিশু শিক্ষাকেন্দ্রে পার্টির কমরেডদের স্ত্রীদের দিয়ে শিক্ষা দেওয়াবেন। কি করে করবেন, আপনাদের আর্থিক ক্ষমতা নেই। আপনি বিবৃতি দিয়ে বলেছেন ৫০০ কোটি টাকা শিক্ষকদের মাহিনা দিতে খরচ হয় তাই ২৫ তারিখের আগে মাহিনা দিতে পারবো না। সি পি এমের অর্গানাইজেশানাল রিপোর্টে বলেছে ১০ হাজার কোটি টাকা মাহিনা দিতেই লাগবে, আর রাজ্যের রেভিনিউ আয় হয় ৭ হাজার কোটি টাকা। তাহলে আপনারা প্রথমেই ৩ হাজার কোটি টাকা মাইনাস নিয়ে স্টার্ট করছেন। কেন্দ্রের টাকা লোন না আনলে আপনি কোনও মাসের মাহিনা দিতে পারবেন না। আমি এ জন্য কান্তিবাবুকে দোষ দিচ্ছি না, দোষ হচ্ছে আপনাদের পণ্ডিতপ্রবর অর্থমন্ত্রীর, যিনি ১৬ বছর ধরে রাজ্যকে একটা ফিনানশিয়াল ব্যাঙ্ক-রাপশির দিকে নিয়ে যাচ্ছেন। এককালে যাঁরা টিচারদের মাস পয়লা বেতন দিয়ে কৃতিত্ব নিতেন আজকে তাঁরাই মাহিনা দিতে পারছেন না। তারাই বলছেন সব কিছু ফ্রি করা যাবে না। আমি নিজের চোখে দেখেছি এস এফ আইয়ের ছেলেরা বলছে যারা টাকা দিয়ে পড়তে পারে তারা কেন টাকা দেবে না। দুদিন পরে হয়তো আমি চোখের সামনে দেখবো ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা দেওয়া যাবে না। সেটাও আপনারা তুলে দেবেন। তার কারণ টাকা নেই। আমি প্রত্যেক বছরের হিসাব দিতে পারি যে কি করে ধার করে একটা সরকার চালাচ্ছেন। কি করে একটা ডেথ ট্র্যাপের মধ্যে ফেলে দিচ্ছেন। আমার আসল কথা হচ্ছে যে ১৯৮৬ সালে ন্যাশানাল এডুকেশান পলিসি হয়েছে, আর ১৯৮৬ সালে ন্যাশানাল ওপেন স্কুল

স্টার্ট হয়েছে। আর আপনি কবে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় করছেন ? ১৯৯৭ সালে, অর্থাৎ ১০ বছর পরে। এই প্রথাগত শিক্ষা যদি আরও আগে থেকে দিতে পারতেন তাহলে যারা সুযোগের অভাবে পড়াশোনা ডিসকন্টিনিউড হয়ে গেছে তারা এই ওপেন স্কুলের মাধ্যমে শিক্ষা নিতে পারতো। আপনি এটা ১০ বছর আগে করলেন না কেন ? রবীন্দ্র মুক্ত বিদ্যালয় করে ২০০১ সালে আবার একটা বিল পাশ করলেন। আজকে আবার একটা বিল করলেন এটাকে নতুনই বলা যায়, এর সব খোলনলচে পাল্টে ফেলেছেন। এখানে চেয়ারম্যান থাকবেন, ডিরেক্টার থাকবেন, বড় বডি করেছেন। আপনারা বলছেন দরকার হলে ন্যাশনাল ওপেন স্কুলে যাবেন, এন সি ই আর টি—ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশান, রিসার্চ অ্যান্ড ট্রেনিং-এর কাছে যাবেন, ইউনেসকোর কাছে যাবেন, ইউনিসেফের কাছে যাবেন, এত বড় বড় প্ল্যান করেছেন। নতুন করে সিলেবাস তৈরি করছেন, আপনি বোধহয় একবার গাইঘাটা থেকে হেরে গিয়েছিলেন, পরবর্তীকালে আবার সন্দেশখালি থেকে নির্বাচিত হয়ে এসেছেন। আপনি আগে এই বিলটা আনলেন না কেন ? তার আগে বলুন আপনার পারফরমেন্স কি ? আপনার এ বছর মাধ্যমিক পরীক্ষার্থী ৫ লক্ষ ৭৫ হাজার পরীক্ষা দিয়েছে, ৫ হাজার ৬০০টা রেকগনাইজড সেকেন্ডারি স্কুল আছে, ১ হাজারের বেশি রেকগনাইজড সেকেন্ডারি টিচার আছেন। আপনারা ওপেন স্কুল করতে যাচ্ছেন আর আপনাদের পারফরমেন্সটা কি ? ডিসেম্বর ২০০০ পর্যন্ত টোটাল এনরোলমেন্ট হয়েছে ২২৭৯। তার আগে এপ্রিল ২০০০-এ ১০৩৫টি, টোটাল ডিসেম্বরে সাকসেসফুল হয়েছে ৭৭৭। সুতরাং, আপনার টোটাল পরীক্ষা দিচ্ছে ১৬০০। ডিসেম্বর ২০০০-এ টোটাল ৭৭৭। আমার কাছে আপনার রিপোর্ট আছে তার মধ্যে ৭৭৭ জন পাস করেছে কনসিডার। আপনার যেখানে শিক্ষক আছেন ১ লক্ষ ৪২ হাজার, জাস্ট টাচিং দি ফ্রিঞ্জ অফ দি প্রবলেম অথচ অনেক ছেলেমেয়ে যারা নিয়মিত পড়াশোনা করতে পারে না তাদের জন্য যদি ওপেন স্কুল সিস্টেম করা যায়, তাদের জন্য যদি লার্নিং সেন্টার করা যায় তাহলে তারা তাদের ডিসকন্টিনিউড এডুকেশন সম্পূর্ণ করতে পারে। তারা হয়তো কেউ কেউ চাকরি করে, চায়ের দোকানে কাজ করে। তারা সেখানে পড়তে পারে, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ করতে পারে ওপেন স্কুল সিস্টেমের মধ্যে দিয়ে। আপনারা এতদিন তাদের স্কোপ দেননি এবং এখনও ব্যবস্থাটা লিমিটেড। আপনি এখনও পর্যন্ত মাত্র ৪৭টি লার্নিং সেন্টার করেছেন এতবড় রাজ্যে। তার মানে ডিস্ট্যান্ট এডুকেশন আগে ডেভেলপ করার দিকে নজর দেননি। এখন দেখছেন প্রথাগত বিদ্যালয়ের মাধ্যমে শিক্ষকদের মাইনে দিতে পারবেন না, নতুন স্কুল প্রতিষ্ঠা করতে পারবেন না এবং এখন আফটার অল দিজ ওপেন স্কুল সিস্টেমের দিকে এসেছেন। আপনি প্রমিস করেছিলেন, আপনার গত বছরের রিপোর্ট আছে, ২০০১ সালের জুনে হায়ার সেকেন্ডারি কোর্স ইন্ট্রোডিউস করবেন। আমি জানতে চাইছি, আপনার কোর্স কতদূর এগিয়েছে ? এবং কি সিলেবাস করেছেন ? এবং সেটা ন্যাশনাল ওপেন স্কুলের সিলেবাসের সঙ্গে সামাঞ্জস্যপূর্ণ কিনা, তার সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি হয়েছে কিনা ? আপনি বলেছিলেন যে, কিছু স্কুলকে দেবেন এবং কিছু কিছু এন জি ও-কে স্টাডি সেন্টার করার অনুমতি দেবেন। আমি জানতে চাই, আপনারা এতদিন গভর্নমেন্টে আছেন, আপনারা সব সময় বলতেন, সব কিছু আমরা করব, শিক্ষকদের মাইনে দেব, স্কুল করব। কিন্তু এখন বুঝতে পেরেছেন যে সব কিছু শেয়ার করতে পারবেন না। এবং তাই আজকে বলছেন, এন জি ও করবে। আমার প্রশ্ন

এক্ষেত্রে কতজন এন জি ও এপ্লাই করেছেন এবং কটা এন জি ও-কে স্বীকৃতি দিয়েছেন এই মুক্ত বিদ্যালয়, স্টাডি সেন্টার করার ক্ষেত্রে ? আপনি কাকে চেয়ারম্যান করবেন ভেবেছেন ? কাকে ডাইরেক্টর করবেন ভেবেছেন ? কি প্রসেস হবে ? একটা কথা বারবার আপনাদের কাছে বলতে চাই সেটা হচ্ছে, আপনারা এই যে এডুকেশন সিস্টেম করেছেন তাতে তো আপনাদের পার্টির ছাপ না হলে কেউ এডুকেশনের কোনও টপ পোস্টে যেতে পারবে না। এবং এর থেকে আপনি বেরোতে পারবেন কি না ? আপনার পার্টিতে একটা বিষয় নিয়ে সিরিয়াস গণ্ডগোল হচ্ছে, মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় কয়েকদিন আগে গোলপার্ক রামকৃষ্ণ মিশনে গিয়ে কথা দিয়ে এসেছেন যে, রামকৃষ্ণ মিশনের স্কুলগুলোকে স্কুল সার্ভিস কমিশন থেকে ছাড় দেবেন। কিন্তু আপনি নাকি সেখানে বাধা দিচ্ছেন। এটা নিয়ে একটা সিরিয়াস ডিফারেন্স অফ ওপিনিয়ান হয়েছে আপনার দপ্তর এবং মুখ্যমন্ত্রীর দপ্তরের মধ্যে। আজকে আপনারা যখন ওপেন ইউনিভার্সিটি করে শিক্ষাকে খুলে দিয়েছেন তখন এ ব্যাপারটাও কেন খুলে দেবেন না ? এই বিষয়টা আমি বিনীতভাবে জানতে চাইছি। আমি এটাও বুঝতে চাইছি যে, এই রকম প্রায় টোট্যাল নতুন একটা বিল আনার দরকার কি কারণে হল ? কারণ, গত বছর এই রকম একটা বিল পাশ করিয়েছেন এবং ওপেন স্কুল করার পারমিশান হয়ে গেছে এবং ওপেন স্কুলে ক্লাসও শুরু হয়েছে, ৪৭টি স্টাডি সেন্টার আছে, সিলেবাস আছে। তাহলে কেন নতুন করে এই সেট আপ চেঞ্জ করলেন ? এ ব্যাপারে কার অ্যাডভাইস নিয়েছেন ? এ জন্য কোনও এক্সপার্টের মতামত নিয়েছেন ? আপনি কি 'ন্যাশনাল ওপেন স্কুলে' রিজিওনাল ডাইরেক্টরের মতামত নিয়েছেন, তাদের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করেছেন ? সকলেই জানেন, পশ্চিমবাংলায় 'স্টেটসম্যান' কাগজে একটা পার্সোন্যাল কলাম থাকে।

থ্যাংক ইউ সেন্ট জুড্স্। সেন্ট জুড্স্ বলে একটা স্কুল আছে তারা এবং এরকম অনেক স্কুল আছে, যারা এরকম ফেল্ করে তারা ওদের পরীক্ষা নিয়ে ন্যাশনাল ওপেন স্কুল থেকে মাধ্যমিক পড়তে দিল্লিতে ওদের খাতা পাঠায়। যদি আপনার এখানে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থাকে তাহলে তাদের ন্যাশনাল ওপেন স্কুলে পাঠাতে হচ্ছে কেন ? তার ফলে হোল্ সিসটেমটা যে, টোটাল আইডিয়া যেটা ছিল ওপেন স্কুলের, ডিস্ট্যান্ট লার্নিং-এর যে আপনি ভালমত অ্যাকাডেমিক প্যাকেজ একটা তৈরি করবেন, আপনার যা এডুকেশনাল মেটেরিয়ালস্ আপনি ছাত্রদের কাছে পাঠিয়ে দেবেন এবং তারা ক্লাস রুমের বাইরে মাঝে মাঝে স্টাডি সেন্টারে যাবে, তার রেফারেন্সের সুযোগ নেবে, কিন্তু ফিক্সড টাইমে ১০টা থেকে ৫টা ক্লাস কিংবা শিক্ষকদের নির্দিষ্ট মাইনে দেওয়া তার মধ্যে থাকবে না, তাতে লোকেরা তাদের এডুকেশনটা কনটিনিউ করতে পারবে এবং আপনার ওপেন স্কুল সিসটেমের মধ্যে দ্বাদশ শ্রেণী অবধি আসবে এবং তারপর ওপেন ইউনিভারসিটির মাধ্যমে লোকে এম এ পাশ করতে পারে, এমনকি লোকে ওপেন ইউনিভারসিটির মাধ্যমে পি এইচ ডি করতে পারে—এটা কোনও অসুবিধার ব্যাপার নয়। এই টোটাল স্কিমটাই আপনি কিন্তু আমাদের কাছে ওপেন-আপ করেননি। এক বছর আগে আপনি একটা বিল নিয়ে এসে আবার এবছর একটা বিল নিয়ে এসেছেন এবং স্ট্রাকচারটা পাল্টে দিয়েছেন এবং এখানে চেয়ারম্যানের হাতে মূল ক্ষমতা দিয়েছেন, ডিরেক্টর অলমোস্ট নামে ডিরেক্টর, কিন্তু সেক্রেটারির কাজ করবে এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়। এব্যাপারে আপনার পুরো যে ইনটেনশন সেটা আজকে আপনি খোলাখুলিভাবে বলবেন। আমি তাই বলছি যে,

সেকেন্ডারি এডুকেশনের ব্যাপারে কান্তিবাবু আপনার সিসটেমটা ফেল্ করছে, প্রতিদিন যারা সুযোগ পাচ্ছে আপনার মাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে আই সি এস ই বা সি বি এস ই বোর্ডে চলে যেতে চায়। আপনার শুধু নো-অবজেকশন দেওয়ার, সেখানেও আপনি তাদের আটকে রাখছেন। এখন নতুন করে লন্ডন ইউনিভারসিটি 'এ' লেভেল, 'ও' লেভেল একজামিনেশন নিয়ে আসছেন, হয়তো এবছর থেকে চালু হয়ে যাবে, এবং সুযোগ পেলে লোকে আই সি এস ই, সি বি এস ই বোর্ড থেকে সেখানে চলে যাবে। কেন আপনার টোটাল পরীক্ষা সিসটেমটা ওয়ার্ক করছে না ? কেন আপনার সেকেন্ডারি বোর্ড ক্রেডিবিলিটি লস্ করছে ঐ এগুলো নিয়ে আপনি বলবেন। আমরা শিক্ষা বাজেটের পরে আপনাকে আরও বিভিন্ন আক্রমণ করব। কিন্তু আজকে প্রাথমিক ভাবে বলে রাখলাম যে, আমরা মাধ্যমিক শিক্ষা পর্ষদের কাজ নিয়ে খুবই অসন্তুষ্ট এবং এখন পর্যন্ত মুক্ত বিদ্যালয়ের ক্ষেত্রে আপনারা যে পদক্ষেপ নিয়েছেন তা খুবই কম, পশ্চিমবাংলায় প্রয়োজনের তুলনায় খুবই হল্টিং পদক্ষেপ এখন পর্যন্ত নিয়েছেন। এর পরেও যদি আপনি একে দ্রুততর না করতে পারেন তাহলে এই রাজ্যের অপূরণীয় ক্ষতি হয়ে যাবে। বিলটার মধ্যে বিরোধিতা করার কিছু নেই। আমরা গত বছর বিলে বলেছিলাম যে, হোক না একটা বিদ্যালয়, কিন্তু হয়ে এসেও এগোচ্ছে না, অথচ আপনি নতুন নতুন সিসটেম করছেন। এইজন্য আমি বিলের ব্যাপারে কথাগুলো বললাম।

**শ্রী মুরসালিন মোল্লা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রী মাননীয় শ্রী কান্তি বিশ্বাস মহাশয় রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংশোধন বিধেয়ক ২০০২ যে পেশ করেছেন এটা আমাদের রাজ্যের জন্য একটা অত্যুজ্জ্বল, অভিনন্দনযোগ্য প্রয়াস। আমরা জানি গত ১৫ বছর ধরে শিক্ষা অঙ্গনের বাইরে পড়ে থাকা, শ্রমজীবী মানুষের বিরাট একটা অংশ যে ছাত্ররা, বাড়ির ছেলে-মেয়েরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত ছিল, তাদের শিক্ষার অঙ্গনে পদচারণায় অবস্থান সংখ্যাগতভাবে এবং গুণগতভাবে বেড়েছে, তার প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি যে, মাধ্যমিক পরীক্ষায় প্রায় ৬ লক্ষের মত ছাত্রছাত্রীর পরীক্ষায় বসার তাগিদ, সাক্ষরোত্তর কর্মসূচির প্রসার ঘটেছে, ত্রুটি-বিচ্যুতি সঙ্গে নিয়ে সারা পশ্চিমবাংলা সাক্ষর হবার পরে সাক্ষরোত্তর কর্মসূচিকে গ্রহণ করা হয়েছে। তার ফলে একটা বড় অংশ যারা শিক্ষার অঙ্গনের বাইরে ছিলেন, প্রথাগত শিক্ষা থেকে দূরে ছিলেন তাঁরা কাছাকাছি চলে আসছেন। আমাদের এখানে শ্রমিক ঘরের ছেলেরা বা শিশু শ্রমিকদের একটা অংশ—শিশুকল্যাণ ও ভবিষ্যনিধির কথা আমরা শুনেছি, কিন্তু সেই শিশুদের মধ্যে থেকে, কিশোরদের মধ্যে থেকে প্রথাগত শিক্ষায় ফিরে আসার পথ সেভাবে ছিল না এবং তারা সেভাবে আসেওনি। কিন্তু এবারের মাধ্যমিক পরীক্ষার পরিসংখ্যান নিলে দেখব প্রায় ৩০০০ মত এই ধরনের কিশোর যুবক শিক্ষার্থী—শিশুকল্যাণ ভবিষ্যনিধির শিক্ষার্থী, তারা পড়াশুনায়, উচ্চশিক্ষায় এগিয়ে আসছে। এই ধারাকে সমৃদ্ধ করার জন্য, সঞ্জীবিত রাখার জন্য এই বিল এবং প্রশাসনিক কাঠামো নিশ্চয়ই আমাদের সাহায্য করবে। মাননীয় শ্রীসৌগত রায় বলেছেন, কি হচ্ছে মাধ্যমিক শিক্ষায় ? খুবই সঠিক প্রশ্ন। কিন্তু আপনি কি শুধু পশ্চিমবাংলার কথাই বলবেন ? মাথায় পচন ধরেছে, তারই দুর্গন্ধ ছড়িয়ে পড়ছে চারিদিকে। আপনার কানে, নাকে কি তা যাচ্ছে না ? সে কথা তো আপনি বলছেন না ! কেন্দ্রীয় সরকারের বর্তমান শিক্ষানীতি কি বলছে ? গবেষণার কি হবে ? আপনি পদার্থের অধ্যাপক, আপনি বলুন গবেষণার জন্য কেন্দ্রীয় সরকার বা

ইউ জি সি, কত টাকা বিনিয়োগ করছে ? কই সেটা তো বললেন না ! বহুজাতিক সংস্থা, কাম্পানিগুলো আমাদের ভারতবর্ষের মেধাকে আরো উজ্জ্বল করার জন্য দরজা খুলে দেবে ! এ ক্ষেত্রে ইউ জি সি-র কোনও দায়িত্ব নেই, বিশ্ববিদ্যালয়গুলিকে আরো টাকা দিয়ে সমৃদ্ধ করার দায়িত্ব নেই ? মেধাশক্তির বিকাশকল্পে তাঁদের কি কোন দায়িত্ব নেই ? আপনি কি বলেন ? বলা হচ্ছে ড্রিম বিশ্ববিদ্যালয় করতে দিতে হবে। শুনতে খুবই সুন্দর কথা। সেই ড্রিম বিশ্ববিদ্যালয়ের য খরচ হবে তা কে দেবে ? ফেল কড়ি মাখো তেল। কালকে যদি প্রেসিডেন্সি কলেজকে ড্রিম বিশ্ববিদ্যালয় করে দেয়া হয় বা আমাদের এখানে কিদোয়াই যে মাদ্রাসা রেগুলেটরি কমিটি করা হয়েছে তার দ্বারা যদি কলকাতা মাদ্রাসাকে ড্রিম বিশ্বদ্যিালয় করে দেওয়া হয় তাহলে সেই বিশ্ববিদ্যালয়ের খরচ, পরিচালন ব্যবস্থার খরচ এবং অন্যান্য দায়ভার গ্রহণ করার ভারত রাষ্ট্রের কোনও দায়িত্ব থাকবে না। ইউ জি সি-র কোনও দায়িত্ব থাকবে না। আর্থিক দায়িত্বের কথা আমি বলছি। তাহলে কি হবে, এই প্রশ্ন আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করছি। তাহলে তো সেখানে মাত্র ৫০টি, কি ১০০টি ছাত্র পড়াশুনা করতে পারবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট খরচ আমি জানি না। আমি ধরে নিলাম ৫০ কোটি টাকা বছরে খরচ হয়। সামগ্রিকভাবে ২০ কোটি টাকা ছাত্রদের কাছ থেকে তোলা হল, বাকি ৩০ কোটি টাকার যে ঘাটতি তাও কি ছাত্রদের মেটাতে হবে এবং এটাকে কি আপনি সমর্থন করেন ? শিক্ষা বিকাশের স্বার্থে, মেধাকে উজ্জ্বল করার স্বার্থে কি এটাও সমর্থন করবেন ? পশ্চিমবাংলা এখন পর্যন্ত নিরক্ষরতার অভিশাপে দগ্ধ হচ্ছে। তার মুক্তির স্বার্থে এই যে পথ, এটাকে আপনি সমর্থন করেন ? আমি জানি আপনার সীমাবদ্ধতা। আমাদের দেশে মাধ্যমিক স্তরে ৮৫০টি কেন্দ্রীয় বিদ্যালয় আছে। আপনি ঠিকই বলেছেন—প্রয়াত রাজীব গান্ধী নবোদয় বিদ্যালয় গড়ার প্রস্তাব দিয়েছিলেন, হ্যাঁ, আমরা তার বিরোধিতা করেছিলাম। কারণ আমরা মনে করেছিলাম আভিজাত্যের অহংকারকে সামনে না নিয়ে এসে শ্রমজীবী মানুষের জীবন তথা জীবন সঞ্জীবিত চেতনাকে সম্বৃদ্ধ করার লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ইত্যাদি স্থাপন করতে হবে, আভিজাত্য নিয়ে বড়াই করার সময় এটা নয়। তাই আমরা সঠিকভাবেই বলেছিলাম তখন। আর এখন কি বলছি এবং কেন বলছি তা নিশ্চয়ই বুঝতে পারছেন—মাথা পচিয়ে দিয়েছেন। মাত্র ৮৫০টি কেন্দ্রীয় বিদ্যালয়ে সরকারি কর্মচারীদের ছেলে-মেয়েরা সেখানে পড়াশুনা করেন। আর নবোদয় বিদ্যালয় সারা ভারতবর্ষে আছে ৪৫৫টি। যদি সাম-আপ করি তাহলে ১৩০৫টি মাধ্যমিক স্তরে কেন্দ্রীয় বিদ্যালয় আছে। ভারত সরকার তাদের শিক্ষার জন্য কত টাকা খরচ করেন ? ৩০৫ কোটি টাকা। তাহলে মাধ্যমিক স্তরে কেন্দ্রীয় বিদ্যালয়ের রাষ্ট্রীয় সরকার ৩০৫ কোটি টাকা খরচ করে ১০২ কোটি দেশের মানুষের জন্য। কই, তা তো আপনারা একবারও বললেন না ? এই পচা-গলা মানুষগুলিকে ধোলাই করে সোজা করা যেত। কেন্দ্রীয় সরকার ৩০৫ কোটি টাকা খরচ করেন ১০২ কোটি দেশের মানুষের জন্য, আর আমাদের রাজ্য সরকারকে ৩৫০ কোটি টাকা খরচ করতে হয় ২ মাসের মাহিনা দিতে। আর্থিক হিসাবটা একটু মনে রাখবেন, ৩০৫ কোটি টাকা কেন্দ্র খরচ করছে মাধ্যমিক শিক্ষার জন্য আর মাহিনা দেবার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে সাড়ে ৩০০ কোটি টাকা খরচ করতে হয় শুধু ২ মাসের মাহিনা দেবার জন্য। আপনারা ধর্নায় বসছেন, আপনারা বলছেন শিক্ষকরা মাহিনা পাচ্ছে না। সৌগতবাবু, আপনি তো শিক্ষার সঙ্গে যুক্ত আছেন, আপনি কি মাহিনা পাচ্ছেন না ? আপনি তো শিক্ষক সমাজের অংশ।

পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার মর্যাদার আসনে আপনাকে বসিয়ে রেখে দিয়েছেন। সেই অবস্থান থেকে এইসব ছাত্রদের জুতোর মালা গাঁথা শেখাবেন না, ফুলের মালা গাঁথা শেখান। তা নাহলে দেখবেন, একদিন ঐ জুতোর মালা আপনার গলায় পরতে হতে পারে। কবিগুরু রবীন্দ্রনাথ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সম্পর্কে বলেছেন,

"মাঝে মাঝে গেছি আমি ও পাড়ার প্রাঙ্গণের ধারে,
ভিতরে প্রবেশ করি সেই শক্তি ছিল না একেবারে।
আমি মেনে নিই সেই নিন্দার কথা, আমার সুরের অপূর্ণতা॥"

জাজিমের পাশে দাঁড়িয়ে যারা নিরক্ষর, নিঃস্ব, নিরন্ন মানুষের দল যারা মাথা নিচু করে আছে তাদের এই মাথা উঁচু করার যে প্রয়াস তার জন্যই কবিগুরু রবীন্দ্রনাথ বলেছিলেন, তাদের এই মুক্ত ধারায় যুক্ত করতে হবে। সৌগতবাবু আপনি করুণভাবে বললেন একজন খেত-মজুরের ছেলেকে ১০ জনের মধ্যে ফার্স্ট করেছে। এই এলিট মানসিকতা নিয়ে আপনি ব্যঙ্গ করলেন। এইসব খেতমজুরের ছেলেদের মাথা যদি উঁচু করতে হয়, যদি আরো উজ্জ্বলতর করতে হয়—যে মেরুদন্ডকে আপনারা বাঁকিয়ে শ্রমজীবী মানুষের মাথাকে নিচু করে রেখেছিলেন সমাজতান্ত্রিক কায়দায়, যদি সত্যি-সত্যি তাদের মাথা উঁচু করে চলতে হয় তাহলে যে সমস্ত খেতমজুরের ছেলেরা স্টার নিয়ে বেরিয়ে আসছে, আভিজাত্যের লিস্টে চলে আসছে, তাদের যতই আপনারা ব্যঙ্গ করুন, আমরা চাই, তাদের নাম রেখাচিত্রে অঙ্কিত হোক, সারা ভারতবর্ষের মানুষ দেখুক যে পশ্চিমবাংলার শ্রমজীবী, খেতমজুরের ছেলেরা আজকে কতদূর এগিয়ে গেছে। তাই আজকে যে মুক্ত বিদ্যালয় বিল পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং আপনাদের সকলকে সমর্থনের জন্য আবেদন জানাচ্ছি।

**Shri Pramatha Nath Roy** : was not present in the House.

**শ্রী সুভাষ গোস্বামী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সভায় মাননীয় শিক্ষামন্ত্রী রবীন্দ্র মুক্ত বিদ্যালয় আইনের যে সংশোধনী এখানে উপস্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। অধ্যক্ষ মহাশয়, অভিজ্ঞতার নিরিখে এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয় ভারতবর্ষে যে চালু করা হয়েছে সেটা ঠিক নয়। এই অভিজ্ঞতা আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতা। আমরা জানি, অনুকূল পরিস্থিতির অভাবে আমাদের রাজ্যে তথা গোটা দেশে অনেক ছাত্রছাত্রী এইরকম প্রাতিষ্ঠানিক শিক্ষালাভের সুযোগ পায় না, ফলে অনেকে মাঝখানে তাদের শিক্ষা সমাপ্ত করে বাড়ি চলে যায়। এই অবস্থাকে কি করে রদ করা যায়, তাদেরকে কি করে শিক্ষার মধ্যে ধরে রাখা যায় সেটাই আমাদের দীর্ঘকালের চিন্তাভাবনা।

এরই একটা রূপদানের জন্য রবীন্দ্র মুক্ত বিদ্যালয়-এর যে ব্যবস্থা সেটা চালু হয়েছে। আজকে সেই বিদ্যালয়ের আইনেরই সংশোধনী আনা হয়েছে। সেখানে আইনের যাতে সার্থক রূপায়ণ হয় তার জন্য এখানে ব্যবস্থা করা হয়েছে। ঐ বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী, তাদের দায়দায়িত্ব, ক্ষমতা এই সমস্ত এখানে ভাগ করে দেওয়া হয়েছে। একটা ব্যবস্থা চালানোর জন্য এগুলি অপরিহার্য। এই বিদ্যালয়ের কাজ জাস্ট শুরু হয়েছে। চলতে চলতে অভিজ্ঞতার পরিপ্রেক্ষিতে প্রয়োজনে আরও সংশোধনী আনা হবে। কিন্তু আমরা দেখলাম এখন থেকেই

সৌগতবাবু সতর্কবাণী শুনিয়ে দিলেন। অর্থাৎ এর যাত্রা শুরুর মুহূর্তে উনি সাবধানবাণী শোনাতে আরম্ভ করলেন। আমি ওকে বলতে চাই যে অভিজ্ঞতার ভিত্তিতে আইন সংশোধন করা হবে এবং যাতে সার্থকভাবে এটা চলতে পারে তার ব্যবস্থা করা হবে। আমরা কেউ অস্বীকার করতে পারি না যে টাই আপ করার জন্য এরকম একটা ব্যবস্থা একান্তভাবে দরকার। রাজ্যে সাক্ষরতার যে কর্মসূচি নেওয়া হয়েছে এবং সাক্ষরোত্তর যে কর্মসূচি নেওয়া হয়েছে এক্ষেত্রে পরবর্তীকালের জন্য আমরা যদি ব্যবস্থা নিতে না পারি তাহলে তাদের শিক্ষার পরিসমাপ্তি ঘটবে। সেইজন্যই আমাদের এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয় চালু করতে হয়েছে। যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তা সফল হবে, সার্থক হবে এই আশা করে সংশোধনীকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংশোধনী বিধেয়ক যা এনেছেন তার উদ্দেশ্যে এবং হেতুর বিবরণে বলা হয়েছে যে বিদ্যালয় শিক্ষার বিভিন্ন পর্যায়ে বিদ্যালয় ছুটের হারের বিষয়ে কার্যকরীভাবে মোকাবিলা করার উদ্দেশ্যে ও বিশেষত সার্বিক সাক্ষরতার কর্মসূচির সফল রূপায়ণে...ইত্যাদি ইত্যাদি। এখন কথা হচ্ছে এই বিদ্যালয় ছুট বা ড্রপ আউটটা বাড়লো কেন ? একটা ক্লাসে দু বছর ফেল করার পর ছাত্রছাত্রীদের পড়ার সুযোগের ক্ষেত্রে একটা বাধার সৃষ্টি করা হয়েছে। সেই পরিপ্রেক্ষিতে তাদের ড্রপ আউট হতে হচ্ছে। ২০০১ সালে এই বিদ্যালয় তৈরি হয়েছিল। সেটা মূলত কেন এই পর্যায়ে আসলো সেটা চিন্তা করতে হবে। সাক্ষরতার ব্যাপারটা ক্রমশ শিক্ষার বাইরে গিয়ে বন্ধ হয়ে যাচ্ছে। সেখানে দেখতে পাচ্ছি, প্রথাগত বিদ্যালয়গুলি পর্যন্ত বন্ধ হবার উপক্রম হয়েছে। কেন্দ্রীয় সরকার পরিচালিত আই সি ডি এস প্রকল্পে যে শিক্ষা-ব্যবস্থা রয়েছে সেখানে বিভিন্ন শ্রেণীতে ঠিকমত পরিচালনা করবার জন্য সুব্যবস্থা নেওয়া হয়নি। তার জন্য ক্রমশ ড্রপ আউটের সংখ্যা বাড়ছে। নতুনভাবে যেটা করতে যাচ্ছেন সেখানে যে ব্যাখ্যা দিয়েছেন তাতে মাথাভারী প্রশাসন হচ্ছে বলতে পারি। জনসাধারণ থেকে তিনজন নেবেন বলেছেন, কিন্তু তাদের কিভাবে নেবেন জানি না। তিনজনকে নোমিনেট করবেন চেয়ারম্যানের সঙ্গে কনসাল্ট করে এটা বলেছেন। সেখানে কিন্তু জনসাধারণকে যুক্ত করছেন না। সেই উদ্যোগ আপনাদের নেই। এক্ষেত্রে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য এবং বাইরের ইনস্টিটিউশনগুলির সঙ্গে যোগাযোগ করে এক্ষেত্রে ব্যবস্থা নিন। এক্ষেত্রে তাদের নিজস্ব ফান্ডের কথা বলেছেন। সেটা তারা ভলেনটারিলি করবেন বলে বলেছেন আজকে প্রযুক্তিগত শিক্ষার প্রসার ঘটেছে। সেক্ষেত্রে দেখতে হবে, সেই শিক্ষার সুযোগ আমাদের রাজ্যের শিক্ষার্থীরা পাচ্ছে কিনা। সেটা তারা এখানে পাচ্ছে না বলে উচ্চশিক্ষা নিতে তারা অন্য রাজ্যে চলে যাচ্ছে। কাজেই এদিকটা বিশেষভাবে ভাবতে হবে।

তারা সেখানে কতজন ভর্তি হবে পারবে ? আপনারা প্রথমে যে পদক্ষেপ নিয়েছিলেন মানুষের শিক্ষার ব্যাপারে আজকে তার পরিবর্তন ঘটিয়ে দিচ্ছেন। আজকে সেখানে মূল্যায়নটা কি ? আজকে টিউশান ফি বিভিন্নভাবে বাড়ানো হচ্ছে। আজকে ছেলেমেয়েদের ভর্তির ব্যাপারে যে অ্যানুয়াল চার্জ সেই চার্জের কিভাবে বৃদ্ধি ঘটেছে। এতো দিন ধরে আমরা বিভিন্নভাবে স্কুলের সঙ্গে যুক্ত ছিলাম, এই ব্যাপারে বিরত থাকতে বলতেন। কিন্তু আজকে আপনাদের ডোনেশান নিতেই হবে। আগে ডোনেশানের ব্যাপারে বাধা ছিল, সেটা কোথাও

৩৭ টাকা, কোথাও ৪৭ টাকা পর্যন্ত ছিল। আজকে আপনারা সেখানে বলছেন অফুরন্ত, কোনও বিধিনিষেধ নেই। আজকে কি দিন মজুর খেতমজুরদের ছেলেমেয়েদের শিক্ষার প্রসার ঘটছে ? আগে দিনমজুর খেতমজুরদের ছেলেমেয়েদের কিভাবে শিক্ষা দিতে পারি সেই দিকে পৌঁছাবার চিন্তাভাবনা করেছেন। এখন সেটা হচ্ছে না। আজকে আপনাদের শিক্ষানীতি অন্যভাবে চালু করেছেন। আজকে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে আপনারা সমান মর্যাদায় প্রতিষ্ঠিত করার কথা বলছেন, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, কলেজ ইউনিভারসিটি, সেই মর্যাদায় করবেন বলছেন। এই রকম একটা ওপেন ইউনিভারসিটির কথা বলছেন। আজকে ইন্দিরা মুক্ত বিদ্যালয়, নেতাজি মুক্ত বিদ্যালয়, আজকে তাদের যে স্ট্যাটাস, সেইগুলি যেভাবে চলছে সেইভাবে আপনারা যুক্ত করতে পারছেন না। রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে বর্তমানে বিভিন্নভাবে যে ডেফিনেশানগুলি দিয়েছেন সেই ডেফিনেশানের মধ্যে সাধারণভাবে দিনমজুর খেতমজুরদের মধ্যে যে ড্রপ আউট স্টুডেন্ট তাদের সেখানে প্রতিনিধিত্ব করার কথা বলেন নি। প্রাইমারি স্টেজে ৪৭টি ১ বছরের মধ্যে হয়েছে, বিভিন্ন জেলায় স্ট্রাকচার তৈরি হয়নি। আজকে সেই সব বিদ্যালয়ের পঠন-পাঠন থেকে আরম্ভ করে সেই বিদ্যালয় কোথায় কিভাবে হবে, তার ফান্ড কি হবে সেটা কিছু বলেননি। আপনার সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানের যা প্রয়োজন সেইগুলি ঠিকভাবে হচ্ছে না। আজকে দেখতে পাচ্ছি সেখানে অনেক বাধানিষেধ আছে। আজকে ল্যাবোরেটরি লাইব্রেরি কি অবস্থায় আছে। আজকে যেগুলি আছে সেইগুলিই মনিটরিং প্রবলেম এসে দাঁড়িয়েছে। আজকে সেখানে অর্থনৈতিক প্রচণ্ড চাপ। আজকে পরিকল্পনামাফিক যে বরাদ্দ সেই বরাদ্দকৃত অর্থ পাচ্ছেন না। আজকে একমাত্র শিক্ষকদের বেতন ছাড়া অন্য স্কুলগুলোকে কোনও ডেভেলপমেন্টের টাকা দিতে পারছেন না। আপনার যে সমস্ত প্রতিষ্ঠান আছে সেইগুলি মেনটেনেন্স করতে পারছেন না। সেই জন্য কলেজ বিশ্ববিদ্যালয় থেকে আরম্ভ করে প্রাইমারি স্কুল, মাধ্যমিক স্কুল, উচ্চমাধ্যমিক স্কুলগুলোর জন্য অন্যের উপর নির্ভর করতে হচ্ছে। সেখানে নিজস্ব একটা স্কুল দাঁড় করবার অবস্থায় নেই। আজকে সেটা দিতে পারছেন না। উচ্চশিক্ষামন্ত্রী আছেন, আমি তাঁকে বলেছিলাম বাঁকুড়া খ্রিস্টান কলেজের কথা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের নামকরা কলেজ ছিল, এখন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নামকরা কলেজ। আজকে সেখানে কি অবস্থা, সমস্ত ক্ষেত্রে সেখানে ধ্বংসের মুখে যাচ্ছে। আজকে সেটা ঠিকমত অবস্থায় নেই। এই ব্যাপারে আপনাদের অবস্থান কি সেটা বলছেন না।

একবার বলছেন কলেজ থেকে একাদশ শ্রেণী তুলে দিলাম। খ্রিশ্চান কলেজের ব্যাপারে একবারে বললেন, সেখানে চালু হল না। এবারেও বলছেন, কিন্তু দেখছি কিছু কলেজে থাকছে। এই যে দোদুল্যমান অবস্থা, এটা কেন ? এটা করবেন কেন ? একটা প্রিন্সিপল্ অনুযায়ী চলুন। একটা প্রিন্সিপল্ কেন থাকবে না ? আমাদের ক্ষেত্রে এক রকম বললেন, অন্য জায়গায় অন্য রকম বললেন, এটা কেন ? সবকিছু নিরপেক্ষ দৃষ্টিভঙ্গিতে করুন। শিক্ষার প্রসারতা ঘটাতে অসুবিধা নেই। শিক্ষার প্রসার বিভিন্নভাবে ঘটতে পারে। সাক্ষরতা প্রসার আগে কেউ করেননি ? আমরা, আপনারা যখন পড়েছেন, তখন কি এটা হয়নি ? বিভিন্ন সংগঠন থেকে হয়নি ? তখন যেগুলো হয়েছিল, আজও সেগুলো চলছে, বিভিন্নভাবে প্রকারভেদে চলছে। আমি মনে করি, আজকে যে বিল এসেছে, এটি যদি ড্রপ

আউট ছাত্রছাত্রীদের জন্য হয়, তাহলে এতে আমাদের সমর্থন আছে। কিন্তু এটি যদি শুধু ডাইভার্সিফিকেশন অফ এডুকেশনের জন্য হয় তাহলে এটিকে আবার ভেবে দেখার জন্য অনুরোধ জানাই। ড্রপ আউট ছাত্রদের যদি প্রকৃতপক্ষে যুক্ত করার জন্য এটি হয়, তাহলে ভাল। কিন্তু যদি দলীয় মনোভাব নিয়ে, দলকে পুষ্ট করার জন্য করে থাকেন—ডাইভার্সিফিকেশনের জন্য যা করছেন, এক-একবার এক-একটা করে যাবেন, এক-একটা করে ঘোষণা করে যাবেন, কি হচ্ছে, না হচ্ছে তা একটু অ্যানালিসিস্ করে দেখার জন্য আমি অনুরোধ জানাই—তাহলে তার বিরোধিতা আমাদের করতে হবে। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্যোগ যদি সাধু হয়, তাহলে তাতে আমাদের সমর্থন নিশ্চয়ই থাকবে।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, 'পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় (সংশোধন) বিধেয়ক, ২০০২' আমি উত্থাপন করেছি। মাননীয় সদস্য যাঁরা এই বিষয়ে তাঁদের মতামত দিয়েছেন, তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি উপসংহারে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় সৌগতবাবু এখানে কয়েকটি কথা বলেছেন। আমি অত্যন্ত বেদনাহত, একজন শিক্ষকের পক্ষে কতখানি অবমাননাকর এবং বিধানসভার পক্ষে কতখানি অবমাননাকর—মধ্যশিক্ষা পর্ষদের কিছু দোষত্রুটি থাকতে পারে, তার জন্য নিশ্চয়ই সমালোচনা করবেন। উনি বললেন, সেখানে প্রধান শিক্ষক যিনি আছেন, তাঁকে ছাত্ররা সেখানে জুতোর মালা পরিয়ে দেবার জন্য বসে আছে। এই রকম বক্তব্য একজন শিক্ষক হিসাবে আমি সৌগতবাবুর কাছ থেকে আশা করিনি। একজন শিক্ষকের পক্ষে এই ধরনের কথা উচ্চারণ হওয়া অত্যন্ত বেদনাদায়ক। সৌগতবাবু এ হেন নিকৃষ্ট ধরনের মন্তব্য করা থেকে বিরত থাকবেন, এই আশা করি। উনি দ্বিতীয় যে কথা বলেছেন, আমি আগেও প্রতিবাদ করেছি, এখনও করি। পশ্চিমবাংলার গ্রামের ছেলেমেয়েদের ভাল ফল করাকে উনি সন্দেহ করেছেন। পশ্চিমবাংলার গ্রামবাংলার ছাত্রদের প্রতি এটি অবমাননাকর। এই ধরনের সন্দেহ আমাদের কৃতী ছাত্রদের পক্ষে অবমাননাকর। একজন শিক্ষকের পক্ষ থেকে এই ধরনের মন্তব্য বেদনাদায়ক। আমি বিনীতভাবে সৌগতবাবুকে অনুরোধ করব, একজন শিক্ষক হিসাবে মেধাবী ছাত্রদের প্রতি এই ধরনের হীন মন্তব্য করা থেকে তিনি বিরত থাকুন। উনি দূরশিক্ষার কথা বলেছেন। ১৯৮৬ সালে যখন শিক্ষানীতি তৈরি হয় তখন দূরশিক্ষা চালু হয়। আমি ভারতবর্ষে অন্তত ৫০টি বিশ্ববিদ্যালয়ে গিয়েছি, কেন্দ্রীয় সরকারের প্রস্তাব 'চ্যালেঞ্জ অফ এডুকেশন' তার ওপরে আমাদের বক্তব্য রাখবার জন্য এতগুলো বিশ্ববিদ্যালয়ে আর কেউ যাননি—আমি যতগুলো বিশ্ববিদ্যালয়ে গিয়েছি। তদানীন্তন শিক্ষামন্ত্রী নরসিমা রাও যখন এখানে এসেছিলেন তখন আমি এই ব্যাপারে তাঁর সঙ্গে কথা বলেছিলাম। আমরা কখনও বলিনি যে আমরা দূরশিক্ষার বিরোধী। কিন্তু সেটি প্রথাগত শিক্ষাকে দুর্বল করে নয়। প্রথাগত শিক্ষার অঙ্গনকে প্রসারিত করে দূরশিক্ষার প্রয়োজন আমাদের মতো দেশে নিশ্চয়ই আছে, এই কথা আমরা বলেছিলাম। মাননীয় সৌগতবাবু এই তথ্যটি কোথা থেকে পেয়েছেন তা আমি জানি না। অনিল বৈদিয়া কেন্দ্রীয় শিক্ষা সচিব ছিলেন। তিনি এখানে এসে আমাদের সাথে আলোচনা করেছিলেন। রবীন্দ্রসদনে এই ব্যাপারে একটি সেমিনার হয়েছিল। আমরা সেখানে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আমি স্বাক্ষর করেছিলাম এবং প্রয়াত শম্ভু ঘোষ তিনি সেই সময়ে স্বাক্ষর করেছিলেন তার স্মারকলিপি পেশও করেছি। সেখানে দূরশিক্ষার আমরা কখনো বিরোধিতা করিনি। এবং সেই স্মারকলিপি অনিল বৈদিয়ার হাতে তুলে

দিয়েছিলাম এবং সেখানে আমরা বলেছিলাম দূরবর্তী শিক্ষার নিশ্চয় প্রয়োজন আছে, কিন্তু তাই বলে প্রথাগত শিক্ষাকে দুর্বল করে নয়। সেখানে আমরা দূরবর্তী শিক্ষার প্রয়োজনীয়তার কথা স্বীকার করে সরকারি পক্ষ থেকে আমি এবং প্রয়াত শম্ভু ঘোষ স্বাক্ষরও করেছিলাম। একটু সময় ধরে যদি সেগুলো দেখতেন তাহলে আমাদের বিরুদ্ধে এই অভিযোগগুলো আনতেন না। আপনি বললেন এক সময়ে আমরা দূরশিক্ষার বিরোধিতা করেছি আর এখন দূরশিক্ষার প্রবর্তন করছি। সৌগতবাবুর কি হয়েছে জানি না, উনি বাড়ির থেকে ঝগড়া করে এসেছেন কিনা জানি না, কারণ এইরকম তথ্য তো উনি বলেন না। তারপরে বললেন ১০ হাজার কোটি টাকা বেতন দিতে ব্যয় হয়। সৌগতবাবু আর কেউ বলে বলুন, কিন্তু আপনি ১০ হাজার কোটি টাকা বেতন দিতে ব্যয় হয় এইরকম তথ্য কোথা থেকে পেলেন জানি না। আমাদের ৪ হাজার কোটি টাকা ব্যয় হয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের বেতন দিতে।

**শ্রী সৌগত রায়** : আমি তো ৫০০ কোটি টাকা মাসে শিক্ষকদের বেতন দিতে ব্যয় হয় বলেছি।

**শ্রী কান্তি বিশ্বাস** : আপনি ৫০০ কোটি টাকা মাসে বেতন দিতে ব্যয় হয় কেন বললেন, ৫০০ কোটি টাকা তো নয়, ৩৫০ কোটি টাকা মাসে শিক্ষকদের বেতন দিতে ব্যয় হয়। এতো ভুলভাল তথ্য বলছেন কেন ? আপনার কি মন খারাপ হয়েছে নাকি যে ভুল তথ্য বলছেন। আপনি যেটা বলেছেন সেই ব্যাপারে আমরা দুর্বলতা স্বীকার করব যে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় যেভাবে প্রসার হবে আমরা ধারণা করেছিলাম ততখানি প্রসার আমরা করতে পারিনি। এই দুর্বলতা কেন আমরা অস্বীকার করব ? আজকে ৭৫টি কেন্দ্রে রবীন্দ্র মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। গতবার যা ছিল এখন আরো বেড়েছে আরো বৃদ্ধি পাওয়া উচিত। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় শিক্ষায় বিকাশী, শিক্ষা হিতৈষী মানুষের দৃষ্টিকে এখনো আকর্ষণ করতে সম্পূর্ণভাবে সফল হয়নি। এই দুর্বলতা আমাদের আছে, আমরা চেষ্টা করছি সেই দুর্বলতা কাটিয়ে উঠে যারা স্বল্প শিক্ষিত তাদের শিক্ষার মানকে আরো উন্নতি করতে। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় আগামী দিনে যাতে বলিষ্ঠ ভূমিকা পালন করতে পারে সেই উদ্দেশ্য আমাদের আছে। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় যতখানি হবে ভেবেছিলাম ততখানি হয়নি। এই দুর্বলতা আমরা নিশ্চয় স্বীকার করব। আমরা ওখানে উচ্চমাধ্যমিক পাঠক্রম প্রবর্তন করছি। কিন্তু পাঠ্যসূচি প্রণয়ন এখনো করতে পারিনি। কিন্তু চূড়ান্ত হওয়ার পথে। বছরে দুটো পরীক্ষা জুন মাসে এবং ডিসেম্বর মাসে হয়। আগামীকাল থেকে পরীক্ষা হচ্ছে—রবীন্দ্র মুক্ত বিদ্যালয় আয়োজিত হচ্ছে, এতে ৩ হাজারের উপরে ছেলেমেয়ে পরীক্ষা এইবার দেবে। আগামী ডিসেম্বর মাসে তার থেকেও বেশি দেবে। আগামী বছর থেকে যাতে উচ্চমাধ্যমিক পাঠক্রম প্রবর্তন করতে পারি তার পাঠ্যসূচির প্রস্তুতি চলছে। তারপরে ন্যাশনাল ওপেন স্কুলে কথা বলেছেন। তাদের সঙ্গেও আমাদের আলোচনা হচ্ছে কিনা আপনি হয়ত জানেন না। মর্মর মুখোপাধ্যায় যিনি জাতীয় মুক্ত বিদ্যালয়ের সঙ্গে যুক্ত আছেন, তিনি আমাদের রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের চেয়ারম্যান ছিলেন। যখনই আমাদের প্রয়োজন হয় আমরা তাঁর সঙ্গে যোগাযোগ করি এবং ভারতবর্ষের বাইরে যে সমস্ত মুক্ত বিদ্যালয় আছে তাদের সঙ্গেও যোগাযোগ করেছি। যতখানি সম্ভব পরামর্শ নেবার চেষ্টা করেছি। আর এই কথাটা আপনি ঠিকই বলেছেন

ডাইরেক্টর এবং চেয়ারম্যানের ব্যাপারে যে ব্যাখ্যা করলেন তাতে আমরা কার্যকরী ক্ষেত্রে দেখছি যে, ডাইরেক্টরদের প্রকৃতপক্ষে সচিবের ভূমিকা পালন করা উচিত। সেই জন্য ডাইরেক্টর এবং চেয়ারম্যানের যে কাজের ভূমিকা করা ছিল তাতে কাজের ক্ষেত্রে অসুবিধা দেখা দিচ্ছিল। সেই জন্য ডাইরেক্টরের কাজটাকে একটু পুনর্বিন্যাস করেছি যাতে ডাইরেক্টর এবং চেয়ারম্যানের কাজের ক্ষেত্রে কোনো অসুবিধা না হয়। আর মাধ্যমিক শিক্ষার অগ্রগতি হচ্ছে না একথা আর আদৌ বলবেন না। আমারই প্রস্তাব অনুসারে জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পর্ষদ ৮টি বিষয়ে একই দিনে একই প্রশ্ন সারা ভারতবর্ষব্যাপী পরীক্ষা নিয়েছিল। আমি ওতে বুঝতে চেয়েছিলাম আমরা কোথায় আছি, আমিই প্রস্তাব করেছিলাম শিক্ষামন্ত্রী সম্মেলনে যে জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পর্ষদ সারা ভারতবর্ষে তারা পরীক্ষা পরিচালনা করুক। গত বছরে একই দিনে সব বিষয়ের উপরে পরীক্ষা হয়েছিল দশম শ্রেণী এবং দ্বাদশ শ্রেণীতে। নিশ্চয় আপনাদের ভাল লাগবে সেই পরীক্ষার ফলাফল প্রকাশ করেছি। ভারতবর্ষের দু-একটি রাজ্য ছাড়া পশ্চিমবঙ্গের মানুষ সব থেকে উপরে। এটা আমাদের তৈরি করা পরীক্ষা নয়, জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পর্ষদ তাদের পরিচালিত পরীক্ষা, তাতে বাংলার ছেলেমেয়েদের মান দশম এবং দ্বাদশ শ্রেণীতে দেখা গেছে কয়েকটি রাজ্যের মধ্যে সর্বশ্রেষ্ঠ। কয়েকটি রাজ্য হচ্ছে কর্নাটক, কেরালা, মহারাষ্ট্র, তামিলনাডু—এদের থেকে পশ্চিমবঙ্গের মান উপরে। অতএব পশ্চিমবঙ্গের মাধ্যমিক মানের যে অগ্রগতি হচ্ছে না তথ্য এই কথা বলে না। তারপরে মুরসালীন মোল্লা সাহেব কতগুলো কথা বলেছেন, তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি। সুভাষবাবু পরামর্শ দিয়েছেন, কার্যকরী করার ক্ষেত্রে মূল্যবান পরামর্শ। আর কাশীনাথ মিশ্র মহাশয়ের বক্তব্য খুবই হতাশাব্যঞ্জক আমার কাছে মনে হয়েছে। আপনার কাছ থেকে আরো তথ্যমূলক বক্তব্য আশা করেছিলাম।

আমি অক্ষমতার কথা অকপটে স্বীকার করবো, আপনি যে কি বলতে চাইছেন তা আমি উদ্ধার করতে পারিনি। আপনার কাছ থেকে আমি আরও একটু সুনির্দিষ্ট বক্তব্য আশা করেছিলাম। আপনি দীর্ঘদিন আছেন এখানে আপনার বহু বক্তব্য আমি শুনেছি, আপনি যেটা বলছিলেন, এখন ৭৫ হয়েছে, আপনি চাইলে পরে আমি তালিকা দিয়ে দেবো। ৪৭টা এখন ৭৫ হয়েছে। আপনি দীনমজুর খেতমজুর-এর প্রতিনিধিত্বর কথা বলছিলেন, এটাতো রবীন্দ্র মুক্ত বিদ্যালয় দীনমজুর খেতমজুরের প্রতিনিধিত্ব কিভাবে রাখা হবে, বুঝলাম না। রবীন্দ্র মুক্ত বিদ্যালয় একটা শিক্ষা সংস্থা, তারা পাঠ্যসূচি করবে, পাঠ্যক্রম করবে, পরীক্ষা নেবে, যেখানে শিক্ষার মান আছে, যারা স্বল্প শিক্ষিত আছেন, যারা তার থেকে আরো শীর্ষে পৌছাতে চান তাদের সাহায্য করা হবে। এখানে দীনমজুর, খেতমজুরের প্রতি দরদ দেখাতে গেলেন কেন আপনি হঠাৎ করে, এটার অর্থ আমি বুঝলাম না। একটা অপ্রাসঙ্গিক কথা, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়, এটা এখনও শৈশব। '৯৭ সালে মন্ত্রীসভার সিদ্ধান্ত নিয়ে এটা শুরু করেছিল, তারপরে বুঝেছিলাম এটা একটা বিধিবদ্ধ আইনের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত না হলে পরে পরবর্তী সময়ে অসুবিধা হবে। যেহেতু রবীন্দ্র মুক্ত বিদ্যালয়গুলি থেকে উত্তীর্ণ হয় তারা মাধ্যমিক বিদ্যালয়ে পাস হিসাবে ধরা হবে, যদি উচ্চমাধ্যমিক পাঠ্যক্রম উত্তীর্ণ হতে পারে, উচ্চমাধ্যমিক পাঠ্যক্রমে যারা আনুষ্ঠানিকভাবে পাস করেছে তার সমতুল ধরা হবে। যদি আইন না থাকে তবে অসুবিধা হবে। তাই আইন আমি করেছি। কিন্তু যেভাবে ছড়িয়ে দেওয়া

দরকার, সেইভাবে ছড়িয়ে দিতে পারিনি। আপনাদের সাহায্য সহযোগিতা এবং বাংলার শিক্ষ অনুরাগী মানুষের সাহায্য ও সহযোগিতা নিয়ে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়-এর আমরা প্রসার করতে পারবো। একটি কথা বলি, যার নামে এই বিদ্যালয় রবীন্দ্রনাথ, তিনি বারে বারে বলেছেন—আমরা শিক্ষাকে বহন করি, শিক্ষাকে বাহন করাতে পারিলাম না। আমরা কিন্তু পশ্চিমবাংলায় আমরা শিক্ষাকে শুধু বহন করতে চাই না, শিক্ষাকে বাহন করতে চাই। যে শিক্ষার উপর দাঁড়িয়ে সাম্প্রদায়িক বিষবাষ্পকে দূরীভূত করতে পারি, সাম্রাজ্যবাদী চক্রান্তকে ব্যর্থ করতে পারি, বাংলার মানুষের যে বৈশিষ্ট্য ভারতবর্ষের মানুষের কাছে তা বিরাট প্রত্যাশা। আধুনিক শিক্ষার কথা বলেছিলেন, প্রথম রামমোহন রায়। ১৯২৩ সালে ১৬ই সেপ্টেম্বর তারিখে রাজা রামমোহন রায় আধুনিক শিক্ষার কথা বলেছিলেন। ১৮৫৪ সালে বিদ্যাসাগর ১৬ পৃষ্ঠার চিঠি দিয়ে আধুনিক শিক্ষার কথা বলেছিলেন রবীন্দ্রনাথকে, অন রাজ্যে যখন আমরা যাই তখন এই রাজ্যের ব্যাপারে আমরা দাবি করতে পারি, এই রাজ রামমোহন এর জন্ম দিয়েছে, এই রাজ্য দাবি করতে পারে বিদ্যাসাগরের জন্ম দিয়েছে। কে দাবি করতে পারে, রবীন্দ্রস্মৃতিবিজড়িত এই ঐতিহ্য কার আছে, যা বাংলার আছে। এই গৌরব আমাদের, আমরা যারা পশ্চিমবাংলায় বসবাস করি, আমাদের প্রত্যেকের। সেজন্য আপনাদের সাহায্য ও সহযোগিতায় রবীন্দ্রনাথের নামাঙ্কিত এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়কে প্রসার করতে চাই এবং ভারতবর্ষের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ মুক্ত বিদ্যালয় হিসাবে দেখাতে চাই আশা করি আপনাদের সাহায্য ও সহযোগিতা পাব। এই কথা বলে আমি আপনাদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Kanti Biswas that the Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2002, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 16**

The question that the Clauses 1 to 16 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the bill was then put and agreed to.

**Shri Kanti Biswas** : Sir, I beg to move that the Rabindra Mukta Vidyalaya (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5.09 p.m. till 11 a.m. on Tuesday the 11th June, 2002, at the Assembly House, Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 11th June 2002 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 06 Ministers, 06 Ministers of State and 154 Members.

[11.00—11.10 a.m.]

### Starred Questions
### (To which oral answers were given)

### উদ্বাস্তু কলোনীগুলিতে শিল্প সংস্থাপন

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯) **শ্রী আব্দুল মান্নান ঃ** উদ্বাস্তু ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৯-২০০০ আর্থিক বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ 'পশ্চিমবঙ্গ পরিকাঠামোগত উন্নয়ন অর্থ নিগম' কর্তৃক উদ্বাস্তু কলোনীগুলিতে শিল্প সংস্থাপন সংক্রান্ত পরিকাঠামো উন্নয়নে কী ধরনের প্রকল্প গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পগুলির মাধ্যমে অগ্রগতি বর্তমানে কোন পর্যায়ে ?

**শ্রী নয়ন সরকার ঃ**

(ক) উক্ত আর্থিক বছরে উল্লেখিত উদ্দেশ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ১৯৯৯-২০০০ সালের বাজেট বক্তৃতা আপনি পড়েছেন কিনা জানিনা, ওই আর্থিক বছরের বাজেটের কপি থেকেই আমি কিন্তু প্রশ্ন করেছিলাম। আপনি বলছেন কোনো প্রকল্প গ্রহণ করা হয়নি। আপনি বোধহয় জানেন আমি অ্যাসুওরেন্স কমিটিরও চেয়ারম্যান এবং আমি রিপোর্ট পেয়েছি কোনো কিছুই ইমপ্লিমেন্ট করা হয়নি। আর আপনি এখানে বলছেন কোনো প্রকল্পই গ্রহণ করা হয়নি। এই প্রস্তাব ছিল কিনা বলুন, না হলে আপনার বিরুদ্ধে আমি প্রিভিলেজ আনব হাউসকে মিসলিড করার জন্য। আপনার আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন তিনি বলেছিলেন, উদ্বাস্তু কলোনীগুলিতে শিল্পোন্নয়ন পরিকাঠামো তৈরি করার জন্য ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফিনানসিয়াল কর্পোরেশনের মাধ্যমে কিছু প্রকল্প গ্রহণ করা হয়েছে। কিন্তু এখানে আপনি বলছেন কোনো প্রস্তাবই ছিল না।

**মি. স্পীকার ঃ** মিঃ মান্নান, ইউ আর রেফারিং সাচ ডকুমেন্টস। মন্ত্রীর বক্তৃতার ডকুমেন্ট তো ওনাকে দিতে হবে, না হলে উনি জানবেন কি করে, আপনি কোথা থেকে

বলছেন। আপনাকে তো কপি দিয়ে দিতে হবে, ডকুমেন্টটা হেল করতে হবে। হাউ ডাজ হি নো, কি ছিল, কি ছিল না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই ডকুমেন্ট তো বিধানসভাতেই আছে। আমি তো রেফারেন্স দিয়েছি ১৯৯৯-২০০০ সালের বাজেট বক্তৃতায় এটা আছে। সেখানে অ্যাসুওরেন্স ছিল পশ্চিমবঙ্গ পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে উদ্বাস্তু কলোনীতে কিছু ব্যবস্থা নেওয়া হবে। আর আজকে মাননীয় মন্ত্রীমহাশয় বলছেন যে বাজেট বক্তৃতায় এই কথা ছিল না। মাননীয় মন্ত্রীমহাশয় যদি সিওর থাকেন তাহলে বলুন, কারণ আমি প্রিভিলেজ আনব উইথ ডকুমেন্টস।

**শ্রী নয়ন সরকার ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন এখানে তুলেছেন—বিগত বাজেট বক্তৃতায় মাননীয় অর্থমন্ত্রী যেটা বলেছেন—আপনি দেখুন ২৬ পৃষ্ঠায় আছে—মাননীয় সদস্যগণ, উদ্বাস্তু পুনর্বাসনের সমস্যার উপর গুরুত্ব আরোপ করে 'পশ্চিমবঙ্গ পরিকাঠামোগত উন্নয়ন অর্থ নিগমের' নিকট সংশ্লিষ্ট কলোনীগুলির জন্য অতিরিক্ত ১২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রেখেছি। শিল্পের প্রশ্ন এখানে নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি উত্তরে বলেছেন নেই। তাহলে আমি যেটা বলেছি সেটাই ঠিক।

**শ্রী নয়ন সরকার ঃ** আপনি শিল্প সংক্রান্ত প্রশ্ন রেখেছেন, পরিকাঠামোগত প্রশ্ন রাখলে উত্তর দেওয়া যেত।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই কর্পোরেশনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পরিকাঠামোগত উন্নয়ন আর্থিক নিগমে ১২ কোটি টাকার যে প্রস্তাবটা ছিল, সেটাতে কি কি কাজ হয়েছে ?

**মি. স্পীকার ঃ** এর জন্য ফ্রেশ প্রশ্ন লাগবে। মন্ত্রীর জানা থাকলে বলুন।

**শ্রী নয়ন সরকার ঃ** ওই বছরেই ৯ কোটি ৭৩ লক্ষ ৬৭ হাজার ৯৬ টাকা দিয়ে ১১৭টি প্রকল্পের কাজ শুরু করা হয় এবং তার বেশিরভাগ কাজই ইতিমধ্যে প্রায় সমাধা হয়ে গেছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কি ধরনের উন্নয়নের কাজ হয়েছে বলুন।

**শ্রী নয়ন সরকার ঃ** স্যার, মাননীয় সদস্য জানেন, তবুও যখন জানতে চাইছেন বলছি—এটা কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে রাজ্য সরকার তার বাজেট থেকে যে টাকা উদ্বাস্তু কলোনীগুলির পরিকাঠামো উন্নয়নের জন্য ব্যয় করেন, তাতে রাস্তা, ড্রেনেজ, স্যানিটারি এবং গার্ড ওয়াল, এসব কাজ করা হয় এবং সেসব কাজই করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ৯ কোটির কিছু অধিক টাকা খরচ করেছেন। বাকি টাকার স্কিম কি আসেনি, না কি পরিকল্পনা আছে ?

**শ্রী নয়ন সরকার ঃ** এই বিষয়টি নিয়ে পরবর্তীতে প্রশ্ন করবেন, উত্তর দেওয়া হবে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আমরা সকলেই জানি শহরাঞ্চলে যে উদ্বাস্তু কলোনীগুলো আছে তার তুলনায় গ্রামীণ এলাকার কলোনীগুলো পশ্চাদপদ্। সেই পশ্চাদপদ্ কলোনীগুলোর পরিকাঠামোগত উন্নয়নের জন্য আপনি বিশেষ কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা এই আর্থিক বছরে এবং গ্রহণ করলে সেটা দয়া করে বলবেন কি ?

**শ্রী নয়ন সরকার ঃ** মাননীয় স্পীকারের মাধ্যমে আপনাকে এবং সকল সদস্যকে জানাচ্ছি, কলোনী গ্রামীণ ক্ষেত্রে বেশি এবং পশ্চাদপদ্ যেটা বলেছেন এর সামগ্রিক উন্নয়নের জন্য রাজ্য সরকার তার পরিকল্পনা খাতে এবং আর আই ডি এফ-এর মাধ্যমে গ্রামীণ

কলোনীগুলোর ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিচ্ছে এবং পশ্চিমবঙ্গের রাজ্য সরকার, বামফ্রন্ট সরকার তার বিশেষ উদ্যোগের ভেতর দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একটা প্রতিশ্রুতি পেয়েছে এবং আশা করা যাচ্ছে পাওয়া যাবে। ১৬০ কোটি টাকা গ্রামীণ কলোনীগুলির উন্নয়নের জন্য এই বছর রিভাইজড বাজেটে ১৫ কোটি টাকা পাওয়ার কথা আছে। যদি দেয়, আপনারা সব দেখেছেন, সব বুঝেছেন যে যদি আমরা পাই, তাহলে আমরা বাড়তি গ্রামীণ প্রকল্পগুলির কাজ এগিয়ে নিয়ে যেতে পারব।

[11.10—11.20 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী বললেন যে, কেন্দ্রীয় সরকারের যে টাকা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টের জন্য বিভিন্ন কলোনীতে পেয়েছেন, তার মধ্যে কলকাতায় নিউ আলিপুর শাহাপুর পশ্চিম কলোনীর জন্য ১২ লক্ষ টাকা আপনার দপ্তর অনুমোদন করেছিল। সি এম ডি এ-কে পরিকল্পনা করতে দেওয়া হয়েছিল। সি এম ডি এ পরিকল্পনা করে আপনার দপ্তরে জমাও দিয়েছে। গত দুবছর ধরে আপনার ডিপার্টমেন্টে টাকাটা পড়ে আছে। প্রজেক্ট রিপোর্ট দুবছর ধরে পড়ে আছে। আপনারা সেই টাকা ব্যবহার করতে পারেননি। আপনি জানাবেন যে কেন রাজ্য সরকার দুবছর ধরে টাকা পাওয়ার পরেও সমস্ত কিছু জমা দেওয়ার পরেও উন্নয়নের কাজ করতে পারছে না ?

**শ্রী নয়ন সরকার ঃ** মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে, এই প্রশ্নের সঙ্গে আপনার প্রশ্নের কোনও সম্পর্ক নেই। তা সত্ত্বেও আমি বলছি যে, আপনি আলাদাভাবে আমার সঙ্গে নিজে যোগাযোগ করুন, যদি এই ঘটনা ঘটে থাকে, তাহলে নিশ্চয় তা যাতে দ্রুততার সাথে কার্যকরী হয় তার ব্যবস্থা আমি করব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনার নলেজে নেই এটা বলুন। এটা ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের টাকা, এটা আপনি জানেন না, এটা বলুন।

**শ্রী নয়ন সরকার ঃ** পরিকাঠামো উন্নয়ন, সেটা পুরোপুরি রাজ্য সংক্রান্ত। আর আপনি যে বিষয়ে বলছেন সেটা আর্বান ডেভেলপমেন্ট এলাকার উদ্বাস্তু সংক্রান্ত। কেন্দ্রীয় সরকার যে ৭৮ কোটি টাকা দিয়েছিল, এটা তারই পার্ট।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি বলুন যে, আপনি নতুন দায়িত্ব নিয়েছেন, আপনি জানেন না।

**শ্রী নয়ন সরকার ঃ** আপনি লিখিত দেবেন, আমি আশা করি এই রকম ঘটনা নিশ্চয় থাকবে না। এখন কে এম ডি এ, সি এম ডি এ কোনো কাজই ফেলে রাখে না।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন—কোন কোন জেলায় গ্রামীণ উদ্বাস্তু কলোনীগুলির পরিকাঠামো পরিবর্তন করার ব্যবস্থা করেছেন।

**শ্রী নয়ন সরকার ঃ** এটা বিশাল তালিকা। আপনি যদি আলাদাভাবে প্রশ্ন করেন, তাহলে কোন জেলাগুলিতে পরিকাঠামো ডেভেলপমেন্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে বা আগে কাজ শেষ করা হয়েছে, সেগুলি অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি সকলকে জানাতে পারি।

**শ্রী সৌগত রায় ঃ** আপনি বলছেন যে, এটা কেন্দ্রীয় সরকারের টাকা। এটাতে পরিকাঠামো উন্নয়ন হয়েছে। এতে রাজ্য সরকারের দেওয়া কোনো প্ল্যানের টাকা নেই। আপনি বলুন এটা ফিনান্স কমিশনের রেকমেন্ডেশানে এসেছে, না কেন্দ্রীয় সরকার কোনও বিশেষ পরিকল্পনামাফিক এককালীন এই সাহায্য দিয়েছেন। আর কোন কোন জেলায় কটা পরিকল্পনা নেওয়া হয়েছে, সেটা যদি জানান তাহলে ভালো হয়।

**শ্রী নয়ন সরকার ঃ** এই গোটা বিষয়টা আলাদাভাবে প্রশ্ন করলে আমি বলে দেব। আর এককালীন টাকা দেয় না। এটা ৫ বছর ধরে ভাগ করে টাকা দিয়ে দিয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** এটা কি ফিনান্স কমিশনের রেকমেন্ডেশানে এসেছে ?

**শ্রী নয়ন সরকার ঃ** এটা স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে একটা লাইন যুক্ত আছে। কেন্দ্রীয় পরিকল্পনা আসে স্বরাষ্ট্র দপ্তরের মাধ্যমে, আমরা টাকা পাই।

**শ্রী সৌগত রায় ঃ** জেলাওয়াড়ি কটা বলুন। আপনি তো বললেন ৭৩টা, কোন জেলায় কটা বলতে পারবেন না। নিশ্চয়ই আপনার ফাইলে আছে দেখুন।

**শ্রী নয়ন সরকার ঃ** আপনি আলাদা প্রশ্ন করে নোটিশ দিন আমি উত্তর দেব।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে আমাদের দেশের স্বাধীনতা ৫৫ বছর হয়ে গেল, এখনও আমরা উদ্বাস্তু শব্দ ব্যবহার করছি। এই ব্যর্থতা কেন্দ্রীয় সরকারের। প্রথম যিনি উদ্বাস্তু মন্ত্রী ছিলেন মেহেরচাঁদ খান্না, তিনি তাঁর প্রথম সফরে এসে বলেছিলেন যে, আমাদের জলপাইগুড়িতেও বেশ কিছু কলোনী দেখেছিলেন, ৫ বছরের মধ্যে সমস্ত কলোনী সেটলমেন্ট হয়ে যাবে কিন্তু এখন আমরা লক্ষ করছি বহু কলোনীর যারা উদ্বাস্তু তাদের পরিকাঠামোর জন্য কিছু কিছু টাকা পয়সা খরচ হচ্ছে ঠিকই কিন্তু মূলত সার্বিক যে সেটা হয়নি। বহু কলোনী পাট্টা পায়নি। এদের পাট্টা দেওয়ার জন্য কি ব্যবস্থা করছেন জানাবেন কি। আর ২০০১-০২ এর জন্য এই পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে ড্রেনেজ সিস্টেম, পানীয় জল, বিদ্যুৎ, রাস্তাঘাট এর জন্য কত পেয়েছেন অনুগ্রহ করে বললে বাধিত হব।

**শ্রী নয়ন সরকার ঃ** মাননীয় সদস্য সঠিকভাবেই বলেছেন যে পশ্চিমবাংলায় উদ্বাস্তুদের সঙ্গে জাতীয় যে নীতি, পাঞ্জাবের ক্ষেত্রে যেটা করা হয়েছে, এখানে সেটা করা হয়নি। আমার রাজ্য সরকারকে ৯২ সালে কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন যে আপনারা এককালীন প্রজেক্ট করে উদ্বাস্তুদের প্রকৃত পুনর্বাসনের জন্য টাকা চান। ১৭শো ২৬ কোটি ৫০ হাজার টাকা আমরা জমা দিয়েছিলাম। সেটা বরফেই চাপা পড়ে আছে। এই নিয়ে আর কোনো কথা হয়নি। তার রাজ্য সরকারের পক্ষ থেকে পাট্টা দেওয়া হয় না। রাজ্য সরকার দেন নিঃশর্ত দলিল। যেটা উদ্বাস্তু প্রকৃত দাবি এবং উদ্বাস্তুরা মানবিক আত্মসম্মান নিয়ে বাঁচতে পারে তার জন্য তাদের নিজস্ব জমি হওয়া দরকার। কেন্দ্রীয় সরকার এ বিষয়ে প্রথমে অনুমোদন দেয়নি। পরে রাজ্য সরকার তাদের নিজস্ব জমি ছিল সেখানে নিঃশর্ত দলিল দেওয়ার কাজ শুরু করে তখন কেন্দ্রীয় সরকার সমগ্র কলোনীতে কেন্দ্রীয় সরকারের ব্যক্তিগত জমিতে, জবরদখল কলোনীতে নিঃশর্ত দলিল দেওয়ার নির্দেশ দেয়। তবে এ বিষয়ে সমগ্র তথ্য আমি আপনাকে দিতে পারি আপনি যদি আলাদাভাবে নোটিশ দেন।

**শ্রী অরূপ ভদ্র ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি একটা প্রশ্ন করতে চাই। উদ্বাস্তুদের জন্য পার্মানেন্ট দলিল দেওয়ার জন্য ৪৫ মিনিট পার্লামেন্টে লড়াই করে মমতা ব্যানার্জি লীজ দলিলের পরিবর্তে পার্মানেন্ট দলিলের ব্যবস্থা করেছিলেন। সেই অনুযায়ী পশ্চিমবাংলায় সমস্ত জেলায় দেওয়ার কথা। এই দলিল উদ্বাস্তুদের দেওয়ার পরিবর্তে এদেশীয়দের অনেক লোকের নাম এর মধ্যে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এর জন্য কোনও আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে কিনা ? আর আর ডিপার্টমেন্ট জেলাপরিষদের মাধ্যমে একদম বুথ এলাকা পর্যন্ত যেখানে যে সমস্ত কাজ করার কথা, সেখানে সেই টাকা দীর্ঘদিন ধরে পড়ে আছে, বিভিন্ন জেলায় সেগুলো কিভাবে বাস্তবে রূপায়িত হবে, এই বিষয়ে কোনো দায়িত্ব আপনার দপ্তর নিয়েছে কিনা ?

[11.20—11.30 a.m.]

**শ্রী নয়ন সরকার ঃ** স্যার, মাননীয় সদস্য প্রশ্ন করতে গিয়ে একটা আবেগপূর্ণ বক্তৃতা দিলেন। আপনার জানা উচিত আপনারা তখন উভয়ে এক জায়গায় ছিলেন। সে সময় উদ্বাস্তুরা অত্যাচার, বঞ্চনার বিরুদ্ধে নিজেরাই সংগঠিত হয়েছিল এবং আপনারা জানেন তাদের সংগঠন কি গড়ে উঠেছিল। বামফ্রন্ট সরকার গঠিত হওয়ার পর বামফ্রন্ট সরকারই প্রথম সিদ্ধান্ত গ্রহণ করে নিঃশর্ত দলিল দেওয়া হবে।

(নয়েজ)

আপনারা যা বক্তৃতা করছেন তার ভিতর দিয়ে এই দলিল হয়নি। আপনারা যা জানেন না তা বলবেন না।

## প্রাণী রোগ প্রতিষেধক টীকা

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে উন্নত প্রযুক্তির প্রাণী রোগ প্রতিষেধক টীকার উৎপাদন বৃদ্ধির জন্য একটি কেন্দ্র স্থাপন করা হয়েছে :

(খ) সত্যি হলে, কেন্দ্রটি কোথায় স্থাপন করা হয়েছে ; এবং

(গ) কেন্দ্রটির নাম কি ?

**শ্রী আনিসুর রহমান সরকার :**

(ক) হ্যাঁ।

(খ) কেন্দ্রটি কলকাতার বেলগাছিয়ায় স্থাপন করা হয়েছে।

(গ) কেন্দ্রটির নাম : ইনস্টিটিউট অব অ্যানিমেল হেলথ অ্যান্ড ভেটেরিনারি বায়োলজিক্যালস্, কলকাতা।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** আপনি বললেন উন্নত প্রযুক্তির সাহায্যে প্রাণী রোগ প্রতিষেধক যে টীকা সেটা উৎপাদিত হচ্ছে। আমাদের রাজ্যে কত ধরনের টীকা উৎপাদিত হচ্ছে এবং বর্তমানে তার পরিমাণ কত ?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের বেলগাছিয়ায় যে ইনস্টিটিউট আছে সেখানে ১৪ রকম টীকা তৈরি হয়। এই ১৪টার মধ্যে ৫টা ব্যাকটেরিয়া ভ্যাকসিন, ৯ রকম ভাইরাল

ভ্যাকসিন এবং ৩ রকম এন্টিজেন তৈরি হয় এবং এটা মূলত গরুর জন্য। তাহলে ৫ প্লাস ৯ মোট ১৪ রকম টীকা ও ৩ রকম এন্টিজেন এখানে তৈরি হয়। প্রত্যেক বছর উৎপাদনের পরিবর্তন হয়। গত বছরে ১ কোটি ৮১ লক্ষ ডোজ উৎপাদিত হয়েছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : এই যে বিশাল পরিমাণ টীকা উৎপাদিত হয় যেটা আপনি বললেন, আমি জানতে চাইছি এই সমস্ত টীকা চাষীদের কাছে কি পদ্ধতিতে পাঠানো হয় এবং এই টীকা চাষীদের দেওয়ার ক্ষেত্রে কোনো পয়সা নেওয়া হয়, নাকি বিনা পয়সায় দেওয়া হয় ?

**শ্রী আনিসুর রহমান** : আমাদের টীকা দেওয়ার যে ব্যবস্থা আছে তাতে রাজ্যের প্রায় প্রত্যেক হাসপাতালে জেলা-হাসপাতাল আছে এবং মহকুমা হাসপাতাল আছে, এই রকম ১১০টা হাসপাতাল আছে এবং ৩৪২টি ব্লকে একটা করে ব্লক প্রাণী স্বাস্থ্যকেন্দ্র আছে এবং অতিরিক্ত ২৭১ ব্লক প্রাণী স্বাস্থ্যকেন্দ্র আছে যেখান থেকে টীকা দেওয়া হয়। এছাড়াও প্রত্যেক গ্রামপঞ্চায়েতে এল ডি এ অর্থাৎ লাইভ স্টক ডেভেলপমেন্ট অ্যাসিসট্যান্ট নিয়োগ করা হয়েছে। এদের মাধ্যমেও প্রাণীদের টীকা দেওয়ার ব্যবস্থা আছে। গত বছর সরকারি স্বাস্থ্যকেন্দ্র থেকে ১ কোটি ২৪ লক্ষ টীকা দেওয়া হয়েছে। আমাদের প্রত্যেকটি গ্রামপঞ্চায়েতে বছরে দুবার করে প্রাণী স্বাস্থ্য শিবির করা হয়। সেখানেও টীকা দেওয়ার ব্যবস্থা আছে। ৯ লক্ষ ৮০ হাজার টীকা দেওয়া হয়েছে। মোট ১ কোটি ১০ লক্ষ টীকা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সরকারি উদ্যোগে। এছাড়াও বেসরকারি উদ্যোগও আছে, যারা আমাদের থেকে টীকা কিনে টীকা দেওয়ার ব্যবস্থা করেন। একমাত্র এফ এম ডি ভ্যাকসিনের ক্ষেত্রে মোট দামের চার ভাগের এক ভাগ দাম ৪ টাকা নেওয়া হয়। আর সব টীকা বিনা পয়সায় দেওয়া হয়।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : বেলগাছিয়ায় অবস্থিত ইনস্টিটিউট অব অ্যানিমেল হেলথ্ অ্যান্ড ভেটেরিনারি বায়োলজিক্যাল এটাকে আরও উন্নত করার কোনো পরিকল্পনা আছে কিনা জানাবেন ?

**শ্রী আনিসুর রহমান** : এ ব্যাপারে একটা ভালো খবর আছে। ভারতবর্ষের প্রায় সব রাজ্যে, সব বড় রাজ্যে একটা করে কেন্দ্র আছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার এই কাজের মানের ভিত্তিতে ৪টি রাজ্যে ৪টি কেন্দ্রকে বেছে নিয়ে উন্নত করছেন। এটাকে বলে আর ডি ডি এল। অর্থাৎ, রিজিওনাল ডিজিজ ডাইগোনস্টিক ল্যাবরেটরি। পাঞ্জাবের জলন্ধরে, মহারাষ্ট্রের পুনে, দক্ষিণ ভারতের ব্যাঙ্গালোর এবং পূর্ব ভারত তথা উত্তর-পূর্বাঞ্চলের প্রায় সব রাজ্য মিলিয়ে আমাদের কলকাতার বেলগাছিয়াতে একটা কেন্দ্র আছে। সেটাকে উন্নত করা হয়েছে পূর্বাঞ্চলের রোগ নির্ণয় কেন্দ্র হিসাবে। এই আর ডি ডি এল করা হয়েছে। এবং এর জন্য ২৯টি নতুন পোস্ট তৈরি করা হয়েছে। প্রথমে প্রোজেক্ট পিরিয়ডের দায়িত্ব কেন্দ্রীয় সরকার নেবে। এছাড়া কিছু টাকা আমাদের দিয়েছে। বাকি দায়িত্ব, পরিকাঠামো ইত্যাদি কাজ আমাদের সরকার শুরু করেছে। পূর্বাঞ্চলের সব রাজ্য তো বটেই আন্দামান-নিকোবর, উত্তর-পূর্বাঞ্চলের ৭টি রাজ্য, ঝাড়খণ্ড, ওড়িশা, সব রাজ্যগুলোর এটা বড় উপকারে লাগবে বলে আমাদের ধারণা।

**শ্রীমতী রত্না দে** : এতে কি কি রোগের টীকা উৎপাদন করার ব্যবস্থা হয়েছে ?

**শ্রী আনিসুর রহমান** : এখনও অবধি প্রাণীদের যে রকমের রোগ ধরা পড়েছে তার মধ্যে একটা বাদে সব রয়েছে। ক্ষুরো রোগ বা ফুট অ্যান্ড মাউথ ডিজিজ। মুখে, ক্ষুরে এই

রোগ হয়। এটা ব্যয়-বহুল, এর জন্য পরিকাঠামো করতে হবে। এর জন্য সরকারের কেন্দ্র আছে—আই ভি আর টি বা ইন্ডিয়ান ভেটারেনারি রিসার্চ ইনস্টিটিউট। তার দুটো কেন্দ্র আছে, সেখানে তৈরি হয়। আর এন ডি ডি বি কেন্দ্র আছে হায়দ্রাবাদে, সেখানেও তৈরি হয়। বাকি সমস্তগুলো এখানে হয়। ৫টা ব্যাকটেরিয়াল ভ্যাকসিন,-অ্যানথ্রাক্স আছে, ব্লাকওয়াটার ডিজিজ ভ্যাকসিন আছে, হেমোরেজিক সেপটোসেমিয়া আছে, ফাউল কলেরা আছে, ডাক ভ্যাকসিন আছে। আরো ব্যাকটেরিয়াল ভ্যাকসিন আছে ৯টা। ভাইরাল ভ্যাকসিন ৩টে, এন্টিজেন, বিশেষত গরুর হয়। এই ১৭টা ভ্যাকসিন এবং এন্টিজেন আমরা তৈরি করি।

## POINT OF ORDER

**শ্রী তাপস রায় ঃ** একটা পয়েন্ট অফ অর্ডার আছে স্যার। স্যার, একজন মানুষ যাঁর বিরুদ্ধে ৫টা খুনের অভিযোগ রয়েছে তাঁর সাথে আমরা একসঙ্গে বসে থাকব ? এ বিষয়ে আপনার রুলিং চাচ্ছি স্যার। তিনি লালবাতি নিয়ে ঘোরাফেরা করছেন, সেসনেও আছেন। তিনি হলেন নারায়ণ বিশ্বাস মন্ত্রীসভার সদস্য। আমরা কি করে তাঁর সাথে এক সঙ্গে বসে থাকব স্যার।

**মি. স্পীকার ঃ** নো পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী অজয় দে ঃ** প্রাণীদের যে বিভিন্ন রোগ হচ্ছে তার প্রতিষেধক তৈরির জন্য টীকা কেন্দ্র করার কথা মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন। আপনি বললেন, বিভিন্ন জায়গায়, ব্লকে যে কেন্দ্রগুলো আছে, যেভাবে রোগ বাড়ছে তা প্রতিরোধ করার জন্য পরিকাঠামোর অভাব আছে অনেক জায়গায়। খুব সম্প্রতি সংবাদ-পত্রে দেখলাম, কিছু বেকার যুবক-যুবতীদের নিয়ে 'প্রাণী-বন্ধু' বলে একটা প্রকল্প চালু করতে যাওয়া হচ্ছে। তার কি কাজ হবে ? ঐ প্রতিষেধকের ব্যাপারে কোনো ট্রেনিং দেওয়া হবে কিনা ? তাদের ব্যাপারে ডিপার্টমেন্ট থেকে কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা ? 'প্রাণী-বন্ধু' সম্বন্ধে যদি কিছু বলেন।

[11.30—11.40 a.m.]

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** একটা প্রশ্ন আপনি করেছেন যে, তাতে আমিও একমত যে, আমাদের রাজ্যে যতখানি পরিকাঠামো দরকার সেই যথেষ্ট পরিমাণে পরিকাঠামো নেই, ভারতবর্ষে কোথাও নেই, আমাদের রাজ্যেও নেই। কিন্তু যেটা করা হয়েছে এখনও অবধি সেটা একেবারে কম নয়। আমি বলছি যে, আমাদের রাজ্যে প্রত্যেক জেলায় একটা করে বড় জেলা হাসপাতাল আছে, প্রত্যেক মহকুমায় একটা করে বড় হাসপাতাল আছে, প্রত্যেক ব্লকে একটা করে হাসপাতাল আছে, বড় বড় ব্লকগুলোতে একটা করে অতিরিক্ত হাসপাতাল আছে যাকে আমরা বলি অ্যাডিশনাল অ্যানিমেল হেলথ্ সেন্টার। এছাড়া প্রত্যেক গ্রামপঞ্চায়েতে প্রাণীবন্ধু ছাড়াও প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে একজন করে কর্মী আছে যারা পুরো সময়ের, যাদেরকে বলা হয় এল ডি এ, লাইভ স্টক ডেভেলপমেন্ট অ্যাসিসট্যান্ট— যারা টীকা দেয়, প্রাথমিক চিকিৎসা করে। আরেকটা প্রশ্ন আপনি যেটা করলেন যে, প্রাণীবন্ধু নিয়ে—এর প্রধান কাজ হচ্ছে কৃত্রিম প্রজনন করা। আপনি জানেন যে, আমাদের রাজ্যে প্রায় ১ কোটি ৮০ লক্ষ গরু, মোষ আছে যার মধ্যে প্রায় ৬০ লক্ষ হচ্ছে ব্রিডেবেল্। এই যে

৬০ লক্ষ ব্রিডেবেল গরু যারা কম দুধ দেয় এদেরকে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে উন্নত করা যেতে পারে কৃত্রিম প্রজননের মাধ্যমে—সেই কাজটা আমরা অনেক আগে শুরু করেছি। আমাদের একটা বাধা ছিল, সেই বাধা হচ্ছে যে, আমরা সরকারি কেন্দ্রের মাধ্যমে লোকের কাছে ঠিকমত পৌঁছতে পারছিলাম না। এটা আমরা একটু খুলে দিয়েছি, প্রত্যেক গ্রামপঞ্চায়েতে একজন করে আমাদের ভ্রাম্যমাণ প্রাণীবন্ধু নিয়োগ করা হয়েছে যাদের প্রধান কাজ হচ্ছে বাড়ি বাড়ি গিয়ে কৃত্রিম প্রজনন করবে, আর এদের সঙ্গে আমরা অতিরিক্ত কাজ যুক্ত করেছি সেটা হল যে, এরা গ্রামে যখন যাবে তখন এরা অন্যান্য টীকাকরণের কাজও করতে পারবে, সেই ব্যবস্থা আমরা এদের সঙ্গে যুক্ত করেছি। সুতরাং এদের প্রধান কাজ (১) কৃত্রিম প্রজনন করা এবং (২) টীকাদান করা, এই দুটো কাজই প্রাণীবন্ধুরা করবে।

**শ্রী অজয় দে ঃ** এদের কিভাবে নিয়োগ করা হবে এবং কোনো পারিশ্রমিক এরা পাবে কিনা ?

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** এরা হচ্ছে স্বেচ্ছাসেবক। এদের নিয়োগের একটা পদ্ধতি আমাদের বলা আছে। গ্রামপঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি মিলে একটা কমিটি করা আছে। কোন গ্রামপঞ্চায়েতে করা হবে, যারা আগ্রহী তাদের একটা দরখাস্ত নেবে। গ্রামপঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, কর্মাধ্যক্ষ এবং আমার দপ্তরের কর্মী এই ৫জনে একটি টিম করা আছে তারা দরখাস্ত জমা করবে, পরীক্ষা করবে, তাদের ইন্টারভিউ নেবে, ইন্টারভিউ নিয়ে সেই মত নির্বাচন করবে। এদের ট্রেনিং-এর দায়িত্ব আমাদের, সাড়ে চার মাস ট্রেনিং দিয়ে দিই, ট্রেনিং দেওয়া হয়ে গেছে এবং তাদের কাছে যে যন্ত্রপাতি দেওয়া হয়েছে তার মোট দাম হচ্ছে ১০ হাজার টাকা—এর ৫ হাজার টাকা ওরা দেবে আর বাকি ৫ হাজার টাকা আমরা দেব, আর কাজ শুরু করার জন্য আমরা ওদের বাড়তি ১ হাজার টাকা দেব। এটা নিয়ে ওরা বাড়ি বাড়ি কাজটা করবে। ওদের এই যন্ত্রপাতি এবং অন্যান্য ইনপুটস আমরা দেব তার জন্য ২০ টাকা সরকারকে জমা দেবে, দূরত্ব অনুসারে ওরা ৬০ টাকা পর্যন্ত ফিজ আদায় করতে পারবে, আর যেটা টীকা দেবে সেটা ওরা মূলত বিনা পয়সায় করবে, তার ব্যবস্থা করা আছে।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি, ১৯৭৬ সালে স্টেট ভেটেরিনারি হসপিটাল ঘুটিয়ারিশরিফে অনুমোদিত হয়েছিল, সেখানে ১০ বছর যাবৎ গরু এবং সমস্ত প্রাণীর চিকিৎসার ব্যবস্থা হয়েছিল, প্রতিষেধক টীকা দেওয়ার ব্যবস্থা হয়েছিল, কিন্তু হঠাৎ সেটাকে ১০ বছর পরে সেখান থেকে ২৫ কিলোমিটার দূরে আম্রবেড়িয়া গ্রামে প্রাক্তন বিধায়কের বাড়িতে স্থাপন করা হয়েছে। তাতে রোগের চিকিৎসার ব্যবস্থা করতে অসুবিধা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এসব রোগের বিভিন্ন প্রতিষেধকের যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাতে রোগের টীকা নিতে চাষীদের গরু নিয়ে এতদূর যেতে অসুবিধা হচ্ছে। আপনি তার পূর্ববর্তী স্থান ঘুটিয়ারিশরিফে যেখানে রাজ্য পশু হাসপাতাল স্থাপিত হয়েছিল সেখানে কি এটি পুনরায় তুলে আনার চেষ্টা করবেন ? নাকি ওই আম্রবেড়িয়া গ্রামেই থাকবে ? আমি আপনাকে অনুরোধ করছি যে, সুন্দরবনের মানুষের স্বার্থে ওই পশু চিকিৎসালয়টি ঘুটিয়ারিশরিফে যেখানে ছিল সেখানে পুনরায় ফিরিয়ে আনার ব্যবস্থা করা আপনার পক্ষে সম্ভবপর হবে কিনা ?

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** আমি বুঝতে পারলাম না যে, কোথায় বলছেন। তবে একটা কথা বলে রাখি, আমরা যে-কোনো প্রাণী হাসপাতাল সেটা ব্লকেই হোক বা সেন্টারেই হোক—এগুলো সংশ্লিষ্ট এলাকার ব্লক বা জেলাপরিষদের সম্মতি ছাড়া কোনো পরিবর্তন করি না। দ্বিতীয়তঃ যদি এটা কোনো স্থানীয় ছোট কেন্দ্র হয়, ছোট উপ-স্বাস্থ্যকেন্দ্রের মতো হয়, যদি ছোট কেন্দ্র হয়—

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** এটা সাবডিভিশনাল হসপিটালের স্ট্যান্ডার্ড।

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** আমরা পরিবর্তনের কোনো নীতি নিইনি। একমাত্র কোনো পঞ্চায়েত সমিতি এলাকায় হয়তো পুরনো বা আগে কোথাও ভাড়া ছিল সেটা হয়তো নতুন কোনো বাড়িতে আনা হবে বা ব্লকের কেন্দ্রে যদি আনার প্রয়োজন বোধ করে তবেই পরিবর্তন হতে পারে। এই ধরনের কোনো প্রস্তাব না এলে আমরা এই ধরনের কোনো পরিবর্তন করিনি, করব না।

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আমরা জানি যে, কুকুরের কামড়ে যে রোগ হয় র‍্যাবিস বা জলাতঙ্ক, সেই কুকুরের কামড়ে যে গাই দুধ দেয় সেই গাই যদি আক্রান্ত হয় এবং সেই দুধ যদি আমরা খাই তাহলে আমরাও র‍্যাবিসে আক্রান্ত হব। ওইসব মিলচিং কাউ যারা খাটালে থাকে বা অন্য কোথাও থাকে এবং তাদের দুধ বিক্রি করা হয়, পশ্চিমবঙ্গে ওইসব মিলচিং কাউদের বাধ্যতামূলকভাবে প্রিভেনটিভ মেজর হিসেবে অ্যান্টি র‍্যাবিস ভ্যাকসিন দেওয়ার কোনো ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন কিনা জানালে খুশি হব।

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** অ্যান্টি-র‍্যাবিস ভ্যাকসিন মানুষের ক্ষেত্রে এবং কুকুর ইত্যাদির ক্ষেত্রেও ব্যবহার করা হয়। কুকুরের জন্য যেটা ব্যবহার করা হয় সেটা আমাদের রাজ্যে তৈরি হয়। আর মানুষের জন্য স্বাস্থ্য দপ্তর আলাদাভাবে ব্যবস্থা করে। আমাদের এখানে কুকুর ইত্যাদির জন্য যেটা তৈরি হয় সেটা এখনো পুরনো পদ্ধতিতে তৈরি হয় ব্রেন কালচার করে। ভেড়ার মাথায় ঢুকিয়ে কালচার করে ভ্যাকসিন করা হয়। সেটা এখনো করা হচ্ছে। এখন আমরা অন্য ব্যবস্থা, অর্থাৎ সেল কালচারের ব্যবস্থা করছি। পরিকাঠামো হয়ে গেছে। এতদিন আমরা সীড পাচ্ছিলাম না। গতকালই ব্যাঙ্গালোর থেকে চিঠি পেয়েছি, ওরা আমাদের সীড দেবে, যা টাকা লাগবে আমরা দেব। দুভাবে ভ্যাকসিন তৈরি করা হয়। একটা সরকারি প্রক্রিয়ায় ভ্যাকসিন করা হয়। তার একটা, কলকাতা এবং হাওড়ার মতো বড় শহরে যাঁরা প্রাণীদের ভালবাসেন এমন কিছু এন. জি.ও, প্রাণীদের ভ্যাকসিন দেওয়ার জন্য ভ্যাকসিনের ব্যবস্থা করেন। এ বিষয়ে সম্প্রতি আমাদের স্বাস্থ্য দপ্তরের সঙ্গে আলোচনা চলছে—একই জায়গায় অন্য ধরনের অন্য প্রক্রিয়ায় একই ভ্যাকসিন প্রাণী এবং মানুষের জন্য তৈরি করা যায় কিনা। আমাদের দপ্তরের সঙ্গে স্বাস্থ্য দপ্তরের এ বিষয়ে আলোচনা চলছে। যদি তা সম্ভব হয় তাহলে আমাদের রাজ্যে একই কেন্দ্রে এই দুটো কাজ আমরা একই সঙ্গে করতে পারব।

**ডা. শম্ভুনাথ মান্ডি ঃ** আমার প্রশ্নটা হচ্ছে, আমাদের দপ্তর বা বিভিন্ন ডেয়ারী যে গরু এবং মোষের দুধ কালেকশন করছে সে সমস্ত গাই এবং মোষগুলোকে প্রিভেনটিভ মেজার হিসাবে অ্যান্টি-র‍্যাবিস ভ্যাকসিন দেওয়া হয় কিনা ? যদি না দেওয়া হয় তাহলে যে দুধ

কালেকশন করে বিক্রি করা হয় ডেয়ারী ইত্যাদির মাধ্যমে সেই দুধ খেয়ে অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা আছে বলেই মনে হচ্ছে। সেই দুধ খেয়ে মানুষ বিপদে পড়বে। প্রিভেনটিভ মেজার হিসাবে সেই সমস্ত গাইগুলোকে অ্যান্টি-র‍্যাবিস ভ্যাকসিন দেওয়ার জন্য ব্লকভিত্তিক দপ্তরের তরফ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কি ?

**শ্রী আনিসুর রহমান সরকার** ঃ মানুষ গরু মোষের দুধ খায়। সেই দুধের একটা বড় অংশ স্থানীয়ভাবে নিজেরাই জোগাড় করে নেয়। আর একটা বড় অংশ আমরা সংগ্রহ করি। ৯ লক্ষ লিটার দুধ মাদার ডেয়ারী, মেট্রো ডেয়ারী, পাঁচটি সরকারি ডেয়ারী প্রভৃতি সংগ্রহ করে। সবই সমবায় সমিতির মাধ্যমে সংগ্রহ করা হয়। আমাদের রাজ্যে আড়াই হাজার সমিতি আছে। সমিতিগুলির পক্ষ থেকে গরু, মোষ প্রভৃতি প্রাণীদের টীকাকরণের ব্যবস্থা করে। বাকি ক্ষেত্রে সরকারিভাবে ব্যবস্থা করা হয়। এর ফলে আক্রান্ত প্রাণীর দুধ আসার সম্ভাবনা খুবই কম। তবে আমি ও কথা বলছি না যে, আমরা ১০০ ভাগই নিশ্চিন্ত—এক আধ ভাগ সম্ভাবনা আছে। কারণ সরকারিভাবে সব প্রাণীকেই টীকাকরণের আওতায় বাধ্যতামূলকভাবে আনার ব্যবস্থা এখনো হয়নি। এছাড়া আমাদের বিভিন্ন ডেয়ারীতে যেভাবে পাস্তুরাইজেশন ইত্যাদি প্রক্রিয়া গ্রহণ করা হয় তাতে দুধ খেয়ে এই রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা খুবই কম।

**শ্রী জানে আলম মিঞা** ঃ টীকাকরণ-সহ প্রাণী সম্পদ বিকাশের জন্য যে বিভিন্ন কর্মসূচি রূপায়ণের জন্য গ্রাম পঞ্চায়েত স্তরে সহায়ক পদ তৈরি করা হয়েছে, সেসব সহায়কপদে এখনো অনেক গ্রাম পঞ্চায়েতে কাউকে নিয়োগ করা হয়নি। যে সমস্ত পদ এখনো পূরণ করা হয়নি তার সংখ্যা কত এবং কত দিনের মধ্যে সেসব পদে নিয়োগ করা যাবে ?

**শ্রী আনিসুর রহমান সরকার** ঃ আমাদের পশ্চিমবাংলায় বোধ হয় ৩৩০০ মতো গ্রাম পঞ্চায়েত আছে—একজ্যাক্ট ফিগারটা আমি এখনই বলতে পারছি না কিছু পুরনো এবং কিছু নতুন পদ মিলিয়ে আমরা এখন পর্যন্ত ৩০০০ পদ সৃষ্টি করেছি এবং নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। তবে পুরনোদের মধ্যে থেকে কিছু মানুষ ইতিমধ্যে রিটায়ারও করেছেন। আমাদের এখন পর্যন্ত ৩০০ মতো এল ডি এ পোস্ট নেই। এই পোস্টগুলি তৈরি করার জন্য কিছু পুরনো পোস্ট সারেন্ডার করে অর্থ দপ্তরের কাছে আমরা প্রস্তাব রেখেছি। ওরা অনুমোদন দিলে আমরা নিয়োগ করতে পারব। তবে ব্লক কেন্দ্রগুলির জন্য এল ডি এ-র প্রয়োজন নেই। ব্লক কেন্দ্রই ব্লক স্তর-এ 'পারপাস সার্ভ' করবে।

[11.40—11.50 a.m.]

যেখানে স্টেট হাসপাতাল আছে সেখানে এখন ওদের লাগাবো না। আমাদের লক্ষ হচ্ছে, এমন কোনো গ্রাম পঞ্চায়েত আছে যেখানে ফাঁক থাকবে না। নিঃসন্দেহে কিছু ফাঁক আছে। আমরা চেষ্টা করছি সেগুলি পূরণ করে দেওয়ার জন্য।

**শ্রী সুভাষ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় জানালেন, প্রাণীবন্ধু প্রতি গ্রামপঞ্চায়েতে ১ জন করে নিয়োগ করা হয়েছে। আমাদের বর্ধমান জেলায় প্রায় সমস্ত গ্রামপঞ্চায়েতে নিয়োগ হয়ে গেছে এবং ট্রেনিংও শেষ হয়ে গেছে। এমন গ্রামপঞ্চায়েত আছে যেখানে ১৫ হাজার থেকে ১৬ হাজার লোকের বাস। সেখানে ১ জনের পক্ষে এত লোককে কভার

করা একটি গ্রামপঞ্চায়েতে সম্ভব নয়। আমি জানতে চাইছি, একাধিক সংখ্যক প্রাণীবন্ধু নিয়োগ করার পরিকল্পনা আছে কিনা ?

**শ্রী আনিসুর রহমান সরকার ঃ** যা নির্দেশ আছে তাতে একের বেশি হবে না এটা বলা নেই তাতে বলা হয়েছে মিনিমাম ১ জন, সর্বনিম্ন ১ জন। তবে এলাকার অবস্থান অনুসারে, ভৌগোলিক অবস্থান অনুসারে যদি ন্যাচারাল বেরিয়ার থাকে, জিওগ্রাফিক্যাল বেরিয়ার যদি থাকে তাহলে একাধিক লাগতে পারে। একটাই কারণ, আমরা ঢালাওভাবে বলিনি, কারণ ওদের তো আমরা বেতন দিচ্ছি না। যদি এলাকা কমিয়ে দিই এবং সেখানে যদি ৩/৪ জন নিয়োগ হয় তাহলে ওদের আয় কমে যাবে, তাতে ওরা কাজ করতে পারবে না। সেইজন্য প্রথম পর্যায়ে আমাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে ১ জন থাকুক। যেখানে ন্যাচারাল বেরিয়ার আছে সেখানে একাধিক হতে পারে। যদি এরা দাঁড়াতে পারে এবং চাহিদা বেড়ে যায় তাহলে একাধিক লাগাতে বাধা নেই। তবে একটা সমস্যা আছে, গতবার আমাদের কৃত্রিম প্রজনন হয়েছে মাত্র ১০ লক্ষ, যেখানে আমাদের ব্রীডেব্‌ল গরু আছে ৬০ লক্ষের উপর। আমাদের গড়ে কনসেপশন রেট হচ্ছে ৪০ পারসেন্টের নিচে। একাধিকবার এ আই করতে হয়, বিশাল সংখ্যা। আর সংখ্যা যত বাড়বে ততই তাদের আয় বাড়বে। তখনই প্রাণীবন্ধুর সংখ্যা বাড়াতে পারি। আমরা আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করেছি। জেলায় জেলায় কাজ করছি। বর্ধমান জেলায় শুরু হবে ১৬ তারিখে একটা অনুষ্ঠান করে।

## ত্রাণ সামগ্রী ক্রয়

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩১০) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে কী পরিমাণ অর্থের ত্রাণসামগ্রী দুঃস্থ ও অসহায়দের দেবার জন্য ক্রয় করা হয়েছে ; এবং

(খ) উক্ত বছরে (জানুয়ারি, ২০০২ পর্যন্ত) কী পরিমাণ চাল ও গম বণ্টিত হয়েছে ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ**

(ক) বর্তমানে আর্থিক বছরে (২০০১-২০০২) দুঃস্থ ও অসহায়দের দেবার জন্য ত্রাণসামগ্রী ক্রয় বাবদ ত্রাণ বিভাগ থেকে মোট ১৩,৬৬,৪৫,৬৮৮.০০ টাকা মঞ্জুর করা হয়েছে এবং

(খ) উক্ত বছরে (জানুয়ারি ২০০২ পর্যন্ত) ৫৬৭ মে টন চাল ও ১৬২৯২ মে টন গম আবণ্টন করা হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** ২০০১-২০০২ সালে দুঃস্থ ও অসহায়দের ত্রাণ সামগ্রীর জন্য আপনি ১৩ কোটি ৬৬ লক্ষ ৪৫ হাজার ৬৮৮ টাকা মঞ্জুর করা হয়েছে বলেছেন। কি কি দ্রব্য-সামগ্রী ওই টাকায় কেনা হয়েছে এবং কোন জেলায় কি পরিমাণ দেবার জন্য ঠিক করেছেন ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** আমরা এই টাকা দিয়ে চাল, গম, কাপড়-চোপড়, তারপুলিন এবং কিছু কিছু জেলাওয়াড়ি কনটিনজেন্সির জন্য টাকা দিই। সেই টাকা দিয়ে তারা শুকনো খাবার-দাবার জেলার দুঃস্থ মানুষদের মধ্যে বিতরণ করে। আর আপনার দ্বিতীয়, প্রশ্ন, জেলাওয়াড়ি হিসাব চেয়েছেন। বাঁকুড়া জেলায় ৬৬ লক্ষ ৫০ হাজার ২৬৬ টাকা দেওয়া হয়েছে।

বীরভূম—৫৬ লক্ষ ৭০ হাজার, বর্ধমান—৯২ লক্ষ ৪০ হাজার, কুচবিহার—৩৬ লক্ষ ৯৬ হাজার, দার্জিলিং—১৯ লক্ষ ৪৫ হাজার ৮৪০, হুগলি—৭১ লক্ষ ৭০ হাজার ২৪০, হাওড়া—৬২ লক্ষ ৯ হাজার ২৮০। জলপাইগুড়ি—৪৬ লক্ষ ৫৬ হাজার ৯৬০, মালদহ—৪২ লক্ষ ১৩ হাজার ৪৪০। মেদিনীপুর—১ কোটি ৪৪ লক্ষ ৮৯ হাজার ১১১। মুর্শিদাবাদ—৭৮ লক্ষ ৩৫ হাজার ৫২০। নদিয়া—৬৭ লক্ষ ৫২ হাজার ৪৮০। উত্তর ২৪-পরগনা—১৩ লক্ষ ৩৫ হাজার ৮৪০। পুরুলিয়া—৪৪ লক্ষ ৩৫ হাজার ২০০। দক্ষিণ ২৪-পরগনা—১ কোটি ৮ লক্ষ ৭৬ হাজার ৮০০। উত্তর দিনাজপুর—৩৪ লক্ষ ৭৪ হাজার ২৪০। দক্ষিণ দিনাজপুর—২৪ লক্ষ ৩৪ হাজার ১৪১। কলকাতা—৩৫ ২০ হাজার। মোট হচ্ছে—১১ কোটি ৩৫ লক্ষ ৫৫ হাজার ৩৮৫। এর সঙ্গে স্টারভেশান জি আর আছে অন্যান্য কয়েকটি জেলাতে—বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, হুগলি, হাওড়া, মেদিনীপুর, মুর্শিদাবাদ, নদিয়া, উত্তর ২৪-পরগনা—এই জেলাগুলিতে স্টারভেশান জি আর হিসাবে কিছু দেওয়া হয়।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে ২০০২ সালের জানুয়ারি পর্যন্ত ৫৬৭ মে. টন চাল ও ১৬ হাজার ২৯২ মে. টন গম আবণ্টন করা হয়েছে। আমার প্রশ্ন, এই যে এখানে ১৩ কোটি ৬৬ লক্ষ ৪৫ হাজার টাকার কথাটা বলেছেন এর মধ্যেই কি ওই পরিমাণ চাল গমের দামটা ধরা আছে ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** এর মধ্যে ধরা আছে। অনাহারে মৃত্যু প্রতিরোধজনিত খয়রাতি সাহায্য বাবদ চাল গম ধরা আছে। যেসব ত্রাণসামগ্রী আমরা কিনি—চাল, গম, কাপড়, ত্রিপল, কিছু কনটিজেনসি অ্যামাউন্টও দেওয়া হয় যখন শুকনো খাদ্য জেলা প্রশাসনের পক্ষ থেকে দুঃস্থ মানুষদের মধ্যে দেওয়া হয় এটা সমস্ত এর মধ্যে দেওয়া হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** আমরা জানি পশ্চিমবাংলায় বিভিন্ন সময়ে বিভিন্ন রকমের প্রাকৃতিক দুর্যোগ লেগেই থাকে। এই প্রাকৃতিক দুর্যোগের সময় এবং অন্য সময় দুঃস্থ মানুষদের যে পরিমাণ ত্রাণ দেওয়া হয় সেটা প্রয়োজনের তুলনায় কম কিনা জানাবেন কি ? যদি কম হয় তাহলে তা বাড়াবার জন্য কোনো ব্যবস্থা করবেন কি ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** একটা কথা আমাদের সব সময় মনে রাখা উচিত যে ত্রাণ কোনো সময় সাফিসিয়েন্ট হয় না। সরকারিভাবে হোক, বেসরকারিভাবে হোক যা সামর্থ্য থাকবে তাই নিয়ে ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়ানো দরকার যাতে সে মনোবলটা হারিয়ে না ফেলে এবং দুর্যোগের সঙ্গে দৃঢ়ভাবে সংগ্রাম করতে পারে। এটার নামই ত্রাণ। এটা সাফিসিয়েন্ট কিনা সেটা এইভাবে বিচার করা যায় না। একটি মানুষ মাংস দিয়ে ভাত খায়। তারপর বিপর্যয় ঘটল। আমি তো তাকে মাংস দিয়ে ভাত খাওয়াতে পারবো না, আমার সামর্থ্য অনুযায়ী খাওয়াব।

[11.50—12.00 Noon]

**শ্রী নির্মল দাস ঃ** আপনি ত্রাণ দপ্তরে আসবার পর প্রাকৃতিক দুর্যোগের সময় সর্বত্র খোঁজ-খবর নিচ্ছেন। যারা খুব অসহায় তাদের জন্য একটা ক্যাশ জি আর দিয়ে থাকেন যার পরিমাণ সামান্য। রিয়ালি বরাদ্দটা কত ? ত্রাণে চাল বা গমের পরিমাণটাই বা ইউনিট বা পরিবারপিছু কত ? আর একটি প্রশ্ন, বন্যাপ্রবণ এলাকায় ত্রাণসামগ্রী মজুত করে রাখবার জন্য কোনো ব্যবস্থা আপনার দপ্তর থেকে এবারে নিয়েছেন কিনা সেটা অনুগ্রহ করে বললে বাধিত হব।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় সদস্য ইউনিট বা পরিবারপিছু কতটা করে ত্রাণসামগ্রী দেওয়া হয় সেটা জানতে চেয়েছেন। এ সম্পর্কিত সঠিক তথ্য এই মুহূর্তে আমার কাছে নেই। তাই আলাদা করে প্রশ্ন করলে পরে সঠিক উত্তর আপনাকে দিতে পারব।

**শ্রী অশোক দেব ঃ** আপনি জেলাওয়াড়ি একটা হিসেব দিয়েছেন। আমি জানতে চাই, পশ্চিমবঙ্গে দুঃস্থ, অনাথ এবং অসহায় বিধবা মহিলা যারা রয়েছেন তাদের জন্য জেলাভিত্তিক কতটা সাহায্য দিয়েছেন, সেসব সাহায্য তারা কিভাবে পেয়েছেন, কার মাধ্যমে পেয়েছেন, হিসেবটা সংখ্যাভিত্তিক জানাবেন কি ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** আপনার প্রশ্নটা ভাল করে বুঝতে পারলাম না, পরিষ্কার করে বললে ভাল হয়।

**শ্রী অশোক দেব ঃ** আপনি জেলাভিত্তিক একটা হিসেব দিয়েছেন। সেখানে দুঃস্থ, অসহায় অনাথ এবং অসহায় বিধবাদের জেলাভিত্তিক কিভাবে সাহায্য দিয়েছেন, সাহায্যটা কাদের মাধ্যমে দিয়েছেন, সাহায্যটা সরকারের মাধ্যমে গেছে, নাকি বেসরকারি সংস্থার মাধ্যমে গেছে ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** বিলিবণ্টনের দায়িত্বে বড় শহরে কমিশনাররা রয়েছেন, সেখানে তাদের মাধ্যমে বিলিবণ্টনটা হয়। পঞ্চায়েত এলাকায় পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণসামগ্রী বিলিবণ্টন হয়। কতটা করে দেওয়া হয় সেটা এর আগে নির্মলবাবুর প্রশ্নের উত্তরে জানিয়েছি যে, ওই সম্পর্কে আলাদা করে প্রশ্ন করে বিস্তারিত তথ্য জানাবো।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** দুঃস্থদের চাল, গম, টার্পোলিন ইত্যাদি দেওয়া হয় বলে বলেছেন। আমি জানতে চাইছি, দুঃস্থদের মশারী দেবার ব্যবস্থা করবেন কিনা ?

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** আমাদের দেখতে হবে মশারী ত্রাণসামগ্রীর মধ্যে পড়ে কিনা। পড়লে দিতে পারব, আপনার সুপারিশ কার্যকর করতে পারব। আর যদি দেখা যায় নির্ধারিত সামগ্রীর মধ্যে মশারী পড়ছে না, তাহলে দিতে পারব না। তারই জন্য সঠিক উত্তর দিতে পারছি না।

**শ্রী আশীষ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে একটা বিষয় জানতে চাইছি। গত মে মাসে সাম্প্রতিককালের ঝড়ে অনেক বাড়ি ঘরের চালা উড়ে গিয়েছে, অনেক বাড়ি বিধ্বস্ত হয়েছে। এই ব্যাপারে আপনার দপ্তরে দরখাস্ত জমা পড়ল, এনকোয়ারি ইত্যাদি হল। হওয়ার পর দেখা গেল তাদের আবার বর্ষার মধ্যে কাটাতে হলো। এই সমস্ত ব্যাপারে

বিপর্যস্ত মানুষকে সরাসরি ত্রাণ দেওয়ার ব্যবস্থা সরকারের আছে কিনা ? থাকলে সেই রকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা ? বীরভূম জেলায় সাম্প্রতিককালের ক্ষতিগ্রস্ত মানুষদের এই রকম সাহায্য করা হয়েছে কিনা জানালে বাধিত হব।

**শ্রী হাফিজ আলম সৈরানী** ঃ আপনি যে ব্যাপারে বলেছেন, যে রকম অভিযোগ করেছেন যে মানুষ ক্ষতিগ্রস্ত হল, তার ঘর দুয়ার ভেঙে গেল, খোলা মাঠের নিচে বাস করছে, এই অবস্থা যেটা করণীয়, তাদের কাছে তারপলিন শিট পৌঁছে দেওয়া, খাবার দাবার দেওয়া, সেটা পৌঁছানো হয়নি। এই রকম অভিযোগ আমাদের কাছে নেই। মানুষ এই রকম পড়ে আছে ৫-১০ দিন ধরে, কোনো রিলিফ মেটিরিয়াল পৌঁছায়নি, এই রকম অভিযোগ নেই। দ্বিতীয় আপনি যেটা বলতে চেয়েছেন যে ঘর-বাড়ির টাকা কবে পাবে। আমাদের যেটা নিয়ম আছে তা হলো সম্পূর্ণ বাড়ি ধ্বংস হয়ে গেলে ২ হাজার টাকা দেওয়া হয় আর আংশিক বাড়ি ক্ষতিগ্রস্ত হলে ১ হাজার টাকা দেওয়া হয়। সেটা একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে হয়। সেটা তদন্ত করে দেখা হয় যে সত্যিকারের তার বসতবাটি ধ্বংস হয়েছে কিনা। তদন্ত করার পর জেলা প্রশাসন থেকে পুরো রিপোর্ট আমাদের কাছে আসে এবং কত টাকা লাগে সেটা দেখে সেই অনুযায়ী টাকা পাঠিয়ে দেওয়া হয়। এই টাকাটা পেতে একটু দেরি হয়। কিন্তু অন্যান্য রিলিফ মেটিরিয়াল তৎক্ষণাৎ পাঠিয়ে দেওয়া হয় এবং সেটা পঞ্চায়েতের মাধ্যমে বণ্টন করা হয়।

**শ্রী ইউনুস সরকার** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে ত্রাণ সামগ্রীর মধ্যে তারপলিন দেওয়া হয়। আমি জানতে চাই এই যে তারপলিন শিট দেওয়া হয় এটা আমাদের রাজ্যে তৈরি হয় নাকি কোনো রাজ্য থেকে আনা হয় ? আর এটা আগাম এনে রাখার কোনো পরিকল্পনা থাকে কিনা জানতে চাই।

**শ্রী হাফিজ আলম সৈরানী** ঃ আমাদের রাজ্যে আমরা কোথা থেকে তারপলিন নিই সেটা আমি স্পীকারের মাধ্যমে জানিয়ে দিচ্ছি। আমাদের ফিনান্সের রেকমেনডেশান অনুযায়ী আই পি সি এল-এর কাছ থেকে আমাদের তারপলিন কিনি। আর ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন যা আছে তাদের মাধ্যমে আমরা তারপলিন কিনি। এখন এই তারপলিন তারা কোথা থেকে আমাকে জোগাড় করে দেয় সেই কথাটা আমি বলতে পারব না। আমাদের এখানে এই ইন্ডাস্ট্রি আছে কি নেই সেটা ইন্ডাস্ট্রিয়াল ডিপার্টমেন্ট বিভাগের মন্ত্রী বলতে পারবেন। আমরা আই পি সি এল এবং ওয়েস্ট বেঙ্গল স্মল স্কেল ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশনের কাছ থেকে নিই। তারা বলতে পারবে কোথা থেকে তারা আমাদের জোগাড় করে দেয়। বাইরে থেকে না এখান থেকে জোগাড় করে দেয় সেটা আমি বলতে পারব না। দ্বিতীয় হচ্ছে, আমরা আগাম একটা অনুমান করে দেখে নিই যে আমাদের কি কি বাবদ কি কি রিলিফ মেটিরিয়াল আমাদের জোগাড় করে রাখতে হবে। এটা আমরা আগাম সব রকম ব্যবস্থা করে রাখি। এইগুলি জেলা প্রশাসনের কাছে জোনাল গোডাউন এবং ডিস্ট্রিক্ট গোডাউনে রাখা হয় এবং তার নিচে মহকুমা লেভেলে রাখা হয় এবং বি ডি ও লেভেলে রাখা হয়। সেখানে সব রকম রিলিফ মেটিরিয়াল রাখা থাকে। প্রাকৃতিক দুর্যোগ ঘটলে দুর্গত মানুষের কাছে পৌরসভার মাধ্যমে, পঞ্চায়েতের মাধ্যমে ত্রাণ পৌঁছে দেওয়া হয়।

## Starred Questions
## (To which answers were laid on the 'Table.')

### গরীব কৃষকদের ডাল ও তৈলবীজ সরবরাহ

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬) **শ্রী রামপদ সামন্ত :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পূর্বাঞ্চলের প্রধান ডালশস্য ও তৈলবীজ গবেষণা কেন্দ্র (বহরমপুর) থেকে রাজ্যের গরীব কৃষকদের কাছে বীজ সরবরাহ করার জন্য কোনো সুনির্দিষ্ট ব্যবস্থা নেই ; এবং

(খ) সত্যি হলে, উদ্ভূত পরিস্থিতির প্রতিবিধানকল্পে সরকার কর্তৃক কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ। কারণ বহরমপুর ডালশস্য ও তৈলবীজ গবেষণাগারে বিজ্ঞানীরা সরকারের নির্দেশ অনুসারে কেবলমাত্র নতুন জাতের বীজ উদ্ভাবন করেন (ব্রীডার সীড)। ওই বীজ উৎপাদিত হয় স্বল্প পরিমাণে এবং কেন্দ্রীয় সরকারের বরাদ্দ অনুযায়ী ওই বীজ সরকারি / আধা-সরকারি সংস্থার মাধ্যমে ফাউন্ডেশন সীড ও পরবর্তী বছরে 'সার্টিফায়েড' বীজ হিসাবে পরিবর্ধন করা হয় রাজ্য সরকারের চাহিদা অনুসারে। সার্টিফায়েড বীজ'ই কেবলমাত্র ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের 'মিনিকিট' হিসাবে রাজ্য সরকার সরবরাহ করে থাকেন।

(খ) 'মিনিকিট' ছাড়াও বহরমপুর গবেষণাকেন্দ্র থেকে উদ্বৃত্ত ব্রীডার সীড্ / পরিবর্ধিত 'ব্রীডার সীড্' গরীব ও উৎসাহী কৃষকদের সরাসরি সরবরাহ করে থাকে। বিগত কয়েক বছরে বীজ সরবরাহের হিসাব নিচে দেওয়া হল।

| সাল | তৈলবীজ (কেজি) | ডালশস্য (কেজি) | কৃষকের সংখ্যা (জনপ্রতি) |
|---|---|---|---|
| ১৯৯৮-১৯৯৯ | ৫২৫ | ১৪৫০ | ৪৯৪ |
| ১৯৯৯-২০০০ | ১১০৩ | ১০১৬ | ৫৪২ |
| ২০০০-২০০১ | ১১০৯ | ১৬৯০ | ৫৬৭ |
| ২০০১-২০০২ | ৬৬৬ | ১৩২৫ | ৬৮০ |

### আমন ধানের উৎপাদন

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৯) **শ্রী দীপক কুমার ঘোষ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরে (জানুয়ারি, ২০০২ পর্যন্ত) রাজ্যে কী পরিমাণ আমন ধানের উৎপাদন হয়েছে ; এবং

(খ) ২০০০-২০০১ আর্থিক বছরে উক্ত উৎপাদন কত ছিল ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে আমন ধানের উৎপাদন হয়েছে, ১,৪৯,৯৯,৯৩৩ টন (এক কোটি উনপঞ্চাশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত তেত্রিশ টন)। চালের হিসাবে উৎপাদন হয়েছে ৯৯,৯৯,৯৫৫ টন (নিরানব্বই লক্ষ নিরানব্বই হাজার নয়শত পঞ্চান্ন টন)।

(খ) উক্ত আর্থিক বছরে (২০০০-২০০১) আমন ধানের উৎপাদন ছিল ১,০৮,০৪,১৪০ টন (এক কোটি আট লক্ষ চার হাজার একশত চল্লিশ টন) চালের হিসাবে উৎপাদন হয়েছিল—৭২,০২,৭৬০ টন (বাহাত্তর লক্ষ দুই হাজার সাতশত ষাট টন)।

## শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজারের উন্নয়ন

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯০) **শ্রী আবদুল মান্নান ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ (জানুয়ারি, ২০০২ পর্যন্ত) আর্থিক বছরে শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক কী ধরনের উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও রূপায়ণ করা হয়েছে ; এবং

(খ) উক্ত আর্থিক বছরদ্বয়ে (পৃথকভাবে) উক্ত সমিতি কর্তৃক 'মার্কেট ফি' বাবদ কী পরিমাণ অর্থ আদায়কৃত হয়েছে ?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক গৃহীত ও রূপায়ণের পথে প্রকল্পগুলি নিম্নরূপ :

**আর্থিক বছর** : ২০০০-২০০১

মুখ্য বাজার চত্বরে বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়ন ও মেরামতির কাজ যথা—দোকানঘরসহ গুদাম, চক্রাকার পিচ রাস্তা, বৈদ্যুতায়ন, অফিস-বাড়ি এবং উপ-বাজার চত্বরে শৌচালয় নির্মাণ, বৈদ্যুতায়ন, পয়ঃপ্রণালী ও পানীয় জলের ব্যবস্থা, পাকা আচ্ছাদন নির্মাণ, গুদামঘর নির্মাণ এবং মেরামতি, বাজার সংযোগকারী রাস্তার উন্নয়ন, বাজার এলাকায় নলকূপ স্থাপন ও যাত্রী প্রতীক্ষালয় প্রকল্প গ্রহণ করা হয়েছিল এবং অনেকাংশে রূপায়িত হয়েছে।

**আর্থিক বছর** : ২০০১-২০০২

মুখ্য বাজার চত্বরে বিভিন্ন পরিকাঠামো নির্মাণের জন্য মাস্টার প্ল্যান তৈরিসহ রাস্তা সংস্কার, জলাধার নির্মাণ ও পাইপ লাইনের মাধ্যমে পানীয় জল পরিবেশন, নিষ্কাশন ব্যবস্থা, বিভিন্ন পরিকাঠামোর মেরামতির কাজ, উপ-বাজার চত্বরে ছাউনি নির্মাণ, পয়ঃপ্রণালী উন্নয়ন ও প্রয়োজনীয় মেরামতি, বাজার সংযোগকারী রাস্তার উন্নয়ন ও বাজার এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ গ্রহণ করা হয়েছে এবং কাজগুলি দ্রুত রূপায়ণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

(খ) **বাজার শুল্ক বাবদ আয়**

| | | |
|---|---|---|
| ২০০০-২০০১ | ঃ | ৩৮,২০,৫৯৪.০০ টাকা |
| ২০০১-২০০২ | ঃ | ৩৫,১৫,৩৮৩.০০ টাকা |

(জানুয়ারি, ২০০২ পর্যন্ত)

## Unstarred Questions
## (To which answers were laid on the 'Table'.)

### রঙমহল প্রেক্ষাগৃহে অগ্নিকাণ্ডের তদন্ত

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৮০) **শ্রী আবদুল মান্নান ঃ** অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২৯শে আগস্ট, ২০০১ তারিখে রঙমহল প্রেক্ষাগৃহে অগ্নিকাণ্ডের ঘটনার তদন্তের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত কমিটি কাদের নিয়ে গঠিত হয়েছে ;

(গ) উক্ত কমিটি কোনো প্রতিবেদন সরকারের কাছে পেশ করেছেন কি না ; এবং

(ঘ) করে থাকলে, প্রতিবেদনের বিষয়বস্তু কীরূপ ?

**অগ্নিনির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) নিম্নোক্ত ব্যক্তিদের নিয়ে উক্ত কমিটি গঠিত হয়েছে ঃ

(১) শ্রী পি কে বিনায়ক, আই পি এস, মহানির্দেশক, পশ্চিমবঙ্গ অগ্নিনির্বাপণ পরিষেবা দপ্তর।

(২) শ্রী ডি সারেঙ্গী, আই পি এস, অতিরিক্ত নগরপাল, কলকাতা পুলিশ।

(৩) শ্রী এস কে দাস, যুগ্ম সচিব, পৌর বিষয়ক দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

(৪) শ্রী এস মুখার্জি, মুখ্য বৈদ্যুতিন পরিদর্শক, পশ্চিমবঙ্গ সরকার।

(৫) শ্রী এ রায়চৌধুরী, মুখ্য বাস্তুকার, কলকাতা পুরসভা।

(৬) শ্রী বি এম সেন, উপ-অধিকর্তা, অগ্নিনির্বাপণ পরিষেবা দপ্তর।

(গ) না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

### প্রভিডেন্ট ফান্ডে অর্থ জমা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮) **শ্রী আবদুল মান্নান ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন্ কোন্ সরকারি/বেসরকারি সংস্থা প্রভিডেন্ট ফান্ডে অর্থ জমা দেননি ; এবং

(খ) উক্ত সংস্থাগুলির বকেয়া পি এফের অর্থের পরিমাণ কত ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনারের দপ্তরে সংগৃহীত তথ্য অনুযায়ী মোট ১৫৭টি সংস্থা ৫০ হাজার টাকা কিংবা তার অধিক দেয় অর্থ জমা দেননি।

(খ) উপরে উল্লেখিত সংস্থাগুলির বকেয়া দেয় অর্থের পরিমাণ ২৩৭ কোটি ১ লক্ষ ৩৯ হাজার টাকা।

## জেলা পরিষদের অডিট

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১) **শ্রী শঙ্কর সিংহ ও শ্রী আবদুল মান্নান ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জেলা পরিষদের অডিটের বিষয়ে অন্যান্য বছরের তুলনায় উন্নতি ঘটেছে ; এবং

(খ) সত্যি হলে, অন্যান্য বছরগুলিতে সঠিক সময়ে জেলা পরিষদগুলির অডিট না হওয়ার কারণ কি ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) সত্যি।

(খ) প্রিন্সিপ্যাল অ্যাকাউন্ট্যান্ট জেনারেলের তরফে এক্সামিনার অফ লোক্যাল অ্যাকাউন্টস্ জেলা পরিষদগুলির অডিট করার জন্য দায়িত্বপ্রাপ্ত। সুতরাং অন্যান্য বছরগুলিতে সঠিক সময়ে জেলা পরিষদগুলির অডিট না হওয়ার যথাযথ কারণ বলা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়।

## জেলা পরিষদগুলির সহায়ক অনুদান

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২) **শ্রী তপন হোড় ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলা পরিষদগুলির সহায়ক অনুদান (গ্রান্ট ইন এইড)-এর টাকা খরচ করার ক্ষেত্রে সরকারের কোনো নির্দেশিকা আছে কি না ;

(খ) থাকলে, তা কী, এবং

(গ) ১৯৯৯-২০০২ পর্যন্ত আর্থিক বছরগুলিতে জেলা পরিষদগুলি প্রাপ্ত আর্থিক অনুদানের প্রমাণপত্র দিয়েছেন কি ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বিভিন্ন পরিকল্পনা ও পরিকল্পনা বহির্ভূত খাতে জেলা পরিষদগুলিকে সারা বছর ধরেই সহায়ক অনুদান দেওয়া হয় এবং প্রত্যেকটি খাতেই অনুদান দেওয়ার সময় নির্দিষ্ট শর্ত দেওয়া হয়।

(খ) প্রতি বিভাগ অনুদানের ওপর শর্ত স্থির করে। সাধারণভাবে বলা যেতে পারে, নির্দিষ্ট নিয়মে অর্থ সদ্ব্যবহার করার এবং নির্দিষ্ট সময়ে সদ্ব্যবহারের শংসাপত্র দেওয়ার নির্দেশ দেওয়া হয়।

(গ) সম্ভবতঃ মাননীয় বিধায়ক শংসাপত্রের কথা বলতে চেয়েছেন। অধিকাংশ ক্ষেত্রে, নির্দিষ্ট খাতে পূর্ববর্তী অনুদানের শংসাপত্র না পেলে পরবর্তী অনুদান দেওয়া হয় না। সুতরাং অধিকাংশ ক্ষেত্রেই শংসাপত্র নিয়মিত আসে। কিন্তু এ সম্বন্ধে বিশদ তথ্য বিভিন্ন বিভাগেই পাওয়া যাবে।

## একলাখি-বালুরঘাট রেলপথের জন্য জমি হস্তান্তর

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭) **শ্রী তপন হোড় ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একলাখি-বালুরঘাট রেলপথের জন্য এ পর্যন্ত কত পরিমাণ জমি হস্তান্তর করা সম্ভব হয়েছে ;

(খ) বাকি জমি হস্তান্তরের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(গ) জমির ক্ষতিপূরণ বাবদ এ পর্যন্ত কী পরিমাণ অর্থ দেওয়া হয়েছে ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) মোট ১৫৫৯.৬৫৬৫ একর জমির হস্তান্তর হয়েছে। এর মধ্যে মালদহ জেলায় ৫৭০.১৯৫ একর এবং দঃ দিনাজপুর জেলায় ৯৮৯.৪৬১৫ একর।

(খ) মালদা জেলায় এপ্রিল, ২০০২ সালের মধ্যে বাকী ৬.৫৫৫ একর জমি হস্তান্তরের কাজ এবং দক্ষিণ দিনাজপুর জেলায় বাকী (কেবলমাত্র) সরকারে ন্যস্ত জমি হস্তান্তরের কাজ যথাশীঘ্র শেষ করা হবে।

(গ) মোট ১৬,০৬,২৬,২৮১ টাকা দেওয়া হয়েছে, যার মধ্যে মালদা জেলা দিয়েছে ৫,৬৬,২৬,৭২৫ টাকা এবং দক্ষিণ দিনাজপুর জেলা দিয়েছে ১০,৩৯,৯৯,৫৫৬ টাকা।

## বাঁকুড়া জেলায় নূতন থানা স্থাপন

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৪) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় নূতন কোনো থানা গঠনের প্রস্তাব আছে কি না ; এবং

(খ) থাকলে, সেগুলির অবস্থান কোথায় হবে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বাঁকুড়া জেলায় সংশোধনাগার নির্মাণ

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৯) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মহকুমা স্তরে সংশোধনাগার নির্মাণার্থে কোনো প্রস্তাব আছে কি না ; এবং

(খ) থাকলে, সেগুলি কোথায় স্থাপন করা হবে।

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) কোনো সংশোধনাগার নির্মাণের প্রস্তাব নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## আদিবাসী অধ্যুষিত এলাকায় বিদ্যুৎ সংযোগ

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৩) **শ্রী কাশীনাথ মিশ্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া ২ নং ব্লকের টানাডাঙা, কাঁটাবনী, বাঁধডাঙ্গা, কেন্দ্রবনী ইত্যাদি তপশিলি ও আদিবাসী অধ্যুষিত এলাকায় বিদ্যুৎ সংযোগ হয়নি ; এবং

(খ) সত্যি হলে, কারণ কি ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) গ্রামীণ বিদ্যুতায়নের পরিসংখ্যান মৌজা ও থানা ভিত্তিক রাখা হয়। তাই নির্দিষ্ট মৌজার নাম উল্লেখ করলে এ বিষয়ে সঠিক তথ্য দেওয়া সম্ভব।

বাঁকুড়া জেলার ২নং ব্লকের কাঁটাবনী (জে এল নং ৫) মৌজাটি ১৯৭৭ সালে বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং কেন্দ্রবনী ( জে এল নং ৩) মৌজাটি ২০০১ সালে নিবিড়ীকরণ করা হয়েছে। আদমসুমারি অনুযায়ী টানাডাঙ্গা, বাঁধডাঙ্গা নামে কোনো মৌজার উল্লেখ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## আই. আই. আই. টি. সল্টলেককে ডিমড্ ইউনিভার্সিটিতে উন্নীত করার পরিকল্পনা

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৭) **শ্রীমতী সোনালী গুহ ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সল্টলেক সিটিতে স্থাপিত ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজিকে ডিমড্ ইউনিভার্সিটিতে উন্নীত করার ব্যাপারে রাজ্য সরকার কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজিকে ডিমড্ ইউনিভার্সিটি পর্যায়ে উন্নীত করার জন্য যথাযথ কর্তৃপক্ষ হিসাবে ভারত সরকারের মানব সম্পদ বিকাশ মন্ত্রকে আবেদন করা হয়েছে।

## স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬১) **শ্রীমতী সোনালী গুহ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের স্বাস্থ্যখাতে বরাদ্দ বৃদ্ধির পরে স্বাস্থ্যের পরিকাঠামোগত উন্নয়নের কোনও ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ** হ্যাঁ।

## Government action against Pre-natal sex determination

31. (Admitted Question No. 499) **Shri Ambica Banerjee & Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) whether Government is taking steps against clinics which determine sex of foetus ; and

(b) if so, details thereof.

**Minister-in-Charge of the Health and Family Welfare Department :**

(a) Yes.

(b) As directed by Hon'ble Supreme Court of India all centres having U.S.G. machines, are to be registered under Pre-natal Diagnostic Technique Act. Government is taking steps against the unregistered clinics.

In Kolkata, Ld. Public Prosecutor has been asked to file cases against 10 unregistered bodies. F.I.R. has been lodged against 8 unregistered organisations in North 24-Parganas, 1 in Birbhum and 17 Centres in Hooghly.

## Attraction of investment to West Bengal

32. (Admitted Question No. 502) **Shri Ambica Banerjee** and **Shri Saugata Roy** : Will the Minister-in-Charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government along with a Chamber of Commerce plans to go to other States to attract investment.

(b) If so, details of the plan.

(c) The progress made so far.

**Minister-in-Charge of the Commerce and Industries Department :**

(a) No firm decision has been taken in the matter as yet.

(b) Does not arise.

(c) Not applicable.

## নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৭) **শ্রী রামপদ সামন্ত** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা কত ;

(খ) নিয়ন্ত্রিত বাজারগুলিতে কর্মচারীর মোট সংখ্যা কত ; এবং

(গ) নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে বছরে সরকারের আয় ও ব্যয় কত ?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা ৪৮টি।

(খ) নিয়ন্ত্রিত বাজারগুলিতে কর্মচারীর মোট সংখ্যা ১,৪২৬ জন।

(গ) প্রকৃত অর্থে নিয়ন্ত্রিত বাজারগুলি থেকে সরকারের কোনো আয়-ব্যয় নেই। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭২ মোতাবেক বাজার সমিতিগুলি এক একটি স্বয়ংশাসিত সংস্থা। এই সংস্থাগুলির আয় উক্ত আইনবলে লাইসেন্স ফি ও লেভি ফি আদায়ের মাধ্যমে হয়। ২০০১-২০০২ সালের পরিসংখ্যান অনুযায়ী আয় ও ব্যয় নিম্নরূপ :

| ৪৮টি নিয়ন্ত্রিত বাজার সমিতির মোট আয় (লক্ষ টাকায়) | মোট ব্যয় (লক্ষ টাকায়) |
|---|---|
| ২৩৪১.৫০ | ১৯৬৬.৯৮ |
| (তেইশ কোটি একচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা) | (উনিশ কোটি ছেষট্টি লক্ষ আটানব্বই হাজার টাকা) |

## রাজ্যে এন. ভি. এফ. কর্মীর সংখ্যা

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৭) **শ্রী মন্টুরাম পাখিরা :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এন. ভি. এফ. কর্মীর সংখ্যা বর্তমানে কত ;

(খ) তাদের স্থায়ীকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমানে ১৫,৩৯৫ জন এন. ভি. এফ. কর্মী আছেন।

(খ) এই বিষয়ে সুপ্রীম কোর্টে একটি মামলা ১৯৯৫ সাল থেকে চলছে। সরকার আদালতের রায়ের অপেক্ষায় আছে।

(গ) এখন কোনো মন্তব্য করা সম্ভব নয়।

## পানচাষীদের স্বার্থে নিয়ন্ত্রিত বাজার স্থাপন

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৬) **শ্রী মন্টুরাম পাখিরা :** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে কাকদ্বীপ মহকুমা এলাকায় পানচাষীদের স্বার্থে সরকার নিয়ন্ত্রিত বাজার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পে অর্থ বরাদ্দের পরিমাণ কত ?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) এখনও কোনো পরিকল্পনা গ্রহণ করা সম্ভবপর হয়নি।

(খ) এখনই বলা সম্ভবপর হচ্ছে না।

(গ) কোনো অর্থ বরাদ্দ হয়নি।

## কাকদ্বীপে হিমঘর স্থাপন

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৭) **শ্রী মন্টুরাম পাখিরা ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, কাকদ্বীপে হিমঘর স্থাপনের পরিকল্পনা সরকারের আছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হতে পারে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পটি রূপায়ণে কত অর্থ বরাদ্দকৃত হয়েছে ?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) এই মুহূর্তে দক্ষিণ ২৪-পরগনার কাকদ্বীপে হিমঘর স্থাপনের কোনো পরিকল্পনা কৃষি বিপণন দপ্তরের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## বসুমতী পত্রিকা প্রকাশনা

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭২০) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বসুমতী পত্রিকাটির প্রকাশনা শিলিগুড়ি থেকে শুরু করার পর থেকে মার্চ, ২০০১ পর্যন্ত লোকসানের পরিমাণ কত ;

(খ) উক্ত লোকসানের কারণ কি ; এবং

(গ) ঐ পত্রিকাকে লাভজনকভাবে চালাবার জন্য সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) শিলিগুড়ি থেকে বসুমতী পত্রিকার প্রকাশন শুরু করার পর থেকে এই প্রতিষ্ঠানের শিলিগুড়ি ইউনিটের মোট লোকসানের পরিমাণ ৬.৪১ কোটি টাকা।

(খ) প্রচার সংখ্যা কম হওয়ার কারণে বিজ্ঞাপন বাবদ আয় আশানুরূপ হয়নি। ফলে, আয়ের থেকে ব্যয় অতিরিক্ত হয়েছে।

(গ) সুনির্দিষ্ট কয়েকটি ব্যবস্থা গ্রহণের ব্যাপারে সরকার বিবেচনা করছেন।

## বসুমতী পত্রিকার কর্মচারীদের আর্থিক সুযোগ-সুবিধা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বসুমতী পত্রিকার কর্মচারীরা কোনো ওয়েজ বোর্ডের সুপারিশমত আর্থিক সুবিধা পেয়েছেন কি না ; এবং

(খ) না পেয়ে থাকলে, তার কারণ কি ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বসুমতী পত্রিকার কর্মচারীরা মনিসানা ওয়েজ বোর্ডের পূর্ববর্তী দুটি (২) ওয়েজ বোর্ডের সুপারিশমত আর্থিক সুবিধা পেয়েছেন।

(খ) অর্থনৈতিক কারণে মনিসানা ওয়েজ বোর্ডের বর্তমান সুপারিশ এখনও কার্যকর করা যায়নি।

## Casual Workers in the West Bengal Fire Services

39. (Admitted Question No. 733) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state—

(a) number of casual workers in the West Bengal Fire Services ; and

(b) the steps taken for permanent appointment of such workers.

**Minister-in-Charge of the Fire Services Department :**

(a) Nil.

(b) Does not arise.

## Appointment of S.C., S.T. Drivers in West Bengal Fire Services

40. (Admitted Question No. 734) **Shri Ashok Deb :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state—

(a) total Number of S/C., S/T. Drivers appointed in West Bengal Fire Services Department during the period from 1.1.2000 to 31.1.2002 ; and

(b) number of such appointment made through employment exchange.

**Minister of State-in-Charge of the Fire Services Department :**

(a) 24 (Twenty four)

(b) Yes.

## পূর্ব মেদিনীপুর জেলায় কর্ম-বিনিয়োগ কেন্দ্রের সংখ্যা

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০) **শ্রী সেখ ইলিয়াস মহম্মদ :** কর্ম-বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পূর্ব মেদিনীপুর জেলায় কর্ম-বিনিয়োগ কেন্দ্র ক'টি ;

(খ) সেগুলিতে তালিকাভুক্ত কর্ম-প্রার্থীর মোট সংখ্যা কত ; এবং

(গ) ২০০১-২০০২ আর্থিক বছরে (জানুয়ারি, ২০০২ পর্যন্ত) পূর্ব মেদিনীপুর জেলায় কর্ম-বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরী প্রাপকের সংখ্যা কত ?

**কর্ম-বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পূর্ব মেদিনীপুর জেলায় মোট ৪টি কর্ম-বিনিয়োগ কেন্দ্র আছে :

১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—তমলুক,

২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কাঁথি,

৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—এগরা,

৪। প্রজেক্ট কর্ম-বিনিয়োগ কেন্দ্র—হলদিয়া।

(খ) ৩১.১.২০০২ পর্যন্ত পূর্ব মেদিনীপুর জেলায় মোট নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা নিম্নরূপ :

| | |
|---|---|
| ১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, তমলুক— | ১,০৮,৪৪৭ |
| ২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, কাঁথি— | ৯১,৯২৫ |
| ৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, এগরা— | ৭৬,৭৪৬ |
| ৪। প্রজেক্ট কর্ম-বিনিয়োগ কেন্দ্র, হলদিয়া— | ৯০,৬০০ |
| মোট— | ৩,৬৭,৭১৮ |

(গ) ৩১.১.২০০২ পর্যন্ত পূর্ব মেদিনীপুর জেলায় কর্ম-বিনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে চাকুরী প্রাপকের মোট সংখ্যা নিম্নরূপ :

| | |
|---|---|
| ১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, তমলুক— | ৫৪ |
| ২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, কাঁথি— | ৩৩ |
| ৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র, এগরা— | ২৩ |
| ৪। প্রজেক্ট কর্ম-বিনিয়োগ কেন্দ্র, হলদিয়া— | ৫৭ |
| মোট— | ১৬৭ |

## সুসংহত শিশু বিকাশ প্রকল্প

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৭) **শ্রী শ্যামাপ্রসাদ পাল :** মহিলা ও শিশুকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের কতগুলি ব্লকে 'সুসংহত শিশু বিকাশ প্রকল্প' চালু আছে ;

(খ) তন্মধ্যে, চলতি আর্থিক বছরে (২০০১-২০০২) ডিসেম্বর, ২০০১ পর্যন্ত কতগুলি ব্লকে উক্ত প্রকল্প চালু হয়েছে ; এবং

(গ) কোন্ কোন্ ব্লকে (নাম সহ) উক্ত প্রকল্প এখনও চালু করা সম্ভব হয়নি ?

**মহিলা ও শিশুকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বর্তমানে রাজ্যে ৩২১ (তিন শত একুশ)টি ব্লকে সুসংহত শিশু বিকাশ প্রকল্প চালু আছে।

(খ) ১০ (দশ)টি ব্লকে।

(গ) নিম্নলিখিত ৩৯ (উনচল্লিশ)টি ব্লকে উক্ত প্রকল্প এখনও চালু করা সম্ভব হয়নি ঃ

| জেলা | | ব্লকের নাম |
|---|---|---|
| উঃ ২৪-পরগনা | — | আমডাঙা, বাদুড়িয়া, হাবড়া-১, গোবরডাঙা, বসিরহাট-২। |
| দঃ ২৪-পরগনা | — | ভাঙ্গড়-১, ডায়মণ্ডহারবার-১, সাগর। |
| নদীয়া | — | কৃষ্ণনগর-১, করিমপুর। |
| মুর্শিদাবাদ | — | হরিহরপাড়া, ভগবানগোলা-২, শামসেরগঞ্জ। |
| বর্ধমান | — | আসানসোল-২, কালনা-১, কাটোয়া-২, পূর্বস্থলী-১, রানীগঞ্জ, সালানপুর। |
| পূর্ব ও পশ্চিম মেদিনীপুর | — | ভগবানপুর-২, দাঁতন-২, এগরা-১, খেঁজুরি-১, মহিষাদল, নন্দকুমার, নন্দীগ্রাম-৩, পটাশপুর-২, সবং, রামনগর-১, রামনগর-২, মোহনপুর, মেদিনীপুর, তমলুক-১, খড়্গপুর-২। |
| বাঁকুড়া | — | খাতড়া-২। |
| মালদা | — | রতুয়া-২, কালিয়াচক-২, কালিয়াচক-১। |
| দঃ দিনাজপুর | — | বংশীহারী। |

## কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৪) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** কর্ম-বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্যের সমস্ত কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার বসানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কতগুলি কেন্দ্রে (নাম সহ) এগুলি বসানো তথা চালু করা হয়েছে ?

**কর্ম-বিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ, রাজ্যের সকল কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার বসানোর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) এখন পর্যন্ত রাজ্যে ৪১টি কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার বসানোর অনুমোদন দেওয়া হয়েছে। যে যে কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার বসানো/চালু হয়েছে অথবা শীঘ্র চালু হবে তাদের তালিকা নীচে দেওয়া হল :

১। রিজিওনাল কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কলকাতা

২। সাব-রিজিওনাল কর্ম-বিনিয়োগ কেন্দ্র—হাওড়া
৩। সাব-রিজিওনাল কর্ম-বিনিয়োগ কেন্দ্র—খিদিরপুর
৪। সাব-রিজিওনাল কর্ম-বিনিয়োগ কেন্দ্র—আসানসোল
৫। প্রজেক্ট কর্ম-বিনিয়োগ কেন্দ্র—হলদিয়া
৬। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—ক্যানিং
৭। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কাকদ্বীপ
৮। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কল্যাণী
৯। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—ডায়মণ্ডহারবার
১০। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—উলুবেড়িয়া
১১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বর্ধমান
১২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—দক্ষিণ কলকাতা
১৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বেলদা
১৪। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—সীতারামপুর
১৫। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—ঝাড়গ্রাম
১৬। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—রামপুরহাট
১৭। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—চাঁচোল
১৮। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কান্দি
১৯। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—খড়্গপুর

যে সকল কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার বসানো হয়েছে এবং শীঘ্রই চালু হবে—

২০। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—এগরা
২১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কাঁথি
২২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—মালদা
২৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বনগাঁ
২৪। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বালুরঘাট
২৫। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—পুরুলিয়া
২৬। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—ঘাটাল
২৭। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—দমদম
২৮। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—খাতড়া
২৯। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—দার্জিলিং
৩০। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—রায়গঞ্জ
৩১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—শিলিগুড়ি

যে সকল কর্ম-বিনিয়োগ কেন্দ্রে সম্প্রতি কম্পিউটার বসেছে, কিন্তু চালু হয়নি—

৩২। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—চন্দননগর
৩৩। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—আরামবাগ

বিভিন্ন প্রশাসনিক ও আইনগত কারণে যে সকল কর্ম-বিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার চালু করা যায়নি—

৩৪। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বহরমপুর
৩৫। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বজবজ
৩৬। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—কৃষ্ণনগর
৩৭। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—দুর্গাপুর
৩৮। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—সিউড়ি
৩৯। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বারাসাত
৪০। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—বসিরহাট
৪১। জেলা কর্ম-বিনিয়োগ কেন্দ্র—ফরাক্কা।

## সিনেমার অশালীন হোর্ডিং

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৪) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সিনেমার নিয়ম-বহির্ভূত অশালীন হোর্ডিং প্রদর্শনের জন্য বিগত পাঁচ বছরে (১৯৯৬-২০০১) কত জনের শাস্তি বিধান করা হয়েছে ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

৪ (চার) জনের।

## বর্ধমান জেলায় কৃষিভিত্তিক শিল্প

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৯৭) **শ্রীমতী সাধনা মল্লিক ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলায় কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কোথায় কোথায়, উক্ত শিল্প গড়ে উঠবে ; এবং

(গ) কত দিনে উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ, এই রাজ্যে কৃষিভিত্তিক শিল্প স্থাপনের উন্নতির জন্য এই দপ্তর বিভিন্নভাবে সহায়তা করে।

(খ) বর্ধমান জেলায় বেসরকারি উদ্যোগে মোট ১৪টি কৃষিভিত্তিক শিল্প স্থাপনের প্রকল্প এই দপ্তর অনুমোদন করেছে। এগুলির তালিকা দেওয়া হল।

(গ) এই প্রকল্পগুলি বাস্তবায়িত হওয়ার বিভিন্ন স্তরে আছে।

এছাড়া বর্ধমান জেলায় পুরাতন হলার চালকলগুলি আধুনিকীকরণের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এর ফলে অধিক পরিমাণ রাইস ব্র্যান পাওয়া যাবে ও ভোজ্য তেল উৎপাদন শিল্প এবং পশুখাদ্য উৎপাদন শিল্পের বিকাশ ঘটবে।

'খ' প্রশ্নের উত্তরের সংযোজিত তালিকা

| | Company | Location | Product | Investment (Rs in lakh) | Employment |
|---|---|---|---|---|---|
| 1. | Choudhury Enterprises | Durgapur | Cold Store | 179.84 | 30 |
| 2. | Bengal Nestors' Industries (Production started) | Ausgram | Milk Processing | 320.17 | 25 |
| 3 | Sethia Oil Industries (Production started) | Pamra | Rice Bran Oil Refining & Extraction | 717.00 | 80 |
| 4. | Raj Laxmi PBR Process & NCR Research (P) Ltd | Katwa | Rice Mill | 220.65 | — |
| 5. | Multiple Protein & Food Processing (P) Ltd. (Land acquired) | Gushkara | Frozen Grove Meat | 1509 93 | 212 |
| 6. | Bedia Cold Storage (P) Ltd. (Production started) | Asansol | M. P Cold Store | 310 81 | 54 |
| 7 | Bansole Refinery (P) Ltd. (Under implementation) | Malkita | Refining of Rice Bran Oil | 503.98 | 54 |
| 8. | Bansole Oil Extraction (P) Ltd | Malkita | Solvent Extraction of Rice Bran Oil | 451.18 | 45 |
| 9. | Hemraj Oil Mills (P) Ltd. | Chandil | Solvent Extraction of Bran | 651.85 | 41 |
| 10. | Durgesh Rice Mill | Purahait | Modern Rice Mill | 120.21 | 10 |
| 11. | Khadi Prathistan | Purba Satgachia | Potato Flake | 308.96 | 25 |
| 12. | Das Soya Processing Industries | Durgapur | Soya Milk | 17.35 | 45 |
| 13 | Supreme Oil Industries Ltd. (Production continued) | Alamgunj | Refining of Veg. Oil | 128.35 | 20 |
| 14 | Dutta Agro Mills (P) Ltd | Alamgunj | Veg Oil Refinery | 522.18 | 21 |

## দীঘায় নোটিফায়েড এলাকা

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯১২) **শ্রী অখিল গিরি ঃ** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কবে থেকে দীঘাকে নোটিফায়েড এলাকা হিসাবে গণ্য করা হয়েছে ; এবং

(খ) দীঘাকে পৌরসভা হিসাবে গঠন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) দীঘাকে নোটিফায়েড এলাকা হিসাবে গণ্য করা হয়নি।

(খ) না।

## উদ্বাস্তু কলোনীর উন্নয়ন

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮১) **শ্রী জটু লাহিড়ী ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত দু'টি আর্থিক বছরে (১৯৯৯-২০০০ ও ২০০০-২০০১) হাওড়া জেলার ক'টি উদ্বাস্তু কলোনীর উন্নয়ন ঘটানো হয়েছে (নাম সহ) ; এবং

(খ) এজন্য উক্ত বছর কী পরিমাণ (পৃথকভাবে) খরচ হয়েছে ?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ১৯৯৯-২০০০ সালে হাওড়া জেলায় কোনো উদ্বাস্তু কলোনীর উন্নয়নের জন্য টাকা বরাদ্দ হয়নি। ২০০০-২০০১ সালে ঐ জেলায় রাজ্য বাজেটে মোট ১৩টি এবং কেন্দ্রীয় অনুদানে মোট ২টি উদ্বাস্তু কলোনীতে উন্নয়নের জন্য টাকা বরাদ্দ হয়েছে। নিম্নে কলোনীগুলির নাম এবং মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ দেওয়া হল :

**রাজ্য বাজেটে ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | বলানন্দনগর | বালী | ১,০০,০০০ | টাকা |
| ২। | কান্তপুকুর | বাগনান | ৫,৪০,০০০ | ” |
| ৩। | খানজদাপুর | বাগনান | ৩,৪৯,৯৭৬ | ” |
| ৪। | মা সারদাপল্লী | বালী | ১৪,৬০,১৮৬ | ” |
| ৫। | মাটিগড় | বালী | ৭,২০,০০০ | ” |
| ৬। | মতিনগর | বালী-জগাছা | ৪,২০,০০০ | ” |
| ৭। | নেতাজীনগর | বালী | ২৬,১০,০০০ | ” |
| ৮। | নৃপেন্দ্রপল্লী | বালী | ৭,৬০,০০০ | ” |
| ৯। | রবীন্দ্রনগর | বালী-জগাছা | ৩,৪০,০০০ | ” |
| ১০। | রাজচন্দ্রপুর | বালী | ৫,৮০,০০০ | ” |
| ১১। | শ্রীনগর-১ | বালী | ৭,১০,০০১ | ” |
| ১২। | শ্রীনগর-২ | বালী | ১,০০,০০৩ | ” |
| ১৩। | শ্রীনগর-৩ | বালী | ১,২০,০০২ | ” |
| | | | ৮৮,১০,১৬৮ | ” |

**কেন্দ্রীয় বাজেটে ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | বিনয় বাদল দীনেশ স্মৃতি পল্লী | বালী | ৩৫,৯৫,০৯৯ | ” |
| ২। | সূর্যসেন উপনিবেশ | বালী | ৯,১৬,৮৯৭ | ” |
| | | | ৪৫,১১,৯৯৬ | ” |

(খ) উক্ত বছরে মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ (কলোনী অনুযায়ী) পৃথকভাবে উপরে দেখানো হয়েছে। প্রকল্পগুলির কাজ চলছে। ব্যয়ের হিসাব এখনও পাওয়া যায় নাই।

## হাওড়া জেলায় মাধ্যমিক থেকে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৩) **শ্রী জটু লাহিড়ী ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় বিগত ২০০০-২০০১ এবং ২০০১-০২ শিক্ষাবর্ষে কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে ; এবং

(খ) এর মধ্যে শিবপুর বিধানসভা কেন্দ্রে এ ধরনের বিদ্যালয়ের সংখ্যা কত ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক)

| শিক্ষাবর্ষ | বিদ্যালয়ের সংখ্যা |
|---|---|
| ২০০০-০১ | ৩৩ |
| ২০০১-০২ | ১৬ |

(খ) বিধানসভা ভিত্তিক বিদ্যালয়ের তালিকা রাখা হয় না।

## হাওড়া জেলার ডুমুরজলায় স্টেডিয়াম নির্মাণ

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৬) **শ্রী জটু লাহিড়ী ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় ডুমুরজলায় স্টেডিয়াম নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কতদিনে তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ঐ স্থানে একটি ইন্‌ডোর স্টেডিয়াম আছে। অন্য কোনো স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা আপাততঃ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## ই.এস.আই. হাসপাতালের সংস্কার

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৮) **শ্রী জটু লাহিড়ী ঃ** কর্মচারী রাজ্যবীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলায় বালটিকুরী ই.এস.আই. হাসপাতালের সংস্কার তথা উন্নতি সাধনের জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

**কর্মচারী রাজ্যবীমা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

হ্যাঁ।

### দক্ষিণ ২৪-পরগনার বিভিন্ন মৌজায় বিদ্যুৎ সংযোগ

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯০) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার মোট কতগুলি মৌজায় ২০০০-২০০১ আর্থিক বছরে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে, এবং

(খ) তার মধ্যে সাগর ব্লকের কতগুলি মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ২০০০-২০০১ আর্থিক বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলার মোট ৩৮টি বিদ্যুৎবিহীন মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং ৮৪টি মৌজায় বিদ্যুৎ ব্যবস্থার নিবিড়ীকরণ করা হয়েছে।

(খ) উপরোক্ত ৩৮টি মৌজার মধ্যে সাগর ব্লকে ১৬টি বিদ্যুৎবিহীন মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে এবং ২টি মৌজায় নিবিড়ীকরণ করা হয়েছে।

### তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের সরকারি হোস্টেল

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৮) **শ্রী কমল মুখার্জি** ঃ অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য সরকার নিয়ন্ত্রিত ক'টি হোস্টেল আছে ;

(খ) এগুলিতে আবাসিকদের মোট সংখ্যা কত ; এবং

(গ) হুগলী জেলায় এরূপ হোস্টেলের সংখ্যা ক'টি (আবাসিকের সংখ্যা সহ)।

**অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের দ্বারা পরিচালিত দুই রকম হোস্টেল আছে :

(১) কেন্দ্রীয় হোস্টেল, (২) আশ্রম হোস্টেল।

**(১) কেন্দ্রীয় হোস্টেল**

রাজ্যে বর্তমানে তপশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য সরকার নিয়ন্ত্রিত চালু হোস্টেলের সংখ্যা ৩৭।

**(২) আশ্রম হোস্টেল**

অনুরূপ আশ্রম হোস্টেলের সংখ্যা ২৬৬।

(খ) উপরোক্ত হোস্টেলগুলিতে বর্তমানে আবাসিকদের মোট সংখ্যা নিম্নরূপ ঃ

| | হোস্টেল | আবাসিকের সংখ্যা |
|---|---|---|
| (১) | কেন্দ্রীয় হোস্টেল | ১৯৫৬ (কম/বেশী) |
| (২) | আশ্রম হোস্টেল | ৭৭৫৫ |

(গ) হুগলী জেলায় এরূপ হোস্টেলের সংখ্যা (আবাসিকের সংখ্যা সহ) নিম্নরূপ ঃ

| | হোস্টেল | সংখ্যা | আবাসিকের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | কেন্দ্রীয় হোস্টেল | ১ | ২৮ (কম/বেশী) |
| (২) | আশ্রম হোস্টেল | ৬ | ১৩০ |

## 'রূপলাল নন্দী' ক্যান্সার রিসার্চ সেন্টার

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০০০) **শ্রী কমল মুখার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগরে 'রূপলাল নন্দী' ক্যান্সার রিসার্চ সেন্টার'-টি অচল অবস্থার সম্মুখীন ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং

(গ) বর্তমানে উক্ত কেন্দ্রে কতজন চিকিৎসক, নার্স ও কর্মচারী কর্মরত আছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ)

| | |
|---|---|
| চিকিৎসক | ৯ জন |
| বিশেষজ্ঞ চিকিৎসক | ২ জন |
| নার্স | ৪ জন |

## হুগলী জেলায় নিবন্ধীকৃত শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০১৬) **শ্রী কমল মুখার্জি :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলী জেলায় নিবন্ধীকৃত শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা কত ;

(খ) বিগত পাঁচ বছরে (১৯৯৬-২০০০) চন্দননগর কর্ম-বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজনকে চাকুরীতে নিয়োগ করা হয়েছে ; এবং

(গ) তন্মধ্যে, পুরুষ ও মহিলার সংখ্যা কত ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩১.১২.২০০১ পর্যন্ত হুগলী জেলায় নিবন্ধীকৃত শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা ২,৭১,৭০৯।

(খ) বিগত পাঁচ বছরে (১৯৯৬-২০০০) চন্দননগর কর্ম-বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরিপ্রাপ্ত প্রার্থীর সংখ্যা ঃ

| বৎসর | চাকুরিপ্রাপ্তি |
|---|---|
| ১৯৯৬ | ৬২ |
| ১৯৯৭ | ৫৪ |
| ১৯৯৮ | ১৪ |
| ১৯৯৯ | ১৫৪ |
| ২০০০ | ২৪১ |

(গ) বিগত পাঁচ বছরে (১৯৯৬-২০০০) চন্দননগর কর্ম-বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরিপ্রাপ্ত প্রার্থীর মধ্যে লিঙ্গভিত্তিক সংখ্যা নিম্নরূপ :

| বৎসর | চাকুরিপ্রাপ্তি | |
|---|---|---|
| | পুরুষ | মহিলা |
| ১৯৯৬ | ৪৮ | ১৪ |
| ১৯৯৭ | ৪৯ | ৫ |
| ১৯৯৮ | ১৩ | ১ |
| ১৯৯৯ | ১২৪ | ৩০ |
| ২০০০ | ১৫৬ | ৮৫ |

## প্রতিবন্ধী ও মানসিক জড়বুদ্ধিসম্পন্ন ছাত্র-ছাত্রীদের কল্যাণ প্রকল্প

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩০) **শ্রী কমল মুখার্জি ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রতিবন্ধী ও মানসিক জড়বুদ্ধিসম্পন্ন ছাত্র-ছাত্রীদের কল্যাণ ও পুনর্বাসনের জন্য বর্তমানে রাজ্যে মোট কতগুলি প্রকল্প চালু আছে ;

(খ) প্রকল্পগুলি কি প্রকারের ;

(গ) কী পদ্ধতিতে সাধারণ মানুষ উক্ত প্রকল্পগুলির সুবিধাদি পেতে পারেন ?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ৭ (সাত)টি।

(খ) আবাসিক ও অনাবাসিক।

(গ) বিভিন্ন প্রকল্পের জন্য সরকার নির্ধারিত নিয়মকানুন ও নিদর্শ আছে। বিস্তারিত তথ্য নিকটস্থ পঞ্চায়েত সমিতি/জেলা সমাজ-কল্যাণ দপ্তর/সমাজ-কল্যাণ অধিকর্তা, পশ্চিমবঙ্গ/কমিশনার (প্রতিবন্ধকতা) ও চক্রচর নিয়ামক অফিসে পাওয়া যায়।

## অবৈধ চোলাই মদ প্রস্তুতকারকদের কাছ থেকে আবগারী শুল্ক আদায়

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৭) **শ্রী ভূতনাথ সরেন ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলায় নয়াগ্রাম ব্লকে অবৈধ চোলাই মদ প্রস্তুতকারকদের কাছ থেকে আবগারী শুল্ক আদায় করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, কোন নিয়মে কাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে ; এবং

(খ) অবৈধ রাজস্ব আদায়কারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বঙ্গীয় আবগারী আইন, ১৯০৯ অনুসারে অবৈধ চোলাই মদ প্রস্তুতকারকদের বিচার বিচারালয়ে হয়। বিভাগীয় বিচার ব্যবস্থা বা বিভাগীয় জরিমানা করার কোনও অধিকার এক্ষেত্রে আইনে নেই। কাজেই এই বে-আইনী কারবারিদের কাছ থেকে আবগারী শুল্ক আদায়ের কথা সত্যি নয়।

(খ) প্রশ্ন আসে না।

(গ) প্রশ্ন আসে না।

## বুনো হাতির আক্রমণে মৃতের সংখ্যা

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭০) **শ্রী ভূতনাথ সরেন ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২ ; জানুয়ারি ২০০১ পর্যন্ত) বুনো হাতির দ্বারা পশ্চিম মেদিনীপুর জেলায় কতজন ব্যক্তির মৃত্যু ঘটেছে, কতগুলি পরিবারের ঘরবাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে ও কী পরিমাণ কৃষিজ ফসল নষ্ট হয়েছে (ব্লকওয়ারী হিসাবে) ; এবং

(খ) এ বাবদ সরকারকে ক্ষতিপূরণ হিসাবে কী পরিমাণ অর্থ দিতে হয়েছে ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ১। বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২ ; জানুয়ারি ২০০১ পর্যন্ত) বুনো হাতির দ্বারা পশ্চিম মেদিনীপুর জেলায় মোট ৮ (আট) জনের মৃত্যু হয়েছে।

২। মোট ৪৬টি ঘরবাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে।

৩। পশ্চিম মেদিনীপুর জেলায় (নয়া গ্রাম ব্লকে) মোট ১২০ হেক্টর এলাকার কৃষিজ ফসল হাতির দ্বারা নষ্ট হয়েছে।

(খ) ১। বুনো হাতির দ্বারা মৃত্যু বাবদ মোট ১,৬০,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে হয়েছে।

২। হাতির দ্বারা ঘরবাড়ী নষ্ট হয়ে যাওয়ার জন্য মোট ২০,০০০ (কুড়ি হাজার) টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

৩। হাতির দ্বারা ফসল নষ্টের বাবদ মোট ১,৯১,৯৯৫ টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

## পুরুলিয়া বি.এড. কলেজে আসন সংখ্যা হ্রাস

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৬) **শ্রী নেপাল মাহাতো ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া বি.এড. কলেজে আসন সংখ্যা হ্রাস পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, হ্রাস পাওয়ার কারণ কি ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) কলেজ কর্তৃপক্ষ প্রশিক্ষণপ্রার্থীর আসন সংখ্যা এই শিক্ষাবর্ষে কমিয়েছেন।

(খ) এন.সি.টি.ই-র নির্ধারিত বিধি নিয়মের সঙ্গে সঙ্গতি রাখার উদ্দেশ্যেই কলেজ কর্তৃপক্ষ এরূপ পদক্ষেপ নিয়েছেন।

## পুরুলিয়ায় ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৭) **শ্রী নেপাল মাহাতো ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পুরুলিয়া জেলার কোটশিলায় নতুন থানা স্থাপন

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৪) **শ্রী নেপাল মাহাতো ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কোটশিলায় নতুন কোনো থানা স্থাপনের প্রস্তাব আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

## ঝালদায় নদীসেচ প্রকল্প

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮৭) **শ্রী নেপাল মাহাতো ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ঝালদায় সুবর্ণরেখা নদীর ধারে কতকগুলি নদীসেচ প্রকল্প স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর সুনির্দিষ্ট রূপরেখা কিরূপ ?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না। তবে সহায়ক অনুদানের অর্থে ঝালদা ১নং ব্লকে সুবর্ণরেখা নদীর ধারে দরপা ও ঘুটিয়াতে ২টি নদী জলোত্তোলন প্রকল্পের প্রস্তাব জেলা পরিষদের কাছে আছে।

## পুরুলিয়া জেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক/শিক্ষিকার শূন্য পদের সংখ্যা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯০) **শ্রী নেপাল মাহাতো ঃ** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৮.০২.২০০২ পর্যন্ত পুরুলিয়া জেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে কত সংখ্যক শিক্ষক/শিক্ষিকার পদ খালি আছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

৩১.১২.২০০১ পর্যন্ত পুরুলিয়া জেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১২৬টি শিক্ষক/শিক্ষিকার পদ খালি আছে।

## বেলুড় নিস্কো কারখানার ফাউন্ড্রি বিভাগের উন্নয়ন

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৩৩) **শ্রীমতী কণিকা গাঙ্গুলী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বেলুড় নিস্কো কারখানায় ফাউন্ড্রি বিভাগ উন্নীতকরণের বিষয়ে সরকার বিবেচনা করছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত প্রস্তাব বাস্তবায়িত হতে পারে ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## ফলতায় আচার্য জগদীশচন্দ্র বসুর বাগান বাড়ীতে মিউজিয়াম

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৯) **শ্রী তমোনাশ ঘোষ ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার ফলতায় আচার্য জগদীশচন্দ্র বসুর বাগান বাড়ীটিকে মিউজিয়ামে পরিণত করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটির রূপরেখা কীরূপ ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## দক্ষিণ ২৪-পরগনায় মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৫) **শ্রী তমোনাশ ঘোষ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলায় কত সংখ্যক বিদ্যালয়কে

১। মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ;

২। জুনিয়ার হাইস্কুল থেকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে (ব্লকওয়ারী) ; এবং

(খ) বিদ্যালয়গুলিকে উন্নীত করার জন্য কী কী পদ্ধতি অবলম্বন করা হয়েছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০০-২০০১ আর্থিক বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলায়—

১। ৪৩টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে।

২। ৬৫টি জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে (ব্লকওয়ারী তথ্য জানানো সম্ভব নয়)।

(খ) বিদ্যালয়গুলির সার্বিক পরিকাঠামো ও প্রয়োজনীয়তা বিচার বিশ্লেষণ করে এবং শিক্ষার উন্নতির কথা বিবেচনা করে ও জেলা উন্নয়ন কমিটির সুপারিশ অনুযায়ী বিদ্যালয়গুলিকে উন্নীত করা হয়েছে।

## সরকারী পদ বাতিল

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৪) **শ্রী অজয় দে :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকারি আদেশে ১৯৯৭ সালে নদীয়া জেলা পরিষদে মেডিকেল অফিসার সহ ১২টি পদ বাতিল করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত সময়ের পরেও উক্ত বাতিল পদে বে-আইনীভাবে কর্মরত ব্যক্তিদের বেতন প্রদান করা হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, এজন্য ব্যয়িত অর্থের পরিমাণ কত ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না, কোনো পদ বাতিল করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## নদীয়া জেলা পরিষদের অডিট

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৫) **শ্রী অজয় দে :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭ থেকে ২০০১ পর্যন্ত আর্থিক বছরে নদীয়া জেলা পরিষদের অডিট হয়েছে কি না ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কোনো অভিযোগ বা নিরীক্ষণ মতামত আছে কি ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) নিরীক্ষা মতামত বা অডিট রিপোর্ট ১২.৩.২০০২ তারিখে পাওয়া গিয়েছে। মতামতগুলি সম্বন্ধে জেলা পরিষদের অভিমত চাওয়া হচ্ছে।

## Educational Courses

68. (Admitted Question No. 1209) **Shri Sisir Adhikari :** Will the Minister-in-Charge of the Technical Education Department be pleased to state—

(a) what are the faculty courses being studied at present in Contai Polytechnic College, Contai, Purba Medinipur ;

(b) whether there is any Government proposal for introducing rural technology and Agriculture Course in Contai Polytechnic College for Rural Development ; and

(c) if so, when ?

**Minister-in-Charge of the Technical Education Department :**

(a) 3 years Diploma Courses (Day) in :

(i) Civil Engineering, and

(ii) Pharmacy.

(b) Revival of 'Rural Technology & Agriculture' course in Contai Polytechnic is not under the consideration of the Government at Present.

(c) Does not arise.

## Mode of Assessment regarding Rent, Cess, Lease Fees etc.

69. (Admitted Question No. 1213) **Shri Sisir Adhikari :** Will the Minister-in-Charge of the Land and Land Reforms Department be pleased to state—

the mode of assessment as well as fixation of rent, cess, lease fees etc. of land used for agriculture, tea estate, salt production industries and other purposes in vogue during the year 2001-2002.

**Minister-in-Charge of the Land and Land Reforms Department :**

Those are assessable as per provisions of Secs. 23 & 24 of the West Bengal Land Reforms (Amendment) Act, 2000 read with Rules 123, 124, 191, 223, 226, 235, 248, 256, 272, 273 of the WBL & LR Manual, 1991 as amended from time to time.

## Infrastructural Development of Purba Medinipur District

70. (Admitted Question No. 1214) **Shri Sisir Adhikari** : Will the Chief Minister and Minister-in-Charge of the Personnel & Administrative Reforms be pleased to state—

that what steps are being pursued for infrastructural development of Purba Medinipur District Headquarters at Tamluk and Egra Sub-divisional Headquarter at Egra ?

**Chief Minister and Minister-in-Charge of the Personnel and Administrative Reforms Department :**

The new district of Purba Medinipur and a new sub-division at Egra have just been created w.e.f. 01.01.2002.

Office of the District Magistrate, Purba Medinipur is functioning from Administrative Building of ADM, Tamluk and office of the SDO, Egra is functioning from a rented house at Egra. Offices of other district level and sub-divisional level are coming up gradually.

Construction of Administrative Building for the newly created district and the sub-division and residential quarters are under the active consideration of the Government.

## পাটচাষীদের স্বার্থ রক্ষা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৭) **শ্রী আবুতাহের খান** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার পাট চাষীদের স্বার্থ রক্ষায় জুট মিল স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত মিলটি কোথায় স্থাপিত হবে বলে আশা করা যায় ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সত্যি। একজন শিল্পপতি মুর্শিদাবাদ জেলায় একটি পাটকল স্থাপনের আগ্রহ প্রকাশ করেছেন।

(খ) এখনও স্থান নির্বাচিত হয়নি।

## অশোকনগরে পর্যটন কেন্দ্র

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮২) **শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অশোকনগরকে একটি পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

এই মুহূর্তে কোনো পরিকল্পনা নেই।

## অশোকনগরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮৫) **শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার অশোকনগরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কার্যকরী করার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) উত্তর ২৪-পরগনা জেলার অশোকনগরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা বর্তমানে সরকারের নেই।

(খ) বর্তমানে প্রযোজ্য নয়।

## পরিবেশ দূষণ জনিত কারণে বন্ধ কারখানা

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০২) **শ্রী ধনঞ্জয় মোদক** এবং **শ্রী তপন হোড় ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সম্প্রতি কলকাতাস্থ সুতো রং (ডাইং ও ব্লিচিং) করার কিছু কারখানাকে পরিবেশ দূষণ জনিত কারণে বন্ধ করার নির্দেশ দিয়েছে ;

(খ) এক্ষেত্রে পরিবেশ দূষণ জনিত কারণগুলি কি ; এবং

(গ) উক্ত কারখানাগুলির নাম ও অবস্থান কোথায় ?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) ১৯৯৯ এবং ২০০০ সালে পর্ষদ কলকাতায় অবস্থিত চারটি সুতো রং (ডাইং ও ব্লিচিং) সংস্থাকে বন্ধ করার নির্দেশ দিয়েছিল। ২০০০ সালে এই নির্দেশ প্রত্যাহার করা হয়েছে। বিভিন্ন সময়ে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ৫৬টি সুতো রং (ডাইং ও ব্লিচিং) সংস্থাকে দূষণ সৃষ্টির কারণে বন্ধ করেছে। এর মধ্যে ২২টি সংস্থার নির্দেশ প্রত্যাহার করা হয়েছে।

(খ) উপরোক্ত সংস্থাগুলি কোনো পরিশোধন ছাড়াই দূষিত জল কারখানার বাইরে ফেলত। এরা বায়ু দূষণ নিয়ন্ত্রণের জন্য উপযুক্ত যন্ত্র ব্যবহার করত না। এর ফলে বায়ু দূষণের জন্য এরা দায়ী। এই সংস্থাগুলিকে দূষণ নিয়ন্ত্রণের জন্য উপযুক্ত ব্যবস্থা নিতে বলা হয়েছে যাতে আইনানুসারে স্থাপিত বিধি লঙ্ঘন না হয়।

বর্তমানে পর্ষদ ৬৫টি সুতো রং (ডাইং ও ব্লিচিং) সংস্থাকে কারণ দর্শানোর বিজ্ঞপ্তি জারি করেছে দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থা না নেওয়ার জন্য। এর মধ্যে ৩১টি সংস্থা কলকাতায় অবস্থিত।

(গ) পর্ষদ যে ৫৬টি সুতো রং (ডাইং ও ব্লিচিং) সংস্থাকে দূষণ সৃষ্টির কারণে বন্ধ করার নির্দেশ দিয়েছিল তাদের অবস্থান হচ্ছে—

| | | |
|---|---|---|
| দক্ষিণ ২৪-পরগনা | — | ৩৯টি |
| উত্তর ২৪-পরগনা | — | ৫টি |
| কলকাতা | — | ৫টি |
| হাওড়া | — | ৭টি |

## হলদিয়ার কুমারচক গ্রামে দূষণ

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৪) **ডাঃ রত্না দে ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হলদিয়ার কুমারচক গ্রাম ভয়াবহ দূষণের কবলে পড়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে সরকারের চিন্তা-ভাবনা কিরূপ ?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়ার নিকটস্থ কুমারচক গ্রামবাসীদের অভিযোগের ভিত্তিতে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ বারংবার উক্ত গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পর্যবেক্ষণ করেছে। উক্ত অভিযোগের ভিত্তিতে হিন্দ লিভার কেমিক্যালস সংস্থা পর্যবেক্ষণ করা হয়েছে।

এই এলাকায় কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদও পর্যবেক্ষণ করেছে। হাওড়া গণতান্ত্রিক নাগরিক সমিতি এ সংক্রান্ত ব্যাপারে কলকাতার উচ্চ ন্যায়ালয়ে যে লিখিত অভিযোগ করেছিলেন সেই বিষয়ে কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ পর্যবেক্ষণ করে মাননীয় কলকাতার উচ্চ আদালতের নিকট রিপোর্ট পেশ করেছেন।

মাননীয় আদালত ১৫.০২.২০০২ তারিখে, পরিচালক, কৃষিবিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের কাছে নির্দেশ পাঠিয়েছেন উক্ত এলাকা পর্যবেক্ষণ করে শস্যের ক্ষতির কারণ অনুসন্ধান করতে।

(খ) অভিযুক্ত সংস্থাটিকে আইনানুসারে নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

## সুন্দরবনে জনসাধারণের স্বেচ্ছাশ্রম দ্বারা রাস্তা নির্মাণ

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৯) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর ঃ** সুন্দরবন উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবন উন্নয়ন পর্ষদের পক্ষ থেকে ২০০২-২০০৩ আর্থিক বছরে রাস্তা নির্মাণে স্থানীয় জনসাধারণের স্বেচ্ছাশ্রম গ্রহণের সিদ্ধান্ত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর উদ্দেশ্য ও লক্ষ্য কি ?

**সুন্দরবন উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যোগাযোগ ব্যবস্থায় অনুন্নত সুন্দরবনে দ্রুততার সঙ্গে যোগাযোগ পরিকাঠামো নির্মাণের উদ্দেশ্যে স্থানীয় জনসাধারণের বৃহত্তর অংশকে সামিল করা। নির্মিত সম্পদের রক্ষণাবেক্ষণ বিষয়ে স্থানীয় জনসাধারণের একাত্মতা ও সমত্ববোধ সৃষ্টিও এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

এই কর্মসূচির প্রধান লক্ষ্য হল পরিকাঠামো উন্নয়নে সরকার এবং পঞ্চায়েতের উপর নির্ভরতা হ্রাস করা এবং সরকারি পরিকল্পনা তহবিলের উপর চাপ কমানো।

## হাওড়া জেলায় এইডস্ ও আর্সেনিক দূষণে আক্রান্তদের চিকিৎসা

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭১) **শ্রী বিমান চক্রবর্তী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলার কোন্ কোন্ হাসপাতালে এইডস্ ও আর্সেনিক দূষণে আক্রান্ত মানুষদের সুচিকিৎসার ব্যবস্থা আছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

হাওড়া জেলার সব হাসপাতালে এইডস্ দূষণে আক্রান্ত মানুষদের এবং হাওড়া জেলা হাসপাতাল ও উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে আর্সেনিক দূষণে আক্রান্ত মানুষদের সুচিকিৎসার ব্যবস্থা আছে।

## হাসপাতালে স্থায়ী ডাক্তার নিয়োগ

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮৯) **ডঃ আশীষ ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ১নং ব্লকের অন্তর্গত কাষ্ঠগড়া প্রাথমিক হাসপাতালে স্থায়ীভাবে কোনো ডাক্তার নিযুক্ত আছেন কি না ; এবং

(খ) না হলে, সরকার উক্ত হাসপাতালে স্থায়ী ডাক্তার নিয়োগের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) একজন ডাক্তারবাবুকে চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হয়েছিল। কিন্তু চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই চাকরি ছেড়ে চলে গেছে।

স্থানীয় প্রশাসন পুনরায় চুক্তিতে ডাক্তার নিয়োগের প্রচেষ্টা চালাচ্ছেন। উল্লেখ্য যে, পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগের মাধ্যমে স্থায়ীভাবে ডাক্তার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা ত্বরান্বিত করা হচ্ছে।

## তারাপুর প্রাথমিক হাসপাতাল

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯০) **ডঃ আশীষ ব্যানার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ২নং ব্লকের অন্তর্গত তারাপুর প্রাথমিক হাসপাতালে বর্তমানে কতজন ডাক্তার, নার্স ও কতগুলি শয্যা রয়েছে ; এবং

(খ) উক্ত প্রাথমিক হাসপাতালে শয্যার সংখ্যা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) তারাপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে ১ জন চিকিৎসক, ৩ জন নার্স এবং ৬টি শয্যা রয়েছে।

(খ) না।

## রাজারহাট এলাকায় নতুন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১২) **শ্রী তন্ময় মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজারহাট এলাকায় নতুন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন্ জায়গায় ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সংশ্লিষ্ট এলাকাটি সুনির্দিষ্টভাবে বলা হয়নি। সেজন্য বিদ্যালয় স্থাপনের তথ্য দেওয়া সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## বৃহৎ পঞ্চায়েত ও ব্লকগুলির বিভাজন

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৮) **শ্রী নির্মল দাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বৃহৎ পঞ্চায়েত ও ব্লকগুলি ভাগ করার পরিকল্পনা করেছেন ; এবং

(খ) সত্যি হলে, জলপাইগুড়ি জেলার কালচিনি, কুমারগ্রাম দুয়ার, ফাঁসিকাঠী মাদারীহাট, বীরপাড়া, ধূপগুড়ি প্রভৃতি বৃহৎ ব্লকগুলি ভাগ করার কোনও পরিকল্পনা হয়েছে ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পুরুলিয়া জেলায় সমবায় প্রশিক্ষণ কেন্দ্র

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৯) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলায় সমবায় প্রশিক্ষণ কেন্দ্র খোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

বর্তমানে পুরুলিয়া জেলায় সমবায় প্রশিক্ষণ কেন্দ্র খোলার কোনও পরিকল্পনা সরকারের নেই।

## ভিডিও পার্লারের দৌরাত্ম্য

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৭৪) **শ্রী প্রমথনাথ রায় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ভিডিও পার্লারের দৌরাত্ম্য কমানোর ক্ষেত্রে সরকারের তরফে গৃহীত ব্যবস্থাদি কীরূপ ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(১) রাজ্যে নতুন কোন ভিডিও হলের লাইসেন্স যাতে প্রদান করা না হয় সে ব্যাপারে লাইসেন্সিং অথরিটিদের নির্দেশ দেওয়া হয়েছে।

(২) লাইসেন্সপ্রাপ্ত ভিডিও হলে কেবলমাত্র ভিডিও পার্লারে প্রদর্শনীর জন্য বাণিজ্যিকভাবে মুক্তিপ্রাপ্ত ছবির ক্যাসেট চালানোর কথা বলা হয়েছে।

(৩) লাইসেন্স নবীকরণের সময় হল-মালিকদের তাদের হলে গত তিন মাসে প্রদর্শিত ছবির পূর্ণাঙ্গ তালিকা পেশ করতে বলা হয়। যদি দেখা যায় উক্ত হলে/পার্লারে 'হোমভিউইং' ক্যাসেট চালানো হয়েছে, যা ভিডিও হলে প্রদর্শন বেআইনী, তাহলে সেই হলের লাইসেন্স আর নবীকরণ করা হয় না।

## বীরভূম জেলায় লাইসেন্সপ্রাপ্ত নতুন দেশী মদের দোকানের সংখ্যা

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৪) **শ্রী অসিতকুমার মাল ঃ** আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে কতগুলি নতুন দেশী মদের দোকানের লাইসেন্স দেওয়া হয়েছে ; এবং

(খ) বর্তমান ২০০১-২০০২ আর্থিক বছরে বীরভূম জেলায় কতগুলি দেশী মদের দোকানের লাইসেন্স কোথায় কোথায় দেওয়া হয়েছে/হবে ?

**আবগারী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বীরভূম জেলায় বিগত ২০০০-২০০১ আর্থিক বছরে কোনও নতুন দেশী মদের দোকানের লাইসেন্স প্রদান করা হয়নি।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ২০০১-২০০২ আর্থিক বছরে বীরভূম জেলায় নিম্নলিখিত স্থানগুলিতে নতুন দেশী মদের লাইসেন্স প্রদানের অনুমোদন দিয়েছেন এবং বর্তমান ২০০১-২০০২ আর্থিক বছরে সব ক'টি লাইসেন্স প্রদান করা হয়েছে :

| | স্থান | থানা |
|---|---|---|
| ১। | শেওড়াকুড়ি | মহঃ বাজার |
| ২। | বাসপাড়া | বোলপুর |
| ৩। | সিরান | বোলপুর |
| ৪। | মাড়গ্রাম | মাড়গ্রাম |
| ৫। | কুনুড়ি | কুনুড়ি |

## রাজ্যে হিমঘরের সংখ্যা

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০০৯) **শ্রী বাঁশরীমোহন কাঁজি ঃ** কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে ক'টি কোল্ড স্টোরেজ আছে ; এবং

(খ) দক্ষিণ ২৪-পরগনায় কোল্ড স্টোরেজ নির্মাণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

**কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ**

(ক) বর্তমানে রাজ্যে ৩৫৮টি হিমঘর আছে। কার্যকরী ৩৪৪টি।

(খ) পশ্চিমবঙ্গে হিমঘর নির্মাণ মূলতঃ ব্যক্তিগত উদ্যোগে সংগঠিত হয়। কিছু সংখ্যক হিমঘর সমবায় সংস্থার মাধ্যমে নির্মিত হয়। কিন্তু কোনো ব্যক্তিগত মালিকানাধীন বা সমবায় সংস্থা হিমঘর নির্মাণের জন্য এগিয়ে আসেননি।

[12.00—12.10 p.m.]

## PRESENTATION OF COMMITTEE REPORT
### 19th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 19th report of the Business Advisory Committee. The committee met in my chamber yesterday and recommended the following programme of business.

| | | | | |
|---|---|---|---|---|
| 12.6.2002, Wednesday : | (i) | Demand No. 24 | Commerce & Industries Department. | 4 hours |
| | (ii) | Demand No. 53 | | |
| | (iii) | Demand No. 75 | | |
| | (iv) | Demand No. 76 | | |
| | (v) | Demand No. 87 | | |
| | (vi) | Demand No. 93 | | |
| | (vii) | Demand No. 94 | | |
| | (viii) | Demand No. 95 | | |
| | (ix) | Demand No. 96 | | |
| | (x) | Demand No. 97 | | |
| | (xi) | Demand No. 74. | Industrial Reconstrcution Department | |
| | (xii) | Demand No. 92 | Public Enterprises Department | |
| | (xiii) | Demand No. 56 | Food Processing Industries & Horticulture Department | |
| 13.6.2002, Thursday : | (i) | Demand No. 21 | Home (Police) Department | 4 hours |
| 14.6.2002, Friday : | (i) | Demand No. 51 | Fisheries (Aquaculture, Aquatic Resource and Fishing Harbours) Department | 1 hour |
| | (ii) | Demand No. 7 | Land & Land Reforms Department | 3 hours |
| | (iii) | Demand No. 61 | | |

I now request the Minister-in-Charge of Parliamentary Affairs Department to please move the motion for acceptance of the House.

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the 19th report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received eleven notices of Adjourment Motions. The first one is from Shri Ajoy Dey on the

subject of alleged economic crisis of the State Government. The second one is from Dr. Asish Banerjee on the subject of non-availability of AVS and ARV injections in the state. The third one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of irregularities in the education system causing sufferings to the students in the State. The fourth one is from Shri Asit Kumar Mal on the subject of decision of the Medical Council of India to curtail the number of seats meant for MBBS course in the State. The fifth one is from Shri Dipak Kumar ghosh on the subject of alleged insufficient security arrangements at writers' Buildings, Assembly House and some other institutions in the State. The sixth one is from Shri Moloy Ghatak on the subject of revival package of IISCO. The seventh one is from Shri Pankaj Banerjee on the subject of statement of the Home Secretary on the probability of terrorist attack on Writers' Buildings. The eighth and eleventh ones are from Shri Gobinda Chandra Naskar and Shri Tapas Roy separately on the some subject of irregularities in publication of Madhyamik results and issuance of Madhyamik certificates. The ninth one is from Shri Nirmal Ghosh on the subject of exorbitant hike in charge of electricity and increase in surcharge. And the tenth one is from Shri Saugata Roy on the subject of decision of the major ruling party against Shri Dulal Bandyopadhyay, an acused of murder.

The subject matter of the Motion of Shri Saugata Roy is sub-judice and the Government is not primarily concerned with this. As such the notice is out of order and I reject it. The Adjourment Motion on the subject matter similar to the eighth and eleventh Motions was received yesterday consent to which was withheld by me. The notices are thus out of order and I reject these.

The subject matters of all the remaining Motions relate to day to day administration of the Government and do not call for adjourment of the business of the House. Moreover, the members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned Departments which is now going on and Members may also invite attention of the Minister concerned through calling Attention. Question, Mention, etc. I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

**শ্রী অজয় দে ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল—

রাজ্যের অর্থনৈতিক নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এর ফলে সর্বক্ষেত্রে জরুরী কাজ বন্ধ হয়ে গেছে। শুধু তাই নয়, শিক্ষকসহ অন্যান্য কর্মচারীদের বেতন প্রদানে এসেছে চরম অনিশ্চয়তা। অন্যদিকে পৌরসভা ও পঞ্চায়েতগুলির জরুরী পরিষেবা বন্ধের ফলে সাধারণের মধ্যে চরম অসন্তোষ দেখা দিয়েছে।

**Shri Pankaj Banerjee :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

The Home Secretary, Govt. of West Bengal informed all the printing and electronic media of the State that there is probability of attacking the Writers' Buildings by the terrorists. If such information was there with him, he was supposed to get the police and allied forces to be alert and to take adequate measures to face the same. Instead of doing that he has spread an air of insecurity among the people.

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker :** Today I have received six notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Discussion between State Government and Jharkhand Government on the problem at Santaldih Power Plant for suspension of Water Supply | : | Shri Ajoy Dey |
| (ii) | Non-availability of A.R.V. A.V.S. in the State | : | Dr. Asish Banerjee |
| (iii) | Steps for Publication of B.P.L. list | : | Shri Jyotirmoy Kar |
| (iv) | Apprehended curtailment of seats for medical students at Bankura, Burdwan and North Bengal | : | Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |

| | | |
|---|---|---|
| (v) | Apprehended attack on Writers' Buildings and other important places in the state | : Shri Tapan Hore |
| (vi) | Pleasures taken by the State Government to prevent terrorist activities in the State | : Shri Nirmal Das |

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of non-availability of A.R.V., A.V.S. in the State.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 19th of June, 2002.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### The First Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs Sports & Youth Services (2001-2002)

The Chairman (**Shri Padmanidhi Dhar**) : Sir, I beg to present the First Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports & Youth Services, 2001-2002 on Pre-Voting Budget Scrutiny (2002-2003).

### The Second and Third Reports of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2001-2002)

Chairman (**Shri Abu Ayes Mondal**) : Sir, I beg to present the 2nd and 3rd Reports of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2001-2002) on the transmission and distribution loss of Power supply in the State and the activities of Science and Technology Department, Government of West Bengal respectively.

### The First Report of the Standing Committee on Urban Development and Municipal Affairs (2001-2002)

**Shri Ajoy De :** Sir, with your permission, I beg to present the First Report of the Standing Committee on Urban Development

and Municipal Affairs (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Urban Development and Municipal Affairs Departments.

### The First, Second and Third Reports of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture (2001-2002)

Chairman (**Shri Chittranjan Dasthakur** : Sir, I beg to present the 1st, 2nd and 3rd Reports of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture (2001-2002).

### The First Report of the Standing Committee on Health & Family Welfare (2001-2002)

The Chairman (**Shri Manoranjan Patra**) : Sir, I beg to present The First Report of the Standing Committee on Health and Family Welfare (2001-2002) on Pre-voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Health & Family Welfare Department.

### The First and Second Reports of the Standing Committee on Food and Supplies, Food Processing and Fisheries (2001-2002)

The Chairman (**Shri Subrata Bose**) : Sir, I beg to present,

(i) The First Report of the Standing Committee on Food & Supplies, Food Processing and Fisheries (2001-2002) on Fisheries Department with special emphasis on Sankarpur and Frasergunj Fishing Harbours ; and

(ii) The Second Report of the Standing Committee on Food and Supplies, Food Processing and Fisheries (2001-2002) on Pre-Voting budget Scrutiny for the Year 2002-2003 relating to the Food and Supplies, Food Processing and Fisheries Department.

[12.10—12.20 p.m.]

## PRIVILEGE MOTION

**Mr. Speaker** : Hon'ble Members, today I have received a notice of Privilege Motion from Shri Padmanidhi Dhar in connection with a report published in today's Ananda Bazar Patrika.

Yes, Mr. Dhar, Please move your motion.

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ ১১ই জুনের আনন্দবাজার পত্রিকার অষ্টম পৃষ্ঠায় "রিজার্ভ ব্যাঙ্কের ১৮১ কোটি টাকায় অবশেষে চাল সংগ্রহে নামছে রাজ্য"—এই শিরোনামে একটি সংবাদ পরিবেশিত হয়। সংবাদটি নিম্নরূপ "কৃষকের ধানের নায্যমূল্য আব্দুল মান্নান বিধানসভায় মুলতবি প্রস্তাব এনেছিলেন। একই অভিযোগ করে মুলতবি প্রস্তাব এনেছিল তৃণমূল কংগ্রেসও। স্পিকার তৃণমূলের প্রস্তাবের উপরে আলোচনার অনুমতি দেননি। তবে তিনি কংগ্রেসের প্রস্তাব নিয়ে আলোচনার অনুমতি দেন।" অসত্য এই সংবাদ, সভার অধিকারে হস্তক্ষেপ এবং মিথ্যা ও বিভ্রান্তিকর। আমি ২২৬ ধারায় প্রিভিলেজ মোশান দাবী করছি ও আনছি।

**মি. স্পীকার ঃ** আমাদের নিয়ম অনুযায়ী আগে আমরা আনন্দবাজার পত্রিকার এডিটরকে লিখব, তাঁর কমেন্টস চাইব, তার পরে যা হবার হবে।

## MENTION CASE

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। বিগত দিনে দারিদ্র্যসীমার নীচে যে তালিকা তৈরি হয়েছিল সেটা চরমভাবে গরমিল ছিল, এই বিষয়টা নিয়ে আমরা কংগ্রেস দলের পক্ষ থেকে অনেক আন্দোলন হয়েছে, মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশান হয়েছে, মুখ্যমন্ত্রী আশ্বাসও দিয়েছিলেন মার্চ মাসের মধ্যে এই অ্যানোমেলিজগুলি সংশোধন করা হবে এবং সঠিকভাবে প্রকৃত ব্যক্তিরা যাতে সুযোগ পায় তার তালিকা করা হবে। সম্প্রতি যে কায়দায় যেভাবে তালিকা তৈরি করার নির্দেশ দেওয়া হয়েছে, গ্রাম বাংলার মানুষ জানেনা, কোন ওয়াইড পাবলিসিটিও নেই, কিসের ভিত্তিতে এটা করা হচ্ছে সেটারও সুস্পষ্ট কোন ধারণা মানুষের মধ্যে নেই। তার চেয়েও বড় কথা যে সার্কুলার জারী করা হয়েছে তাতে পৌরসভাকে অন্তর্ভুক্ত করা হয়নি, এই সার্কুলার গত ২৮.৫.০২তে নদীয়ার সাব ডিভিশনাল কন্ট্রোলার থেকে যেটা করা হয়েছে সেখানে তাতে বলা হয়েছে—পৌরসভাকে অন্তর্ভুক্ত করা হয়নি—শুধুমাত্র পঞ্চায়েত এর মধ্যে এটা সীমাবদ্ধ রাখা হয়েছে।

(এই সময় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী প্রফুল্ল ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৭.৫.০২ তারিখে নদীয়া জেলার করিমপুর ১ নম্বর ব্লকের অধীনে শিকারপুর, পিপুলবাড়িয়া, জামশেরপুর, করিমপুর দুই গ্রাম পঞ্চায়েত এই সমস্ত গ্রাম পঞ্চায়েতে ব্যাপক শিলাবৃষ্টি হয়েছে। সেখানে কয়েক হাজার বিঘা জমির পাট, ধান, কলা নষ্ট হয়েছে। সেখানে কয়েকটি মৌজা শিকারপুরের ক্ষতিগ্রস্থ হয়েছে। এই যে ক্ষতিগ্রস্থ কৃষকরা, তাদের ক্ষতিপূরণ দেবার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ আশিষ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রামপুরহাট বিধানসভা এলাকায় যানজটের সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিষয়টি নিয়ে

এর আগেও আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করেছি, সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে বলেছি ও জেলাশাসক এবং অন্য আধিকারিকদেরও জানিয়েছি। রামপুরহাটে 'ফেলো' বলে একটা জায়গা আছে সেই জায়গাটা মেরামতি করার জন্য রেলের কাছ থেকে পারমিশান পাওয়া সত্ত্বেও বিষয়টির প্রতি সরকার কোন গুরুত্ব দিচ্ছে না। ফলে দুমকা এবং পশ্চিমবাংলার মধ্যে একমাত্র জনসংযোগকারী রাস্তায় অবরোধের সৃষ্টি হচ্ছে ও যানজট হচ্ছে। ফলে রামপুরহাট শহরের মানুষ দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। যারা ক্র্যাসারের ব্যবসা করে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং অনেকে ব্যবসা বন্ধ করার উপক্রম করছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি অবিলম্বে বিষয়টির প্রতি দৃষ্টি দিন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এবং এই রাজ্যের খেটে-খাওয়া মানুষের মর্মস্পর্শী সমস্যার প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে অতি নিম্নআয়ের রেলযাত্রীরা পঁচিশ টাকা মাসিক টিকিটের দাবিতে এবং হাজার হাজার শ্রমজীবী মহিলা ও পরিচারিকারা আজ রাণী রাসমণি রোডে অবস্থান বিক্ষোভ ও মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশান কর্মসূচিতে সামিল হয়েছে। স্যার, আপনি জানেন গ্রামবাংলার প্রত্যন্ত অঞ্চল থেকে এই রাজ্যের পরিচারিকারা, শাক-সব্জি ফলমূল বিক্রেতারা এবং দিন মজুররা প্রথমে ১৫ টাকার বিনিময়ে, পরে ২৫ টাকার মাসিক টিকিটের বিনিময়ে কলকাতা, হাওড়া এবং শহরতলিতে যাতায়াত করত। তাদের কষ্ট হলেও টিকিট কেটে তারা মর্যাদার সঙ্গে যাতায়াত করত। কিন্তু গত নভেম্বর মাস থেকে রেল বোর্ড একটা সার্কুলার জারি করে বলেছে এখন এম.এল.এ, এম.পি-রা যে সার্টিফিকেট দিচ্ছে তার সঙ্গে আয় সম্পর্কিত বি.ডি.ও-র সার্টিফিকেটও আনতে হবে। অথচ বিডিও-রা বলছে আমরা এই ব্যাপারে কিছুই জানিনা। এর ফলে একটা জটিলতার সৃষ্টি হয়েছে। অপরদিকে স্টেশান চেকিঙের নামে লালগাড়ির চেকিঙের নামে তাদের উপর অকথ্য নির্যাতন হচ্ছে, তাদের অর্থদণ্ড হচ্ছে।

( এই সময় মাইক বন্ধ হয়ে যায়। )

( নয়েজ )

**শ্রী লক্ষ্মী দে ঃ** মাননীয় দেবপ্রসাদ বাবু, বিষয়টি নিয়ে কলকাতার নীচের তলায় আলোচনা হয়েছে। মাননীয় পরিবহণমন্ত্রী যখন হাউসে আসবেন তখন আপনি তার কাছে এই বিষয়টি উদ্‌যান করবেন। তখন সেটা দিল্লীর কাছে পাঠানো যাবে। এখন বসুন।

[12.20—12.30 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের বৃহত্তম মহকুমা আলিপুরদুয়ার তার প্রতিষ্ঠার ১২৫ বছর অতিক্রম করল। স্বাধীনতার ৫৫ বছর পরেও প্রশাসনিক পরিষেবা, উন্নয়নের পরশ, মহকুমার প্রত্যন্ত এলাকা আসাম-ভূটান সীমান্তের লক্ষ লক্ষ অধিবাসীর অধরাই রয়ে গেছে।

জেলা সদর জলপাইগুড়ি, আলিপুরদুয়ার মহকুমার প্রত্যন্ত এলাকা থেকে দুইশত কিলোমিটার দূরত্বে হওয়ায় আইন-শৃঙ্খলা সুরক্ষার সমস্যা চিরদিনের। সম্প্রতি কয়েক বছর

ধরে দেশ বিরোধী কিছু অশুভ শক্তির যোগসাজসে বিভিন্ন উগ্রপন্থী সংগঠন আসাম-ভূটান সীমান্ত পথে মহকুমার জাতীয় ও আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে লুণ্ঠন, জোর করে তোলা আদায়, অপহরণ, হত্যাকাণ্ড সংগঠিত করে শান্তিপ্রিয় সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক, এলাকায় প্রতিনিয়ত অস্থিরতা সৃষ্টি করে চলেছে।

এই মহকুমা বরাবরের বন্যাপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত। ১৯৯৩ সালে শতাব্দীর ভয়ঙ্কর প্লাবনের সময় মহকুমা প্রশাসন সম্পূর্ণ রূপে অকেজো হয়ে পড়েছিল। জেলা সদর থেকে মহকুমার প্রত্যন্ত এলাকা দূরবর্তী হওয়ায় প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে অসহায় মানুষ ত্রাণ পরিষেবা থেকে বঞ্চিত হয়। প্রাকৃতিক সম্পদে ভরপুর আলিপুরদুয়ার মহকুমায় চা শিল্প ছাড়া কোন শিল্প নেই। অথচ বন, কৃষিজ এবং পর্যটন শিল্প বিকাশের সম্ভাবনা প্রচুর।

রাজ্য সরকারের ঘোষণা—প্রশাসনিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে আইন-শৃঙ্খলা সুরক্ষা নিশ্চিত করা, প্রশাসনিক পরিষেবা এবং উন্নয়নের পরশ সর্বত্র পৌঁছে দেওয়ার ব্যবস্থা নিশ্চিত করা। সরকারের ঘোষণা আলিপুরদুয়ার মহকুমার প্রায় পনের লক্ষ মানুষের জীবনে বাস্তবায়নের জন্যে আলিপুরদুয়ার মহকুমাকে অবিলম্বে জেলা ঘোষণা করা হোক।

আশা করি আলিপুরদুয়ার মহকুমার কয়েক লক্ষ অধিবাসীর আশা-আকাঙ্খাকে বাস্তবায়িত করার জন্য রাজ্য সরকার অবিলম্বে আলিপুরদুয়ারকে জেলা ঘোষণা করবেন।

**মি. ডেপুটি স্পীকার ঃ** মি. নির্মল দাস, এখানে কাগজ দেখে কিছু পড়া যায় না, আপনি তো সিনিয়র মেম্বার, আপনি তো এটা জানেন।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, এখানে লিখিত স্মারকলিপিটি, যেটা মাননীয় মুখ্যমন্ত্রীকে দেওয়া হয়েছিল, সেটাই দিচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমার মেনশনের আগে একটু বলছি—দেবপ্রসাদবাবু ১৫ টাকার রেলওয়ে মান্থলির কথা যেটা বললেন, সেটা শ্রীমতী মমতা ব্যানার্জি চালু করেছিলেন গরীব মানুষের উপকারের জন্য। পরে এটা ২৫ টাকা করা হয়েছে। তবে এম.এল.এ.দের সার্টিফিকেটকে উঠিয়ে দেওয়ার ক্ষেত্রে গরীব মানুষের খুব অসুবিধা হচ্ছে। ২৫ টাকার মান্থলি থাকা উচিত।

স্যার, এবারে আমি আমার মেনশন বলছি।

স্যার, আমরা সংবাদপত্রে দেখেছি একটি খুব উদ্বেগজনক রিপোর্ট বেরিয়েছে। পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্র সচিব কাগজে বিবৃতি দিয়ে বলেছেন যে—মহাকরণে ঘোর বিপদ দেখা দিয়েছে, উগ্রপন্থীরা মহাকরণ আক্রমণ করতে পারে। তার পর থেকে আমরা কাগজে পড়ছি, টি.ভি.-তে দেখছি মহাকরণে খুব কড়াকড়ি করা হয়েছে—প্রত্যেককে সার্চ করা হচ্ছে, বালির বস্তা দিয়ে গার্ড করা হয়েছে। আমি বলতে চাইছি আমাদের রাজ্যে নিরাপত্তা ব্যবস্থার হাল কি রকম। যদি কোন ইনফরমেশন সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে, সেন্ট্রাল আই.বি. থেকে রাজ্য সরকারের কাছে এসে থাকে, তাহলে স্বরাষ্ট্র সচিবের কি এটাই কাজ যে সমস্ত সংবাদপত্রের অফিসে টেলিফোন করে খবরটা দেওয়া ? না কি তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার ? যদি উগ্রপন্থীরা জেনেই যায় যে সরকার এটা জেনে গেছে, তাহলে তারা অন্য কোন রাস্তায়

মহাকরণ আক্রমণ করবে। এবং, স্বরাষ্ট্র সচিবের এই বিবৃতি রাজ্যের নিরাপত্তাকে দুর্বল করেছে। আমরা চাই মুখ্যমন্ত্রী হাউসে এই ব্যাপারে একটা বিবৃতি দিন, তিনি জানান কোথা থেকে কি ডেঞ্জার দেখা দিচ্ছে, সেন্ট্রাল আই.বি. থেকে কি জানিয়েছে, কোন গ্রুপ এখানে এসেছে কিনা। কাগজে যখন বেরিয়েই গেছে, তখন আমাদের জানানো উচিত। অনেক কথাই শোনা যাচ্ছে—যেমন বেনিয়াপুকুরে নাকি একটা গ্রুপ এসেছে তারা মহাকরণ আক্রমণ করতে চেষ্টা করছে। এই ভাবে সারা রাজ্যবাসীকে হ্যারাসমেন্ট করা হচ্ছে, সারা রাজ্যে একটা ভয়ের বাতাবরণ সৃষ্টি করছেন নিজেদের ব্যর্থতা চাপা দেওয়ার জন্য। আজকে সরকারের পক্ষ থেকে অবিলম্বে বিবৃতি দিয়ে এটাকে ক্ল্যারিফাই করা উচিত। স্বরাষ্ট্র সচিব নিজে থেকে এমন একটি গুরুত্বপূর্ণ খবর সমস্ত সংবাদপত্রকে জানিয়ে দিলেন। হাউস যখন চলছে, তখন স্বরাষ্ট্র সচিবের বিরুদ্ধে শাস্তির প্রস্তাব এখানে রাখছি।

**শ্রী চিত্তরঞ্জন দাশঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের পূর্ব মেদিনীপুরের প্রবেশদ্বার হচ্ছে কোলাঘাট এবং মেচেদা। কোলাঘাট এবং মেচেদার গুরুত্ব সবাই জানে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে, ৫৫ বছর পরেও সেই কোলাঘাট এবং মেচেদাকে এখনও পুরসভার অন্তর্গত হল না। মেচেদা হয়ে হলদিয়ায় যেতে হয়। ওখানে মেচেদায় পলিটেকনিক কলেজ আছে। কোলাঘাটে থার্মাল পাওয়ার প্রজেক্ট আছে। বহু ব্যবসা বাণিজ্য, ছোট ছোট কারখানা গড়ে উঠছে। সেই এলাকার মানুষ এখনও পুরসভার সুযোগ পায়নি। আমি পুরমন্ত্রীর কাছে বিনিতভাবে দাবি করব যে, কোলাঘাট এবং মেচেদার মানুষ যেমন নগরোন্নয়নের সুযোগ থেকে বঞ্চিত না হয় এবং তাদের পুরসভার অন্তর্ভুক্ত করা হয়।

**শ্রী জ্যোতির্ময় কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি মাধ্যমিক পরীক্ষার ফলাফল বেরিয়েছে। তারা উচ্চমাধ্যমিক স্কুলে ভর্তি হওয়ার জন্য হন্যে হয়ে ঘুরছে। তারা ভর্তির সুযোগ পাচ্ছে না। শিক্ষা দপ্তর অবিলম্বে অতিরিক্ত উচ্চমাধ্যমিক স্কুলের অনুমতি দিয়ে সমস্যার সমাধান করুক। তা নাহলে হাজার হাজার ছেলেমেয়ে ভর্তি থেকে বঞ্চিত হবে এবং শিক্ষার বাইরে চলে যাবে। তাই এই সভায় মেনশনের মাধ্যমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

## POINT OF ORDER

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আপনার মনে আছে যে, চিফ হুইপও সেদিন ছিলেন, আমরাও ছিলাম অল পার্টির মিটিং-এ। সেখানে স্পিকার সাহেব সংসদীয় মন্ত্রীকে বলেছিলেন যে, গুরুত্বপূর্ণ আলোচনা মেনশনের সময় কিছু গুরুত্বপূর্ণ মন্ত্রীর থাকা দরকার। এই ভাবে স্যার, হাউস চলতে পারে না। এখানে মাত্র একজন রাষ্ট্রমন্ত্রী আছেন। আমরা মানুষের সমস্যার কথা কাদের কাছে বলব। স্যার, আপনি এই হাউস মুলতবি করে দিন। এইভাবে স্যার, হাউস চলতে পারে না।

( গোলমাল )

[ At this stage some Trinamul Congress Members were seen rushing to the Hon'ble Speakers' podium ]

[ At this stage some Hon'ble Ministers came in and took their seats. ]

**মি. ডেপুটি স্পীকার ঃ** এখন হাউসে ৫ জন মন্ত্রী আছেন। আপনারা বলে দিন যে কোন কোন মন্ত্রী আপনাদের পছন্দ, তাহলে তাঁরা থাকবেন।

[12.30—12.40 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। স্যার, আমি আপনাকে আবার অনুরোধ করছি এখন মন্ত্রীরা এসেছেন আমরা নিশ্চয়ই বিতর্কে অংশগ্রহণ করব কিন্তু স্যার, আপনি বলুন আমরা সর্বদলীয় মিটিঙে উপস্থিত ছিলাম, মাননীয় স্পীকার বারবার বলেছেন যে গুরুত্বপূর্ণ আলোচনার সময়ে, মেনশনের সময়ে গুরুত্বপূর্ণ মন্ত্রীরা যেন হাউসে উপস্থিত থাকেন। একজন মাত্র রাষ্ট্রমন্ত্রী ছাড়া ট্রেজারী বেঞ্চে কোনও মন্ত্রী ছিলেন না। হাউসের প্রতি যদি গুরুত্ব না দেন, আলোচনায় গুরুত্ব না দেন, আমরা বলে যাব তাতে যদি কর্ণপাত না করেন সেটা সুষ্ঠু বিচার হবে না। সংসদীয় ব্যবস্থা ভেঙে পড়ার উপক্রম হবে তাহলে। মেনশনের সময়ে মন্ত্রীরা উপস্থিত থাকুন। আমরা তো জানি ওঁরা কিছু করবেন না, আমরা সে আশাও করি না কিন্তু সংসদীয় বিধি রক্ষা করুন, আমি সেই আবেদন জানাব।

**মি. ডেপুটি স্পীকার ঃ** আপনার প্রস্তাব গ্রহণ করা হচ্ছে। সেই অনুযায়ী পরিষদীয় মন্ত্রীকে নির্দেশ দেওয়া হচ্ছে ভবিষ্যতে যেন মন্ত্রীরা উপস্থিত থাকেন।

**শ্রী কাশীনাথ মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়ায় একটা ভয়ংকর ব্যাপার হচ্ছে। দুবছর ধরে রাজ্যসরকার টাকা দিচ্ছে ওয়েস্ট বেঙ্গল অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ করপোরেশনকে ৬৫টা আর এল আই থেকে আরম্ভ করে সেচ প্রকল্পগুলো করার জন্য। আমি জানি না এই প্রতিষ্ঠানটি সবল আছে না সিক হয়ে গেছে। সেখানে আজকে ৮ কোটি টাকার প্রকল্প। এতগুলো টাকা কাজ করার জন্য কিন্তু কোনও কাজ হচ্ছে না। বলরামপুর, শালতোড়া, ইব্রাহিমপুর, সিমলাপাল-এর মধ্যে আছে। তার সঙ্গে এর মধ্যে ৫০টা মিনি স্কিম এবং ১৫টা মেজর স্কিম আছে আজকে সরকার দুবছর ধরে টাকা দিচ্ছে কিন্তু সেটা একজিকিউটেড হচ্ছে না। কার্যকরী হচ্ছে না। একজিকিউটিভ ইঞ্জিনিয়ার তারা এখন বলছেন যে তারা কাজ করবেন না। সামনে বর্ষা এসে গেছে, টাকা নয়ছয় হচ্ছে। এই বিষয়ে, রাজ্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ? এইভাবে টাকা নয়ছয় হওয়া উচিত কিনা ?

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, কদিন আগে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেট প্লেস করেছেন। এখানে মাননীয় অর্থমন্ত্রী যে আর্থিক চিত্র তুলে ধরেছিলেন তাতে বাংলার মানুষকে তিনি আশার বাণী শুনিয়েছিলেন। কিন্তু তারপর এই আর্থিক চিত্রটা পাল্টে গেছে। আজকে ট্রেজারীতে একটা ব্যাংকরাপসি চলছে। টিচারদের মাইনে বন্ধ হয়ে গেছে। মিউনিসিপ্যালিটিতে উন্নয়নমূলক কাজ বন্ধ হয়ে গেছে। সঠিক আর্থিক চিত্রটা কি তা দিয়ে সরকার একটা শ্বেতপত্র প্রকাশ করুক। আর্থিক চিত্রটা সরকার আমাদের বলুন। আজকে এমন একটা অবস্থা মিউনিসিপ্যালিটিকে নোটিশ দেওয়া হয়েছে কোন উন্নয়নমূলক কাজ করতে পারবে না। সমস্ত কাজ বন্ধ। ট্রেজারীকে বলা হয়েছে কোন চেক ক্লিয়ার না করতে। এমন কি সরকারি অফিসে

যারা চা দেয় তাদেরও পয়সা দেওয়া হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার পড়ার জন্য যে কাগজটা দেওয়া হয় সেটার দামও সরকার দিতে পারছেন না। আর্থিক দিক থেকে সরকার দেউলিয়া হয়ে গেছে। সমস্ত চেক বাউন্স করছে। সরকার একটা শ্বেতপত্র প্রকাশ করুক। বাংলার মানুষকে জানান, হাউসকে জানান সরকারের প্রকৃত আর্থিক অবস্থাটা কি ? তারপর বাজেট এখানে আলোচনা করা হবে। আর্থিক অবস্থা কি জানি, তারপরে বাজেট নিয়ে আলোচনা করব। আজকে জুডিশিয়ারী বাজেট আলোচনা হবে, যে টাকা দেবেন সেটা আছে কি না জানি না। নতুন করে ইকনোমিক রিভিউ প্রকাশ করা হোক, নতুন করে শ্বেতপত্র প্রকাশ করা হোক এবং সরকারের আর্থিক অবস্থা কি, কবে টিচারদের মাহিনা দিতে পারবেন এবং যে চেকগুলি বাউন্স হচ্ছে সেগুলি কবে দিতে পারবেন। মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত, কর্পোরেশন এলাকায় উন্নয়নের কাজ বন্ধ হয়ে গেছে। মাননীয় ডেপুটি স্পীকার, আপনিও একজন বিধায়ক, আপনি জানেন গত বছর এই বিধানসভায় এম এল এদের ২৫ লক্ষ করে টাকা দেওয়া হবে বলা হয়েছিল, কিন্তু সেটা কি কোন এম এল এ পেয়েছেন ? গত বছরে প্রায় সাড়ে ১২ লক্ষ টাকা পাননি। এর ফলে উন্নয়নের কাজ তাঁরা করতে পারছেন না। সেই জন্য বলছি মাননীয় অর্থমন্ত্রী হাউসে এসে শ্বেতপত্র প্রকাশ করুন।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, একটি গুরুতর বিষয় আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টের কৃষিনীতি এবং শিক্ষানীতির ফলে গ্রামবাংলায় ছাত্রদের সংখ্যা বেড়েছে। ফলে ক্লাস ফাইভে ভর্তির ক্ষেত্রে ভয়াবহ সমস্যা হচ্ছে। এটা শুধু কালিগঞ্জ ব্লকেই নয় সমস্ত পশ্চিমবঙ্গেই সমস্যা হচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে আমি কালিগঞ্জ ব্লকের একটি বিদ্যালয়ের কথা বলি পলাশী হাইস্কুল সেখানে প্রায় ৬৫৮ জন ক্লাস ফাইভে ভর্তি হয়েছে এবং আগামী দিনে জুন মাসে সামার ভেকেশান শেষ হলে আরও কিছু ছাত্র ভর্তি হবে। আরেকটা স্কুলের কথা বলি দেবগ্রাম গার্লস্ স্কুল সেখানে ২৫০ জন ভর্তি হয়েছে এবং আরও ছাত্রী ভর্তির জন্য হেডমিস্ট্রেসের কাছে দরবার করছে। শুধু এই দুটি স্কুলই নয় কালিগঞ্জ ব্লকের সমস্ত বিদ্যালয়ে এই রকম অবস্থা চলছে। ক্লাস ফাইভে যদি ৯০০ ছাত্র ভর্তি হয় তাহলে তার জন্য যে সেকশান করা দরকার, বা তার সাথে টিচারের সংখ্যা বাড়ানো দরকার বা যে পরিকাঠামো সেখানে দরকার সে ব্যাপারে বলছি। স্যার, আজকে বিষয়টা এই জায়গায় দাঁড়িয়ে। আজকে ছাত্ররা ক্লাস ফোর থেকে ফাইভে যাচ্ছে এবং সেখানে তার যে মূল্যায়ন পদ্ধতি তাতে সে ক্লাস ফোরে ফিরতে পারবে না। এই সমস্যার সমাধানের জন্য আরও হাইস্কুল করা দরকার।

**শ্রী অসিত মাল ঃ** স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যখন স্বাস্থ্য পরিষেবা ঢেলে সাজানোর কথা বলছেন সেই মুহূর্তে বীরভূমের রামপুরহাট মহকুমা হসপিটালে আজ ৩ মাস ধরে ২০০ জন রোগী বিনা চিকিৎসায় মারা যাচ্ছে, তাদের কুকুরে কামড়েছে। আপনি জানেন কুকুরে কামড়ানোর ১১ দিনের মধ্যে তাদের ইঞ্জেকশান দিতে হয়। এই ১১ দিন পার হলে জলাতঙ্ক হয় সেটা ক্যানসারের থেকেও মারাত্মক। আমি সি এম ও এইচ-কে বলেছি, মাননীয় মন্ত্রীকে বলেছি, আজকে হাউসে বলছি। যেখানে ৫ হাজার এম এল ইঞ্জেকশান প্রয়োজন সেখানে সপ্তাহে ৩০ এম এল ওষুধ পাঠানো হয়। সেখানে ২০০ জন রোগী আক্রান্ত হয়েছে, তারা

ওষুধ পাচ্ছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি অতি সত্ত্বর রামপুরহাট মহকুমা হাসপাতালে ওষুধ পাঠিয়ে ওই রোগীদের বাঁচাবার ব্যবস্থা করুন, তারা চিৎকার করছে।

**শ্রী মলয় ঘটক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আসানসোল পশ্চিমবঙ্গের একটা গুরুত্বপূর্ণ শহর এবং এই শহরে ৩টি কলেজ আছে। এই ৩টি কলেজের মধ্যে আসানসোল কলেজ এবং বিধানচন্দ্র কলেজ এই দুটি কলেজে এগারো-বারো ক্লাস পড়ানোর ব্যবস্থা আছে। এ বছরেও সেখান থেকে ফর্ম বিলি করা হয়েছে ভর্তির জন্য। কিন্তু মধ্যশিক্ষা পর্ষদ থেকে নির্দেশ গেছে সেখানে এগারো-বারো ক্লাস তুলে দেওয়া হয়েছে বলে। এই দুটি কলেজে প্রায় ২ হাজার স্টুডেন্ট পড়াশোনা করে। নতুন কোনো স্কুলে এই ব্যবস্থা হয়নি। যারা মাধ্যমিক পাশ করেছে তারা ভর্তি হতে পারছে না। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ অন্তত এই বছর তাদের সেখানে পড়াশোনার ব্যবস্থা করুন যতক্ষণ পর্যন্ত না নতুন করে এগারো-বারো ক্লাস কোন স্কুলে খোলা হচ্ছে।

[12.40—12.50 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্য দপ্তরের মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন। আমাদের বোলপুর সাবডিভিশনাল হাসপাতাল। ১৭ বছর আগে বোলপুর সাবডিভিশন হিসাবে ডিক্লেয়ার হয়েছে এবং সাবডিভিশনাল হাসপাতাল হিসাবে সেখানে লেখা আছে। প্রথমে স্টেট জেনারেল হাসপাতাল ছিল। কিন্তু কাজের স্ট্যাটাসটা স্টেট জেনারেল হাসপাতালই থেকে গেলে ১৭ বছর পরেও। সাবডিভিশনাল হাসপাতাল হিসাবে যে যে রিকয়ারমেন্ট বা স্টাফ প্যাটার্ন, ঔষধপত্র এখানে থাকা উচিত তা এখানে পাওয়া যাচ্ছে না। যার জন্য এই সাবডিভিশনাল হাসপাতাল স্বীকৃত যে সুবিধাগুলো থাকে, বোলপুর সাবডিভিশনাল হাসপাতাল তা থেকে বঞ্চিত হচ্ছে। মাননীয় স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী এখানে আছেন, তিনি যদি বিষয়টার প্রতি বিশেষভাবে নজর দেন তাহলে এই হাসপাতাল বঞ্চনার হাত থেকে মুক্তি পেতে পারে।

**শ্রী নেপাল মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সড়ক নির্মাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তুলিন বলে যে গ্রাম আছে সেখান থেকে পুরুলিয়া-রাঁচী রাস্তা রাঁচীর দিকে গেছে, সেই রাস্তার হাল খুবই বিপর্যস্ত। তুলিন পেরিয়ে ঝাড়খণ্ড স্টেট শুরু হয়। সেখানে কিন্তু সুন্দর রাস্তা আছে। প্রধানমন্ত্রী সড়ক যোজনায় অনেক টাকা আজকে ফেরত চলে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব সেই টাকা ফেরত না দিয়ে এই কাজগুলো যদি করা যায় তাহলে মানুষ উপকৃত হয়। রাস্তার সেখানে এমনই অবস্থা যে বর্ষাকালে জল জমে নদী মনে হয়। ঝাড়খণ্ড স্টেট থেকে কোন লোক যখন রাস্তা দিয়ে আসেন তখন বুঝতে পারেন পশ্চিমবাংলার মধ্যে কার রাস্তা দিয়ে চলতে শুরু করেছেন। এমনই একটা খারাপ অবস্থায় রয়েছে রাস্তাটা। পশ্চিমবাংলার সম্মানের স্বার্থে ঐ রাস্তাটাকে যাতে অবিলম্বে নির্মাণ করা হয় তার জন্য আমি সড়ক নির্মাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী, অর্থমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার গ্রামে-গঞ্জে উন্নয়নের যে সব কর্মসূচী গ্রহণ করেছেন তা বলার অপেক্ষা রাখে না। কিন্তু আমি খুব দুঃখের সঙ্গে বলছি, আমি যে জায়গায় জন্মেছি, মহেশপুর গ্রাম পঞ্চায়েতে, সেখানে একজন নির্দল প্রধান বছরের পর বছর কাজ না করে টাকা নয়-ছয় করছেন, দু-নম্বরি করছেন। আমরা ২৫.৪.২০০২ তারিখে আমাদের পার্টির পক্ষ থেকে ডেপুটেশন দিয়েছিলাম কিন্তু হিসাবপত্র দেখাতে পারেননি, ৬ তারিখে হিসাব দেবেন বলেছিলেন। আমাদের মহিলা সদস্যা আসমা বেগম এবং তাঁর স্বামী সেখ আলাউদ্দিন হিসাব চেয়েছিলেন। কিন্তু তিনি হিসাব দিতে পারেননি। তিনি বলেছিলেন, ৬ তারিখে হিসাব দেবেন। কিন্তু তার আগে ১৩.০৫.২০০২ তারিখে আমাদের ঐ মহিলা পঞ্চায়েত সদস্যার স্বামীকে খুন করিয়ে দিলেন ঐ পঞ্চায়েত প্রধান সমাজবিরোধীদের সাথে মিলে। এবং কলকাতার হাসপাতালে তাকে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা যায়। প্রধান কিন্তু এখনও পর্যন্ত বহাল তবিয়তেই রয়েছেন। কোন হিসাবপত্রও দেননি। বছরের পর বছর টাকা নয়-ছয় হচ্ছে, উন্নয়নের কাজ হচ্ছে না। মহেশপুরের ঐ পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে আমি ভিজিলেন্স বসানোর আবেদন জানাচ্ছি। তদন্ত করে বিষয়টা দেখা হোক। এবং খাতাপত্র সিজ করা হোক। এবং তাকে গ্রেপ্তার করা হোক। আজকে মহেশপুর গ্রামপঞ্চায়েত-এর প্রধান বামফ্রন্ট সরকারের কার্যসূচীকে বানচাল করে দিচ্ছেন। গ্রামের মানুষ বঞ্চিত হচ্ছেন, উন্নয়নের কাজ হচ্ছে না। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী দীপক ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কিছু বলব। কিছুদিন যাবত মেদিনীপুর, বাঁকুড়া, হুগলীর কিছু এলাকায় জনযুদ্ধ গোষ্ঠী দমনের নামে পুলিশ ক্যাম্প করে গ্রামবাসীদের উপর নানাবিধভাবে উৎপীড়ন করে আসছে। ৩-৪ দিন আগে আমি মেদিনীপুরে গিয়েছিলাম, সেখানে শালবনীতে একটা দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। একজন সি পি এম সমর্থকের বাড়িতে ৩ জন মহিলাকে ও শিশুসমেত রাত্রে কারা খুন করে রেখেছে। একটা এফ আই আর করা হয়েছিল, কিন্তু সেটাকে বদলে দিয়ে সি পি এম সমর্থকরা একটা নতুন এফ আই আর করে এবং তাতে যে ১৮ জনের নাম দেওয়া হয় তারা প্রত্যেকে তৃণমূল কংগ্রেসের প্রধান থেকে আরম্ভ করে, তৃণমূল কংগ্রেসের বিভিন্ন পদাধিকারী—গ্রামপঞ্চায়েতের সদস্য, তৃণমূল কংগ্রেসের সমর্থক। শুধু তাই নয়, শবদেহ নিয়ে যাওয়ার সময় তৃণমূল প্রধান যিনি একজন শিক্ষক যাঁর ৬০ বছর বয়স, তিনি ৬ মাস বাদে রিটায়ার করবেন, তখন তিনি ছিলেন না বাড়িতে তাঁর বাড়িতে ঢুকে তারা সেই প্রধানের মোটর সাইকেল, লাইসেন্স করা বন্দুক এবং গয়না নিয়ে চলে যায় এবং তাঁর স্ত্রীকে মারধরও করে। এফ আই আর করা হয়। এরপর আমরা যখন এস পি-এর কাছে জানতে চাই যে, এ ব্যাপারে কি অ্যাকশান নেওয়া হয়েছে, তখন তিনি বলেন যে, 'আমি দেখব'। কিন্তু এখনও পর্যন্ত কিছু ব্যবস্থা নেওয়া হয়নি, অত্যাচার বাড়ছে। এখন তাঁরা কলকাতায় চলে এসেছেন, আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে এ ব্যাপারে বারে বারে বলেছি, বারে বারে আবেদন করেছি। কিন্তু কিছু হচ্ছে না। জনযুদ্ধ গোষ্ঠী দমনের নাম করে তৃণমূল কংগ্রেসের কর্মীদের উপর অত্যাচার করা হচ্ছে। অন্ধ্রপ্রদেশে চন্দ্রবাবু

নাইডু যদি ইতিবাচকভাবে জনযুদ্ধের দিক থেকে বন্দুক নামিয়ে রেখে তাদের সঙ্গে আলোচনায় বসতে পারেন তাহলে আমাদের এখানেও জনযুদ্ধ গোষ্ঠীর সঙ্গে আলোচনায় বসে শান্তিপূর্ণভাবে সব কিছু মেটানো হচ্ছে না কেন ? আমি জানি না এখানে জনযুদ্ধ গোষ্ঠীর কোন নেতা আছেন কিনা। গ্রামে গ্রামে নতুন করে অরাজকতার সৃষ্টি করছেন। এ ব্যাপারে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ নিয়ামৎ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি মুর্শিদাবাদের দুটো সমস্যার কথা বলব। এই দুটো সমস্যা হল, গঙ্গা-পদ্মা ভাঙন এবং প্লাবন। এই দুটো সমস্যার জন্য মুর্শিদাবাদের মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছেন। প্রতিবছর বন্যায় গঙ্গা-পদ্মা ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য পুনর্বাসনের দাবি এবং গঙ্গা-পদ্মা ভাঙন রোধের জন্য স্থায়ী প্রতিরোধ গড়ে তোলা, স্থায়ীভাবে বাঁধ দেওয়ার দাবি সরকারের কাছে রাখছি। প্রতি বছর ফরাক্কা থেকে জলঙ্গী প্রায় ৯৬ কিলোমিটার গঙ্গা-পদ্মা ভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের হাজার হাজার টাকার জমি, সম্পত্তি, ঘর-বাড়ি গঙ্গা-পদ্মার কবলে ধ্বংস হয়ে যাচ্ছে। সরকার সেইসব ক্ষতিগ্রস্ত মানুষের কোন সহযোগিতা করেননি। আজকে সেই সমস্ত ক্ষতিগ্রস্ত মানুষ রাস্তার ফুটপাথে ত্রিপল টানিয়ে বসবাস করছেন। তাদের কোন পুনর্বাসনের ব্যবস্থা সরকার করতে পারেননি এবং তাদের সমস্ত জমি-জায়গা যেভাবে গঙ্গা-পদ্মার ভাঙনে ক্ষতিগ্রস্ত হয়ে গিয়েছে তার জন্য সরকার কোন সাহায্যের ব্যবস্থা করেননি। এই সরকারের কাছে আমার দাবি এই গঙ্গা-পদ্মা ভাঙনের ফলে ক্ষতিগ্রস্ত মানুষ যারা উদ্বাস্তু হয়ে রাস্তায় পড়ে আছে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হোক এবং এই ভাঙন রোধের জন্য স্থায়ী প্রতিরোধ গড়ে তোলার দাবি রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** (নট কল্ড্।)

[12.50—1.00 p.m.]

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য এবং অরাজকতা চলছে। মধ্যশিক্ষা পর্যদের অপদার্থ সভাপতি তাড়াহুড়ো করে, ছেলেমানুষি করে পরীক্ষা শেষ হবার ৪১ দিনের মাথায় মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা করতে গিয়ে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলেছেন। মধ্যশিক্ষা পর্যদ থেকে শুরু করে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এবং শিক্ষা দপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদের ক্ষেত্রে আমরা সরকারকে বারবার পার্টিবাজি করতে বারণ করেছিলাম। আমরা বলেছিলাম এইসব জায়গায় পার্টিবাজি না করে, পার্টির লোককে না বসিয়ে দক্ষ নিষ্ঠাবান প্রশাসক বসানো হোক। কিন্তু তা না করে রাজনৈতিক স্বার্থে হরপ্রসাদ সমাদ্দারের মত ব্যক্তিকে মধ্যশিক্ষা পর্যদের সভাপতি করা হয়। তিনি এমনই ব্যক্তি যিনি বি এস সি, পার্ট ওয়ান পরীক্ষায় অঙ্কে তিনবার ফেল করেছিলেন। তিনি নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের ছাত্র ছিলেন। যখন তিনি প্রথম বি এস সি পরীক্ষা দিয়েছিলেন তখন ফল প্রকাশের পর সবাই হৈ-হৈ করে ওঠে—কি হয়েছে, না

হরপ্রসাদ অঙ্কে ফেল। তারপরের বারও আবার হরপ্রসাদ অঙ্কে ফেল। এই ধরনের একজন মানুষ যে রাজপুর মিউনিসিপ্যালিটির কমিশনার ছিল তাকে সভাপতি করে মধ্যশিক্ষা পর্ষদকে শেষ করে দেওয়া হয়েছে। এবারে ৫,৬৯,৮৩৬ জন ছাত্রছাত্রী মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল। পরীক্ষা চলাকালীন তারিখেই তাদের সার্টিফিকেট দিয়ে দেওয়া হল। তাই আমি দাবি করছি মধ্যশিক্ষা পর্ষদ-সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যে সমস্ত বাস্তু-ঘুঘুরা রয়েছে তাদের অবিলম্বে সরাবার ব্যবস্থা করা হোক। মধ্যশিক্ষা পর্ষদের সামনে আমাদের ছাত্র-পরিষদের ছেলেরা অবস্থান করছে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির অপসারণের দাবিতে। আমরা দেখলাম মধ্যশিক্ষা পর্ষদ থেকে সরকারিভাবে মাধ্যমিক পরীক্ষার ফল ঘোষণার আগেই ওয়েবসাইটে ফলাফল দিয়ে দেওয়া হল। যে মধ্যশিক্ষা পর্ষদ ছাত্রছাত্রীদের জীবন নিয়ে ছিনিমিনি খেলছে অবিলম্বে, সেই পর্ষদ ভেঙে দিয়ে সঠিক প্রশাসক দিয়ে পর্ষদ পরিচালনার ব্যবস্থা করার আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী দীপকচন্দ্র সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহার দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কোচবিহার জেলায় একটা খুবই উদ্বেগজনক ঘটনা শুরু হয়েছে। জনস্বার্থের দিক দিয়ে বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। দীর্ঘদিন ধরে ওপার বাংলার উদ্বাস্তুরা—৪০/৫০ বছর ধরে কোচবিহার জেলার বিভিন্ন স্থানে ২ কাঠা, ৪ কাঠা, ৫ কাঠা জমি দিয়ে অনেক কষ্টে বাড়িঘর করে বসবাস করছেন। এখন হঠাৎ ভূমি-রাজস্ব দপ্তরের কর্মচারী বন্ধুরা আর আই অফিসের মাধ্যমে তালিকা প্রকাশ করে বলছেন,—তোমরা কৃষি জমিতে বাড়ি করেছ, এ জমিকে বাস্তু জমি হিসাবে ব্যবহার করার কোন অনুমতি নাওনি। এই অবস্থায় তাদের কাছে সরকার একটা বিরাট পরিমাণ অর্থ জোর করে আদায় করার চেষ্টা করছে। এক একজনকে কমপক্ষে ১২,০০০ টাকা জরিমানা করা হয়েছে। সুদসহ ফাইন আদায় করার চেষ্টা হচ্ছে। গরীব উদ্বাস্তু মানুষরা দীর্ঘদিন ধরে এসব জমিতে বাড়ি করে বসবাস করছেন। তাদের এ বিরাট পরিমাণ অর্থ সরকারকে দেওয়ার ক্ষমতা নেই। এই অবস্থায় সরকারের কাছে আমার আবেদন বকেয়া টাকা মকুব করে, শুধুমাত্র বর্তমান বছর থেকে ধানী জমিকে বাস্তু জমিতে পরিবর্তন করার ফি নেওয়া হোক। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টি বিবেচনা করতে অনুরোধ করছি। নমস্কার।

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় সদস্য যে প্রশ্নটি তুললেন সে সম্বন্ধে নিয়ম হচ্ছে কোন ধানী জমি বা শালী জমিতে যদি বাস্তু করতে হয় তাহলে কনভারসনের অনুমতি নিতে হয়। কনভারসান না হলে নোটিশ দেওয়া হয়। ওখানেও কনভারসনের জন্য নোটিশ দেওয়া হয়েছে। আর ফি বাবদ যে টাকার কথা বললেন সে সম্বন্ধে আমি খবর নেব, যাতে কম করে নেওয়া হয় তা দেখব।

**শ্রী মন্টুরাম পাখিরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত বিধানসভা অধিবেশনেও আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, আমাদের সুন্দর বনাঞ্চলের বিস্তীর্ণ এলাকার নদী বাঁধগুলির অবস্থা খুবই ভয়ঙ্কর হয়ে উঠেছে। দীর্ঘদিন নদী-বাঁধগুলি মেরামত হয়নি। আমার কাকদ্বীপ বিধানসভা

কেন্দ্র নদী বেষ্টিত এলাকা। এ বছর এখন পর্যন্ত বর্ষাকালে আসেনি, কিন্তু এই গ্রীষ্মকালেই কালনাগিনী নদীর বাঁধ ভেঙে বামানগর মৌজার কয়েক হাজার বিঘা জমিতে নোনা জল ঢুকে গেছে। ফলে ওখানকার পান চাষীদের মাথায় হাত পড়ে গেছে। রবি-শস্য ধ্বংস হয়ে গেছে। হুগলী নদীর বাঁধ ভেঙে শিবকালিনগর মৌজার কামারপাড়া জলমগ্ন হয়ে পড়েছে। কয়েক হাজার বিঘা জমি নোনা জলের কবলে পড়েছে। পান চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। রবিশস্য নষ্ট হয়ে গেছে। ওখানে অবিলম্বে নদী বাঁধ মেরামতের ব্যবস্থা না হলে আরো হাজার হাজার বিঘা জমি নোনা জলের কবলে কবলিত হবে। দরিদ্র মানুষগুলি একেবারে জলমগ্ন অবস্থায়, তাদের সর্বনাশ হয়ে যাবে। সেইজন্য আমি আপনার মাধ্যমে রাজ্যের সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে যেন ঐ নদী বাঁধগুলি মেরামত করা হয় এবং নদী বাঁধগুলি মেরামত করে দুঃস্থ সমস্ত চাষীদের এবং গ্রামবাসীদের যেন বাঁচানো হয়।

**শ্রী নৃপেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমার নির্বাচনী এলাকা দিয়ে উত্তর বাংলার বড় নদী জলঢাকা প্রবাহিত। প্রতি বছর বন্যার সময়ে সেচ দপ্তর থেকে বলা হয়, আঁধাবাড়িঘাট, কাজলিকুড়া, দড়িবস, পঞ্চধজি, বারোবাংলা প্রভৃতি এলাকার বাঁধগুলি নির্মাণ করা হবে। কিন্তু আদৌ তা হয় না। ফলে প্রতি বছর বন্যায় হাজার হাজার বিঘা জমি, ঘরবাড়ি ভেঙে নদীতে চলে যায়, অনেক কিছু ধ্বংস হয়ে যায়। এবারে আবার উত্তর বাংলায় বর্ষা এসে গেছে। আবার বন্যা হবে। কাজেই আমার দাবী, আঁধাবাড়িঘাট, কাজলিকুড়া, দড়িবস, পঞ্চধজি, বারোবাংলা প্রভৃতি এই সমস্ত জায়গাগুলিতে অতি সত্বর বাঁধ দিয়ে এলাকার মানুষগুলিকে যেন রক্ষা করা হয়। তা নাহলে এবারে ব্যাপক ক্ষতি হবে। হাজার-হাজার বিঘা জমি এবং ঘরবাড়ি নদীগর্ভে চলে যাবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৭ মে থেকে পশ্চিমবঙ্গ ছাত্র সমাজের প্রতিনিধিরা তথা তৃণমূল ছাত্র পরিষদের নেতৃবৃন্দরা কয়েক হাজার ছাত্র-ছাত্রীদের নিয়ে মধ্যশিক্ষা পর্ষদের সামনে গণ-অবস্থান করছেন। তাদের দাবী, বিগত মাধ্যমিক পরীক্ষায় যে পৌনে ৬ লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষায় বসেছিল যার মধ্যে পৌনে ৫ লক্ষ ছাত্র-ছাত্রী পাশ করেছে সেইসব পরীক্ষার্থীদের ভাগ্য নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হচ্ছে সে বিষয়ে তারা প্রতিবাদ করছে। যেভাবে পরীক্ষা চলাকালীন সময়ের একটা ভুয়ো তারিখ তাদের সার্টিফিকেটে দিয়ে দেওয়া হয়েছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইসব ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা পশ্চিমবাংলার বাইরে গিয়ে ভর্তি হবে তারা এই সার্টিফিকেট দিয়েই ভর্তি হবে। যারা মাইগ্রেশন সার্টিফিকেট জমা দেবেন, ৬ মাস, ৮ মাস পর সেই সার্টিফিকেটে তারিখের বিন্যাস পাল্টে যাবে। এই সমস্ত মাইগ্রেটেড ছাত্র-ছাত্রীদের বিভিন্ন জায়গায় উচ্চশিক্ষার জন্য ভর্তি হবেন এবং তারা জালিয়াতির দায়ে অভিযুক্ত হবে অপরাধ না করেও। ছাত্রদের যে সংজ্ঞা, যে ডেফিনেশন সেই অনুযায়ী সেখান থেকে তাদের রাসটিকেট করে দেওয়া হবে, এইরকম একটি মারাত্মক ঘটনা ঘটতে চলেছে শিক্ষামন্ত্রী এবং মধ্যশিক্ষা পর্ষদের গাফিলতি এবং অপরাধের ফলে। আমি বারে বারে মন্ত্রীসভার সদস্যদের, মুখ্যমন্ত্রী থেকে শিক্ষামন্ত্রীকে বলেছি ব্যবস্থা গ্রহণ করুন, কিন্তু এখনো পর্যন্ত কোন সদর্থক ব্যবস্থা নেয়নি। সেইজন্য হাজার-হাজার

ছাত্র-ছাত্রীদের প্রতিনিধিরা এখনো রাজপথে বসে আছে। আমি মনে করি, শিক্ষামন্ত্রীর তরফ থেকে তাদেরকে ডেকে আলোচনা করে আগামীদিনে পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ সম্পর্কে সরকার একটা সুনির্দিষ্ট চিন্তাধারা আলাপ-আলোচনার মাধ্যমে স্থির করুন, তবেই এই সুষ্ঠু আন্দোলনকে স্বীকৃতি দিয়ে ছাত্র-ছাত্রীদের অধিকার রক্ষা করা সম্ভব হবে।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর কাটোয়া কলেজ থেকে উচ্চমাধ্যমিক পড়াশুনা তুলে দেবার পর আমি বলেছিলাম আরো কিছু স্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত না করলে ছাত্রছাত্রীদের পড়াশুনার বিশেষ ক্ষতি হবে। বিশেষ করে ছাত্রীদের উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়নি। দাইহাট মাধ্যমিক বিদ্যালয়টি উচ্চমাধ্যমিক স্তরে যেন উন্নীত করা হয় এই আবেদন জানাচ্ছি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এবং আরো কিছু বিদ্যালয়কে যেন উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয় মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে, তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[1.00—1.10 p.m.]

**Shrimati Shanta Chhetri :** Hon'ble Speaker, Sir, Priceless heritage objects and antique furniture more than 100 years old have been shifted from Darjeeling Raj Bhavan. In fact, around seven truckloads of goods have been carted away since April, 2002.

It is an insult to the people of Darjeeling and also to the dignity of the Raj Bhavan there. It is a matter of shame that while calles are being voiced to declare Darjeeling as a world heritage town, precious heritage objects are being shifted from the Raj Bhavan there.

I demand that the entire carried away objects be restored to their rightful place.

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন, চটকলের শ্রমিকরা গত কয়েক বছর ধরে বোনাস পাচ্ছেন না। কারণ বোনাসের যে আইন তাতে সেখানে বেতনের অঙ্কটা উর্ধ্বে চলে যাওয়াতেই এই বিপত্তি। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের বিশেষ ভূমিকা রয়েছে। কেন্দ্রীয় সরকার যদি বোনাস আইনের সংশোধন না করেন তাহলে মালিকরা কিছুতেই শ্রমিকদের বোনাস দেবেন না। এই অবস্থায় মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবী, রাজ্য সরকারের পক্ষ থেকে আপনি এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করুন এবং রাজ্যগতভাবে বোনাস আইনের সংশোধন করতে পারেন কিনা খতিয়ে দেখুন এবং কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করুন যাতে তারা বোনাস আইনের সংশোধন করেন ও চটকলের শ্রমিকরা বোনাস পান।

**শ্রী জানে আলম মিঞাঁ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে সুতী এক নং ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আছে এবং সুতী দু নং ব্লকে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। এই দুটি স্বাস্থ্য কেন্দ্রের একটিতে একজন ডাক্তার আছেন এবং আর একটিতে দেড়জন ডাক্তার আছেন। স্যার, গোটা এলাকায় ৪ লক্ষ মানুষ যারা বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত তাদের অধিকাংশই যক্ষ্মারোগে আক্রান্ত। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ অবিলম্বে সেখানে আরও চিকিৎসক পাঠান। সেখানে ইনডোর যা ১৬ বছর ধরে বন্ধ আছে তা চালু করে সুষ্ঠু চিকিৎসা ব্যবস্থা যাতে মানুষকে দেওয়া যায় তার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী নির্মল ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের শ্রমিক কর্মচারীদের মধ্যে যে শংকার সৃষ্টি হয়েছে সে ব্যাপারেই আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এই বামফ্রন্ট সরকার যারা কথায় কথায় ভারত সরকারের শ্রমিক বিরোধী নীতির বিরুদ্ধে কথা বলেন সেই বামফ্রন্ট সরকারেরই স্বয়ং মুখ্যমন্ত্রী তিনি রাজ্যের শ্রমিক কর্মচারীদের মধ্যে একটা ভীতির সঞ্চার করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিজে এই কাজ করছেন। তিনি সি আই আই ওরিয়েন্টাল চেম্বার অব কমার্স, ভারত চেম্বার অব কমার্স, মার্চেন্ট চেম্বার অব কমার্স সব জায়গায় গিয়ে বক্তৃতা করে বামফ্রন্ট সরকারকে আলোকিত করছেন। সেই আলোকিত করার নামে সেখানে গিয়ে তিনি যেসব বক্তৃতা করছেন তাতে তিনি বলছেন, যে শিল্পগুলি রাজ্য সরকার পরিচালনা করেন তার মধ্যে কমবেশি ৪২টি শিল্প—রাজ্যের মুখ্যমন্ত্রী বলছেন। একজন সাধারণ মন্ত্রী বললে একরকম কথা হয় কিন্তু রাজ্যের সর্বময় কর্তা স্বয়ং মুখ্যমন্ত্রী বলছেন ৪২টি পাবলিক সেক্টার আনডারটেকিংস যেটা রাজ্য সরকার পরিচালনা করে এবং যার শ্রমিক কর্মচারীদের সংখ্যা এক লক্ষের কাছাকাছি, তিনি বলছেন সেইসব কারখানা বন্ধ করে দেবেন। স্যার, আমি মনে করি আমাদের এই হাউস নিশ্চয় এ ব্যাপারে কনসার্ন। আমি আমাদের উদ্বেগের কথা মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার কাছে রাখছি এবং এই শংকা থেকে শ্রমিক কর্মচারীরা যাতে রক্ষা পান তার ব্যবস্থা করার জন্য বলছি।

**শ্রী আবু তাহের খান** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার বিস্তীর্ণ এলাকা, প্রায় ৯৬ কিলোমিটার এলাকা, আজকে পদ্মানদীর ভাঙনে আস্তে আস্তে নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। এ ব্যাপারে আমরা বারবার মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কোন সুরাহা হয়নি। গত মাসের ৩০ তারিখ থেকে এই মাসের ৯ তারিখ পর্যন্ত লক্ষ লক্ষ মানুষ মুর্শিদাবাদ জেলায় সমবেত হয়েছিলেন পদযাত্রার মধ্যে দিয়ে। ঐ এলাকায় ভাঙন রোধে প্রতি বছর জেলা পরিষদ বর্ষার সময় কাজ করতে গিয়ে বোল্ডার ফেলার নামে প্রহসন চালাচ্ছে। গত ২০০০ সালে এইভাবে বোল্ডার ফেলার সময় প্রতিবাদ করতে গিয়ে সেখানে পুলিশের গুলিতে একজন মারা গিয়েছেন। প্রতি বছর এইভাবে বোল্ডার ফেলার নামে নাটক হয়। কখনই সুখা মরশুমে কাজটা হয় না। জেলা পরিষদ টেন্ডার দিয়ে প্রতি বছর ভাঙন রোধে যে কাজ করে সেটা বর্ষার সময়ে প্ল্যান করে কাজটা করা হোক। আজকে মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-পদ্মার এই ভাঙন রোধে যদি উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হয় তাহলে ঐ জেলার ১১ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হবেন। শুধু মুর্শিদাবাদ জেলাই

নয়, পাশাপাশি মালদা জেলাও অনুরূপভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই সেখানে ভাঙন প্রতিরোধে কাজটা বর্ষার সময় না করে সুখা মরশুমে করবার জন্য দাবী জানাচ্ছি।

**শ্রী গোলাম কিবরিয়া মিঞাঁ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকার এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গঙ্গা-পদ্মা ভাঙনে মালদা এবং মুর্শিদাবাদ জেলার ভৌগোলিক অবস্থা পরিবর্তনের মুখে। আজকে কংগ্রেসের সকল বিধায়ক এবং সাংসদ অধীর চৌধুরীর নেতৃত্বে এর বিরুদ্ধে পদযাত্রা করে আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছি যাতে ঐ ভাঙন প্রতিরোধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়। আজকে সেখানে ভাঙন প্রতিরোধে জেলা পরিষদে টাকা লুটপাট হচ্ছে। আজকে সেখানে ১১ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। যাতে সেখানকার গৃহহীনরা পুনর্বাসিত হন তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

## POINT OF INFORMATION

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। গতকাল মাননীয় অর্থমন্ত্রী এই সভায় বিবৃতি দানের সময় বলেছিলেন যে, তিনি ধান কিনবার জন্য জেলা শাসকদের ১৩৮ কোটি টাকা ইতোমধ্যে দিয়ে দিয়েছেন এবং কো-অপারেটিভের মাধ্যমে চাষীদের কাছ থেকে ধান কেনার জন্য অর্ডারও পাঠিয়ে দিয়েছেন। আজকে পাঁচজন ডি এম-এর সঙ্গে আমি যোগাযোগ করেছিলাম এবং তাঁদের জিজ্ঞাসা করেছি যে কে কত টাকা পেয়েছেন এবং ধান কেনার জন্য কি ব্যবস্থা করেছেন, কোন কোন কো-অপারেটিভকে ডেকেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, গতকাল মাননীয় অর্থমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন সেটা সম্পূর্ণ অসত্য। তাঁদের কাছে আজ পর্যন্ত কোন অর্ডার যায়নি, জি ও যায়নি, সার্কুলার যায়নি, টাকাও পৌঁছায়নি। আজকে বেলা সাড়ে বারোটা পর্যন্ত যে খবর পেয়েছি তাতে তখন পর্যন্ত কোন ডি এম এই সম্পর্কিত কোন জি ও পাননি। অথচ তিনি বললেন যে, চাষীদের কাছ থেকে ধান কেনার জন্য তিনি টাকা ছেড়েছেন। এটা অত্যন্ত দুঃখের এবং লজ্জার কথা। আমরা অত্যন্ত উদ্বেগের মধ্যে রয়েছি, অথচ চাষীদের নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। এর ফলে চাষীরা তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। হাউসকে বিভ্রান্ত করা হচ্ছে এবং বাংলার মানুষের কাছে অসত্য কথা বলা হচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে টাকা দিয়ে ধান প্রোকিয়োর করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[1.10—1.20 p.m.]

## ZERO HOUR

**শ্রী কাশিনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। মূল জিনিসটা হচ্ছে বাংলাদেশ সীমান্তে ভারত ভূখণ্ডে যে চা বাগান আছে সেই চা বাগানে ক্রমশ উত্তেজনা ছড়াচ্ছে। সেখানে বি এস এফ উত্তরবঙ্গ রাইফেলসের আই জি মিঃ কে এস ভোরা বলেছেন যে বাংলাদেশ রাইফেলসের বি ডি আর বলছে যে সীমান্তবর্তী এলাকায় যে চা বাগানগুলি আছে সেখানে

আমাদের চাষী এবং মালিকদের যেতে দেবে না, তার জন্য তারা ভয়ঙ্কর চাপ সৃষ্টি করছে। বি ডি আর বলছে যে তারা সামনে সীমান্ত দেখতে পাচ্ছে না। সেই পরিপ্রেক্ষিতে তারা চা বাগান বন্ধ করে দেওয়ার উদ্যোগ নিয়েছে। এটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। এই চা বাগানের সাথে বহু মানুষের জীবন জীবিকা এবং পশ্চিমবাংলার অর্থনীতি জড়িত আছে। এখানে বি ডি আর উত্তেজনাপ্রবণ কথাবার্তা বলছে এবং আমাদের বি এস এফ-র মধ্যে উত্তেজনা সৃষ্টি করার চেষ্টা করছে। এই ব্যাপারে আমি মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি এবং এখানে ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী আছেন, তিনি অন্তত এই ব্যাপারে হাউসকে কিছু জানান।

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন্ত্যোদয় যোজনা এবং অন্নপূর্ণা যোজনায় খাদ্য হিসাবে যে চাল গম দেওয়া হচ্ছে সেটা মানুষের খাদ্য নয় এবং সেটা পশু খাদ্য নয়। খাদ্য থেকে দুর্গন্ধ বার হচ্ছে, একেবারে পচে গেছে। কাঁথির ৩ নম্বর ব্লকে দেখেছি ডিলাররা যে গম দিচ্ছে, স্বল্প মূল্যে যে খাদ্য দেওয়া হচ্ছে সেটা পশু খাদ্য হিসাবেও ব্যবহার করা যাবে না, মানুষের একেবারে অখাদ্য। তাই আমি সরকারের খাদ্য দপ্তরের কাছে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে মানুষের খাবারের উপযুক্ত খাদ্য সরবরাহ করা হোক। ডিলাররা যা করছে তাতে এই খাদ্য মানুষ খেতে পারে না, পোকা ধরা চাল গম দিচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে সরকার এই ব্যাপারে ব্যবস্থা নিন, তা না হলে মানুষের ডাইরিয়া হবে, কলেরা হবে এই চাল-গম খেয়ে। মানুষের দারিদ্রতার সুযোগ নিয়ে এই ধরনের চাল-গম সরবরাহ করবেন ?

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মাধ্যমিক পরীক্ষা ফল প্রকাশিত হয়েছে। ইতিমধ্যে বিভিন্ন কলেজ থেকে উচ্চমাধ্যমিকের পাঠ্যক্রম তুলে নেওয়া হয়েছে, সেই মত আলিপুরদুয়ারের কলেজগুলি থেকে তুলে নেওয়া হয়েছে। গত বছর মন্ত্রী মহাশয় ৪টি মাধ্যমিক স্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীত করেন। আরো ৪টি স্কুল, সলসলাবাড়ি হাইস্কুল, পদ্মাশ্বরী হাইস্কুল, রবিকান্ত হাইস্কুল এবং শ্যামাপ্রসাদ বিদ্যামন্দির বালিকা বিদ্যালয়, এই স্কুলগুলিকে উচ্চমাধ্যমিকে উন্নীত করার কথা বলেছিলেন। এখনও পর্যন্ত সেটা কার্যকরী হয়নি। এ ছাড়া ঘড়ঘড়িয়াহাট জুনিয়ার হাইস্কুল যেটা চলছে সেটা অনুমোদন করার কথা বলেছিলেন, সেটা এখনও কার্যকরী হয়নি। সেন্ট মেরিয়া গ্রোথি গার্লস জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করার জন্য অনুরোধ জানাচ্ছি। ছেলেমেয়েদের পড়াশুনার স্বার্থে অবিলম্বে এই বিদ্যালয়গুলি যাতে অনুমোদন পায় সেই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রফুল্লকুমার ভৌমিক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই, নদীয়া জেলার তেহট্ট সাব-ডিভিশান অনেক দিন আগে হয়েছে। সেখানে হাইস্কুলে যে শিক্ষক, অশিক্ষক কর্মচারীরা আছেন তারা পি এফ-এর টাকা পাননি। ড্রয়িং অ্যান্ড ডিসবার্সিং অফিসারের জন্য, এর আগে আমি বলেছিলাম, অনেক শিক্ষক-অশিক্ষক কর্মচারী তাঁরা প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না। করিমপুরে যে হাসপাতাল আছে, সেখানে এ আর ভি-এর অভাবে রোগীরা ফিরে যাচ্ছে। এটা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুহাজার সালের বন্যার পর আমাদের মহকুমার বিস্তীর্ণ এলাকায় অজয় এবং ভাগীরথী নদীতে ভাঙন দেখা দেয়। সেই ভাঙনের বেশির ভাগ এখনও মেরামত হয়নি। এই বছর সরকারি অর্থের টানাটানি থাকায়, এম্বার্গো থাকায় কাজ বন্ধ আছে। এখন বর্ষা এসে গেছে। এই অবস্থায় যদি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে আমাদের মহকুমা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবী করছি যাতে অবিলম্বে মেরামতি কাজ শুরু করা হয়।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় আইনশৃঙ্খলা সম্পূর্ণ ভেঙে পড়েছে। পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় এবং অপদার্থতার ভূমিকা গ্রহণ করেছে। গোটা জেলা আজকে সমাজবিরোধীদের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে। কয়েকদিন আগে ক্যানিং ২নং ব্লকে হাসান লস্কর সে যখন বাড়ি ফিরছিল তার স্ত্রী এবং পাঁচজন কর্মীসহ, তখন সিপিএমের দুষ্কৃতীরা তার ওপরে ঝাঁপিয়ে পড়ে গুলি চালায় এবং বোমা মারে। সে তখনই পথে মারা যায়। তারপরে এই ব্যাপার নিয়ে আমরা বহুবার এস পি-কে বলেছি। এফ আই আর-এ অ্যাকিউজড আসামীদের এখনও পর্যন্ত ধরার ব্যবস্থা করা হয়নি বা চার্জশিটের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। গত পরশুদিন কুলপি থানা এলাকায় ৭টি বাড়িতে ডাকাতি হয়েছে। গত দুমাসে দক্ষিণ ২৪-পরগনা জেলায় সাড়ে তিনশো বাড়িতে ডাকাতি হয়েছে। পুলিশ সম্পূর্ণ নীরব দর্শক হয়ে আছে। কোনো ক্ষেত্রেও আসামীদের অ্যারেস্ট করতে পারেনি। ডাকাতের গুলিতে তপতী ঘোষ নামে জনৈক মহিলা, চিত্তনগর গ্রামের বাসিন্দা, তাঁকে খুন করা হয়েছে। অণিমা বর নামে আর একজন মহিলাকে ডাকাতরা গুলি করেছে। সেই ভদ্রমহিলা এখন মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। গোটা দক্ষিণ ২৪-পরগনা জেলায় সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি হয়ে গেছে। মগরাহাটের কুখ্যাত ডাকাত সেলিম। সে ছটা গাড়ি নিয়ে গ্রামে ঘুরে বেড়াচ্ছে। এখান থেকে সে সিংহানিয়াকে অপহরণ করে নিয়ে যায় এবং তারপরে মুক্তিপণ আদায় করে তাঁকে ছেড়ে দেয়। মুখ্যমন্ত্রী তাকে অ্যারেস্ট করতে বললেন। এক মাস পরে এসপি তাকে অ্যারেস্ট করল। তাকে এমনভাবে অ্যারেস্ট করা হলো যে তার কাছে কোনো পি সি চাওয়া হলো না। একটা ষড়যন্ত্র চলছে—তাকে জামিন দিয়ে পঞ্চায়েত নির্বাচনের আগে সম্পূর্ণ সন্ত্রাস সৃষ্টি করে পঞ্চায়েত নির্বাচনকে বানচাল করে দেবার চেষ্টা চলছে। দক্ষিণ ২৪-পরগনা জেলায় আইনশৃঙ্খলা যেভাবে ভেঙে পড়েছে, সমাজবিরোধীরা একটা মুক্তাঞ্চলে পরিণত করেছে, তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুলিশ সম্পূর্ণ নিরপেক্ষ থেকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে এবং আসামীদের অ্যারেস্ট করে সমাজবিরোধীদের হাত থেকে মানুষকে বাঁচাবার ব্যবস্থা করে। আইনশৃঙ্খলা ফিরিয়ে আনবার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তর, পৌর দপ্তর এবং নগরোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীদের কাছে নিবেদন করছি, আমাদের নর্থে শ্যামবাজার থেকে ব্যারাকপুরে বি টি রোডের দুধারে ড্রেনেজ ব্যবস্থা ভেঙে পড়েছে। বছরের

পর বছর ধরে এর জন্য আমরা বলছি। বি টি রোডের কাজ শুরু হয়েছে, কিন্তু ড্রেনগুলো যে অবস্থায় রয়েছে...

**মি. ডেপুটি স্পীকার :** এটা আপনার সাবজেক্ট নয়। আপনি লিখিতভাবে নোটিশ দেবেন, তারপরে বলবেন।

**শ্রী সৌগত রায় :** স্যার, গতকাল দুলাল বন্দ্যোপাধ্যায়, সিপিএমের নটরিয়াস নেতা বেলগাছিয়া (পশ্চিম) কেন্দ্রের, তাঁর বিরুদ্ধে চার্জশিট দেওয়া হয়েছে চন্দন চক্রবর্তী এবং আরও একজনকে হত্যার অভিযোগে। দুলালবাবুর বিরুদ্ধে খুন, লুঠপাট এবং অপহরণ করার চেষ্টা ইত্যাদি অভিযোগে পুলিশ তাঁর বিরুদ্ধে চার্জশিট দিয়েছে। কিন্তু বিচিত্র ব্যাপার হচ্ছে, মামলায় মোট অ্যাকিউজড হচ্ছে ৭ জন। গ্রেপ্তার হয়েছে ৩ জন। পুলিশ এখনও কৃষ্ণ, পচা, এবং কেলেগুপি সহ আরও কয়েকজনকে গ্রেপ্তার করেনি।

[1.20—1.30 p.m.]

এবং আমার অভিযোগ পুলিশ ইচ্ছা করে ওদের গ্রেপ্তার করছে না। চার্জশিটে খুনের মামলায় দায়ী হওয়া সত্ত্বেও সিপিএম পার্টির মধ্যে থেকে দুলাল ব্যানার্জিকে বহিষ্কার করা হয়নি। সিপিএম পার্টির সেক্রেটারি বলেছেন আমরা কমিশন করেছি এবং কমিশন বিচার করে বলবে তবেই তাকে আমরা একস্‌পেল করব। আসলে দুলাল ব্যানার্জির সহযোগিতায় বেলগাছিয়া কেন্দ্র থেকে সিপিএম বছরের পর বছর জিতে আসছে পার্টির থেকে তাই তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিতে চাইছে না। যে কিনা হত্যার অপরাধে অপরাধী সেখানে রাজনীতির ক্রিমিনালাইজেশান সি পি এমকে কোথায় নিয়ে গেছে, কোন স্তরে নিয়ে গেছে যে, কলকাতা এবং শহরতলী এলাকার দুলাল ব্যানার্জি খুনের অভিযোগে অভিযুক্ত হওয়া সত্ত্বেও এবং তার প্রমাণ থাকা সত্ত্বেও সি পি এম কোনো ব্যবস্থা নিচ্ছে না। তাই আমি এই হাউসে দাবী করছি যে, সি পি এমের সঙ্গে তার কি সম্পর্ক সেটা পরিষ্কার করে হাউসে দাঁড়িয়ে বলুন।

**মি. ডেপুটি স্পীকার :** আপনি যেটার নোটিশ দিয়েছেন সেটা তো আলাদা। আপনি তো নোটিশ দিয়েছেন চার্জ অ্যাগেন্সট এ মিনিস্টার অফ ওয়েস্ট বেঙ্গল, সেখানে বলছেন অন্যটা। আরেকটা নিয়ম হচ্ছে কোনো মন্ত্রীর বিরুদ্ধে বলতে গেলে আগে নোটিশ দিতে হয়। আপনি এটা যে বলছেন কি করে সেটা অ্যালাউ করব।

**শ্রী সৌগত রায় :** আমি তো অ্যালিগেশান আনছি না, আমি চার্জ এনেছি। অ্যালিগেশান এবং চার্জের মধ্যে তো তফাত রয়েছে। আর বিধানসভাতে যদি কারুর বিরুদ্ধে চার্জ না আনতে পারি তাহলে কি বলব। আর এটা তো চার্জ, আমি তো অ্যালিগেশান করিনি। আপনি বিষয়টা বোঝার চেষ্টা করুন। আমি যদি কোনো অভিযোগ বা দুর্নীতি বা অন্য কোনো কারণ নারায়ণ বিশ্বাসের বিরুদ্ধে আনতাম তাহলে নোটিশ দিতে হত। কিন্তু আমি তো চার্জ এনেছি ওই দুলাল ব্যানার্জির সঙ্গে বাকী ৪জনকে গ্রেপ্তার করার কোনো ব্যবস্থা নিচ্ছেন না কেন সেই ব্যাপারে।

**মি. ডেপুটি স্পীকার :** ঠিক আছে আপনি বলুন।

**শ্রী সৌগত রায় ঃ** আমার ওয়েস্ট বেঙ্গলের মিনিস্টারের এগেন্সেটে অ্যালিগেশান নয়, আমার চার্জ হল দুলার ব্যানার্জির মামলায় অন্যান্যরা যারা অভিযুক্ত আছেন তাদের পুলিশ গ্রেপ্তার করার ব্যাপারে কোনো ব্যবস্থা নিচ্ছে না। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে আমার চার্জ আছে। My charge against the Home (police) Minister is that he is not taking any step to arrest the other associates of Dulal Banerjee who are also accused of murder. Though chargesheet has been filed—three months have elapsed, in a case of double murder, murder by lynching, murder by public beating the government is taking no steps. The Home (Police) minister is taking no steps to get the accused arrested and on top of that CPI(M) party is sheilding Dulal Banerjee by not expelling him. Immediately these people should be arrested and those accused should be arrested.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, মেট্রো রেল সম্প্রসারণ এবং খাল সংস্কার-এর নামে টালি নালার উভয়পাশে যেভাবে ঝুপড়ি উচ্ছেদ হয়েছে, সেখানে সরকারি প্রতিশ্রুতি লঙ্ঘন করে ঝুপড়ি উচ্ছেদ হয়েছে। আমি নিজে গত ২০শে সেপ্টেম্বর মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য ওখানে উপস্থিত ছিলাম, সেখানে ঠিক হয়েছিল কুঁদঘাট থেকে গড়িয়া পর্যন্ত যে খাল সংস্কার হবে মেট্রো রেল সম্প্রসারণের জন্য, ২০ ফুট-এর বাইরে উচ্ছেদ হবে না। সেই প্রতিশ্রুতি লঙ্ঘন করে ২০ ফুট-এর বাইরে যারা আছেন তাদেরও উচ্ছেদ করে দেওয়া হয়েছে। গত ৯ তারিখ থেকে আজ, তিনদিন ধরে উচ্ছেদবিরোধী যুক্ত মঞ্চ থেকে তারা অনশন করছেন যাতে অবিলম্বে সরকারি প্রতিশ্রুতি যেটা লঙ্ঘন করা হয়েছে, ভঙ্গ করা হয়েছে, এমনকি চিহ্নিত করে দেওয়া হয়েছিল সেচ দপ্তর থেকে, ২০ ফুট-এর বাইরে উচ্ছেদ করা হবে না। সেচমন্ত্রী তিনিও এনকোয়ারি করে দেখেছেন ২০ ফুট-এর বাইরে উচ্ছেদ করা হয়েছে। সেই ২০ ফুট-এর বাইরে যে ঝুপড়িবাসীদের উচ্ছেদ করা হয়েছে টালিনালার পাশের থেকে, সেই জায়গা ফেরত দেওয়ার দাবীতে এবং বিনা পুনর্বাসন ছাড়া উচ্ছেদ যাতে না হয় তারা তার জন্য অনশন করছেন। আমি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবী করছি।

(শ্রী সৌগত রায় ঃ উনি যেটা বলছেন, এটা আমি পুরো সাপোর্ট করছি, উনি ঠিকই বলেছেন, এটা আমি জানি, এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার)

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাত্র কিছুদিন আগে বিশ্ব পরিবেশ দিবস উদ্‌যাপন করলাম এবং সেখান থেকে শপথ নিয়েছিলাম, দূষণমুক্ত সুন্দর পৃথিবী গড়ার। আমরা জানি আধুনিক সভ্যতার উন্নয়ন ও দূষণ অঙ্গাঙ্গীভাবে যুক্ত। কিন্তু আধুনিক সভ্যতার একটা দায়িত্ব থাকে দূষণমুক্ত করার। স্যার, কোলাঘাটের কথা আপনারা জানেন। সেখানে থার্মাল পাওয়ার প্লান্ট আছে এটাও আপনারা জানেন। সেখানে ৬টি চিমনি দিয়ে ডেলি ৫ হাজার টন কয়লার ধোঁয়া নির্গত হয়, সেখানে যে ই এস পি যন্ত্র আছে সেটা

মান্ধাতার আমলের, কোলাঘাট এলাকায় যাদের জন্য আমরা সুন্দর পৃথিবী গড়ার অঙ্গীকার করছি, সেখানে সেই এলাকার শিশুদের কথা ভাবুন, তারা অধিকাংশই শ্বাসকষ্টে, কাশিতে, হাঁপানীতে ভুগছে। চোখ জ্বালা করে। স্কুল থেকে বাড়ি সর্বত্রত ছাই-এর স্তর পড়ছে। ফলে ফুলচাষ মার খাচ্ছে, সব্জী চাষ মার খাচ্ছে, বিকল্প কোনো ব্যবস্থা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে বলতে চাই, এই ব্যাপারে পরিবেশমন্ত্রী যেন অবিলম্বে কোনো ব্যবস্থা গ্রহণ করেন এবং দূষণ-এর হাত থেকে আগামীদিনের শিশুরা যাতে রক্ষা পায় তার ব্যবস্থা করা দরকার।

**শ্রী তপন হোড় :** স্যার, কেন্দ্রীয় সরকার মাঝে মাঝে রুটিন মাফিক আমাদের রাজ্য সরকারের কাছে কতকগুলি তথ্য পাঠান। সেই তথ্যের মধ্যে রুটিন একটা তথ্য এসেছে, এখানে আমাদের রাজ্যে কিছু গুরুত্বপূর্ণ স্থানে, যেমন রাইটার্স বিল্ডিংস থেকে আরম্ভ করে কিছু গুরুত্বপূর্ণ জায়গায় টেরোরিস্টদের দ্বারা আক্রান্ত হতে পারে। সেই ব্যাপারে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন। সেখানে এই সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের যা যা করণীয় সবই করেছেন। কিন্তু আমরা দেখছি, এই বিষয়টাকে নিয়ে বিরোধী নেতা কাগজে যে বিবৃতি দিয়েছেন এটা এই যে উগ্রপন্থী আক্রমণ হতে পারে, সেটা অসত্য কথা মিথ্যা কথা—এটা বলে পশ্চিমবঙ্গ সরকারের সমস্ত দৃষ্টিটা ঘুরিয়ে দিতে চান। মাননীয় বিরোধী দলনেতা যে অসত্য কথা বললেন তার কোনো যৌক্তিকতা নেই। একটা ঘটনা ঘটতে পারে এবং তার জন্য রাইটার্স বিল্ডিং, বিধানসভা এবং অন্যান্য জায়গায় রাজ্য সরকার যে ব্যবস্থা নিয়েছেন তাকে কম্প্যাট করি এবং বিরোধী নেতা যে দায়িত্বজ্ঞানহীন উক্তি করেছেন সেটার আমি বিরোধিতা করছি।

[1.30—2.00 p.m. including adjournment]

**শ্রী অশোক দেব :** স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এক বছর আগে মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য, সুভাষ চক্রবর্তী এবং রেল দপ্তরের অফিসারদের সঙ্গে একটা মিটিং হয়েছিল, শিয়ালদহ থেকে যে সমস্ত হকারদের উচ্ছেদ করা হয়েছে তাদের প্রত্যেককে একটা করে স্টল দেওয়া হবে। হকাররা এই প্রতিশ্রুতিতে বিশ্বাস করে জায়গা ছেড়ে দিয়েছিল। আজকে এক বছর হয়ে গেছে সেই প্রতিশ্রুতি রক্ষা করা হয়নি। আজকে শিয়ালদহে বিরাট মিছিল হচ্ছে এই ব্যাপারে এবং তারা ট্রেন অবরোধও করবে ও আগামী দিনে তারা বিধানসভা অভিযানও করবে। মাননীয় মন্ত্রীমহাশয়রা হাউসে এবং হাউসের বাইরে প্রতিশ্রুতি দিয়ে যদি রাখতে না পারেন তাহলে এর চেয়ে দুঃখের কিছু নেই। ঐ সভায় আমিও ছিলাম, রেল দপ্তরের কর্মকর্তারা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তারা তা রক্ষা করছে না, অবিলম্বে সেই কাজ যাতে হয় তার জন্য আমি দাবি জানাচ্ছি। যদি সেই প্রতিশ্রুতি তারা না রাখেন, তাহলে ঘন ঘন রেল অবরোধ, বিধানসভা অভিযান হবে এবং মন্ত্রীদের প্রতি মানুষের কোনো আস্থা থাকবে না।

**শ্রী সাধন পাণ্ডে :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে আমাদের অত্যন্ত আনন্দের দিন। শ্রীমতী মমতা ব্যানার্জির অনুরোধক্রমে মাননীয় প্রধানমন্ত্রী বিশিষ্ট বিজ্ঞানী এ পি জে আব্দুল কালামের নাম রাষ্ট্রপতি পদের জন্য প্রস্তাব করেছে এবং এই ব্যাপারে

প্রত্যেকটি বিরোধী দলের সঙ্গে কথাও বলা হয়েছে। আমরা অনেক সময় অনেক প্রস্তাব এই হাউসে নিয়ে এসে উদাহরণ সৃষ্টি করি, আসুন আমরা এই হাউস থেকে একটা অ্যাপ্রিসিয়েশান প্রস্তাব করি এবং প্রধানমন্ত্রীকে জানাই, আপনি কনসেশনাস নিয়ে শ্রী কালামের নাম ঘোষণা করেছেন তার জন্য ধন্যবাদ জানাই আপনাকে এবং মমতা ব্যানার্জি যে প্রচেষ্টা করেছেন সেটা সফল হয়েছে বলে তাকেও এর জন্য ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই।

**মি. ডেপুটি স্পীকার :** এখন বিরতি, আমরা মিলিত হব দুটোর সময়।

[At this stage the House was adjourned for recess till 2.00 p.m.]

[2.00—2.10 p.m.] (after recess)

## LEGISLATION

### The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) bill, 2002.

**Shri Abdur Rezzak Molla** : Mr. Deputy Speaker, Sir, with your kind permission I beg to introduce the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002.

(Secretary then read the Title of the Bill.)

**Mr. Deputy Speaker** : There is a motion of circulation of the Bill given by Shri Saugata Roy, to move his motion.

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002, be circulated for the purpose of eliciting public opinion by the 31st August, 2002.

The motion was then put and lost.

**Shri Abdur Rezzak Molla** : Sir, I beg to move that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002, be taken into consideration.

**শ্রী তাপস রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি, হাউসে কোরাম নেই। আলোচনা চলতে পারে না। হাউস বন্ধ রাখুন।

**শ্রী কল্যাণ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই যে 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেন্যান্সি ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' আনা হয়েছে, আমি তার বিরোধিতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেখুন—এই যে বিলটা নিয়ে আসা হয়েছে, আন্ডার সেকসন ৪৩ অফ দা ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি এ্যাক্ট ১৯৯৭। এই বিলের যে প্রভিসন, সেই প্রভিসনটা নিয়ে আসতে চাইছে, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনান্সি ট্রাইবুনালে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বলি যে, আজকের এই যে বিল আনতে চাইছেন মাননীয় মন্ত্রী মহাশয়, এটা সম্পূর্ণ অসাংবিধানিক। বিলে যে অ্যাপিলের প্রভিসনটা আনতে চাইছেন—আন্ডার দা ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্ট অ্যান্ড টেনান্সি ট্রাইবুনাল অ্যাক্ট ১৯৯৭, এই অ্যাক্টটা হচ্ছে, আন্ডার আর্টিকেল ৩২৩ (বি) অফ দা কনিস্টিটিউশন অফ ইন্ডিয়া। এই অনুযায়ী করতে পারে। এর জন্য ল্যান্ড রিফর্মস টেন্যান্সি অ্যাক্ট এসেছিল। মেন পারপাস অফ দা অ্যাক্ট ছিল with regard to the disputes, application arising out of the Land Reforms or Tenancy in Land.

টেনেন্সি ইন ল্যান্ড হলে you can bring an act under the West Bengal Land Reforms and Tenancy Tribunal Act, 1977. It is a tenancy on Premises. It is not a tenancy in Land. কিন্তু আপনি এটা আনতে পারছেন না; ন্ডার আর্টিকেল ৩২৩ (বি)তে যে পাওয়ার আছে সেই অনুযায়ী ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনেন্সী ট্রাইবুনাল অ্যাক্ট ৯৭ এনেছেন। অরিজিনাল অ্যাক্ট আন্ডার আর্টিকেল ৩২৩(বি)তে দেখুন এর প্রভিশান নেই, পাওয়ার নেই। সংবিধান স্টেট লেজিসলেচারকে এই পাওয়ার দেয়নি। ৩২৩(বি)তে কোনো কোনো ক্ষেত্রে আপনি এটা করতে পারেন।

"The appropriate Legislature may, by law, provide for the adjudication or trial by tribunals of any disputes, complaints, or offences with respect to all or any of the matters specified in clause (2) with respect to which such Legislature has power to make laws." Now, I quote 323B (2). "The matters referred to in clause (1) are the following, namely :—(a) levy, assessment, collection and enforcement of any tax ; (b) foreign exchange, import and export across customs frontiers ; (c) Industrial and labour disputes ; (d) land reforms by way of acquisition by the State of any estate as defined in article 31A or of any rights therein or the extinguishment of modification of any such rights or by way of ceiling on agricultural land or in any other way ; (e) ceiling on urban property ; (f) election to either House of Parliament or the House or either House of the legislature of a State, but excluding the matters referred to in article 329 and article 329A ; (h) production, procurement, supply and distribution of food-stuffs (including edible oilseeds and oils) and such other goods as the President may, by public notification, declare to be essential goods for the purpose of this article and control of prices of such goods ;

তাহলে ৩২৩ (বি)তে যে প্রভিশানগুলি রয়েছে যা দিয়ে আপনি ট্রাইবুনাল কনস্টিটিউট করতে পারেন, সেখানে প্রেমিসেস টেনেন্সী কোনো জায়গায় আসছে না। ইট ইজ নট এ ট্রাইবুনাল অ্যালাইক ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনাল। ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনাল হয় ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্টে। এই ল্যান্ড ট্রাইবুনাল হয়েছে আন্ডার আর্টিকেল ৩২৩ (বি)। ৩২৩ (বি)তে যে কটা স্পেসিফিক পাওয়ারস আছে, তার মধ্যে কোথাও টেনেন্সী অন প্রেমিসেস নেই। ল্যান্ড রয়েছে। কিন্তু আপনি টেনেন্সীতে চলে গেছেন। ৩২৩ (বি)তে এটা হয় না। ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালের ভিতর এটা ঢোকে না। আপনি এটা ডাইরেক্টলিও করতে পারেন না। ইনডাইরেক্টলিও করতে পারেন না। ৩২৩ (বি)তে যে ট্রাইবুনালের বিষয় রয়েছে সেখানে কিন্তু এই পাওয়ার আপনি অ্যাড করতে পারছেন না। ইট উইল বি থরোলি আনকনস্টিটিউশনাল। মাননীয় মন্ত্রীমহাশয়, এটা আপনি বিচার-বিবেচনা করুন। আমি জানি না অ্যাডভোকেট জেনারেলের সাথে কনসাল্ট করেছেন কিনা। এটা কিন্তু পুরোটাই সংবিধানের বাইরে চলে যাচ্ছে। আপনি দয়া করে এই বিলটা পাস করবেন না। তা হলে কিন্তু আগামীদিনে ল্যান্ড লর্ড এবং টেন্যান্টদের অন্ধকারে ফেলে দেবেন।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় সদস্য যে পয়েন্টটা এখানে তুলেছেন এটা একটা পয়েন্ট অফ অর্ডার। পুরোটা আলট্রাভাইরেস হয়ে যাচ্ছে। এটা ক্লারিফাই করে দেবেন।

**মি. ডেপুটি স্পীকার ঃ** মন্ত্রী আছেন, উনি উত্তরের সময় বলবেন।

**শ্রী কল্যাণ ব্যানার্জি ঃ** স্যার, দেখুন, সংবিধানের মধ্যে এই পাওয়ার নেই। উনি অ্যাডভোকেট জেনারেল বা লিগাল এক্সপার্টদের সাথে কনসাল্ট করেছেন কিনা জানি না। তা না হলে আপনি আইনমন্ত্রীকে ডাকুন, আলোচনা করুন। এটা আপনার এরিয়ার মধ্যে পড়ে না। সংবিধান এই পাওয়ার দেয়নি। সেকেন্ড পার্ট-এ বলি ১৯৮৫ সাল থেকে দুহাজার দুই সাল পর্যন্ত—এই ১৭ বছরের ভিতর যে ট্রাইবুনালের কনসেপ্ট হয়েছে—এই আর্টিকেল ৩২৩ এ ও বি আসার পরে যত জায়গায় ট্রাইবুনালগুলো হয়েছে, তাতে দেখা যাচ্ছে সব ব্যর্থ হয়ে যাচ্ছে। ট্রাইবুনালগুলো সব ব্যর্থ হয়ে যাচ্ছে। ট্রাইবুনালগুলো কোনো রিলিফ দিতে পারছে না। ল্যান্ড রিফর্মস ট্রাইবুনাল যেটা রয়েছে সেখানে কোনো কাজ হয় না।

[2.10—2.20 p.m.]

ট্রাইবুনালগুলোর কোনরকম রিলিফ দিতে পারছে না আপনার ল্যান্ড রিফর্মস ট্রাইবুনাল। এখনও যেটা রয়েছে আপনি খবর নিয়ে দেখুন সেখানে জজ থাকে না। ফাংশন হয় না। মানুষগুলো শুধু শুধু ফিরে আসছে। ট্রাইবুনালে কিছু হচ্ছে না। ২০০১ সালে মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী অরুণ জেটলির লিডারশিপে একটা মিটিঙ হয়েছিল। তাতে সমস্ত রাজ্যে শুধু পশ্চিমবঙ্গ ছাড়া সমস্ত রাজ্যের অ্যাডভোকেট জেনারেলরা সেখানে উপস্থিত ছিলেন এবং উপস্থিত থেকে ইউন্যানিমাসলি ইট হ্যাজ বিন ডিসাইডেড টেক স্টেপস ফর উইথড্রয়াল অব দি ট্রাইবুনাল। যেখানে ট্রাইবুনালগুলো যখন উইথড্র করার ডিসিশন নেওয়া হচ্ছে সেখানে আপনি কেন আবার ট্রাইবুনালের মধ্যে দিয়ে ল্যান্ড রিফর্মসটাকে আপনি অ্যাড করতে চাইছেন। আমাদের স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনালে অর্ধেক দিন সেখানে ট্রাইবুনালের মেম্বাররা থাকেন না। আমরা রেগুলার যাচ্ছি আমরা দেখছি, দিনের পর দিন মামলা পিছিয়ে যাচ্ছে। মামলা কোনো কিছু হচ্ছে না ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালে। ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালে মেম্বার থাকছে না, কোনো জায়গায় মামলা হচ্ছে না। এমন কি সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ সেখানেও কোনো মামলা হচ্ছে

না। আপনি দয়া করে এই ট্রাইবুনাল-এর মধ্যে এই প্রেমিসেস টেনান্সি ডিসপুটটাকে আনবেন না এবং ইটস এ রিয়ালি লিগাল এক্সপারটাইজেশনের ব্যাপার। ট্রাইবুনালগুলোতে যাদেরকে সদস্য করেছেন একজন জুডিসিয়াল মেম্বার নিয়ে আসছেন। আরেকজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার নিয়ে আসছেন, সেই সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বারদের আইনের কোনো জ্ঞান নেই। আমাদের অভিজ্ঞতা হচ্ছে আজকে ট্রাইবুনালে যারা জজ হচ্ছে জুডিসিয়াল কিংবা অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার তারা কিন্তু ইনডিপেনডেনসি অব জুডিসিয়ারি মেনটেন করতে পারছে না। আমাদের অভিজ্ঞতায় দেখা যাচ্ছে যারা সত্যিকারের হাইকোর্ট থেকে মোটামুটিভাবে কোনোদিন কোনো মামলা শোনেননি তারা আজকে ট্রাইবুনালের জাজ হয়ে যাচ্ছে। আর অ্যাডমিনিস্ট্রেটিভ টপ র‍্যাংক, যারা আই এ এস অফিসার রয়েছে যারা অ্যাডমিনিস্ট্রেটিভ ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা কোনোদিন কোনো রাজ্যে নিতে পারেনি আজকে তাদের মেম্বার করে দেওয়া হচ্ছে। যার জন্য যখনই একটা লিগাল কমপ্লিকেটেড কোয়েশ্চেন অব ল অ্যারাইজ করছে তখন সেই সমস্ত পয়েন্টগুলোতে ডিসাইড করা হচ্ছে না। যদিও আজকে সুপ্রিম কোর্টে ৩২৩ (এ), ৩২৩ (বি)-এর এগেনস্টে আপিল ছিল আগে সুপ্রিম কোর্টে অ্যামেন্ডমেন্ট করে সুপ্রীম কোর্টের জাজমেন্ট অনুযায়ী হাইকোর্টগুলোকে পাওয়ার দিয়ে দেওয়া হয়েছে। আজকে ট্রাইবুনালের মধ্যে চলে গেলেন। আপনি আর একটা ফোরাম তৈরি করেছেন যদিও ফোরামটা ৫ থেকে ৭ বছর পর্যন্ত সময় নিয়ে নেবে। তারপর আবার একটা আপিলের ফোরাম রয়ে যাচ্ছে হাইকোর্টে। যখন ৩২৩ (এ), ৩২৩ (বি) কনসেপ্ট ছিল হাইকোর্টের আপিলের কোনো প্রভিশন ছিল না। ডাইরেক্ট সুপ্রিম কোর্টের ছিল, কিন্তু এখন যেহেতু সুপ্রিম কোর্টের নতুন জাজমেন্টের পরে আরেকটা ফোরাম দিয়ে দিয়েছে হাইকোর্টে আমি আপনাকে বলছি দয়া করে আর প্রেমিসেস টেনান্সি যে সমস্ত ডিসপুটগুলো অ্যারাইজ করবে, কমপিটেন্ট অথরিটির কাছ থেকে যে সমস্ত অর্ডারগুলো আসবে সেগুলো যদি ট্রাইবুনালে ফেলে দেন ৫ থেকে ৭ বছয় সময় নিয়ে নেবে। তারপর আবার হাইকোর্টে আসবে। আরেকটা টায়ার বাড়িয়ে দিচ্ছেন। এই টায়ারের ফলে মানুষ আরও অসুবিধায় পড়বে। ডিসপুটগুলোরও আর সমাধান হবে না। আপনি দেখুন আপনার ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালে-এর রেকর্ড থেকে কালেকশন করে দেখুন যত সমস্ত কেস হাইকোর্ট থেকে ট্রান্সফার হয়ে গেছে ওয়ান-থার্ড মামলাও আজকে মীমাংসা হচ্ছে না। ল্যান্ড ট্রাইবুনালের যে কোনো মামলা ডিসাইড হচ্ছে না, হাইকোর্টে এসে পেন্ডিং হয়ে রয়েছে। গোটা ব্যাপারটা আট থেকে দশ বছরের ধাক্কা লেগে আছে। আপনি আবার এটাকে রি-কনসিডার করুন। ট্রাইবুনালে না দিয়ে, দরকার হলে স্ট্রেটওয়ে আপিলে ৪৩ প্রোভাইসোতে প্রভিশন রয়েছে। ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্টে যদি ট্রাইবুনাল না ক্রিয়েট করলে স্ট্রেটওয়ে আপিলে আসবে। আপিলে হাইকোর্টে রাখুন। তখন তাতে একটা টায়ার যাবে না, এতগুলো বছর নষ্ট হবে না এবং সবচেয়ে বড় কথা প্রেমিসেস টেনান্সি অ্যাক্টে যদিও পাওয়ার কোনো একটা কমপিটেন্ট অথরিটিকে দিয়েছেন কিন্তু এখন যদি কমপ্লিকেটে কোয়েশ্চেন অব ল, কমপ্লিকেটেড কোয়েশ্চেন অব ফ্যাক্ট অ্যারাইজ করলে তার জন্য একটা লিগাল অ্যাকিউমেন দরকার আছে, জুডিসিয়াল মাইন্ড দরকার আছে। তার একটা কনসেপ্ট দরকার আছে, এক্সপিরিয়েন্সের দরকার আছে। একজন আই এ এস অফিসার বা অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার তাকে আমি ছোট করছি না, কিন্তু আপনাদের অ্যাডজুডিকেশন-এর লিগাল অ্যাডজুডিকেশন কোনোদিনই এল না। ল্যাটার স্টেজে ৬০ বছরের পর কেউ যখন একজন একটা মামলা শুনছে, লিগাল

অ্যাডজুডিকেশন করছে সেখানে ব্যর্থতা আসছে। মামলা পিছিয়ে যাচ্ছে। সেখানে সময় অনেক বেশি লাগছে। একজন লিগাল এক্সপার্টকে মামলা শুনতে দিলে তাতে যত কম সময় লাগে কিন্তু একজন নন-লিগাল লোককে মামলা শুনতে দিলে তার অনেক বেশি সময় লাগবে। তার জন্য আমি আপনাকে অনুরোধ করব এই জায়গাটাকে একটু ভেবে দেখুন। এই ট্রাইবুনাল কনসেপ্ট। এই ট্রাইবুনাল কনসেপ্ট, দিস হ্যাজ রিয়ালি বিকাম অবসোলিট। আমি শুধু স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনালের কথা বলছি না, সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ-এর ক্ষেত্রে সমস্ত জায়গাতে কনসেপ্টগুলো পাল্টে যাচ্ছে। আজকে মানুষ তিতো বিরক্ত হয়ে উঠেছে। লিটিগ্যান্টরা জাস্টিস পাচ্ছে না। তাদের জুডিসিয়ারির উপর কনফিডেন্স নষ্ট হয়ে যাচ্ছে। এই জুডিসিয়ারি কনফিডেন্স ফিরিয়ে আনার জন্য এই ট্রাইবুনালের কনসেপ্ট বন্ধ করুন। এটা আপনার কাছে অনুরোধ রাখব। আর একটা অনুরোধ আমি করব যে, ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট আপনি এফেক্ট দিলেন না, কোনো কারণে সেই জায়গাটা ইমপ্লিমেন্টেশন হল না সেই ক্ষেত্রে কেন তাড়াহুড়ো করে ট্রাইবুনালে কনসেপ্ট নিয়ে আসতে চাইছেন। আগে এফেক্ট দিন, দেখুন কিভাবে ডিসপুটগুলো হয়। কমপিটেন্ট অথরিটি আপনার ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্টে রয়েছে, তারা অ্যাডজুডিকেশন কিভাবে করে। অ্যাডজুডিকেশান করার পর then if the problem comes,—let it go to the High Court. এখানে মাননীয় বিচারমন্ত্রী রয়েছেন, আপনি রয়েছেন, মন্ত্রীরা রয়েছেন, আমি আপনার কাছে অনুরোধ করব আপনারা সবাই মিলে এই হাউজ থেকে একটা সাজেশান দেওয়া হোক সেন্ট্রাল গভর্নমেন্টকে সুপ্রিম কোর্টকে যে ট্রাইবুনালের কনসেপ্ট সমস্ত জায়গায় বন্ধ করে দিয়ে সেক্ষেত্রে যতগুলি সংখ্যক মেম্বাররা রয়েছেন সেই মেম্বারদের সংখ্যা প্রোপোরসনেটলি বাড়িয়ে হাইকোর্টের জাজেদের স্ট্রেইনথ বাড়িয়ে অ্যাডজুডিকেশানকে যত তাড়াতাড়ি সম্ভব শেষ করা হোক এবং হাইকোর্টে গেলেই অনেক তাড়াতাড়ি শেষ হবে। আমি আপনাকে প্রথমেই বলেছি এটা অসাংবিধানিক হচ্ছে। দয়া করে আপনি এটা কোনো লিগাল এক্সপার্টের কাছ থেকে নিন। আপনি যদি মনে করেন মাননীয় অ্যাডভোকেট জেনারেল-এর কাছে কথা বলে দেখুন এবং যদি মনে করেন অ্যাডভোকেট জেনারেলের কাছে আমরা আপনাকে কোনো অ্যাসিস্ট করতে পারি...whether it is constitutional or unconstitutional বলবেন। আমরা গিয়েও বলতে পারি, we will try to tell that this is thoroughly unconstitutional এই বক্তব্য বলে শেষ করছি।

**শ্রী রঞ্জিত কুণ্ডু :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, বিভাগীয় মন্ত্রীর আনীত The West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002. আমি একে সমর্থন করছি। আমার আগে এখানে মাননীয় কল্যাণবাবু বললেন...

( হইচই )

**মি. ডেপুটি স্পীকার :** বসুন, বসুন, মন্ত্রী বলছেন।

**শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা :** স্যার, এই বিষয়টা সাংবিধানিক না অসাংবিধানিক মাননীয় কল্যাণ ব্যানার্জি উনি বলেছেন। ২২৩ (বি) তার সাবক্লজ ২(এইচ) এটা একটু দেখে নেন, দেখবেন এটা বিধিসম্মতই আছে। অ্যাডভোকেট জেনারেলকে ডাকার দরকার নেই, ওখানে ক্লিয়ার করা আছে দেখে নিন।

( হইচই )

## POINT OF ORDER

**[On the admissibility of the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002.]**

**শ্রী সৌগত রায় :** স্যার, এটা আপনি পড়ুন ৭৩(১) এখানে "If a motion for leave to introduce a Bill is opposed, the Speaker after permitting, if he thinks fit, a brief explanatory statement from the member who moves and from the member who opposes the motion may without further debate, put the question.

Provided that where a motion is opposed on the ground that the Bill initiates legislation outside the legislative competence of the House, the Speaker may permit a full discussion thereon"...point এখানে কল্যাণ ব্যানার্জি যে পয়েন্টটা বলেছেন যে This motion initiates legislation outside the competence of the House... তা হলে ফুল ডিসকাশন কলড্ ফর এখানে অ্যাডভোকেট জেনারেলকে ডাকতে হবে, আইনমন্ত্রীকে মত দিতে হবে। নইলে ওদেরকে ডেকে আলোচনা করে ফুল ডিসকাশন করে তারপরে বিলটা আলোচনা করুন। এটা তো তপন হোড়ের ব্যাপার নয়, এটা সিরিয়াস আইনের ব্যাপার।

( হইচই )

**শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা :** অ্যাক্ট পাস হয়েছে এটা তো তার অ্যামেন্ডমেন্ট। অ্যাক্ট তো অলরেডি পাস হয়েছে এই হাউজে। It is an amendment of the act.

( হইচই )

**শ্রী সৌগত রায় :** অ্যাক্ট হলেও অ্যামেন্ডমেন্টটাই তো লেজিসলেশান। অ্যামেন্ডমেন্ট অরিজিনাল বিলের কোনো তফাত নেই। আজকে অ্যামেন্ডমেন্টটাই হচ্ছে লেজিসলেশান।

( হইচই )

(গোলমাল)

[2.20—2.30 p.m.]

## RULING FROM THE CHAIR

**[On the admissibility of the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002.]**

**মি. ডেপুটি স্পীকার :** মি. রায়, ট্রাইবুনাল ফর আদারস ম্যাটার। সেখানে কি বলছে ? বলছে, 'রেন্ট, ইটস রেগুলেশন অ্যান্ড কন্ট্রোল অ্যান্ড টেন্যান্সি ইস্যুস ইনক্লুডিং দি রাইট, টাইটেল অ্যান্ড ইন্টারেস্ট অফ ল্যান্ডলর্ডস অ্যান্ড টেনেন্টস' মানে, এর মধ্যে এটা পড়তে পারে কোনো অসুবিধার কিছু নেই। ৩২৩ (বি)-তে আছে।

**শ্রী কল্যাণ ব্যানার্জি :** আমি স্যার একটু পড়ে দিচ্ছি, 'অফেন্সেস এগেইনস্ট ল্-স উইথ রেস্পেক্ট টু এনি অফ দি ম্যাটারস স্পেসিফাইড ইন সাব-ক্লজেজ (এ) টু (জি) অ্যান্ড

ফি-স ইন রেস্পেক্ট অফ দোজ ম্যাটারস।' আপনি 'এ' টু 'জি'-র মধ্যে আসতে পারলেন না, প্রেমিসেসে কি করে আসবেন আপনি। 'এইচ' ইজ নট এ ডিফারেন্ট থিং। 'এইচ' ডাজ নট ব্রিং এ নিউ কনসেপ্ট। 'এইচ' ইজ কম্বাইন্ড উইথইন 'এ' টু 'জি'। দেখুন ভালো করে। আমি আপনাকে বলছি মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এটা কেন এই রকম হল ? প্রয়োজন হলে আপনি মাননীয় অ্যাডভোকেট জেনারেলের সঙ্গে কথা বলুন। এটা তো থরোলি আন-কনস্টিটিউশনাল।

**মি. ডেপুটি স্পীকার ঃ** মি. ব্যানার্জি আপনি যেটা বললেন সেটা 'আই'। কিন্তু যেটা ওয়ান(এইচ)-এ আছে সেখানে বলা আছে ট্রাইবুনাল কোথায় কোথায় করা যেতে পারে। যেহেতু এটা অ্যামেন্ডমেন্ট, অ্যামেন্ডমেন্টের ক্ষেত্রে কোনো অসুবিধা নেই, ট্রাইবুনাল করা আছে, সেখানে অ্যামেন্ডমেন্ট করা যেতে পারে।

**শ্রী কল্যাণ ব্যানার্জি ঃ** আপনার যদি অরিজিনাল পাওয়ার না থাকে, আপনার যদি অরিজিনাল পাওয়ার না থাকে তাহলে আপনি ইনডাইরেক্টলি আনতে পারেন না। দেয়ার ইজ নো স্কোপ, দেয়ার ইজ নো স্কোপ টু ডু ইট। আপনি 'এইচ' পড়ুন, 'আই' পড়ুন।

**মি. ডেপুটি স্পীকার ঃ** ট্রাইবুনাল অলরেডি করা আছে। এবং তা করা থাকলে সেখানে অ্যামেন্ডমেন্ট করা যেতে পারে। ওয়ান (এইচ)-এ এ কথাই বলেছে।

( গোলমাল )

আমাদের কনস্টিটিউশনাল রাইটে যেটা আছে, আমরা এখানে অ্যামেন্ডমেন্ট করতে পারি। ফলে আপনার কথা এখানে খাটছে না।

( গোলমাল )

যখন কনস্টিটিউশনে পরিষ্কার লেখা রয়েছে সেখানে অ্যাডভোকেট জেনারেল বা আইনমন্ত্রীর কোনো প্রশ্ন আসে না। এখানে আইনের প্রশ্ন আইনে লেখা আছে। এবং সেই আইন অনুযায়ী আজকে এখানে বিল আনা হয়েছে ফলে এর মধ্যে কোনো বিতর্ক থাকতে পারে না। কাজে কাজেই যেটা মন্ত্রী এনেছেন সেটা ঠিক।

( গোলমাল )

**শ্রী রঞ্জিৎ কুণ্ডু ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় 'ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনান্সি ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' যেটা এনেছেন, এখানে উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি যেটা লক্ষ্য করলাম এবং আমার আগে মাননীয় সদস্য কল্যাণ ব্যানার্জি, তিনি নিজে আইনজীবী, আইনগত প্রশ্ন তুলেছেন। উনি বড় আইনজীবী হতে পারেন কিন্তু মূল যে আইন 'ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস টেনান্সি ১৯৯৭', সেটা মূল। কারণ, সেই সমস্ত স্পেসিফাইড অ্যাক্টে এই টেনেন্সির বিচার হতে পারে। কল্যাণবাবুকে বলছি, আপনি অনেক বড় আইনজ্ঞ হতে পারেন, দয়া করে দেখবেন মূল যে আইন 'ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস টেনান্সি অ্যাক্ট ১৯৯৭' যেটা আছে সেখানে স্পেসিফাইড অ্যাক্টে কি কি বলেছে দেখবেন। তাতে দেখবেন বলেছে,

'ক্যালকাটা ঠিকা টেনান্সি ১৯৮১' সেটা দিয়ে ট্রাইবুনালের আওতায় আসতে পারে। সেটা যদি আসতে পারে তবে ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট কেন ঐ আইনে আসতে পারবে না সেটা আমার বোধগম্য হচ্ছে না।

( গোলমাল )

## POINT OF ORDER

### [On the admissibility of the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে, যেটা মাননীয় সদস্য শ্রী কল্যাণ ব্যানার্জি গোটা বিলটাতে আইনের দিক থেকে যে প্রশ্ন তুলেছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এটা পরিষ্কারভাবে দেখিয়ে দেওয়া হয়েছে যে, সংবিধান পরিপন্থী পদ্ধতিতে একটা বিল (গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আগে এ সম্পর্কে আপনি অ্যাডভোকেট জেনারেলকে ডাকুন, অ্যাডভোকেট জেনারেলের ওপিনিয়ন নিন, এবং তারপর আপনি সিদ্ধান্ত নিন। এটা নিয়ে তো আর্গুমেন্টের কোনো স্কোপ নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী কল্যাণ ব্যানার্জি মহাশয় আজকে মাননীয় মন্ত্রী শ্রীযুক্ত রেজ্জাক যে বিলটি এখানে এনেছেন অ্যামেন্ডমেন্টের জন্য, আজকে তার সাংবিধানিক বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। স্যার, আজকে আমাদের সাবমিশন খুব পরিষ্কার, আমি বলতে চাই যে, এ বিষয়ে যখন জটিলতা দেখা দিয়েছে এবং মাননীয় মন্ত্রী মহাশয় সবগুলোর সদুত্তর দিতে পারেননি, মাননীয় আইনমন্ত্রীকে হস্তক্ষেপ করতে বলা হয়েছিল তিনিও সেখানে হস্তক্ষেপ করতে পারেননি। তাই অ্যাডভোকেট জেনারেলকে ডেকে তাঁর ওপিনিয়ন নিয়ে আপনি আপনার সিদ্ধান্ত নিন এবং সেই সিদ্ধান্ত মোতাবেক আমরা আপনার রুলিং মেনে নিতে বাধ্য থাকব।

**Mr. Speaker** : Yes, Mr. Kalyan Banerjee what is your point of order ?

**শ্রী কল্যাণ ব্যানার্জি :** Sir, West Bengal Land Reforms and Tenancy Tribunal-এর amendment করে নিয়ে আসা হয়েছে। Section 43-র West Bengal Premises Tenancy Act-এর appealটাকে Tenancy Tribunal-এর মধ্যে নিয়ে আসা হচ্ছে। Sir, it is relating to land tenancy. Sir, original Act-টা একটু পড়ুন আপনি Tenancy Tribunal টা হচ্ছে দেখুন An act to provide for the setting up of a Land Reforms and Tenancy Tribunal in pursuance of article 323B of the Constitution of India and for the adjudication and trial by such Tribunal of disputes, claims, objections and applications relating to, or arising out of land reforms or tenancy in land and other matters under a specified Act." Tenancy in land at a specified matter. Sir, এবার 323B-র

power-টা দেখুন 323B-র power অনুযায়ী এই Land Reforms Tribunal Actটা এসেছে। Now I quote 323B(i) "the appropriate Legislatutre may, by law, provide for the adjudication or trial by tribunals of any disputes, complaints, or offecnces with respect to all or any of the matters specified in clause (2) with respect to which such legislature has power to make laws." Then (2) is clear.

(2) The matters referred to in clause (1) are the following, namely :

(a) levy, assessment, collection and enforcement of any tax ;

(b) foreign exchange, import and export across customs frontiers ;

(c) industrial and labour dispute ;

(d) land reforms by way of acquisition by the State of any estate as defined in article 31A or of any rights sherein or the extinguishment or modification of any such rights or by way of ceiling on agriculture or in any other way ;

(e) ceiling on urban property ;

(f) elections to either House of Parliament or the House or either House of the Legislature of a State, but excluding the matters referred to in article 329 and article 329A ;

(g) production, procurement supply and distribution of food-stuffs (including edible oilseeds and oils) and such other goods as the President may, by public notification, declare to be essential goods for the purpose of this article and control of prices of such goods ;

(h) offences against laws with respect to any of the matters specified in sub-clauses (a) to (g)....

[2.30—2.40 p.m.]

**Mr. Speaker :** 'এইচ'টা পড়ুন। ওখানে কি বলছে ? আপনি 'আই'টা পড়ছেন, 'এইচ'টা পড়ুন। আপনার বইটা বোধহয় পুরনো। লেটেস্ট পাবলিকেশনের এইচ বলছে যা শুনুন : ....rent its regulation and control and tenancy issues including the right, title and interest of landlords and tenants ;' Well, now I call upon Shri Asit Mitra.

**শ্রী অসিত মিত্র :** স্যার, মাননীয় সদস্য শ্রী কল্যাণ ব্যানার্জি 'পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও প্রজাস্বত্ব ট্রাইবুনাল (সংশোধন) বিধেয়ক, ২০০২' নিয়ে আলোচনার সাংবিধানিক বৈধতার প্রশ্ন তুলেছেন। এই সংশোধনী পাশ হবার পরে যদি এটা আদালতে বাতিল হয়ে যায় তাহলে এই হাউসের এই কার্যক্রমের কোনো বৈধতা থাকবে না এবং এটা প্রহসনের পর্যায়ে যাবে। তাই আমি মাননীয় সদস্যদের সঙ্গে একমত হয়ে বলতে চাই যাতে এ বিষয়ে কারো কোনো সন্দেহ না থাকে তার জন্য অ্যাডভোকেট জেনারেল অথবা অভিজ্ঞ আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করে বিলটা হাউসে আনার ব্যবস্থা করা হোক। তার আগে এই বিল নিয়ে এখানে আলোচনা করা উচিত হবে না।

## RULING FROM THE CHAIR

### [On the admissibility of West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002]

(Noise)

**Mr. Speaker** : No more, no more, Mr. Saugata Roy, I have heard from your party. Please take your seat now. Mr. Saugata Roy, I have heard your leader.

A question has been raised by Hon'ble Member Shri Kalyan Banerjee that this act cannot be passed because of Act, 323B of the Constitution. Now Art, 323B lays down conditions where, 'The appropriate Legislature may, by law, provide for the adjudication or trial by tribunals of any disputes, complaints, or offences with respect to all or any of the matters specified in clause (2) with respect to which such Legislature has power to make laws. Now the Constitution has laid down in Art. 323B (2) the situation where the tribunal can be set up by any State Legislature. Art. 323B sub Art. (2) (h) reads—'rent, its regulation and control and tenancy issues including the right, title and interest of landlords and tenants.' As such there is no bar to such laws being passed, and already there is a rent controlling system in existence and it exists. It exists, the tribunal exists. It has been in existence for many many years under West Bengal Premises Tenancy Act, 1956. It is functioning. The objection is overruled.

Now, Shri Ranjit Kundu please.

**শ্রী রঞ্জিত কুণ্ডু :** আমি আগেই এই বিলকে সমর্থন জানিয়েছি। এটা খুবই সাধারণ একটা সংশোধনী বিল আনা হয়েছে। এটাকে বিরোধী দলের মাননীয় সদস্যরা একটা জটিল জায়গায় নিয়ে যাবার চেষ্টা করলেন কেন তা আমি বুঝতে পারলাম না। ১৯৯৭ সালের

প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টে বলা ছিল অ্যাপিলের প্রশ্ন যতদিন না কোনো ব্যবস্থা হয় তত দিন পর্যন্ত হাইকোর্টে অ্যাপিল করার অধিকার থাকবে। এখন সেই ব্যবস্থা করা হচ্ছে। এই জায়গায় মাননীয় সদস্য বলছেন,—এটা ল্যান্ড ট্রাইবুনালে যেতে পারে না। তবে কেন যেতে পারে তা আপনি বলেছেন। মাননীয় সদস্য এখানে একটু অতিরিক্ত পাণ্ডিত্য দেখাবার চেষ্টা করছিলেন। এটা একটা খুবই ছোট অ্যামেন্ডমেন্ট। এই অ্যামেন্ডমেন্টটা হচ্ছে, অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি যে রায় দেবেন তার বিরুদ্ধে ট্রাইবুনালে তারা বিচার করবে, অ্যাপিল হলে পর বিচার করবে। ওদের বক্তব্য হচ্ছে, ট্রাইবুনালে গেলে ৪/৫ বছর ভুগতে হবে। কিন্তু ঘটনাটা তা নয়। কলকাতা হাইকোর্ট সহ সমস্ত হাইকোর্টে হাজার হাজার মামলা পড়ে আছে, দীর্ঘদিন কোনো বিচার হয় না। সেখানে জজের অভাব, নানারকম পরিকাঠামোর অভাব ইত্যাদি নানা ধরনের জটিলতা আছে। ভাড়াটিয়া এবং বাড়ীওলা যারা বিরোধে যাবেন, তাদের হাইকোর্টে গিয়ে বিচার পাওয়া কঠিন। সুতরাং সেখানে যদি স্পেশ্যাল ট্রাইবুনাল, ল্যান্ড ট্রাইবুনাল যুক্ত হয় তাহলে আমরা অতি সত্বর ব্যবস্থা গ্রহণ করতে পারি। সেখানে অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি যে রায় দেবে, কন্ট্রোলার যে রায় দেবে সেই রায়ের বিরুদ্ধে অ্যাপিল করলে অতি সত্বর তার মীমাংসা হতে পারে, বিরোধ সেখানেই মিটে যেতে পারে। অনেকে আশঙ্কা করছেন, এরজন্য হাইকোর্টে যেতে হতে পারে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, বিরোধ যখন ট্রাইবুনালে তখন সেখানেই মিটে যাবে। কাজেই জটিলতা বাড়ার মতন কিছু নেই, এটা একটা সাধারণ ব্যাপার। আসলে, বাড়ীওলা এবং ভাড়াটের যে আইন সেটা দীর্ঘদিন ধরে অসুবিধার মধ্যে পড়ে আছে। আমি দেখেছি, সিলেক্ট কমিটিতে যখন আলোচনা করা হয় তখন সমস্ত বিষয়ে বিরোধীদলের সদস্যরা একমত হলেন। বিরোধীদলের নেতাও সিলেক্ট কমিটিতে ছিলেন। তিনিও সেখানে একই রকমের মত দিয়ে দিলেন। সেই ঐক্যমতের ভিত্তিতে রিপোর্ট তৈরি হল। সেই আইন যখন বিধানসভায় এলো তখনও কিন্তু ওনারা সেইভাবে বিরোধিতা করলেন না। কিন্তু চতুর্দিকের চাপ যখন আসতে আরম্ভ করলো তখন ওনারা শস্তায় বাজিমাত করার জন্য এবং মানুষকে বিভ্রান্ত করার জন্য সিলেক্ট কমিটিতে এবং বিধানসভার অভ্যন্তরে যা বলেছেন তার বিপরীত কথা বাইরে গিয়ে বলে একটা জটিলতা সৃষ্টি করছেন আইনকে কার্যকরী করার ক্ষেত্রে। আবার এরাই বলছেন, আইনটি কেন তাড়াতাড়ি কার্যকরী হচ্ছে না ? আমি যতদূর খবর রাখি, মাননীয় মন্ত্রী মহাশয় সংশ্লিষ্ট সকলের সঙ্গে কথাবার্তা বলে প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট, '৯৭ সেটা যাতে সঠিকভাবে উপযুক্ত সংশোধনীসহ কার্যকরী হতে পারে তারজন্য তিনি চেষ্টা করছেন। আমি খবর নিয়ে দেখেছি, উনি সংশ্লিষ্ট সকলের সঙ্গে কথাবার্তা বলেছেন এবং তাদের লিখিত বক্তব্যও নিয়েছেন। সেই অনুযায়ী উপযুক্ত সংশোধনী এনে কার্যকরী পথে যাবেন। কাজেই শঙ্কিত হওয়ার কারণ নেই। এটা একটা সাধারণ সংশোধনী। আপনারা আজকে যেভাবে এটাকে ঠেকাতে চাইছেন, আজকে পশ্চিমবাংলায় বাড়ীওলা এবং ভাড়াটেদের মধ্যে যে ধরনের বিরোধ তাকে মীমাংসার পথে নিয়ে যাবার যে চেষ্টা, সেই চেষ্টার পথকে অযথা জটিলতা সৃষ্টি করছেন, সমস্যার সমাধানের পথে নিয়ে যেতে পারছেন না। তাই বলছি, এই ধরনের বিরোধিতা থেকে বিরত থাকুন। ছোট একটি অ্যামেন্ডমেন্ট, এটাকে পাশ করুন যাতে ট্রাইবুনালের মধ্য দিয়ে মানুষ বিচার পেতে পারে। আমি সমস্ত মাননীয় সদস্যদের এই আবেদন জানিয়ে এবং এই অ্যামেন্ডমেন্টকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র :** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনান্সি ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২ যেটা পেশ করেছেন আমি তার উপর আমার বক্তব্য রাখছি। স্যার, একটা ঘটনা অনেকদিন ধরে হচ্ছে। ওয়েস্ট বেঙ্গল টেনান্সি অ্যাক্ট নিয়ে কথাবার্তা হচ্ছে। আপনি শেষ পর্যন্ত রুলিং দিয়েছেন, তারপর আবার নতুন করে আলোচনা শুরু হয়েছে। এই বিষয়ে পরবর্তী পর্যায়ে যদি কোথাও বিঘ্ন ঘটে তারজন্য বিরোধীপক্ষের সদস্যরা আর দায়ী থাকবে না, দায়ী থাকবেন আমাদের বিধানসভার যারা মন্ত্রীসভার সদস্য অথবা সেই মন্ত্রী যিনি নিজে এই অ্যামেন্ডমেন্টটা এনেছেন।

[2.40—2.50 p.m.]

এই টেনান্সি অ্যাক্টে দুবছর আগেই পাশ হয়ে গিয়েছে। কিন্তু সবচেয়ে দুঃখের কথা, আজও বাড়ীর যারা মালিক এবং যারা ভাড়াটিয়া তারা প্রত্যেকেই আশঙ্কায় ভুগছেন। যারা বাড়ীর মালিক তারা ভাবছেন যে যারা ভাড়াটিয়া তারা কম টাকায় দীর্ঘদিন ধরে বাস করছেন এবং তাদের সন্তান-সন্ততিরাও ধারাবাহিকভাবে কম টাকায় এই বাড়ীগুলিতে বাস করবে। তারা বলছেন, আমরা ঠিকমতন অর্থ পাচ্ছি না ফলে বাড়ীগুলির নতুন করে সংস্কারের কাজও করতে পারছি না। এই একটা সমস্যার কথা তাদের মাথায় আছে—এ সম্পর্কে সরকারের কোনো সুস্পষ্ট বক্তব্য নেই। আবার অপরদিকে একইভাবে ভাড়াটিয়ারা ভাবছেন পশ্চিমবঙ্গ বিধানসভায় যে বিল পাশ হয়েছে সেই আইন কার্যকরী হলে আমাদের হয়তো উচ্ছেদ করে দেবে। স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় একটা এমন বিলের এমন বিষয়ের উপর অ্যামেন্ডমেন্ট এনেছেন যেটার কাজ এখনও শুরুই করা যায়নি। টেনান্সি অ্যাক্টে চালু করা হল এবং তারপর তার অ্যামেন্ডমেন্ট এলো সেটা হলে বুঝতাম কিন্তু টেনান্সি অ্যাক্ট চালুই করা গেল না অথচ তার অ্যামেন্ডমেন্ট আনা হল। স্যার, আপনি জানেন, এই টেনান্সি অ্যাক্টে নিয়ে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষ একমত হয়ে একবার নয় দু-দুবার এটাকে সিলেক্ট কমিটিতে পাঠিয়েছিলেন। সিলেক্ট কমিটিতে আলোচনার পরও কিন্তু এই আইনকে এখনও বাস্তবে রূপায়িত করা যায়নি অথচ মন্ত্রীমহাশয় তারই উপর আজ অ্যামেন্ডমেন্ট আনছেন। এখানে ট্রাইবুনালের কথা বলা হয়েছে। আপনারা বলছেন যে সংকটের সৃষ্টি হলে ট্রাইবুনালের মাধ্যমে তার মীমাংসা হবে। আপনারা এই প্রসঙ্গে ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালের কথা বলেছেন। এই ট্রাইবুনালের যারা জজ হন তাদের হয় একজিকিউটিভ ডিপার্টমেন্ট থেকে অথবা জুডিসিয়াল ডিপার্টমেন্ট থেকে নেওয়া হয়। তাদের যোগ্যতা নিয়ে আমি কোনো প্রশ্ন তুলছি না কিন্তু ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালের ক্ষেত্রে আমরা দেখেছি তাদের যে বিচারের ধারা, যে বক্তব্য, যে বিচার প্রণালী তা কিন্তু যিনি আক্রান্ত, যিনি বিচার চাইছেন অথবা যার বিচার পাওয়ার যোগ্যতা আছে তাদের ক্ষেত্রে সব সময় ঠিকমত প্রযোজ্য হয় না। এই ট্রাইবুনাল এমন একটা জায়গায় থমকে যায় যে তারপর কোর্টে যেতে হয় এবং অনেক ক্ষেত্রে তাদের বিচার বাতিল হয়ে যেতেও দেখেছি। আমি তাই মনে করি দুটি বিষয় বিস্তারিতভাবে আলোচনা করে সিদ্ধান্তে গ্রহণ করা উচিত। এক নং হচ্ছে, এর আইনগত ব্যাপারটি পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয় তার রায় দিয়ে দিয়েছেন যে আলোচনা হবে, আমরা আলোচনায় অংশগ্রহণ করেছি। এটা কিন্তু কোনো জেদাজেদির প্রশ্ন নয়। এর কোনো ধারায় আইনগত যদি কোনো

ত্রুটি থাকে তাহলে সেটা পর্যালোচনা করে দেখলে কোনো ক্ষতি হত না, বরং ভালই হত। কারণ এই অ্যামেন্ডমেন্ট যদি ফিরে আসে তাহলে সেটা গোটা হাউসের পক্ষেই অবমাননাকর হবে। আমার দ্বিতীয় কথা যেটা, একটা সংবাদপত্রেও আজকে সেটা বেরিয়েছে, ধরুন একজন ভাড়াটিয়া ছিলেন, সেই ভাড়াটিয়া যদি মারা যান তাহলে উত্তরাধিকার সূত্রে তার সন্তান-সন্ততিরা সেই বাড়ীতে ভাড়াটিয়া হিসাবে থাকতে পারবেন তবে এনহ্যান্স রেটে তাকে বাড়ীভাড়া দিতে হবে। এখন প্রশ্ন হচ্ছে, এই উত্তরাধিকার সূত্র বলতে কি বোঝাচ্ছে ? তার সন্তান-সন্ততি, তার স্ত্রী, না অন্য কেউ সেখানে ভাড়াটিয়া হিসাবে থাকতে পারবেন ? হয়তো একজন ৪ খানা ঘরের বাড়ী ভাড়া নিয়েছিলেন, তার ৪ সন্তানের মধ্যে তিনজন চলে গিয়েছেন, একজন সন্তান সেখানে থাকছেন। সে চারটি ঘর ভোগ করবে, অথচ বাড়ির মালিক যিনি তিনি একটি ছোট ঘরে থাকবেন এটা হয় না। তার জন্য সম্পূর্ণ ব্যাপারটা বিচার করে ট্রাইবুনালে ল্যান্ড রিফর্মস যে যোগ হয়েছে সেটা সঠিকভাবে হলে ভাল হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখবো যখন জবাবী ভাষণ দেবেন তখন অনুগ্রহ করে বলবেন আইনটা কবে থেকে কার্যকর হবে। কারণ এটা দীর্ঘদিন ধরে চলে আসছে। আজকে দীর্ঘ দুই বছর পরে মাননীয় মন্ত্রী রেজ্জাক সাহেব যদি আশার আলো দেখাতে পারেন যে ঐ দিন থেকে টেনান্সি অ্যাক্ট উইথ অ্যামেন্ডমেন্ট চালু হবে। অবশ্য চালু হবার কথা বললেও তার বাস্তব রূপ কতটা দেখতে পাবো সে বিষয়ে সন্দেহ রয়েছে। আমার বক্তব্য দীর্ঘায়িত না করে এই আবেদন করতে চাই, এই যে টেনান্সি অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট বিলে যেসব বন্দোবস্ত নেওয়া হয়েছে সেটা আইনানুগ হওয়া উচিত এবং সময়োচিত হওয়া উচিত, এই বলে এই বিলের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যান্ড টেনান্সি ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০২' যা এনেছেন, আমি তাকে সমর্থন করছি। কারণ আমরা জানি, আমাদের সবচেয়ে যেটা বেশি ভোগায় সেটা হচ্ছে ভূমির সমস্যা। আমাদের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ভূমির সমস্যা। এই ভূমির সমস্যা সমাধানে, অভিজ্ঞতা থেকে বলছি, আইন-কানুন যা প্রণয়ন করা হয়েছে সেসব কার্যকর করবার জন্য গত কয়েক বছর ধরে আলাপ-আলোচনা চলছে। ইতোমধ্যে সিলেক্ট কমিটিতে বিলটা নিয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনাও হয়েছে এবং তারপরই মাননীয় মন্ত্রী মহাশয় এই অ্যামেন্ডমেন্ট বিলটা আনবার চেষ্টা করেছেন। এই অ্যামেন্ডমেন্ট বিল আনবার ভেতর দিয়ে তিনি যা করতে চাইছেন সেটা হচ্ছে, ভাড়াটিয়া এবং বাড়ির মালিক, উভয়ের স্বার্থ অক্ষুণ্ণ থাকুক। যারা বাড়ি ভাড়া দেন তাদের মধ্যে অনেকে আছেন যারা অর্থের বিনিময়ে যেভাবে ভাড়াটিয়াকে থাকতে দিতে হয় সেভাবে থাকতে দেন না। আবার অনেক ভাড়াটিয়া আছেন যারা যারা ভাড়াটিয়া হিসাবে নিজেদের অবস্থার কথা ভুলে গিয়ে এমন সব কর্মকাণ্ড করেন যেটা বাড়ির মালিকের পক্ষে যন্ত্রণার কারণ হয়ে ওঠে। আমি নিজে ট্রেড ইউনিয়ন আন্দোলনের সঙ্গে যুক্ত। আমরা দেখেছি, বিভিন্ন কেস ট্রাইবুনালে পাঠাবার পর বছরের পর বছর তাঁরা সেসব কেসের কোনো ফয়সালা করতে পারেন না। অনেক সময় দশ-বারো বছরেও কেসের ফয়সালা হয় না, কর্মীর মৃত্যু হয়ে যায়। যে বিল এনেছেন তাকে সমর্থন করছি, কিন্তু ট্রাইবুনাল সময়ের মধ্যে যেন এই সমস্যার সমাধান করতে উদ্যোগী হয় সেটা

দেখবার জন্য বলছি। ট্রাইবুনালে যারা থাকবেন তাদের সেভাবে সার্ভ করতে হবে। কারণ প্রতিটি সমস্যার যাতে দ্রুত নিষ্পত্তি হয় সেটা দেখা দরকার। তবে সঠিকভাবেই স্পীকার মহাশয় বলেছেন যে, এখানে সংবিধানবিরোধীভাবে কিছু করবার কোনো সুযোগ নেই।

[2.50—3.00 p.m.]

যদি জায়গা থাকতো, নিশ্চয়ই আইন সভার সিলেক্ট কমিটিতে আসতো না। মূল কথা হলো একটা, ভাড়াটিয়া এবং বাড়ির মালিক দুপক্ষের যে নায্য অধিকার তার থেকে তারা যেন বঞ্চিত না হয়। ল্যান্ড রিফর্মের ক্ষেত্রে আমরা দেখেছি দীর্ঘায়িত হচ্ছে। ভূমি সংস্কার সমস্যার সমাধান হয়নি। আমাদের রাজ্যে আমরা এতো কিছু করেছি। সমস্ত ভূমি সমস্যার সমাধান করতে পেরেছি, সকলকে রাইট দিতে পেরেছি ? সেই আলোয় আলোকিত হয়ে মন্ত্রী মহাশয় এই ট্রাইবুনাল অ্যাক্টের অ্যামেন্ডমেন্টের প্রস্তাব দিয়েছেন। আমি মনে করি এটা মেনে নেওয়া উচিত। এটা দেখা দরকার। দেখা দরকার এই জন্য যে আমরা জানি না কি হবে। এটা কতটা সফল হবে সেটা নির্ভর করছে প্রশাসন কতটা সচল হবে, মন্ত্রী মহাশয় কতটা সচল হবেন। আর মন্ত্রী মহাশয় সচল হলেই হবে না, দেখতে হবে ডিপার্টমেন্ট কতটা সচল হয়, তার অফিসিয়ালরা কতটা সচল হয়, ডিপার্টমেন্টের যে সমস্ত হ্যান্ডস আছে তারা কতটা সচল হয়। ট্রাইবুনাল চালু করার পর এই সমস্ত বিভ্রান্তি দুর হবে। ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল আলোচনা হচ্ছে, রাজ্যের অধিকাংশ বাড়ির মালিক এবং ভাড়াটিয়ারা ভীষণভাবে আগ্রহের সাথে লক্ষ্য করছে যে কিভাবে এটা পাশ হয় আর কি কথা আপনি বলেন, মন্ত্রী মহাশয় কি বলবেন। এটা রাজ্যের একটা বিরাট সমস্যা। বাস্তব অবস্থা হচ্ছে অনেক ভাড়াটিয়া বাস করছে অন্যের উপর নির্ভর করে। আবার এমন অনেক মালিক আছে যারা ভাড়ার টাকায় সংসার চালায়। এইরকম আর্থিক অবস্থার মধ্যে এই রকম একটা সামাজিক অবস্থার মধ্যে সামাজিক সুরক্ষার স্বার্থে এই ধরনের একটা ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) বিল জরুরি ছিল। আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় এই সময়ের মধ্যে ট্রাইবুনালের সমস্ত কেসগুলি নিষ্পত্তি করতে পারবেন সেই রকম একটা অ্যাসিয়োরেন্স প্রদান করবেন এবং বাড়ির মালিক এবং ভাড়াটিয়াদের স্বার্থ সুরক্ষা হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অরুণাভ ঘোষ ঃ** মাননীয় স্পীকার স্যার, প্রথমেই আপনাকে বলি যে আপনি একজন ভাল উকিল ছিলেন, ওকালতিতে আমাদের হারিয়ে দিলেন। এটা আমাদের কোনো অভিযোগ নয়। কিন্তু একটা জিনিস হলো—আমার একটা ক্ষোভ আছে। ক্ষোভটা হলো, এই যে লালু-ভুলু মন্ত্রীরা আছেন তাঁদের বাঁচানোর জন্য আপনি গোলকিপারে দাঁড়িয়ে যাবেন আর সেভ করে যাবেন ? আপনি এসে গেলেন তাই, ওনারা কোনো উত্তর দিতে পারছিলেন না। ডিফেক্টটা আমরা জানতাম। কিন্তু আপনিও একটু আমাদের দিকে বলুন। রায় দিন তা বলছি না। মন্ত্রীরা তো উত্তর দিতে দিশেহারা আপনি না আসা পর্যন্ত, ছুটোছুটি আরম্ভ করে দিয়েছিলেন। প্রথমে বলি, যে উদ্দেশ্যে এই ট্রাইবুনাল করা হয়েছে সেই ব্যাপারে নিশিথবাবু তো ট্রাইবুনালে যান না, মোল্লা সাহেব তো ট্রাইবুনালে যান না। আমি যে কথা বলছিলাম, ট্রাইবুনালের জায়গা হচ্ছে ৩ হাজার স্কোয়ার ফিট। ল্যান্ড ট্রাইবুনালে ৫০ হাজার মামলা পড়ে আছে। হাইকোর্টে ৩ মাস পর পর একটা মামলার হেয়ারিং হয় শুধু ল্যান্ডের মামলার।

রঞ্জিতবাবুকে আমি দাদা বলি, হাইকোর্টে তো প্রচুর মামলা পেনডিং। হাইকোর্টে তো ফর্ম ফ্রাইং প্যান টু ফায়ারের মতো অবস্থা, শুনানি হচ্ছে না। এই ৩ হাজার স্কোয়ার ফিটের মধ্যে ২টি কোর্ট, তার বার কাউন্সিল, ৪ জন জাজের ৪টি চেম্বার, রেজিস্টার রুম। হাঁটা যায় না। তারপর যদি প্রিমিসেস টেনান্সি অ্যাক্টের মামলাগুলো যায় তাহলে কি অবস্থা হবে বুঝতেই পারছেন। অ্যাভারেজ হেয়ারিং হয় ৩০টি ম্যাটার পার ডে শুধু ল্যান্ডে। তারপর এই বাড়ীওয়ালা ভাড়াটিয়া আইন গেলে কি হবে জানি না।

যেটা বলছিলাম, তিনমাস অন্তর ডেট পড়ছে, ম্যাটার্স পেন্ডিং ৫০ হাজার। এবারে নিশিথবাবুরা যে কথা বলছেন যে, সার্কিট বেঞ্চ করা দরকার ওখানে। কারণ উত্তরবঙ্গ থেকে লোকেরা আসতে পারে না। এটা যদি পলিসি ডিসিশান হয় সল্টলেকে ট্রাইবুনাল তৈরি করা, এটা কিন্তু আপনাদের পলিসির পরিপন্থী হয়ে যাচ্ছে। যেখানে উত্তরবঙ্গ থেকে লোকেরা আসতে পারছে না বলে এটা করছেন, তাহলে সেখানে সার্কিট বেঞ্চ করে কি হবে ? শুধু সিটি সিভিল কোর্টে ১১টি বেঞ্চ আছে। স্মল কজেস কোর্টে ৭টি বেঞ্চ আছে। ২০টি বেঞ্চ প্রেমিসেস টেনান্সি অ্যাক্টের ওপরে কাজ করছে। আলিপুর কোর্টে, প্রত্যেকটি ডিস্ট্রিক্ট কোর্টে, সাব-ডিভিসনাল কোর্টে ভাড়াটিয়া-বাড়ীওয়ালা নিয়ে মামলা হয়। এই লোকগুলো কি করে উত্তরবঙ্গ থেকে সল্টলেকে আসবে ? এ সম্বন্ধে আপনারা নীরব। আগে যেটা হোত, একজন গরীব বাড়ীওয়ালা বা ভাড়াটিয়া, তার সঙ্গে ল্যান্ড লর্ডের ডিসপিউট হলে সে চলে যেত সামনের কোর্টে। এখন সেই লোককে আল্টিমেটলি আসতে হবে সল্টলেকে। অর্থাৎ যে কারণে আপনারা সার্কিট বেঞ্চ করছেন, সেই কারণের পরিপন্থী একটা জিনিস আপনারা করলেন। যে কথা বলছিলাম, কল্যাণবাবু যে পয়েন্টটা তুলেছেন, যে পয়েন্টটা আপনারা নোট করলেন না, সারা ভারতবর্ষে সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল তুলে দেবার চেষ্টা হচ্ছে। মিনিস্ট্রি বলছে, ট্রাইবুনালগুলোকে তুলে দেওয়া হবে। নিশিথবাবুর সঙ্গে আমার একাধিকবার কথা হয়েছে—কবে বাড়ি হবে, ব্যাংকশাল কোর্ট থেকে আমরা চলে আসব। টোটালটা আমরা এখনও আসতে পারিনি। আজকাল ট্রাইবুনালে ভাল উকিল পাওয়া যাচ্ছে না। কারণ হাইকোর্ট থেকে উকিল গেলে তিনগুণ চারণগুণ ফি নেয়। আর ট্রাইবুনালে যে স্ট্রাকচার করা হয়েছে, একদম ভাল ল'ইয়ার পাওয়া যাচ্ছে না। সেখানে যে ক'টা রায় হয়েছে—প্রচুর ভুল রায় হয়েছে। ট্রাইবুনালগুলো হচ্ছে একটা মিউজিক্যাল চেয়ারের মতো। এর মধ্যে চারজন জাজ আছেন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার, দু'জন জুডিশিয়ালে মেম্বার। তাঁরা ৪৫ মিনিট করে চারটি বেঞ্চে বসেন। একবার বসেন এ বি, একবার বসেন এ সি, একবার ডি সি বসেন, একবার ডি ডি বসেন। প্রত্যেকটি সিটিংয়ের সময় ৪৫ মিনিট করে নষ্ট হচ্ছে। কল্যাণবাবু যেটি বলার চেষ্টা করেছেন, আপনারা যেটি লক্ষ্য করেননি, এই অ্যাডমিনিস্ট্রেটিভের মেম্বার যাঁদের দিচ্ছেন, এঁরা কিছু বোঝেন না। হাইকোর্টে গিয়ে গভর্নমেন্টকে বেইজ্জত হতে হয়। আমাদের যেটি দাবী, যদি ট্রাইবুনাল করেন তাহলে নতুন একটা ট্রাইবুনাল করুন, অথবা এই ট্রাইবুনালের জায়গাটা পাল্টান এবং বিচারপতির সংখ্যা বাড়ান। যাদের বিচারপতি হিসাবে বসাবেন, দেখবেন তাঁরা আইনের ব্যাপারটা বোঝেন কিনা। শিক্ষাক্ষেত্রসহ সব জায়গায় এই রকম হয়ে গেছে। ভাল শিক্ষককে, না সি পি এম-এর শিক্ষক। কিসের শিক্ষক—কেমিস্ট্রি, ফিজিকস্ এবং ম্যাথমেটিকস্'এর, সমস্ত বিষয়ে পারদর্শী। আপনারা যাদের পাঠাচ্ছেন, তাঁরা সব দেখেশুনে

যাচ্ছেন—আমি গভর্নমেন্টের হয়ে রায় দেব। আর জুডিশিয়াল মেম্বার যখন একা হয়ে যান তখন তিনি এমন রায় দিচ্ছেন—একবার অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার এমন রায় দিয়েছিলেন যা কনটেম্পট হয়ে গিয়েছিল। তারপরে সুপ্রীম কোর্টে গিয়ে আপনারা চেষ্টা করেছেন। তিন হাজার স্কোয়ার ফিটের এলাকায় একটা ট্রাইবুনাল চলতে পারে না। ৫০ হাজার মামলা যা নথিভুক্ত আছে তা ঐ তিন হাজার স্কোয়ার ফিট জায়গায় রাখা যায় না। এটাকে অন্ততপক্ষে সাড়ে তিন হাজার স্কোয়ার ফিট করুন। আমি কালকে ল'ইয়ারের কাছে গিয়ে এটা জেনে এসেছি, হাইকোর্টে সময়মতো মামলা হয় না বলে ট্রাইবুনালে গিয়েছে। স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল থেকে আরম্ভ করে ল্যান্ড ট্রাইবুনালে কোনো মামলা এক বছর থেকে দেড় বছরের আগে নিষ্পত্তি হচ্ছে না। প্রথম হেয়ারিং হচ্ছে দু'বছর পরে।

[3.00—3.10 p.m.]

এটা নিয়ে আর বেশি কিছু বলার নেই, আপনি এই বিষয়ে অনেক সময় দিয়েছেন। প্রেমিসেস টেনান্সি মামলা সল্টলেকে নিষ্পত্তির ক্ষেত্রে ওখানে একটা ট্রাইবুনালে দেড় লক্ষ মামলা জমে যাবে, সেখানে মাত্র দুটি বেঞ্চ দিয়ে কি করবেন। যেখানে হাইকোর্টে ১ লক্ষ মামলার জন্য ৪৮ জন বিচারপতি এবং দুজন টেম্পোরারি বিচারপতি রয়েছেন, সেখানে আপনার দুটো মাত্র বেঞ্চ দিয়ে মামলা নিষ্পত্তি ত্বরান্বিত করবেন কি করে জানি না। মাননীয় স্পীকার স্যার, আপনি একটু পার্টিজান কম হোন, আপনি একটু লালু-ভুলুদের কম দেখুন, আমাদের পয়েন্টগুলোকেও উৎসাহিত করুন এইকথা বলে শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে বিল আলোচনা করছি তা অত্যন্ত স্পর্শকাতর এবং বিতর্কিত। ভাড়াটিয়া-বাড়ীওয়ালা নিয়ে সমস্যা চিরন্তন বিতর্ক সৃষ্টি করে আসছে। আদি এবং অনন্তকাল ধরে এই সমস্যা চলে আসছে। তার আমরা সম্পূর্ণ সমাধান চাই বলে রাজ্য সরকার এই বিল এনেছেন। ইতিপূর্বে দু বছর আগে টেনান্সি বিল পাশ হয়েছে। দু বছর অতিক্রান্ত হয়েছে, জনমতও গঠন হয়েছে। আরো একটু এর রূপায়ণ করার দরকার। যেহেতু পুরনো আইনে সমস্যা হচ্ছিল, বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছিল তার প্রতিবিধানের জন্যই এই ট্রাইবুনালের কথা বলা হয়েছে। সেখানে ট্রাইবুনালের মাধ্যমে আমরা সমস্যা সমাধানে নিয়ে যাবার চেষ্টা করব। বর্তমানে যে বিচার ব্যবস্থা তার উপরে কি খুব ভরসা করা যায় কারণ হাইকোর্টে হাজার হাজার মামলা জমে রয়েছে। ট্রাইবুনাল কেসগুলোর যে কি দশা তা অতীতেও আমরা দেখেছি। এই মন্ত্রী যদি নতুন উদ্যম নিয়ে এই সমস্যার সমাধান করতে পারেন তাহলে নিশ্চয় ভাল হবে। ভাড়াটিয়ার পক্ষেও যুক্তি আছে, বাড়ীওয়ালার পক্ষেও যুক্তি আছে। বংশানুক্রমিক ধরে ভাড়াটিয়া থেকে ভাড়া বৃদ্ধি করা যাবে না এবং দরকার হলে রেন্ট কন্ট্রোলে ভাড়া জমা দিচ্ছে এবং সেখান থেকে কেসও করা যাবে। আবার বাড়ীওয়ালাদের পক্ষেও যুক্তি হচ্ছে আমাদের পয়সা নেই, ভাড়া বাড়াতে হবে। সুতরাং এই যে জটিলতা, এই জটিলতার হাত থেকে রক্ষা পাওয়ার জন্যে একটু নতুন পথে সংশোধনী আনার চেষ্টা করা হয়েছে। সেইদিক থেকে যদি এটা সত্যিকারের ট্রাইবুনালে পরিণত হয় এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে যথা ৬ মাস পর্যন্ত, ১ বছর পর্যন্ত সময় বেঁধে দেয় তবেই এই বিলের সার্থকতা দেখা দেবে। সেইদিক থেকে ভাড়াটিয়া, বাড়ীওয়ালা উভয়ের স্বার্থই যদি

রক্ষিত হয় তবেই হবে, নতুবা জটিলতা বাড়তেই থাকবে। আমি আইনজ্ঞ নই, আইনের কোর্ট-কাছারির মধ্যে প্রবেশ করতে চাই না। তবে এটা সংবিধান সম্মত কিনা সেটা মন্ত্রী মহাশয় বলবেন। আমার যা এই সম্বন্ধে ধারণা হয়েছে সেটা আমি সভায় উত্থাপিত করেছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, ওয়েস্ট বেঙ্গল টেনান্সি ট্রাইবুনাল অ্যাক্ট এটা নিয়ে যে আলোচনা আগেও শুনেছি কিন্তু আপনি যে রায় দিলেন সেখানে সংবিধানের ৩২৩ ধারা অনুযায়ী সঠিকভাবেই দিয়েছেন।

স্যার, আপনি যে পয়েন্টটা ওভারল্যাপিং করেছেন, সেটা বেসিক্যালি কল্যাণ ব্যানার্জি লেজিসলেটিভ কমপিটেন্স নিয়ে প্রশ্ন তুলেছিল। সেটা হচ্ছে অরিজিনাল অ্যাক্ট, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস টেনান্সি ট্রাইবুনাল অ্যাক্ট ; যে ট্রাইবুনালটা কি নিয়ে হবে, তাতে বলেছে application relating to or arising out of যেটা কল্যাণ ব্যানার্জি বলেছিলেন যে Land reforms or tenancy in land and other matters under a specified Act and for matters connected therwith or incidental thereto. Land Reforms or tenancy in land not tenancy in property, not tenancy in premises, not tenancy in houses, tenancy in land. সেই সংক্রান্ত ব্যাপারে ট্রাইবুনালে যেতে পারে। সুতরাং যখন উনি আলাদা একটা ট্রাইবুনাল করছেন প্রেমিসেস টেনান্সি ট্রাইবুনাল হলে তাতে কোনো অসুবিধা ছিল না। কিন্তু ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালের মধ্যে এই টেনান্সি, প্রেমিসেস টেনান্সি অ্যাক্টে আনায়, আমার মনে হচ্ছে অ্যাকর্ডিং টু দি অরিজিনাল অ্যাক্ট আলট্রা ভাইরেস হচ্ছে। আমরা তো লেজিলেটিভ কম্পিটেন্স নিয়ে প্রশ্ন তুলেছি, মন্ত্রী যখন জবাব দেবেন তখন এই পয়েন্টে ক্লারিফাই করবেন। আপনি কি করে অরিজিনাল অ্যাক্টে টেনান্সি ইন ল্যান্ড অ্যান্ড আদার ম্যাটারস সেখানে টেনান্সি ইন প্রেমিসেস নিয়ে এলেন ? স্যার, মাননীয় মন্ত্রী আগে উনি ফুড প্রসেসিং দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি হয়তো পুরোটার ইতিহাস. জানেন না। আমি এই প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট-এর সঙ্গে প্রথম থেকে যুক্ত ছিলাম। আপনি জানেন স্যার, আমাদের এখানে প্রেমিসেস টেনান্সি অ্যাক্ট প্রথম এনেছিলেন সূর্যকান্ত মিশ্র মাননীয় মন্ত্রী, তারপরে সেটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সিলেক্ট কমিটি রিপোর্ট দিয়েছিল, রিপোর্ট আসার পরে যেদিন বিলটা পেশ হবে সেদিন আমরা দেখলাম ভাড়াটিয়াদের উত্তরাধিকার সূত্রে থাকার কোনো অধিকার থাকছে না। আমরা শেষ মুহূর্তে সূর্য্যকান্ত বাবুকে বলেছিলাম, আপনি আজকে সভায় বিলটা পেশ করবেন, আপনি বিলটা পুনর্বিবেচনা করুন। এই ধরনের ব্যাপার নর্মালি কখনো হয় না। আমাদের অনুরোধে সেই সময় সেকেন্ড টাইম প্রেমিসেস টেনান্সি বিল সিলেক্ট কমিটিতে গিয়েছিল। বাড়ীওয়ালা অর্গানাইজেশান-এর অনেকে আমাকে ফোনে গালাগালি দিয়েছে, আমাদের বিলটা পাস হয়ে যাচ্ছিল, আপনারা এটা ডিলে করে দিলেন। সূর্যকান্ত মিশ্র ব্যস্ত ছিলেন, বিলটা পাস করে দেবার জন্য, তারপরে সেকেন্ড টাইম যখন সিলেক্ট কমিটিতে গেল, আমি তখন ছিলাম, আমরা বলেছিলাম ৫ বছর পর্যন্ত ভাড়াটিয়ার ক্ষেত্রে সে মারা যাবার পর তার উইডো থাকতে পারবেন। তারপরে যখন ভাড়া দেওয়া হবে তার ছেলেপুলেদের প্রথমে সুযোগ

দেওয়া হবে বাড়ী পাওয়ার জন্য। তারপর সেই অ্যামেন্ডমেন্ট বিলটা পাস হয়ে গেল, রুলসটা হল '৯৭তে, তারপরে সেটা রাষ্ট্রপতির কাছে গেল, ১ বছর পড়ে রইল, তারপর সম্মতি এল, ১১.১২.৯৮তে ; মাইন্ড ইউ এটা ২০০২, তারপরে রুলসটা তৈরি করার কথা, কিন্তু রুলস্টা তৈরি করা নিয়ে এই বামফ্রন্ট সরকার দীর্ঘদিন টালবাহানা করলেন এই প্রেমিসেস টেনেন্সি রুলস নিয়ে। কিন্তু যখন রুলসটা তৈরি হল, রুলসটা নামেই তৈরি হল, ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি রুলস। কিন্তু এর মধ্যে নির্বাচন এসে গেল, তাই নির্বাচনের আগে আইনটাকে কোন রকম কার্যকরী করা হল না। বামফ্রন্ট সরকার কোনো ঝুঁকি নিল না, না বাড়ীওয়ালা, না ভাড়াটিয়া কাউকে চটালেন না। রুলস লে করলেন কবে, রুলস ওয়ার লেড ইন ডিসেম্বর, ২০০১ ; আজকে পর্যন্ত আইনটা ফুললি চালু হয়নি। এর মধ্যে নূতন কতকগুলি প্রশ্ন উঠেছে, যারা ব্যবসায়ী ভাড়াটে, যারা পুরুষানুক্রমে ব্যবসা করছেন, তারা বারে বারে বলছেন ব্যবসায়ী ভাড়াটের ক্ষেত্রে এইটা হেরিডিটারি টেনান্সি হওয়া উচিত। সরকার এই নিয়ে কোনো সিদ্ধান্ত দিতে পারেননি। এই অবজেকশান উঠেছে, হাইকোর্টে অ্যাপিল করার সুযোগ থাকবে কিনা ? এখন যে আইন হয়েছে, প্রথমে রেন্ট কন্ট্রোলার, তারপরে এই নূতন আইন পাস হয়ে গেলে টেনেন্সি ট্রাইবুনাল, তারপরে হাইকোর্ট। এখন কোথায় এটা অ্যাপিল করা যাবে এই নিয়ে প্রশ্ন উঠেছে। গতকাল আমি টিভিতে দেখছিলাম ভাড়াটিয়াদের একটা সংগঠন তারা বলছেন, আমরণ আন্দোলন করবেন।

[3.10—3.20 p.m.]

আমরা চাই একটা ব্যালান্স বিল হোক। সেখানে লোকের বাড়ি করার ইনসেন্টিভটা যাতে চলে না যায় সেটাও দেখতে হবে। তেমনি বেআইনিভাবে ভাড়াটিয়া উচ্ছেদ যাতে না হয়, অন্যায়ভাবে তাদের উপরে অত্যাচার যাতে না হয় সেটাও দেখা উচিত। ভাড়াটিয়া ব্যবসায়ের উপরে যাদের অর্থনীতি নির্ভরশীল তাদের দিকটাও দেখতে হবে। কারণ এই নিয়ে দুবার ব্যবসা বন্ধ হয়েছে। এই ব্যাপারে আমি দেখবার কথা বলছি, সরকারকে তো এই ব্যাপারে এগোতে হবে। গতবার মাননীয় মন্ত্রীমহাশয় বাজেট বক্তৃতার সময় বলেছিলেন এই বছরেই উনি আইনটা চালু করবেন। কিন্তু আজও পর্যন্ত পূর্ণাঙ্গভাবে কিছু হল না এবং অ্যামেন্ডমেন্ড কি করবেন জানি না। প্রেমিসেস টেনেন্সি আইনে ট্রাইবুনালের একটা প্রভিশান আপনি নিয়ে এসেছেন। আমরা জানি প্রেমিসেস টেনেন্সিন আগের অ্যাক্টে সময় একটা মূল ব্যাপার ছিল সিভিল কোর্টে এক একটা কেস অ্যাভারেজে এগারো, বারো বছর লেগে যেত, তারপরে ডিস্ট্রিক্ট লেভেল কোর্ট থেকে হাইকোর্ট বা সুপ্রিম কোর্টে গেলে কুড়ি বছর সময় লেগে যেত। এই প্রসেসের ফলে যেটা হত, 'জাস্টিস ডিলেইড ইজ জাস্টিস ডিনাইড'। ইন্দিরা গান্ধি যখন প্রথম ট্রাইবুনাল করেছিলেন তখন মার্কসবাদীরা তার অপোজ করেছিলেন। হ্যাঁ, কিছু কিছু ব্যাপারে ট্রাইবুনাল দরকার, ক্যুইক ডিসপেনশান অফ জাস্টিসের জন্য। রাজ্য সরকার তো সবেতেই দেরি করে, এখন তারাই আবার ট্রাইবুনাল করছেন, যেমন—স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল, ল্যান্ড ট্রাইবুনাল এই রকম অনেক ট্রাইবুনাল তৈরি হচ্ছে। এখন আবার বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের ব্যাপারটাও ট্রাইবুনালে নিয়ে আসছেন। এটা ঠিকই, অর্ডিনারি কোর্টের চেয়ে এখানে সময় লাগে, কাম্বারসামও কম হয়। ক্যুইক ডিসপেনশান অফ জাস্টিসের জন্য ট্রাইবুনাল দরকার। দীর্ঘদিন

ধরে যাতে বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের ব্যাপারটা পড়ে না থাকে তার জন্যই এই প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট আপনি নিয়ে এসেছেন। আপনি বলেছেন কলকাতার বাইরে দুহাজার টাকা এবং কলকাতা শহরে তিন হাজার টাকার উপরে যাদের ভাড়া থাকবে তারা আউট সাইড দি পারভিউ অফ দি অ্যাক্ট। এখন কলকাতা শহরে সাতশ, আটশ স্কোয়ার ফিটের সাধারণ বাড়ির ভাড়া তিন হাজার টাকার উপরে। তাহলে বেশির ভাগ কেসই প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টের বাইরে চলে যাবে। ভাড়াটিয়াদের সংগঠন বলেছেন এটাকে পনেরো হাজার টাকা পর্যন্ত করতে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কি চিন্তা-ভাবনা করছেন সেটা ক্লিয়ার করে বলতে হবে। এই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি কি সেটা স্পষ্ট করে বলতে হবে। আপনি জানেন যে বর্তমানে বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের ব্যাপারটা একটা ভেকসড্ ইস্যু, এই নিয়ে বহু বিতর্কিত প্রশ্ন আছে। ভাড়াটিয়ারা উত্তরাধিকার সূত্রে যেটা পাবে সেটা তাদের হেরিটিডারি হেরিটেজ বলে গণ্য হবে কিনা সেটা বলবেন। আর ভাড়ার রেঞ্জ কি হবে, তারা সবাই প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট অনুযায়ী চলবে, কিনা সেটা বলবেন ? তখন বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের মধ্যে কন্ট্রাক্ট হবে এবং ট্রান্সফার অফ প্রপার্টি হয়ে যাবে। এই ব্যাপারটা মাননীয় মন্ত্রীমহাশয়কে দেখতে বলছি, এটা ক্লিয়ার করা দরকার। মাঝে আইনমন্ত্রী বললেন স্মল কজ কোর্টে এইগুলো যাবে, সেখানে এর বিচার হবে। কিন্তু আইন চালুই হল না। এখন বাড়িওয়ালা-ভাড়াটিয়াদের নিয়ে যে আইন করতে চলেছেন তাতে তারা অনেকটা উপকৃত হবে। আগে তো গুণ্ডা, পুলিশ, বাড়ির দালাল, প্রোমোটার মিলে ব্যাপারটা সেটেল করত। সি পি এম পার্টির লোকাল কমিটি বা ব্রাঞ্চ কমিটির কাজ হচ্ছে বাড়িওয়ালা-ভাড়াটিয়ার ঝামেলা মেটানো এবং প্রেমোটারদের সুযোগ করে দেওয়া। আপনি তো জানেন এখন সি পি এম পার্টিতে আর কার্ল মার্কস, লেলিন পড়ানো হয় না, দুলালের মতো ব্যাপার সর্বত্রই চলছে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি আপনি ব্যাপারটা একটু একসপ্লেইন করুন, চার বছর আগে অ্যাসেস্ট পেয়ে যাওয়ার পরেও রুলস্ লে করতে এত দেরি হল কেন এবং আইন ইমপ্লিমেন্ট করতেই বা এত দেরি করলেন কেন। আইনটা কবে চালু হবে সেটা বলবেন। এই ব্যাপারটা নিয়ে বিতর্ক চলছে, ধর্মঘট হচ্ছে, আমরণ অনশনের হুমকি দেওয়া হচ্ছে, তাই একটা ফেয়ার অ্যাক্ট চালু করা যায় কিনা সেটার চেষ্টা আপনি করবেন।

এটা যদি মাননীয় মন্ত্রী জানান এবং সত্যি আপনার লেজিসলেটিভ্ কম্পিটেন্স আছে কিনা অরিজিন্যাল আইন অনুসারে এই প্রেমিসেস টেন্যান্সিকে ল্যান্ড ট্রিবুনালে ঢোকাবার, সেটা যদি ব্যাখ্যা করেন তো আমরা উপকৃত হব।

**শ্রী আবদুল রজ্জাক মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ খুব যুক্তিপূর্ণ আলোচনা করেছেন। আমি প্রথমেই বলতে চাই যে, একজন সাধারণ মানুষ হিসাবে যতটুকু আইন জানা সম্ভব তার বেশী আমি জানি না। আর, পেশায় আমি চাষা, কিন্তু আমি লালু-ভুলু নই। আর এটুকু জোরের সঙ্গে বলতে পারি যে, আর কিছু বুঝি না বুঝি এটুকু বুঝি যে উকিলবাবুদের একটু অসুবিধা হবে, বিশেষ করে অরুণাভবাবুদের মতো উকিলবাবুদের, তাদের বাড়া ভাতে ছাই পড়বে। এটা আমি মোক্ষম বুঝেছি এবং সেই জন্য সেখানে ঘা দিয়েছি। আর সৌগতবাবু যেটা বললেন, সেখানে রেমেডি করতে চাইছি। একটা কেস নিয়ে ১২ বছর ধরে ঝুলিয়ে রাখা, টেনে নিয়ে যাওয়া, সেটা বন্ধ করতে চাই।

(গোলমাল...)

(এই সময় তৃণমূল কংগ্রেসের কিছু মাননীয় সদস্য চিৎকার করে কিছু বলতে থাকেন)।

কে রক্তচোষা আর কে বাদুড়, সেটা আমার দেখার দরকার নেই, আমার জায়গায় আমি আছি। যার জ্বালা সে বুঝবে, যার মলম সে খুঁজে নেবে। সবাই তো লালু-ভুলু নয়, চাষা-ভুষো লোকও আছে, তার মানে উকিলরা তাদের মাথার উপর দিয়ে চলে যাবে তা নয়। একজন আইজীবী লালু-ভুলুর মতো কথা বলে চলে যাবেন আর চাষা হয়ে সেটা মেনে নিতে হবে। তবু আমি অর্ধেক ভদ্রলোক আর অর্ধেক চাষী, সেই জন্য এর বেশী কিছু বললাম না। ওরা চাষার চেয়েও অধম, তা না হলে এরকম বলতে পারে না। স্যার, লালু-ভুলুদের রক্ষা করুন। দাদা, আপনাকে দয়া করে বলছি, সব আইনজীবী ভালো কথা বলেন, কিন্তু এটা একদম খারাপ কথা, বেখাপ্পা কথা বলেছেন। যদি বাইরে হোত তাহলে আমার লোকদের বলে দিতাম এই ভদ্রলোককে ভালো করে সেবা-যত্ন করো।

(তুমুল গোলমাল)

অলওয়েজ ওয়েলকাম। চলে আসুন। ...আমাকে বলতে দ্যান। ...আমি বলেছি সেবা-যত্ন করার কথা।

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে বৈধতার প্রশ্ন। এই বৈধতার প্রশ্নে মাননীয় অধ্যক্ষ বৈধতার মীমাংসা করে দিয়েছেন।

[3.20—3.30 p.m.]

মাননীয় সৌগতবাবু যেটা বলছিলেন যে বোধ হয় আসলে বিলের অ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে এবং উনি চেয়েছিলেন যে এই বিলটায় যাতে পাবলিক ওপিনিয়ান সার্কুলেট করা হয়। উনি ঠিক করে ব্যাপারটা বুঝতে পারেননি, কারণ এই বিষয়ের জন্য সার্কুলেট করার দরকার নেই। আমি জানি বিষয়টা স্পর্শকাতর এবং এটা স্পর্শকাতর বলেই সফট হ্যাডেলিং-এর চেষ্টা করছি। আমি বিভিন্ন পক্ষের ভাড়াটিয়া অ্যাসোসিয়েশানের ৫টা অ্যাসোসিয়েশানের বক্তব্য শুনেছি। বাড়ির মালিকদেরও বক্তব্য শুনেছি। বিভিন্ন আইনজীবীদের বক্তব্য শুনেছি। ব্যক্তিগতভাবে যারাই কথা বলেছেন, সবার বক্তব্য শুনেছি। এইটুকু বুঝেছি যে, এই কোলকাতা শহর উভয় সমস্যার সম্মুখীন হচ্ছে। একদিকে অনেক বাড়িওয়ালা সমস্যার সম্মুখীন হচ্ছেন, আর একদিকে ভাড়াটিয়ারা উচ্ছেদ হয়ে গেল, সমস্যার সম্মুখীন হচ্ছে। এর ফলে মধ্যবিত্ত নিম্নবিত্ত উচ্ছেদ হয়ে যাবে। কোলকাতা বঙ্গ সন্তানশূন্য হয়ে যাবে। এই কোলকাতা যাতে বঙ্গ সন্তান শূন্য না হয়ে যায়, তার জন্য যথাযথ চাবিকাঠি সব কিছু আটঘাট বেঁধেই বিল আনব। দুপক্ষের কথা যা বুঝেছি তার সারমর্ম হচ্ছে বাড়ির মালিকরা চাইছে যাতে বেশী ভাড়া পায় এবং ভাড়াটিয়ারা চাইছে যাতে উচ্ছেদ না হয়ে যায়। এই দুটো দিক বিচার করেই ভারসাম্য ঠিক করেই অ্যামেন্ডমেন্ট তৈরী করেছি। মন্ত্রীসভার অনুমোদন পেলেই সময় থাকলে এই সেশানেই আনা হবে। কেন বিলটা আনা হল সে সম্পর্কে বলি। তার মধ্যেই অসিতবাবু আপনারা উত্তর পেয়ে যাবেন। সৌগতবাবু বলেছেন এই বিলটা পাস হয়েছে '৯৭ সালে। দু-দুবার সিলেক্ট কমিটিতে রেফার হয়। খুব রেয়ার কেস সিলেক্ট কমিটিতে রেফার হয়। তারপর এই বিধানসভায় সর্বসম্মত পাস হয়। রাষ্ট্রপতির অনুমোদনও যথাসময়ে পায়।

সমস্ত কিছু বিচারবিবেচনা করেই রাষ্ট্রপতি অনুমোদন দেন। কল্যাণবাবু নিশ্চয় এটা জানেন। কিন্তু দেরী হল কেন এই জবাব আমি দিতে পারব না। কারণ আমি এসেছি দুহাজার এক সালের জুনে। মাসের ১০ তারিখে দুহাজার একে এই আইন কার্যকরী হয়েছে। এই আইন চালু হয়েছে। আপনি জানতে চেয়েছিলেন আইন চালু হয়নি। এটা আমি ট্রাইবুনালের জন্য অ্যামেন্ডমেন্ট আনছি। ১০ জুলাই দুহাজার এক এই আইন কার্যকরী হয়েছে, চালু হয়েছে এবং চালু আছে। এই আইন সেকশান ৩৯ তাতে বলা হয়েছে যে রেন্ট কন্ট্রোলার এবং ডেপুটি রেন্ট কনট্রেলার, অ্যাডিশনাল রেন্ট কনট্রেলারকে সিভিল কোর্টের পাওয়ার দেওয়া হল। এই আইনে সেকশান ৪৪ এ বলছেন যে, সিভিল কোর্টে যে জুরিসডিকশান ছিল, সেটাকে রোধ করা হল। এবার এই আইনের ৪৩ সেকশানে বলা হয়েছে an appeal shall be from a final order of the controller to such tribunal as the state legislature may by law. এই জন্য আমাদের এই অ্যামেন্ডমেন্ট করে এই ট্রাইবুনাল করতে হয়েছে। আইন চালু হবে। প্রথম দুবছর এভিকশন করা যাবে না কিন্তু সবটাই থাকবে বলা আছে। এবারের পার্টে আসছি সেটা হচ্ছে অপরেটিভ পার্ট। এই পার্টে মাননীয় কল্যাণবাবু সৌগতবাবু বলেছেন গুরুত্বপূর্ণ কথা। এই যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস ট্রাইবুনাল আছে, সেইটাকে নতুন করে আরেকটা ট্রাইবুনাল না করে, খরচ না বাড়িয়ে ট্রাইবুনালকেই পাওয়ার দেওয়া হচ্ছে। এখন যে স্যাংশন পোস্ট আছে তাতে তিনজন জুডিসিয়াল মেম্বার আছে, দুজন অ্যাডমিনিস্ট্রেটিভ মেম্বার আছে, জুডিসিয়াল মেম্বার নেওয়ার যে প্রভিশন আছে তাতে জুডিসিয়াল মেম্বার ট্রাইবুনালের চেয়ারম্যান থাকবেন এবং ল্যান্ড রিফর্মস ট্রাইবুনালে আমাদের যে কেসের কথা বলছিলেন ৫০ হাজার ? ৬০ হাজার তাতে আমাদের যে হিসাব '৯৯-এর আগস্ট থেকে শুরু করে মার্চ ২০০২ পর্যন্ত ভেস্টিং কেস ট্রাইবুনালের কাছে গিয়েছে ৬ হাজার ১৫৪, কেস ডিসপোজ অফ হয়েছে ২ হাজার ৫৬১, আদার দ্যান ভেস্টিং কেস সেটা গিয়েছে টোটাল ১১ হাজার ৫৫২, কেস ডিসপোজ অফ হয়েছে ৭ হাজার ২৫১। এই রেকটা দেখুন শেষেরটা ধরলে ৫০ পার্সেন্ট আর আগেরটা ৫০ পার্সেন্ট। তবুও আমরা এই রেকটা বাড়ানোর কথা বলি। এলাকার কথা অরুণাভবাবু যেটা বললেন ৩ হাজার স্কোয়ার ফিটের জায়গা, সেই জায়গা আমরা সিদ্ধান্ত করেছি বিল্ডিং বাড়ানোর জন্য, যাতে কেসের গন্ডগোল হলে সেটা মিটে যায়। সেটা নিশ্চিতভাবে দেখব, এটাকে মাথায় রেখেই এগিয়েছি। রেন্ট কনট্রোলের যে কোয়াসি জুডিসিয়াল পাওয়ার সেই পাওয়ারটা নিয়ে যে ওদের দেওয়া হচ্ছে সেই সব নিয়ে একটা সমস্যা হচ্ছে আমরা বুঝছিলাম, এই সমস্যাটা নিয়ে আমরা মাননীয় আইনমন্ত্রীর সঙ্গে আমরা কথা বলেছি। উনি হাইকোর্টের সঙ্গে কথা বলে স্মল কজেস কোর্ট, সিটি সিভিল কোর্ট, ডিস্ট্রিক্ট জাজ এই পর্যন্ত ইয়ার মার্ক করে দিলে তখন এভিকশন কেস বাই একজিকিউটিভ অর্ডার আমরা তাদের ট্রান্সফার করে দিতে পারি ট্রাইবুনালে এবং তাতে কোনো সমস্যা হবে না। ইয়ার মার্ক করে দিলে সুবিধা হবে এবং উদ্দেশ্য সফল হবে। ১২/১৪ বছর পড়ে থাকে এটা আইনমন্ত্রী হাইকোর্টের সাথে কথা এটা করতে পারলে আমাদের সমস্যা থাকবে না। আপনাদের সমস্যা লাঘব হয়ে যাবে। এখন যে সিস্টেম আছে তাতে আমাদের একজন কনট্রোলার আছেন, দুজন অ্যাডিশনাল কনট্রোলার আছেন বেহালা, কসবা, গড়িয়া, গার্ডেনরিচ এটা এস ডি ও আলিপুরের আন্ডারে, তাদের কনট্রোলিং পাওয়ার

দেওয়া আছে। তাছাড়া ব্যারাকপুর মহকুমায় অনেকগুলো মিউনিসিপ্যালিটিতে এস ডি ও আছেন, ৫/৬ জন অফিসারদের পাওয়ার ডেলিগেট করা আছে। হাওড়ায় এস ডি ও সদর ছাড়াও ৫ জন অফিসারকে পাওয়ার ডেলিগেট করা আছে এবং এই ক্ষেত্রে যাতে কোনো অসুবিধা না হয় তার জন্য এইসব মিলে আমরা অ্যামেন্ডমেন্ট আনতে চাইছি। এটা সহজ, সরল এতে কোনো মারপ্যাঁচ নেই। মামলা করার জন্য আপনারা বিল পাস করে দিয়েছেন দুবার সিলেক্ট কমিটি থেকে, সেটাকে অনুসরণ করে পরিপূরক হিসাবে এই বিল আমরা আনতে চাইছি। আশা করি আপনারা এই বিষয়ে সহমত হবেন। আমি আপনাদের কাছে সহমত চাইছি।

[3.30—3.40 p.m.]

The Motion of Shri Abdur Rezzak Molla that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1-2 & Preamble**

The Question that Clauses 1-2 & Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Abdur Rezzak Molla** : Sir, I beg to move that the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002, as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

POINT OF INFORMATION

**শ্রী পরশ দত্ত ঃ** স্যার, এই অগাস্ট হাউজের একটা ডিগনিটি আছে। আজকে যে ভাষা আমরা শুনলাম মন্ত্রীর কাছ থেকে চাষীদের নাম করে—যদি কেউ লালু-ভুলু বলে থাকেন তবে তিনি মন্ত্রীকেই বলেছেন, কোনো চাষার কমিউনিটিকে বলেননি। আমি বলতে বাধ্য হচ্ছি মন্ত্রী মহাশয়ের মুখে যে ভাষা শুনলাম সেটা মন্ত্রীর ভাষা নয়, এটা মস্তানদের ভাষা। এই অগাস্ট হাউজে দাঁড়িয়ে এই ধরনের ভাষা এবং থ্রেট করলেন।

**শ্রী তাপস রায় ঃ** স্যার, এই পবিত্র হাউজের পবিত্রতা রক্ষা করার দায়িত্ব আমাদের সকলের এবং সর্বোপরি আপনার। মন্ত্রী তাঁর বক্তৃতায় বললেন পার্সোনাল এক্সপ্লানেশান যখন অরুণাভবাবু চাইলেন তখন মাননীয় মন্ত্রী বললেন—মাননীয় বলতে আমার লজ্জা করছে, তিনি আপনার সামনে, এখানে আমরা সকলেই রয়েছি গভর্নমেন্টের লোক রয়েছে, সাংবাদিকরা রয়েছেন তারা কি ভাববেন, তিনি আবার রিপিট করে বললেন প্রথমে বললেন অন্য ভাষায় আমি তাঁকে আদর-যত্ন করতাম। যখন পার্সোনাল এক্সপ্লানেশান করলেন তখন মন্ত্রী মহাশয় বললেন অন্য কথা ভাবতে হবে। কি কথা উনি ভাবতে চেয়েছেন। এই ল্যাঙ্গুয়েজ মন্ত্রীর নয়, এই ধরনের মন্ত্রী নিয়ে বামফ্রন্ট সরকারের মন্ত্রীসভা হয়েছে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 4

**Mr. Speaker** : There are 25 cut motions to Demand No. 4. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Kamal Mukherjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/- |

| | |
|---|---|
| Shri Kashinath Mishra (3-10)<br>Shri Jyoti Priya Mallik (11)<br>Shri Abdul Mannan (12)<br>Shri Gyan Singh Sohanpal (13-14)<br>Shri Bankim Chandra Hazra (15-17)<br>Shri Kamal Mukherjee (18-23)<br>Shri Saugata Roy (24)<br>Shri Deba Prasad Sarkar (25) | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী অরুণাভ ঘোষ** ঃ মিঃ স্পীকার স্যার, প্রথমেই বলি আমি আবার একটা পয়েন্ট আউট করছি। বাজেট ফর অ্যাডমিনিস্ট্রেশান ফর জাস্টিজ পাস হল। বাজেট হল ল' অ্যান্ড জুডিশিয়াল ডিপার্টমেন্টের।

আমার মনে হয়, যারা সরকার পক্ষে বসে আছেন দয়া করে প্যারাগ্রাফ ২০ দেখুন। জুডিসিয়াল ডিপার্টমেন্টের বাজেটে কি লিখছে ?

Murshidabad is a place of great historical importance and accordingly all possible steps have been taken to make the place attractive to the tourists. A plot of land has already been handed over to Tourism Department for construction of a Tourist Lodge with all amenities for the tourists.

The decision of handing over a portion of Imambara and some other historical structures of Murshidabad Estate to the Archaeoligical Survey of India is under active consideration of the Government for proper preservation and beautification of the Estate, so that more tourists are attracted. For making more attractive a proposal for beautification of Motijheel the vast water area of Murshidabad Estate and its surrounding land area with all tourist attractive ameneties is also under consideration of the Government.

এটা হ'ল জুডিসিয়াল বাজেট। আমি একটু আগে লালু-ভুলুর কথা বলছিলাম। আমি কাউকে ব্যক্তিগতভাবে কিছু বলিনি। কেউ যদি এতে দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি ক্ষমাপ্রার্থী। যাই হোক, ট্যুরিস্ট ডিপার্টমেন্টের বাজেটে এটা ঢুকে গেছে। এটা বললে আবার বলবেন, বাইরে দেখে নেব। সুপ্রিম কোর্ট কয়েকদিন আগে একটা রায়ে বলেছে—অল ইন্ডিয়া জাজেস এসোসিয়েশন ভার্সেস ইন্ডিয়ান ইউনিয়ন—নিশীথবাবু ভাল জানেন, বর্তমানে একজিস্টিং হ'ল

১০ লক্ষ মানুষের জন্য ১৩ জন বিচারপতি, পশ্চিমবাংলায় তার চেয়েও কম, পশ্চিমবাংলায় সংখ্যাটা ১১। সুপ্রিম কোর্ট বলেছে, অবিলম্বে এই সিট করতে হবে ৫০, প্রতি ১০ লক্ষ মানুষের জন্য ৫০ জন বিচারপতি। বাজেটে নিশীথবাবু বলেছেন বিচারপতি বাড়াবেন কি না ? ২০০ বিচারপতির পদ খালি আছে। অবশ্য এ ব্যাপারে নিশিথবাবুই ভালো বলতে পারবেন, ওনার কাছে রেকর্ড আছে। ফার্স্ট লেবার কোর্টের জাজ মহাশয়কে আবার ওয়ার্কমেনস কম্পানসেশন কোর্টে, একবেলা এখানে একবেলা ওখানে বসতে হচ্ছে। শ্রমিকদের কোনো মামলা হচ্ছে না। নিশীথবাবুকে অনেকবার বলা হয়েছে কিন্তু উনি কিছু করছেন না। দুর্গাপুর, আসানসোলে নেই। ইন্ডাস্ট্রিয়াল শ্রমিক, যারা বাঁকুড়া বা বীরভূম বা মালদায় থাকে, সেখানে কোনো ঘটনা ঘটলে তাদের জলপাইগুড়ি বা কলকাতা যেতে হবে। কিন্তু এটার কোনো উল্লেখ নেই।

পেজ-১, প্যারাগ্রাফ-২-তে বলছেন, সেন্ট্রাল গভর্নমেন্ট ৮৫ লক্ষ টাকা দিয়েছে এবং আরো বলছেন, ইক্যুইভ্যালেন্ট গ্রাউন্ডে পশ্চিমবঙ্গ সরকারকেও দিতে হবে। কোথাও উল্লেখ নেই কত টাকা খরচ করেছেন। কত টাকা পশ্চিমবঙ্গ সরকার দেবে ? সমস্ত সেন্ট্রাল গভর্নমেন্ট দেবেন তারপর কোর্ট তৈরী হবে ?

৪ নম্বর পেজে বলেছেন, কনস্ট্রাকশন অফ মাল্টি-স্টোরেড বিল্ডিংস অফ হাইকোর্ট, কোলকাতা। আমি দুঃখের সঙ্গে বলছি, বিধানসভার সামনেই কলকাতা হাইকোর্টের প্রাইম জমি পড়ে আছে, আগে সেখানে ট্রাম ঘুরতো সেখানে কিছু লোককে, আন-অথোরাইজড অকুপেন্টসকে বসিয়ে রেখেছেন। সন্ধ্যাবেলায় সেখানে চোলাই মদ বিক্রি হয়। গত ৭ বছর ধরে হাইকোর্টের হাতে ঐ জমি তুলে দিতে পারেননি। অথচ টালিনালা নিয়ে হইহল্লা করছেন। বলা হচ্ছে ট্রামগুমটির ওখানে নাকি এসেমবিলির স্টাফেরা কয়েকজন পরিবার নিয়ে থাকেন। আমি কিন্তু কোনো দিন কোনো এসেমবিলির স্টাফকে ওখানে দেখিনি। সুতরাং, এই রকম কনস্ট্রাকশন অফ হাইকোর্ট মাল্টিস্টোরেড বিল্ডিংস-এর জমি রিকভার করতে পারলেন না, হাইকোর্টের হাতে তুলে দিতে পারলেন না।

পেজ ৭, প্যারাগ্রাফ ১৯-এ আছে ফার্স্টট্রাক কোর্টের কথা। ফাস্টট্রাক কোর্ট করতে হবে সুপ্রিম কোর্ট বলেছে। নিশীথবাবু বলেছেন এখানে ৬টা কোর্টের কথা। আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা বাদে কোনো ফার্স্টট্রাক কোর্ট নেই। আসানসোলে একটা না দুটো হয়েছে। উনি নিজেই বলেছেন ৬টা কোর্ট হয়েছে। কিন্তু সেখানে বিহারে আমাদের থেকে বেশী ফার্স্টট্রাক কোর্ট হয়েছে। ধানবাদে ৮টা এই রকম কোর্ট আছে। পেজ ৭ প্যারা ২০-তে দেখুন। টুরিজমের ডেভেলপমেন্টের ব্যাপারে বলা হয়েছে। এখানে ইট হ্যাজ নাথিং টু ডু উইথ দি জুডিসিয়ারি।

[3.40—3.50 p.m.]

জুডিসিয়ারির সঙ্গে সম্পর্ক নেই। একটা প্যারা ঢুকিয়ে বসে আছেন। ট্যুরিস্ট এ্যাট্রাক্ট করবে কে ? জুডিসিয়ারি আবার কে ? আপনি জানেন যে, স্টেট আডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল—মাননীয় নিশীথবাবুকে বার বার ডেপুটিশন দেওয়া হয়েছে—আমাদের নিউ সেক্রেটারিয়েট থেকে অনেক অফিস উঠে চলে গেছে, স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুনালকে

এখানে নিয়ে আসুন, মানুষের সুবিধা হবে। উনি খালি বলেছেন সার্কিট বেঞ্চের কথা। পশ্চিমবঙ্গে সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ কবে আসবে ? অথচ নিজের আন্ডারে যে কোর্টগুলো আছে, সেগুলো সেখানে কিছু খুলুন না। কিন্তু কোনো বিচারপতি নিয়োগ হচ্ছে না, লোয়ার কোর্টে আছে। হাইকোর্টে ৪৮ জন পার্মানেন্ট বিচারপতি এবং দুজন টেম্পোরারি বিচারপতি। বর্তমানে ৪২ জন থাকার কথা হলেও এখন অবধি তাঁদের এ্যপয়েন্টমেন্ট দিতে পারছেন না। সরকারের কোষাগারের এমন অবস্থা যে, স্টাফ, স্টেনোগ্রাফার, টাইপিস্ট এগুলো দিতে পারছেন না, জাজেরা ১৫ মিনিট করে বসে তারপর তাঁরা উঠে যাচ্ছেন, কোর্ট অফিসার নেই। মামলা জমে যাচ্ছে, আমি সেটা বার বার বলেছি। মাননীয় নিশীথবাবু আরেকটা জিনিস ভাল জিইয়ে রেখেছেন—জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ নিশ্চয়ই হবে। কিন্তু কবে সার্কিট বেঞ্চ হবে ? বিচারপতিদের থাকার বন্দোবস্ত কোথায় ? হাইকোর্টের বিচারপতি টু রুম ফ্ল্যাটে থাকেন, অথচ ডিসট্রিক ম্যাজিস্ট্রেটরা বিশাল বাংলো নিয়ে থাকেন। সামান্য বই কেনার টাকা দিতে পারছেন না, সেখানে সার্কিট বেঞ্চ করবেন কি করে ? ৩ জন বিচারপতি নিয়ে কি করে হবে ? যেখানে সিভিল, ক্রিমিনাল কেস এসব রয়েছে। পশ্চিমবঙ্গ থেকে সব উত্তরবঙ্গের দিকে চলে যাচ্ছে—সেখানে আপনি বলছেন ৩ জন বিচারপতি পাঠাবেন, আপনার কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই, শিলিগুড়ি, জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ হবে বলে জিইয়ে রেখেছেন, সেখানে গিয়ে বলেছেন, 'হবে, হবে'। আরেকটা জিনিস আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই—কোলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির রেসিডেন্সে একটা দুর্ঘটনা ঘটেছে, তখন রেসিডেন্সে কোলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন না, সেই সময় তাঁর গাড়ীর প্রধান চালক সিরিয়াসলি ইনজিওর্ড হন, তাঁকে তখন এস এস কে এম হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখানে বিচারপতির অনুপস্থিতিতে বোধহয় ২রা জুন তাঁর গাড়ীর প্রধান চালক মারা যান। কিন্তু জুডিসিয়াল ডিপার্টমেন্টের কোনো তদন্ত হয়নি, বালিগঞ্জ থানার ও সি এটিকে আন-ন্যাচারাল ডেথ্ বলে লিখেছেন, অথচ মানুষ বলছে যে, ওটা খুন। অথচ এ ব্যাপারে আপনার দিক থেকে কোনো স্টেপ নেওয়া হয়নি। আরেকটা জিনিস আমি বলছি যে, এলাহাবাদ হাইকোর্ট সুপ্রিম কোর্টের কাছে, সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে দরবার করে, ওঁদের ৬০ জন বিচারপতি ছিলেন, সেখানে ওঁরা সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে দরবার করে সেটা ৬০ জন থেকে ৭৫ জন বিচারপতি করেছেন এবং এখন ওঁরা বিচারপতির সংখ্যা ৭৫ থেকে বৃদ্ধি করে ৯০ জন বিচারপতি চাইছেন। আর আমাদের এখানে ৪৮ জন বিচারপতি, এর মধ্যে ২ জন টেম্পোরারি এ্যাড হয়েছে, তাঁদের কোর্টরুম দিতে পারেননি, যার জন্য ৪২ জন কাজ করছেন। এই বাজেট যেটা করেছেন, প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়ের সবার কাছে ক্ষমা চাওয়া উচিত। ট্যুরিজম ডিপার্টমেন্টের কথা কি করে ঢুকলো জুডিসিয়ারির মধ্যে ? জুডিসিয়ারি এবং ট্যুরিজম ডিপার্টমেন্ট কি এক হয়ে গেছে ? এর জন্য একটা একসপ্ল্যানেশন দাবি করছি। ধন্যবাদ।

**শ্রী সামসুল ইসলাম মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের আইন ও বিচার বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় এই বিচার সংক্রান্ত প্রশাসনিক বিষয়ক চলতি আর্থিক বছরের যে ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের দেশে দীর্ঘদিন ধরে যে বিচার ব্যবস্থা চলছে সেই বিচার

ব্যবস্থা হচ্ছে ব্রিটিশ সৃষ্ট ধনবাদী বিচার ব্যবস্থা এবং ধনবাদী শাসন এবং শোষণের প্রশ্নে এই বিচার ব্যবস্থার উৎপত্তি হয়েছিল। কিন্তু দীর্ঘকাল এই বিচার ব্যবস্থার কোনো সংস্কার হয়নি। ফলে নানান সামাজিক ব্যাধিতে বিচার ব্যবস্থা আক্রান্ত হয়েছে। আমরা দেখেছি দুর্নীতি এবং ক্ষমতার অপব্যবহারের অভিযোগে সুপ্রিম কোর্টের বিচারপতি রামস্বামী সংসদে অভিযুক্ত হয়েছিলেন এবং কংগ্রেস দলের কৃপায় তিনি ইমপ্রিচমেন্ট থেকে বেঁচে যান। আমরা এটাও দেখেছি মাদ্রাজ হাইকোর্টের একজন বিচারপতি এবং আমাদের কলকাতা হাইকোর্টের একজন বিচারপতি (অবসরপ্রাপ্ত) সংগতিবিহীন সম্পদের অধিকারী হওয়ার কারণে আসামীর কাঠগড়ায় দাঁড়িয়েছিলেন। এটা বলছি এই কারণে, আমাদের দেশের বিচার ব্যবস্থায় যে পাহাড় প্রমাণ সমস্যা, সেই সমস্যার নিরসনকল্পে আমাদের রাজ্য সরকারের কোনো ভূমিকা নেই। আমরা দেখছি আমাদের বিচার ব্যবস্থা সাংঘাতিকভাবে কেন্দ্রীভূত। ব্যাপক মানুষের কাছে এই বিচার ব্যবস্থা অর্থহীন। এটা সম্পূর্ণ তাদের নাগালের বাইরে। যখন আমরা বিকেন্দ্রীকরণের কথা বলি তখন দেখা যায় নানান অজুহাত দেখিয়ে টালবাহানা শুরু হয়। আমাদের রাজ্যের কোলকাতায় উত্তর-পূর্বাঞ্চলের মানুষের স্বার্থে, তাদের সুবিধার জন্য সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চের দীর্ঘদিনের দাবি কার্যকরী হচ্ছে না। এই রাজ্যগুলোর সাধারণ মানুষদের সুপ্রিম কোর্টে যাওয়া স্বপ্নের মতো ব্যাপার। এমনকি রাজ্য সরকারগুলিকে পর্যন্ত সুপ্রিম কোর্টে মামলা করতে যাওয়ার জন্য কোটি কোটি টাকা খরচ করতে হয়। আমাদের রাজ্য সরকারের প্রায় ৫০০ কোটি টাকা খরচ করে মামলা করতে যেতে হয় সুপ্রিম কোর্টে। অথচ আমাদের সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চের দাবি বার বার উপেক্ষিত হচ্ছে। এখানে মাননীয় সদস্য অরুণাভবাবু উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চের কথা বললেন। সেই সার্কিট বেঞ্চের ব্যাপারে রাজ্য সরকারের যা কিছু করণীয় সব করা হয়ে গেছে। কিন্তু কেন্দ্রীয় সরকার নানান টালবাহানা করছে। ফলে উত্তরবঙ্গের মানুষ বঞ্চিত হচ্ছে। আমাদের বামফ্রন্ট সরকার একটা ভিন্ন দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার ব্যবস্থার বিকেন্দ্রীকরণ চাইছে। আমরা দেখছি ১৯৭৬ সালে আমাদের রাজ্যের নিম্ন আদালতগুলিতে মোট বিচারপতির সংখ্যা ছিল ৩৩৪ জন। গতকাল আমি মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন দিয়েছি, সেটা এখনো বিধানসভায় রীচ্ করেনি। আমি আনতে চেয়েছি, এখন কত জন বিচারপতি আছেন নিম্ন আদালতে ? মাননীয় মন্ত্রী আমাকে ব্যক্তিগতভাবে জানিয়েছেন ৫৭১ জন। অর্থাৎ গত ২৫ বছরে ২৩৭ জন নতুন বিচারপতি নিয়োগ করা হয়েছে, নতুন কোর্ট হয়েছে। ফলে আজকে আর মানুষকে জেলা হেড কোয়ার্টারে ১০০/২০০ কিলোমিটার দূর থেকে মামলা করতে আসতে হয় না। প্রতিটি সাব-ডিভিশনে আদালত তৈরি হয়েছে। এখন কি দার্জিলিং-এ থানায় থানায় কোর্ট হয়েছে—মিরিক, মংপুতে, গরুবাথানে কোর্ট হয়েছে। আমি যে জেলায় বাস করি, সেখানে নবদ্বীপে থানাভিত্তিক কোর্ট হয়েছে। কৃষ্ণনগরে একটা বড় আদালত ভবন হয়েছে। বিচারপতিদের থাকার ব্যবস্থা হয়েছে। রানাঘাটে নতুন আদালত ভবন হয়েছে। কল্যাণীতে নতুন আদালত হয়েছে, ফাষ্ট্‌ট্রাক কোর্ট হয়েছে। অরুণাভবাবু বললেন, মাত্র ৬টা ফাস্টট্রাক কোর্ট হয়েছে। অথচ আমি জানি আমার জেলাতেই ৪টে হয়েছে—কৃষ্ণনগরে দুটো, রাণাঘাটে একটা এবং কল্যাণীতে একটা। আমরা দেখেছি কৃষ্ণনগরে, জেলা হেড কোয়ার্টারে মানুষকে মামলা করতে ১০০ কিলোমিটার দূর থেকে আসতে হয়। একটা দুরূহ ব্যাপার। সেজন্য তেহট্টোয় একটা কোর্ট চালু করা হবে, বাড়ি

ঠিক হয়ে গেছে। খুব শীঘ্রই কোর্ট চালু হবে। ইতিপূর্বে মানুষ চুঁচুড়ায় দেড়শো, দু'শো কিলোমিটার দূর থেকে মামলা করতে আসত। আলিপুরে দেড়শো, দুশো, কিলোমিটার দূর থেকে মামলা করতে আসত। আজকে কাকদ্বীপ এবং বিভিন্ন জায়গায় কোর্ট হয়েছে। এই সমস্ত কোর্ট হওয়ার ফলে আমরা দেখছি নিম্ন আদালতে মামলার সংখ্যা কমে যাচ্ছে। আমি এখানে একটা আদালতের কথা উল্লেখ করছি, কৃষ্ণনগরের থার্ড মুনসেফ, এখন যাকে জুনিয়র সিভিল জজ বলা হয়, সেখানে আগে কত মামলা হত এবং এখন কত মামলা হচ্ছে।

[3.50—4.00 p.m.]

১৯৮৫ সালে ৫২৫টি মামলা হয়েছিল। কিন্তু প্রতি বছর কমতে কমতে একটা জায়গায় দাঁড়িয়ে গেছে। গত বছর এই আদালতে মাত্র ৯৫টি মামলা হয়েছে। অর্থাৎ গুণগত পরিবর্তন গোটা পশ্চিমবাংলায় লক্ষ্য করছি যেটা ভাবার বিষয়। শুধু সাব-ডিভিশন লেভেলে আদালত করলেই হবে না, একেবারে ব্লক লেভেলে আদালত করতে হবে। বিকেন্দ্রীকরণের ফলে যদি ব্লক লেভেলে আদালত করা যায় তাহলে তার মধ্য দিয়ে বিচার পাবার ব্যবস্থাকে মানুষের কাছাকাছি অর্থাৎ মানুষের দোর গোড়ায় পৌঁছে দেওয়া যাবে এবং প্রকৃতপক্ষে যুগ যুগ ধরে বিচার ব্যবস্থা থেকে যারা বঞ্চিত হয়ে আছে তারা আজকে বিচার ব্যবস্থার সুযোগ পাবে। এ ছাড়া সরকারের যে পরিকল্পনা সেই পরিকল্পনার ক্ষেত্রে আমি দেখেছি, শুধু ফাস্টট্রাক কোর্ট নয়, বিভিন্ন জায়গায় বিকেন্দ্রীকরণের ফলে অ্যাডিশনাল জাজ কোর্ট তৈরি হয়েছে, কালনা এবং কাটোয়ায় তৈরি হয়েছে এবং বারাসাত ও ব্যারাকপুরেও অ্যাডিশনাল জজ কোর্ট তৈরি হয়েছে। ফলে বিকেন্দ্রীকরণের যে কাজ এবং আমাদের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির প্রতিফলন মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেটের মধ্যে রেখেছেন। তাই এই বাজেটকে আমি আর একবার পূর্ণ সমর্থন করে এবং কাট-মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাক আলম ঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আইন এবং বিচার বিভাগের বিচার সংক্রান্ত প্রশাসনে চলতি বছরে যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করি ন্যায়সঙ্গত কারণে এবং বিরোধের সপক্ষে কিছু কথা বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৬৬৫ লক্ষ ৯৬ হাজার টাকা তিনি পেয়েছেন বিচার বিভাগের পরিকাঠামো পরিবর্তন করার জন্য এবং সব মিলিয়ে ৮৬১ লক্ষ ৪৬ হাজার টাকা তিনি ব্যয়-বরাদ্দ করেছেন। তার মধ্যে ৮৪৯ লক্ষ ৪৮ হাজার টাকা একাদশ অর্থ কমিশনের অন্তর্ভুক্ত পরিকল্পনা খাতে ব্যয় করবেন। একটু আগে শাসকদলের একজন মাননীয় সদস্য বললেন, কিছু কিছু জায়গায় নতুন বিল্ডিং মাননীয় মন্ত্রী মহাশয় করেছেন এবং কিছু কিছু জায়গায় আদালত নতুনভাবে চালু করেছেন এবং এ বৎসরে নতুন করে বকেয়া কাজগুলি করার পর কিছু বিল্ডিং করবেন। কিন্তু কথাটা হচ্ছে মূল জায়গায়। একটু আগে শাসকদলের পক্ষ থেকে বললেন, ব্রিটিশ প্রবর্তিত যে বিচার ব্যবস্থা সেটাকে নাকি অনেক পরিবর্তন করে একটা জায়গায় মন্ত্রী মহাশয় এনেছেন। কিন্তু সেটা কোথায়, কোনো জায়গায় সেইরকম কিছু দেখতে পেলাম না। কোনো জায়গায় নতুন কিছু বিল্ডিং হয়েছে, নতুন কিছু আদালত চালু হয়েছে এবং শূন্য পদগুলি পূরণ হবে

যত্ন সহকারে এই কথা লেখা আছে, কিন্তু তার বাইরে কিছু নেই। পরিকাঠামোর দিক থেকে কোনো কথা বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। আমি যে কথাটা বলতে চাইছি, আজকে বিজ্ঞানের যুগ, টেক্‌নোলজির যুগ। সমস্ত অফিসগুলি যেখানে কম্পিউটার ব্যবস্থা চালু করা হয়েছে, যেখানে সরকার বলছেন মানুষকে আইনের শাসন দেব এবং অতি দ্রুততার সাথে দেব সেখানে আজও আমরা দেখতে পাচ্ছি আদালতের কোনো জায়গায় কম্পিউটার সিসটেক চালু হয়নি। সেই পেনসিল এবং ভাঙা টাইপ মেশিন আজও সিভিল কোর্ট এবং উচ্চ-আদালতে দেখতে পাচ্ছি। কোনো জায়গায় এই বিষয়ে নজর দেওয়া হয়নি। অথচ আমি শুনছি, সরকার দ্রুততার সাথে মানুষকে বিচার দেওয়ার জন্য কতকগুলি পদক্ষেপ নিয়েছেন।

মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবী ভাষণের সময় বলবেন—আমাদের যতদূর জানা আছে তাতে বলতে পারি প্রায় ৪ লক্ষের কাছাকাছি মামলা সারা রাজ্য জুড়ে সব আদালতগুলিতে দীর্ঘদিন ধরে ঝুলে রয়েছে। সেইসব মামলার বিষ্পত্তির জন্য আপনারা বলছেন যে অনেক আদালত চালু করছি, কোর্ট নির্মাণের কাজ দ্রুত শেষ করছি কিন্তু সেসব কোথায় ? আজকে এ রাজ্যে বিচার ব্যবস্থায় গুণগত কি পরিবর্তন আপনারা করতে পেরেছেন সেটা আমরা জানতে চাই। জনসংখ্যা বেড়েছে, সেখানে ৫টি ঘর করে দিলাম, কি একটা জায়গায় রিমডেলিং করে দিলাম, কি একটা জেলায় একটা আদালত চালু করলাম সেটাই সব কথা নয়। আমরা জানতে চাই গুণগত কি পরিবর্তন আপনারা এ ক্ষেত্রে করতে পেরেছেন এবং পরিকাঠামোর কি উন্নয়ন আপনারা করতে পেরেছেন সেটা বলুন। এই তো আমাদের চাঁচোল সাব-ডিভিশান হওয়ার পর সেখানে একজনকে একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেটের পদে নিয়োগ করার কথা হয়েছে কিন্তু আমরা দেখছি পার্মানেন্টলি সেখানে কেউ থাকেন না। এস ডি ও তার ঘরেই সেই কাজটা করেন। তিনি কখনও মালদহে বসেন, কখনও চাঁচোলে বসেন। অর্থাৎ সেখানে কোনো পরিকাঠামোই নেই। এইভাবে চললে ১০৭, ১১৬, ১৪৪ ধারার মামলাগুলি হবে কি করে, লোকে বিচারই বা পাবে কি করে ? তারপর নর্থ বেঙ্গলে সার্কিট বেঞ্চ হওয়ার কথা আমরা ৫ বছর ধরে শুনে আসছি। এতদিন ধরে তার লোকেশান নিয়ে বিরোধ চললো। যাই হোক, তার একটা মীমাংসা হওয়ার পরও নর্থ বেঙ্গলের মানুষকে সার্কিট বেঞ্চের জন্য কতদিন আরও অপেক্ষা করতে হবে আমরা জানি না। স্যার, আপনি জানেন, আমাদের এই হাউসে গ্রামবাংলা থেকে নির্বাচিত হয়ে এসেছেন ২১৭ জন বিধায়ক। আপনারা জানেন যে মামলাগুলির মধ্যে মূল ঝামেলাটা কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই আসে জমিকে কেন্দ্র করে। গ্রামের সেই খেতমজুর, মেহনতি মানুষদের, কৃষকদের জন্য আপনারা কি করেছেন বা করতে চলেছেন সেটা আশা করি বলবেন। অবশ্য আমরা জানি খুব ফলাও করে আপনারা ল্যান্ড ট্রাইবুনালের কথা বলেন এবং তারই পাশাপাশি প্রশাসনিক বিরোধ মেটানোর জন্য যে অ্যাডমিনিষ্ট্রেটিভ ট্রাইবুনাল করেছেন তার কথা বলেন। এ ক্ষেত্রে আমি বলব, উদ্দেশ্যটা মহান কিন্তু এ ক্ষেত্রে আপনাদের পদক্ষেপটা মোটেই ভাল নয়। কারণ এর জন্য আপনারা কোলকাতার সল্ট লেকের মতন জায়গাকে বেছে নিয়েছেন যে সল্টলেকে চাষীরাও থাকে না এবং চাষের জমিও নেই। ঐ চাষী, দিনমজুর, খেতমজুর, পাট্টা হোল্ডার, বর্গাদার যারা বিচারপ্রার্থী তারা ট্রেনে শিয়ালদহ পর্যন্ত আসার পর সল্ট লেক আর খুঁজেও পাবে না। এটা মহকুমা স্তরে করা উচিত ছিল। মহকুমা লেভেলে একদিনে যদি করা নাও যায় জেলা

লেভেলে করা যেতে পারে। তাও না হলে হাইকোর্টের মধ্যে একটা ঘরে করা যেতে পারতো। তা ছাড়া অ্যাডভোকেটরাও সল্ট লেকে যেতে চায় না। আপনারা মুখে বর্গাদার, গরিব চাষীদের স্বার্থ রক্ষার কথা বলেন কিন্তু তাদের বিচার পাওয়ার ব্যবস্থাটা করছেন না। আমরা দেখছি, একজন ধর্ষিতা মা, ধর্ষিতা বোন তারা বিচার চেয়ে দোরে দোরে কেঁদে বেড়াচ্ছে কিন্তু বিচার পাচ্ছে না। সেখানে বামফ্রন্ট সরকার তাদের কোনো খোঁজও রাখেন না। একজন কৃষক সে বিচারের জন্য সল্ট লেকে আসছে কিন্তু পরিকাঠামোর অভাবে সে বিচার পাচ্ছে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আগে পরিকাঠামো তৈরি করুন তা না হলে কিন্তু সেই জাষ্টিস ডিলেড, জাষ্টিস ডিনায়েড সেই অবস্থাই হবে। পরিশেষে আর একটা কথা বলব, ট্রাইবুনালগুলিতে জাজ হিসাবে যাদের আনছেন তাদের অধিকাংশই বয়সের ভারে ভারাক্রান্ত হওয়ার ফলে তারা সেইভাবে টানতে পারছেন না। এ দিকেও একটু নজর দেওয়া দরকার। এই বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[4.00—4.10 p.m.]

**শ্রী ভক্তিপদ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী প্রস্তাবিত বাজেটকে সমর্থন করে আমি দু'চারটি কথা বলবো। আপনি বাজেট বক্তব্যে অনেক কিছুই বিশদভাবে উত্থাপন করেছেন। এখানে বিভিন্ন আদালতে গৃহ নির্মাণ এবং বিভিন্ন দিকের ম্যারেজ অফিসার, নোটারী পাবলিক, বার কাউন্সিলের অ্যাডভোকেট ওয়েলফেয়ার অ্যাক্ট সংশোধনের বিষয় বিবেচনাধীন, এ সবই রেখেছেন। এতদসত্ত্বেও আমি কয়েকটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল, এই বিচার ব্যবস্থাকে তৃণমূল স্তর পর্যন্ত নিয়ে যাবার জন্য কি ব্যবস্থা নিয়েছেন সেটা কিন্তু এই বাজেট বক্তব্যের মধ্যে বা বাজেট প্রস্তাবের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না। এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর মামলার দ্রুত নিষ্পত্তির জন্য ফার্স্টট্রাক কোর্ট স্থাপন করেছেন। কিন্তু যে ফার্স্টট্রাক কোর্টগুলো ফাংশান শুরু করেছে সেগুলো কিন্তু বেশিরভাগ রয়েছে ডিস্ট্রিক্ট হেডকোয়ার্টারে এবং সেটাও সীমিত সংখ্যক। এটা যাতে সাব-ডিভিশন লেভেল পর্যন্ত নিয়ে যাওয়া যায় এই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

এরপর আমি জাজেস ভ্যানান্সি ফিল আপ করা সম্পর্কে বলছি। বিষয়টার উপর এর আগে অরুণাভ ঘোষ মহাশয়ও বলেছেন। এই ভ্যাকান্সি ফিল আপ করার ব্যাপারে আরো সচেষ্ট হবার জন্য আমি প্রস্তাব রাখছি। কেননা, আমার কাছে যে খবর আছে তাতে এখন পর্যন্ত নিচের কোর্টগুলোতে প্রায় ১০০ ভ্যাকান্সি রয়েছে এবং হাইকোর্টে প্রায় ১১টা ভ্যাকান্সি এখনো রয়েছে। এই ভ্যাকান্সিগুলো পূরণ করবার ব্যাপারে আপনাকে আরো সচেষ্ট হবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আপনি জানেন যে, আজকের দিনের ল'ইয়াররা আগের দিনের ল'ইয়ারদের মতো এ্যাফ্লুয়েন্ট নন্, সকলে ওয়েল প্লেসড্ নন। অথচ এই আনএমপ্লয়মেন্টের যুগে আমরা দেখতে পাচ্ছি, রিটায়ার্ড জাজদের আবার পোস্টিং দেওয়া হচ্ছে। এই আনএমপ্লয়মেন্টের যুগে ওই সমস্ত রিটায়ার্ড জাজদের না নিয়ে নতুনদের, সিনিয়র আইনজীবীদের অ্যাপয়েন্টমেন্ট দিয়ে কাজটা করানো যায় কিনা সেটা ভাববার জন্য বলছি।

সবশেষে আর একটি কথা বলবো। সেটা হচ্ছে, পপুলার জাজ রিলেশন সম্পর্কে রিসেন্টলি অনারেবল্ সুপ্রিম কোর্ট যে নির্দেশ দিয়েছেন অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশন কেসে, সেখানে বলা হয়েছে, ৫০ জাজেস ফর ১০ ল্যাকস্ পিপল্, এটা পাঁচ বছরের মধ্যে ইনট্রোডিউস করতে হবে। এটা ইনট্রোডিউস করবার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেটা আমাদের নেই। এমনিতেই আমাদের কোর্টগুলোর যে পরিস্থিতির মধ্যে দিয়ে এখন চলছে সেখানে ইনফ্রাস্ট্রাকচার সাফিশিয়েন্ট নয়। এরপর যখন আরো জাজ-এর অ্যাপয়েন্টমেন্ট হবে এবং তাঁরা যখন একটা বিরাট বোঝা হয়ে চাপবেন, সেই পরিস্থিতিটা কিভাবে মোকাবিলা করা যাবে সে ব্যাপারে আপনাকে চিন্তা-ভাবনা করতে বলছি। এই বলে আপনার বাজেটকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী মলয় ঘটক :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আইনমন্ত্রীর বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশানগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি বক্তব্য রাখার প্রথমেই জানাই স্যার, ২২ প্যারার যে বাজেট প্রস্তাব তিনি আমাদেরকে দিয়েছেন তা পড়ে আমি বুঝতে পারলাম না যে এটা আইন এবং বিচার বিভাগের বাজেট প্রস্তাব না কোন পূর্তমন্ত্রীর বাজেট প্রস্তাব। ২২টি প্যারার মধ্যে ১ থেকে ১৪ নম্বর প্যারা পর্যন্ত লেখা আছে কোথায় কি কনস্ট্রাকশান হয়েছে, কোথায় বিল্ডিং হয়েছে, কোথায় কোয়ার্টার হয়েছে, কোথায় কোর্টের কনস্ট্রাকশান হয়েছে। এই ১৪টি প্যারা ছাড়া আর একটা প্যারায় লিখেছেন বহরমপুরে টুরিস্ট স্পটের কথা। সেটা নিশ্চয়ই আইন এবং বিচার বিভাগের মধ্যে পড়ে না। আর এই যে ৪-৫টি প্যারা রয়েছে সেই প্যারায় কোথাও পাবেন না পশ্চিমবাংলার আইনকে কি ভাবে সাধারণ লিটিগ্যান্টদের কাছে পৌঁছে দেওয়া যায়, কি ভাবে তাদেরকে সুবিধা করে দেওয়া যায়, কি ভাবে সাধারণ মানুষ যারা বিচার পায় না তারা কি ভাবে বিচার পাবে। কিছুক্ষণ আগে মোল্লা সাহেবের বক্তব্য শুনলাম, উনি বলেছিলেন ব্লক স্তর পর্যন্ত এই বিচার ব্যবস্থাকে পৌঁছে দিতে হবে। উনি হয়তো জানেন না ব্লক স্তর নয়, পাড়া স্তর পর্যন্ত বিচার ব্যবস্থা পৌছে গেছে। দুলাল ব্যানার্জী ধরা পড়েছে, এই রকম আরো হাজার হাজার দুলাল ব্যানার্জী পাড়ায় বিচার করছে এবং বিচার করে ফাইন করছে। এই দুলাল ব্যানার্জীর কৃষ্ণ পচার মতো বহু জাজ পশ্চিমবাংলায় সৃষ্টি হয়েছে। কারণ পশ্চিমবাংলার বিচার ব্যবস্থা সম্পূর্ণ ভাবে ভেঙে পড়েছে। কয়েক দিন আগে মাননীয় মন্ত্রী বলেছেন যে হাইকোর্টে ২ লক্ষ ৮৯ হাজার কেস পেনডিং। সেই কথা এই বাজেট বক্তৃতায় পেলাম না, এর মধ্যে একটাও কেস কমেছে কিনা। এই কেস কিভাবে আগামী দিনে কমিয়ে আনা যায়, বিচার প্রার্থীরা যাতে বিচার পায় সেই ব্যাপারে কোনো কথা এই বাজেট বক্তৃতায় কোথাও বলেননি। এই বাজেট বক্তৃতায় কোথাও তিনি বলেননি যে কটা কোর্টে কত পদ খালি আছে। হাইকোর্টে ১২ জার্জের পদ ভেকেন্ট, লোয়ার কোর্ট ২০০ জাজ নেই, ম্যাজিস্ট্রেট বা মুনসেফ কোর্টে খালি রয়েছে, এইগুলো কি ভাবে ফিল আপ করা হবে সে কথা তিনি বলেননি। স্বাভাবিক ভাবে কোর্টগুলোর এমন একটা অবস্থা হয়েছে তাতে সাধারণ মানুষের কোর্টের উপর বিশ্বাস চলে গিয়েছে, কোর্টে তারা যেতে চাইছে না। একটা অর্ডার ইমপ্লিমেন্ট হচ্ছে না। আমি সুপ্রিম কোর্টের এই রকম একটা অর্ডার দেখাতে পারি। সুপ্রিম কোর্ট অর্ডার দিয়েছিল যে ১লা জানুয়ারির মধ্যে আমাদের রেশনে সে সমস্ত কার্ড ইসু হয়েছে

বি পি এল-এর এবং অন্ত্যোদয় যোজনা সহ সেন্ট্রাল গভর্নমেন্টের যে সমস্ত প্রোজেক্ট সেই প্রোজেক্টের লিস্ট ১লা জানুয়ারি ২০০১ সালের মধ্যে পাবলিস্ট করে দিতে হবে এবং এই লিস্টের চিঠি দিতে হবে। এই অর্ডার ৭ দিনের মধ্যে ডিপার্টমেন্টাল মিনিস্টার রিসিভ করেছেন। তার জেরক্স কপি আমার কাছে আছে, আপনি চাইলে দেখাতে পারি। ১লা জানুয়ারি ২০০১ সাল থেকে ২০০২ সালের জুন মাস হয়ে গেছে, দেড় বছর পেরিয়ে গেছে, সুপ্রিম কোর্টের অর্ডার, সরকারের উপর সরাসরি অর্ডার, দেড় বছর হয়ে গেল এই সরকার অর্ডার মানছে না। এর পরেও কি বিচার ব্যবস্থার উপর সাধারণ মানুষের বিশ্বাস থাকবে ? নারায়ণ বিশ্বাসের বিরুদ্ধে ওয়ারেন্ট রয়েছে, তাঁর বিরুদ্ধে গ্রেপ্তার পরোয়ানা রয়েছে, তাঁর বিরুদ্ধে প্রপার্টি অ্যাটাচমেন্টের অর্ডার রয়েছে, তিনি মুখ্যমন্ত্রীর পাশে বসে মন্ত্রিত্ব করছেন, পুলিশ তাঁকে ধরতে পারছে না। তিনি বিধানসভায় কিছুক্ষণ আগে ছিলেন, তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা রয়েছে। আজকে সমস্ত সাধারণ মানুষ দেখছে দিনের পর দিন পশ্চিমবাংলার বিচার ব্যবস্থা ভেঙে পড়ছে, সেই জন্য তারা বিচার ব্যবস্থার উপর আস্থা হারিয়ে ফেলছে।

[4.10—4.20 p.m.]

স্যার, আমি একটা কথা বলি, একটু আগে আমাদের মাননীয় সদস্য বললেন যে মহকুমা স্তর পর্যন্ত বিচার ব্যবস্থায় এডিজিকে ক্ষমতা দেওয়া হয়েছে, জেলায় যাওয়ার দরকার নেই। আমি একজন প্রাকটিসিং ল'ইয়ার। আমি দেখেছি, এডিজিকে ক্ষমতা দিয়েছেন ঠিকই, কিন্তু এডিজিকে ৪৩৯য়ে বেল্ অ্যাপ্লিকেশনের ক্ষমতা দিয়েছেন, অ্যান্ট্রিসিপেটরি বেল'এর জন্য কোন ক্ষমতা-৪৩৮'এর ক্ষমতা—দেননি। যার জন্য কোন মামলা হলে জজকোর্টে চলে আসছে। সেখানে মামলা হচ্ছে। রেকর্ড এবং সি ডি সেখানে চলে যাচ্ছে এক মাসের জন্য। জজকোর্টে দীর্ঘদিন ধরে সেটা পড়ে থাকছে। ঐ কোর্টে আলাদা যে আসামী বা লিটিগ্যান্টস্ আছে, লোয়ার কোর্টে বা অরিজিন্যাল কোর্টে যাদের মামলা হওয়া উচিত, সেগুলো সেখানে চলে আসছে এবং সেখান থেকে ঘুরে ঘুরে চলে যাচ্ছে। আমি খালি একটা পরিসংখ্যান পড়ে দিচ্ছি যে বিচার ব্যবস্থায় মানুষের আস্থা হারিয়ে যাওয়ার ফলে আমাদের রাজ্য ঠিক কোন্ অবস্থায় এসে পৌঁছেছে। বিধানচন্দ্র রায়, প্রফুল্ল চন্দ্র সেন এবং সিদ্ধার্থশংকর রায় যখন এর আগে মুখ্যমন্ত্রী ছিলেন তখন গড়ে খুন হোত ৮০০-৯০০। বিধানচন্দ্র রায়ের আমলে খুন হোত ৫০৩ জন। প্রফুল্ল চন্দ্র সেনের আমলে গড়ে বছরে খুন হোত ৫৩৩ জন এবং সিদ্ধার্থশংকর রায়ের আমলে গড়ে খুন হোত ৮৬১ জন। বর্তমানে বছরে গড়ে খুন হচ্ছে ১৯০৩ জন, অর্থাৎ প্রায় দু'হাজার করে। পরিসংখ্যানগুলো দেখলে দেখবেন যে, শুধু একটা জেলায়, দক্ষিণ ২৪ পরগনা জেলায় খুন হয়েছে ১১০৫ জন। উত্তর ২৪ পরগনা জেলায় খুন হয়েছে ১০৮৩ জন। বর্ধমান জেলায় খুন হয়েছে ৮৮১ জন। মেদিনীপুরে খুন হয়েছে ৮৪০ জন এবং মুর্শিদাবাদ জেলায় খুন হয়েছে ৮৫৮ জন। বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, প্রফুল্ল চন্দ্র সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন এবং সিদ্ধার্থশংকর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন খুন হয়েছে, যে পরিসংখ্যান ছিল, তার থেকে বেশী খুন হচ্ছে একটা জেলায়। খুন যারা করছে তারা জেনে গেছে প্রিলিমিনারী স্টেজে, বেল্ স্টেজে তাদের ৬০-৭০-৯০ দিন জেলে থাকতে হবে। বিচার

ব্যবস্থা একেবারে ভেঙে গেছে। ৮-১০ বছর মামলাগুলো দায়রা কোর্টে যায় না। ১০ বছর পরে যখন মামলা হয় তখন শতকরা একশো ভাগ ওরিজিন্যাল খুনীরা খালাস পেয়ে চলে আসছে। বিচার ব্যবস্থা ভেঙে পড়ার জন্য, খুন, রাহাজানি, ধর্ষণ বেড়ে চলেছে। মানুষ বিচার ব্যবস্থার ওপরে আস্থা হারিয়ে ফেলেছে। তাই এই বাজেটের বিরোধিতা না করে পারা যায় না। আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধনঞ্জয় মোদক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের আইন ও বিচার মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু'একটি কথা বলছি। আমি খুব মন দিয়ে বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। আমার আগের বিধায়ক শ্রী মলয় ঘটক মহাশয়'এর বক্তব্য শুনে মনে হলো তিনি হোম ডিপার্টমেন্টের বাজেটের ওপরে বলছেন। তিনি কত খুন হলো তার পরিসংখ্যানটা দিয়ে গেলেন। বিচার বিভাগের কাজ খুনীদের বিচার করা, আর খুনের বিষয়টা দেখে হোম ডিপার্টমেন্ট। আমার মনে হয় তিনি বলতে গিয়ে গুলিয়ে ফেলেছেন। যাই হোক, বিচার বিভাগের বাজেটে বলতে গিয়ে তিনি হোম ডিপার্টমেন্টের বাজেটে চেয়েছেন বলে মনে হয়। কেন্দ্রীয় সরকারের বিচার ব্যবস্থাটা কি, যেটি কেন্দ্রীয় সরকারের কেন্দ্রীভূত ব্যবস্থা। সুপ্রিম কোর্ট আইন প্রনয়ণ করে এবং দেখাশুনা করে। পশ্চিমবঙ্গ সরকার তার লিমিটেশানের ভেতর দিয়ে পশ্চিমবঙ্গে বিচার ব্যবস্থাটাকে যাতে নীচের লেভেল পর্যন্ত সাধারণ মানুষের কাছে পৌছে দেওয়া যায়, তার জন্য বামফ্রন্ট সরকারের যে নীতি বিকেন্দ্রীকরণ, তার সঙ্গে সঙ্গতি রেখে আইনভিত্তিক চেষ্টা করছে সাধারণ মানুষের কাছে বিচারের বাণীকে পৌছে দেওয়ার জন্য। যদিও আমরা জানি এই বিচারের বাণী পৌছে দিতে ঠিকমত পারি না, অপ্রতুলতা আছে এবং প্রতি মুহূর্তে কেন্দ্রের বাধা আছে। সেই বাধা কাটিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। মানুষের কাছে বিচারের রায় পৌছে দেবার জন্য আমরা আলোচনা করে সিদ্ধান্ত নেবার চেষ্টা করছি। এক্ষেত্রে আমার দাবী কি করে ঝুলে থাকা মামলার নিষ্পত্তি করা যায় সেটা দেখতে হবে। ঝুলে থাকা মামলা নিষ্পত্তি করা আরো জোরদার হয়ে পড়েছে। এইসব মামলার দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে যে পরিমাণে বিচারপতি থাকার দরকার সেই পরিমাণে নেই। বিচারপতি পদ কিছু শূন্য রয়েছে তার পূরণ হওয়া দরকার। আমরা দেখেছি পশ্চিমবাংলার বহু মানুষকে বিচারের জন্য সুপ্রিম কোর্টে যেতে হয়। সেখানে সুপ্রিম কোর্টে যেতে গেলে যে বেশী পয়সা খরচ হয় তা সব মানুষ দিতে পারে না। ফলে তারা বিচার পায় না। সেইজন্য একটা দাবী যে, সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ কলকাতাতে স্থাপন করা হোক। তাহলে সাধারণ মানুষ সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চে দ্বারস্থ হতে পারবে। বিধানসভাতে এর দাবীও করা হয়েছে এবং আইনমন্ত্রী প্রতিশ্রুতিও দিয়েছেন সুপ্রিম কোর্টের সার্কিট বেঞ্চ কলকাতাতে স্থাপন করা হবে। তারপরের নর্থ বেঙ্গলে হাইকোর্টের সার্কিট বেঞ্চ স্থাপন করা হবে বলা হয়েছে। আইন বিভাগ তার জন্য চেষ্টাও করেছেন এবং প্রয়োজনীয় কাজও তারা করেছেন, কিন্তু তবুও চালু হয়নি। সুতরাং উত্তরবঙ্গে হাইকোর্টের সার্কিট বেঞ্চ যাতে স্থাপিত হয় তার দাবী করছি। জনগণের জন্য যেমন স্বাস্থ্য পরিষেবার দরকার তেমনি বিচার ব্যবস্থাও একটা পরিষেবা জনগণকে দেওয়া দরকার এবং সেইভাবে তার গুরুত্ব দেওয়া দরকার। বামফ্রন্ট সরকার প্রত্যন্ত এলাকায় আজকে ফাস্টট্রাক

কোর্ট করেছে, কিন্তু আরো করা দরকার। সেটাই আমাদের বন্ধু সামসুল সাহেব বলেছেন যে ব্লকে ব্লকে ফাস্টট্রাক কোর্ট করার দরকার যাতে করে আরো বেশী করে প্রত্যন্ত এলাকার মানুষ বিচার পায়। তাছাড়া আমরা দেখেছি বিচারপতি, আইনজ্ঞ যাঁরা আছেন বা ল-ইয়ার যারা আছেন তাদের বসার সেরকম জায়গা নেই। যারা কোর্টে কেস করতে আসে তাদেরও বসতে দেওয়ার জায়গা নেই, মহিলাদের কোন বসার জায়গা নেই। টয়লেট নেই, এই বিষয়গুলো দেখা দরকার। তাছাড়া যারা আসামী অ্যাকুউজড্ আসামী তাদেরও মানুষ হিসাবে ট্রিট করা দরকার এবং তাদের জন্য বসার জায়গা এবং টয়লেটের ব্যবস্থা করা দরকার। এইসব ব্যবস্থা থাকা দরকার এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কল্যাণ ব্যানার্জী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট অ্যাডমিনিস্ট্রেশান অফ জাসটিসের ডিমান্ড নং 4-এর বিরোধিতা করে আমাদের কাটমোশানকে সমর্থন করে তার ফেভারে বক্তব্য রাখছি। আমি প্রথমেই বলি যে, এই বাজেট স্পীচের প্যারাগ্রাফ টুতে যেখানে বলেছেন গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া ২০০১-২০০২ সালের জন্য ৬৮৫.৯৬ লক্ষ টাকা স্টেট গভর্ণমেন্টকে অলরেডি রিলিজ করেছে সেখানে স্টেট গভর্ণমেন্ট ২০০১-২০০২ সালের ওই টাকা এখনো পর্যন্ত রিলিজ করেনি। তারপরে বলা হয়েছে "The Government of India also released Rs. 685.96 lakhs as central share towards............ development of infrastructural facilities for judiciary against which an equivalent amount of state matching share would have to be released by the state Government. তারপরে প্যারাগ্রাফ থ্রিতে বলেছেন কনস্ট্রাকশান অফ বিচার ভবন অ্যাট কলকাতা হবে বলেছেন—এই বিচার ভবন কবে তৈরি হবে, এই বিচার ভবনে কি থাকবে, কি আসবে এবং কবে এটা শেষ করতে চান সেই বিষয়টা একটু পরিষ্কার করে বলুন।

[4.20—4.30 p.m.]

আপনি ক্লজ টুতে, বাজেট স্পীচের মধ্যে বলেছেন, অনেকগুলি কন্সট্রাকশান অফ নিউ কোর্ট বিল্ডিং নিয়ে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় বিভিন্ন কোর্ট বিল্ডিং যেগুলি রয়েছে তার ফর্টি পারসেন্ট অফ দি কোর্ট বিল্ডিং ডিলাপিডেটেড কন্ডিশান হয়ে গেছে। এমন একটা অবস্থায় কোর্ট বিল্ডিংগুলি রয়েছে, সেখানে জাজদের বসা, ল-ইয়ারদের বসা ডিফিকালট। ল-ইয়াররা বসতে পারছেন না, পাশাপাশি যে সমস্ত ক্লায়েন্টরা আসে যায়, বাদী বিবাদী, অন্যান্য উইটনেস আসে তাদেরও বসার জায়গা নেই, ফলে খুবই স্টাফি। দেখা যাচ্ছে, প্রতিটি কোর্ট রুমে লোডশেডিং হয়ে গেলে সমস্ত জাজদের উঠে যেতে হচ্ছে, প্রায় দেড় ঘণ্টা, দুই ঘণ্টা মামলা শোনা যাচ্ছে না। অতএব আপনারা কোর্ট বিল্ডিং যেগুলি রয়েছে সেখানে জেনারেটারের ব্যবস্থা করুন। কোর্ট আওয়ার্সে জেনারেটার-এর ব্যবস্থা করা দরকার, লোডশেডিং হলে যাতে বিচার ব্যবস্থাটা কন্টিনিউ করতে পারে, তার ব্যবস্থা করুন। আর একটা জিনিস আমি দেখতে পাচ্ছি, আমার ইনফর্মেশান অনুযায়ী পশ্চিমবাংলার উচ্চ আদালত

বাদে প্রায় ৫৬৮টির মতন কোর্ট রয়েছে, এই সংখ্যাটা একটু ভ্যারী করবে, একটু বাড়বে এবং তাতে প্রায় ১০০ জনের মতন জাজ নেই, উচ্চ আদালতের জাজ ছাড়া। অন্যান্য উচ্চ আদালত ছাড়া প্রায় ১০০ জন জাজের ভ্যাকন্সি রয়েছে। অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশান এর কেসে সময় দিয়েছে, যতগুলি ভ্যাকান্সি রয়েছে, সেই ভ্যাকান্সিগুলি ফিল আপ করার জন্য মার্চ, ২০০৩ পর্যন্ত টাইম দেওয়া হয়েছে। কিন্তু তারপরেও এক্সটেন্ডড ফিফটি যেটা রেশিও এসেছে সেটা পরে দিতে বলেছে। তবুও আপনার কাছে অনুরোধ, আপনার বাজেট স্পীচেও দেখলাম না, কোন জায়গায় আপনি বলছেন ঐ ব্যবস্থা নেওয়া হচ্ছে, এই যে ভ্যাকন্সিগুলি রয়েছে সেইগুলি ফিল আপ করার জন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন—সেটা বাজেট স্পীচে বলেননি। তারপরে, অল ইন্ডিয়া জাজেস অ্যাসোসিয়েশানের ২১.৩.০২ তে যে জাজমেন্ট রয়েছে, সেই জাজমেন্ট অনুযায়ী ফিফটি পারসেন্ট অফ দি ইলেকট্রিসিটি অ্যান্ড ওয়াটার চার্জেস শুড় বি বর্ন বাই দি স্টেট গভর্ণমেন্ট ইন রেসপেক্ট অফ দি জুডিসিয়াল অফিসার্স। সেটা আপনাদের ইমিডিয়েটলি দিতে বলেছে, তার জন্য কোন টাইম ধরেনি। এটা ইমিডিয়েটলি দিতে বলেছে, উইথ দি পে স্কল। আপনার বাজেট স্পীচ এর মধ্যে এটা আসেনি। সুতরাং হাউ উইল প্রভাইড দ্যাট ? ফিফটি পারসেন্ট অফ দি ইলেকট্রিসিটি অ্যান্ড ওয়াটার চার্জেস—আপনি কি করে দেবেন ? সেই সম্বন্ধেও কোথাও কিছু বলেননি। এবারে আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে, আগে কলকাতা হাইকোর্টের জাজদের যে মেডিকেল বেনিফিট ছিল, সেই মেডিকেল বেনিফিট অনুযায়ী একজন জাজ রিইমবার্স পেতো—ইকিউভ্যালেন্ট রাজ অফ দি ডেপুটি মিনিস্টার। এখন আপনারা রিসেন্টলি করছেন কলিকাতা হাইকোর্ট-এর জাজরা তাদের হসপিটালাইজেশান হলে শুধু স্টেট গভর্ণমেন্ট-এর স্টেট এইডেড, স্টেট গভর্ণমেন্ট হসপিটালে হসপিটালাইজেশান হবে, বাকী জায়গায় হবে না। এই জায়গাটায় বলছি, এখন অনেক ভাল ভাল ল-ইয়ার আছেন যারা জাজ হতে চান, আজকে যদি ফেসিলিটি উইথড্র করে নেন তাহলে আগামী দিনে ভাল ল-ইয়ারদের ডাইরেক্টলি জাজ এর ক্ষেত্রে পাবেন না। মেডিকেল ফেসিলিটি ইজ ওয়ান অফ দি ফেসিলিটিটা উইথড্র করবেন না। বিজন ভবনে ২১ কোটি টাকা খরচা করে ১৮টি ফ্ল্যাট করেছেন জাজদের অ্যাকোমোডেশানের জন্য। এই ব্যাপারে আমার কাছে যা ইনফর্মেশান আছে, মাত্র ৭/৮টির মতো ফ্ল্যাটে জাজ ওখানে গিয়েছেন। এখনো অনেক ভ্যাকান্সি আছে। কিন্তু এই ভ্যাকান্সিটা কেন থাকবে ? ১০ হাজার টাকা করে হাউস রেন্ট যখন জাজদের দিতে হবে, এতো তাদেরকে ফিল আপ করতে হবে। আপনি জানেন, সান্ধুওয়ালা জাজমেন্টে সুপ্রিমকোর্ট বলেছে, '৯৪ সালে কলকাতা হাইকোর্টে দেখা যাচ্ছে, হাইকোর্টের জাজরা দে আর গেটিং মোর বেনিফিটস দ্যান আদার স্টেটস এবং সেখানে সুপ্রিম কোর্ট বলেছে, প্রতিটি জাজের ক্ষেত্রে হাউসের অ্যাকোমোডেশান করে দিয়ে হাউস রেন্ট অ্যালাউন্স বন্ধ করতে, এবং কার প্রভাইড করে কার অ্যালাউন্স বন্ধ করতে। যাতে সমস্ত রাজ্যের সঙ্গে হাইকোর্টের জাজদের মধ্যে একটা সামঞ্জস্য থাকে। এইটা সান্ধুওয়ালার জাজমেন্টে আছে সেটা এখানে ইমপ্লিমেন্ট করেননি। পাবলিকের ২১ কোটি টাকা খরচ করে বিজন ভবন হবে, এটা কার টাকা ? এবং সেই বিজন ভবনে কেন ভ্যাকান্সি থাকবে ? সেই বিজন ভবনের জন্য যে টাকাটা দেওয়া হবে—তাহলে আপনি হাইকোর্টের সাথে কথা বলুন—তা পাবলিকের টাকা, সরকারের টাকা, এটা খরচ

হবে, আর সেটা ইউটিলাইজ হবে না, তাতো হতে পারে না। আপনি এই বিজন ভবনের ব্যাপারটা একটু দেখুন। এরপরে আপনাদের বলি, রিগার্ডিং অ্যাপয়েন্টমেন্ট করুন। যেভাবে চারিদিকে পি পি অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে, আপনি তো জানেন, বাঁকুড়ায় পি পি অ্যাপয়েন্টমেন্ট হলো। ইন কনসালটেন্সি উইথ দি ডিস্ট্রিক্ট জাজেস হচ্ছে না, সেট অ্যাসাইড হয়েছে, আপনি ভালো করেই জানেন—সেকশান ২৪, ২৫ অফ দি সি আর পি সি হ্যাড নট বিন কমপ্লাইড উইথ।

নারায়ণ বিশ্বাসের কেসে আপনার অদ্ভুত এক পি পি হয়েছে। সেই পি পি অ্যাকিইজড়ের হয়ে আরগুমেন্ট করছে, আর যখন অ্যাডিশনাল সেশান জাজের কাছে মামলা হয় সে চার্জ ফ্রেম করার জন্য বলছে আন্ডার সেকশান থ্রি হান্ড্রেড টোয়েন্টি ফোরে। আর অ্যাডিশনাল সেশান জাজ বলছে ম্যাটিরিয়ালে যা রয়েছে তাতে চার্জ ফ্রেম হয় আন্ডার সেকশান থ্রি হান্ড্রেড সেভেনে। কিন্তু সেই পি পি বার বার বলে যাচ্ছেন আন্ডার সেকশান থ্রি হান্ড্রেড টোয়েন্টি ফোরে চার্জ ফ্রেম করার জন্য। আল্টিমেটেলি অ্যাডিশনাল সেশান জাজ কন্সিডারিং দি এন্টার রেকর্ড অফ দি কেস, হি হ্যাজ ফ্রেমড্ দি চার্জ আন্ডার সেকশান থ্রি হার্ন্ডেড সেভেন। ২৬.৪.২০০২-এর অর্ডারে দেখবেন ঐ কেসের পি পি-র বিরুদ্ধে রীতিমত কমেন্ট পাশ করেছে অ্যাডিশনাল সেশান জাজ। এর থেকেই বুঝতে পারছেন কারদেরকে আপনি পাবলিক প্রসিকিউটার হিসাবে নিয়োগ করছেন। শুধু রাজনীতি করার জন্য তো পাবলিক প্রসিকিউটার নিয়োগ করলে হবে না। নারায়ণ বিশ্বাসের কেসে বেইল পিটিশানের হিয়ারিং হচ্ছে যখন, তখন ঐ পি পি কিন্তু অপোজড্ করছে না। তখন সে বলছে বেইল দিয়ে দিন। তাহলে আপনারা কোন পি পি-কে নিয়োগ করছেন ? একজন ভালো ল-ইয়ার দেখে পি পি নিয়োগ করুন। শুধু নিজেদের লোকদের নিয়োগ করবেন তা তো হয় না। কলকাতা হাইকোর্টে যে প্যানেল করেছেন—নিশ্চয় অ্যাডভোকেট জেনারেল রেসপেক্টেড লোক—অল রেসপেক্ট তিনি নিয়োগ করেছেন, জি পি করেছেন, এটা ঠিকই আছে। কিন্তু নীচের দিকে যাদের করেছেন তাদের আপনি দেখবেন না। ফোরটি পারসেন্ট ম্যাটার অফ দি স্টেট গভর্ণমেন্ট, কোন ল-ইয়ার অ্যাপিয়ার হচ্ছে না। আজকে আমি সকালবেলা কোর্টে বসেছিলাম একুশখানা স্টেট গভর্ণমেন্টের ম্যাটার হয়ে গেল—বিচারপতি প্রতাপ রায়ের ঘরে—সেখানে একজন ল-ইয়ারও অ্যাপিয়ার হল না। প্যানেলে যাদের ল-ইয়ার হিসাবে নিয়োগ করবেন তারা যাতে অ্যাপিয়ার হয় সেটা দেখুন। শুধু শুধু স্টেট গভর্ণমেন্টের বার্ডেনগুলো নষ্ট করবেন কেন। লিগাল এইড সম্বন্ধে বলছি, লিগাল এইডের জন্য সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে টাকা আসছে। লিগাল এইডের যে প্যানেল তৈরি করছেন এবং ল-ইয়ার হিসাবে যাদের নিয়োগ করছেন—আল্টিমেটেলি লিগাল এইড হচ্ছে ক্ষেতমজুর এবং ভূমিহীন লোকেদের জন্য—সেই ল-ইয়াররা কিন্তু সেখানে অ্যাপিয়ার হচ্ছে না। যখন প্যানেল করবেন তখন দেখেশুনে করবেন, শুধুমাত্র ডি এল এ-র লোক যারা, যারা নিশীথ কাকু বলছে, নিশীথ দা বলছে তাদের ওখানে নিয়োগ করবেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় চার নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশান আনা হয়েছে তাকে সমর্থন করছি। আমার পূর্ববর্তী বক্তা কল্যাণ ব্যানার্জী কিছু বিষয় এখানে উল্লেখ করেছেন, তিনি লিগাল এইডের ব্যাপারে ভালোভাবেই জানেন। আমরা যারা সাধারণ মানুষ তাদের সরকারের কাছে

একটা আস্থা থাকে। সরকার তার প্রশাসনিক ব্যবস্থা নেবে, যারা ক্রিমিনাল তাদের শাস্তি হবে এবং এই ব্যাপারে ব্যবস্থা নেবার জন্য বিচার বিভাগ পুরোপুরি সহযোগিতা করবে। আপনি ল-ইয়ার হিসাবে জানেন, স্টেট ভার্সেস ক্রিমিনাল যখন কোন কেস হয়—তখন অভিযুক্তকারী হচ্ছে একজন ক্রিমিনাল এবং অভিযোগকারী হচ্ছে সরকার, যতক্ষণ না তিনি অভিযুক্ত ও আদালতের রায়ে তাকে নির্দোষ না বলা হচ্ছে ততক্ষণ সরকার পক্ষ থেকে আরগুমেন্ট দেওয়া হয়। আপনি নিজে একজন ল-ইয়ার আপনি জানেন, সেই অভিযুক্তের জামিন নাকচ করা থেকে শুরু করে সেই অ্যাকিউজড্ পার্সনের যাতে কনভিকশান হয় তার জন্য আদালতে সরকার পক্ষ লড়াই করে। সেইজন্যই ক্রিমিনাল কেসগুলো হয়। অ্যাকিউজড্ পরে বা ভারতবর্ষে গণতান্ত্রিক কাঠামো চালু হওয়ার পরে, ব্রিটিশ আমলেও আমরা দেখিনি সরকার বনাম সরকার কেস হচ্ছে।

[4.30—4.40 p.m.]

আপনারা দেখুন—সরকার ভার্সেস সরকার কেস হচ্ছে, সরকার ভার্সেস সরকার মামলা হচ্ছে। প্রসিকিউটর কে ? প্রসিকিউটর গভর্নমেন্টের কি। তিনি গভর্নমেন্টের পার্ট। তাহলে অ্যাকিউজড কে ? আপনি নিশীথ অধিকারী। ব্যক্তি নিশীথ অধিকারী ভালো কি মন্দ তা নয়, আপনি নিশীথ অধিকারী আপনি সরকারের একটা অংশ। কেননা আপনি মন্ত্রী। আপনার বিরুদ্ধে যদি ক্রিমিনাল কেস হয়, যদি আপনি মন্ত্রী থাকেন তাহলে সরকারের বিরুদ্ধে কেস, এটাই ধরে নেব। আপনি একজন আইনবিদ্, আপনি বুঝিয়ে বলুন—অনেক কথা আপনারা বলেছেন, আমরা নাকি আপনাদের লোককে পশ্চিমবাংলায় খুন করেছি, ইত্যাদি—একজন মন্ত্রী অভিযুক্ত, তার বিরুদ্ধে মামলা করেছে সরকার, সেই সরকারের পুলিশ তাকে চার্জশিট দিয়েছে, কোথাও এরকম আছে ? আপনি উদাহরণ দেবেন কোন্ কোন্ এম এল এ অভিযুক্ত হয়েছে। মাননীয় মন্ত্রী জানেন, মন্ত্রীর যে অধিকার, একজন এম এল এ-র সেই অধিকার নেই। আপনি জানেন যে আপনি পাবলিক সার্ভেন্ট। আপনাকে কয়েকটি রেফারেন্স দিচ্ছি। আই পি সি-তে পাবলিক সার্ভেন্ট কে ? Prime Minister of a country, Chief Minister of a State or a minister of centre or state Government is a Public servant covered by section 21 of IPC. আই পি সি-তে বলা হয়েছে এরা পাবলিক সার্ভেন্ট। সুপ্রিম কোর্টের রুলিং আছে, আপনি তো প্রাকটিস করেছেন, আপনি তো জানেন, যারা আইনবিদ্ আছেন এখানে তারাও জানবেন—সুপ্রিম কোর্টের রুলিং হচ্ছে এ আই আর ১৯৭৫-এর ৫৯৮ এবং সুপ্রিম কোর্টের রুলিং আছে এ আই আর ১৯৭৫-এ দেখুন ১৬৮৫। সেখানে রুলিং দেওয়া হয়েছে—পাবলিক সার্ভেন্টের বিরুদ্ধে যদি কোনো মামলা হয়, কেস হয় এবং পেন্ডিং থাকে এবং তার বিরুদ্ধে যদি চার্জশিট দেওয়া হয়, তাকে সাসপেন্ড করতে হয়। তাহলে আপনি বলুন, মন্ত্রী পাবলিক সার্ভেন্ট কিনা। কয়েকদিন আগে হাইকোর্ট একটি রুলিং দিয়েছে কোন্নগর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের বিরুদ্ধে। সেখানে বলা হয়েছে কোন্নগর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যেহেতু একটা অফিস হোল্ড করেন, সেইহেতু তিনি পাবলিক সার্ভেন্ট। এবং, যারা সরকারে এরকম পদ হোল্ড করছেন তারাও পাবলিক সার্ভেন্ট। তাহলে আপনি বলুন, যদি এদের প্রকৃত বিচার না করেন তাহলে আমরা কি করে আশ্বস্ত হব ? কোনদিন দেখেছেন পি পি-র ঘরে অ্যাকিউজড গিয়ে

প্রেস কনফারেন্স করছে ? সরকারে আছেন, লালবাতি জ্বালিয়ে আদালত চত্বরে প্রবেশ করছেন, আদালতের দ্বারস্থ হচ্ছে, এরকম কোনোদিন দেখেছেন। আপনাদের এরকম একটা আজব রাজত্বে আমরা বাস করছি। আমার বন্ধু কল্যাণ ব্যানার্জী পি পি-র সম্বন্ধে আগেই বলেছেন। ক্রিমিনাল জার্নাল ১৯৭৩ এবং এ আই আর ১৯৯১, সেখানে সুপ্রিম কোর্ট বলছেন কি ? ৫৩৭-এ দেখুন বলছেন পি পি-র এ্যাপয়েন্টমেন্ট সম্বন্ধে, আন্ডার রুল ২৪ অফ্ সি আর পি সি—He must consider himself as an agent of justice. তাহলে বলুন, আমরা পি পি-র কাছে জাস্টিস পেয়েছি কি না। সেই পি পিকে আপনাদের সরকার মদত দিয়ে যাচ্ছে। আজকে পশ্চিমবাংলা থেকে এই বিচার বিভাগ, আইন বিভাগ তুলে দেওয়া উচিত। কেননা আপনারা পশ্চিমবাংলার মানুষের বিচারের উপর প্রভাব বিস্তার করছেন এবং নন-কোঅপারেট করছেন। আজকে নারায়ণ বিশ্বাসের মত অনেকেই করেছেন। আরামবাগে আপনারা বিচারপতিকে হুমকি দেখিয়ে রায় পাল্টেছেন। বলুন আজকে বিচার ব্যবস্থাকে আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন ? নিম্ন আদালতে ক'টা ঘর হ'ল, সেটা আলাদা কথা। আজকে মাননীয় বিচারপতি কি করবেন ? কল্যাণবাবু বললেন—পি পি যদি গিয়ে বলেন—স্যার, অ্যাকিউজডকে বেল দিন, তাহলে তিনি কি করবেন ? তাহলে কার কাছে মানুষ বিচার পাবে ? বিচারপতি কি পি পি-র কাছে জানতে চাইছেন—কেন আপনি নিষেধ করছেন ? এটা আপনি কি করছেন ? যদি আপনি নিরপেক্ষ হতে না পারেন তাহলে পি পিকে সরিয়ে দিন। আজকে ওই নারায়ণ বিশ্বাসের মত অভিযুক্ত খুনিকে মন্ত্রী হিসাবে রেখে দিয়েছেন। একজন খুনি আপনাদের মন্ত্রীসভার সদস্য, তিনি বাজেট তৈরি করছেন, সেই বাজেটের উপর আমাদের বক্তৃতা দিতে হবে। এটা আমাদের পক্ষেও লজ্জার, বিধানসভার সদস্যদের পক্ষেও লজ্জার।

কারণ বাজেট বিবৃতি মন্ত্রীসভা তৈরি করেছে। সেই মন্ত্রীসভার একজন সদস্য খুনের আসামী এবং তিনি সরকারের পি পির সহযোগিতা পাচ্ছেন। যিনি ইন্সপেক্টার, ইনভেস্টিগেটিং অফিসার, তিনি বলছেন, তিনি ট্রান্সফার হয়ে যাচ্ছেন। তাকে হুমকি দেওয়া হচ্ছে। তাহলে কাজ কিভাবে এগোবে। যিনি মেডিক্যাল পোস্টমর্টেম করছেন, সেই ফাইল পাওয়া যাচ্ছে না। আপনি কি কোনো ব্যবস্থা নিয়েছেন কি যে কেন ফাইল হারিয়েছে ? কোনো ব্যবস্থা নিতে পারেন নি। আজকে পি্ পি বলছে কেস উইথড্র করতে হবে। তাই নিশীথবাবু বলছি, যদি আপনার মধ্যে বিবেক বোধ থাকে, আপনার ভদ্রতার প্রলেপ থাকে, তাহলে আপনি এগুলি বলুন, না হলে আমি এই বাজেট বিবৃতি মানছি না। কারণ এখানে একজন খুনি লোক বসে আছে। আপনার সৎ সাহস থাকলে বলুন। আজকে দেখুন আপনার চিফ সেক্রেটারিকে আদালত অবমাননার দায়ে আদালতে দাঁড়াতে হচ্ছে। যেখানে সাধারণ মানুষ আদালতকে সম্মান দেন, সেখানে আপনার চিফ সেক্রেটারি সর্বোচ্চ পদে আছেন, সেখানে তাকে আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হয়ে আদালতে দাঁড়াতে হচ্ছে। এডুকেশান ডিপার্টমেন্টের অফিসার ছিলেন, চলে গেলেন আদালত অবমাননার দায়ে। কত ক্ষেত্রে সরকারি অফিসাররা ভৎর্সনা হচ্ছেন তার ঠিক নেই। এছাড়া আপনার পি পি জি পি, সমস্ত নিয়োগের ক্ষেত্রে যেভাবে দলবাজি করছেন, এর আগে আইনমন্ত্রী ছিলেন এমন করেছিলেন যে, প্যানেল পর্যন্ত বাতিল করতে হয়েছে। শিক্ষা ক্ষেত্রে, ব্যবসা বাণিজ্য, শিল্প সব ক্ষেত্রে আপনারা নট করে দিচ্ছেন।

এখনও ভারতের মানুষ বিচার ব্যবস্থাকে সম্মান দেয়। আপনারা আগে ওই খুনির ব্যবস্থা করুন, তারপর আমরা কথা বলব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশীথ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ৪ নাম্বার ডিম্যান্ডের স্বপক্ষে এবং কাটমোশানগুলি এসেছে, সেগুলির ব্যাপারে সংক্ষেপে বলব। আমি প্রথমেই বলছি যে, আমার বিরোধীদলের যে বন্ধুরা আছেন তাদের যে অনুযোগ, অভিযোগ, তাতে মনে হয় যে, বিচার বিভাগের বাজেট এর উপর তারা বোধহয় সুবিচার করেননি। যে তথ্য জানার কথা ছিল তাদের বিচার বিভাগ সম্পর্কে, সম্যকভাবে অবগত হওয়ার কথা ছিল, এর যে কনসার্ন আশঙ্কার কথা বলা উচিত ছিল, এমনকি আমার আইনজীবী বন্ধুরা যারা মাননীয় সদস্য আছেন, তারা কিন্তু এই ব্যাপারে একটুও আলোকপাত করেননি। আমি বলব তারা তাদের কাটমোশানটুকুও ভালো করে পড়েনি। ২৬টি কাটমোশান ছিল।

[4.40—4.50 p.m.]

কাশীবাবু যে কথা বলেছেন বাঁকুড়া জেলায় লাইসেন্সড ভেন্ডারের কথা এটা বিচার বিভাগের কাজ নয়, এটা ফিনান্সের কাজ। আর বাঁকুড়া, মেদিনীপুর ইত্যাদি জেলাতে এপ্রিল থেকে জুন পর্যন্ত কোর্ট চালানোর ব্যর্থতা এটা কিন্তু সরকারের কাজ নয়, এটা হাইকোর্টের অ্যাডমিনিস্ট্রেটিভ পাওয়ার, এটা বাজেটের মধ্যে আসে না। আমার বন্ধু অরুণাভবাবু যেটা বলেছেন তাঁর অবগতির জন্য জানাই যে মুর্শিদাবাদ এস্টেট-এর কথা বলেছেন। এটা দেখাশোনা করার, রক্ষণাবেক্ষণ করার সমস্ত দায়িত্বই বিচার বিভাগের এবং সেটা সেজন্য দেওয়া হয়েছে। এবারে আমার দ্বিতীয় কথা উনি হাইকোর্টের জমির কথা বলেছেন, ওঁর অবগতির জন্য হাইকোর্টের জমি কিন্তু এর মধ্যেই ভ্যাকেট হয়ে গেছে, হাইকোর্টের কাছে হস্তান্তরিত হয়ে গেছে। এটা তো অ্যাক্ট হয়ে গেছে। এভিকশন তো সরকার করতে পারে না। এভিকট করতে গেলে তাকে আন অথরাইজড অকুপ্যান্ট হতে হয়। এরা কেউই আনঅথরাইজড অকুপ্যান্ট ছিল না। আরও জানাচ্ছি যে ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালের কথা যেটা বলেছেন, আবারও বলছি এর সঙ্গে বিচার বিভাগের কোন সম্পর্ক নেই। তৃতীয় হচ্ছে ফাস্টট্রাক কোর্ট এর ব্যাপারে অনেক প্রশ্ন এসেছে। ফাস্টট্রাক কোর্ট সম্পর্কে বলি, এখন কিন্তু ফাস্টট্রাক কোর্ট ৬২টা হয়ে গেছে। আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার দেওয়া আছে সেই ইনফ্রাস্ট্রাকচার পাওয়ার কথা, অ্যাপয়েন্টমেন্ট দেবে কোর্ট, এটা বলা আছে।

(ভয়েস : নারায়ণ বিশ্বাসের গ্রেপ্তার সম্বন্ধে বলুন।)

এটা সব জুডিস ম্যাটার এটা বলা যায় না। পি পি সম্পর্কে যা বলেছেন, আমি একটা কথা বলি পি পি কোন পারটির নয়, পি পি কোর্টের প্রতিভূ। সেখানে কোন কমপ্লেন্ট নয়।

আপনাদের যে কাটমোশানগুলি এসেছে তার একটা হলো ব্যাকলগ অফ কেসস্। আপনাদের একটা নতুন কথা জানিয়ে রাখি আমি আজকে হাইকোর্ট থেকে লেটেস্ট পজিশান নিয়ে এসেছি তার গ্রাফটা বলে দিচ্ছি। কোর্ট কেসেস কিন্তু কমে যাচ্ছে। তার কারণ কিন্তু আলাদা, আপনারা জানেন কিনা জানি না। এই পেন্ডিং কেসের সংখ্যা হাইকোর্টে ছিল ৩ লক্ষ ৬০ হাজার, বর্তমানে সেটা হয়েছে ২ লক্ষ ১১ হাজার। ব্যাকলগ অনেক কমে গেছে। এটা প্রত্যেকটি নীচের কোর্টেও সাবডিভিশনাল কোর্ট পর্যন্ত একই অবস্থা। আমি যখন প্রথম

১৯৯৬ সালে এসেছিলাম তখন বলেছিলাম ১৮ লক্ষ, এটা কমে দেখা যাচ্ছে ৯৪ পারসেন্ট ডিসপোজ হয়ে যাচ্ছে। এটা কমে ১৪ লক্ষ হয়েছে। আমি যে গ্রাফটার কথা বলছি একেবারে ইনস্টিটিউশান অফ কেস সেটা কমে গেছে। এই যে ডিস্ট্রিক্ট ওয়াইজ গ্রাফ তাতে ডিসপোজাল সেটা ট্রিমেন্ডাস বাড়ছে। এটা আমার দেওয়া নয়, এটা হাইকোর্ট থেকে নিয়ে এসেছি। এর কারণ হচ্ছে ইনটেলেকচুয়াল এক্সারসাইজ অফ দি জাজেস এ্যান্ড ল' ইয়ার্স আর বিইং সাবস্টিটিউটেড বাই দা প্রেজেন্ট টেকনোলজি। প্রত্যেকটা হাইকোর্টের জাজেদের পার্সোনাল কমপিউটার দিয়েছি। তাই বলছি এটা ক্লাসিফায়েড হয়ে গেছে। তাহলে অবস্থাটা বুঝে নিন।

(নয়েজ)

সুপ্রিমকোর্ট নর্থ বেঙ্গলের সার্কিট বেঞ্চ এই দুটির ক্ষেত্রে আমরা চেষ্টা করছি, কিন্তু করার মালিক আমরা নই। সুপ্রিমকোর্ট সার্কিট বেঞ্চ করে, এটা করে সুপ্রিম কোর্টের চিফ জাস্টিজ।

(গোলমাল)

(ভয়েজ : সুপ্রিম কোর্ট বলে দিয়েছে কাকে কত দিতে হবে। সে ব্যাপারে বলুন।)

**শ্রী নিশীথ অধিকারী :** আমি সেই ব্যাপারেই আসছি। এখানে ঐ ব্যাপারে অনেকে বলেছেন। সুপ্রিম কোর্ট রিসেন্টলি, মার্চ মাসের ২১ তারিখে বোধ হয় একটা জাজমেন্ট দিয়েছেন শেঠি কমিশনের রেকমেন্ডেশন খানিকটা একসেপ্ট করে খানিকটা বাদ দিয়ে। এটা প্রত্যেকের বুঝে নেওয়া ভালো। শেঠি কমিশনের যে রিপোর্ট, দ্যাট ওয়াজ এক্সেপ্টেড বাই দি এপয়েন্টিং অথোরিটি, দ্যাট ইজ সেন্ট্রাল গভর্নমেন্ট। করেনি। স্টেট গভর্নমেন্টগুলো কোন উত্তর দেয়নি।

(ভয়েজ : আপনারা একজিকিউশন করেছেন।)

সিচ্যুয়েশন-টা অন্য জায়গায়। পঙ্কজবাবুকেও বলেছি। এখানে যে পজিশন দাঁড়াচ্ছে, আমাদের এখন করা যে ভোটেড বাজেট, যে বাজেট ভোটে আসে, সুপ্রিম কোর্টের ডাইরেকশন যদি মানতে হয় তাহলে জুডিশিয়াল বাজেটকে ১০ থেকে ১২ গুণ করতে হবে। বুঝতে হবে, টাকা কিন্তু আমাদের নয়, সুপ্রিম কোর্টেরও নয়, সমস্ত মানুষের টাকা। আমাদের বক্তব্য হচ্ছে, এটা বুঝে নিতে হবে, পাওয়ার অফ দি লেজিসলেচার, সেটা যদি বাজেট করে বা কোনটাতে প্রায়োরিটি থাকবে—খাবার জল, স্কুল না হাসপাতাল, তার উপর ডিটারমাইন করা দরকার। এই ডিটারমিনেশন রাইট যদি চলে যায় সেটা ভালো হবে না খারাপ হবে সেটা ভেবে নিন। কারণ, ডাইরেকশনস আর মেন্ডেটরি ডাইরেকশনস। ফলে আমার মনে হয় যদি চিন্তা করে আমরা কিছু একটা না করতে পারি, একটা জায়গায় আনতে না পারি তাহলে হবে না। আর যদি কিছু করতে হয় সবাইকে মিলেই করতে হবে।

(ভয়েজ : এটা আপনার পক্ষে।)

আমার পক্ষের ব্যাপার নয়, সাধারণ মানুষের ব্যাপার। ফলে সমস্যাটা সম্পর্কে সমস্ত বন্ধুদের অবহিত করতে চাই এবং দরকার হলে আমি এটা প্রত্যেকের কাছে দিয়ে দেব।

ফাস্টট্রাক কোর্টের ব্যাপার যখন এল তখন বলি, এটা স্টেট গভর্নমেন্টের ব্যাপার নয়। ইলেভেন্থ ফিন্যান্স কমিশন বলল, প্রত্যেকটা জেলাতে ৫টা জাজ দিতে হবে। কাদের ? না, রিটায়ার্ড জাজদের। কিন্তু তাদের উপর তো হাইকোর্টের কন্ট্রোল নেই। তখন বলল ল-ইয়ারদের কথা। এটা একটা হচ্‌পচ্‌ অবস্থা হয়ে রয়েছে। কিন্তু আমাদের নীতি কি ? হয়তো আপনারাও আপত্তি করবেন না। আমাদের কথা হচ্ছে বি-কেন্দ্রীকরণ করা। এতগুলো লোককে নিতে হবে ডিস্ট্রিক্টে। ডিস্ট্রিক্টে ৫টা হলে ডিস্ট্রিক্টেই হচ্ছে, তলায় হচ্ছে না।

যে টাকা দিয়েছে সেটা একটা গাড়ীর টাকা দিয়েছে। ৫ জনকে ডিস্ট্রিক্টে রাখতে হবে, ফলে তলার যে বিচারটা সেটা দূরে যেমনকার ছিল সেরকমই থেকে যাবে, যেখানে আমরা করছি সাবডিভিশনে এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজকে নিয়ে যাওয়ার চেষ্টা করছি, সেটা কিন্তু থাকবে না যদি ফার্স্ট ট্র্যাক কোর্টকে ঠিকমত কাজে লাগানো যায়। এটা আমাদের করতে হবে, যতখানি করা যায় আমরা করছি, যতখানি করা যায় ততখানি আমাদের করতে হবে—কারণ সেন্ট্রাল গভর্নমেন্ট দিচ্ছে ওদের, ফার্স্ট ট্র্যাক সম্ভব হলে করতে হবে—সেটাই আমার বক্তব্য। আর সম্প্রতি সুপ্রিম কোর্ট সেটাকেই হ্যাঁ বলেছে, কিছু করার নেই। ফলে সমস্তটাই সামগ্রিকভাবে অ্যাসেম্বলির প্রবলেম। এটা কিন্তু আমি প্রত্যেকের কাছে একেবারে সরাসরি ভাবে নিয়ে যেতে চাই। আপনারা ভাবুন। সমস্যা-টা কিন্তু শাসক দলেরও নয়, সরকারেরও নয়, অ্যাসেম্বলির সমস্যা। আমি ওদিকে না গিয়ে বলছি যে, আমার যে বাজেট তাতে এ বছরের খাতে সেটা আসছে না, ফলে সেটা ভাবতে হবে। সবাই আছেন, আপনারা চিন্তা-ভাবনা করবেন। আমি আপনাদের সবাইকে বলব যে, আমার এবারকার এই বাজেটকে আপনারা সকলে সহমত হয়ে অ্যাক্সেপ্ট করবেন।

(এই সময় তৃণমূল কংগ্রেসের কয়েকজন মাননীয় সদস্য কিছু বলতে থাকেন।)

না, না, বিচার তো হচ্ছে। এ ব্যাপারে আমি তো কিছু বলতে পারবো না, আইন মেনে চলতে হবে। আপনারা তো আইন নাও মেনে চলতে পারেন।

The motions that the amount of Demand be reduced to Re. 1/- were then put and lost.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs. 120,30,87,000 be granted for expenditure under Demand No. 4, Major Head : "2014 - Administration of Justice" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 40,10,29,000 already voted on account in March, 2001.)

Was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4-58 p.m. till 11-00 a.m. on Wednesday, the 12th June, 2002, at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 12th June, 2002 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 13 Ministers of State and 167 Members.

[11.00—11.10 a.m.]

## Starred Questions
### (to which oral answers were given)

### ট্যুরিস্ট লজ বেসরকারীকরণ

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **শ্রী আবদুল মান্নান** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি, সরকার পরিচালিত কোন্ কোন্ ট্যুরিস্ট লজ বেসরকারীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ ট্যুরিস্ট লজ বেসরকারীকরণ করা হতে পারে ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** :

(ক) হ্যাঁ।

(খ) ১। অযোধ্যা ট্যুরিস্ট লজ এবং ২। কৈখালি ট্যুরিস্ট লজ। সাম্প্রতিককালে মুকুটমণিপুর ট্যুরিস্ট লজে পরিচালন ঠিকাদার নিয়োগ করা হয়েছে।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় মন্ত্রিমহোদয় জানালেন যে, ট্যুরিস্ট লজ বেসরকারীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং এর মধ্যে অযোধ্যা ট্যুরিস্ট লজ এবং কৈখালি ট্যুরিস্ট লজ-এর বেসরকারীকরণ হয়েছে। আর মুকুটমণিপুর ট্যুরিস্ট লজ পরিচালনার জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। আমি জানতে চাইছি, কাদের কি কি শর্তে এবং কত টাকার বিনিময়ে দেওয়া হচ্ছে ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : সবগুলোই আমাদের সম্পূর্ণ মালিকানায় আছে। কেবলমাত্র ম্যানেজম্যান্ট কন্ট্রোল টেন্ডার করে কমপিটিটিভ টেন্ডারে বেসরকারী হাতে দেওয়া হয়েছে।

**শ্রী আবদুল মান্নান** : কত টাকার বিনিময়ে দেওয়া হয়েছে ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : টাকার অঙ্ক জানতে চাইলে নোটিশ দিতে হবে।

**শ্রী আবদুল মান্নান** : দুটো ট্যুরিস্ট লজের বেসরকারীকরণ হয়েছে, তা কত টাকার বিনিময়ে হয়েছে, এর জন্য নোটিশ চাই। স্যার, কত টাকার চুক্তি হয়েছে সেটাই জানতে চাইছি, এটা ইরিলেভেন্ট প্রশ্ন হয়ে গেল। আমি আপনার প্রোটেকশন চাইছি।

**মিঃ স্পীকার** : উনি জানতে চাইছেন কোন্ কোন্ ট্যুরিস্ট লজ বেসরকারীকরণ হয়েছে : হয়ে থাকলে কি শর্তে হয়েছে ; টাকার কোনও লেনদেন হয়েছে কিনা এবং কত টাকার বিনিময় হয়েছে ? আপনার কাছে এই সমস্ত প্রশ্নের উত্তর থাকলে আপনি জানিয়ে দিন, আর না থাকলে পরে জানিয়ে দেবেন।

**শ্রী আবদুল মান্নান** : কি হয়েছে, সেটা উনি বলেছেন। কিন্তু কি চুক্তিতে এবং কত টাকার বিনিময়ে হয়েছে তা উনি বললেন না।

**মিঃ স্পীকার** : ট্যুরিস্ট লজ বেসরকারীকরণের এগ্রিমেন্ট হয়েছে তার একটা কপি আপনি পরে হাউসে লে করে দেবেন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : এনি ডে দিয়ে দেব।

**শ্রী আবদুল মান্নান** : স্যার, একজন সিনিয়র মন্ত্রী এইভাবে উত্তর দেবেন ? উনি যদি নতুন হতেন, ফাস্ট টাইম উত্তর দিতেন তাহলে অন্য কথা ছিল। ওনার কাছ থেকে এটা আমরা আশা করিনা। এটা আমাদের পক্ষে খুবই লজ্জার। যখন সারা ভারতবর্ষে বিভিন্ন ট্যুরিজম ডিপার্টমেন্ট সাফল্য লাভ করছে, প্রফিট করছে তখন আমাদের রাজ্যের পর্যটন মন্ত্রী এবং ওঁর ট্যুরিজম ডিপার্টমেন্ট কয়েকটা তোয়ালে দিয়ে ইউরিনাল তৈরি করা ছাড়া আর অন্য কোনও মানসিকতার পরিচয় দিতে পারছে না। এই মানসিকতা লজ্জাজনক। আপনি তো উত্তর দিতে পারলেন না। এছাড়া আর কোনও ট্যুরিস্ট লজ বেসরকারীকরণের উদ্যোগ নিয়েছেন ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : এ পর্যন্ত সরকারী ট্যুরিস্ট লজ পরিচালনার জন্য বেসরকারী ঠিকাদারদের নিয়োগ করা হয়েছে, বক্রেশ্বর ট্যুরিস্ট লজ, শান্তিনিকেতন ট্যুরিস্ট লজ, দীঘা দ্বিতীয় ট্যুরিস্ট লজ, সাগর ট্যুরিস্ট লজ, দুর্গাপুর ট্যুরিস্ট লজ—এগুলিতে নিযুক্ত করা হয়েছে এবং দে আর ফাংসানিং। আর যে কয়েকটির নাম আগে বললাম সেই কয়েকটি করা হতে পারে।

**শ্রী আবদুল মান্নান** : হতে পারে বলছেন কেন ? এগুলি তো হয়েছে। আপনি কনট্রাডিকটরী কথা বলছেন কেন ? আপনি স্পেসিফিক বলুন ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : এখনো ওদের পজেশন দেওয়া হয়নি, কিন্তু কাগজপত্র প্রসিড হচ্ছে আর আগেরকারগুলি ফাংশন করছে।

**শ্রী আবদুল মান্নান** : যেগুলি দিয়ে দিয়েছেন সেগুলির মধ্যে অনেকগুলি প্রফিট করছে। যেমন, শান্তিনিকেতন, এগুলি দিয়ে দিয়েছেন। যেগুলি রাজ্য সরকারের নিজস্ব পরিচালনায় রান করে সেগুলি দিয়ে দিয়েছেন। আপনার উদ্দেশ্যটা কি বুঝতে পারছি না। সেই জন্য আমি জানতে চেয়েছিলাম কত টাকার বিনিময়ে দিয়েছেন। সেই তথ্যটা দিলে আমি দেখিয়ে দিতে পারতাম কোনগুলির আয় বেশি আর কোনগুলি কম আয় আছে। যেগুলি প্রফিটে রান করছে সেগুলি ঠিকাদারদের দিয়ে দিয়েছেন। রাজ্য সরকার নিজে চালালে যে লাভ হতো আর বেসরকারীর হাতে দিয়ে দেওয়ার ফলে রাজ্য সরকারের লস হচ্ছে, না প্রফিট হচ্ছে সেটা দেখিয়ে দিতে পারতাম। যে ট্যুরিস্ট লজগুলি আছে সেগুলির পরিকাঠামোর উন্নয়নের জন্য কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা ? যেমন, নর্থবেঙ্গলে মালবাজারে যে ট্যুরিস্ট লজটি আছে সেখানে ২টি এসি রুম আছে। আপনি সেই এসি রুমের ভাড়া দিচ্ছেন। লোডশেডিং হলে সেই

এসিগুলি চালানো হয় না, অথচ ট্যুরিস্টদের কাছ থেকে এসির ভাড়া নিচ্ছেন, কোনও কনসেশন দেওয়া হচ্ছে না। যেখানে ট্যুরিস্ট লজ করবেন তার আকর্ষণ করার জন্য কোনও পরিকাঠামো তৈরি করছেন না। আমি স্পেসিফিক জানতে চাইছি, বর্তমানে রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন যে ট্যুরিস্ট লজগুলি আছে সেগুলির ইমপ্রুভমেন্টের জন্য কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা, নিয়ে থাকলে কি কি পরিকল্পনা নিয়েছেন ডিটেলসে বলুন ? কোন্ কোন্ ট্যুরিস্ট লজ রেনোভেশন করবেন আর কোনগুলির ইমপ্রুভমেন্ট করবেন ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : যে ট্যুরিস্ট লজগুলি নিজেরা চালাই অর্থাৎ করপোরেশন চালায়, টি ডি সি, সেগুলির মধ্যে অনেকগুলিকে কিছু কিছু উন্নয়নের ব্যবস্থা হয়েছে এবং চলছে, এই কাজগুলি কনটিনিউ চলছে। যেখানে যা করার তা হচ্ছে।

**শ্রী আবদুল মান্নান** : আপনি এইভাবে উত্তর দিচ্ছেন কেন ? এর পরে তো মাননীয় মন্ত্রীকে বয়কট করতে হবে। আপনি ভাববাচ্যে উত্তর দিচ্ছেন। আমি স্পেসিফিক প্রশ্ন করেছি, কোন কোন ট্যুরিস্ট লজের ইমপ্রুভমেন্ট করছেন, যেগুলি সরকারী নিয়ন্ত্রণাধীনে আছে সেগুলির ইমপ্রুভমেন্ট করার পরিকল্পনা নিয়েছেন কিনা, যদি নিয়ে থাকেন তাহলে সেগুলি কি কি ? এটার উত্তর কি এই ? আপনাকে বয়কট করা ছাড়া তো আমাদের উপায় নেই। আপনি যদি তৈরি হয়ে না আসতে পারেন তাহলে এখানে এসে লাভ কি ? আমি জানতে চেয়েছি, এগজিসটিং যে ট্যুরিস্ট লজগুলি আছে সেইগুলির ইমপ্রুভ করার জন্য কি করেছেন ? আপনি বলছেন নোটিশ দিতে হবে। কেন নোটিশ দিতে হবে ? তাহলে ওরাল কোশ্চেন করার উদ্দেশ্য কি ? এটা তো রেলেভেন্ট প্রশ্ন ? আপনি রেলেভেন্ট প্রশ্নের উত্তর দেবেন না ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : আমি তো সাধারণ উত্তর দিয়েছি।

**শ্রী আবদুল মান্নান** : আপনি বলুন, আমি তৈরি হয়ে আসিনি। আমরা আপনার মুখ দেখতে হাউসে আসিনি, আমরা হাউসে এসেছি কোশ্চেন করতে। যদি আপনি তৈরি হয়ে না আসেন তাহলে গেট-আউট। আপনি একটাও নির্দিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারছেন না। তাহলে কি করতে এসেছেন ? মুখ দেখাতে হাউসে এসেছেন ? আপনি রেলেভেন্ট প্রশ্নের উত্তর দেবেন না ? অথচ আপনি বলছেন, যেগুলি করার সেগুলি করছেন। এগুলি কি উত্তর ? এইভাবে হাউসে আসবেন না।

**মিঃ স্পীকার** : আপনি যে তালিকা দেবেন তাতে কোন্ কোন্ ট্যুরিস্ট লজের ইমপ্রুভমেন্ট করছেন সেগুলি ওই তালিকার মধ্যে অন্তর্ভুক্ত করবেন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : আমি নির্দিষ্ট তালিকা দেব।

[11.10—11.20 a.m.]

**শ্রী মুস্তাফা বিন কাসেম** : মাননীয় মন্ত্রীমহোদয় বললেন যে মালিকানা ১০০ ভাগ সরকারের হাতে রেখে কতকগুলি ট্যুরিস্ট লজ তার নিয়ন্ত্রণ এবং পরিচালনা বেসরকারী ঠিকাদারদের হাতে সরকার তুলে দিয়েছেন। মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি মূলত কোন বাধ্যবাধকতার কারণে সরকার বাধ্য হলেন এইসব ট্যুরিস্ট লজের নিয়ন্ত্রণ ও পরিচালনা বেসরকারী ঠিকাদারদের হাতে তুলে দিতে ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : মাননীয় সাদস্যরা জানেন যে ট্যুরিস্ট লজগুলির বেশিরভাগই লোকসানে চলে। এইজন্য চলে কারণ আমাদের সেখানে কর্মচারীর যা সংখ্যা এবং তাদের যা মাহিনাপত্র দিতে হয় এ পে কমিশন ইত্যাদির রিপোর্টের ভিত্তিতে—সাধারণত সেইভাবেই মাহিনাপত্র দেওয়া হয় কিন্তু যারা ব্যবসায়িক ভিত্তিতে হোটেল চালায় তারা আমাদের চেয়ে অনেক কম মাহিনা কর্মচারীদের দেন। কাজেই এ ক্ষেত্রে বেসরকারীদের সঙ্গে সরকারের কমপিট করা শক্ত। তাদের এর ফলে এশটাবলিশমেন্ট কস্ট কম, আমাদের বেশি হয়ে যায়। সেই জন্য শেষ পর্যন্ত যেগুলি অন্তত নতুন নতুন ট্যুরিস্ট লজ করেছি—৫/৭ বছর আগে সেগুলির ম্যানেজমেন্ট সমস্ত রকম অধিকার রেখে বার্ষিক একটা টাকার ভিত্তিতে ৫/৭ বছর আগেই দেওয়া হয়েছে।

**শ্রীমতী রত্না দে (নাগ)** : মাননীয় মন্ত্রীমহোদয় কি জানাবেন, যে সমস্ত ট্যুরিস্ট লজ আপনারা বেসরকারী মালিকানাকে দিয়েছেন তার কর্মচারীদের অবস্থা কি হয়েছে ? তারা কি বেসরকারী ম্যানেজমেন্টের কর্মচারী হয়েছেন ?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : আমরা যে সমস্ত ট্যুরিস্ট লজ-এর ম্যানেজমেন্ট কনট্রাক্ট দিয়েছি কোনও কর্মচারী সেখানে আমাদের নেই। সেই ট্যুরিস্ট লজে আমাদের কোনও কর্মচারী নেই।

**শ্রী আবু আয়েস মন্ডল** : ২০০১-০২-এর আপনার বাজেট ভাষণে আপনি বলেছিলেন যে, বেসরকারী সংস্থায় এবং ব্যক্তি মালিকানায় নতুন নতুন পর্যটন কেন্দ্র এবং পর্যটন বস্তুর বিকাশ এবং তার বাণিজ্যিক ব্যবহারের প্রতি রাজ্য সরকার সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছেন। কারণ আপনি বলেছিলেন এতে অনেক কর্মসংস্থান হবে। আমি জানতে চাই, এ ক্ষেত্রে কর্মসংস্থানের ব্যাপারটা কতদুর এগিয়েছে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : অনেকেই নতুন নতুন জায়গায় প্রাইভেট হোটেল করছেন, বাণিজ্যিকভাবে হোটেল করছেন এবং অনেকে এর জন্য আমাদের কাছে অ্যাপ্রোচও করছেন। তবে এতে কর্মসংস্থান কত হয়েছে সেটা এখনও সংগ্রহ করতে পারি নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মন্ত্রীমহাশয় যে কয়েকটা প্রাইভেট ম্যানেজমেন্টকে দিয়েছেন বলেছেন তার ভেতরে শান্তিনিকেতন, দীঘা, বক্রেশ্বর এগুলি সবই প্রফিট শেয়ারিং এক একটা ইন্সটিটিউশন। আমার জিজ্ঞাস্য, এ ক্ষেত্রে সরকারের নীতিটা কি ? যে ট্যুরিস্ট লজগুলি চালিয়ে সরকার লাভ করছেন সেগুলি ব্যক্তিমালিকানায় দিয়ে দেবেন আর জেলায় জেলায় যেগুলি লোকসানে রান করছে, কমপিটিশনে দাঁড়াতে পারছে না সেগুলি রেখে দেবেন—এটাই কি সরকারের নীতি ? এতে তো ভেসটেড ইন্টারেস্ট গ্রো করছে। যেগুলি লোকসান করছে সেগুলির ভার সরকার বহন করবেন আর যেগুলি লাভ করছে সেগুলি ব্যক্তিমালিকানায় দিয়ে দিচ্ছেন, এ ক্ষেত্রে সরকারের নীতিটা কি পরিষ্কারভাবে বলুন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : আমরা যেগুলির ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট দিয়েছি সেগুলির মোটেই কোনও পরিচালনা শুরু করি নি। পরিচালনা শুরু করিনি, কর্মচারী রাখিনি। ঘর-বাড়ি হয়েছে এই অবস্থায় দেওয়া হয়েছে। যেমন অবস্থায় পাই তেমন অবস্থায় গ্রহণ করি এই নীতি। এই নীতিতে এইগুলি দিয়ে দিয়েছি। সরকারী পদ্ধতি অনুযায়ী টেন্ডার করে দেওয়া হয়েছে। এর সঙ্গে লাভ লোকশানের প্রশ্ন ওঠে না, কারণ আমরা এইগুলি স্টার্টই করিনি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি** : যে যে গুলো লাভ করছে সেইগুলি এক্সটেনশন করে লাভের পরিমাণ বাড়ানো। যে যে সেন্টারগুলি প্রফিট ওরিয়েনটেড সেইগুলি এক্সটেনশন করে সেইগুলি প্রাইভেটকে দিয়ে দিচ্ছেন ? সেখানে লাভের পরিমাণ বাড়ানো এবং যেগুলি লোকশানে চলছে সেইগুলি ওর সঙ্গে যুক্ত করুন।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : যেগুলো আমরা রেখেছি, যেখানে আমাদের কর্মচারী আছে তার মধ্যে কতকগুলি লাভ হচ্ছে কতকগুলি লোকশান হচ্ছে। যেগুলি আমরা রেখেছি, এক সময় ফাংসানিং শুরু করেছি, কাজ আরম্ভ করেছি এই রকম বিল্ডিং বা ট্যুরিস্ট লজ আমরা প্রাইভেটকে দিইনি। আমাদের কিছু লাভ করছে কিছু লোকসান করছে।

**শ্রী নির্মল দাস** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনিও বলেছেন এবং আমাদের রাজ্য সরকারও বলেছেন যে পর্যটনের বিকাশের ভেতর দিয়ে পর্যটনকে শিল্প হিসাবে গড়ে তোলা। তার জন্য কিছু কিছু পরিকাঠামোর উন্নয়ন করছেন। আমাদের উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলে। বিপ্লব তীর্থ বক্সাদুয়ার থেকে শুরু করে কালিঝোরা জয়ন্তী চেলাপাতা রাজাভাতখাওয়া ভুটানঘাট এবং জলদাপাড়াকে কেন্দ্র করে এই সবুজ বনাঞ্চল এলাকায় একটা সুন্দর পর্যটন কেন্দ্র গোড়ে তোলা যায়। আপনি এর আগে পর্যটন শিল্প নিয়ে আলোচনা করার সময় বলেছেন এখানে পর্যটন কেন্দ্র গড়ে তোলার পরিকল্পনা আছে। এই এলাকায় অস্থিরতা তৈরি হয়েছে, যারা ওখানে বসে আছেন তাঁরা সৃষ্টি করছেন। এখানকার মানুষ বিশেষ করে বনাঞ্চলের মানুষ এই পর্যটনের সঙ্গে যুক্ত থেকে রোজগার করতে পারে। এখানে একটা রেল লাইন ছিল, রাজাভাতখাওয়া থেকে জয়ন্তী, রাজ্য সরকার জানেনা ওই রেল লাইন উইথড্র হয়ে গেল। আপনি এখানে একটা টয় ট্রেনের ব্যবস্থা করুন। সনতোলাবাড়ি থেকে বক্সাদুয়ার পর্যন্ত জিপেবেল রাস্তা করুন যাতে মানুষ ৩ কিলোমিটারের মতো জিপে যেতে পারে। তারপর সনতোলাবাড়ি এবং জয়ন্তী থেকে বক্সাদুয়ার পর্যন্ত একটা রোপওয়ের ব্যবস্থা করুন। তারপর একটা মিউজিয়াম করুন, একটা গ্যালারী করুন যে সমস্ত স্বাধীনতা সংগ্রামী এখানে বন্দী ছিলেন তাঁদের নিয়ে করুন। এই ব্যাপারে আপনার বক্তব্য কি বললে বাধিত হবো।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া** : আমি উত্তর দিচ্ছি স্যার। বক্সাদুয়ারকে আরও লোকের কাছে পরিচিত করার জন্য সেখানে একটা ট্রেকিং-এর ব্যবস্থা করা হয়েছে, একটা ভালো গ্রুপ সেখানে ট্রেকিং করেছে। বক্সাফোর্টে যত স্বাধীনতা সংগ্রামী আটক ছিলেন, তাঁদের স্মৃতি হিসাবে সেখানে একটা গ্যালারী করার চেষ্টা করছি। এই রকম একটা গ্যালারী করার পরিকল্পনা আছে। যাতে সেখানে ট্যাক্সি করে ইজিলি যাওয়া যায়, সেখানে একটা মোটোরেবেল রোড করার জন্য আমরা পরিকল্পনা করেছি, সেইভাবে জেলা প্রশাসনকে জানিয়েছি যাতে তারা করে দেয়। দ্বিতীয়ত রাজাভাতখাওয়ায় ফরেস্ট ডিপার্টমেন্টের কাছ থেকে জমি চেয়েছি একটা ট্যুরিস্ট লজ করার জন্য। আমাদের অর্থ আছে, জমি পাচ্ছি না। এই ব্যাপারে ফরেস্ট ডিপার্টমেন্টের সঙ্গে নিগোসিয়েশন চলছে। জয়ন্তীর নিচে ফরেস্ট ডিপার্টমেন্ট ইকো-টুরিজিম হিসাবে সেখানে কিছু বাসস্থান করবে। সমগ্র ইস্টার্ন ডুয়ার্স তুলে ধরবার চেষ্টা করছি। সামগ্রিকভাবে।

[11.20—11.30 a.m.]

## রপ্তানি বৃদ্ধিতে উন্নয়ন সমিতি গঠন

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪০) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের ক্ষুদ্রশিল্প ক্ষেত্রে রপ্তানি বৃদ্ধির জন্য একটি রাজ্য রপ্তানি উন্নয়ন সমিতি গঠন করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত সমিতিটি গঠন করা হয়েছে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** :

(ক) হ্যাঁ "পশ্চিমবঙ্গ রাজ্য রপ্তানি উন্নয়ন সমিতি" নামে একটি সমিতি গঠন করা হয়েছে।

(খ) এই সমিতিটি ২৯.১০.১৯৯৯ তারিখ থেকে গঠন করা হয়েছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রীমহোদয় বললেন যে, আমাদের রাজ্যে রপ্তানী সমিতি গঠত হয়েছে অক্টোবর, ১৯৯৯ সালে। আমি জানতে চাইছি, এই সমিতি চালু হওয়ার পর থেকে আমাদের রাজ্যে কতগুলি ক্ষুদ্রশিল্প সংস্থা তাদের উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানী করার সুযোগ পেয়েছে, তার আর্থিক মূল্য কত ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : ৯৫টির মতো সংস্থা এই সুযোগ পেয়েছে। আমাদের কাছে যে হিসাব আছে, এর আনুমানিক মূল্য ১০০ কোটি টাকার কিছু বেশি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : ৯৫টি শিল্প সংস্থা এর সুযোগ পেয়েছে। এই সমিতি যখন শুরু হয় তখন রপ্তানীকারী শিল্পের সংখ্যা কত ছিল এবং বর্তমানে এর সংখ্যা কত ? উত্তরোত্তর এটি বৃদ্ধি পাচ্ছে কিনা ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : একেবারে নির্দিষ্ট সংখ্যা এই মুহূর্তে দিতে না পারলেও, সংখ্যা প্রথমে যা ছিল তার দ্বিগুণ হয়েছে। এটি ঠিক যে উত্তরোত্তর বৃদ্ধি হচ্ছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : এই ক্ষুদ্রশিল্প সংস্থাগুলি বিদেশে যে বাণিজ্য মেলা হয়, আন্তর্জাতিক ক্ষেত্রে যে প্রদর্শনী হয়, তাতে কোনও রপ্তানীকারক সংস্থা ইতিমধ্যে অংশ নিয়েছে কিনা এবং তাতে সাফল্য লাভ করেছে কিনা ;

**শ্রী বংশগোপাল চৌধুরী** : দুটি সংস্থা অংশগ্রহণ করেছে। এখন আমরা চেষ্টা করছি, আমাদের রাজ্যের সংস্থাগুলো রপ্তানী ক্ষেত্রে এই ধরনের সুযোগ সুবিধা পেতে পারে। তার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে কয়েকটি রাষ্ট্রের সঙ্গে আলাপ আলোচনা শুরু করেছি।

**শ্রী অপূর্ব মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, দুর্গাপুরে এই রকম একটি এক্সপোর্ট জোন, ই পি আই পি জোন থেকে—আপনার কথা অনুযায়ী তিনটি সংস্থা কাজ শুরু করেছে—সেখান থেকে কত ইমপোর্ট হয়েছে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এটি এই প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট নয়। কারণ আপনি জানেন, দুর্গাপুরে যে শিল্প পার্ক আছে সেটি আসানসোল দুর্গাপুর অথরিটির দায়িত্বে আছে। এখানে যে প্রশ্ন আছে সেটি আপনার প্রশ্নের সঙ্গে রেলেভ্যান্ট নয়।

**শ্রী ধনঞ্জয় মোদক** : রপ্তানী বৃদ্ধির জন্য রাজ্যে যে রপ্তানী উন্নয়ন সমিতি গঠিত হয়েছে, এই সমিতির কর্মকর্তা কারা বা কারা এটি পরিচালনা করেন ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই সমিতি আমাদের রাজ্য সরকারের আধিকারিকরাই মূলত পরিচালনা করেন। আমাদের ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগমের যে অফিস আছে, তার সঙ্গে আমরা কাজ করার চেষ্টা চালাচ্ছি। আমরা মনে করছি, এখন খুব বেশি খরচ বাড়াবার বা অফিস এস্টাবলিশমেন্ট করে চলার দরকার নেই। সে জন্য ছোট আকারে একটা অফিস করে আমরা এটিকে পরিচালনা করার চেষ্টা করছি।

**শ্রী পদ্মনিধি ধর** : আমরা দেখছি রাজ্যে রপ্তানি উন্নয়ন সমিতি গঠন করা হয়েছে। গ্যাট চুক্তির ফলে ১৪২৯টি জিনিস যে বাইরের দেশ থেকে আমাদের দেশে আমদানী হচ্ছে, তাতে আমাদের রাজ্যে বিশেষ করে আমার কনস্টিটিউয়েন্সিতে ডোমজুড়ে হাজার হাজার দর্জি এবং ওস্তাগর তাদের কাছে ৪৫২টি আইটেম বিদেশ থেকে আসবে। তাতে আমরা দেখছি গ্যাট চুক্তি, ডব্লিউ টি ও চুক্তি এবং কেন্দ্রীয় সরকারের উদারনীতি, বিশ্বায়ন এসব ছাড়াও এই মুহূর্তে যা করছেন বেসরকারীগণ—তার ফলে আমাদের রাজ্যের বাণিজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে আমার ধারণা এবং আপনি একটু বলে দিন যে, এই যে ১৪২৯টি জিনিস বাইরের থেকে ভারতবর্ষ আসছে, তাতে ক্ষুদ্র শিল্পের গুরুত্বের ক্ষেত্রে বিশেষ করে ডোমজুড়ের কেন্দ্রে বজবজের অনেক এলাকায় এবং দক্ষিণ ২৪-পরগণায় যে দর্জি এবং ওস্তাগর আছে তারা মার খাচ্ছে এবং তাদের সাহায্য দেওয়া হবে কি হবে না সেটা জানাবেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : মাননীয় সদস্য ঠিকই বলেছেন আমাদের রাজ্য রপ্তানির ক্ষেত্রে সত্যি অসুবিধার মুখে পড়েছে এবং ক্ষুদ্র ও কুটির শিল্প খুবই প্রতিযোগিতার মুখে পড়েছে। একথা হাউসের সব সদস্যরাই অবগত আছেন। এই তীব্র প্রতিযোগিতার মধ্যেও ব্যবসায়িক ভিত্তিতে কি ভাবে এসব কাজে আমাদের রাজ্যে যারা এই শিল্পের সঙ্গে যুক্ত আছেন তাঁদের উৎসাহিত করতে পারি তা দেখছি। এবং বিশেষ করে পোশাক শিল্পের উপরে সমধিক গুরুত্ব আরোপ করেছি।

**শ্রী রতন দাস** : মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, রপ্তানীযোগ্য ক্ষুদ্র ও কুটির শিল্পে কি ধরনের বাণিজ্যিক চাহিদা বেড়েছে এবং রপ্তানী বাড়ানোর জন্য এই দপ্তর থেকে কোনরকম ব্যাপক প্রচারের উদ্যোগ নেওয়া হয়েছে কিনা ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : রপ্তানীর ক্ষেত্রে আমাদের রাজ্য বিভিন্ন আইটেম যেটায় এখন সবিশেষ গুরুত্ব বেড়েছে বিদেশের বাজারে। তাতে আমাদের আত্মতুষ্টির কোনও অবকাশ নেই। আমাদের আরও এগোতে হবে এবং বিশেষ করে হস্তশিল্প এবং বস্ত্র শিল্পের ক্ষেত্রে এই কাজ খুবই সংগ্রামের সঙ্গে এগোতে পেরেছি। আমাদের দপ্তর থেকে ক্রমাগত এই হস্তশিল্প এবং বস্ত্র শিল্পের উপরে আরও গুরুত্ব আরোপ করা যায় তার ব্যবস্থা করছি।

**শ্রী পরশ দত্ত** : মাননীয় মন্ত্রী আমার অতিরিক্ত প্রশ্ন যে, ফলতা একস্‌পোর্ট জোনের কতগুলো ইউনিট চালু হয়েছে এবং তার কত রপ্তানী হয়েছে সেটা জানান।

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয়।

## দিল্লীর ওয়েবেলের সাবসিডিয়ারি অফিসে কর্মীসংখ্যা

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিল্লীতে অবস্থিত 'ওয়েবেলের সাবসিডিয়ারি' অফিসে কর্মীর সংখ্যা কত; এবং

(খ) বর্তমানে ওই অফিসে কী কী কাজ করা হয় ?

**শ্রী নিরুপম সেন** :

(ক) দিল্লীতে অবস্থিত 'ওয়েবেলের সাবসিডিয়ারি' অফিসে কর্মীর সংখ্যা ১০ জন।

(খ) ওয়েবেল ইনফরমাটিক্স লিমিটেডের দিল্লী অফিস কমপিউটার এবং এই সংক্রান্ত বিষয়ে ব্যবসায়িক কাজকর্ম করে থাকে।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, দিল্লীতে অবস্থিত ওয়েবেল সাবসিডিয়ারি অফিসে কর্মীদের বর্তমানে বেতন দিতে খরচের পরিমাণ কত এবং বর্তমানে ওই কোম্পানীতে লাভ বা লোকশানের পরিমাণ কত জানাবেন কি ?

**শ্রী নিরুপম সেন** : দিল্লীর অফিসে বর্তমানে ক্ষতির পরিমাণ একটু বেড়েছে। ১৯৯৯-২০০০ সালে ক্ষতি হয়েছিল ১ লক্ষ ৯২ হাজার, ২০০১ সালে আমাদের ক্ষতির পরিমাণ হয়েছে ৬২ লক্ষ ১৯ হাজার ২০০১-২০০২ সালে ক্ষতির পরিমাণ হয়েছে ৬৫ লক্ষ।

[11.30—11.40 a.m.]

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি জানাবেন, দিল্লীর সাবসিডিয়ারী অফিসে ম্যানেজমেন্ট এবং নন-ম্যানেজমেন্ট স্টাফ কত ?

**শ্রী নিরুপম সেন** : আমি আগেই বলেছি, বর্তমানে দুইজন, আগে ১০ জন ছিলেন।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : ম্যানেজমেন্ট এবং নন-ম্যানেজমেন্ট স্টাফ কত, সেটা বলুন ?

**শ্রী নিরুপম সেন** : এক আর এক, দুই। ম্যানেজমেন্ট একজন ছিলেন তাকে সাসপেন্ড করা হয়েছে।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এটা কি সত্য, দিল্লীতে অবস্থিত ওয়েবেল-এর সাবসিডিয়ারী অফিসে, রাজ্যসভার সদস্যর একজন স্ত্রী ওই অফিসে চাকরী করে, তার জন্যই এটা রাখা হয়েছে ?

**শ্রী নিরুপম সেন** : দিল্লীর ওয়েবেল ইনফর্মেটিকস অফিসটা, সেটা দিল্লীর ওয়েবেল গেস্ট হাউসে হয়েছে, সেখানে একজন অফিসার আছেন।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : আমি জানতে চাইছি, তিনি রাজ্যসভার সদস্যর স্ত্রী কিনা ?

**শ্রী নিরুপম সেন** : হ্যাঁ, তিনি তো কারোর স্ত্রী হতেই পারেন।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে বিগত তিনটি আর্থিক বছরে দিল্লীতে অবস্থিত ওয়েবেল-এর অফিসের ক্ষতির পরিমাণ ক্রমাগত বাড়ছে বললেন, এখানে দেখছি প্রথমে হচ্ছে ১ লক্ষ ৯২ হাজার টাকা, তারপরে ৬২ লক্ষ ২৯ হাজার টাকা, তারপরে ৬৫ লক্ষ। আমি ক্যাটিগোরিক্যালি জানতে চাইছি, এই ক্ষতির পরিমাণ কমাবার কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা ?

**শ্রী নিরুপম সেন** : হ্যাঁ, এটা হচ্ছে, আগে এই সংস্থাটা লাভ করছিল। তার পরে দেখা গেল গত তিন বছর ধরে ক্ষতি হচ্ছে। তখন সেটা খতিয়ে দেখা গেল, এখানে গুরুতর কিছু আর্থিক অনিয়ম হয়েছে। সেইজন্য সেখানকার অফিসারকে সাসপেন্ড করা হয়েছে। সেই জন্য অফিসটা তুলে দেবার সিদ্ধান্ত হয়েছে। আপাতত ওই অফিসের কাজ গেস্ট হাউস থেকে করা হচ্ছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ওয়েবেল-এর মতো যে বিভিন্ন সংস্থাগুলি চলছে, আপনারা ষষ্ঠবারের মতো ক্ষমতায় আসার পরে যে নীতি ঘোষণা করেছিলেন, দুর্বল সংস্থাগুলি বিক্রি করে দেওয়া হবে, বা যৌথভাবে ব্যবসা করা হবে, আসলে এটা শুরু করেছেন অনেক আগেই, '৯২ সাল থেকে। '৯২ থেকে ওয়েবেল-এর ইলেকট্রনিক্স ডেভেলপমেন্ট কর্পোরেশনের আন্ডারে যেগুলি ছিল, আসলে বাংলার মানুষকে আপনারা ভুল বুঝিয়েছেন, ভুল তথ্য দিয়েছেন, বামফ্রন্ট সরকার অনেক দিন ধরেই যৌথ উদ্যোগের দিকে যাচ্ছে। বামফ্রন্ট সরকার নিজস্ব কোম্পানীগুলিকে বিক্রি করে দিচ্ছে, ওয়েবেল-এর কতকগুলি সংস্থাকে আপনারা বিক্রি করেছেন, এইগুলি বাজেটের সময় বলবেন এবং কতগুলি যৌথ মালিকানায় চালাচ্ছেন ক্যাটিগোরিক্যালি বলুন।

**শ্রী নিরুপম সেন** : ওয়েবেল ইনফর্মেটিক্স অফিসের ব্যাপারটা এই প্রশ্নের সঙ্গে যুক্ত। আর ওয়েবেলের জন্য আপনি আলাদা প্রশ্ন করবেন, আলাদা প্রশ্ন করলে আমি তার উত্তর দেবো।

**শ্রী নির্মল দাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়, প্রকৃতপক্ষে ওয়েবেল এটা খুবই সুনাম সম্পন্ন প্রতিষ্ঠান। সেখানে আমাদের রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর ওয়েবেলকে আগের জায়গায় নিয়ে যাওয়ার জন্য তারা যাতে তাদের প্রয়োজনীয় সামগ্রী ইত্যাদি নেন সেই ব্যাপারে উদ্যোগ নিয়ে এটাকে কোনও ভাল জায়গায় নিয়ে যাওয়ার জন্য চিন্তা করছেন কিনা ?

**শ্রী নিরুপম সেন** : এটা এর সঙ্গে রিলেটেড নয়, এর জন্য আলাদা প্রশ্ন করবেন। এতদ্‌সত্ত্বেও বলতে পারি ওয়েবেলকে নিয়ে রাজ্য সরকার বহু কাজ করছেন।

**শ্রী সৌগত রায়** : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে তার খোলামেলা উত্তরের জন্য ধন্যবাদ। তিনি স্বীকার করেছেন যে, তাদের পার্টির একজন রাজ্যসভার তরুণ সদস্যর স্ত্রী গেস্ট হাউস চালাচ্ছেন এবং সেই গেস্ট হাউস থেকে অফিস চলছে। এইখানে লোকসানটা দেখছি ২ লক্ষ টাকা থেকে ৬৫ লক্ষ টাকা হয়ে গেছে। সেই লোকসান কমাবার জন্য

আপনি আর্থিক অনিয়মের অভিযোগে অনেক লোককে সাসপেন্ড করেছেন, দশজন থেকে এখন দুজন করেছেন। কিন্তু ওয়েবেলের যে চিত্রটা আপনারা সাধারণভাবে বলেন, খুব সফল সেটা কিন্তু নয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, ওয়েবেলের কটা জয়েন্ট সেক্টর প্রোজেক্ট আপনারা বন্ধ করে দিয়েছেন ? আমরা জানি ডানকান ওয়েবেল ভিডিও ডিভাইসেস এবং জনসন নিকলসনের সঙ্গে জয়েন্ট সেক্টর আপনারা করেছিলেন। আপনি স্পেসিফিকালি বলুন, এই রকম কটা জয়েন্ট সেক্টর প্রোজেক্ট আপনারা বন্ধ করে দিয়েছেন ?

**শ্রী নিরুপম সেন** : যদিও এটা ওয়েবেল ইনফর্থেটিকের বাইরের প্রশ্ন, তবে এর সঙ্গে যুক্ত অংশটুকু আমি বলতে পারি, ১৯৮৭ সালে জনসন নিকলসনের সঙ্গে যুক্ত হয়ে একটা যৌথ উদ্যোগ তৈরি হয়েছিল। ১৯৮৯ সালে যখন জনসন নিকলসন সরে যায় তখন পুনরায় ওয়েবেলকে সাবসিডিয়ারীর সংস্থা হিসাবে রূপায়িত করা হয়। আর বাকি অংশের উত্তর আপনাকে আলাদা প্রশ্ন করে জানতে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমরা দেখছি সরকারী সমস্ত বিভাগের ওয়েবেলের সফটওয়ার এবং হার্ডওয়ার নেওয়ার প্রবণতা আছে এবং এটা অ্যাপরেন্টলি ভালো। কিন্তু ওয়েবেল নিজেরা কিছু করছে না, তারা একটা ইন্টারমিডিয়েট মিডিয়া হয়ে দাঁড়াচ্ছে। সরকার থেকে কনসেশানাল রেটে অর্ডার ধরে বাজারে কন্ট্রাক্টারদের কাছ থেকে মাল নিয়ে ওরা কাজ করে এবং নিজেদের ট্রেডার হিসাবে পরিচয় দিচ্ছে। এর ফলে এখানে ইন্ড্রাসট্রিয়াল গ্রোথ হচ্ছে না। ওয়েবেল নিজেরা যাতে হার্ডওয়ার ম্যানুফ্যাকচার এবং সফটওয়ার ডেভেলপমেন্টে মনোনিবেশ করতে পারে তার জন্য কোনও ভাবনা চিন্তা করছেন কি ?

**শ্রী নিরুপম সেন** : যদিও এই প্রশ্নটা ওয়েবেলের সঙ্গে সম্পর্কযুক্ত নয়, তবে আপনি প্রশ্ন করেছেন বলে বলছি, সামগ্রিকভাবে ওয়েবেল কি করে ভালো কাজ করতে পারে তার জন্য একটা পরিকল্পনা আমরা করেছি। তবে ইলেকট্রনিক যন্ত্রপাতি কিনে তা বিচার করার ব্যাপারে ওয়েবেলের এক্সপার্টইজ রাজ্য সরকার ব্যবহার করে। এইক্ষেত্রে ওয়েবেল সার্ভিস প্রোভাইডারের কাজ করে থাকে।

## তাঁত বিপণন কেন্দ্রগুলিতে রিবেট

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২) **শ্রী কাশীনাথ মিশ্র** : ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকার পরিচালনাধীন খাদি ও তাঁত বিপণন কেন্দ্রগুলিতে বছরে কতবার কতদিনের জন্য রিবেট/ছাড় দেওয়া হয়ে থাকে।

**শ্রী বংশগোপাল চৌধুরী** :

রাজ্য সরকার পরিচালনাধীন খাদি বিপণন কেন্দ্রগুলিতে খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ বিগত বছরে ৭ দফায় মোট ৯০ দিনের জন্য বিশেষ রিবেট এবং সারা বছর সাধারণ রিবেট ও পশ্চিমবঙ্গ রেশম শিল্পী সমবায় মহাসংঘ লিমিটেড ৭ দফায় ৯০ দিনের জন্য রিবেট/ছাড় দিয়েছে।

এছাড়া, গত বছরে নিজস্ব তহবিল থেকে তাঁত বিপণন কেন্দ্রগুলিতে তন্তুজ ৭ দফায় ১৬০ দিন, তন্তুশ্রী ৩ দফায় ৯০ দিন, মঞ্জুষা ৮ দফায় ৯০ দিনের জন্য রিবেট/ছাড় দিয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই টোটাল ছাড় যেটা দেওয়া হয়েছে তার অর্থের পরিমাণ কত এবং এই টাকাটা তারা লাভের পরিমাণ থেকে দেন না অন্য কোথা থেকে আসে ?

[11.40—11.50 a.m.]

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এটা আগে মার্কেট ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট স্কিমের আওতায় ছাড় দেওয়া হত। মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, ২০০১-০২ সাল থেকে এটা দীনদয়াল হাতকারকার হাতে যায়। এখন এসব ছাড় ওইসব সংস্থাগুলিকে নিজেদেরই দিতে হয়। আগে যেটা এম ডি এ স্কিমে ছিল, সেটা সরকার বন্ধ করে দিয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : তন্তুজ, তন্তুশ্রী, মঞ্জুষা এদের বিপণন কেন্দ্রগুলো বন্ধ হয়ে যাচ্ছে। আগের তুলনায় গত দু বছরে এদের বিক্রি কমে গেছে কিনা এবং কতগুলো বিপণন কেন্দ্র বন্ধ হয়ে গেছে জানাবেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এটা আলাদাভাবে নোটিশ দিলে ভালো হত। তবুও মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি—এটা অস্বীকার করার উপায় নেই যে এটা লোকসানে চলছে। আমরা এইসব সংস্থাকে একটা আর্থিক শৃঙ্খলার মধ্যে আনতে চেষ্টা করছি। তন্তুজ বোর্ড সঠিকভাবেই সিদ্ধান্ত নিয়েছে কতগুলোকে একেবারেই বন্ধ করা উচিত, কেননা এইগুলো চালু রাখলে তাদের লসও এর সঙ্গে যুক্ত হচ্ছে। সেইগুলো বন্ধ করা হয়েছে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : এই যে বন্ধ করে দিয়েছেন, সেখানে কতজন কর্মচারী যুক্ত ছিল এবং এই বন্ধ করার পরিপ্রেক্ষিতে তন্তুজ, তন্তুশ্রী, মঞ্জুষা এদের টোটাল লসটা পূরণ করতে পারবেন ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আমাদের কতগুলো আর্থিক অসুবিধার জায়গা আছে, এর কিছু কারণও আছে, তার বিস্তৃত ব্যাখ্যায় যাচ্ছি না। কোনও এক সময়ে জনতা শাড়ীর স্কিম ছিল, সেটা হঠাৎ বন্ধ করে দেওয়ার ফলে এই সংস্থাগুলোর অবস্থা খারাপ হয়। এর পরিচালন ব্যবস্থা কঠোরভাবে নিয়ন্ত্রণ করে একটা আর্থিক শৃঙ্খলার জায়গায় যেতে চাইছি। কয়েকটি শো-রুম বন্ধ করে এই তিনটে সংস্থার লোকসান বন্ধ করা যাবে না, এর জন্য আমরা দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : খাদি এবং সিল্ক শিল্প, সেখানে রেশম শিল্পী মহাসংঘ ইত্যাদি আছে, ক্রমশ এইগুলিও লোকসানের দিকে যাচ্ছে। এইগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য কোনও চিন্তা-ভাবনা বা পরিকল্পনা আছে কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : রেশম শিল্পী মহাসংঘ-এর অবস্থা উত্তরোত্তর ভালো হচ্ছে। এটা আমাদের পক্ষে আনন্দের এবং মাননীয় সদস্যও নিশ্চয় আনন্দিত হবেন যে, রেশম শিল্পী মহাসংঘের ব্যবসা গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং আর্থিক অবস্থাও ভালো হয়েছে। আমি নির্দিষ্টভাবে বলতে পারি যে, কলকাতায় কে সি দাস-এর পাশে যে একটা ভাঙা দোকান আমাদের ছিল, সেটা রিনোভেসন করার পর গত বছর শারদোৎসবের সময় সারা বছর যা

বিক্রি করতে পেরেছে তার চেয়ে বেশি বিক্রি ওই সময় করতে পেরেছে। দ্বিতীয়ত, মাননীয় সদস্য জেনে আনন্দিত হবেন যে, এই বছর প্রথম আমরা রেশম শিল্পী মহাসংঘের একটি কার্যালয় পশ্চিমবঙ্গে চালু করেছি।

মাননীয় সদস্য শুনে আনন্দিত হবেন যে, রেশম শিল্পের ক্ষেত্রে আমরা এই প্রথম একটা মেলা চালু করেছি। এই মেলা গতানুগতিকভাবে নয়, এবং আমরা করেছি সমস্ত সমবায় সমিতিগুলিকে যুক্ত করে যাতে একেবারে নিচের স্তরে যাঁরা কাজ করছেন তাঁরা যাতে সরাসরি বিক্রি করতে পারেন, তার ব্যবস্থা করেছি। গতবার দুর্গাপুরে ৫ কোটি টাকার মত মেলায় বাণিজ্য করতে পেরেছেন। সেই জন্য বলছি রেশম শিল্প মহাসংঘকে একই গোত্রের মধ্যে ফেলতে পারবেন না। এটাতে শ্রী বৃদ্ধি হচ্ছে এবং লাভও হচ্ছে। ভবিষ্যতে ব্যবসা বাণিজ্য ভালো হবে।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল** : আমার মুর্শিদাবাদ জেলায় খাদি পরিচালিত অনেকগুলি বিপণন কেন্দ্র আছে। এরা রিবেট পেয়ে থাকে, ভাউচার তৈরি করেন, এর ফলস ভাউচার তৈরি করে সরকারের কাছ থেকে রিবেট নিয়ে নিচ্ছে। আমরা দেখছি কিছু কিছু খাদি প্রতিষ্ঠান এগুলি করছে। তাই আমার জিজ্ঞাসা যে, এই সব কেন্দ্রগুলিতে সঠিকভাবে বিক্রি হচ্ছে কিনা এবং ঠিকমত কমিশন পাচ্ছে কিনা আপনারা খোঁজ নিচ্ছেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই রকম দুটো অভিযোগ মুর্শিদাবাদ জেলায় পেয়েছি। এই দুটো ক্ষেত্রে খাদি বোর্ড থেকে যে সরকারী অর্থের তছরুপ করা হয়েছিল, সেটা বাতিল করে দিয়েছি। এখন চেষ্টা করছি খাদি বোর্ড এর পক্ষ থেকে সরকারী আধিকারিকরা জেলায় গিয়ে ওদের সঙ্গে কথা বলবেন, সভা করবেন। এই রকম আর কোনও তছরুপের ঘটনা আছে কিনা দেখা হবে।

**শ্রী অশোক দেব** : তাঁত বিপণন কেন্দ্রগুলিতে যে রিবেট দেওয়া হয়, সেই রিবেট দিতে গিয়ে গত ১ বছরে কত লোকসান হয়েছে সেটা বলবেন।

**শ্রী বংশগোপাল চৌধুরী** : টাকার অঙ্ক বলতে পারব না। কিন্তু আমি বলেছি যে, এটা তারা নিজস্ব আয় থেকে দিচ্ছেন। সুতরাং তাদের কিছু ঘাটতি হবেই।

**শ্রী জানে আলম মিঞা** : মন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি যে, ঈদ হচ্ছে মুসলিমদের বড় উৎসব। ঈদ বছরের বিভিন্ন সময়ে হয়। এই ঈদের আগে পরে ১০ দিন রিবেট দেওয়ার জন্য কোনও ব্যবস্থা নিয়েছেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই প্রস্তাবটা খুব নির্দিষ্টভাবে বিবেচনা করছি এবং মাননীয় সদস্যকে জানাতে পারি যে, যাতে ঈদ উৎসবের ক্ষেত্রে সরকারী সংস্থা থেকে যে ব্যবস্থা নেওয়া দরকার তা আমরা গ্রহণ করব।

**শ্রী মলয় ঘটক** : আজকে খবরের কাগজে বেরিয়েছে যে, ১০ খানা তন্তুজ বিপণন কেন্দ্র রাজ্য সরকার বন্ধ করে দেবার পরিকল্পনা নিয়েছেন। আমার প্রশ্ন যেখানে যেখানে বিপণন কেন্দ্র আছে, সেগুলি বাদ দিয়ে পশ্চিমবঙ্গে আরও আধা শহর, মাঝারি শহর আছে সেখানে এজেন্সির মাধ্যমে কাজ করানোর কোনও উদ্যোগ আছে কিনা বলবেন। ডিস্ট্রিবিউটার বা ডিলারদের মাধ্যমে কাজ করানোর উদ্যোগ আছে কিনা বলবেন।

[11.50—12.00 p.m.]

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আমি আগের প্রশ্নের উত্তরে জানিয়েছি যে তন্তুজ বোর্ড সিদ্ধান্ত নিয়েছে কিভাবে আর্থিক শৃঙ্খলা আনা যায়। তার জন্য তারা কয়েকটা বন্ধ করে দিয়েছেন। আর ডিলারের ব্যাপারে বলছেন যে সরকারী অর্থের যদি অপচয় হয় সে ক্ষেত্রে সরকারী অনুমোদন করা হবে না। গত বছর শারদোৎসবের সময় থেকে একটা বিষয়ে আমরা বিবেচনা করছি যে আমাদের রাজ্যের বেকার যুবক-যুবতীদের উৎসাহিত করার জন্য একটা নির্দিষ্ট টাকা আমাদের এই সংস্থাগুলো জমা রেখে তাদেরকে বিভিন্ন জায়গায় সেলসম্যান হিসাবে কাজ করতে দিতে পারেন কিনা। এতে আয়ও বাড়ল আর তার সঙ্গে সঙ্গে এই সংস্থাগুলোকে মাথাভারী না করে এই সংস্থাগুলো শো-রুম না খুলে বাণিজ্য করতে পারবে। মঞ্জুষার ক্ষেত্রেও আমরা ইতিমধ্যেই সেই সিদ্ধান্ত নিয়েছি। কয়েকটি জায়গায় মফস্বলে তাদেরকে এজেন্সিও নিয়োগ করে দিয়েছি। আগামী দিনে আরও বাড়াতে চাইছি।

**শ্রী বংশীবদন মিত্র** : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে আমাদের হুগলী জেলার খানাকুলে যে উইভারস সোসাইটি আছে, সেই উইভারস সোসাইটি থেকে তন্তুশ্রী এবং মঞ্জুষা এইসব সংস্থা তাঁদের কাপড় কেনে। এই উইভারস সোসাইটিগুলো ৯৮ সাল থেকে কোনও টাকা পেলেন না। সোসাইটিগুলো লোকসানে চলছে। এই বিষয়টা কিভাবে সুরাহা হবে মন্ত্রী মহাশয় বলবেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই ক্ষেত্রে আমরা ইতিমধ্যেই সিদ্ধান্ত গ্রহণ করেছি যে পরিমাণ টাকা বাকী পড়ে আছে সেই টাকা যাতে আমরা সরাসরি শোধ করে দিতে পারি। তন্তুজ এবং অন্য সংস্থার ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যাতে আমরা এই বছরের বাজেটে এই টাকা সরাসরি ওইসব সোসাইটিগুলোর হাতে কিভাবে সরাসরি পৌঁছে দিতে পারি। মাননীয় সদস্য সঠিকভাবেই বলেছেন বেশ কিছু অর্থ বাকী পড়ে আছে। আমরা চেষ্টা করছি এই সোসাইটিগুলোর অর্থ কিভাবে মিটিয়ে দিতে পারা যায়।

## সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারগুলিতে ডাক্তারের শূন্য পদ

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫) **শ্রী ঈদ মহম্মদ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারগুলিতে ডাক্তারের শূন্য পদের সংখ্যা কত ; এবং

(খ) শূন্য পদ পূরণে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** :

(ক) পূর্বের সাবসিডিয়ারি হেল্‌থ সেন্টারগুলি বর্তমানে প্রাইমারি হেল্‌থ সেন্টারে রূপান্তরিত হইয়াছে। ওই হেল্‌থ সেন্টারগুলিতে ডাক্তারের শূন্যপদের সংখ্যা ২৩২।

(খ) পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগের মাধ্যমে পদগুলি পূরণের ক্ষেত্রে ইতিমধ্যেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং চুক্তির ভিত্তিতে শূন্যপদ পূরণের প্রক্রিয়া চালু আছে।

**শ্রী ঈদ মহম্মদ** : আপনি বলছেন বর্তমানে প্রাইমারী হেল্‌থ সেন্টারে ডাক্তারের শূন্য পদের সংখ্যা ২৩২। এর একটা জেলাওয়াড়ি রিপোর্ট আপনি দিতে পারবেন কি ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : দার্জিলিং-৪; জলপাইগুড়ি-৪; কোচবিহার-৭; উত্তর দিনাজপুর-২৬; দক্ষিণ দিনাজপুর-০; মালদা-৭; পুরুলিয়া-১০; মুর্শিদাবাদ-৩৯; নদীয়া-১২; বীরভূম-৪২; বাঁকুড়া-১৫; বর্ধমান-১০; পূর্ব মেদিনীপুর-১৬; পশ্চিম মেদিনীপুর-১৩; হুগলি-৭ এবং হাওড়া ১৩। এই হচ্ছে জেলাভিত্তিক শূন্য পদের হিসাব

**শ্রী ঈদ মহম্মদ** : জেলাভিত্তিক যে রিপোর্ট দিলেন তার ভিত্তিতে আমি একটা প্রশ্ন করছি। আমরা দেখেছি যে ইতিপূর্বে পি এস সি থেকে যে সমস্ত ডাক্তারদের নাম থাকে স্বাস্থ্য দপ্তরের নিয়োগপত্র দেওয়া কিন্তু নিয়োগপত্র পাওয়া সত্ত্বেও সেই ডাক্তার জয়েন্ট করে না। এদের সম্পর্কে রাজ্য সরকার কিছু ভাবছেন কি ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : জয়েন্ট না করলে কি করতে পারি। কিছুদিন অপেক্ষা করব তার মধ্যে জয়েন্ট না করলে আবার পি এস সি-র কাছে নাম চাইব।

**শ্রী ঈদ মহম্মদ** : আপনি বলেছেন চুক্তির ভিত্তিতে কিছু শূন্যপদ পূরণের চেষ্টা করেছেন। কতজন ডাক্তারকে চুক্তির ভিত্তিতে এই রাজ্যে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : এ পর্যন্ত ৪৫৮টা চুক্তির ভিত্তিতে নিয়োগের জন্য অনুমোদিত চিকিৎসকপদ বা মেডিকেল অফিসার আছে। ৩৬৪ জন নিয়োগ পেয়ে কাজে আছে, ১৪টা শূন্য আছে, তারাও চুক্তির ভিত্তিতে নিয়োগ পেতে পারে।

**শ্রী ঈদ মহম্মদ** : মাননীয় মন্ত্রীকে বলি যে সব পি এইচ সি বা এস এইচ সি আছে সেগুলিকে গ্রামীণ হাসপাতাল বা রুরাল হাসপাতালে রূপান্তরিত করার কোনও পরিকল্পনা আছে ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : পি এইচ সি কখনই গ্রামীণ হাসপাতাল হবে না, একমাত্র বি পি এইচ সি-গুলি হবে এবং তার কাজ এখন সমাপ্তির মুখে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন এই এস এইচ সি গুলিকে প্রাথমিক হাসপাতালে পরিবর্তন করা হচ্ছে বললেন, আমার প্রশ্ন সেগুলিতে কটা বেড আছে ? সেখানে দেখেছি ফ্যামেলি ওয়েলফেয়ারের কাজ হয় এবং অন্যান্য অপারেশন ইত্যাদি হয়। জার্মান প্রোজেক্ট যে চালু হচ্ছে সেই সব হসপিটালগুলিকে এর মাধ্যমে কোনও ডেভেলপমেন্ট করা হবে কি ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : আমি বলেছিলাম যে এস এইচ সি যেগুলিকে পি এইচ সি বলে বলা হচ্ছে এবং আগে যেটা পি এইচ সি বলা হতো এখন সেগুলিকে বি পি এইচ সি বলা হচ্ছে। পি এইচ সিতে ৫১৪৯টি বেডের স্যাংশন আছে। বেড যখন স্যাংশন হয়েছিল, তখন ডায়েটও স্যাংশন আছে এবং পোস্টও স্যাংশন হয়। এর অনেকগুলিতে চিকিৎসক নেই, আউটডোর ছাড়া কিছু চলে না। সেখানে স্টাফও আছে। এই পরিপ্রেক্ষিতে বিধানসভার স্ট্যান্ডিং কমিটি একটা সুপারিশ আগে করেছিল, আমি দেখেছি, এখানেও পেশ করা হয়েছিল মাননীয় সদস্যারা নিশ্চয়ই অবগত আছেন। তাতে ছিল এগুলি চালু রাখার উপযুক্ত নয় এবং কিছু আউটডোর এবং কিছুটাতে বেড করে ভালোভাবে চালানো যেতে পারে। সেই

পরিপ্রেক্ষিতে স্ট্যান্ডিং কমিটির সুপারিশ অনুযায়ী ডি এইচ সি গুলিকে লিখেছি, জিলাস্তরে যে সমস্ত কমিটি যাতে সব রাজনৈতিক দলের প্রতিনিধিরা আছেন তাঁদের লিখেছি আপনারা পরিকল্পনা করে পাঠান যে আপনাদের জেলাতে কোন কোন পি এইচ সি গুলি বেড দিয়ে ভালোভাবে চালানো যায়, আর কোনগুলিকে আউটডোর হিসাবে চালানো যায়। যেখানে আউটডোর চলবে সেখানে পাকাপাকিভাবে মেডিকেল অফিসার রাখার দরকার নেই, তারা তিন-চার ঘণ্টা করে কাজ করেই চলে যেতে পারেন, আমরা জেলাগুলি থেকে যেমন পাবো তার একের তিন অংশ পি এইচ সি কে উন্নীত করবার চেষ্টা করবো, বাকিগুলি আউটডোর সার্ভিস চালু করবার চেষ্টা করবো।

**শ্রী অসিত মিত্র** : আপনার কাছে অতিরিক্ত প্রশ্ন, এখন প্রত্যেকটি ব্লক লেভেলে একটা করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। পশ্চিমবাংলায় এমন অনেক স্থান আছে যেখানে এক একটা ব্লক এলাকা অনেক বড় এবং দ্বীপ এলাকা, দুর্গম এলাকা। সেই সব জায়গায় ব্লকে একটা মাত্র প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র না করে অনুরূপভাবে মানুষের প্রয়োজনঅতিরিক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মর্যাদা দিয়ে কোনও স্বাস্থ্যকেন্দ্র করার পরিকল্পনা সরকারের আছে কি ?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র** : এটা ঠিক নয় যে ব্লকে একটা করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। বি পি এইচ সি দুটি, তিনটি, চারটি পর্যন্ত এক একটা ব্লকে আছে। কিন্তু যেগুলি আছে সেগুলি ঠিকভাবে চলা দরকার। কয়েকটি আছে যেগুলি আউটডোর ছাড়া কিছু চলে না। আমাদের উদ্দেশ্য হলো যেগুলি আছে সেগুলি ঠিকভাবে চালু করা, তাই নতুন করে করার কোনও পরিকল্পনা নেই। জেলায় জার্মান প্রোজেক্ট একটা করে করা হবে যাতে ক্রিটিক্যাল গ্যাপ না থাকে। খুব একটা বড় এলাকা বাদ পড়ে গেলেও জেলায় একটা করে ঠিক করতে বলেছি যেখানে পি এইচ সি-কে করা হবে।

## Starred Questions

## (To which oral answers were laid on the Table)

### বন্ধ ডানলপ কারখানা খুলতে ব্যবস্থা গ্রহণ

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১) **শ্রী তপন হোড়** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বন্ধ ডানলপ কারখানা খুলতে সরকার এ পর্যন্ত কী ব্যবস্থা গ্রহণ করেছেন ;

(খ) উক্ত কারখানা খুলতে কেন্দ্রীয় সরকারের কোনও প্রস্তাব সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি না ; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, প্রস্তাবটি কী ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) বন্ধ ডানলপ কারখানা খুলে তা পুনরুজ্জীবনেরজন্য যে প্রকল্প অনুমোদনের দরকার তাহা সম্পূর্ণ বি আই এফ আর-এর বিচারাধীন। রাজ্য সরকার তার

সীমিত আর্থিক ক্ষমতা সত্ত্বেও সংস্থাটির এই রাজ্যে অবস্থিত শাখা ইউনিটটির জন্য অনেক অভাবনীয় ছাড় দিতে সম্মতি হয়েছে।

(খ) এখনও পর্যন্ত না।

(গ) প্রশ্ন ওঠে না।

## পশ্চিমবঙ্গে যোজনা প্রকল্প

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩) **শ্রী শংকর সিংহ ও শ্রী আবদুল মান্নান** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় সরকারের অধীন বিভিন্ন যোজনা প্রকল্প পশ্চিমবঙ্গে কত পরিমাণে রূপায়িত হয়েছে সে বিষয়ে সুপ্রিম কোর্ট সরকারের কাছে জানতে চেয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, সরকারের এ বিষয়ে বক্তব্য কী ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) না ;

(খ) প্রশ্ন ওঠে না।

## সরকার পরিচালিত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮) **শ্রী রামপদ সামন্ত** : খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারী পরিচালনাধীন মোট কতগুলি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প কেন্দ্র রয়েছে (ডিসেম্বর ২০০১ পর্যন্ত) ; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলির উন্নতির জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছেন ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) সরকার পরিচালিত কোনও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প নাই।

(খ) প্রশ্ন উঠে না। সরকার শিল্পোদ্যোগীদের অনুদান/কারিগরী প্রশিক্ষণ সহায়ক দ্বারা উৎসাহিত করে।

## রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও কুটির শিল্পের সংখ্যা

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫) **শ্রী দীপককুমার ঘোষ** : ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও কুটির শিল্পের সংখ্যা কত ; এবং

(খ) এই শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট মোট মালিক ও কর্মীর সংখ্যা কত ?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩১শে ডিসেম্বর, ২০০১ পর্যন্ত রাজ্যে রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও কুটির শিল্পের মোট সংখ্যা ৩,১১,২০৩টি।

(খ) ৩,১১,২০৩টি রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও কুটির শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট মালিকের সংখ্যা ৩,১২,১১০ জন এবং কর্মীর সংখ্যা ১৫,৫২,৩৪২ জন।

## বড় পঞ্চায়েতগুলির বিভক্তিকরণ

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৬) **শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা কত ;

(খ) বড় পঞ্চায়েতগুলিকে ভেঙ্গে ছোট করার পরিকল্পনা আছে কি না ;

(গ) থাকলে, তার সংখ্যা কত হতে পারে ; এবং

(ঘ) পঞ্চায়েতে নতুন পদ সৃষ্টির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩,৩৫৮টি।

(খ) না, এরূপ কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীনে নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) না, আপাততঃ এরূপ কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীনে নেই।

## ইনজেকশন ভায়ালে আর্সেনিক

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭) **শ্রীমতী রত্না দে (নাগ)** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কোনও কোনও ওষুধ প্রস্তুতকারক সংস্থার ইনজেকশন ভায়ালের জলে আর্সেনিক পাওয়া গেছে ; এবং

(খ) যদি সত্যি হয়, এসব সংস্থার সরবরাহ কি সরকার বন্ধ করে দিয়েছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এ বিষয়ে কোনও বিধিবদ্ধ সরকারী ভেষজ পরীক্ষাগারের রিপোর্ট এখনো পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### পাটশিল্পের উন্নয়নে নতুন প্রযুক্তি

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫২) **শ্রী শ্যামাপ্রসাদ পাল** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের পাটশিল্পের উন্নতিকল্পে পুরানো প্রযুক্তি ও ব্যবস্থাপনার পরিবর্তে নতুন প্রযুক্তি ব্যবহার করে শিল্পপতিদের আকৃষ্ট করার লক্ষ্যে সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

পাটশিল্পের আধুনিকীকরণের জন্য ভারত সরকার নির্দেশিত জুট মর্ডানাইজেশন ফান্ড স্কীম চালু ছিল ১৯৮৬ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত। টেকনোলজি আপ-গ্রেডেশন ফান্ড স্কীম চালু আছে ১লা এপ্রিল, ১৯৯৯ সাল থেকে। মিল মালিকেরা আধুনিকীকরণের জন্য সহায়তা পেতে পারেন।

এছাড়া রাজ্য সরকারের 'পশ্চিমবঙ্গ উৎসাহদান প্রকল্প, ২০০০'-এর ১৫.১, ১৫.২, ১৫.৩ ধারা অনুযায়ী ১.৭.২০০১ থেকে পাট শিল্পজাত প্রচলিত পণ্য সামগ্রী ছাড়াও নতুন ধরনের পণ্য সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে উৎসাহ দেওয়ার জন্য ভর্তুকি দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।

### সাপেকাটা রোগীর প্রয়োজনীয় ওষুধ

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪০) **শ্রী অশোক দেব** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা সহ রাজ্যের বিভিন্ন সরকারী হাসপাতালে সাপেকাটা রোগীদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ওষুধ নিয়মিতভাবে সরবরাহ করা হয় কি না ; এবং

(খ) না হলে, এর কারণ কী ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, করা হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### সুবর্ণরেখা বাঁধ প্রকল্পে কেন্দ্রীয় অর্থ

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৬) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুবর্ণরেখা বাঁধ প্রকল্পে কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করছেন ; এবং

(খ) সত্যি হলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ। এটা সত্যি যে চলতি আর্থিক বৎসর (২০০১-২০০২) থেকে কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের জন্য ঋণ হিসেবে অর্থ বরাদ্দ করেছেন।

(খ) চলতি আর্থিক বৎসরে এই বরাদ্দের পরিমাণ ৪.১০ কোটি টাকা।

**ম্যালেরিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি**

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৪) **শ্রী কমল মুখার্জি** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি বছরে ম্যালেরিয়া রোগে আক্রান্তের সংখ্যা অন্য বছরের তুলনায় বেশি ;

(খ) সত্যি হলে, এর কারণ কী ; এবং

(গ) শহরাঞ্চলে মশার উপদ্রব রোধে সরকার কী কী কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ম্যালেরিয়া ও অন্য মশার উপদ্রব এবং ম্যালেরিয়া রোধে সংবাদপত্র, বেতার, দূরদর্শন ইত্যাদি প্রচার মাধ্যম এবং বিভিন্ন সমাজসেবী সংগঠনের সাহায্যে সভা সমিতি, সেমিনার ইত্যাদির মারফত জনসাধারণকে সতর্ক করা এবং ম্যালেরিয়া রোগ প্রতিরোধ কল্পে মশককুল নির্মূল এবং মানুষ ও মশার সংযোগ প্রতিহত করার বিষয়ে চেতনা সৃষ্টির প্রয়াস চালানো হয়েছে এবং হচ্ছে। এছাড়া ম্যালেরিয়া মশার শূককীট ধ্বংসের জন্য বিশেষজ্ঞ কীট দ্বারা নিয়মিত মশার স্বভাব নিরূপণ এবং নির্বাচিত স্থানে সায়োকীটনাশক প্রয়োগ করা হয়। কলকাতা কর্পোরেশন শহরাঞ্চলে নিয়মিত কীটনাশক ধূমায়ক ব্যবহার করে থাকেন।

[12.00—12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received six notices of Adjounment Motions. The first and the sixth ones are from Shri Moloy Ghatak and Dr. Ratna De (Nag) and Shri Jyoti Priya Mallik, Shri Arunava Ghosh, Shri Tanmoy Mondal and Shri Arjun Singh separately on the same subject of announcement of the State Government to take over all financial liabilities for thirty-nine contract labourers engaged in Santhaldihi pump house. The second one is from Shri Kashinath

Mishra and Shri Manturam Pakhira on the subject of uncertainty raised to obtain the cash credit from the Reserve Bank of India for maintaining the rationing system. The third one is from Shri Saugata Roy on the subject of alleged insufficient security arrangements at writers' Buildings and some other important places in Kolkata. The fourth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged deterioration of law and order situation in South 24 Parganas district. And the fifth one is from Shri Asit Kumar Mal on the subject of statement of the Food Minister on allotment of fund by the State Government for purchasing paddy.

The Adjournment Motion on the subject matter similar to the third Motion was received yesterday consent to which was withheld by me. The notice is thus out of order and I reject it.

The subject matters of all the remaining Motions relate to day administration of the Government and do not call for Adjournment of the business of the House. Moreover, the Members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned departments which is now going on. Members may also invite attention of the Minister concerned through calling Attention. Mention, Question, etc. I therefore, withhold my consent to all the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রেশন ব্যবস্থা চালু রাখতে রিজার্ভ ব্যাঙ্কের মঞ্জুর করা ঋণ পাওয়ার ক্ষেত্রে অনিশ্চয়তা সৃষ্টি। রাজ্যে রেশনের হাল ফেরাতে রিজার্ভ ব্যাঙ্ক যে ১৩৭ কোটি টাকার ঋণ (ক্যাশ ক্রেডিট) মঞ্জুর করেছে তা পাওয়া নিয়ে অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক এই টাকা দেওয়ার দায়িত্ব স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়াকে দিয়েছিল। এস বি আই রাজ্যের খাদ্য দপ্তরকে গত ১৯শে এপ্রিল চিঠি দিয়ে জানিয়েছে ঋণের টাকা পাওয়ার জন্য এখনকার স্টক স্টেটমেন্ট দিতে হবে। খাদ্য দপ্তরের ভান্ডাবে কত টাকার খাদ্যবস্তু মজুত আছে তার হিসাব ব্যাঙ্কের কাছে পেশ করতে হবে। যত টাকার খাদ্যবস্তু মজুত আছে তত পরিমাণ টাকাই ঋণ হিসাবে বরাদ্দ করা হবে বলে স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ খাদ্য দপ্তরকে জানিয়ে দিয়েছে। ব্যাঙ্কের বক্তব্য, রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশিকা অনুযায়ী তারা এটা করেছে। স্টেট ব্যাঙ্কের এই চিঠিতে

ফাঁপরে পড়েছে রাজ্য খাদ্য দপ্তর। বর্তমানে খাদ্য দপ্তরের ভান্ডার শূন্য। আর বি আই বরাদ্দ করা টাকা পেলে এফ সি আই-এর গুদাম হতে রেশনের জন্য গম তুলতো খাদ্য দপ্তর। এই টাকায় রেশনে দেওয়ার জন্য চাষিদের কাছ থেকে চাল কিনত খাদ্য দপ্তর। গত বছরের নভেম্বর মাস থেকে আগামী অক্টোবরের মধ্যে রাজ্য সরকার চাষিদের কাছ থেকে ৬ লক্ষ টন চাল কেনার লক্ষ্যমাত্রাও করেছিলেন। এখন পর্যন্ত ৫০ হাজার টন চাল কেনা হয়েছে। আর্থিক অভাবে চাল কিনতে সরকার ব্যর্থ হয়েছে। দারিদ্রসীমার ওপরের গ্রাহকদের (এ পি এল)-এর জন্য এক টাকা করে চাল ও গমের দাম কমেছে। কেন্দ্রীয় সরকার চাল ও গমের দাম কমালেও ৮ কোটি রেশন গ্রাহক এই সুবিধা পাচ্ছেন না। অবিলম্বে রেশন ব্যবস্থা ঠিক করার জন্য সভা মুলতবি করে আলোচনা করা হোক।

**শ্রী অসিতকুমার মাল** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—

রাজ্য সরকারের হাতে ধান কেনার টাকা নেই বলে জানিয়ে দিয়েছেন খাদ্য দপ্তরের মন্ত্রিমহোদয়। মঙ্গলবার তিনি বলেন ধান কেনার দায়িত্ব খাদ্য দপ্তরের। কিন্তু ধান কেনার কোনও টাকা খাদ্য দপ্তরের নেই। গত সোমবার অর্থ দপ্তরের মন্ত্রী মহোদয় জানান যে, রাজ্য সরকার ধান কিনতে ১৮১ কোটি টাকা বরাদ্দ করেছে। কিন্তু অর্থমন্ত্রীর ওই ঘোষণার একদিন পরেই খাদ্যমন্ত্রী বলেন ধান কেনার টাকা নেই। টাকা কোথা থেকে আসবে তা অর্থমন্ত্রীই বলতে পারবেন। দুই মন্ত্রীর ধান কেনা-বেচা নিয়ে বিরোধী মন্তব্য করায় নতুন করে বিতর্ক দেখা দিয়েছে। বাংলার চাষিরা মাথায় হাত দিয়ে বসে পড়েছেন। বিতর্কের অবসান ঘটিয়ে চাষিরা যাতে ধানের ন্যায্য মূল্য পায় তার ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানাই।

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker** : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

| | Subjects | | Name |
|---|---|---|---|
| (i) | Alleged in-action of Police in the case of ransacking by the miscreants at Sunberia, Bardeshia, Kaipul under Rajarhat Constituency on 8.6.2002. | : | Shri Jyoti Priya Mallick, Shri Arunava Ghosh, Shri Tanmoy Mondal & Shri Arjun Singh |
| (ii) | apprehended attack on writers' Buildings | : | Shri Asit Kumar Mal |
| (iii) | Non-revival package of IISCO | : | Shri Moloy Ghatak, Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |
| (iv) | Alleged murder of Md. Hasan laskar, president Canning II Block Trinamool Congress Committee on 23.3.2002 | : | Shri Gobindra chandra Naskar |

I have selected the notice of Shri Moloy Ghatak, Kashinath Mishra and Manturam Pakhira on the subject of Non-revival package of IISCO.

The Minister in Charge may please make a statement today, lcf possible given a date.

**Shri Probodh Chandra Sinha** : Sir, the statement will be made on 26th June, 2002.

[12.00—12.10 p.m.]

## PRESENTATION OF THE COMMITTEE REPORT

### First Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation (2001-2002)

**Shri Kamalakshmi Biswas** : Sir with your permission, I beg to present the First Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation, 2001-2002 regarding study visit to the Bansberia Womens Home in the district of Hooghly and Tangra Colony in the district of North 24-Parganas.

### First Report of the Standing Committee on Labour (2001-2002)

The Chairman (**Shri Jagadish Chandra Das**) Sir I beg to present the First Report of the Standing Committee on Labour (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to Labour Department.

### First Report of the Standing Committee on Environment, Forests and Tourism (2001-2002) with your kind permission

**Shri Sk. Majed Ali** : Sir, I beg to present the 1st Report of the Standing Committee on Environment, Forests and Tourism (2001-2002), West Bengal Legislative Assembly on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Environment, Forest and Tourism Departments.

### Second, Third & Fourth Reports of the Standing Committee on Housing and Public Works (2001-2002)

The Chairman (**Shri Saugata Roy**) Sir, I beg to present :

(i) The Second Report of the Standing Committee on Housing and Public Works (2001-2002) on action taken by the Government on the recommendations of the Committee as contained in its First Report on the activities of the Public Works Department ;

(ii) The Third Report of the Standing Committee on Housing and Public Works (2001-2002) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grants relating to the Public Works Department for 2002-2003 ; and

(iii) The Fourth Report of the Standing Committee on Housing and Public Works (2001-2002) on Pre-Voting Budget Scrutiny on the Demands for Grants relating to the Housing Department for 2002-2003.

## First and Second Report of the Standing Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (2001-2002)

The Chairman (**Shri Rabindranath Hembram**) Sir, I beg to present :

(i) The First Report of the Standing Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (2001-2002) ; and

(ii) The Second Report of the Standing Committee on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes Welfare Department.

[12.10—12.20 p.m.]

## First Report of the Standing Committee on Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development (2001-2002)

**Shri Md. Yaqub** : Sir, I beg to present the First Report of the Standing Committee on Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development (2001-2002) relating to the Cottage & Small Scale Industries, Co-operation and Animal Resources Development Department on pre-Voting budget scrutiny for they year 2002-2003.

## LAYING OF RULES

### Amendments to the West Bengal Panchayat (Gram Panchayat Administration) Rules, 1981

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your kind permission, I beg to lay Amendments to the West Bengal Panchayat (Gram Panchayat Administration) Rules, 1981.

## LAYING OF REPORTS

### Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2000-2001

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your kind permission I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2000-2001.

### Annual Report and Audit Report of the Damodar Valley Corporation for the year 2000-2001.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your kind permission I beg to lay the Annual Report and Audit Report of the Damodar Valley Corporation for the year 2000-2001.

## MENTION CASES

**শ্রী অসিত কুমার মাল** : স্যার, আমি মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য পেশ করছি। গত বন্যায় বীরভূমের ক্ষতিগ্রস্ত ব্রাহ্মণী দ্বারকা নদীর বাঁধ যেভাবে ভেঙে গিয়েছিল, আজও অবধি সেই বাঁধ মেরামতির কাজ করা হয়নি। হাজার হাজার মানুষ দুশ্চিন্তায় আছে। আবার বন্যা আসছে। এই বন্যায় ওইসব ভাঙা বাঁধ থেকে জল এমনভাবে এলাকায় ছড়িয়ে পড়বে তাতে হাজার হাজার মানুষের ঘর-বাড়ি, জমি-সম্পত্তি আবার নষ্ট হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর কাছে আবেদন করছি, যুদ্ধকালীন ভিত্তিতে বীরভূমের ব্রাহ্মণী নদী বিশেষ করে ভদ্রপুরের কলম বাগানের বাঁধ এবং দ্বারকার বশোয়া ললিতা কুণ্ড বাঁধটি অতি সত্বর বাঁধানো হোক। তা যদি না করা হয় তা হলে গতবারের বন্যায় বীরভূম জেলা যেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, এবারেও সেইভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং মানুষ আবার বিপর্যয়ের মধ্যে পড়বে। আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয়কে বিশেষভাবে অনুরোধ করছি এই কারণে, কিছু জমিদারি বাঁধ আছে যেগুলি পঞ্চায়েতের অধীনস্থ, আর কিছু বাঁধ আছে যেগুলি সেচ দপ্তরের অধীনে। মাননীয় সেচমন্ত্রীর কাছে গেলে উনি বলেন, এই বাঁধগুলি আমার দপ্তরের নয়, পঞ্চায়েত দপ্তরে যান। আবার পঞ্চায়েত দপ্তরে গেলে বলেন, আমাদের কাছে কোনো টাকা নেই। তাই পঞ্চায়েত সমিতিগুলি বাঁধ মেরামতি করতে পারছে না। তাই অতি সত্বর বাঁধগুলি মেরামতির আর্জি জানাচ্ছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আমাদের পশ্চিম মেদিনীপুর জেলায় তেমন কোনও শিল্প নেই, অথচ খড়গপুর এবং মেদিনীপুরের মধ্যবর্তী জায়গায় একটি শিল্পাঞ্চল গড়ে উঠেছে। বিড়লা শিল্পগোষ্ঠী কয়েক বছর আগে ৫২৫ একর জমির বন্দোবস্ত নিয়েছে। কিন্তু কারখানা না করার ফলে চাষিরা যেমন মার খাচ্ছে, তেমনি আমাদের ওই এলাকায় শিল্প গড়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। চাষিদের ক্ষতিপূরণের টাকা দিচ্ছে না এবং চাষিরা জমিতে ফসল ফলাতেও পারছে না। বিড়লা শিল্পগোষ্ঠী তাদের হাতে যে ৫২৫ একর জমির বন্দোবস্ত রেখেছে সেই ব্যাপারে আমি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাচ্ছি, অবিলম্বে যেন এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী মলয় ঘটক** : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিং দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র হীরাপুরের বিস্তীর্ণ এলাকাতে পানীয় জলের গভীর সংকট চলছে এবং সমস্যা রয়েছে। এই এলাকাতে প্রচুর কোলিয়ারি আছে। মাটির তলা থেকে কয়লা কাটার জন্য এবং আসানসোল অঞ্চলের আবহাওয়া অত্যন্ত শুষ্ক হওয়ার জন্য এই এলাকায় কুয়ো বা অন্যান্য মাধ্যমে জল পাওয়া যায় না। সেখানে জল পাওয়ার একমাত্র মাধ্যম হচ্ছে পাইপলাইন। পাইপলাইন দিয়েই সেখানে জল সরবরাহ করতে হয়। কিন্তু সেখানকার অধিকাংশ গ্রামেই পাইপলাইন নেই। গ্রামের মানুষরা পাইপলাইনের জল না পাওয়ায় বাধ্য হয়ে নদী থেকে অপরিশোধিত জল তুলে সেই জল খায় এবং তার ফলে তারা বিভিন্ন রকমের রোগে আক্রান্ত হয়। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, অবিলম্বে সেখানে সমস্ত গ্রামে পাইপলাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করুন।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী নিরুপম সেনের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের সীমান্তে ভুটানের পাদদেশে জয়গাঁতে লক্ষাধিক মানুষের বাস। সেখানে কোনো পৌরসভা নেই। রয়েছে জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ। নামেমাত্র উন্নয়ন কর্তৃপক্ষ কিন্তু কার্যত সেখানে কোন পরিকাঠামোই নেই এবং নেই অর্থ বরাদ্দ। স্যার, আপনি জানেন, গোটা আলিপুরদুয়ার মহকুমা জুড়ে চলছে অস্থিরতা এবং বিচ্ছিন্ন হয়ে যাওয়ার নানান কার্যকলাপ। এই অবস্থায় আমি মনে করি উন্নয়নের পরশ সখানে সর্বত্র পৌঁছে দেওয়ার স্বার্থে অবিলম্বে জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষকে জলপাইগুড়ি-শিলিগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের আদলে গড়ে তোলা দরকার। জলপাইগুড়ি-শিলিগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের আদলে এই আলিপুরদুয়ার-জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ গড়ে তুলতে পারলে সেখানে উন্নয়নের পরশ পৌঁছে দেওয়া সম্ভব হবে। সেখানকার মানুষদের এইভাবে উন্নয়নের পরশ পাইয়ে দিয়ে সুস্থিতির সপক্ষে আনা যাবে বলে আমি মনে করি। আমি আশা করি মন্ত্রী মহাশয় তথা রাজ্য সরকার বিষয়টির গুরুত্ব অনুধাবন করে অবিলম্বে এইভাবে আলিপুরদুয়ার-জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ গড়ে তুলবেন।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে বংশগোপালবাবু উপস্থিত আছেন, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তাঁর এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া এবং বর্ধমান জেলায় বিশেষ করে রানীগঞ্জ কোল ফিল্ড এলাকাতে ব্যাপক মিথেন গ্যাস রয়েছে। স্যার, সরকার এখানে শিল্প শিল্প করে পাগল হচ্ছেন অথচ ওখানে ব্যাপকভাবে শিল্প গড়ে তোলার সম্ভাবনা থাকলেও কিছুই করা হচ্ছে না। স্যার, এই প্রসঙ্গে আমি একটি প্রশ্ন দিয়েছিলাম এবং তার লিখিত জবাবে মাননীয় শিল্পবাণিজ্যমন্ত্রী মহাশয় যা বলেছিলেন সেটা আমি একটু পড়ে দিচ্ছি। ১৬০ নং প্রশ্ন (অনুমোদিত প্রশ্ন নং ৯০৪)—সেখানে তিনি উত্তরে বলছেন, (ক) রানীগঞ্জ কয়লাখনি এলাকাতে প্রচুর পরিমাণে মিথেন গ্যাস আছে বলে বিশেষজ্ঞরা মনে করেন। এই গ্যাসের পরিচিত নাম 'কোল বেড মিথেন'। রানীগঞ্জ দক্ষিণবঙ্গকে 'কোল বেড মিথেন' অনুসন্ধানের জন্য গ্রেট ইস্টার্ন এনার্জি কর্পোরেশন নামে একটি বেসরকারি সংস্থা লাইসেন্স প্রদানের জন্য রাজ্য সরকারের কাছে ১৯৯৯ সালে আবেদন করে। এই আবেদনক্রমে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে

পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস রুলসের অধিনিয়মে পূর্বানুমতি প্রদানের জন্য প্রস্তাব রেখেছে। প্রস্তাবটি এখনও কেন্দ্রীয় সরকারের বিচারাধীন রয়েছে। গ্রেট ইস্টার্ন এনার্জি কর্পোরেশন কর্তৃক আবেদনকৃত এলাকার (২১০ বর্গ কিঃ মিঃ) মধ্যে বাঁকুড়া জেলার কালিদাসপুর কোলিয়ারি এলাকাও রয়েছে। (খ) বাঁকুড়া জেলার কালিদাসপুর কোলিয়ারি এলাকায় মিথেন গ্যাস উত্তোলনের কোনো কাজ ও এন জি সি করছে না। তবে এই সংস্থাকে রানীগঞ্জ উত্তর এলাকায় (২২৫ বর্গ কিঃ মিঃ) কোল বেড মিথেন অনুসন্ধানের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের পূর্বানুমতি নিয়ে ২০০০ সালে লাইসেন্স প্রদান করে। স্যার, আপনাকে বলি, সেখানে কোনও কাজ হচ্ছে না। বংশগোপালবাবু এখানে আছেন, তার দৃষ্টি আকর্ষণ করে বলছি, সেখানে প্রাকৃতিক গ্যাস থাকা সত্ত্বেও তা ব্যবহার করা হচ্ছে না। এদিকে অবিলম্বে দৃষ্টি দিন।

**শ্রী বংশীবদন মৈত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বি পি এলের বিষয়ে সংশ্লিষ্ট পঞ্চায়েত ও রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বি পি এলের তালিকা সম্প্রতি রিভিসান করার জন্য দেওয়া হয়েছে এবং তাতে যেসব ক্রাইট্রেরিয়ার কথা বলা হয়েছে তাতে দেখা যাচ্ছে পাকা বাড়ি, বৈদ্যুতিক লাইট থাকলে হবে না। কিন্তু তাদের আর্থিক অবস্থা কিছু কিছু ক্ষেত্রে খারাপ। তারপর ডেটটা এমন দেওয়া হয়েছে—১০ তারিখ লাস্ট ডেট। এটা একটু বাড়ানোর ব্যবস্থা করুন। নতুন করে যাতে করা যায়, একেবারে নতুন না হলেও কিছু পরিবর্তন দরকার। গতবারের লিস্ট থেকে দেখা যাচ্ছে ১০০ জনের মধ্যে ৯০ জন এই ক্রাইটেরিয়ার মধ্যে পড়ে যাবে। সেই জন্য আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20—12.30 p.m.]

**ডাঃ রত্না দে (নাগ)** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, প্রতি বছর বহু মানুষের হোমোসিডাল সোসিডাল অ্যাকসিডেন্টের কারণে বার্ন ইনজুরি হয়। এই কথা যেমন কলিকাতার ক্ষেত্রে সত্য তেমনি জেলাগুলির ক্ষেত্রে সত্য। একটা নির্দিষ্ট মাত্রার বেশি বার্ন ইনজুরি হলে সেই পেসেন্টকে আর বাঁচানো যায় না। কিন্তু নির্দিষ্ট মাত্রার ভেতরে বার্ন ইনজুরি হলে আধুনিক চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে পেসেন্টকে সুস্থ রাখা যায়। জেলাস্তরে বার্ন ইউনিট না থাকার ফলে রোগীর পরিবারকে এবং সরকারি কর্মচারীদের দাঁড়িয়ে বার্ন পেসেন্টের অসহনীয় মৃত্যু যন্ত্রণা দেখতে হয়। যে সমস্ত পেসেন্টকে সুস্থ করা যায়, সেকেন্ডারি ইনফেকসাস বা এই ধরনের, তারা সরকারি হাসপাতালে অবস্থানকালীন মৃত্যু হয়। তাই আমি আপনার মাধ্যমে মানীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, হুগলি জেলার ঐতিহ্যমণ্ডিত শ্রীরামপুর এলাকায় একটা বার্ন ইউনিট খোলার ব্যবস্থা নিন। বর্তমান অবস্থায় সরকারের আর্থিক প্রতিবন্ধকতা থাকলে বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে এই ইউনিট চালু করার ব্যবস্থা করুন।

**শ্রী কার্তিক বাগ** : স্যার আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০০ সালে অজয়ের বন্যায় আমার বিধানসভা এলাকার আউসগ্রামে ৪টি বাঁধ ভেঙে গিয়েছিল। তারপর সমস্ত বাঁধ মেরামত করা হয়েছে। এই বাঁধ আরো ১ মিটার নতুন করে উঁচু করার জন্য রাজ্য সরকারের পক্ষে সিদ্ধান্ত করা হয়। কিন্তু সাগরপ্রতুল থেকে ভেদিয়া এই তিন

কিলোমিটার মাঝে মাঝে গ্যাপ থেকে গেছে। এই বাঁধ সত্বর মেরামত না করলে জলের বানে আবার বাঁধ ভেঙে গ্রাম ভেসে যাওয়ার আশংকা আছে। স্বাভাবিকভাবে অনুরোধ জানাচ্ছি জেলাস্তরে আধিকারিদের যদি বলা হয়—টাকা-পয়সার দরকার নেই, তাঁরা যদি একটু দেখভাল করেন তাহলে বাঁধগুলি মেরামত করে বন্যার হাত থেকে বাঁচানো যাবে।

**শ্রী দীপক ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার এবং অর্থমন্ত্রী ও পরিকল্পনামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০০-২০০১ সালে প্রথম বিধায়কদের এলাকা উন্নয়ন প্রকল্প তৈরি হয়েছে, তাতে বিধায়করা বার্ষিক ১৫ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। প্রথমে সাড়ে সাত লক্ষ টাকা দেওয়া হয়েছে, তার ইউটালাইজেশান সার্টিফিকেট দিলে বাকি সাড়ে সাত লক্ষ টাকা, মোট ১৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তার বেশির ভাগ খরচ হয়েছে। গত বছর ২০০১-২০০২ এটা বাড়িয়ে করা হয়েছে ২৫ লক্ষ টাকা। আমরা অক্টোবর মাসে জেলা শাসকের কাছে জানতে পারি সাড়ে বারো লক্ষ টাকা খরচ হলে তার ইউটালাইজেশান সার্টিফিকেট দিলে আরও সাড়ে বারো লক্ষ টাকা দেওয়া হবে। সেই অনুযায়ী স্কীম দেওয়া হলো, কিন্তু সেটা স্যাংশান হলো না, ধরে রাখা হলো। জেলা শাসককে বলা হলে উনি বলেন স্কীম পাঠিয়ে দিন। সেখানে দু-একটা ছোট স্কীম দিয়ে বাকি আটকে রেখে দিচ্ছে, বেশির ভাগ টাকা দিচ্ছে না। গত আর্থিক বছর শেষ হয়ে গেল সেই আর্থিক বছরের টাকা পাওয়া যায়নি। এই আর্থিক বছর চালু হয়েছে, এই আর্থিক বছরের ২৫ লক্ষ টাকা পাওনা। অন্তত পক্ষে গত বছরের টাকাটা যদি এখন দেওয়া যায় তাহলে অনেক সুবিধা হবে। আমি অর্থমন্ত্রীকে বলছি, ওনাকে এই ব্যাপারে জিজ্ঞাসা করলে উনি বলেন পরিকল্পনা উন্নয়নমন্ত্রীর সঙ্গে দেখা করতে। আমি বহুবার দেখা করেছি, প্রতিবারই তিনি বলেছেন—দেখছি। এই আর্থিক বছরের ৩ মাস হয়ে গেল টাকা পাওয়া গেল না। সময় মত যদি টাকা না আসে তাহলে বিধায়ক উন্নয়ন প্রকল্প রাখার যুক্তিকতা কি আমি বুঝতে পারছি না।

**শ্রী সুভাষ মণ্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আমার ভাতার বিধানসভার কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতের চাহিদা অনুযায়ী ১৯৯৮ সালে ভাতার থানার মহাচান্দা মৌজায় ১১ কেভি একটি সাব স্টেশন স্থাপন করার প্রস্তাব হয়। পরে এটি সরকারি অনুমোদন লাভ করে। এই বিষয়ে এলাকার কৃষকরা তাদের প্রয়োজনকে সামনে রেখে প্রায় ৮ বিঘা জমি বিনামূল্যে সরকারকে দেয়। জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে ১৪ লক্ষ টাকা ব্যয় করে মাটি সমতল করা এবং বাউন্ডারী ওয়াল ওখানে দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, আসল যে কাজ সাব স্টেশনের কাজ, সেটি এখনও শুরু হয়নি। মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমি দাবি করছি, যাতে অবিলম্বে সাব স্টেশনের কাজ শুরু হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর কাছে আবেদন জানাচ্ছি, বসুমতী পত্রিকাটি কলকাতা থেকে শিলিগুড়িতে স্থানান্তরিত করে দেওয়ার পেছনে যে কারণ ছিল, তার কারণ হলো গণশক্তি পত্রিকার প্রচার বাড়ানো। বসুমতী পত্রিকাকে আমাদের এখান থেকে ট্রান্সফার করে শিলিগুড়িতে পাঠিয়ে দেওয়া হয়। আপনি জানেন যে, বসুমতী পত্রিকা

এখানে স্থাপিত হয়েছিল শ্রীশ্রী রামকৃষ্ণদেবের ইচ্ছায়। ১৯১৪ সালে এটি চালু হয়েছিল। বহুদিন বন্ধ থাকার পর ১৯৭৪ সালে এটি এখানে যখন চালু হয়, গোপালদাস নাগ যখন মন্ত্রী ছিলেন তখন তাঁর উদ্যোগে রাজ্য সরকার এটিকে অধিগ্রহণ করেন হেরিটেজ পত্রিকা হিসাবে। আমরা যখন হেরিটেজ বিল্ডিংয়ের, হেরিটেজ লেকের দায়িত্ব নিই, সেই হিসাবে এটির দায়িত্ব কেন গ্রহণ করা হবে না ? আজকে যখন আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলছিলাম, তিনি পরিস্কার জানিয়ে দিলেন যে, এটিকে আমি এখানে রাখব না। কেন রাখবেন না, ওখানেও এটি চলছে না। ওখানে চলছে না কেন—একগাদা সহায়ক নিয়েছেন। আমরা যদি হেরিটেজ বিল্ডিং, হেরিটেজ লোকের দায়িত্ব নিতে পারি, তাহলে এই পত্রিকা যেটি ১৯৭৪ সালে চালু হয়েছিল, সেটি কেন চালু হবে না ? পত্রিকাটি পুনরায় চালু হওয়া দরকার। পত্রিকা অনেক থাকতে পারে, অনেক পত্রিকা বেরোতে পারে, পত্রিকা নষ্ট হবার কোন কারণ নেই। আমি হাউসের সমস্ত মাননীয় সদস্যদের কাছে এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করছি, আবার এই পত্রিকাটিকে কোলকাতা থেকে চালু করার ব্যবস্থা করুন। শিলিগুড়িতে তো ব্যর্থ হয়েছে।

**শ্রী সরেশ আঁকুরে** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাঁকসা বিধানসভা কেন্দ্রে শ্রীলামপুরে একটি মাধ্যমিক বিদ্যালয় আছে। সেখানে ছাত্র সংখ্যা প্রায় ১৩০০। মাধ্যমিক পাশ করার পর ছাত্রদের দূর-দূরান্তে পড়তে যেতে হয়। তাদের রেল লাইন পার হয়ে, জি টি রোড পার হয়ে যেতে হয়। তাতে তাদের অনেক অসুবিধা হয়। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি করছি, শ্রীলামপুর স্কুলটি যাতে উচ্চমাধ্যমিক হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মানীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যানিং থানার মনসা পুকুর গ্রামে ৬টি ফ্যামিলি আজ পাঁচ মাস যাবত গৃহহীন হয়ে পথে পথে ঘুরে বেড়াচ্ছে। ঈদের আগের দিন সি পি আই এমের দুষ্কৃতিবাহিনীর ৪০-৫০ জন বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে তাদের অ্যাটাক করে গুরুতরভাবে জখম করে। তাদের বাড়ি আক্রমণ করে গরু-বাছুর নিয়ে চলে যায়। তাদের জখম অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। ১৫দিন হাসপাতালে থাকার পর তারা কোন রকমে প্রাণে বেঁচে ফিরে আসে। কিন্তু আজ পর্যন্ত তারা বাড়িতে ফিরতে পারেনি। দে আর রেভারিং হোমলেস ডেসটিটিউড। এই ব্যাপারে এস পি, এ এস পি, এস ডি পি ও, সি আই, ও সি, সবাইকে আমরা বলেছি। কিন্তু কোন ফল হয়নি। মনসা পুকুর গ্রামের ৬টি ফ্যামিলির লোক এখনও পর্যন্ত তাদের বাড়িতে ফিরতে পারলো না। তাদের ঘরবাড়ি সব লুটপাট হয়ে গেছে, টালিগুলো সব ভাঙ্গা হয়েছে, ধান গাদায় বীজ গজিয়ে গেছে। ওসি এবং এস পি-কে বারবার বলা সত্ত্বেও তাদের ফিরিয়ে আনার কোন ব্যবস্থাই নিচ্ছে না। যার ফলে ওই ৬টি ফ্যামিলি বাড়ি ফিরতে পারছে না। ওই ৬টি ফ্যামিলি হচ্ছে আব্বাস লস্কর, সওকাত লস্কর এবং ওদের চার ভাই এই নিয়ে ৬টি ফ্যামিলি, তাদের সব সম্পত্তি লুঠপাট হয়ে গেছে। সি পি আই এমের গুন্ডাবাহিনীর উস্কানীতে পুলিশ দোষীদের অ্যারেষ্ট করছে না। সুতরাং তাদের অ্যারেষ্ট করার দাবি আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে জানাচ্ছি এবং তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30—12.40 p.m.]

**শ্রী ভূতনাথ সোরেন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় দুটি ব্লকই বিদ্যুৎবিহীন অবস্থায় রয়েছে সবচেয়ে বেশি। ওই সমস্ত এলাকায় একমাত্র কেরোসিনের সাহায্যে মানুষকে আলোর ব্যবস্থা করতে হয়। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে কেরোসিন যেটা কিনা রেশন দোকান মারফৎ পাওয়া যায় তা নিয়মমত পাওয়া যায় না এবং কৃত্রিম অভাব সৃষ্টি করা হচ্ছে ওই কেরোসিনের। সুতরাং আমার বিধানসভা এলাকায় ওই দুটি ব্লকের মানুষ যাতে নিয়মিত এবং নিয়মমত কেরোসিন পায় তার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাগর বিধানসভা কেন্দ্রে সাগর ব্লকে গত ৭ই এপ্রিল মাননীয় মুখ্যমন্ত্রী ৬০ শয্যাবিশিষ্ট একটি হাসপাতাল উদ্বোধন করে গেছেন। কিন্তু এখনো পর্যন্ত ওই হাসপাতালে অতিরিক্ত কোন ডাক্তার বা স্টাফ নিয়োগ হয়নি। যার ফলে ওখানকার মানুষ স্বাস্থ্য পরিষেবা পাওয়ার থেকে বঞ্চিত হচ্ছে। তাই অনতিবিলম্বে আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে ওই হাসপাতালে অতিরিক্ত ডাক্তার এবং স্টাফ নিয়োগ করা হয়।

**শ্রী মদন বাউড়ি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওখাড়া বিধানসভা এলাকায় অন্ডাল এবং পান্ডবেশ্বর অঞ্চলে ব্লক প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র নেই। অন্ডাল ব্লকে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র আছে কিন্তু পান্ডবেশ্বরে কোন প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্র করা যায়নি। ওই অন্ডাল ব্লকে যে প্রাইমারি স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে তাকে যাতে ব্লক স্বাস্থ্যকেন্দ্র হিসাবে গণ্য করা যায় তার ব্যবস্থা নেবেন।

**শ্রী সৌগত রায়** : স্যার, যে কোন কারণে এই বামফ্রন্ট সরকার শিক্ষক সমাজের ওপর যুদ্ধ ঘোষণা করেছেন। গত বছর থেকে ঘোষণা করেছেন যে, শিক্ষকদের প্রাইভেট টিউশান বন্ধ করতে হবে এবং এরও আগে তারা দাবি করেছিলেন যে শিক্ষকদের তিন মাস অন্তর মুচলেকা দিতে হবে যে তারা প্রাইভেট টিউশান করেন না। এই ব্যাপারে শিক্ষক সমাজ যখন সোচ্চার হয়ে ওঠে তখন বামফ্রন্টের চেয়ারম্যান বললেন যে ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে যেমন রিটার্ণ দাখিল করতে হয় তেমনি শিক্ষকরাও একটা করে ডিক্লারেশন দেবেন। শিক্ষকদের এই সোচ্চারে পরে অবশ্য ওটা ১ বছর অন্তর মুচলেকা দিতে হবে বলেন। তারপরে বামফ্রন্টের পক্ষ থেকে শিক্ষক সমাজকে অপমানজনক কথা বলা হয়েছে যে, শিক্ষকরা নাকি ক্লাবের সঙ্গে যুক্ত আছেন, তারা সিঙ্গাপুর বেড়াতে যান। এখন আবার বামফ্রন্ট সরকার থেকে বলা হয়েছে শিক্ষকদের অর্থাৎ প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের ২৫ তারিখের আগে তাদের বেতন দিতে পারবে না। পশ্চিমবঙ্গে প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক নিয়ে শিক্ষকদের সংখ্যা ৩ লক্ষ, তার মধ্যে ১ লক্ষ ৫৬ হাজার প্রাথমিক শিক্ষক এবং ১ লক্ষ ৪৩ হাজার মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শিক্ষক। তাদের বেতন দিতে মাসে ৩৫০ কোটি টাকা খরচ হয় আর বছরে ৪ হাজার কোটি টাকা শিক্ষকদের বেতন দিতে লাগে। কিন্তু এই বেতন দিতে রাজ্য সরকার আজকে দেউলিয়া হওয়ার ফলে বেতন

সময়মত দিতে পারছেন না। শিক্ষক সমাজ, সমস্ত বামফ্রন্ট বিরোধী শিক্ষক সংগঠনরা তারা একটা যৌথ সংগঠন তৈরি করেছে এবং গতকাল তারা ঘোষণা করেছে যে এই বামফ্রন্ট সরকারের শিক্ষকদের অপমান এবং তাদের মুচলেখা দিতে বলা এবং তাদের সময়মত মাইনে না দিতে পারার জন্য তারা একটা বড় আন্দোলন সৃষ্টি করবেন। এবং আমরা আমাদের পক্ষ থেকে এই বাম বিরোধী শিক্ষক সংগঠনরা শিক্ষকদের অপমান, সময়ে মাহিনা না দিতে পারা এবং প্রাইভেট টিউশন বন্ধ করার নামে স্কুলে এক রকম জোর করে মুচলেখা নেওয়া এবং স্কুলে কোন রকম পরিকাঠামো না তৈরি করে প্রাইভেট টিউশন বন্ধ করার কথা বলছেন, কিন্তু মাহিনা সময়মত না দিতে পারলে প্রাইভেট টিউশন কমবে কোথায়, এটা বেড়ে যাবে। আমরা তাই বামফ্রন্ট সরকারকে শিক্ষকদের অপমান করার জন্য তীব্র নিন্দা করছি এবং শিক্ষকদের এই বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে যে আন্দোলন, সেই আন্দোলনকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক মাস আগে শ্রমমন্ত্রীর ঘরে জুট মিলের ব্যাপারে একটা ত্রিপাক্ষিক বৈঠক হয়েছিল। সেখানে যে সিদ্ধান্তগুলি হয়েছিল মালিকপক্ষ আজকে সেই সিদ্ধান্তগুলি মানছে না। এর কারণ, যারা ৬০ টাকা মাহিনা পেত তাদের ১০০ টাকা দেওয়ার কথা ছিল তাদের সেটা না দিয়ে নতুন করে ক্যাজুয়াল শ্রমিক ঢোকাচ্ছে, ৬০ টাকা দিয়ে, সেখানে প্রোডাকশানও করছে, লাডলা জুট মিলে। স্যার, আপনি জানেন, বিড়লা জুট মিলে ১০ হাজার শ্রমিক কর্মচারী অনাহারে দিন যাপন করছে, অনেকে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে, চারিদিকে এক একটা করে জুট মিল বন্ধ হয়ে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রীকে বলব আবার ট্রাইপাট্রাইট মিটিং ডেকে জুট মিলের যে এগ্রিমেন্ট হয়েছিল সেটা যাতে কার্যকরী হয় তার ব্যবস্থা করবেন এবং বিড়লা জুট মিল যাতে তাড়াতাড়ি খোলার ব্যবস্থা হয় সেটা দেখবেন। তাই আপনার মাধ্যমে আমি বলতে চাই, মালিকপক্ষকে ডেকে পুনরায় ট্রেড ইউনিয়নএবং মালিকপক্ষের মধ্যে যে মিটিং বা এগ্রিমেন্ট হয়েছিল সেটা যাতে কার্যকরী হয় তার ব্যবস্থা করবেন। তা না হলে চারিদিকে বিক্ষোভের অবস্থা দেখা দেবে।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এখন হাউস চলছে, অথচ সংবাদপত্রে আমরা বিভিন্ন রিপোর্ট পাচ্ছি, কন্ট্রাডিক্টরি রিপোর্ট। রাজ্য সরকার কৃষি ক্ষেত্রে উন্নয়নের জন্য চাষের উৎপাদন বাড়াবার জন্য মার্কেট পরামর্শকারী সংস্থা ম্যাকিন্সকে নিয়োগ করেছিলেন। তারা নাকি একটা রিপোর্ট সরকারের কাছে জমাও দিয়েছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন সেই রিপোর্টের ভিত্তিতে রাজ্য সরকার কিছু সিদ্ধান্ত নেবেন। রাজ্যের কৃষিনীতি নাকি তারা ঠিক করবেন। আর একটা দিকে কৃষিমন্ত্রী বলছেন ম্যাকিন্সের রিপোর্ট আমরা মানিনা। ওটা বাঘ আসার আগে ফেউ। এই যে কৃষিমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর মধ্যে দ্বন্দ্ব এবং মত বিরোধ একটা রিপোর্টকে কেন্দ্র করে, আজকে হাউসে চলছে আমরা বুঝতে পারছি না কি রিপোর্ট আছে। আজকে সেটা হাউসে প্লেস করা উচিৎ ম্যাকিন্সের রিপোর্টটা। আমরা জানিনা সেটাতে কি আছে, সেটা আমরা দেখবো এবং হাউসের মেম্বারদের অধিকার আছে সেটা নিয়ে আলোচনা করার। আমরা দেখতে পাচ্ছি, কৃষিমন্ত্রী এক রকম বলছেন, মুখ্যমন্ত্রী শিল্পের নামে আর এক রকম বলছেন। এতে মানুষেরা বিভ্রান্ত হচ্ছে। অবিলম্বে ম্যাকিন্সের

রিপোর্ট হাউসে প্লেস করা হোক। সেটা মেম্বাররা দেখুক কি আছে বা সেই রিপোর্টের ভিত্তিতে রাজ্য সরকার কি সিদ্ধান্ত নিচ্ছেন সেটায় সরকারের সিদ্ধান্ত কি আমরা তা জানতে চাই। সংবাদপত্রে কৃষিমন্ত্রী এক রকম বিবৃতি দিচ্ছেন, মুখ্যমন্ত্রী আর এক রকম বিবৃতি দেবেন, হাউস চলাকালীন এটা চলতে পারে না। স্যার, আপনি পরিষদীয় মন্ত্রীকে বলুন এটা আমরা দেখতে চাই, তারপরে ওইটা নিয়ে আলোচনা করবো।

[12.40—12.50 p.m.]

**শ্রী জানে আলম মিঞা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জুন মাস আসার সঙ্গে সঙ্গে মুর্শিদাবাদ জেলা আমার বিধানসভা এলাকার মানুষ আতঙ্কে দিন কাটাচ্ছে। বাঁশলো এবং পাগলা নদী দিয়ে বিহার এবং ঝাড়খণ্ড রাজ্যের জল আমাদের এখানে চলে আসবে এই ভয়ে সেখানকার মানুষ দিশেহারা। আজকে স্বাধীনতার চুয়ান্ন বছর পরেও এই দুটো নদীকে নিয়ন্ত্রণ করার কোন পরিকল্পনা নেওয়া হয়নি। এই ব্যাপারে আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, এই দুটো নদী নিয়ন্ত্রণের পরিকল্পনা গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকার এবং পাশের রাজ্যের সঙ্গে কথা বলে একটা পরিকল্পনা গ্রহণ করার জন্য।

**শ্রী শেখ নিয়ামত** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র হরিহরপাড়া, গঙ্গা এবং পদ্মার জল ভৈরব নদীতে ঢোকে এবং জলের তীব্রতার কারণে হরিহরপাড়ার বিস্তীর্ণ এলাকায় ভাঙ্গন সৃষ্টি হয়। আমরা জেলা পরিষদের কাছে আবেদন রেখেছিলাম এবং বলেছিলাম বর্ষার সিজনে কাজ না করে খরার মরসুমে ভাঙ্গন রোধের কাজ যেন করা হয়। কিন্তু জেলা পরিষদ সেই কথা অমান্য করে বর্ষার সিজনেই কাজ আরম্ভ করার ব্যবস্থা নিয়েছেন। সর্ষাবাঁধ, মদনপুর, তেকোণা, শরীবপুর এলাকার মানুষ আজকে বর্ষা আসার আগেই আতঙ্কে দিন কাটাচ্ছে। এমনকি অনেক জায়গায় জমিও ভৈরব নদীতে চলে গিয়েছে। এলাকার বিধায়ক হিসাবে আমার কাছে ওইসব এলাকার মানুষরা এসেছিল এবং তাদেরকে নিয়ে আমি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছেও গিয়েছিলাম মানুষগুলোর দুর্দশার কথা জানাতে।

**শ্রী দীপক সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরে বৃষ্টির জল জমে রাস্তার অবস্থা খারাপ হয়ে গেছে। এই ব্যাপারে মেয়রের দৃষ্টি আকর্ষণ করে আমার মেনশন বলছি, কুচবিহার জেলার সীমান্তে বি এস এফ দারুণভাবে মানবধিকার লঙ্ঘিত করছে। জুন মাসের চার এবং পাঁচ তারিখে বিধায়কদের একটা দল সীমান্ত পরিদর্শন করতে গিয়েছিল। সেখানে আমরা দেখলাম সাধারণ নাগরিকদের কথা যাতে আমরা শুনতে না পারি তার জন্য বি এস এফ তাদের হাটিয়ে দিয়েছে। বর্ডার এলাকার মানুষ যাতে আমাদের কাছে আসতে না পারে সেই জন্য বাঁধা দিচ্ছিল। যে গেটগুলো ডিউটির সময় খোলার কথা, সেইগুলো নির্দিষ্ট সময় খোলে না। এর ফলে মানবাধিকার লঙ্ঘন হচ্ছে। ছাত্রদের স্কুলে যেতে দিচ্ছে না, মুমূর্ষু রোগীরা হাসপাতালে যেতে পারছে না। সিজার লিস্ট ছাড়াই মাল সিস করছে। কেন্দ্রের সঙ্গে কথা বলে বি এস এফ-এর এই অত্যাচার বন্ধ করার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পার্থ চ্যাটার্জী** : (অনুপস্থিত)

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, আপনার মাধ্যমে আমি দুই শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মাধ্যমিক পরীক্ষার ফল বের হবার পর আমার এলাকায় এবং বিভিন্ন এলাকায় সফল পরীক্ষার্থীরা ১১/১২ ক্লাসে ভর্তি হতে পারছে না। আরও অসুবিধা দেখা দিয়েছে কলেজ থেকে ১১/১২ ক্লাস তুলে দেওয়ার ফলে। আমার এলাকায় বজবজ কলেজ থেকে ১১/১২ ক্লাস তুলে দেওয়া হল। দুই মন্ত্রী বলেছিলেন আরও ৪/৫টি স্কুলে ১১/১২ ক্লাস চালু করবেন। ৩/৪টি স্কুল পরিদর্শনও হয়ে গেল, কিন্তু এখনও চালু হল না। আজকে এই কারণে বজবজে রাস্তাঘাট বন্ধ করা হয়েছে। যাতে এই অ্যাডমিশন সমস্যা দূর করা যায় তার ব্যবস্থা করার জন্য দাবি করছি। কয়েকদিন পর উচ্চ মাধ্যমিকের ফলও বের হবে, তখনও যাতে এই সমস্যা না দেখা দেয় তার দিকে দৃষ্টি রাখবেন।

**শ্রী নৃপেন্দ্রনাথ রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা সীতাই কেন্দ্র সীমান্ত এলাকায় অবস্থিত। এর তিনদিকে বাংলাদেশ, উত্তর দিকে সিঙ্গিমারী, মানসাই নদী। এখানে এক লক্ষ লোকের বাস। সেখানে দুটেশ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, একটি ব্লক স্বাস্থ্যকেন্দ্র আছে। নাকারজালি এবং আদাবাড়ি স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই, সেকানকার কোয়ার্টার ভেঙে গেছে, সেখানে গরু, ছাগল বাস করছে, স্থানীয় মানুষ সেইগুলো দখল করে নিয়েছে। সেখানে অতি সত্বর আধুনিক যন্ত্রপাতি, ডাক্তার—বিশেষ করে গায়নো ডাক্তারের ব্যবস্থা করার দাবি জানাচ্ছি।

**শ্রী ধনঞ্জয় মোদক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৭ সালে নদীয়ার দেবগ্রামে এবং কৃষ্ণগঞ্জে দুটি রেজিস্ট্রি অফিস স্থাপন করে ফিনান্স ট্যাকেশন অর্ডার বের করে। আবার ১৯৯৮ সালে ফিনান্স ডিপার্টমেন্ট নতুন করে অর্ডার দেন স্থগিতাদেশ হবে। নদীয়ার ডি এম এক মাস আগে রাজস্ব আদায়ের সুবিধার জন্য, এলাকার উন্নতির জন্য দেবগ্রামে রেজিস্ট্রি অফিস করার জন্য আবেদন জানিয়েছেন। স্থানীয় এলাকার বিধায়ক হিসাবে আবি দাবি করছি অবিলম্বে স্থগিতাদেশ তুলে নিয়ে যাতে রেজিস্ট্রি অফিস চালু হয় তার ব্যবস্থা করবেন।

[12.50—1.30 p.m.]

**শ্রীমতী কুমারী কুজুর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা মাদারিহাট, বীরপাড়ায় দুটো চা বাগান আছে। এই রামঝোরা এবং মোহনা ওই দুটো চা বাগানে দীর্ঘদিন ধরে মানুষ কাজ করছে। কিন্তু তারা তাদের বেতন সঠিকভাবে পাচ্ছে না। ওখানে যে হাসপাতাল আছে সেখানে ঠিকমত তাদরে চিকিৎসা হচ্ছে না। তাদের ছেলেমেয়েরা পয়সার অভাবে স্কুলে যেতে পারছে না। তাদের খাওয়ার অভাব হচ্ছে। এই অবস্থায় আলিপুরদুয়ারে রেহানাবাদ চা বাগান দু মাস ধরে লক-আউট হয়ে আছে। মালিকের সঙ্গে শ্রমিকদের কোন যোগাযোগ নেই। ওখানকার শ্রমিকরা বুনো আলু কুড়িয়ে খাচ্ছে। ফলে তাদের আন্ত্রিক হচ্ছে। সেটা প্রতিরোধের কোনও ব্যবস্থা নেই। হাসপাতালে ওষুধপত্রের কোনও ব্যবস্থা নেই। তাই আমি এই পাপারে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## ZERO HOUR

**শ্রী পদ্মনিধি ধর** : স্যার, গতকাল মঙ্গলবার বিকেল ৫টা নাগাদ ১১ নম্বর ব্যাটেলিয়ান বি এস এফের ৩০-৪০ জনের একটা গ্রুপ দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর গ্রামে বাড়ি বাড়ি ঢুকে গুলি চালিয়েছে। মাহুর কিসমত গ্রামে বাদিনুর বিবি নামে একজন মহিলাকে হত্যা করা হয়। বর্ডার থেকে ১০ কিলোমিটার দূরে বি এস এফের তান্ডব অসভ্য বি জে পি আসার পরে বেড়ে গেছে। এর সঙ্গে তৃণমলও যুক্ত হয়েছে। অবিলম্বে অপরাধীদের শাস্তির ব্যবস্থা করা হোক। এছাড়াও বি এস এফ নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করা হোক। আমার বন্ধুও কিছুক্ষণ আগে বি এস এফের অত্যাচারের কথা বলেছেন।

**শ্রী পরশ দত্ত** : স্যার, আজকে এই শূন্যকালে যে বিষয়টা হাউসে উত্থাপন করতে চাই সেটা হচ্ছে যে, মাধ্যমিক শিক্ষা পর্ষদ যে একটার পর একটা কেলেঙ্কারী করছিল, তার সঙ্গে এই ধরনের আর একটা কেলেঙ্কারী করে বসে আছে কল্যাণী বিশ্ববিদ্যালয়। আপনারা কাগজে দেখেছেন যে, সি পি আই এমের ক্যাডাররা ছাপ মারতে মারতে ১২০ পারসেন্ট ভোট করে দেয়। খবরের কাগজে দেখেছেন যে, গতকাল কল্যাণী বিশ্ববিদ্যালয়ে বি এ পার্ট ওয়ান পরীক্ষায় ১১৬ নম্বরের কোয়েশ্চেন দেওয়া হয়েছে। কিন্তু পরীক্ষাটা হয়েছে ১০০ নম্বরের। শুধু তাই নয় ইংরেজি কোয়েশ্চেন একটা পার্টে লিখেছে "হোয়াট লাইট ডু ইট থ্রো অন হিজ ক্যারেকটার ?" নেসফিল্ড তার বাবার নামও ভুলে যাবে। বামফ্রন্ট সরকারের এই সমস্ত শিক্ষাব্রতীরা এখানে কোয়েশ্চেন পেপার সেট করবেন, তারা নতুন করে গ্রামার রচনা করবে এবং এইভাবে এক একটা কোয়েশ্চেন সেট আপ করে কত পরীক্ষার্থীর মাথা খারাপ করে দিল এবং তাদের রেজাল্ট খারাপ হবে, এতে আপনাদের কোনও মাথা-ব্যথা নেই। আপনাদের আর এই সরকারে থাকার কোনও যুক্তি নেই। যত তাড়াতাড়ি যান, ততই পশ্চিমবঙ্গের মঙ্গল। এই কথা বলে শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনার বজবজে নিউ সেন্ট্রাল জুট মিল দু বছর ধরে বন্ধ হয়ে আছে। প্রায় দু বছরের কাছে বন্ধ হয়ে আছে। আপনি জানেন স্যার, এই কারখানার ৪২ পারসেন্ট শেয়ার হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের আর ৫২ পারসেন্ট শেয়ার হচ্ছে ওয়ার্কার্স কো-অপারেটিভ মিলের। এই মিলটা খোলার জন্য অনেক মিটিং হয়েছে। রাজ্য সরকার মিটিং করেছে, ইন্ডাস্ট্রিয়াল রি-কনস্ট্রাকশন পক্ষ থেকে মিটিং করা হয়েছে কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত মিলটা খোলেনি। এই মিল খোলার জন্য নিরুপম সেন স্টেটমন্টে দিয়েছিলেন, অশোক দেবের উত্তরে স্টেটমেন্ট দিয়েছিলেন। তারপর দেড় বছর হয়ে গেল এখনও পর্যন্ত রাজ্য সরকার একটা নয়া পয়সাও বিনিয়োগ করতে পারেননি, কোনও দায়িত্ব গ্রহণ করেননি। শুনতে পাচ্ছি নিউ সেন্ট্রাল জুট মিলের মালপত্র চুরি হয়ে যাচ্ছে। তাই আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সর্বোপরি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই আট হাজার শ্রমিকের মিলটা খোলার জন্য একটি সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন হল মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। বহু জায়গায় ছাত্রছাত্রীরা এখনও উচ্চমাধ্যমিক স্কুলে ভর্তি হতে পারছে না। অখ্যাত

সব স্কুলগুলোও এমন মার্কস চাইছে যাতে অনেক ছাত্রছাত্রী ভর্তি হতে পারছে না। কলেজগুলো থেকেও উচ্চমাধ্যমিক তুলে নেওয়া হয়েছে কিন্তু স্কুলে উচ্চমাধ্যমিক পড়ানোর পরিকাঠামো তৈরি করা হয়নি। কোনও স্কুলে আর্টস আছে, কমার্স আছে কিন্তু ল্যাবরেটরী নেই বলে সেখানে সায়েন্সের ছাত্ররা ভর্তি হতে পারছে না। মেধাবী ছাত্রছাত্রীরা বঞ্চিত হচ্ছে। উচ্চশিক্ষা দপ্তরের খামখেয়ালীপনার জন্যও ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বহরমপুর গালর্স কলেজে উচ্চমাধ্যমিক ফর্ম দেওয়া হল। তারপর কয়েকদিন আগে দপ্তর থেকে বলা হয়েছে গার্লস কলেজ উচ্চমাধ্যমিক পড়ানো হবে না। যে সমস্ত ছাত্রছাত্রীরা ফর্ম তুলেছে তারা হতাশায় ভুগছে। সরকারের এই খামখেয়ালীপনা বন্ধ করুন, নাহলে ছাত্রছাত্রীদের লেখাপড়া ক্ষতিগ্রস্ত হবে। একে চাকরী নেই তার উপর এই জিনিস হতে থাকে তাহলে এরা ডেস্ট্রাকটিভ হয়ে যাবে। এটা যাতে না হয় সেই ব্যবস্থা করুন।

**শ্রী সৌগত রায়** : (অনুপস্থিত)

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ ২৪ পরগনা জেলায় কিভাবে আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে সে বিষয়ে বলেছি। গতকাল তিনটে ঘটনার কথা বলেছি। আজকে সকালবেলায় মেনশনের সময়ে বলেছি উস্তি থানায় সেলিম অ্যারেস্ট হওয়ার পর গুণ্ডাবাহিনী ২০ থেকে ২৫টা মোটর সাইকেল নিয়ে কালিকাপোতা, একতারা, উত্তর কুসুম, নিশাপুর, সুলতানবাগ এই পাঁচটা গ্রামের মানুষকে ঘরছাড়া করেছে। গত তিনদিন আগে এই সমস্ত ঘটনা হওয়ার পরেও তৃণমূল কংগ্রেসের ভূদেব হালদারকে ৮ই মে মারধোর করে তাকে মার্ডার করা হয়। তার স্ত্রী, হাতে পায়ে ধরে কান্নাকাটি করেও তাকে বাঁচাতে পারেননি। স্ত্রী, পুত্র কন্যার সামনে তাকে খুন করা হয়। এস পি সেখানে বলেন যে ২৪ ঘণ্টার মধ্যে খুনীকে অ্যারেস্ট করা হবে কিন্তু আজ ২৪ দিন হয়ে গেল তাদের অ্যারেস্ট করা হল না। এইভাবে সেখানে সন্ত্রাস চলছে। আমি এ ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ওখানে যাতে ভূদেব হালদারের খুনীকে অ্যারেস্ট করা হয়, এফ আই আরে অ্যাকিউজড পার্সান যারা তাদের ধরা হয় এবং যাতে শান্তি ফিরে আসে।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন বিরতি, আমরা আবার ১-৩০ মিনিটে মিলিত হব।

[At this stage the House was adjourned till 1.30 p.m.]

[1.30—1.40 p.m. after recess]

(ভয়েজ : আজকে তো বাজেট আলোচনার সময়, মন্ত্রী কোথায় ? কি করে হবে ?)

**মিঃ ডেপুটী স্পীকার** : নির্মল দাস মহাশয় কি বলবেন বলুন।

## POINT OF INFORMATION

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আলিপুরের কাছে 'তপসিকাঁথা ভেষজ উদ্যান' অবিলম্বে চালু করার জন্য আবেদন জানাচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন। ৬৮ একর সরকারি ল্যান্ড, গত ১৫ বছর আগে তৎকালীন স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় এর শিলান্যাস করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের কথা আজ পর্যন্ত কার্যকর হল না। ইতিমধ্যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে এবং তারা এটাকে 'কৃষি ভেষজ বিদ্যালয়' হিসাবে গড়ে তোলার কথা বলেছে। মাননীয় নিরুপম বাবুকে বলছি যাতে বিষয়টা খোঁজ নেন। এবং ওখানে 'তপসিকাঁথা ভেষজ উদ্যান' গড়ে তোলা হয় তার আবেদন জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : স্যার, এখন তো বাজেট নিয়ে আলোচনা হওয়ার কথা ছিল। আপনার কাছে জিজ্ঞাসা করছি, হাউ ডিড ইউ এলাও মিঃ দাস ? লেট ইট বি রেকর্ডেড, আপনি বলুন যে, মাননীয় মন্ত্রী ছিলেন না বলে আই হ্যাভ এলাউড মিঃ দাস টু স্পীক। লেট ইট বি রেকর্ডেড।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 24, 53, 75, 76, 87, 93, 94, 95, 96, 97, 74, 92, 56

### . Demand No. 24

**Mr. Dy. Speaker** : There are 9 cut motions to Demand No. 24 by Shri Abdul Mannan (cut motion No. 1), Shri Kamal Mukherjee (cut motion No. 2), Shri Kashinath Mishra (cut motion nos. 3-6), Shri Sovandeb Chattopadhyay (cut motion no. 7), Shri Pankaj Banerjee (cut motions no. 8) and Shri Saugata Roy (cut motion no. 9). All the cut motions are in order. Now I request Hon'ble members to move their motions.

| | |
|---|---|
| Shri Abdul Manan<br>Shri Kamal Mukherjee<br>Shri Kashinath Mishra<br>Shri Sovandeb Chattopadhyay<br>Shri Pankaj Banerjee<br>Shri Sougata Roy | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

### Demand No. 53

**Mr. Dy. Speaker** : There are eight cut motions to Demand No. 53 by Shri Bankim Chandra Hazra (cut motion No. 1), Shri Kalipada Mandal (cut motion No. 2), Shri Manturam Pakhira (cut motion No. 3), Shri Abdul Manan (cut motion No. 4,5), Shri Kamal Mukherjee (cut motion No. 6), Shri Ashok Kumar Deb (cut motion No. 7), Shri Moloy Ghatak (cut motion No. 8). All the cut motions are in order. Now I request Hon'ble members to move their motion.

| | |
|---|---|
| Shri Bankim Hazra<br>Shri Kalipada Mondal<br>Shri Manturam Pakhira<br>Shri Abdul Mannan<br>Shri Kamal Mukherjee<br>Shri Ashok Kumr Deb<br>Shri Moloy Ghatak | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 75**

**Mr. Dy. Speaker** : There are 12 cut motions to Demand No. 75 by Shri Kamal Mukherjee (cut motion No. 1), Smt. Ratna De (Nag) (cut motion No. 2), Shri Dipak Kumar Ghosh (cut motion No. 3), Shri Ashok Kumar Deb (cut motion No. 4,5), Shri Gobinda Chandra Naskar (cut motion No. 6), Shri Jyoti Priya Mallik (cut motion No. 7), Shri Dipak Kumar Ghosh (cut motion No. 8), Shri Bankim Chandra Hazra (cut motion No. 9), Shri Kamal Mukherjee (cut motion No. 10), Shri Debo Prasad Sarkar (cut motion No. 11) & Shri Sougata Roy (cut motion No. 12). All the cut motions are in order. Members may now move their motions.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Smt. Ratna De (Nag)<br>Shri Dipak Kumar Ghosh<br>Shri Ashok Kumar Deb<br>Shri Gobinda Chandra Naskar<br>Shri Jyoti Priya Mallik<br>Shri Dipak Kumar Ghosh<br>Shri Bankim Chandra Hazra<br>Shri Kamal Mukherjee<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the Amount of the Demand be reduced to Re. 1/-. |

**Demand No. 76**

**Mr. Dy. Speaker** : There are two cut motions to Demand No. 76 by Shri Kamal Mukherjee (cut motion no. 1) and Shri Ashok Kumar Deb (cut motion no. 2) all the cut motions are in order. Members are requested to move their motions.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Shri Ashok Kumar Deb | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 87**

**Mr. Dy. Speaker** : There are one cut motions to Demand No. 87 by Shri Kamal Mukherjee. The motion is in order. The Hon'ble member may please move his motion.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Demand No. 93**

**Mr. Dy. Speaker** : There are three cut motions to Demand No. 93 by Shri Kamal Mukherjee (cut motion no. 1) and Shri Ashok Kumar Deb (cut motion no. 2) and Shri Saugata Roy (cut motion no. 3). All the cut motions are in order. I now request the Hon'ble members to move their motions.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Shri Ashoe Kumar Deb<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 94**

**Mr. Dy. Speaker** : There are one cut motions to Demand No. 94 by Shri Saugata Roy (cut motion no. 1). The motion is in order. Shri Roy may please move his motion.

Shri Saugata Roy : Sir, I beg to move that the Amount of the Demand be reduced is Rs. 100/-.

**Demand No. 74**

**Mr. Dy. Speaker** : There are eight cut motions to Demand No. 74 by Shri Nirmal Ghosh (cut motion no. 1), Smt. Ratna De (Nag) (cut motion no. 2), Shri Kashinath Mishra (cut motion no. 3), Shri Kamal Mukherjee (cut motion nos. 4,5), Shri Ashok Kumar Deb (cut motion no. 6), Shri Debo Prasad Sarkar (cut motion no. 7) and Shri Moloy Ghatak (cut motion no. 8). All the cut motions are in order. Hon'ble members may move their motions.

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh<br>Smt. Ratna De (Nag)<br>Shri Kashinath Mishra<br>Shri Kamal Mukherjee<br>Shri Ashok Kumar Deb<br>Shri Debo Prasad Sarkar<br>Shri Moloy Ghatak | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 92**

**Mr. Dy. Speaker** : There is one cut motions to Demand No. 92 by Shri Kamal Mukherjee. The cut motion is in order. Mr. Mukherjee may now move his motion.

Shri Kamal Mukherjee : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Demand No. 56**

**Mr. Dy. Speaker** : There are three cut motions to Demand No. 56 by Shri Abdul Mannan (cut motion no. 1), Shri Kamal Mukherjee (cut motion no. 2) and Shri Saugata Roy (cut motion no. 3). All the cut motions are in order. Members may move their motion.

| | |
|---|---|
| Shri Abdul Mannan<br>Shri Kamal Mukherjee<br>Shri Saugata Roy | Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 95, 96, 97**

**Mr. Dy. Speaker** : There are no cut motions on Demand no. 95, 96 and 97

**শ্রী পার্থ চ্যাটার্জি** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, যে সমস্ত কাট মোশান বিরোধী দল এনেছে আমি তার সমর্থন করে শিল্প-বাণিজ্যের উপর কিছু কথা বলছি। প্রথমত আপনাকে ধন্যবাদ যে, আপনি কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে বহু দেরিতে হলেও, ২৫ বছর পরে হলেও একটা ভালো বই উপহার দিয়েছেন, পরিবেশনা ভালো, পেপার ওয়ার্ক ভালো। এই কারণে আরও বলার চেষ্টা করব যে, মাননীয় মন্ত্রী বলেছেন, উই অ্যাওয়েট ইয়োর কমেন্টস, সাজেশনস অ্যান্ড কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম। সেখানে মাননীয় মন্ত্রী লিখেছেন তাঁর অ্যাচিভমেন্টের কথা, তাঁর প্রায়োরিটির কথা। আমরা বাইরে শুনছি 'ডু ইট নাউ' মাননীয় মুখ্যমন্ত্রীর এই সংলাপ চেঞ্জ হয়ে গিয়ে এখন সংস্কৃতি উন্নয়ন আন্দোলনে পর্যবসিত হয়েছে। যখন মাননীয় মন্ত্রী অ্যাগ্রোবেসড শিল্পের ওপর জোর দিতে চান তখন ম্যাকিন্সের চাপে বোধ হয় অ্যাগ্রোবেসড শিল্পকে প্রায়োরিটির দেওয়ার কথা এখানে উল্লেখ করতে ভুলে গেছেন। আমার সবচেয়ে অবাক লাগছে, এই সুন্দর বইটায় যেখানে তথ্য দিয়ে বলবার চেষ্টা করছেন সেখানে দেখছি তথ্যের ভুল। প্রথম ভুল হচ্ছে—এই বইটার প্রকাশক কে, প্রিন্টার কে ; তাদের নাম দেখতে পাচ্ছি না। মাননীয় মন্ত্রী জবাবী ভাষণে বলবেন এটা কোথা থেকে এলো। ম্যাকিন্সের পকেট থেকে এলো, না অন্য জায়গা থেকে ? এটা কি সরস্বতী প্রেস থেকে ছাপা হয়েছে, না অন্য কোনও জায়গা থেকে ছাপা হয়েছে ? দ্বিতীয়ত সব কিছু বলবার আগে সাধের লাউ-এর মতো হলদিয়ার কথা বলা হয়েছে। এই হলদিয়ার ব্যাপারে দু-চারটে কথা বলে আমি এই বই-এর মধ্যে যেতে চাই। ১৯৯৯-২০০০ সালে পলি পার্ক করবার জন্য পূর্ণেন্দু চ্যাটার্জি আপনাদের কাছে আবেদন জানিয়েছিলেন। তিনি বলেছিলেন,—হলদিয়া, দুর্গাপুর এবং শিলিগুড়িতে জমি দিন আমি গড়ে তুলব। কিন্তু কি অজ্ঞাত কারণে, মাননীয় অসীমবাবুর নেক-নজরে পড়ার জন্য সে কাজ করা গেল না। পরবর্তীকালে ডবলিউ বি আই ডি সি সেই কাজ পলিপার্ক করার কাজ শুরু করবে বলেছিল। আবার সেখানে গন্ডগোল—দল বড়, না সরকার বড় ? টেন্ডারে গন্ডোগোল হওয়ার জন্য সেখানে কাজ শুরু হল না। পরবর্তীকালে দেখা গেল দল যারা চালায়—সেখানে মিউনিসিপ্যালিটিকে নিয়ে হলদিয়ার

৩০ শতাংশ টেন্ডার হয়েছিল তার চেয়ে কম দামে কাজ শুরু হল। হলদিয়ার বুকে কর্মযজ্ঞ হচ্ছে বলে শুনছি। কিন্তু হলদিয়া কো-অপারেটিভ-এর প্রায় ১১ কোটি টাকা নেওয়ার লোক খুঁজে পাওয়া গেল না। কোনও বাণিজ্য সংস্থা তাদের কাছে গেল না। কারণ বিনিয়োগ করবার মতো তারা কিছু খুঁজে পাচ্ছে না। অথচ আপনি আপনার বইতে এ কথা বলেননি। আপনি যেটা আরও বলেননি, সেটা হচ্ছে হলদিয়া পেট্রো-কেমিক্যালস-এর চিমনি কেন আজ ৭ দিন বন্ধ ? কেন আই ও সি ন্যাপথা দিচ্ছে না ? কেন ম্যানেজমেন্ট সাফার করছে ? এইচ পি সি এল-এর এসব কথা আপনি উল্লেখ করেননি। আপনি উল্লেখ করছেন না আপনার বইতে এসব কথা। এখানে টোটাল ইনভেস্টমেন্ট অ্যাপ্রোভালস হচ্ছে ২৭১৪—আপনার দেওয়া হিসাব—তার ইনভেস্টমেন্ট হচ্ছে ৫৬৪৫৪.৮৬ কোরস। আমি একটা সহজ হিসাব বুঝতে চাই, তা হল টোটাল অ্যাপ্রোভালের ২০ শতাংশ শুধু মাত্র ইম্পলিমেন্ট হল ১৯৯১ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত। ইনভেস্টমেন্ট হল টোটাল টাকার ৩৫ শতাংশ কেন ? এটা আপনার দেওয়া রেকর্ড। আপনার রেকর্ডেই এ কথা লেখা আছে। আপনারা বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছেন এবং সে সম্বন্ধে ভাল ভাল কথা লিখেছেন। আপনারা চিঠিপত্র যা দেন তা ইংরাজিতেই দেন, অবশ্য এখানে যা করেছেন এতে আমার কোনও আপত্তি নেই। ম্যাকিন্সে কি বলেছিল, ওয়েবসাইটের সাহায্যে দেখছি, Advantages of Investment in West Bengal'—Stable political environment with the State Government determined to bring about rapid industrialization growth and eager to discuss specific needs of the investors. আপনারা ২৬ বছরের আপনাদের র‍্যাপিড গ্রোথের নমুনা রাখলেন, আপনাদের ম্যাকিন্সে যা যা বলেছে আপনি আপনার দপ্তরের মাধ্যমে আপনার বই-এর পেজ ৭৭-এ লিখলেন—ওয়েস্ট বেঙ্গলস স্ট্রেন্থ—আপনাদের স্ট্রেন্থ কি ? ম্যাকিন্সে যা বলেছিল তার থেকে সরে গিয়ে বললেন, আপনাদের স্ট্রেন্থ হচ্ছে অ্যাকুয়া কালচার, আপনারা চিংড়ি মাছ চাষ করবেন। আর আই টি সেক্টর নিয়ে বলতে

[1.40—1.50 p.m.]

গিয়ে ম্যাকিন্সে যে ভাষা বলেছে সেই ভাষাই রাখলেন। Approximately 40% of Indian talent in silicon valley is estimated to be from West Bengal তাতে আমাদের বা আপনাদের গর্ব করার কি আছে ? কেন তারা সিলিকন ভ্যালিতে গেছে, কেন পশ্চিমবঙ্গে নয় ? আপনারা এদেরকে নিয়ে স্ট্রেন্থ দেখানোর চেষ্টা করছেন। রাহুল রায় সিলিকন ভ্যালিতে পঞ্চ তারকার শিল্প সমাবেশ করলেন। তথ্য প্রযুক্তি, বৈদ্যুতিক সাজ-সরঞ্জাম এগুলি নেই, ফুড চেনও থাকার কথা ছিল। সোনি, ইউ এস এ পিনাকল সিসটেম্স, হিউলেট প্যাকার্ড, কমপ্যাক্, ওয়ার্ল্ড কম, এম সি আই, লেনেটিক জেন ডেলেক্ট, ডেলটাকো প্রভৃতি সমস্ত নাম করা কোম্পানি ছিল। যা কানাঘুষো শোনা যাচ্ছে, তাতে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রীকে সেখানে যেতে বলেছিলেন। হয়তো দলীয় কাজে ব্যস্ততা থাকার জন্য কিম্বা অন্য কোন কাজে ব্যস্ত থাকার জন্য যেতে পারেননি। অন্য সময়ে যেতে পারেন, কিন্তু এই সময়ে ওখানে যেতে পারেননি। যদি গিয়েও থাকেন তাহলে তার রেজাল্টটা কি ? আপনারা যাকে এই ব্যাপারে নামিয়ে দিলেন সেই রাহুলবাবু বাঙালি হিসাবে অন্য জায়গায় একটার পর একটা কারখানা করলেও এখানে তিনি কি করলেন ? তিনি এখানে শুধু নেগোসিয়েটরের কাজ করেছেন। ওনাকে বললেন উনি সহজে চলে যান, দূতের কাজ করতে যান, কিন্তু এখানে তিনি ইনভেস্টমেন্ট করতে চান না। আপনাদের সমর্থনে কেউ কেউ এগিয়ে এসে বললেন, দে ক্যান

ইমপ্রেস ইভেন-এ ডাউটিং থমাস। আপনাদের কাছে আমার শুধু জিজ্ঞাস্য, আপনারা বিরোধী দলের কোন সদস্যকে বা এখানে যারা মাননীয় সদস্যরা আছেন, যারা বিশেষজ্ঞ আছেন, তাঁদের কাছে আপনাদের যে টেক্‌নিক্যাল সাব-কমিটি রয়েছে সেই সাব-কমিটির রিপোর্ট কেন টেব্‌ল করছেন না ? কেন আপনাদের ট্রান্সপারেন্সি নেই। চেম্বার অফ কমার্সের অনেকগুলি সাব-কমিটি হয়েছিল, তারা তো অনেকগুলি রিপোর্ট দিল না। বাকি যেগুলি আছে, ম্যাকিন্সে, আর্থার আন্ডারসন, পার্থ, এস ঘোষ, প্রাইস ওয়াটারহাউস, কুপার ম্যাকিনসে, সি আই আই, ফিকি, চেম্বার অফ কমার্স যতগুলি হয়েছে তারা একটার পর একটা রিপোর্ট দেন। আপনারা তো বলেন উন্নততর বামফ্রন্ট করবো। কিন্তু এই উন্নততর বামফ্রন্ট করার জন্য কি করলেন ? তার পরের লাইনটা দেখুন, One of the earlist centres for computer learning experimentation in India is IIT Kharagpur। এইসব হাস্যকর কথাগুলি বলছেন, কেন আই আস টি খড়গপুরকে নিয়ে ? তারপরের লাইনটা আরও মারাত্মক কারেন্ট লিডারশিপ ইন এডুকেশন। আপনি বলেছেন, 20% of the II times are from this region এবং countrys best engineering college is IIT, Kharagpur. এটা কি আগে ছিল না ? আপনরা কি নতুন করে তৈরি করে দিলেন ? আমি অবাক হয়ে ভাবছি, ম্যাকিন্সের কতকগুলি এম বি এ পাশ করা লোক বসে বসে বেশি টাকা রোজগার করছে আর আপনাদের মতো লোককে পেয়ে তাদের দিয়ে কাজে লাগাচ্ছে। তারা লিখেছেন, কানট্রিজ বেস্ট ইঞ্জিনিয়ারিং কলেজ ইজ আই আই টি খড়গপুর। এটা কারো বলার দরকার নেই, সবাই জানে। বাকি অংশটা করার দরকার আছে। দ্বিতীয় কথা বলেছেন, Two more Eingeneering Colleges (in Eastern India) in the top (IIT Guwahati BIT Mesora) আর আমি বলছি, ওয়েস্ট বেঙ্গল স্ট্রেন্থের মধ্যে ইস্টার্ন ইন্ডিয়ার গুয়াহাটি এবং বি আই টি মেসরা এই দুটি ইঞ্জিনিয়ারিং কলেজ আপনাদের কি করে হল তা আমি জানি না, এগুলি কি করে আপনাদের স্ট্রেন্থ হল ? এগুলি তো সারা ভারতবর্ষের স্ট্রেন্থ হতে পারে। আপনাদের কি করে স্ট্রেন্থ হতে পারে ? এটা খুবই নির্লজ্জ এবং অপদার্থতা। আপনাদের দিক্‌দর্শন এবং ভুল নীতিই আপনাদের ব্যর্থতা। তাই সেগুলিকে এগুলি দিয়ে ঢাকতে চাইছেন। তারপর হচ্ছে অ্যাডভানটেজ ইন দি ইংলিশ ল্যাঙ্গুয়েজ। এটা Historical head start in English education as the first British City in India এইসব অ্যাডভানটেজ সত্ত্বেও আপনার সরকার প্রাথমিক থেকে ইংরেজি তুলে দিল। সেই সরকার একটা প্রতিবেদনে বলছেন, আপনাদের অ্যাডভ্যানটেজ Third largest English Newspaper leadership base in the country। কিসের ডিজায়ারে ভরিয়ে দিয়েছেন ? স্ট্রং ডিজায়ার, despite past abolition of English in State Primariy Schools—for English education, across social and economic groups মানুষ পড়তে চায়, কিন্তু আপনারা তা করতে দিলেন না। আপনারা এখন চেষ্টা করছেন ইংরেজি শেখানো, প্রথমে আপনারা ইংরেজি শিখতে দিলেন না। কিন্তু বিশ্বায়নের ফলে সেই ইংরেজিকে আপনাদের মেনে নিতে হচ্ছে। না করে থাকতে পারছেন না, এই অপ্রিয় কাজটা আপনাদের করতে হচ্ছে। সেই জন্য ম্যাকিন্সে বলেছে, অ্যাডভানটেজ ইন দি ইংলিশ ল্যাঙ্গুয়েজ। যেটা আপনারা তুলে দিয়েছিলেন।

আপনি এখানে লিখেছেন, পাওয়ারের কথা। বলছেন West Bengal Occupies a pride of place as power surplus state. আমি আপনাকে একটা হিসাব দেখিয়ে বলি,

কমপিটিটিভনেস অব ইন্ডিয়ান ইকনমি তারা এর রেজাল্টটা বের করেছিলেন এবং তাতে তারা বলছেন ওয়েস্ট বেঙ্গল ৯৭.২ পারসেন্ট-এর জেনারেট সেট আছে। অর্থাৎ আপনার বিদ্যুতের অবস্থা এতোই খারাপ যে যত শিল্প রয়েছে তারা জেনারেটার সেট দিয়ে চালাচ্ছে। আর শিল্প তো এখান থেকে উঠেই গিয়েছে এবং তাই আপনি বলছেন আমাদের পাওয়ারের অবস্থা ভাল। আপনি আপনার ভাষণের মুখবন্ধে খুব বড় করে একটা জিনিস দেখিয়েছেন, ভেবেছেন সেটা সরকারের কাজে লাগবে, সেখানে সেন্টার ফর মনিটারিং ইন্ডিয়ান ইকনমির কথা বলেছেন। আমরা আশা করেছিলাম আপনি ট্রান্সপারেন্সীতে বিশ্বাস করেন। Competitiveness of Indian manufacturing results from level survey by world Bank and CII. এর কথা তাহলে আপনি উল্লেখ করলেন না কেন ? যেহেতু এখানে খারাপ আছে তাই ? তাতে কি বলছে ? classification—of categories—good, best, medium and poor. হতভাগ্য পশ্চিমবঙ্গ পুয়োরের মধ্যে আছে এবং পুয়োরের মধ্যেও তিন নং-এ আছে। কেরালা, ইউ পি, এবং তারপর পশ্চিমবঙ্গ। প্রথমে আছে মহারাষ্ট্র—গুড, অন্ধ্রপ্রদেশ, কর্নাটক এমনকি তামিলনাড়ু। মিডিয়ামে আছে দিল্লী, পাঞ্জাব। আর হতভাগ্য পশ্চিমবঙ্গ শুধু করছি, করবো বলছে এবং ডু ইট নাউ এই শ্লোগান দিয়ে পুয়োরের মধ্যেও তিন নং স্থানে আছে। এবারে ফ্যাকটরসগুলি দেখুন। সেখানে ১০টা স্টেটের মধ্যে আপনি লাস্ট। Regulatory hasseles poor supply of power.

কোথাও কোথাও হয়তো আমরা চেষ্টা করছি ভাল করার। কোথাও আমরা কিছুই করতে পারিনি। আমি আপনাকে বলবো, আপনি যদি ট্রান্সপারেন্ট হতেন তাহলে এই যে টোটাল লিস্ট ১৯৯১ থেকে ১.১২.২০০১ পর্যন্ত ২৭১৪টির সেখানে নামগুলিও দিতেন। সেখানে অ্যাপ্রুভাল কারা কারা নিয়েছিল তার নামগুলি দিতেন। তার মধ্যে যে ৫৬৫টি করেছেন তার তো নাম ছাপিয়েছেন কিন্তু সেখানে আমার জিজ্ঞাস্য, উত্তর দিলে খুশি হব, সেখানে অনুসারি শিল্প সেটাও কি আপনি ঢুকিয়ে দিয়েছেন ? ইন্ডিয়াল অয়েল তো আপনি করতে পারেন না কিন্তু এখানে দেখছি তারও ৪টে করে নাম আছে। হিন্দুস্থান লিভারের নাম ৫ জায়গাতে আছে। সেখানে একটা প্রজেক্টের বিভিন্ন ডিভিশনগুলিকে আপনি প্রজেক্ট বলে দেখাবার চেষ্টা করছেন। আমি আপনাকে বলব, যেটা আপনি করতে পেরেছেন সেটাও বলুন এবং যেটা করতে পারেননি সেটাও বলুন। কেন পারছেন না সেটা নিয়ে আলোচনা করুন। আপনি এখানে সুন্দরভাবে বলেছেন যে ক্রিটিসিজম চাই, সাজেসানস চাই কিন্তু আপনার এই দেড় বছরের মন্ত্রিত্বকালে ক'বার আপনি বিরোধীপক্ষকে ডেকে বলেছেন যে এটা আমি করতে চাই ? আপনারা শ্লোগান দিচ্ছেন যে বেসরকারিকরণ চাই না, যৌথ উদ্যোগ চাই না অথচ গতকালই একটি বহুল প্রচারিত সংবাদপত্রে দেখলাম নোটিশ বেরিয়েছে যে পশ্চিমবঙ্গ সরকার কতকগুলি বাছাই করা সংস্থায় ইক্যুইটিতে বেসরকারি বিনিয়োগের জন্য প্রস্তাব আহ্বান করার সিদ্ধান্ত নিয়েছেন। এটা আনন্দবাজার পত্রিকাতে আছে। আজকে বর্তমান পত্রিকাতে সেই ১০/১২টি কোম্পানির নামও তুলে দিয়েছে। আমি আপনাকে বলব, আপনি রাখবেন কি বন্ধ করবেন সেটা নিয়ে শ্রমিক সংগঠনগুলির সঙ্গে কথা বলুন, ম্যানেজমেন্টের সঙ্গে কথা বলুন, বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলুন। আপনারা ১০/২০ বছর ধরে সেখানে শুধু মাহিনা দিয়ে গেলেন অথচ কোনও পরিকল্পনা সেখানে করলেছন না, মর্ডানাইজেশনের কাজ

করলেন না। একটা পেপার পাল্পের খবর আমি জানি যেখানে ৪৩২ কোটি টাকা শুধু মাহিনা দিলেন আর ৪২ কোটি টাকা মাত্র মর্ডানাইজেশনের জন্য দিলেন। সেটা শুধুমাত্র বাগানবাড়ি করে রাখলেন, কোনও নজর দিলেন না। এমনকি সেখানে ম্যানেজমেন্ট পর্যন্ত চেঞ্জ করলেন না যাতে ঠিক মতন চালানো যায়। ইন্ডিয়ান পেপার পাল্প বন্ধ হয়ে গেলে মরবে কারা ? মরবে যারা আমাদের, আপনাদের ভোট দিয়েছে সেই বটম লাইনের লোকরা।

[1.50—2.00 p.m.]

সেই বটম লাইনে মরবে যতই বলুন এইসব হবার জন্য। আপনারা থাকতে এটা হতে দেবেন ? আপনারা নিজেরা বলছেন, এক দিকে শ্লোগান দিচ্ছেন, সল্টলেকের রাস্তা ভরিয়ে দিচ্ছেন—বেসরকারিকরণ চাই না, যৌথ উদ্যোগ চাই না, কর্মসংকোচন চাই না। চাই কাজ এই কথা বলে রাজ্য সমাপন করছেন। আপনাকে উত্তর দিতে হচ্ছে। আর এখানে এসে বলছেন আমরা এইগুলো করে দিলাম। আপনার ওয়েবেল, আমার বন্ধু জ্যোতিপ্রিয় মল্লিক আপনাকে সকালে প্রশ্ন করেছেন, আপনি ভাবতে পারেন, কারো স্ত্রীকে, (নিলোৎপলবাবুর স্ত্রীকে) রাখবার জন্য আপনার ওয়েবেল সংস্থাকে রাখতে হবে ? এটা কোনদিন ভাবতে পারেন আপনারা ? হাজার হাজার লোককে বলছেন কারখানা থেকে বসে যান, আপনি অর্ডার দিচ্ছেন, সুনীল মৈত্র চিঠি দিচ্ছে যে বসিয়ে রেখে পয়সা দেব। বাড়িতে গিয়ে বসে থাকলে পয়সা পাবে। একই মাইনে পাবে। এতো আপনি দিয়েছেন, সুনীলবাবু তো একজন আমলা। সেখানে আপনি বলতে পারছেন না আপনার কমরেডের বউকে, যে ভাই এখন দিনকাল খারাপ, তুমি ফিরে চলে এসো, অনেক হয়েছে বাবা, এখন থামো। সুতরাং আপনার এই দ্বিচারিতা,আপনার সরকারের এই দ্বিচারিতা, এই দ্বিচারিতার জন্য আমরা কিন্তু দাঁড়াতে পারছি না। আমরা যেটা চাই তা হলো আপনি কিছু সঠিক কথা বলুন। আমি জানি না আপনি উত্তর কি দেবেন। আপনি একটু নিজে দেখুন। ম্যাকিন্সে তো আপনাদের কনসালটেন্ট বা অন্যের কনসালেটেন্ট পেপার পাশ করে। আমি আমার অভিজ্ঞতা দিয়ে বলছি যে কনসালটেন্টদের অর্ধেকই নতুন স্কুল থেকে ছাত্রদের এনে তারা কাজটা করায়। একটা রেডি করে রাখে ১০ জনের সঙ্গে কথা বলে। আপনি চেম্বারসদের ডাকুন, যে চেম্বার আপনাদের সমালোচনা করে তাদের ডাকুন, যারা আপনাদের গুণগান গায় তাদেরও ডাকুন। আপনি তারপর একটা দিয়েছেন মেগা প্রোজেক্ট, আপনি বলেছেন যে মেগা প্রোজেক্ট আপনার মেজর প্রোজেক্ট। অম্বুজা সিমেন্ট, তাতে কত লোক ? ১০০ জন লোক, চাকুরী হয়েছে। আপনার হিন্দুস্থান ন্যাশনাল গ্লাস—কত লোককে চাকুরী দিয়েছে সেটা আপনি বলতে পারেননি। এ পি এস স্পঞ্জ আয়রন লিমিটেড—১২০ জন, পেপসিকো ইন্ডিয়া হোলডিংস—১৩০ জন, ঊষা কেমিক্যাল ইন্ডিয়া লিমিটেড—আপনি নিজে জানেন না কত লোককে চাকুরী দিয়েছে। ইলেকট্রো স্টীল পাসটিক্স লিমিটেড—৪৫ জন, নিকো করপোরেশন—৮০ জন। সর্বসাকুল্যে ৪৪৫ কোটি ৬৪ লক্ষ টাকার বিজনেস ইনভেস্টমেন্টে আপনার লোক এসেছে ৪৭৫ জন। আমি মনে করি শ্রম নিবিড় নয়। এই গুলোকে আপনি মেজর প্রোজেক্ট বলবেন ? আপনার খাতায় মেজর প্রোজেক্ট আর ইনফ্রাস্টাকচার একসঙ্গে ঢুকে গেছে। আপনি ১৬টির নাম বলেছেন—অম্বুজা সিমেন্ট, হিন্দুস্থান ন্যাশানাল গ্লাস, এস পি স্পঞ্জ, পেপসিকো, ঊষা করপোরেশন, ইলেক্ট্রো স্টীল কাসটার সব কুলপিতে। আপনি

নিজে কুলপি চান, নিজে বড় করে বলছেন যে আমাদের মাইনর পোর্ট প্রোজেক্ট আপনাদের গভর্ণমেন্টের কাছ থেকে, সারফেস ট্রান্সপোর্টের কাছ থেকে অনুমোদন পেয়েছে। এটা ৫ বছর ধরে চলছে। একটা সময় যখন বেঙ্গল চেম্বার অফ কমার্স চায়, তখন আমরা দেখেছি এই কুলপি নিয়ে সেখানকার প্রেসিডেন্ট একটা নোট তৈরি করেছিল। আপনারা তাতে ধ্যান দেননি। আজকে কুলপি কুলপি বলে চিৎকার করছেন। ইন্ডিয়ান ওয়েল করপোরেশন কৃতিত্ব টয় পার্ক, এই টয় পার্ক আপনারা কবে করবেন ? এটার কি হবে ? আপনি একটা নির্দিষ্ট করে বলতে পারছেন না যে কুলপি কবে শুরু হবে ? টয় পার্ক কি অবস্থা আছে, কবে হবে ? ওয়েস্ট বেঙ্গল করিডোর ডেভেলপমেন্ট প্রোজেক্টের ইনফ্রাসটাকচার আপনি শিল্পের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। আমার জিজ্ঞাস্য আপনার কাছে যে আপনার ডেফিনেশানটা কি ? আপনি নিজে একটা পাতায় ডেফিনেশান দিয়েছেন, ১৮ পাতায় দিয়েছেন, পেজ নাম্বার ৩৭-এ দিয়েছেন—ডেফিনেশন অফ এ মেগা প্রোজেক্ট। সাইজ অফ দি ইনভেস্টমেন্ট, স্পেশাল নেচার অফ দি ইন্ডাস্ট্রি, এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি, ডাউনস্ট্রীম অ্যাফেক্ট অফ দি ইন্ডাস্ট্রী, এনসিলারাইজেশান অ্যাফেক্ট অফ দি ইন্ডাস্ট্রি, এক্সপোর্ট পোটেনসিয়ালিটি। আপনি যে ৭টির নাম দিলেন—অম্বুজা সিমেন্ট, এইগুলি কি এই ক্যাটিগরির মধ্যে পড়ে ? আপনার ঘুম ভাঙে দেরিতে। আপনি ২৫০ কোটি টাকার প্রোজেক্ট আনবার কথা ভেবেছিলেন, তাই ইনসেনটিভ স্কীম চালু করলেন।

(এ ভয়েস : ওনার ঘুম ভাঙেনি)

না না, ঘুম তো ওনার ভেঙেছে, ঘুম ভেঙেও কাজ করছেন না। অনেকে আছে না জেগে ঘুমোয়। উনি জেগে ঘুমোচ্ছেন। ২৫০ কোটি টাকাটাকে কমিয়ে ২৫ কোটি টাকা করেছেন। এই ২৫ কোটি টাকাকে আপনার দপ্তর বলছে মেগা প্রোজেক্ট। তার জন্য আপনি ইনসেনটিভ বেনিফিট দিতে চান। আর ওয়েবেলের কথা আপনি আর নাই বা বললেন। আপনি ওয়েবেল করেছেন, কাজ আরম্ভ হয়েছে, আপনার হাত ধরে এসেছে, তারপর পালিয়ে গেছে। লসগুলা লায়েবিলিটিগুলো আপনার ঘাড়ে এসেছে, সরকারের ঘাড়ে এসেছে। তাও আবার বিদ্যুতের দাম বৃদ্ধি, সাধারণ মানুষের কাছ থেকে আদায় করে নিচ্ছেন। আজকে আপনার কাছে আমার আবেদন, আপনি যদি শিল্পের উন্নয়ন করতে চান আপনি সকলকে বলুন। মুখ্যমন্ত্রী বলবেন এক রকম, আপনি লিখবেন এক রকম, শিল্পপতিরা বলবেন এক রকম, এটা হতে পারে না। আপনি সবাইকে নিয়ে একটা লাইন ঠিক করুন। আমাদের ক্ষুদ্র ক্ষমতায় যদি পারি, আমাদের বিরোধী দলনেতা আছেন, আমাদের দল আছে, আমাদের নেত্রী আছেন, সকলে মিলে পশ্চিমবঙ্গ যদি বাঁচে, শিল্প যদি হয়, আপনাদের যদি সদিচ্ছা থাকে তাহলে হতে পারে। আর তা যদি না থাকে, শুধুমাত্র ফ্লাগ ওড়াও, ফ্লাগ দেখাও এটা হলে আমরা বিরোধিতা করবো। সেটি এই সংখ্যায় নয়, আমাদের আপনাদের যে উত্তরাধিকারী হবে তারা জানবে, নিরুপমবাবু ঠিক, না মমতা ব্যানার্জী ঠিক।

**শ্রী সুনীল ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প বাণিজ্য এবং শিল্প পুনর্গঠন উদ্যোগ এবং রাষ্ট্রীয় উদ্যোগের মন্ত্রী শ্রী নিরুপম সেন যে ব্যয় বরাদ্দ মঞ্জুরী সম্পর্কে দাবি উত্থাপন করেছেন, আমি তা সর্বতোভাবে সমর্থন করছি। আমরা জানি যে, ভারতবর্ষ কৃষি প্রধান দেশ। তাকে অবলম্বন করে শিল্পের পথে অগ্রগতি না হলে গোটা দেশের সার্বিক

উন্নতিসাধন হতে পারে না। আমরা একটু পেছনে ফিরে যাই। মাননীয় বিরোধী সদস্যরা খুব হৈচৈ করবার চেষ্টা করছেন। তাঁদের আসল পাপের কথা জানেন না ? ১৯৪৭ সালে যখন ভারতবর্ষ স্বাধীন হলো, এই স্বাধীনতার ফলে পূর্ববঙ্গ থেকে বহু উদ্বাস্তু পরিবার আমাদের পশ্চিমবাংলায় চলে আসেন। ছিন্নমূল উদ্বাস্তুদের কথা আপনাদের সেদিন ভাবার সময় হয়নি। আপনারা আজও তা ভাবেন না। তাই গতকাল বলেছেন, পাট্টা দেওয়া নিয়ে কি হয়েছিল। পাটের যে জমিগুলো, সেগুলো থাকলো ঐ পারে, আর কলগুলো রইলো এ পারে। শিল্পের সঙ্কট শুরু হলো সেদিন থেকে। আপনারা এই বিষয়ে কোনও কথা বলেননি, পশ্চিমবাংলার শিল্পগুলো কি করে বাঁচবে। সেই ব্যাপারে আপনাদের কর্ণপাত করবার ইচ্ছা ছিল না। আশির দশকে আমরা যখন বললাম হলদিয়া করতে হবে, সল্ট লেকে ইলেকট্রনিক্স কারখানা করতে হবে, বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প করতে হবে, আপনারা তখন বললেন, ওটা সীমান্তবর্তী রাজ্য। ওখানে ইলেকট্রনিক্স কমপ্লেক্স করা যায় না। তাই লেটার অফ ইনটেন্ট দিলেন না। এটা আপনাদের মনে রাখা ভাল। আপনারা যে পাপ করেছিলেন, এক সময়ে পশ্চিমবাংলা প্রথম স্থানে ছিল, আজকে সেই জায়গায় ত্রয়োদশ স্থানে নেমে এসেছে। আপনারা কলকাতাকে মৃত নগরী, মিছিল নগরী বলেছেন। সেদিন যে সমস্ত শিল্প সংস্থা যারা পশ্চিমবাংলায় আসতে চাইছিল, তারা যাতে না আসে তার জন্য আপনারা সমস্ত রকমে চেষ্টা করেছিলেন। আপনাদের পাপের ফলে পশ্চিমবাংলায় শিল্পে অধঃগতি হয়েছিল। এই কথা কি বিরোধী সদস্যরা জনেন না ? ১৯৯১ সালে আপনারা গ্যাট চুক্তি করে এসেছিলেন। তার ফলে বিশ্বায়ন, অবাধ বাণিজ্য নীতি, বেসরকারিকরণ সব চালু হয়ে গেল। পশ্চিমবাংলায় বামপন্থী সরকার আমরা বিশ্বায়নের পক্ষে নই। কিন্তু একদিকে শিল্প কারখানা তৈরি হবে আর আমরা পশ্চিমবাংলা তার থেকে বাইরে দাঁড়িয়ে থাকব, আমরা সেই জায়গায় থাকতে চাই না। গোটা

[2.00—2.10 p.m.]

ভারতবর্ষে একটি অঙ্গরাজ্য এই পশ্চিমবঙ্গ, তাই পশ্চিমবঙ্গে আমরা যখন প্রতিটি জায়গায় প্রথম স্থান অধিকার করে যাচ্ছি, সেখানে ভূমি সংস্কার থেকে আরম্ভ করে বনসৃজন পর্যন্ত এবং এমনকি কৃষিক্ষেত্রেও প্রথম স্থান অর্জন করে যাচ্ছ। তেমনি উন্নয়নের দিক থেকেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার শিল্পক্ষেত্রে প্রথম স্থানে যেতে চাইছে। আপনাদের যে পাপ ছিল সেই পাপে অধঃগতি হয়েছিল, সেই পাপের থেকে রাজ্যকে মুক্ত করে পশ্চিমবঙ্গের মানুষের প্রতি সদিচ্ছা এবং দায়বদ্ধতা বামফ্রন্ট সরকারের আছে। আমাদের যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, সেই রাজনৈতিক দৃষ্টিভঙ্গির বলে বলীয়ান হয়ে পশ্চিমবঙ্গের শিল্পকে এক নম্বরে নিয়ে যেতে চাই। এখনই পশ্চিমবঙ্গ পঞ্চম স্থানে চলে এসেছে। আপনারা গুজরাটের কথা বলেন, মহারাষ্ট্রের কথা বলেন, তামিলনাড়ুর কথা বলেন, কর্ণাটকের কথা বলেন, আজকে গুজরাটে আপনারা কি করলেন ভাবুন। আজকে শিক্ষাক্ষেত্রে গৈরিকীকরণের ব্যবস্থা করেছেন। শিল্প ক্ষেত্রেও গৈরিকীকরণ করতে চাইছেন। আজকে গুজরাটে কিভাবে আপনারা সংখ্যালঘু সম্প্রদায়ের উপরে অত্যাচার চালাচ্ছেন এবং এইভাবে আপনারা সমস্ত শিল্প কারখানা ধ্বংস করে দিতে চাইছেন। তার জন্য সমস্ত নিধন করতে চাইছেন। আজকে শিল্পক্ষেত্রেও গৈরিকীকরণ করে গোটা ভারতবর্ষকে ধ্বংস করবার চক্রান্ত করেছেন। এই ব্যাপারে তো আপনারা এখানে একটি কথাও বললেন না, আপনাদের দল যায়নি, কিন্তু

আমাদের দল সেখানে গিয়ে ঘুরে এসেছে। আমাদের ব্রহ্মময়বাবু ওখান থেকে ঘুরে এসেছেন। সেখানে যে কি দুর্দশা তিনি দেখে এসেছেন তা বলার নয়। কই এই ব্যাপারে তো আপনারা একটা কথাও বললেন না, একেবারে চুপ করে বসে আছেন। তাদের বিরুদ্ধে তো আপনাদের কোনও প্রতিবাদ নেই। সাম্প্রদায়িকতার বিরুদ্ধে তো কোনও প্রতিবাদ আপনাদের নেই। আজকে সংখ্যালঘুদের উপরে সংখ্যাগুরুদের যেভাবে অত্যাচার চলছে তাতে আপনারা কেন চুপ করে বসে আছেন ? কেন মন্ত্রিত্ব পাওয়ার লোভে চুপ করে বসে আছেন বলুন ? আজকে আপনাদের কৃতকর্মের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে সর্বত্র গাফিলতি দেখা যাচ্ছে। এই গাফিলতির ফলে কি হয়েছে—১৯৯৯-২০০০ সালে যেখানে গোটা ভারতবর্ষে ৬.১ শতাংশ উন্নয়ন ছিল, আজকে সেখানে ২০০০-২০০১ সালে ২.৩ শতাংশে নেমে এসেছে। সেখানে আমাদের রাজ্য ২০০১ সালে ৪.৭ শতাংশ উন্নয়ন হয়েছে, যেখানে গোটা ভারতবর্ষে ২.৪ শতাংশ উন্নয়ন হয়েছে। তারপরে বিদ্যুৎ উৎপাদনে পশ্চিমবঙ্গ ৭.১ শতাংশের বেশি বিদ্যুৎ উৎপাদন করেছে। আর আপনারা বলছেন বিদ্যুৎ উৎপাদন হয়নি। কোথায় পেলেন এসব কথা ? তারপরে ১৯৯৪ সালে আমাদের রাজ্যে শিল্পনীতি ঘোষিত হয়েছে এবং সেখানে গোটা দেশের সঙ্গে সাযুজ্য বজায় রেখে বেসরকারি উদ্যোগকে উৎসাহিত করতে চাইছে। ইতিমধ্যেই শিল্পায়নের ক্ষেত্রে ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। এটা কম কথা নয়, কিন্তু তাতেও বলছেন, কিছু হয়নি। তারপরে হলদিয়া নিয়ে অনেক কথা আপনারা বলেছেন। হলদিয়াতে আমরা গিয়েছিলাম। কোনও শিল্প গড়তে গেলে অনেক বাধার সম্মুখীন হতে হয়। আজকে হলদিয়াতে অনুসারী শিল্পই ৪৯২টি গড়ে উঠেছে। কালকে যে বইটা দিয়েছে তাতেই লেখা আছে। তাতে জেলাওয়ারি ভাগ করা হয়েছে, ওখানে বলা হয়েছে। আসলে আপনারা ভাল করে পড়াশুনো করেন না, তা দেখবেন কি করে। এছাড়া অনুসারী শিল্পের কথা ছাড়াও ভাঙ্গর ১ নং চর্মশিল্প কেন্দ্র গড়ে উঠেছে। ওখানে ১১০০ একর জমি নিয়ে কাজ হচ্ছে এবং ৩০৮ একর জমি বন্টন হয়ে গেছে। এরপরেও বলবেন কিছু হয়নি। তারপরে হলদিয়াতে যে পলিমার তৈরি হয় তা ১০০ পারসেন্ট খাঁটি। গোটা বিশ্বের বাজারে পাল্লা দিতে পারে, সেই পলিমার-এর ক্ষেত্রে আমরা দেখছি, আপনারাও দেখেছেন, মিৎসুবিশি যে পিউরিফাইড পলিফান্ট অ্যাসিড তৈরি করছে, সেটাও গোটা বিশ্বের বাজারে পাল্লা দেওয়ার মতো। তারাও সব সময় চেষ্টা করছে। পূর্ব ভারত যেটা এতদিন আপনাদের পিছনের জায়গায় ছিল, সেই পূর্ব ভারতকে চিহ্নিত করে সেই পলিমার অনুসারী শিল্প হিসাবে গোটা জেলায় গোটা রাজ্যে শিল্পের যে একটা বাতাবরণ সৃষ্টি করতে চাচ্ছেন, সেটা কি কম কথা ? এছাড়া আপনারা জানেন, মণিকাঞ্চন পার্ক ১৭.৬২ কোটি টাকা ব্যয় করা হয়েছে, এর মধ্যে ট্রয় পার্ক প্রায় ৮ কোটি টাকা ধরা হয়েছে। এক্সপোর্ট প্রমোশানাল পার্ক, দুর্গাপুর সেখানে ১৪ কোটি টাকা ব্যয় ধরা হয়েছে। এছাড়া শিল্পবন্ধু স্থাপন করা হয়েছে। আমরা জানি রাজ্যে শিল্প স্থাপন করতে গেলে জমিজমা পাওয়ার ক্ষেত্রে অন্যান্য পরিষেবা পাওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি হয়, শিল্প বন্ধু সেই বাধার সমস্ত বিষয়টায় সমস্ত পরিমন্ডলটায় তার নজর আছে, কোথায় কোন বাধা সৃষ্টি হচ্ছে, শিল্প বন্ধু তার সমস্ত সমাধান করেন দ্রুততার সঙ্গে যাতে শিল্প হতে পারে, তার সমস্ত পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেন, সেটা কি কম কথা ! তাই আপনাদের কাছে বলি, এই বিশ্বায়নের জন্য এত কিছু

সমস্যা, ধান পাট চা ইত্যাদি সমস্ত বিষয়ে যেমন ফাইটোকেমিক্যাল ইত্যাদি বিষয়ে আমাদের পশ্চিমবাংলা এগিয়ে যাচ্ছে। জৈব প্রযুক্তি নীতি ঘোষণা করা হয়েছে। এই বিশ্বায়নের ফলে চীন ছাড়া আর কেউ দাঁড়িয়ে থাকতে পারে না, আর্জেন্টিনার মতো দেশ, যেখানে ৯৭ শতাংশ লোক এর শিক্ষিতের হার, তারাও আজকে দেউলিয়া হয়ে যাচ্ছে। সেই জায়গায় ভারতবর্ষের মতো উন্নয়নশীল দেশে যেখানে নানা রকমভাবে উত্থান পতন আছে, আজকে তারা বিদেশের সঙ্গে পাল্লা দিতে পারবে এটা ভাবার কোনও কারণ নেই। তাই আজকে ১৪২৯টি দ্রব্য সামগ্রী আমাদের দেশের বাজারে ঢুকছে। সেখানে আমাদের দেশের উৎপাদিত সামগ্রী এর ফলে মার খেয়ে যাচ্ছে। তাই আজকে দেশে যদি পরাধীনতার গ্লানি দেখা যায় তাহলে মীরজাফরের ভূমিকায় মানুষ আপনাদের দাঁড় করাবে, গোটা দেশের মানুষ, বাংলার মানুষ আপনাদের ক্ষমা করবে না, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে শিল্পমন্ত্রী যে ২৪, ৫৩, ৭৫, ৭৬, ৮৭, ৯৩, ৯৪, ৯৫, ৯৭, ৭৪ ৯২ নাম্বার যে ডিমান্ড পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। এবং বিরোধী দলের আনা কাটমোশানগুলিকে সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আসলে সংখ্যাতত্ত্বের আড়ালে সরকারি ব্যর্থতাকে চাপা দেবার তুলনামূলক চিত্র আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করছি। মাননীয় শিল্পমন্ত্রী তার বাজেট বক্তৃতাতে বলছেন, এখন পর্যন্ত বামফ্রন্ট সরকার মোট ৪৪৫টি উদ্যোগের মাধ্যমে তারা ৪৪৬৯ কোটি টাকা এখানে লগ্নিতে সাহায্য করেছেন। আবার বীরেন জে শা তার বাজেট বক্তৃতাতে, পশ্চিমবঙ্গে রাজ্যপাল হিসাবে অধিবেশনের শুরুতে যে ভাষণ দিয়েছেন সেখানে বলছেন, আমার সরকার ১৯,৭৭৫ কোটি টাকা লগ্নি করেছেন ৪৪৭টি শিল্প এখানে নতুন করে বুনিয়াদে সৃষ্টি করেছেন। আবার ডঃ অসীমকুমার দাশগুপ্ত অর্থমন্ত্রী তিনি বলছেন, আমরা এখানে মোট ৪৬৩টি ইউনিট নতুন করে স্থাপন করেছি। তাতে আমাদের ১৭ হাজার ৩০০ কোটি টাকা লগ্নি করতে পেরেছি।

[2.10—2.20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আমরা যখন আলোচনা করব তখন সরকারের কোন সংখ্যাতত্ত্বর ভিত্তিতে আলোচনা করব—মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় যেটা বলেছেন, মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যেটা বলেছেন সেটা নিয়ে, না ডঃ অসীমকুমার দাশগুপ্তর বাজেট বক্তৃতায় যেটা বলেছেন সেটা নিয়ে এর কোনটা সত্য সেটা আমরা বুঝতে পারছি না। এখানে সরকার পক্ষের মাননীয় বিধায়ক শ্রীযুক্ত সুনীল ঘোষ মহাশয় একটা জ্বালাময়ী বক্তৃতা দিয়ে শিল্পে সাম্প্রদায়িকতার কথা বললেন। আমি জানি না সাম্প্রদায়িকতা কবে শিল্পে পরিণত হল ? এদিকে সুনীলবাবু শিল্প বাণিজ্য বিভাগের প্রাক বাজেট সমীক্ষায় বলেছেন, ২০০১-২০০২ আর্থিক বছরে পরিকল্পনা খাতে মূল বরাদ্দের চেয়ে একশো কোটি টাকা খরচ কম হয়েছে। স্বাভাবিকভাবেই বিভাগের উন্নয়নমূলক কাজ বাধাপ্রাপ্ত হয়েছে। এদিকে তিনি বক্তৃতা করার সময়ে বলে গেলেন আমরা দারুণ শিল্প বিপ্লব করে ফেলেছি। মোদ্দা কথা হচ্ছে সরকার নিজেই জানেন না তারা কোথায় যাবেন। ছাব্বিশ বছর ক্ষমতায় থেকেও এই সরকার কোনও শিল্পনীতি গ্রহণ করতে পারেনি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এর ফল হচ্ছে এই রাজ্যে কোনও ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট হয়নি। একটা শিল্পতো হঠাৎ করে মাথাচাড়া দেয় না, ইট, বালি, চুন, সুরকি দিয়ে তো শিল্প তৈরি করা যায় না, শিল্পের জন্য দরকার ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট। গত ছাব্বিশ বছরে মোট সাড়ে চৌদ্দশ কিলোমিটার রাস্তা এখানে তৈরি হয়েছে, পুরোনো রাস্তাগুলি ভেঙ্গে গেছে, নতুন সড়ক পরিবহন কিছুই হয়নি। তাহলে শিল্পপতিরা রাজ্যে বিনিয়োগ করবে কি জন্য ? শিল্পের মূল কথাই হচ্ছে যোগাযোগ ব্যবস্থা, সড়ক পরিবহনটাকে ভালো করতে হবে। আপনারা বলছেন বিদ্যুতে আমরা দারুণ সাফল্য লাভ করেছি। ডিভিসি ক্রমাগত সাসটেইন্ড ইলেকট্রিকসিটি আমাদের দিয়েছেন সেই জন্য এখানে শিল্প এগিয়েছে। কিন্তু সারা রাজ্যে বিদ্যুতের অবস্থাটা কি ? আর আপনি প্রারম্ভিক ভাষণে বলেছেন রাজ্যে বিদ্যুতে আমরা দারুণভাবে সফল হয়েছি, দারুণভাবে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট হয়েছে। আপনি বলুন সানরাইজ ইন্ডাস্ট্রি নিয়ে আপনারা কি ভাবছেন এবং সানসেট ইন্ডাস্ট্রিগুলোর অবস্থা কি ? এই রাজ্যে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি দারুণভাবে মার খেছে, এই ব্যাপারে সরকারের কোনও পজিটিভ শিল্পনীতি নেই। আজকে এই রাজ্যে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি সেই জন্য শেষ হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত আন্ডারটেকিংগুলো পশ্চিমবাংলায় ছিল অন্যায়ভাবে সেই শিল্পের বিলুপ্তিকরণ করা হয়েছে। কিন্তু আজকে আপনারাও তো বিলুপ্তিকরণ করছেন। কুচবিহারের এক জনসভায় দাঁড়িয়ে আপনি বলেছেন রাজ্যের অধিগৃহীত শিল্প সংস্থা যেগুলো লোকসানে চলছে সেগুলো বন্ধ করে দেওয়া হবে। কেন্দ্রীয় সরকারের সমালোচনা আপনারা নিশ্চয় করবেন এবং আমরাও করব। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত আন্ডারট্রেকিং বন্ধ করে দেওয়া হয়েছে তার বিরুদ্ধে আপনারা যদি আন্দোলন করেন, তাহলে আপনার সঙ্গে আমরাও রাস্তায় দাঁড়িয়ে আন্দোলন করব। কিন্তু আমি আপনার বিরুদ্ধে অধিকার ভঙ্গের প্রস্তাব আনতে পারি। সাত তারিখ থেকে বিধানসভা আরম্ভ হবে, আর ছয় তারিখে কুচবিহরে গিয়ে আপনি সরকারের একটা মেজর পলিসি পাবলিক মিটিংয়ে ডিক্লেয়ার করে দিলেন। সেখানে আপনি বললেন, রাজ্য সরকার অধিগৃহীত শিল্প সংস্থাগুলিকে আস্তে আস্তে বন্ধ করে দেওয়া হবে। ওয়েস্টিং হাউস স্যাকসবি ফার্মারিস থেকে আরম্ভ করে দার্জিলিং রোপওয়েস পর্যন্ত নাম করে করে আপনি বলেছেন। আর সুনীল মৈত্র, ডিপার্টমেন্টাল সেক্রেটারি, তিনি বলছেন ঘরে বসে কর্মচারীদের মাইনে দেব, তাহলে লোকশান কম হবে। আর একবার বলছেন—মাইনে-টাইনে দেওয়ার কোনও ব্যাপার নেই, আমি লোক ডাকছি, তাদের কাছে সম্পূর্ণভাবে বিক্রি করে দেব। কোনটা সত্য বলুন ? একটার পর একটা ইন্ডাস্ট্রি এখানে বন্ধ হয়ে যাচ্ছে। জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, যেটা নিয়ে রাইটার্স বিল্ডিংসে বসে যুক্তি করে বন্ধ করে দিয়েছেন। আজকে সেখানে ১০ হাজার সেলাই মেশিন তৈরি করার কথা ছিল, একটাও করছেন ? পাঞ্জাব থেকে এনে জয় ইঞ্জিনিয়ারিংয়ের স্ট্যাম্প দিয়ে বিক্রি করছেন। বলুন মন্ত্রী নিরুপম সেন—এই প্রতিষ্ঠানের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ? জয় ইঞ্জিনিয়ারিংয়ের দুটো কারখানা—একটা প্রিন্স আনোয়ার শা রোডে, আর একটি বাঁশদ্রোণীতে। প্রিন্স আনোয়ার শা রোডের কারখানা উঠিয়ে বাঁশদ্রোনীতে নিয়ে গিয়ে একটা সেলাই মেশিন ইউনিট বন্ধ করে দিয়েছেন। বলেছিলেন সেখানে ৫০ হাজার ফ্যান হবে। হচ্ছে মাত্র তিন থেকে সাড়ে তিন হাজার। আজকে মধ্যপ্রদেশ ইউনিট থেকে কলকাতায় নিয়ে এসে জয় ইঞ্জিনিয়ারিংয়ের স্ট্যাম্প দিয়ে কলকাতায় বিক্রি করা হচ্ছে। এতে

আমাদের রাজ্যের কি লাভ হচ্ছে ? আবার বলেছেন ভুষণ ইন্ডাস্ট্রির জন্য নাকি গর্ব বোধ করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন—হুগলীর ভুষণ ইন্ডাস্ট্রিতে সুইপার থেকে শুরু করে জেনারেল ম্যানেজার পর্যন্ত সব হরিয়ানা থেকে নিয়ে আসা হয়েছে ? আপনার দপ্তরের মাননীয় সচিব জহর সরকারকে সেখানে পাঠান, তিনি গিয়ে দেখে আসবেন। একটাও লোকাল ছেলে-শিক্ষিত-অশিক্ষিত, দক্ষ-অদক্ষ ইঞ্জিনিয়ার বা টেকনিশিয়ান—কি সেখানে কাজ পেয়েছে ? একজনও পায়নি। আপনাদের কোনও সুপারভিসন আছে ? আপনাদের কোনও তত্ত্ব-তল্লাসির মেশিনারি আছে ? ডেস্টিনেশন ওয়েস্টবেঙ্গলে তদানীন্তন চিফ্ সেক্রেটারীকে দিয়ে ৬টি কমিটি করেছিলেন, তাদের রিপোর্ট কি ? আমি দেখিয়ে দিতে পারি যে, কমিটিগুলোর রিপোর্ট আজকে কোল্ড স্টোরেজে পড়ে আছে। সেখানে যে যে বিষয়ে নজর দিতে বলা হয়েছে, সেইগুলোর একটাতেও নজর দেওয়া সম্ভব হয়নি, কারণ আপনাদের সেই মনস্কতা নেই, সেই মানসিকতা নেই। সেইজন্য একটার পর একটা কমিটি করলেন, তারা একটার পর একটা রিপোর্ট দিল এবং তারপর সেইগুলো কোল্ড স্টোরেজে রেখে দেওয়া হল এবং সেই নিয়ে সরকারের মাথাব্যথা নেই। আপনি সানরাইজ ইন্ডাস্ট্রির কথা ভাবছেন, কিন্তু সানসেট ইন্ডাস্ট্রির কথা ভাবছেন না। জুট ইন্ডাস্ট্রির অবস্থা কি ? যখন র' জুট কিনবে তখন কারখানা চলবে, অন্য সময় চলবে না। মার খাবে প্রডিউসাররা। আজকে একটার পর একটা হেভি ইন্ডাস্ট্রি, ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে যাচ্ছে। টি ইন্ডাস্ট্রির দিকে আপনাদের নজর নেই। বাইরে চা রপ্তানি করছেন, সেই চা ফেরত আসছে। শ্রীলংকা, বাংলাদেশ আমাদের চায়ের বাজার নিয়ে নিচ্ছে। কোন্ সেক্টরে নজর দিচ্ছেন ? আপনার দপ্তরের সচিবরা বলেন—আমাদের দপ্তরে তো কাজ নেই, তার থেকে যাই রবীন্দ্র চর্চা করে আসি। এমন অবস্থায় নিয়ে এসেছেন।

আর একটি বাজেট (হেড) দেখুন—২৪৫৩—সেখানে দেখছি ডব্লু বি আই ডি সি কে যে টাকা দিয়েছেন, সেই টাকা দিনের পর দিন আপনি কমিয়ে দিচ্ছেন। বিধানসভার কমিটির রিপোর্টে চলে যাচ্ছি, সেখানে কি বলছেন ? বলছেন—'পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগমের পরিকল্পনা খাতে ব্যয়ের সামগ্রিক পর্য্যালোচনা করলে দেখা যায় যে, ২০০১-২০০২ সালে বাজেটে ১২৩ কোটি টাকার সংস্থান থাকলেও, সংশোধিত বাজেটে ৫৬ কোটি ৬৭ লক্ষ টাকায় নামিয়ে আনা হয়েছিল। কিন্তু প্রকৃত খরচ গিয়ে দাঁড়ায় ৫১ কোটি ৫২ লক্ষ টাকায়। পরের আর্থিক বছরে এই খাতে ৫১ কোটি ৬২ লক্ষ ১১ হাজার টাকার সংস্তান রাখা হয়েছে। বিষয়টি মোটামুটি আশাব্যঞ্জক বলে কমিটি মনে করে'। আপনি বাজেট করেছিলেন ১২৩ কোটি টাকার। পরে নামিয়ে আনা হ'ল ৫৬ কোটিতে এবং শেষ পর্যন্ত এখানে ৫১ কোটি টাকার সংস্থান করা হয়েছে। ১২৩ কোটি থেকে ৫১ কোটি, অর্থাৎ ৫০ পার্সেন্টেরও কম। তাহলে আপনি ধোঁকা দিচ্ছেন। পশ্চিমবঙ্গ বিধানসভায় বসে বলছেন ডব্লু বি আই ডি সি কে ১২৩ কোটি দিচ্ছি, আর আসলে দিচ্ছেন ৫১ কোটি টাকা। আপনাদের দলের সভ্যদের দ্বারা কমিটির রিপোর্টে বলছে— As against 123 crores they have received only 51 crores.

[12.10—12.20 p.m.]

তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ হবে কি করে এবং রিয়েলাইজেশান অফ মানি সেখানে যে টাকা দিয়েছেন ৩৭ কোটি, ৪৯ কোটি, ৩৬ কোটি, ৫২ কোটি, ৪৬ কোটি সেখানে রিয়েলাইজেশান ৯ কোটি, ২১ কোটি, ১৩ কোটি, ৭ কোটি টাকা। কাদের দিয়েছেন ?

বিশেষ রাজনৈতিক দলের লোক, একটা গোষ্ঠী অফ আমলা, তারা সেখানে বসে একটা মনগড়া প্রজেক্ট রিপোর্ট করছে এবং নন ভায়াবেল ইউনিটকে ভায়াবেল দেখিয়ে টাকা নিচ্ছে এবং পরে সেগুলি মুখ থুবড়ে পড়ছে। কোনও টাকা তারা পরিশোধ করতে পারছে না। তার জন্যই ১১৩ কোটি টাকার বাজেট ৫১ কোটিতে এসে ঠেকেছে। আপনাদের টাকা নেই। মন্ত্রীদের টাকা দেওয়ার ক্ষমতা নেই। শিক্ষকদের মাইনে দেওয়ার টাকা নেই। আপনাদের ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য যে টাকা এখান থেকে পাশ করিয়ে দিচ্ছেন, তার ৫০ পারসেন্ট টাকা খরচ করতে পারছেন না। অথচ বলছেন পশ্চিমবঙ্গের শিল্পের অগ্রগতি ঘটছে। বেকার যুবকদের চাকরী হবে। এটা যদি ঘটতো তাহলে বেকার তালিকায় ৮—৯ লক্ষ মানুষের নাম যুক্ত করা হয়েছে ? ওয়েবেল আপনারা চালাবার চেষ্টা করছেন। সেটা একটা ট্রেডিং অর্গানাইজেশানে পরিণত হয়েছে। তার ডেভেলপমেন্ট হচ্ছে না। সফটওয়ারের কোনও প্রগ্রেস হচ্ছে না, হার্ডওয়ার নিয়ে কেউ মাথা ঘামাচ্ছে না। ফলে এটা একটা শ্বেত হস্তিতে পরিণত হয়েছে তাই আবার বলব আলোচনা বিশ্লেষণের সময় দিন। তাই যদি আপনারা আলোচনা করে বিশ্লেষণ করে শিল্পকে দাঁড় করাতে পারেন, তবেই আমরা পাশে থাকব। কোন একটা ঘাকে পাওডার দিয়ে কিছুদিন চেপে রাখা যায়। কিন্তু ক্ষত যদি পুরনো হয়ে যায়, তাহলে সেই দুর্গন্ধকে চেপে রাখা যায় না। আপনারা শিল্পকে এগিয়ে নিয়ে যেতে ব্যর্থ হয়েছেন। এখানে বাধা সৃষ্টি করেছেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মেহেবুব মণ্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আজকে শিল্প বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট প্লেস করেছেন, তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে যে শিল্পের বাতাবরণ আছে, সেখানে দেখছি যে শিল্প বিনিয়োগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থান অধিকার করেছে। ১৯৯৮-৯৯ সালে শিল্প বিনিয়োগে ৩ হাজার ৬০৮ কোটি টাকা ছিল। তখন নবম জায়গায় ছিলাম। ১৯৯৯-২০০০ সালে ৩ হাজার ৬৮৬ কোটি ছিল। আজকে ৭ হাজার ৬৭০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। আমরা দ্বিতীয় স্থানে আছি। এই রাজ্যে আরও ইন্ডাস্ট্রি করার জন্য এগিয়ে আসছে। যেমন—ভিডিওকন ইন্ডাস্ট্রি, ইন্টারন্যাশানাল নীলকমল প্লাস্টিক, ভূষণ ইন্ডাস্ট্রি। তারা অন্যান্য রাজ্য থেকে পশ্চিমবঙ্গের উপযুক্ত পরিবেশের জন্য উপযুক্ত ক্ষেত্র আছে বলে এখানে চলে এসে শিল্প বিনিয়োগের ক্ষেত্রে উদ্যোগী হয়েছে। তার সঙ্গে সঙ্গে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত শিল্প ক্ষেত্রে যদি সর্বভারতীয় চিত্রটা দেখেন তাহলে আমাদের রাজ্যের শিল্পের চিত্রটা কি আছে সেটাও দেখুন। খনিজ ক্ষেত্রে, বিদ্যুতের ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে চিত্রটা যদি দেখি তাহলে দেখব যে গোটা ভারতবর্ষে শিল্পোৎপাদনের হার ২.৩ পারসেন্ট, আমাদের রাজ্যে ৪.৫ পারসেন্ট। গোটা ভারতবর্ষের হার সেখানে ২.৪ পারসেন্ট, তখন আমাদের ৩.৮ পারসেন্ট। খনি সংক্রান্ত বৃদ্ধি গোটা ভারতবর্ষের ক্ষেত্রে ২ পারসেন্ট, তখন আমাদের রাজ্যে ৫.৫ পারসেন্ট। বিদ্যুতের ক্ষেত্রে সর্বভারতীয় ক্ষেত্রে ৩ পারসেন্ট, তখন আমাদের রাজ্যে ১০.১ পারসেন্ট। আজকে শিল্পের ক্ষেত্রে মন্দা এসেছে ৯১ সালের শিল্পনীতি দিয়ে তাই নয় কেন্দ্রীয় সরকারের যে বাজেট, যোজনা বরাদ্দ এবং যোজনা বর্হিভূত যে আয় ছিল সেটা ছিল ১৩৭ কোটি ৯২ লক্ষ টাকা, এবারে সেটা কমিয়ে করা হয়েছে ৮৬ কোটি ৭০ লক্ষ টাকা। আজকে

বাইরের দেশ থেকে মহাজনী সুদ যাতে আনা যায় সেই ব্যবস্থা হচ্ছে। ৭ পারসেন্ট সুদ হিসাবে ঋণ নেওয়া হচ্ছে আর রাজ্যের ক্ষেত্রে সুদ হচ্ছে ১১ পারসেন্ট, ১২ পারসেন্ট। এই মহাজনী কারবার কেন্দ্রীয় সরকারের মধ্যে দেখা যাচ্ছে। শুধু তাই নয় আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের ফিসকাল ডেফিসিট ২০০০ সালে ১ লক্ষ ১৮ হাজার ৮১৬, ২০০১-০২ সালে ১ লক্ষ ৩১ হাজার ৭২১ আর সেটা ২০০৩ সালে গিয়ে হচ্ছে ১ লক্ষ ৩৫ হাজার ৫২৪। এর থেকেই বোঝা যাচ্ছে যে কোনও নিয়ন্ত্রণ করতে পারছেন না। কিভাবে কালেকশন করবেন। আমাদের দেশের সম্পদকে তারা বাইরে বিক্রি করে দিতে চাইছেন। জেশপের ক্ষেত্রে দেখি যে ২৫০ কোটি টাকার সম্পদ মাত্র ১৮ কোটি টাকায় বিক্রি করে দেওয়া হয়েছে। আজকে এটা বিভিন্ন ক্ষেত্রেই দেখা যাচ্ছে। আজ ভি এস এন এলের মতো লাভজনক সংস্থাকে ২৬ পারসেন্ট শেয়ার টাটা গোষ্ঠীকে বিক্রি করে দেওয়া হয়েছে। সেখানে টাটা গোষ্ঠী কি করেছে। ১৬ হাজার কোটি টাকার সম্পদ টাটা টেলি সারভিসেই ইনভেস্ট করছে। ১২ হাজার কোটি টাকা তুলে নেবে। আজকে রাজনৈতিকভাবে কাট মানি সংগ্রহ করার, তাকে সঞ্চিত করে, গুজরাট ষড়যন্ত্রে লিপ্ত করার জন্য সচেষ্ট হয়েছে। কেন্দ্রীয় সরকার তার বাজেটে এম এম সির জন্য একটা বরাদ্দও বাজেটে রাখেননি। দুর্গাপুরে গিয়ে তৃণমূল নেত্রী বলে এলেন আমরা কিছুতেই এম এম সি বন্ধ হতে দেব না। কোথায় গেলেন তিনি। আজকে এম এম সি বন্ধ হতে চলেছে। দেখা যাচ্ছে ইস্কোর ক্ষেত্রে পুনরুজ্জীবনের অনুমোদন দিয়েছেন। কিন্তু সেখানে একটা ইউনিটকে, কুলটি ইউনিটকে বন্ধ করে দিয়েছেন। আজকে সেখানে ভি আর এসের জন্য যে টাকা আছে কেন্দ্রীয় সরকার বলেছে আমরা পুনরুজ্জীবনের দায়দায়িত্ব নিতে পারছি না। রাজ্য সরকারের হাতে যতটুকু দেওয়ার ক্ষমতা আছে সে বিষয়ে রাজ্য সরকার পদক্ষেপ গ্রহণ করছে।

[2.30—2.40 p.m.]

রাজ্য সরকার এই সব পদক্ষেপ নিয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার পুনরুজ্জীবনের ক্ষেত্রে কোনও কথা বলছে না, আজকে এম এম সি বন্ধ হয়ে যাবার কথা। মমতা ব্যানার্জী অনেক কথা বলেছেন, কিন্তু এ ব্যাপারে তিনি কিছু বলছেন না। কিছুদিন আগে পৌরসভা নির্বাচন হলো সেখানে টি এম সি-কে জনগণ তাড়িয়ে দিয়েছে। আজকে আমরা বিভিন্ন জায়গায় বলি শ্রমিকদের সঙ্গে একটা মধুর সম্পর্ক গড়ে তোলার জন্য। কিন্তু সেখানে দেখছি একটা ফ্যাক্টরিতে যদি এক হাজারের কম শ্রমিক বা কর্মচারী থাকে তাহলে সেটা বন্ধ করে দেওয়ার ক্ষমতা মালিকপক্ষের থাকবে। চটশিল্পের ক্ষেত্রে দেখছি সেখানে ১০০ পারসেন্ট প্লাস্টিক ব্যবহারের জন্য কেন্দ্রীয় সরকার বলছে। আমরা সেখানে ৫০ পারসেন্ট প্লাস্টিক ব্যবহারের কথা বলেছি। আজকে প্লাস্টিক ব্যবহার বন্ধ করার জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মাল** : এই সরকার রাজ্যে শিল্পের প্রসার ঘটাতে ব্যর্থ হয়েছে, রাজ্যে কর্মসংস্থানের সমাধান করতে এবং শিল্প গড়তে এই রাজ্য সরকার ব্যর্থ হয়েছে এবং সরকারের অধীনে রুগ্নশিল্পের বন্ধ্যাত্ব কাটাতে এবং শিল্প পুনরুজ্জীবিত করতে সঠিক পদক্ষেপ গ্রহণ করতে এই সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। এই কথা বিরোধী দলের নেতা পরিসংখ্যান দিয়ে সারা ভারতবর্ষের সঙ্গে এই রাজ্যের তুলনা করে যে বক্তব্য রেখেছেন এর

পরে আমি সেই পরিসংখ্যান না দিয়ে চোখে আঙুল দিয়ে দেখিয়ে কিছু কথা এই হাউজে বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী নিরুপম সেন যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলিকে সমর্থন করে কিছু বলতে চাই। আমি প্রথমেই হলদিয়ার কথা বলবো। ৫১৭০ কোটি টাকা খরচ করে হলদিয়া পেট্রোকেমিক্যালস তৈরি করা হলো আজকে যেটা ন্যাপথার অভাবে বন্ধ হয়ে যাচ্ছে, এটা লজ্জার। সবচেয়ে বড় কথা মাননীয় মন্ত্রী বারে বারে বলেছেন ডাউন স্ট্রীমে কাজ করেছেন। কত কি হয়েছে, কত জনের চাকরি হয়েছে ? আমি বিরোধী দলের পক্ষ থেকে সেখনে গিয়ে দেখেছি ৪-৬টা ডাউন স্ট্রীমের বেশি কোথাও কিছু পাইনি। মাননীয় মন্ত্রীকে এই হাউজে জানাতে হবে তথ্য দিয়ে, ঠিকানা দিয়ে কতজন কি করেছে সেটা পরিষ্কারভাবে জানাতে হবে। আপনারা এই পেট্রোকেমিক্যালস দেখিয়ে বাংলার মানুষকে বারেবারে বোকা বানিয়েছেন। কিন্তু আজকে হলদিয়া পেট্রোকেমিক্যালের কি অবস্থা সেটা পরিষ্কার করে এখানে বলার প্রয়োজন আছে। আজকে আপনারা বলছেন পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে শিল্পের ক্ষেত্রে এগিয়ে আছে। আমি আপনাদের হলদিয়া পেট্রোকেমিক্যালসের কথা বললাম, এবারে বীরভূমের, কথা বলছি, সেখানে সুগার মিল ছিল আমোদপুরে, আজকে সেটা বন্ধ হয়ে গেছে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে। চিনপাইতে বারুদের ফ্যাক্টরী ছিল বামফ্রন্ট সরকার আসার পরে বন্ধ হয়ে গেছে। সিউড়িতে মিনি স্টিল ছিল বামফ্রন্ট সরকার আসার পরে বন্ধ হয়ে গেছে। আজকে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই আপনি বলুন আজকে বাংলার শিল্প এগিয়েছে, না কি পিছিয়ে গেছে। আপনি দীর্ঘদিন টালবাহানা করে বক্রেশ্বর করেছেন। তবুও সেই বক্রেশ্বরের আলো সারা বাংলার মানুষ পাচ্ছে না। বিহারকে বিক্রি করতে হয় কিন্তু পশ্চিমবাংলার মানুষ অন্ধকারে থাকে। সেই জায়গায় দাঁড়িয়ে আপনার কাছে জানতে চাই, তৎকালীন মুখ্যমন্ত্রী শিল্পপতি আনার নাম করে এই রাজ্য থেকে ২৩ বছর ধরে কোটি কোটি টাকা খরচ করে এলেন। আজ আপনাদের বাজেট বক্তৃতায় বলবেন, কতজন শিল্পপতি বাইরে থেকে এসেছেন, কত কারখানা তৈরি করেছেন ? তার কি কোন রিপোর্ট পাওয়া গেছে ? কতজন বেকার ছেলের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছেন ? আজও আমরা তা বুঝতে পারছি না। তাই বলতে হচ্ছে সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। দ্বর্থ্যহীন ভাষায় আমরা বলতে পারি আজকে পশ্চিমবাংলায় সে রুগ্ন শিল্প ছিল সেগুলোকে পুনরুদ্ধার করার জন্য আপনাদের দলের, আপনাদের সরকারের কোনও প্রচেষ্টা লক্ষ্য করা যায়নি। কংগ্রেস আমলে যে কারখানা, শিল্পগুলো ছিল সেগুলো আপনাদের পার্টিবাজী, দলবাজীর জন্য সর্বনাশ হয়ে গেছে। তাই পশ্চিবাংলার মানুষ আজকে দরুণভাবে সংকটের মুখে পড়েছেন। শিল্পপতি ধরে আনার নাম করে দীর্ঘ ২৩ বছর ধরে যে নাটক আপনারা করেছেন শুধু বক্তৃতার মাধ্যমে এবং তার ফলে যে পশ্চিমবাংলাকে অর্থনৈতিক দিক থেকে অনেকটা পিছিয়ে দিয়েছেন তা বলার অপেক্ষা রাখে না। পশ্চিমবাংলায় শিল্প গঠনের জন্য, পশ্চিমবাংলার বেকারদের স্বনির্ভর করার জন্য কত শিল্প করেছেন, কত বেকারের তাতে কর্মসংস্থান হয়েছে ? সঠিকভাবে যদি এখানে শিল্প গড়ে উঠত তাহলে পশ্চিমবাংলা আজকে শিল্পের দিক থেকে প্রথম বা দ্বিতীয় স্থানে থাকত এবং বেকারের সংখ্যা ১৫ লক্ষ থেকে ৬২ লক্ষে পৌঁছে যেত না। এই ভণ্ডামি কতদিন চলবে সেটা

আমি জানতে চাই। আপনারা কোন কিছুই করতে পারেননি। আজকে এ ব্যাপারে আপনার কাছে পরিষ্কার জবাব চাই।

এবারে ফুড প্রসেসিং-এর ব্যাপারে দু-একটা কথা আপনার কাছে জানাতে চাই। বর্তমান সরকার ফুড প্রসেসিং-এর ব্যাপারে কোন পরিকাঠামো গড়ে তুলতে পারেনি। কোন নজির নেই। এই দপ্তর কেন আছে, এই মন্ত্রী কেন আছে পশ্চিমবাংলার মানুষ তা বুঝতে পারছে না। বলুন, আলু থেকে কি তৈরি করছেন ? আনারস থেকে কি তৈরি করেছেন ? কত ট্রেনিং সেন্টার তৈরি করেছেন ফুড প্রসেসিং-এর ব্যাপারে ?

আজকে আপনাকে পরিষ্কার করে বলতে হবে যে, রাজ্যে প্রতিদিন ছোট-বড় যে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে সেগুলো খোলার জন্য কি ব্যবস্থা নিয়েছেন ? এবং সেক্ষেত্রে কতটা সাফল্য আপনি পেয়েছেন ? ডানলপের অবস্থা আমরা জানি। এবং শুধু ডানলপ নয় ছোট-মাঝারি হাজার হাজার শিল্প সি পি আই এম পার্টির পার্টিবাজীর জন্য, আন্দোলনের জন্য এবং ভণ্ডামির জন্য বন্ধ হয়ে গেছে এবং যাচ্ছে। আজকে আপনারা পশ্চিমবাংলাকে সংকটের মুখে নিয়ে এসেছেন। আজকে বিশ্বায়নের কথা আপনারা বলছেন। আপনারা একদিন বলেছিলেন, যখন পশ্চিমবাংলায় সরকার চলছে, বাজেটে টাকা পাচ্ছে, যোজনা কমিশন থেকে টাকা পাচ্ছে তখন গ্রাম-বাংলার মানুষকে বোকা বানিয়ে বলেছিলেন, বাংলার মানুষের জন্য শিল্প করতে চাই কিন্তু কেন্দ্র একটা স্বৈরাচারী সরকার রয়েছে, ইন্দিরা গান্ধীর সরকার, রাজীব গান্ধীর সরকার টাকা না দেওয়ার জন্য বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারিনি। তখন মানুষ সেই কথা বিশ্বাস করেছিলেন। কিন্তু আজকে তারা বুঝতে পারছেন। আজকে কিন্তু কেন্দ্রে কংগ্রেস সরকার নেই। আজ আর কেন্দ্র বিরোধী জিগির তুলে মানুষকে বোকা বানানো যাবে না। আজকে কেন্দ্র যে উদারনীতি নিয়েছে তার ফলে একটা সংকট ঘনীভূত হয়েছে। মানুষকে সেটা আমরা বোঝাতে চাইছি। একথা বললে বাংলার মানুষ খুশি হবে না। তাই আমি জানতে চাই বাংলার মানুষের জন্য, বাংলার বেকারদের জন্য আপনারা কত শিল্প করেছেন ? যে শিল্পগুলি বন্ধ হয়ে আছে সেগুলোর জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন ? এই কথা বলে বিরোধী দল থেকে আনা কাট্ মোশানগুলিকে সমর্থন করে, এই বাজেটের বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

[2.40—2.50 p.m.]

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বাণিজ্য, শিল্প পুনর্গঠন বিভাগের মাননীয় মন্ত্রী নিরুপম সেন এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শৈলেন সরকার যে বাজেট প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। বিরোধী দলের বন্ধুদের বক্তৃতা শুনলাম। আমি বিরোধী দলের বন্ধুদের একটু স্মরণ করিয়ে দিতে চাই তাঁদের অতীতের কথা, তাঁদের নেতাদের কথা। তাঁর স্বদেশি পণ্য গ্রহণ করতে বলতেন, বিদেশি পণ্য বর্জন করার কথা বলতেন। আজ কি কংগ্রেস এবং তৃণমূলের বন্ধুরা আর সে জায়গায় আছেন ? তৃণমূলের বন্ধুরা আজকে কেন্দ্রীয় সরকারকে সমর্থন করছেন। বর্তমান কেন্দ্রীয় সরকার কোন স্বদেশি নীতি অবলম্বন করছে ? সর্বশেষ কংগ্রেসী কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী মনমোহন সিং, বাণিজ্য মন্ত্রী প্রণব মুখার্জি এবং পরবর্তীকালে এন ডি এ সরকারের বাণিজ্য মন্ত্রী মুরাসলি মারান এবং অর্থমন্ত্রী যশবন্ত সিং যে

নীতি গ্রহণ করছেন সেই নীতির ফলে শেষ পর্যন্ত ভারতবর্ষে শিল্প, কলকারখানা কি থাকবে ? এটাই আজকে সবচেয়ে বড় প্রশ্ন। এই বামফ্রন্ট সরকার আসার আগেই আমরা লক্ষ্য করেছিলাম যে ভারতবর্ষে সাড়ে চার লক্ষ কলকারখানা বন্ধ হয়ে গিয়েছিল। তাহলে বুঝতে হবে তার দায় নিশ্চয়ই বামফ্রন্টের নয়। তার জন্য বামফ্রন্ট দায়ী, না অন্য কেউ দায়ী, সেটা বুঝতে হবে। অতএব আপনাদের মনে রাখতে হবে যে আর্থ সামাজিক অবস্থার মধ্যে দিয়ে গোটা দেশ চলছে, যে নীতি আপনারা গ্রহণ করেছেন, কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছে তার বাইরে—বিশেষ করে পশ্চিমবাংলার মত একটা অঙ্গ রাজ্যে—যাবার কথা মুখে বলা গেলেও প্রকৃতপক্ষে তা সম্ভব নয়। গোটা ভারতবর্ষের যে চিত্র, যে সামাজিক এবং অর্থনৈতিক অবস্থা তারই শিকার পশ্চিমবাংলা। সে জন্য আজকে শিল্পে যে সংকট দেখা দিয়েছে তা কেন্দ্রীয় সরকারের গৃহীত পলিসিরই ফল। উদারীকরণের নামে, বিশ্বায়নের নামে যে পলিসি নিয়েছে তারই এটা ফলশ্রুতি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এখানে আমাদের বন্ধু বিরোধী দলের নেতা বললেন,—শিল্প বাজেট নিয়ে আলোচনায় গুজরাট আসছে কেন ? সাম্প্রদায়িক সম্প্রীতির কথা আসছে কোথা থেকে ? আমি ওঁকে বলব, হ্যাঁ আসে। এই জন্যই আসে গুজরাট ভারতবর্ষের অন্যতম শিল্প সমৃদ্ধি রাজ্য। কিন্তু সেখানে কি ঘটছে ? সেখানে কোন্ পথে মানুষকে নিয়ে যাওয়া হচ্ছে ? ওখানে যা হচ্ছে সে জিনিস এখানে যাতে কেউ না নিয়ে আসে তার জন্যই চেষ্টা হচ্ছে। শিল্প তথা সমস্ত উন্নয়নমূলক কাজের জন্য অনুকূল পরিবেশ দরকার। শিল্প পরিচালনা এবং শিল্পকে পুনরুজ্জীবিত করার জন্যও অনুকূল পরিবেশ প্রয়োজন। আমি বিরোধী দলের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই, আমাদের এই দপ্তরের মন্ত্রী বলছেন তাঁর দপ্তরের অধীন একটা অন্যতম গুরুত্বপূর্ণ দপ্তর হচ্ছে শিল্প পুনর্গঠন দপ্তর। আর এখন কেন্দ্রে একটা দপ্তর খোলা হয়েছে—পৃথিবীর কোথাও এ রকম আছে কিনা জানি না, বিলগ্নীকরণ দপ্তর। অর্থাৎ সমস্ত কিছু বিক্রি করে দেবার দপ্তর। তারা বলছে সব ছেড়ে দায়, সব বিক্তি করে দাও। আর এখানে বিরোধী বন্ধুরা বলছেন, রাজ্যে শিল্পে সঙ্কট দেখা দিয়েছে, রাজ্য সরকার কিছু করছে না। এ কথা সত্য নয়, রাজ্য সরকার অবশ্যই করার চেষ্টা করছে। আপনারা নিশ্চয়ই ইতিমধ্যেই লক্ষ্য করেছেন যে, যেসব ক্ষেত্রগুলোর প্রকৃতপক্ষে কিছুই করার নেই সেসব ক্ষেত্রগুলোকেও ধীরে ধীরে কিভাবে ধরে রাখা যায় তার জন্য চেষ্টা হচ্ছে। অপর দিকে বিশেষ করে লেদার, ইলেকট্রোনিক্স, খাদ্য প্রক্রিয়াকরণ ইত্যাদি শিল্পের ভেতর দিয়ে অসংখ্য মানুষকে কিভাবে শিল্পে ধরে রাখা যায়, তার জন্য চেষ্টা ছলছে। বিরোধীরা হলদিয়া পেট্রোকেমিক্যালস-এর হাজার হাজার কোটি টাকা বিনিয়োগের কথা বললেন। হ্যাঁ, আমরাও জানি হলদিয়া পেট্রোকেমিক্যালস-এ প্রচুর লোকের নিয়োগের সম্ভাবনা নেই। কিন্তু যে সমস্ত কেন্দ্রগুলি চিহ্নিত করা হয়েছে সেগুলো যাতে সঠিকভাবে চলে তার জন্য ব্যবস্থা করা দরকার, সে কথা আপনারা কেউ বলছেন না। অবশ্য আমরা জানি আপনাদের বলার জায়গা নেই। কেন না আপনারা সে সমস্ত ক্ষেত্রের প্রতিনিধিত্ব করেন না। আমাদের উত্তরবঙ্গে যে চা-শিল্প সেই চা-শিল্পে আড়াই থেকে ৩ লক্ষ মানুষ জড়িত। শুনে রাখুন, এই চা-শিল্প থেকে কেন্দ্রীয় সরকার ৫ হাজার কোটি টাকা ডিউরিং ৫৫ ইয়ারস অফ ইন্ডিপেন্ডেন্স বিদেশি মুদ্রা অর্জন করেছেন। কিন্তু এই ৫ হাজার কোটি টাকা বিদেশি মুদ্রা অর্জন করেও চা-শিল্পের জন্য কেন্দ্রীয় সরকার সেখানে কি কাজ করেছেন, কি ব্যবস্থা করেছেন ? সেখানে চা-শিল্পকে কেন্দ্র করে অসংখ্য কর্ম সংস্থানের ব্যবস্থা করা যেত। কিন্তু আপনারা কোন

চিন্তা এ বিষয়ে করেননি। এখানে পশ্চিমবঙ্গ সরকার আগে যিনি মুখ্যমন্ত্রী ছিলেন শ্রদ্ধেয় শ্রী জ্যোতি বসু তাঁর সভাপতিত্বে যে ১০ হাজার নিউ এমপ্লয়মেন্টের ব্যবস্থা হয়েছিল সেটা শিল্পপতিরা পারেনি। আর ভুবনীকরণের নামে শ্রীলঙ্কার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা, নাইজেরিয়ার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়েছে। এদিকে চা-শিল্পে যে তীব্র সঙ্কট সেখানে নয়া পন্থীরা আসেনি। চা-শিল্পকে নির্ভর করে যা যা গড়ে তোলা প্রয়োজন সেগুলি সৃষ্টি করে নতুন এমপ্লয়মেন্ট সৃষ্টি করা যেত। তা না করে কেন্দ্রীয় সরকার চুপ করে রইলেন। কেন্দ্রীয় সরকারের কোন মদত চা-শিল্পপতিরা পাননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, সেই ব্যাপারে গুরুত্ব যেন দেওয়া হয়। দেখুন, কিভাবে চা-শিল্পকে বাঁচিয়ে রাখা যায়, আড়াই থেকে ৩ লক্ষ মানুষের যেন কর্মচ্যুতি না ঘটে। কেন্দ্রীয় সরকার চায়ের বাজার দরকে ঠিক না রেখে নিকৃষ্ট ধরনের চা বাজারে আমদানি করে দিয়েছেন। এর ফলে ৩ লক্ষ পরিবারকে সর্বনাশের জায়গায় নিয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি লক্ষ্য করছি, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু কিছু উদ্যোগ নেওয়া হয়েছে। বিভিন্ন জেলায় উদ্যোগ নেওয়া হয়েছে শিল্প কলকারখানা গড়ে তোলার জন্য। সেখানে পরিকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব বিশেষভাবে দেওয়া দরকার। রাজ্য সরকারের পক্ষে যদি এককভাবে না করা যায় তাহলে নিশ্চয়ই শিল্পপতিরা এতে অংশ গ্রহণ করবেন যাতে অনুকূল পরিবেশ সৃষ্টি হতে পারে। শিল্পের জন্য যে সাইন বোর্ড আছে তাকে বাস্তবায়িত করা দরকার বলে আমি মনে করছি। আমাদের পাশের দেশ বাংলাদেশ। আমাদের একটা ভাল সুযোগ আছে। একথা কেন্দ্রীয় সরকারের কর্মকর্তারাও স্বীকার করেছেন। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে আমরা একটা ভাল সুযোগ দেখছি। বিদ্যুৎ উৎপানের জন্য আমাদের পাশে ভুটান আছে। হাইড্রো প্রোজেক্টের ক্ষেত্রে আমরা বরাবর সুযোগ পাই। সেখান থেকে বিদ্যুৎ যাতে আনা যায় তা দেখা দরকার। বাংলাদেশে যে গ্যাস আছে—ডঃ শঙ্কর সেন যিনি আগে আমাদের রাজ্যে বিদ্যুৎমন্ত্রী ছিলেন তিনি চেষ্টা করেছিলেন, দিল্লীর সঙ্গে এই বিষয়ে কথা বলেছিলেন। কিন্তু অসম বাধা দিয়েছিল বলে হয়নি। যেহেতু বাংলাদেশ থেকে গ্যাস সরাসরি আসতে পারে না, ত্রিপুরা, অসম হয়ে নিয়ে আসতে হয় সেই জন্য এই বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন দিল্লীর সঙ্গে কথাবার্তা বলেন। তাহলে উত্তরবঙ্গে ডুয়ার্স এলাকায় হাইড্রো প্রোজেক্টের জন্য গ্যাস টারবাইন সৃষ্টি করা যেত, বিদ্যুৎ উৎপাদনের জন্য বিরাট সুযোগ সেখানে লাগাতে পারতাম। শুধু তাই নয়, শিল্প কলকারখানা গড়ে তোলার জন্য চাই কিছু অনুকূল পরিবেশ এবং যোগাযোগ ব্যবস্থা। ১৯৯৩ সালে যে ভয়ঙ্কর বন্যা হয় তাতে জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ারে শতাব্দীর সাংঘাতিক বন্যা হয়। সেই বন্যার পর কেন্দ্রীয় সরকার সি আর এফ (রোড্স) কত টাকা দিয়েছেন। তার একটা অংশ দিয়ে রাস্তা নির্মাণ এবং ন্যাশনাল হাইওয়ের ব্রীজগুলি নির্মাণ করা যেত। কিন্তু সেই টাকা দেয়নি। সেই টাকা যদি দেওয়া হতো তাহলে উত্তরবঙ্গে যে সমস্ত ক্ষেত্রে সম্ভাবনা আছে, শিল্পের সম্ভাবনা, সেই শিল্প সম্ভাবনাকে কাজে লাগাতে পারতাম। একটু আগে বিরোধী দলের নেতা বললেন, আমরা আপনাদের সহযোগিতা করবো। হিম্মত থাকে তো দিল্লীতে গিয়ে বলুন ? মন্ত্রী হওয়া আর হবে না, ঘাড়া ধাক্কা দিয়ে বের করে দেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় শিল্পমন্ত্রীর কাছে আবেদন জানাবো, কিছু কিছু ক্ষেত্রে আপনি ব্যবস্থা নিয়েছেন সেটা ঠিকই আছে। ওয়েবেলের বিষয়ে আপনি সকালবেলায় বলেছেন, কিছু কিছু ব্যবস্থা নিয়েছেন।

কিন্তু সরকারি পরিচালিত অন্যান্য ক্ষেত্রে দেখছি, মাথাভারী প্রশাসন, কোন কো-অর্ডিনেশন নেই। আমি স্ট্যান্ডিং কমিটির সদস্য হিসাবে কয়েকটি জায়গায় ঘুরে দেখেছি। আমি জাহাজ নির্মাণের ক্ষেত্রেও গেছি। সেখানে মাথাভারী ব্যাপার আছে। এগুলি দেখা দরকার এবং কো-অর্ডিনেশন যাতে গড়ে ওঠে তার ব্যবস্থা করা দরকার।

[2.50—3.00 p.m.]

পাশাপাশি যে সমস্ত ছোট ছোট জায়গা আছে সে দিকেও নজর দেওয়া সরকার। আপনি জানেন, পলাশীতে একটি চিনিকল আছে। সেখানকার ২ হাজার ৪০০ বিঘা জমি সেই মিল মালিক লিজ দিয়ে আখ চাষ করাচ্ছেন আর অপরদিকে কারখানার শ্রমিকদের ছাঁটাই করা হচ্ছে। তারপর কিছু কিছু ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি লেখার মধ্য দিয়ে, খবরের মধ্যে দিয়ে শ্রমিকদের ব্ল্যাকমেল করার চেষ্টা করা হচ্ছে। ইউ টি ইউ সি-র একজন কর্মী হিসাবে আমি বলব শিল্প কারখানা হচ্ছে মানুষের জন্য। শিল্প কারখানায় মালিকরা বা গভর্নমেন্ট উৎপাদন করে না, উৎপাদন করে শ্রমিকরা। সেই শ্রমিক শ্রেণীর অধিকার শিল্প কারখানা পরিচালনার নামে যাতে বিঘ্নিত না হয় সেটা দেখা দরকার। অবশ্য সেটা দেখার ব্যাপারে বামফ্রন্ট সরকারের কমিটমেন্ট আছে, আপনারও নিশ্চয় আছে। এরপর আমি খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলব। আজকে তো ভুবনীকরণের নামে, বিশ্বায়নের নামে কেন্দ্রীয় সরকার যে উদার নীতি গ্রহণ করেছেন তাতে তো সবই শেষ করে দিয়েছে কিন্তু যে ক্ষেত্রগুলি এখনও তারা নিতে পারেন নি সে দিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। এ ক্ষেত্রে আনারস, অন্যান্য ফলকে কিভাবে কাজে লাগাতে পারেন দেখুন এবং বিপণনের ব্যবস্থা যাতে সঠিকভাবে করা যায় সেটা দেখুন। আজকে আমরা দেখছি আমাদের দেশের বড় বড় শিল্পপতিরা মাল্টিন্যাশানাল কম্পানিগুলির সঙ্গে যুক্ত হয়ে গিয়েছে। এ ক্ষেত্রে ওয়েবেল যেমন চ্যালেঞ্জ নিয়েছে অনুরূপভাবে অন্যান্য ক্ষেত্রেও তা নিতে হবে। ওই যে স্বদেশি পণ্য গ্রহণ করো, বিদেশি পণ্য বর্জন করো। এই আন্দোলন করবে কে ? এই আন্দোলন তো তৃণমূল করবে না, কংগ্রেস দল করবে না, কেন্দ্রীয় সরকার চালাচ্ছে যে দল সেই বি জে পি করবে না কারণ আজকে ভারতবর্ষের এই যে অবস্থা এর জন্য তো ওরাই দায়ী তাই এই আন্দোলন করতে হবে আমাদের। আমরা যারা এই অবস্থার পরিবর্তন চাই, শিল্প কলকারখানাগুলির পুনরুজ্জীবন চাই, নতুন নতুন শিল্প গড়ে তুলতে চাই, গরিব, শ্রমজীবী মানুষদের স্বার্থ রক্ষা করতে চাই আমাদেরই সেই আন্দোলন করার দায়িত্ব নিতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়দের বলব, ভুবনীকরণের নামে কেন্দ্রীয় সরকার আজকে ভারতে জনগণের উপর যে জগদ্দল পাথর চাপিয়ে দিয়েছেন তাতে কর্মসংস্থানের সুযোগ আরও সঙ্কুচিত হবে এবং এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে শ্রমিক শ্রেণীর স্বার্থ রক্ষা করার লড়াই আমাদের চালিয়ে যেতে হবে এবং সেই লড়াই-এ আমাদের জিততে হবে। শ্রমজীবী মানুষদের সঙ্গে নিয়ে সেই লড়াই যদি আমরা চালিয়ে যেতে পারি তাহলে নিশ্চয় আমাদের জয় হবে, ওরা পরাজিত হবেন। মন্ত্রী মহাশয়রা সেই পথেই এগিয়ে যাবেন এই আশা করে শেষ করছি।

**শ্রী অপূর্ব মুখার্জি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং এর উপর আমাদের দলের তরফ থেকে যে সমস্ত

কাটমোশান এসেছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট পেশ করেছেন ২৩৮ কোটি টাকার। বিগত দিনে দেখা গিয়েছে ২৯৯ কোটি টাকার বাজেট পেশ করার পরও ১৯৮ কোটি টাকা মাত্র খরচ করতে পেরেছিলেন। এটা হচ্ছে আগের বছরে। সঙ্গে সঙ্গে এটা শিল্প বাজেট বা শিল্প পুনর্গঠন বাজেট বা কুটির শিল্প ক্ষুদ্র শিল্প বাজেট। এই বাজেটকে সামনে রেখে আমি আমার নিবেদনে প্রথমে একটা কথা বলতে চাই, আমি জানি এখন পশ্চিমবাংলার বুকে বৃহত্তম কোন শিল্প করা সম্ভব নয়। সেই পরিকাঠামো নেই। আমি দুর্গাপুরের মানুষ, দুর্গাপুরে যে পরিকাঠামো তৈরি হয়েছিল ১৯৫৯ সাল থেকে, সেখানে যে সংস্থাটি প্রথমে তৈরি হয়েছিল সেটা হলো দুর্গাপুর প্রোজেক্ট লিমিটেড। সেটা রাজ্য সরকারের একটা সংস্থা ছিল বা আছে। সেই সংস্থাটি যখন তৈরি হয়—আপনারা শুনুন, আপনাদের কাজে লাগবে, আপনারা অনেক তথ্য পেশ করেন, আমার বন্ধুরা অনেক তথ্য রেখে গেছেন—১৯৫৯ সাল থেকে ১৯৭২ সাল পর্যন্ত দুর্গাপুরে যে কলকারখানা তৈরি হয়েছিল তাতে প্রত্যক্ষভাবে ১ লক্ষ এবং পরোক্ষভাবে ১০ লক্ষ নিযুক্ত ছিল। দুর্গাপুর যখন তৈরি হয় তখন সেখানে লোক সংখ্যা ছিল ৯৮ হাজার আজকে সেখানে ১০ লক্ষ মানুষ বাস করে। আপনারা দেখবেন আপনাদের কোনও আত্মীয়-স্বজন সেখানে বাস করে। দুর্গাপুর স্টীল প্ল্যান্ট, একটা প্রেসটিজিয়াস সংস্থা, সেখানে যারা কাজ করে তারা গর্ববোধ করে, অ্যালয় স্টীল সেখানে কাজ করলে গর্ব অনুভব করে, রাজ্য সরকারের অধীনে দুর্গাপুর কেমিক্যালস, সেখানে কাজ করলে মানসিকতার প্রতিফলন হতো। আজকের যদি এখানকার পরিকাঠামো বিশ্লেষণ করা যায়, এই ২৫ বছরের যদি হিসাব ধরা হয়, পরবর্তীকালে এখানে বেসরকারি বেশ কিছু সংস্থা তৈরি হয়েছিল, সেই সংস্থার যদি পরিসংখ্যান রাখতে যাই তাহলে অনেক সময় চলে যাবে। এদের মধ্যে কয়েকটি নামী সংস্থা আছে সেই সংস্থাগুলির উল্লেখ করতে চাই। দুর্গাপুর, ফিলিপ্স কারবন, রাজ্য সরকারের সংস্থা নয়, একটা প্রাইভেট সংস্থা, এই সংস্থা গোয়েঙ্কার। দুর্গাপুর সিমেন্ট, এটা বিড়লার, তারপর এ বি এল, গ্রাফাইট ইন্ডিয়া লিমিটেড, স্যাংকি হুইলস থেকে আরম্ভ করে অনেক শিল্প কারখানা সেই সময় তৈরি হয়েছিল। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই, দুর্গাপুরে অনেক শিল্প পরিকাঠামোর কথা বলছেন, দুর্গাপুরে বেশ কিছু কলকারখানা তৈরি এবং তার তথ্য বাজেটে বলেছেন, কমার্স ইন্ডাস্ট্রী সম্পর্কে উল্লেখ করেছেন, সেখানে যে কারখানা তৈরি হয়েছে সেখানে পরিকাঠামোর অবস্থাটা কি ? রাজ্য সরকার বিগত ২৫ বছর ধরে সেখানকার শ্রমিকদের জন্য চিন্তা-ভাবনা করার কথা বারে বারে বলে আসছেন, এই নতুন পরিকাঠামোয় যে কলকারখানা তৈরি হচ্ছে সেখানে কি লাগু হচ্ছে ? আমি বলি লাগু হচ্ছে না। সেখানে রাজ্য সরকারের যে বেতন সেই বেতন তারা পাচ্ছে না। আজকে সেই দিক যদি বিশ্লেষণ করা যায় তাহলে কণিকাদিকে আমার কথা বন্ধ করার জন্য চিৎকার করতে হবে। আজকে মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন সেটা বাস্তব কথা, তাঁর সেই মানসিকতা আছে আমি জানি। তিনি বলছেন আপনাদের যদি কনস্ট্রাকটিভ কিছু আলোচনা থাকে সেটা করতে পারেন। কিন্তু আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমি বলতে চাই, নিরুপমবাবু দুর্গাপুরে গিয়েছিলেন শিল্প পরিকাঠামো নিয়ে আলোচনা করার জন্য। সেখানে আমি উপস্থিত থাকা সত্ত্বেও বিরোধী দলের এম এল এ হিসাবে সেখানে আমি উপস্থিত থাকা সত্ত্বেও আমাকে সেখানে বলার

সুযোগ দেওয়া হয়নি। শিল্প পরিকাঠামো নিয়ে যাদের বলার কথা তাদের মধ্যে একজন ছিলেন, আমাদের এখন যে কুটির শিল্প বা ছোট শিল্প আছে, সেই শিল্প পরিচালনা করার যে সংস্থা আছে তার সেক্রেটারি। তিনি একটা আবেদন রেখেছিলেন।

[3.00—3.10 p.m.]

তা কি, না ওখানে ১৫০টিব মত ছোট ছোট ইন্ডাস্ট্রি যেগুলো আছে, তারা কিছু টাকার জন্য তাদের পরিকাঠামের উন্নয়ন করতে পারছে না। আল্টিমেটলি তারা রুগ্নতায় ভুগতে ভুগতে উঠে যাবে। সেই পরিস্থিতিতে দাঁড়িয়ে আপনার কাছে আবেদন করতে চাই, নিশ্চয়ই কুটির শিল্প ছাড়া পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না। তাই আমি আপনার কাছে আবেদন করবো, ওখানে যে ছোট ছোট শিল্পগুলো আছে তাদের ডেকে উৎসাহ দিন, তাদের কথা শুনুন। ওখানে হলদিয়া পেট্রোকেমিক্যালস নিয়ে একটা অনুসারী শিল্পের জায়গা তৈরি করার পরিস্থিতি করেছেন। দুর্গাপুরে পরিকাঠামো যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আমি আপনার কাছে আবেদন জানাবো। তার কারণ এটিকে সঠিকভাবে করতে গেলে সেই মানসিকতার প্রতিফলন ঘটানো দরকার। এই কথা বলে বিরোধিদের আনা সমস্ত কাট মোশানকে সমর্থন করে এবং মন্ত্রী মহাশয়ের আনা বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় মন্ত্রী নিরুপম সেন মহাশয় ২৪, ৫৩, ৭৫, ৭৬, ৮৭, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৭৪, ৯২ এবং ৫৬ নম্বর দাবির ভিত্তিতে যে ব্যয় মঞ্জুরীর দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে খুব সংক্ষিপ্ত আকারে দু'-একটি কথা বলতে চাইছি। স্যার, আমরা দীর্ঘক্ষণ বিরোধি পক্ষের কথা শুনলাম, যেন আমাদের রাজ্যে শিল্পের কোন বিকাশ ঘটেনি। শিল্পের অধঃগতির জন্য যেন দায়ি রাজ্য সরকার। বিরোধীরা প্রধানত এটাই ব্যক্ত করেছেন। স্যার, আমাদের রাজ্য ভারতবর্ষের অধীনে একটি রাজ্য। সেই দেশের দিকে যদি না তাকানো যায় তাহলে রাজ্যকে বিশ্লেষণ করা সম্ভবপর নয়। ১৯৯১ সালের ঐতিহাসিক সন্ধিক্ষণে কংগ্রেস আমলে মনমোহন সিং যে ভয়াবহ অর্থনীতির প্রবর্তন করেছিলেন, তার প্রভাব সারা ভারতবর্ষে পড়েছে। বিশ্বায়নের যে খেলা চলছে তার প্রভাব শিল্পের ওপরে, কৃষির ওপরে পড়েছে। আমাদের দেশের আভ্যন্তরীন উৎপাদনের হার যেখানে ১৯৯৯-২০০০ সালে ছিল ৬.৪১ শতাংশ, তা হঠাৎ করে ২০০০ সালের পরে ২০০১ সাল থেকে আভ্যন্তরীন উৎপাদন বৃদ্ধির হার কেবলমাত্র ৪ শতাংশে নেমে গেছে। যারা মনমোহন সিংয়ের অর্থনীতির প্রশংসায় পঞ্চমুখ হয়েছিলেন যে দেশ সমৃদ্ধশালী হবে, দেশ এগিয়ে যাবে, শিল্পের বিকাশ ঘটবে, বাস্তবে আমরা কি দেখছি ? বিগত ১০ বছরের ইতিহাসের পাতা ওল্টালে চিত্রটা পরিষ্কার হয়ে যাবে। যেখানে উৎপাদন বৃদ্ধির হার ছিল ৫.৮ শতাংশ, আমরা দেখলাম ২০০১ সালের এপ্রিল থেকে ডিসেম্বরে শিল্পোৎপাদনের হার ২.৩ শতাংশে এসে দাঁড়িয়েছে। এটা কেন, কিসের জন্য এই অবস্থা ? এই অবস্থায় এই রাজ্যের বিরোধী পক্ষের মাননীয় এম এল এ-রা বসে আমাদের সরকার পক্ষের বিরোধিতা করবেন ? প্রকৃতপক্ষে যে জন্য দায়ী—বিশ্বায়ন, বিলগ্নিকরণ, সেই বেসরকারিকরণের কথা একবারও উচ্চারণ করবেন না, এটা হতে পারে না। এক সময়ে আমাদের রাজ্য শিল্পোৎপাদনের ক্ষেত্রে প্রথম স্থানে ছিল। দেশ স্বাধীন হবার পরে শিল্পের অগ্রগতির একটা বিকাশ ঘটেছিল কিন্তু তারপরে নানাবিধ পরিস্থিতির মধ্যে সেই

অগ্রগতি পিছুতে থাকে। এই ব্যাপারে আমার পূর্ববর্তী বামপন্থী বন্ধুরা তাদের বক্তব্যে বলেছেন কেন এই শিল্প পিছুতে শুরু করল। তারপরে ১৯৯১ সালে দেশে শিল্পের দিক থেকে যখন একটা ভয়ঙ্কর মন্দা আসতে শুরু করল তখন আমাদের রাজ্য সুনির্দিষ্ট শিল্পনীতি শিল্প বিকাশের জন্য প্রণয়ন করতে লাগলেন। এবং এতে আমাদের রাজ্যে যে শিল্প বিকাশে ঘাটতি হয়েছিল সেটা বেসরকারি উদ্যোগে এগিয়ে নিয়ে যেতে চাইলেন এবং তাতে পরিকাঠামোগত যে ক্রটি ছিল সেগুলোও দূর করে উন্নতি সাধন করলেন। তার ফলে সর্বক্ষেত্রে একটা উন্নতির জোয়ার আসতে শুরু করল। এবং আমরা অনেক দিক থেকেই এগিয়ে যেতে শুরু করলাম। সেখানে আই আই পিতে যেখানে আমাদের ৪.৫ শতাংশ হয়েছে, সেখানে জাতীয়স্তরে কেবলমাত্র ২.৩ শতাংশ হয়েছে। আমাদের রাজ্যে বিদ্যুতের ক্ষেত্রে ১০.১ শতাংশ বৃদ্ধির হার ঘটিয়েছে সেখানে জাতীয়স্তরে বৃদ্ধির হার কেবলমাত্র ৩ শতাংশ। আর প্রকরণের ক্ষেত্রে আমাদের রাজ্যের বৃদ্ধির হার ৩.৮ শতাংশ, সেখানে সর্বক্ষেত্রে কেবলমাত্র বৃদ্ধির হার ২.৪ শতাংশ। আমরা দেখেছি নানাবিধ কারণে বিনিয়োগের ব্যাপারে আমাদের বিনিয়োগকরণের ক্ষেত্রে উৎসাহিত হয়েছে। তাঁরা মনে করেছেন পশ্চিমবঙ্গ এমন একটা স্থান যেখানে শিল্পের বিকাশের ক্ষেত্রে একটা আদর্শ স্থান। তাই আজকে দিল্লী থেকে, হরিয়ানা থেকে, উত্তরপ্রদেশ থেকে, গুজরাট থেকে শিল্পপতিরা আসতে শুরু করেছেন এবং আমাদের রাজ্যে শিল্পের বিকাশ করছেন। তাঁরা ঘোষণা করেছেন এই রাজ্য শিল্প বিকাশের ক্ষেত্রে অদূর ভবিষ্যতে একটা মসৃণ জায়গা হবে। আমরা দেখেছি ইন্টার ন্যাশানাল ভিডিওকন, ভূষণ ইন্ডাস্ট্রি এবং লার্সেন টিউব্রো তারা পর্যায়ক্রমে এখানে শিল্প স্থাপন করছেন। এইভাবে গত ৩ বছরে আমাদের রাজ্যে ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে এবং অনেক শিল্পপতিরা তারা নতুন নতুন উদ্যোগে এখানে শিল্প স্থাপনের জন্য প্রচেষ্টা চালাচ্ছে। হলদিয়া পেট্রোকেমিক্যালস একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। ওই পেট্রোকেমিক্যালস নিয়ে বামপন্থীরা দীর্ঘদিন লড়াই করেছে। অতীতে কংগ্রেস সরকার হলদিয়া পেট্রোকেমিক্যালস এবং বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র গড়া নিয়ে বহুবার বাধা দিয়েছে, অনুমোদন দেয়নি। এর জন্য পশ্চিমবঙ্গ সরকার বহুবার লড়াই করেছে। তারপরে বামপন্থী বন্ধুরা কংগ্রেসকে আস্তাকুড়ে নিক্ষেপ করে তাদের হাত শক্তিশালী করেছিল। তারপরে বন্ধু সরকারের সহযোগিতায় অনুমোদন পেয়েছিল। ওই অনুমোদন পেয়েই পেট্রোকেমিক্যালস রূপায়িত হয়েছিল। এই রূপায়ণের ফলে বিরোধীদের আনন্দ হওয়ার কথা, তা না করে তারা চুপসে গেলেন। এখন হলদিয়াতে ৪৯২টি অনুসারী শিল্প গঠিত হয়েছে, তার মধ্যে ৪৫৯টি আমাদের রাজ্যের এবং ৩৩টি বর্হিরাজ্যের। ক্ষুদ্র শিল্প ৪২৭টি, মাঝারি শিল্প ২৮টি এবং বৃহৎ শিল্প ৪টি আমাদের রজ্যে রূপায়িত হয়েছে। ১৯৯৯ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত এই দীর্ঘ ইতিহাসে ভারতবর্ষ যেখানে পিছিয়ে যাচ্ছে সেখানে আমাদের রাজ্য প্রায় ২৭১৪টি শিল্পের নাম নথিভুক্ত করা হয়েছে। অনুমোদন লাভও তারা করেছে এবং প্রায় ৫৬ হাজার ৪৫৪ কোটি ৮৬ লক্ষ লগ্নিকারক তাদের মূল্যমান ধার্য করেছেন। এবং বিনিয়োগের পরিমাণ ১৯ হাজার ৭৭৫ কোটি টাকা, তার মধ্যে ৫৫০টি কোম্পানির প্রকল্প বাস্তব রূপ পেয়েছে। এটা আমাদের কম গর্বের বিষয় নয়। গত ২০০১ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত আমাদের রাজ্যে বিনিয়োগের পরিমাণ হচ্ছে ২১৯৫ কোটি টাকা। তার মধ্যে ৮৬টি প্রকল্প বাস্তবায়িত করতে সক্ষম হয়েছি। আমাদের এখানে এখন শিল্প উদ্যোগের বিকাশ চলছে এবং শিল্পমুখী হচ্ছে তখন যা এখানে দাঁড়িয়ে

আপনারা বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে বিষদ্গার করা কোন রাজনীতিতে সম্ভব আমার জানা নেই। কোন রাজনীতিতে তারা এটা করছেন বুঝতে পারলাম না। আমরা দেখেছি ভারতবর্ষের অবস্থা কি—ভারতবর্ষ এমন একটা সন্ধিক্ষণের উপরে দাঁড়িয়ে আছে যেখানে কেন্দ্রীয় সরকারের বি জে পি এবং তৃণমূল তারা একটা ভ্রান্ত নীতির উপরে দাঁড়িয়ে ভারতবর্ষকে পিছিয়ে দিতে চাইছে।

[3.10—3.20 p.m.]

শিল্পের বিকাশ না হয়ে শিল্পের মন্দাভাব আমাদের দেশে শিল্প কারখানা ব্যক্তিগত মালিকানায় বহুজাতিক সংস্থার হাতে তারা নিলাম দরে জলের দরে বিক্রি করে দিচ্ছে। দেশটাকে বিক্রি করে দেওয়ার চক্রান্তে তারা বিভোর হয়েছে। সেই অবস্থায় আমাদের এই সীমিত ক্ষমতা দিয়ে আমরা রাজ্য চালাচ্ছি। সেই রাজ্যকে আপনারা পিছনের দিকে ঠেলে দিতে চাইছেন, ভাবছেন তাহলেই একমাত্র ক্ষমতায় আসা যাবে। বন্ধু মনে রাখবেন, পশ্চিমবাংলার সংগ্রামী মানুষ আপনাদের ক্ষমা করবে না, আপনাদেরকে মানুষ ক্ষমা করেনি, ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছে। তাই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে এবং আগামী দিনেও থাকবে। পশ্চিমবাংলায় শিল্পের বিকাশ হবে, শিল্পের দিক দিয়ে পশ্চিমবাংলা আগামীদিনে সমৃদ্ধশালী হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

**শ্রী পেলব কবি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত শিল্প বাণিজ্য মন্ত্রী ২০০২-২০০৩ সালের যে বাজেট পেশ করেছেন তাঁকে সমর্থনে এবং বিরোধীদেব আনা কাটমোশানের বিরোধিতা করে এই বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধী সদস্যারা ইতিমধ্যে বাজেট নিয়ে আলোচনা করতে গিয়ে মোটামুটি যেটা বলতে চেয়েছেন পশ্চিমবাংলা শিল্পের আজকে সঙ্কটাময় অবস্থা। এটা যতটা বলা হচ্ছে, সবটা হচ্ছে, চালাকি চমক, যেটা ওনাদের শিক্ষা, এখানে তারই প্রতিফলন ঘটাচ্ছেন বক্তব্যের মধ্যে দিয়ে। আমরা যেটা বলতে চাই, আজকে পশ্চিমবাংলায় আমাদের দেশের একটা অঙ্গরাজ্য, এটা আলাদা কোন রাষ্ট্র নয়। বর্তমানে যেভাবে দেশটাকে চালানো হচ্ছে যেভবে দেশের সমস্ত কিছুকে অর্থনীতিকে শিল্পনীতিকে ধ্বংসে পরিণত করা হচ্ছে, এই অবস্থায় দাঁড়িয়ে আজকে পশ্চিমবাংলায় ধ্বংসস্তূপের মধ্যে দাঁড়িয়ে যে সৃষ্টি পশ্চিমবাংলার মানুষের তাতে হতাশা কেটেছে, কনফিডেন্স বেড়েছে। আজকে শিল্পের যে পতন, এই পতনের সূচনা কবে হয়েছিল—যখন ওরা ১৯৪৪ সালে স্বাধীনতার পরে কেন্দ্র এবং রাজ্যে ২টি জায়গায় নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী ছিলেন, তখনও পশ্চিমবাংলায় ছিল ভারতবর্ষে সবচেয়ে বড় শিল্পসমৃদ্ধ রাজ্য। ভারতবর্ষের ৪৩ শতাংশ শিল্পে উৎপাদন হত আমাদের এই পশ্চিমবাংলা। তদানীন্তন সরকারের শিল্পনীতির ফলে পশ্চিমবাংলার উপরে যে বঞ্চনা যে বৈষম্য যে মাসুল সমীকরণ নীতি ১৯৪৭ সালে চালু করা হয়েছিল, মাত্র তিন বছরের মধ্যে ১৯৫০ সালের মধ্যে আমাদের উৎপাদন ৪৩ শতাংশ থেকে নেমে ১১ শতাংশ এসে গিয়েছিল। আপনারা জানেন এই নীতির ফলে পশ্চিমবাংলায় কয়লা, লোহা নিয়ে অন্যান্য রাজ্যকে যেমন একদিক সমৃদ্ধ করা হয়োছ, অপর দিকে আমাদের পশ্চিমবাংলাকে ভাগ করা হয়েছিল, লক্ষ লক্ষ মানুষেরা ওপারের থেকে চলে আসায় বিচ্ছিন্ন মানুষ নিরন্ন মানুষের ঘাড়ে যে অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছিল বাংলায় এবং এখানে যে সমস্ত শিল্পগুলি ছিল সেইগুলি প্রচণ্ড একটা প্রতিকূল

অবস্থার মধ্যে দিয়ে এগিয়ে যেতে থাকে। এর মধ্যে আপনারা জানেন, পরিকল্পিতভাবে এখানে নতুন লাইসেন্স দেওয়া হত না, পুঁজিপতিরা কারখানা করতে চাইলে নিরুৎসাহ করা হত, তাদের অন্য রাজ্যে কারখানা করার জন্য সুপারিশ করা হত। এইসব চলতে চলতে ১৯৯১ সালে তখনও ওনারা ক্ষমতায় নরসিমা রাও, মনমোহন সিং-রা ছিলেন, তখন নতুন নীতি ঘোষণা হল, সারা দেশের লোক ভাবলো এতে দেশের বিরাট উন্নয়ন হবে। এই নীতি গ্রহণ করে আমরা নতুন নতুন শিল্প নিয়ে আসব। পঞ্চাশ বছর ধরে যে নীতি আমাদের দেশে চলছিল সেই নীতিতে দেশটা রসাতলে চলে গিয়েছিল। এখন কংগ্রেসীরা নতুন নীতি নিয়ে আসল, আর এই নীতি যেদিন গ্রহণ করা হল সেদিনই আমাদের দেশের ছোট-বড় মিলিয়ে প্রায় দুই লক্ষ কারখানা বন্ধ হয়ে গেল। অনেক ঢাকঢোল বাজিয়ে এই উদারনীতি, বিশ্বায়নের কথা বলা হল এবং বলা হল আমাদের দেশে শিল্প সমৃদ্ধি হবে। কিন্তু আমরা দেখলাম সাড়ে পাঁচ লক্ষ কারখানা বন্ধ হয়ে গেছে এই নীতির ফলে, লক্ষ লক্ষ লোক বেকার হয়েছে। কংগ্রেসীরা যে নীতিকে নিয়ে এসেছিলেন বি জে পি সরকার সেই নীতিকে স্পুটনিক গতিতে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন। আজকে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে কাটমানি খেয়ে অল্পমূল্যে বিক্রি করে দেওয়া হচ্ছে। দেশের সমস্ত অর্থনীতিক বিদেশি পুঁজির কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে। আজকে এই হচ্ছে অবস্থা। তার সঙ্গে এই বি জে পি সরকার একটা দপ্তর খুলে বসেছেন যার নজির সারা পৃথিবীতে কোথাও নেই, সেই বিরাষ্ট্রীয়করণ দপ্তর এবং এই দপ্তর একটার পর একটা সংস্থা স্বল্পমূল্যে বাইরের ব্যবসায়ীদের হাতে হস্তান্তর হচ্ছে। একটা দেশের অঙ্গ রাজ্য হিসাবে পশ্চিমবাংলাতে আলাদা কিছু নেই, আমরাও একটা ধ্বংসস্তূপের মধ্যে দাঁড়িয়ে আছি। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার একটা পরিকল্পনা নেওয়ার চেষ্টা করছে। শিল্পে খানিকটা অগ্রগতি ঘটানোর চেষ্টা করা হচ্ছে। ১৯৯৪ সালে নতুন শিল্পনীতি ঘোষণা করার পরে আমাদের এখানে বিদেশি পুঁজি বিনিয়োগ হচ্ছে। আমাদের রাজ্যে পরিকাঠামোর উন্নয়ন হয়েছে বলেই এখানে বড় বড় অনেক শিল্প স্থাপিত হয়েছে। দুর্গাপুরে এই রকম বাইশটি ছোট-বড় কারখানা হয়েছে, অসংখ্য সিমেন্ট কারখানা এখানে হয়েছে। আপনারা যতই চিৎকার করুন না কেন, এটাই হচ্ছে বাস্তব সত্য। আজকে বামফ্রন্ট সরকার শিল্প পুনর্গঠন দপ্তর করেছে রুগ্ন এবং বন্ধ শিল্পকে বাঁচিয়ে রাখার জন্য। ২০০২ সালে ইন্ডাস্ট্রিয়াল রিনিওয়াল স্কিম চালু করে ইতিমধ্যে চার কোটি তেইশ লক্ষ টাকা বিভিন্ন সংস্থাকে দেওয়া হয়েছে, যাতে তারা লোকসান বন্ধ করে কারখানাটিকে চালু করবার চেষ্টা করেন। পশ্চিমবাংলায় তেইশটি কারখানাকে রাষ্ট্রীয়করণ করা হয়েছে, তার মধ্যে পাঁচটি কারখানা লাভজনক অবস্থায় পৌচেছে। উনিশটি বেসরকারি কারখানা যেগুলো বন্ধ করে দেওয়া হয়েছিল সেই কারখানাগুলিকে রাজ্য সরকার অধিগ্রহণ করে সেগুলিকে লাভজনক জায়গায় নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। আজকে এই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার মানুষ আজকে আস্থা ফিরে পেয়েছে।

[3.20—3.30 p.m.]

তার প্রমাণ হচ্ছে, শুধু দুর্গাপুরের এম এম সি কারখানাই নয়, এর মত বহু বড় বড় কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। আমি একটা কথা বলতে চাই, চালাকি করে মানুষকে কিছুদিন ভুল বুঝিয়ে রাখা যায়, কিন্তু বেশিদিন রাখা যায় না। আপনারা ঘোষণা করেছিলেন এম এম সি কারখানা

বন্ধ হতে দেবেন না, সেই চালাকিতে বিধানসভায় আপনাদের সমর্থন করেছিল। তারপর যখন আপনাদের চালাকি বুঝতে পেরেছে তখন আপনাদের আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছে। আমি বলতে চাই, এই ধ্বংসের মুখে দাঁড়িয়েই আমরা সৃষ্টির দিকে চলব এবং কিছুদিনের মধ্যে আপনাদের মুখে ঝামা ঘষে পশ্চিমবাংলা আবার ১ নং জায়গায় তার জায়গা করে নেবে। এই কথা বলে আর একবার এই বাজেটকে সমর্থন করে এবং কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই শিল্প-বাণিজ্য, সরকারি শিল্প, শিল্প পুনর্গঠন, ভাগ্যলক্ষ্মীর সবটাই যেন মন্ত্রী মহাশয়ের কাছে আছে। সবটা নিয়ে মাননীয় মন্ত্রী অনেক আশার আলো জ্বালিয়েছেন। আপনি বর্ধমান থেকে এসেছেন এবং আপনি জানেন কৃষিক্ষেত্রে বর্ধমানের কি উন্নতি। সেই বর্ধমানে দাঁড়িয়ে যদি দুর্গাপুর, আসানসোলের দিকে তাকান তাহলে দেখবেন শিল্পের অগ্রগতি, শিল্প সৃষ্টি এবং তাকে রক্ষা করার যে ইচ্ছা, প্রবণতা সরকারের ছিল তা আর অবশিষ্ট নেই। আমি কখনো বলিনা যে একটা রাজ্য সরকারেরই সবদায়িত্ব, কেন্দ্রীয় সরকারেরও দায়িত্ব থাকবে—শিল্প সৃষ্টি করা তাকে রক্ষা করা, দেশের মানুষকে খেতে দেওয়া, রাজ্যের অবস্থার উন্নতি করা। গত ২৫ বছরে, ১৯৭৭-এর পর যদি দেখেন তাহলে দেখবেন যে পশ্চিমবাংলায় শিল্পে একটা বিধ্বস্ত পরিস্থিতি এসেছে। এটা একটা টার্নিং পয়েন্টে এসেছে। যদি ভালো করে দেখেন তাহলে দেখবেন ১৯৯১ সাল থেকে এসেছে। এই যে বামফ্রন্টের বন্ধুরা পাগলের মত বকছেন, বি জে পি, কেন্দ্রীয় সরকার, সাম্প্রদায়িকতা, তা নয়, ১৯৯১ ইজ রিয়েলি এ টার্নিং পয়েন্ট। যেটা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে শুরু হয়েছে। গুজরাট, হায়দ্রাবাদ, মহারাষ্ট্র, কর্ণাটক, উত্তরপ্রদেশ—সবগুলো রাজ্যই ১৯৯১ সাল থেকে প্রতিযোগিতায় নেমেছে। কারণ, তারা বুঝতে পেরেছে এটা প্রয়োজন। রাজনীতির পরিবর্তনের সঙ্গে যে সব সময় বিশ্ববাণিজ্যেরও পরিবর্তন হবে সেটা ঠিক নয়। আজকে বাণিজ্য, বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে যে প্রতিযোগিতা এসেছে, সেখানে ভারতবর্ষ বেঁচে থাকবে কিনা সেই প্রশ্ন আসে। ভারতবর্ষ বেঁচে থাকবে যদি পশ্চিমবাংলা বাঁচে। সেই প্রতিযোগিতায় পশ্চিমবাংলাকে তুলে ধরবেন কিনা—যে পশ্চিমবাংলা এক সময় ১ নম্বরে ছিল ৬০-এর দশকের শেষ প্রান্ত পর্যন্ত—এই সিদ্ধান্ত আপনাদের নিতে হবে। ৯১ সাল একটা টার্নিং পয়েন্ট বলছি। ১০ বছরের খতিয়ান দিচ্ছি—ইঞ্জিনিয়ারিংশিল্প, পাটশিল্প, বস্ত্রশিল্প, কেমিক্যালশিল্প, ফার্টিলাইজারশিল্প, পেট্রোকেমিক্যালস, চর্মশিল্প, রাজ্যে যেসব শিল্প ছিল সেইগুলোকে রক্ষণা-বেক্ষণ করে তাদের সুস্বাস্থ্য রক্ষা করে তাদের প্রোটেকশন দেওয়া এবং নতুন বিজ্ঞান ও প্রযুক্তির সাহায্য নিয়ে আরও শিল্প গড়ে তোলার জন্য আপনারা কি করছেন ? কারণ, প্রোডাকটিভ সেন্টার থেকে সার্ভিসিং সেন্টারে যেখানে আজকে এমপ্লয়মেন্ট পোটেনসিয়ালিটি ১০০ গুণ বেড়ে গেছে তুনলামূলকভাবে, সেখানে কি করছেন ? তুলনামূলকভাবে দেখুন। আপনি আপনার বইয়েতে সুন্দরভাবে বলেছেন যে, "আমরা অনেক কিছু করতে চাই এবং অনেক কিছু করার পিছনে কি কি করতে চেয়েছি।" ১৯৯১ সাল থেকে কি কি অ্যাপ্রুভাল পেয়েছেন, অ্যাট এ গ্লান্স বইয়েতে বলছে টাকার অঙ্ক ৫৬ হাজার ৪৫৪.৮৬ কোটি। আপনার এমপ্লয়মেন্ট ৪ লক্ষ ৮৪ হাজার ২৫৬। আমি মাননীয় মন্ত্রীকে বলি—আপনি ১০ বছর সময় পেয়েছেন, এই ১০ বছরে ৫৬ হাজার কোটি টাকাকে কোথায় নিয়ে গেছেন। আপনি দেখুন হলদিয়া পেট্রোকেমিক্যালস আগামী

৫ বছরের মধ্যে নেগেটিভ নেটওয়ার্কের মধ্যে চলে গিয়েছিল—তাকে আপনারা রক্ষা করার জন্য মালিকের কাছে আত্মসমর্পণ করেছেন। আপনারা অনেক দেরি করে ফেলেছেন। আমি চাই হলদিয়া পেট্রোকেমিক্যালস গড়ে উঠুক এবং তার অভিসারী শিল্প, ডাউন স্ট্রিম শিল্প গড়ে উঠুক। বহু কারখানা বন্ধ আছে, এই বিষয়ে কোন সন্দেহ নেই। প্রতিদিনই আমরা দরবার করছি। এর কারণ হচ্ছে আপনারা যথা সময়ে শিল্পনীতি নির্ধারণ করতে পারেননি। শিল্পনীতি নির্ধারণ না করাতে আপনারা দোদুল্যমান ছিলেন এবং আপনি দেখুন অন্যান্য রাজ্যে অন্ধ্রপ্রদেশে ৭০১টা টোটাল ইনভেস্টমেন্টের জন্য টেকনিক্যাল এবং ফিনানসিয়াল অ্যাপ্রুভাল চেয়েছে। তার মধ্যে টেকনিক্যাল ১৯৭টা পেয়েছে এবং ফিনানসিয়াল ৫০৪টা পেয়েছে। আপনি হরিয়ানা, হিমাচলের তলায় চলে গিয়েছেন। আপনি কর্ণাটকের তলায় গিয়েছেন। মহারাষ্ট্র এক হাজার ৬০৭টা ফিনানসিয়াল অ্যাপ্রুভাল নিয়ে কোলাবোরেশান করে তারা তাদের কাজ শুরু এবং তারা টেকনিক্যাল অ্যাপ্রুভাল পেয়েছে ৮৮০। সেখানে তামিলনাড়ু ৪৬০টা, এটা টেকনিক্যাল অ্যাপ্রুভাল। ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট কত পেয়েছে—টেকনিক্যালে ৪৬০টা এবং ১ হাজার ১৬টা ফিনানসিয়ালে পেয়েছেন আর আপনি পেয়েছেন ১৬৫টা, আর ফিনানসিয়ালে পেয়েছেন ২৯৫টা। সপ্তম স্থানে আছে। আমরা একবারও বলেছি না you don't come to first position. But you are not on the top of the list এমপ্লয়মেন্টের আমরা প্রথম স্থানে ছিলাম। আপনি আজকে সেখানে সপ্তম স্থানে রয়েছেন। আপনি সরকারি শিল্পে দায়িত্ব নিয়েছেন। এখন সরকারি শিল্প ৬৫টা আছে। এখানে বাছাই করে ২৩টা পরিবেশন করেছেন। আগে ছিল ৬টি, এখন আর একটা বাড়িয়ে আপনি বলছেন ক্যাস প্রফিট করেছেন। তার মানে এর মধ্যে ২৩টা নেগেটিভ নেটওয়ার্কের মধ্যে আছে। আপনার পিছনের দিকে সরকারি আমলা রয়েছে, তাদের জিজ্ঞাসা করুন যে এই ২৩টা নেগেটিভ নেটওয়ার্কের মধ্যে আছে কিনা। ক্যাস প্রফিট ইজ্ নট এ প্রফিট। ক্যাস প্রফিট আপনি কটা ক্ষেত্রে দেখিয়েছেন। যেমন আপনি সরকারি ক্ষেত্র থেকে বিশেষ বিশেষ করে নজর দেওয়া হয়েছে—ধরুন ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা এসেছে হেল্‌থ প্রজেক্টে।

[3.30—3.40 p.m.]

হলদিয়া পেট্রোকেমিক্যাল আছে, তার একটা বিশেষ জায়গা দেখুন, তাদের দিয়েছেন সরকারি সমস্ত প্রিন্টিং চার্জ সরস্বতী প্রেসকে দিয়েছেন। কয়েকটা ক্ষেত্র বাদ দিলে যে কটা রাষ্ট্রীয় শিল্প রাজ্য সরকারের রয়েছে, প্রত্যেকটা নেগেটিভ নেট ওয়ার্কে চলে গেছে। জিরো ভ্যালুতে রয়েছে। আমরা কি একথা বলতে পারি না। আপনারা চেষ্টা করুন আমরা রয়েছি আপনাদের সঙ্গে। এই ডেনজার থেকে, এই রেড সিগন্যাল থেকে আপনি বেরোবার চেষ্টা করুন। বার করে নিয়ে আসার চেষ্টা করুন। এর মধ্যে যে এমপ্লয়মেন্ট রয়েছে তার কয়েকটা বলছি। ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং, স্যাকসবারি ফার্মার থেকে শুরু করে কৃষ্ণা গ্লাস থেকে গ্লুকোনেট পর্যন্ত যান সরস্বতী প্রেস থেকে শুরু করে ৬৫টা রয়েছে। তার মধ্যে ২৩টাকে বাছাই করে নিয়ে আপনি দেখুন সেখানে ৬০ হাজারেরও বেশি মানুষ কাজ করত ২৪ বছর আগে, পার্মানেন্ট এমপ্লয়মেন্ট। আজকে তার ওয়ান টেনথ রয়েছে। কোন অবস্থার মধ্যে আপনার নিয়ে এসেছেন। আজকে আপনাকে বাজারি প্রতিযোগিতায় যেতে হবে। যারা আপনার কাছে পুঁজি নিয়োগ করবে তারা আপনার কাছে কি চাইবে। আজকে আপনি কোথায় না ব্যর্থ। আপনি

হলদিয়াতে ব্যর্থ, দুর্গাপুরে ব্যর্থ, উলুবেড়িয়াতে ব্যর্থ, ফলতা এক্সপোর্ট জোন সেখানে আপনারা আপনাদের প্রতিশ্রুতি পূরণ করতে পারেননি। বললেন কি যে একটা চর্ম নগরি হবে। চর্ম নগরির জন্য আপনারা ৫ বছর সময় পেয়েছেন, কি করতে পেরেছেন এই ৫ বছরে। আমরা তো সেখানে বাধা দিইনি। এই ক্ষেত্রে রপ্তানি করে অর্থ আনা যায়। উৎপাদিত বস্তু তাকে তো রপ্তানি করতে হবে। আমদানি করার সঙ্গে সঙ্গে সমপরিমাণে রপ্তানি করতে হবে যদি না করা যায় তাহলে তো ঘাটতি হবে আর সেই ঘাটতি ভারত সরকারের ঘাড়ে চাপবে। সর্বক্ষেত্রে আপনাদের ব্যর্থতা। বন্ধ কারখানা খোলার ক্ষেত্রে একশো কোটি টাকার ধাপ্পা আপনারা দিয়েছেন। মাত্র চার কোটি টাকা আপনারা দিতে পেরেছেন বন্ধ কারখানা খোলার জন্য। এই আপনাদের কৃতিত্ব। আর সেই কৃতিত্ব আপনাদের বাজেটে রয়েছে। তাই আপনাকে সমর্থন করতে পারছি না। আর আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তরাম পান** : মাননীয় ডেপুটি স্পিকার, আমাদের রাজ্যের মাননীয় শিল্পমন্ত্রী, শিল্প পুনর্বাসন মন্ত্রী মাননীয় নিরুপম এবং খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী শ্রী শৈলেন সরকার মহাশয় যে বাজেট প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনকে বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। প্রথমে আমি আপনাদের বলতে চাই যে বাজেট প্রস্তাবের ৬ নম্বর পাতায় দ্বিতীয় প্যারাগ্রাফে তিনি সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে আমাদের সামনে মূল্যায়ন এনেছেন। ১৯৯১ সালে ভারত সরকারের গৃহীত নয়া অর্থনীতির মূল বৈশিষ্টই হল উদারীকরণ, বেসরকারিকরণ, ভূবণীকরণ। এই রাজ্যে অবস্থিত কেন্দ্রীয় বা রাজ্যস্তরের সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্প এবং বেসরকারি ক্ষেত্র নির্বিশেষে চিরাচরিত দেশিয় শিল্প ও স্বদেশি কোম্পানিগুলির ক্ষেত্রে এই নীতি বিপর্যয়কর প্রতিপন্ন হয়েছে। বিগত বহু দশক ধরে গড়ে ওঠা এই শিল্পগুলি সীমিত অর্থে হলেও দেশের সামগ্রিক শিল্প বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছিল এবং দেশের বুনিয়াদকে সুদৃঢ় করতে উল্লেখযোগ্য অবদান জুগিয়েছিল। ভারত সরকারের নীতি প্রকরণের পরিণতিতে রাজ্যে কিছু আধুনিক ও সর্বাধুনিক নতুন শিল্প তৈরি হলেও প্রত্যাশা ও সম্ভাবনার স্তরের তূল্যমূল্য বিচারে রাজ্যবাসীর হতাশা ও ক্লেশের তীব্রতা অপরিমেয়। আজকে গোটা দেশের পরিস্থিতিতে আমাদের বর্তমান যে অবস্থা সে সম্পর্কে মন্ত্রী মহাশয় খুব পরিষ্কার করে বিষয়টা তুলে ধরেছেন এবং এখানে দাঁড়িয়ে আমি এটা বলতে চাই যে গত এক দশকে গোটা দেশের যা পরিস্থিতি রিজার্ভ ব্যাঙ্কের হিসাব অনুযায়ী—এক দশকে ৫০ লক্ষ মানুষ কর্মচ্যুত হয়েছেন এই উদারনীতি চালু হওয়ার পরে। ১৯৯০-৯১ সালে যখন বার্ষিক উৎপাদন বৃদ্ধির হার ছিল ৮.৫, সেটা কমতে কমতে ১.৯ শতাংশে নেমে এসেছে। এর ফলে গোটা দেশে ভয়ঙ্কর পরিস্থিতি সৃষ্টি হয়েছে, শিল্পে মন্দা, কৃষিতে মন্দা দেখা দিয়েছে। এই একটা পরিস্থিতিতে দাঁড়িয়ে আমাদের রাজ্যই শুধু নয় প্রত্যেকটা রাজ্যই সংকটের মধ্যে পড়েছে। এর বাইরে আমরা কেউই নই। সেটা আমরা চাই, বা না চাই আমরা কেন্দ্রের এই নীতির ফলে আজকে আক্রান্ত। আমাদের দেশে শিল্পে, কৃষিতে যে সমস্ত সম্ভাবনা ছিল সেটাকে ধ্বংস করতে চাইছে। আমাদের রাজ্য এখানে ঘুরে দাঁড়াবার চেষ্টা করছে। কৃষি, শিল্প সহ সমগ্র পরিকল্পনা করে গত ২৫ বছর ধরে বামফ্রন্ট সরকার একটা নীতি নিয়ে চলার চেষ্টা করছে। ১৯৯১ সালে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে আমাদের রাজ্য শিল্পে পিছিয়ে

পড়েছিল। কংগ্রেস আমলে মাসুল সমীকরণ নীতি চালু হলো তখন রাষ্ট্রীয় পুঁজি রাজ্যে বিনিয়োগ হতো তখন সেই সুযোগ থেকেও পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে, এক দুর্গাপুর বাদে। সেই জন্য আমাদের রাজ্য ১৯৯৪ সাল থেকে বামফ্রন্ট সরকার একটা নীতির উপর দাঁড়িয়ে শিল্প বিকাশের চেষ্টা করে যাচ্ছে। গত ৫, ৬ বছরের মধ্যে আমাদের রাজ্যে সামগ্রিক অগ্রগতি ঘটাতে সক্ষম হয়েছি। যদিও আমরা জানি আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকারের সমস্ত কারখানাই বন্ধ, যেমন ব্রেথওয়েট, বার্ন স্ট্যান্ডার্ড, জেশপ, এম এম সি. টায়ার কর্পোরেশন ইত্যাদি সমস্ত সংস্থাই বন্ধ হয়ে গেছে। এ সবই কেন্দ্রীয় সরকারের সংস্থা। বিলগ্নিকরণ করার জন্য কেন্দ্রীয় সরকার একটা দপ্তরই খুলেছে কারখানা তুলে দেওয়ার জন্য। আমরা এখানে শিল্প পুনরুজ্জীবিত করার জন্য দপ্তর করেছি। আমরা এখানে একটাও কারখানা বন্ধ করিনি। এগুলিকে লাভজনক করে তোলার একটা উদ্যোগ নিয়েছি। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি যে এই সময়ের মধ্যে আমাদের রাজ্যে অনেকগুলি শিল্প গড়ে উঠেছে, হাজার হাজার কোটি টাকা বিনিয়োগ হচ্ছে। আগে বিধানসভাতে শুনতাম পরিকাঠামো নেই, রাস্তা নেই ইত্যাদি নিয়ে বিতর্ক হতো। গত ৪-৫ বছরের মধ্যে আমরা এই পরিকাঠামো উন্নত করতে পেরেছি। আমরা রাস্তার ক্ষেত্রে, বিদ্যুতের ক্ষেত্রে উন্নতি করতে পেরেছি। আমাদের রাজ্যে শিল্প বিকাশের একটা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমাদের রাজ্যে কিভাবে মাঝারি শিল্প, ভারি শিল্প এবং তার সঙ্গে সঙ্গে কুটির শিল্পের বিকাশ ঘটানো যায় তার চেষ্টা চলছে। রাজ্যে যে শিল্পগুলি রুগ্ন শিল্প সেগুলিকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে সামগ্রিক পরিকল্পনা কার্যকরি করেছি। তবে আমরা বলছি না যে আমরা সব সমস্যার সমাধান করতে পেরেছি, বা মাননীয় মন্ত্রী তার বাজেট বক্তৃতায় কোথাও বলেননি যে আমরা সব সমস্যার সমাধান করতে পেরেছি। তবে এটা কোন ব্যক্তির সমস্যা বা রাজ্যের সমস্যা নয় এটা গোটা দেশের সমস্যা। আমরা যে কাজ করছি তার একটা মূল্যায়ন হবে, যে যে ক্ষেত্রে আমরা কাজ করছি বা অগ্রগতি ঘটাচ্ছি তার জন্যই শিল্পপতিরা আমাদের রাজ্যে শিল্প করতে এগিয়ে আসছেন। তারা আমাদের রাজ্যে বিনিয়োগ করতে এগিয়ে আসছেন। আমরা একটা নতুন পরিকাঠামো গড়ে তুলতে চাইছি। একটা নতুন পরিবেশ গড়ে তুলতে চাইছি। আমরা এটাকে আরও ভালোভাবে করতে গিয়ে এতে কোথাও কোথাও দুর্বলতা থাকতে পারে এবং সেটাকে কিভাবে অতিক্রম করতে পারি তার জন্য আমাদের কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমার ডানকুনি এলাকায় কেন্দ্রীয় সরকারের কোলকমপ্লেক্সকে কেন্দ্র করে শিল্প গড়ে উঠেছে সেখানে ১১৭ কোটি টাকার প্রকল্প ৩০০ কোটি টাকা লোকসানে চলছে।

[3.40—3.50 p.m.]

যে কোন সময় সেটা বন্ধ হয়ে যাবে। দুর্গাপুর এক্সপ্রেসওয়ের পরে দু'পাশে যে শিল্প কারখানার জায়গা ছিল ন্যাশনাল হাইওয়ে অথরিটি সেইসব জায়গা নিয়ে নেবার পর নতুনভাবে সেখানে ফোর লেন রাস্তা হচ্ছে এবং সার্ভিস ট্যাক্স নিচ্ছে। ওখানে যে ৬৯টা কোম্পানির কাছ থেকে টোল ট্যাক্স নেবে তার জন্য এন এইচ এ-কে ধরা দরকার। আমার এলাকাতে যে শিল্পগুলো আছে তা সব দুর্গাপুর এক্সপ্রেসওয়ের গায়ে। সেখানে যাতে এন এইচ এ সার্ভিস রুট পুনর্নির্মাণ করে সেটা দেখা দরকার। যাই হোক, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেটের মাধ্যমে শিল্প বিকাশের যে উদ্যোগ নিয়েছেন তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**श्री अर्जुन सिंह :** माननीय उपाध्यक्ष महोदय, आपके माध्यम से माननीय मंत्री निरुपम सेन इस हाउस में कॉमर्श एण्ड इण्डस्ट्रीज डिपार्टमेन्ट का बजट पेश किस हैं मै इसका विरोधिता करते हुए और विरोधी दल द्वारा लाए गए था तमाम कट-मोशान का समर्थन करते हुए, मै आपके माध्यम से कुछ कहना चाहता हुं। बामफ्रन्ट के २६ वर्ष के शासन में कॉमर्श और इण्डस्ट्री की जो दुर्दशा हुई है, इसकी मिसाल सारे भारतवर्ष में मिलना मुश्किल है। जो पश्चिम बंगाल कभी भारत वर्ष में अग्रणी हुआ करता था इण्डस्ट्री के मामले में, आज हमारी स्थिति क्या है। सिर्फ लोगों को सब्जबाग दिखाने से कोई फायदा नही होगा। आपका बजट झुठ का पुलिन्दा है, इस झुठ का इतिहास क्या होगा।

हमारे माननीय मन्त्री ने कहा है कि जनवरी २००१ से ३१ दिसम्बर २००१ तक ८६ प्रोजेक्ट में २१९४ करोड़ रूपया इम्पलीमेन्टेड हुआ है स्टेट में। और स्टेट का यह हाइयेस्ट एचीभमेन्ट हुआ है। तो क्या बात ऐसा है कि पिछले २६ वर्ष से जो पूर्व माननीय मंत्री थे वो कुछ नही करते थी। क्या यह मानकर चलू कि २६ वर्ष बाद माननीय मंत्री एक ऐसे आए है वामफ्रन्ट सरकार में जो इण्डस्ट्री के बारे मे सोच रहा है। सर, मे हल्दिया पेट्रोकेमिकल के बारे मे कहना चाहता हू, जिसकी काफी पब्लिसीटी हुआ था, काफी पब्लिकेशान हुआ था कॉमार्श एण्ड इण्डिस्ट्री डिपार्टमेन्ट का बहुत बड़ा एचीभमेन्ट बताया गया था। लोगो को सब्जबाग दिखाया गया था। आज यदि इस इण्डस्ट्री की बात सीधे और साफ भाषा में रखा जाय तो यही अर्थ निकलता है कि पश्चिम बंगाल सरकार और इस इण्डस्ट्री ने ने अरबो रूपया बिना सोचे-समझे श्रृण लेकर इसे पूरा किया ओर आज की स्थिति यह है कि श्रृण का ब्याज देने की कमाई भी यह कम्पनी नही कर पा रही है। सपनो के यह प्रोजेक्ट का यह हाल है कि चटर्जी सारे भारत में एक सहयोगी खोज रहे है जो पूजी लगाकर उन्हे उबार सके। पर उन्हे अब तक एसा कोई मिला नही है।

माननीय मंत्री, सिक इण्डस्ट्री के बारे में बड़ी-बड़ी बाते कर रहे है। आज सारे भारतवर्ष में सर्वाधिक सिक इण्डस्ट्री पश्चिम बंगाल में है और इनकी संख्या कम होने की जगह दिनप्रलिदिन बढ़ती जा रही है। सर, जो सरकार खुद अपने १२ कारखाने बेचने को तर्त्पर है, वह दुसरे सिक इण्डस्ट्री के बारे म कोई कदम उठाएगी यह सोचने बाली बात है। यह बामपन्थी सरकार की तस्वीर है। मे माननीय मंत्री से आहवान करता हु, जेसे भी हो कानुन बनाकर या अन्य उपाय कर सिक इण्डस्ट्री को बचाए। आज लाखों कर्मचारी बेकार है और लाखों बेकार होने के कगार पर है और आपका डिपार्टमेन्ट कान मे तेल डालकर सो रहा है। सभी जगह अभी कन्ट्रक्ट प्रथा चालु कर रही है यह सरकार। सभी स्कुल मे, अस्पतालों में, कालेजो में, कल-कारखानों मे इस सरकार ने ठेका प्रथा चालु किया है। अब शिक्षक से लेकर पौर सभा के कर्मचारी तक कन्ट्रक्ट प्रथा के तहत काम करेगें। पूरी व्यवस्था को ही ठीका प्रथा में बदल दिया गया है। एक्साइड वेटरी मे कुछ दिन पूर्व समझोता हुआ था। एक्साइड वेटरी इम्प्रुभमेन्ट ने समझोते की उपेक्षा कर ६० प्रतिशत काम ठेका पर करवा रही है। सरे, मे क्लाजर मिल एण्ड फेक्ट्री के सम्बन्ध मे कहना चाहता है। पश्चिम बंगाल में हजारों कारखानें बन्द पड़ है। हमारे माननीय मंत्री निरूपम सेन ने शपथलेने के बाद कल-कारखाने खुलवाने का वादा किया था पर कीई नतीजा नही निक्ला। हमारे बैरकपुर शिल्पांचल में ही ५२ कारखाने बन्द पड़े है। अगरपाड़ा जुट मि, ए इएमको इन्जीनियरिंग, बुलकॉम्बरस, नदिया जुट

आदि कारखाने बन्द पड़े है। इस विधान सभा चुनाव के अवसर पर हमारे अर्थ मंत्री ओर एक अन्य मंत्री ने धुमधाम से श्यामनगर स्थित अन्नपुर्णा कॉटन मिल और डनवर कॉटन मिल को चालु करवाया, सभाए हुई, बैण्ड बाजा बजाए गए, मिठाई बाटे गए पर मिल आज भी ज्यो की त्यो बन्द पड़ी है। सिर्फ लोगों को वेवकूफ बनाया जाता है। माननीय मंत्री महोदय, क्या आपके पास रॉमेटेरियल की कमी है। सेकेन्ड वर्ल्ड वार के समय जो जुट मिल बंगाल की अर्थ व्यवस्था की रीढ़ थी वह जुट मिल आज एक-एक कर बन्द हो रही है। सरकार को जुट इण्डस्ट्री की ओर विशेष ध्यान देने की जरुरत है।

माननीय डिपुटी स्पीकर सर, अभी हाल में एक घटना निक्को कॉरपोरेशान के केबल डिभिजन मे घटी जो कि पश्चिम बंगाल के बामफ्रन्ट सरकार के लिए एक क्लंक है। सर, माननीय मुख्य मंत्री ९ अक्टबर २००१ को निक्को के केबल डिभिजन में जाकर एक हाई स्पीड पॉलीमर प्रोसेसिंग प्लान्ट का उद्घाटन कर के जाते है और ठीक दो महीने बाद जनवरी २००२ से मजदुरों के वेतन में डी०ए० और वेशिक से १० प्रतिशत काटना शुरु है बिना किसी युनियन से आलोचना के। सर, जब वहाँ मजदुर आन्दोलन करने लगे और पेयमेन्ट का वायकाट किए जो पुलिसिया जुल्म हुआ और ८० मजदरों को जेल जाना पड़ा। ये झमेला चल रहा था कि फिर मुख्य मंत्री ८ मई को जाकर एक दुसरे प्लान्ट का जिसका नाम है एलेक्ट्रोवेन प्रेजेक्ट का उद्घाटन करके आये है। इस निक्को कम्पनी में ४० करोड़ रुपया खर्च करके अभी तक दोनों प्लान्टों में १० से १५ श्रमिक काम कर रहे है वो भी ठेकादार श्रमिक। जबकि इस प्लान्ट के तैयार होने से वही पर परमानेन्ट वर्कर बेकार हो गये है। और सुनने मे आ रहा है कि कम्पनी भी०आर०एस० देने जा रही है, जबकि इसी कम्पनी मे ९८ दिसम्बर में भी०आर०एस० हो चुका है और १२० लोगों को बहुत कम पैसा देकर निकाला गया।

मंत्री महोदय, आप उधोगिकरण की बात करते है जबकि पश्चिम बंगाल की जुट इण्डस्ट्री आज खत्म होने के कगार पर जा रही है। इसके पहले भी इस तरह की साजिश किया गया था लेकिन हमारी नेत्री ने इसमें हस्तक्षेप कर खत्म करवाया लेकिन आप फिर प्लास्टिक को इसमें इण्ट्री दे रहे है जिसमे पूरी जुट इण्डस्ट्री तबाह हो जाएगी। आप नर जुट मिल लगाने की बात करते है लेकिन जो जुट मिल बन्द हो गया है वो जुट मिल क्यो नहीं खुल रहा है। आज आप पूरी औधोगिक व्यवस्था को कन्ट्रक्ट मे तब्दील कर रहे है।

सर, इन्ही सब कारणों से कॉमर्स एण्ड इण्डस्ट्री डिपार्टमेन्ट का जो बजट माननीय मंत्री पेश किए है, उसका समर्थन नही कर पा रहा हुं, विरोधी दल द्वारा लाए गए समस्त कट-मोशान का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त करता हुं।

[3.50—4.00 p.m.]

**শ্রী সমর রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিল্প ও বাণিজ্য দপ্তর তার যে ব্যয়-মঞ্জুরি পেশ করেছেন এবং ফুড প্র'সসিং ও হার্টিকালচার দপ্তর তার যে দাবিসনদ পেশ করেছেন তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধীপক্ষের আনা ছাঁটাই প্রস্তাবের পরিপূর্ণ বিরোধিতা করছি। আজকে একথা বলার অপেক্ষা রাখে না যে ফ্রেট ইক্যুইলাইজেশন পলিসি এবং লাইসেন্স প্রথা রিমুভ করার ফলে পশ্চিমবঙ্গে শিল্প বিকাশ

অবশ্যম্ভাবী, একে ঠেকানো যাবে না, এর অগ্রগতি অব্যাহত থাকবে। এই শিল্পায়নের উপর অনেক আলোচনা হয়েছে। আমি মূলত আমার আলোচনাটা হর্টিকালচার ও ফুড প্রসেসিং দপ্তরের উপর সীমাবদ্ধ রাখবো। আপনি জানেন, ম্যাকিন্সে তার অনুসন্ধান রিপোর্টে বলেছে, আজকে খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর একটা ট্রাসটেড এলাকা। সেই এলাকায় প্রায় ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করা সম্ভব এবং এর মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের বিকাশ, পশ্চিমবঙ্গের শিল্পায়ন, পশ্চিমবঙ্গের কর্মসংস্থান ব্যাপকভাবে বৃদ্ধি ঘটবে—এ বিষয়ে কোন সন্দেহ নেই। সেই কারণে এই দপ্তরের গুরুত্ব অনেক যেটা পশ্চিমবাংলার সামনে বিশালভাবে দেখা দিয়েছে। বামফ্রন্ট সরকার গতবারে এই দপ্তরের বিভাজন করে আলাদা দপ্তর করেছে। যার ফলে এই বিকাশের ক্ষেত্রটায় একটা নতুন মাত্রা যুক্ত হয়েছে। এখন সরকার এবং আমাদের বিবেচনা করতে হবে এই দপ্তরের যে ইনফ্রাস্ট্রাকচার সেই ইনফ্রাস্ট্রাকচারের পরিবর্তন ঘটানো এবং তার সঙ্গে সঙ্গে আমাদের গোটা রাজ্যে যে এগ্রি ফার্মগুলি আছে সেই ফার্মগুলির বিভাজন করে এগ্রিকালচার এবং হর্টিকালচারের মধ্যে সুষ্ঠু বন্টন করে এর বিকাশ ঘটাতে হবে। কারণ বামফ্রন্ট সরকারের নীতি হল বাগিচা ফসল-এর উৎপাদন প্রসারিত করা, বাগিচা ফসলের বাণিজ্যিকীকরণ করা এবং কৃষি-ভিত্তিক শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা। এই রাজ্যে টোটাল কৃষি এলাকার ৮ থেকে ১০ ভাগ হচ্ছে বাগিচা ফসল উৎপন্ন হয়। এগ্রিকালচার ফিনান্স ডেভেলপমেন্ট করপোরেশন সমীক্ষা করে বলেছে, ৯ লক্ষ হেক্টর জমিতে বাগিচা ফসল উৎপাদিত হয়। আমি যেকথা বলতে চাই, সেই সময়কালের মধ্যে দেখা যাচ্ছে, বিভিন্ন সংকর জাতীয় আমের চারা, নারকেলের চারা, সবজি বীজ, মিনিকিট চাষীদের মধ্যে বিতরণ করে রাজ্য সরকার একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছে। যার ফল শীঘ্রই পেতে পারবো। আমাদের পশ্চিমবঙ্গের আমের উৎপাদন সাড়ে ৪ থেকে ৫ লক্ষ মেট্রিক টন প্রতি বছর হচ্ছে। কিন্তু আমাদের আমের যে প্রজাতি, চিরাচরিত যে প্রজাতির আম হয় তা বিশ্বের বাজারে প্রেরণ করার যে ইনফ্রাস্ট্রাকচার, যে বিজ্ঞান সেই বিজ্ঞানের এখনো সেইভাবে উন্নতি ঘটেনি। তা সত্ত্বেও দেখা যাচ্ছে, আমাদের এখানে আম্রপালী, মল্লিকা, নিলম এবং আলফ্রানসো প্রভৃতি উন্নত ফলনশীল আমের চাষ শুরু হয়েছে। আমাদের মালদা জেলায় দেখতে পাচ্ছি, এই দপ্তরের মাধ্যমে ৭ হেক্টর জমিকে (মালদা এবং মুর্শিদাবাদ মিলিয়ে) লিচুর জমি এবং ২৭ হেক্টর জমিকে আমের জমি হিসাবে আমরা চিহ্নিতকরণ করেছি এবং ১ বছরে গ্রাস রুট লেভেলের চাষীদের শিক্ষিত করেছি যাতে আমের ফলনের ইউনিফরমিটি, তার কালার, তার স্বাদের পরিবর্তন করে বিশ্বের বাজারে প্রেরণ করা যায় কিনা তা দেখা হচ্ছে। আমি শুনলাম, ফ্রান্স এবং নেদারল্যান্ডের বিশেষজ্ঞরা মালদা এবং মুর্শিদাবাদে গিয়েছিলেন। তারা মাঠে গিয়ে সমীক্ষা করে বলেছেন, এই এলাকায় দারুণ বাজার আছে। চাষীদের যদি সেইভাবে শিক্ষিত করা যায় তাহলে এখানকার আম এবং লিচু বিশ্বের বাজারে যেতে পারবে। ওনারা একথাও বলেছিলেন, ইউরোপের বাজারে লিচু আড়াই ডলার পার কে জি। মালদা এবং মুর্শিদাবাদে এগ্রি এক্সপোর্ট জোনের সম্ভাবনা তৈরি করার পর সেখান থেকে ১০/১২ মেট্রিক টন লিচু ইংল্যান্ড, মিড্‌ল ইস্ট এবং নেদারল্যান্ডে গেছে। যার ফলে মুর্শিদাবাদ এবং মালদা জেলার মানুষের মধ্যে উন্মাদনা দেখা যাচ্ছে। আগামী বছর লিচু রপ্তানি করে বিপুল পরিমাণে বিদেশি টাকা আমাদের জেলা তথা আমাদের রাজ্যে যে আসবে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

দ্বিতীয়ত, আমাদের জেলাতে এবং মুর্শিদাবাদ জেলাতে লক্ষ্মণভোগ, হিমসাগর, ল্যাংড়া, ফজলি এই ৪টি আমকে চিহ্নিতকরণ করা হয়েছে এবং এই দপ্তরের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা হয়েছে যে মালদহ জেলাকে ম্যাংগো এক্সপোর্ট জোন হিসাবে ঘোষণা করা হোক। আমাদের জেলাতে প্রচুর পরিমাণে আম উৎপাদন হয়, সেই আম যদি আমরা এইভাবে বিদেশের বাজারে আগামী বছর থেকে রপ্তানি করতে পারি তাহলে তার মাধ্যমে আমাদের রাজ্যে অনেক বৈদেশিক মুদ্রা আসবে এবং তা দিয়ে বিভিন্ন দিক থেকে রাজ্যের বিকাশ ঘটবে। স্যার, এই দপ্তর সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে ফুড পার্ক করা হবে। সেই ফুড পার্ক যদি গঠিত হয় তাহলে সেখানে এক গুচ্ছ শিল্প আসবে এবং অনেক লোকের তাতে কর্মসংস্থান হবে। তারপর এ রাজ্য থেকে মিষ্টান্নকে প্রক্রিয়াকরণ করে বিদেশের বাজারে পাঠাতে পারলে তার থেকে অনেক বৈদিশিক মুদ্রা আমাদের রাজ্যে আসতে পারে। এই মিষ্টান্ন প্রক্রিয়াকরণ শিল্পের অনেক মূল্য আছে, একে কাজে লাগানো দরকার। এতদিন আমরা এই ক্ষেত্রটির দিকে সেই ভাবে নজর দিতে পারিনি। এখন ঠিকমতন প্যাকেজিং করে মিষ্টান্ন যদি বিদেশের বাজারে আমরা পাঠাতে পারি তাহলে বিদেশে এর একটা ভাল বাজার আমরা পেতে পারি। এ ক্ষেত্রে এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। স্যার, আমরা জানি এই সময়কালের মধ্যে মালদহ, শিলিগুড়ি, হলদিয়াতে ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিয়াল এস্ট্রেট বা পার্কের ব্যাপারে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তারপর ২৪ পরগানাতে ম্যাংগো এবং লিচুর জন্য এক্সপোর্ট জোন করার কথা বলা হয়েছে। মল্লিকঘাটে ফ্লাওয়ার মার্কেট করার কথা ঘোষণা করা হয়েছে। তমলুক পানের মার্কেট করার কথা ঘোষণা করা হয়েছে। এই সময় কালের মধ্যে এম এম জি ও ইটালিয়ান কোলাবোরেশানে পাইন অ্যাপেল এক্সপোর্ট জোন করার কাজ শুরু হয়েছে। এর ফলে এখানে একটা বিশাল উন্নতি ঘটবে এবং বহু মানুষের কাজের সংস্থান হবে। তাতে অর্থনৈতিক দিক থেকে এ রাজ্যের অগ্রগতি ঘটবে। আমরা খবর পেলাম যে ১৮.৬ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে বর্ধমান, হুগলি এবং মেদিনীপুরকে নিয়ে পটেটো এক্সপোর্ট জোন করার ব্যাপারে চুক্তি হতে যাচ্ছে। তার কাজ শীঘ্রই শুরু হবে এবং তা হলে অর্থনৈতিক দিক থেকে এবং কর্মসংস্থানের দিক থেকে রাজ্যের প্রভূত উপকার হবে। তারপর বর্ধমানে রাইসব্যান অয়েলের মর্ডানাইজেসানের মধ্যে দিয়ে এখানে কাজের ক্ষেত্রে একটা উন্নতর দিকে আমরা যেতে পারছি। এতেও এ রাজ্যে অনেক বৈদেশিক মুদ্রা আসবে। শুধু বৈদেশিক মুদ্রা আসবে তাই নয়, এর ফলে নতুন নতুন ইন্ডাস্ট্রি গড়ে উঠবে এবং বহু মানুষের তাতে কর্মসংস্থান হবে। তাতে রাজ্যের বিকাশ ঘটবে। এটা ঠেকানো যাবে না যতই বিরোধীদল চেষ্টা করুন না কেন। বিরোধীদের বলি, আপনাদের মূল শুকিয়ে যাচ্ছে, আপনাদের মূলে রস নেই, আপনারা এতে বাধা দিতে পারবেন না। আপনারা জেনে রাখুন পশ্চিমবাংলার বিকাশ ঘটবেই। এই কথা পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী দীপকচন্দ্র সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য প্রক্রিয়াকরণ এবং উদ্যান উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় শ্রী শৈলেন সরকার যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা জানি, আমাদের বামফ্রন্ট সরকার রাজ্যের মানুষের বহুবিধ উন্নয়নের স্বার্থে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। এই খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরের জন্য ২৭ কোটি

৪৯ লক্ষ ৯২ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে, এটা আমি সমর্থন করছি। স্যার, রাজ্যের অর্থনৈতিক বিকাশ ও কর্মসংস্থানের জন্য ইতিমধ্যেই এই দপ্তর উদ্যানজাত ফসলকে ভিত্তি করে শিল্প স্থাপনের বিষয়ে গুরুত্ব দিয়েছেন। এটা খুবই সমর্থনযোগ্য।

[4.00—4.10 p.m.]

এই বিষয়ে বিরোধিতা করার কোন কারণ আছে বলে আমি মনে করি না। বিগত ১ দশকে ফুলের চাষ এলাকা ৩ গুণ বৃদ্ধি পেয়েছে। এটা এর আগে কোন সরকার করে দেখাতে পারেনি। ১ দশকে ৩ গুণ ফুল চাষের ৩ গুণ এলাকা বৃদ্ধি পেয়েছে ! পশ্চিমবাংলার বিভিন্ন সাফল্যের এটা একটা নতুন সাফল্যের দিগন্ত উন্মোচন করবে। এর মধ্যে ৪৫ হাজার পরিবার জড়িত, তাদের কর্মসংস্থান রুজিরোজগারের জোগাড় সরকার করে দিয়েছে। এটা সমর্থনযোগ্য বিষয়। ১১,৩০০ একর জমিতে ৬৪,৯৫০ মেট্রিক টন ফুল উৎপাদন হয় এবং ফুল সংক্রান্ত পরিষেবার কাজ হয় এবং এতে গড় ব্যবসা হয় ৭৯ কোটি টাকা। এতে বিরোধিতা করার কি আছে বিরোধী বন্ধুদের ? আমি বিরোধিতার কোন কারণ খুঁজে পাচ্ছি না। এটা ভাববার এবং সমর্থন করার বিষয়। এই ব্যাপারে সমস্ত বিভেদ ভুলে এই ব্যাপারে সমর্থন করার আবেদন রাখছি। ফলে ক্ষেত্রে অতিরিক্ত চাষের এলাকার লক্ষ্যমাত্রা ২২৪০ হেক্টর করা হয়েছে, তাতে শ্রমদিবস সৃষ্টি হবে ১৯.১৫ লক্ষ এবং উৎপাদন বাড়বে ২.৮০ মেট্রিক টন। এটা কি কম কথা ? এই দপ্তরের জন্য যে বাজেট বরাদ্দ রাখা হয়েছে তা দিয়ে এটা সম্ভব হবে। তার ফলে ফল উৎপাদনের ক্ষেত্রে আমাদের রাজ্যে একটা নতুন দিগন্ত আসবে বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন ৫ লক্ষ মানুষ পান চাষের সঙ্গে যুক্ত, ৫ লক্ষ মানুষ পান চাষের উপর নির্ভরশীল। এই পান চাষীদের যে মোট উৎপাদন হয় সেটা নিরসন করবার জন্য পশ্চিমবাংলায় গুরুত্বপূর্ণ পরিকাঠামো তৈরি করেছে। ১৮,৬০০ হেক্টর জমিতে গড়ে ১০৬ লক্ষ বান্ডিল পান উৎপাদন হয়। এটা কি কম সাফল্যের বিষয় ? এই বিষয়টা সমর্থনযোগ্য। নবম পরিকল্পনার শেষে বীজের প্রয়োজন হবে ৩৫০০ কুইন্টাল এক বৎসরে। সেই বীজ উৎপাদনে হার্টিকালচার যে পরিকল্পনা গ্রহণ করেছে, নানা ক্ষেত্রে বীজ উৎপাদনের যে বহুমুখী পরিকল্পনা নিয়েছে সেটা সমর্থনযোগ্য। ইতিমধ্যে আমরা দেখেছি এই দপ্তর এগ্রি এক্সপোর্ট জোন তৈরি করেছে, ৩টি এক্সপোর্ট জোন ইতিমধ্যে তৈরি হয়েছে। আনারসের জন্য শিলিগুড়িতে তৈরি হয়েছে। জলপাইগুড়ি, দার্জিলিং এবং কোচবিহারে ব্যাপকভাবে আনারস চাষ হচ্ছে, নতুন করে আনারসের বিরাট সম্ভাবনা দেখা দিয়েছে। আগে সিংগাপুর থেকে আনারস আসতো, বর্তমান সরকারের কর্মকান্ডের ফলে সিংগাপুর থেকে আনারস আসা বন্ধ হয়ে গিয়েছে। শিলিগুড়ি, জলপাইগুড়ি এবং কুচবিহারে উন্নত মানের আনারস তৈরি হচ্ছে। তার জন্য সরকারকে পরিকল্পনা করতে হচ্ছে, সেই জন্য জোন ভাগ করে এগ্রি এক্সপোর্ট জোন তৈরি করতে হয়েছে। আম এবং লিচুর জন্য মালদাতে এবং শাক-সব্জির জন্য নদিয়াতে এক্সপোর্ট জোন তৈরি হয়েছে। আমি বিরোধী বন্ধুদের বারে বারে জানাচ্ছি, শুধু অন্ধ বিরোধিতা করে যাবেন না, এই ব্যাপারে বিরোধিতা করার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আমাদের বীজ লাগে ৪০০ মেট্রিক টন, একটা সময় ঘাটতি ছিল, এখন কাছাকাছি পৌঁছানোর জন্য সরকার চেষ্টা করছে। আশা করি এই লক্ষ্যমাত্রা আমরা ছাড়িয়ে যাবো। এটা নিশ্চয়ই একটা সাফল্য নির্দেশ করে। এই অবস্থার

মধ্যে খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর যে পরিকল্পনা গ্রহণ করেছে, সরকার ইতিমধ্যে যে সিদ্ধান্ত গ্রহণ করেছে কাজ করার, যে কর্মযোগ্য শুরু হয়েছে, আগামী দিনে তার সাফল্য আসবে বলে আমি মনে করি। উৎপাদন বিকাশের ফলে ২০০২-২০০৩ সালে সবজি চাষের এলাকা বৃদ্ধির সম্ভাবনা ৮০০০ হেক্টর। এই বছর ৮ হাজার হেক্টর জমিতে ভাল সবজি চাষের যে পরিকল্পনা নিয়েছেন সরকার সেটাকে কেন বিরোধিতা করছেন ?

আমরা তাকে নিশ্চয়ই সমর্থন করতে পারি। উত্তরবঙ্গে আমাদের ওখানে আনারস হচ্ছে। কোচবিহারের হলদিবাড়িতে টমেটো হচ্ছে। সেখানে টমেটো চাষে মদত দেওয়া হচ্ছে। আলু থেকে পটেটো চিপস্ হতে পারে। ধানের তুষ থেকে তেল হতে পারে। কাজেই এই বরাদ্দকে সমর্থনের জন্য আমি বিরোধী পক্ষকে অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিল্প ও বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী নিরুপম সেন যে বাজেট ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি এর বিরোধিতা করছি এবং আমাদের বিরোধীদের আনা কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, আমি এর বিরোধিতা করছি এই কারণে নয় যে, বিরোধী দলের সদস্য হিসাবে বিরোধিতা করতে হবে সেজন্য। মাননীয় মন্ত্রী মহাশয় নিজে যে স্টেটমেন্টটা রেখেছেন, আপনি নিজেই বলেছেন এক পাতাতে '........কোনও রাজ্য সরকারের পক্ষে শিল্পোন্নতির জন্য কোন সুষ্ঠু শিল্পনীতি প্রনয়ণ ও বাস্তবায়ন অত্যন্ত কঠিন কাজ।.......' আপনি একটু ঘুরিয়ে বলেছেন, আপনার প্রকৃতপক্ষে কোনও শিল্পনীতি নেই। আমি সে কথায় পরবর্তীকালে আসছি যে কেমন করে আমাদের রাজ্যকে পেছিয়ে দিয়েছেন। আপনার প্রাকটিক্যাল আইডিয়ার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আপনি মার্কসবাদের মোড়ক থেকে বার করে এনে রূঢ় বাস্তবের সঙ্গে খাপ খাওয়াবার চেষ্টা করেছেন। তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু বিগত দিনগুলিতে এই রাজ্যকে শিল্পের দিক থেকে যেভাবে পেছিয়ে দিলেন তার জন্য ধন্যবাদ পাবেন না। আপনি পরবর্তীকালে বলেছেন— '.....ভারত সরকারের নীতি প্রকরণের পরিণতিতে রাজ্যে আধুনিক ও সর্বাধুনিক নতুন শিল্প তৈরি হলেও প্রত্যাশা ও সম্ভাবনার স্তরের তুল্যমূল্য বিচারে রাজ্যবাসীর হতাশা ও ক্লেশের তীব্রতা অপরিমেয়।......' অর্থাৎ আপনি এটা বলেছেন ২৫ বছর পরে যে, এই রাজ্যের মানুষের তীব্র হতাশা, তীব্র ক্লেশ যার থেকে রাজ্যবাসীকে মুক্ত করতে পারেননি। এই কথা আমি বললে বলা হত, এই কথা বিরোধী দলের কথা। কিন্তু আপনি নিজেই স্বীকার করে নিয়েছেন। এই জায়গায় এসে দাঁড়িয়েছে আমাদের রাজ্য। বলছেন, লাভজনক সংস্থাকে রাখলাম। কিছু সংস্থাকে বিক্রি করবেন। কিছু সংস্থাকে প্রাইভেটাইজ করবেন। এই যে কথাগুলো বলছেন এগুলো মনমোহন সিং বলেছিলেন। সেই কথার ওপরে দাঁড়িয়ে আপনারা ধর্মঘট করেছেন। গত ১৬ তারিখে ধর্মঘট হয়েছিল। সেই একইভাবে তো আপনাদের বিরুদ্ধেও ধর্মঘট করতে হয়। ভারতবর্ষে আর কোনও রাজ্য যা করেনি, কেন্দ্রীয় সরকার করার আগে আপনারা বিভিন্ন ব্যবসায়ী সংস্থাকে বিক্রি করেছেন। আপনারা ১৯৮০ সালে বিক্রি করেছেন ওয়েস্ট বেঙ্গল স্কুটারকে। কোনও রাজ্যে যখন বিলগ্নিকরণ শুরু হয়নি তখন থেকেই আমাদের রাজ্যে এটা শুরু হয়ে গেছে। ওয়েবল টেলিম্যাক্স, ওয়েবেল ইলেকট্রনিক্স

সিরামিক্স, ওয়েবল নিক্কো, ওয়েবল ভিডিও, এটি ফিলিপস্‌কে দিয়েছেন। ভারত জুট প্রসেস, বি সি জে এম এইসব দিয়ে দিয়েছেন। আপনারা হৈ-হল্লা করছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে শুধুমাত্র রাজনীতি করবার জন্য।

[4.10 p.m—4.20 p.m.]

ভারতবর্ষ কেন সমস্ত রাজ্যে যখন শুরু হয়নি তার অনেক আগে থেকেই এই রাজ্য সরকার শুরু করে দিয়েছেন। এই যে পিয়ারলেস হোটেল রয়েছে, এই হোটেল কতদিন আগে পিয়ারলেসকে দিয়ে দেওয়া হয়েছে। ন্যাচারালি বাংলার মানুষের কাছে একটা ভোটের রাজনীতি করতে গিয়ে বাস্তব অবস্থার থেকে সরে গিয়ে প্রতিটি মানুষকে ভুল পথে পরিচালিত করছেন। অনেকদিন আগেই কসবা গ্যাস টারবাইন সি ই এস সি নিয়ে নিয়েছে এবং ভারত ইলেকট্রিক্যাল এটাও বিক্রি করে দিয়েছেন। সুতরাং অনেকদিন আগে থেকেই আপনারা এই পদ্ধতির মধ্যে দিয়ে চলেছেন। ১৯৮০ সাল থেকে এই রাজ্যের শিল্পগুলো বিক্রি করে দিয়েছেন। আপনারা এই বাজেটে গত বছরে যে টাকা পরিকল্পনা খাতে রেখেছিলেন তাতে একটা ইনটেনশান, প্রজেকশান এবং আফটার এফেক্ট ২০০১-২০০২-এর বাজেটের ব্যয়-বরাদ্দে দেখা গেছিল। কিন্তু ত্রয়োদশ বিধানসভার বাজেটে কি দেখা যাচ্ছে আপনার পরিকল্পনা খাতে একশো কোটি টাকার মত কম খরচ করছেন। আজকে শিল্পের অবস্থা অত্যন্ত শোচনীয় বলে এই হাল হয়েছে। আজকে হলদিয়ায় পেট্রোকেমিক্যালস এবং মিৎসুবিসি একটা মর্যাদার প্রতীক হয়ে বসে আছে। আজকে যদি হলসিয়া পেট্রোকেমিক্যালস সত্যি আপনাদের মর্যাদার প্রতীক হয়ে বসে থাকে তাহলে টাটার সঙ্গে বসছেন কেন, চ্যাটার্জী সোরসের সঙ্গেই বা বসছেন কেন এবং কেনই বা কেন্দ্রীয় সরকারের সংস্থার কাছে হামাগুড়ি দিয়ে হাত বাড়াচ্ছেন। তাহলে কি করে হলদিয়া পেট্রোকেমিক্যালসকে মর্যাদার প্রতীক হল এর জন্য তো আপনারা অনেক টাকা খরচ করেছিলেন। আপনার ২০০০-২০০১ সালের এই বাবদ বাজেট বরাদ্দের দাবিতে ২৪.৩০ লক্ষ টাকা রেখেছিলেন। তার মধ্যে ১৪,৯৫৪,২৮৯ টাকা খরচ করেছেন। ৫৩ নং ডিমান্ডের টাকাও সবটা খরচ করতে পারেননি। অর্ধেক টাকা খরচ করেছেন। আর ৭৫ নং ডিমান্ডে ৪,২৭৬ লক্ষ টাকা ধরা ছিল, কিন্তু খরচ করেছেন ২৮ লক্ষ টাকা। সেখানে হলদিয়ার ক্ষেত্রে যা খরচ করেছেন তাতে দেখা যাচ্ছে অন্যান্য ডিমান্ড যেমন ৯৩, ৯৪, ৯৫ ডিমান্ডে অনেক বেশি খরচ করেছেন। হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য খরচ করার পরেও তার অবস্থা কি দেখুন। অসীমবাবু আবার লাফিয়ে উঠে বক্তৃতা করেন। তাঁকে লাফিয়ে লাফিয়ে বক্তৃতা করতে দেখতে ভাল লাগে কিন্তু তার সংখ্যাতত্ত্বের কারসাজি এবং অসত্য তথ্যের কারসাজির জন্য তাকে পদ্মশ্রী দেওয়া উচিত। সাবজেক্ট কমিটির থেকে এম এল এরাই ঘুরতে গিয়েছিল হলদিয়া পেট্রোকেমিক্যাল, তারা দেখে এসে যা বলেছেন সেখানে আপনি বলেছেন গাদা গাদা ডাউন স্ট্রিম তৈরি হচ্ছে, আর তাঁরা বলছেন রিপোর্টে পূর্ব ভারতে নীল কমল ও সুপ্রিম এই কোম্পানি দুটি আমাদের প্রধান ক্রেতা। এখানে ডাউন স্ট্রিমে ইউনিটগুলো পূর্ণ মাত্রায় স্থাপিত না হওয়ায় আমরা আমাদের উৎপাদিত দ্রব্য সম্পূর্ণরূপে সরবরাহ করতে অক্ষম। আমরা তো বারবার অসীমবাবুকে বলেছি এবং বিধানসভাতে দাঁড়িয়ে বলা হয়েছে যে কোম্পানিগুলো কিনতে চায় তাদের নাম বলুন। অসীমবাবুর কাছে, আপনার কাছে চেয়েছিলাম নাম জানতে, কারা

আমাদের জিনিস কিনছে, তাদের সম্বন্ধে বলুন। বাস্তবে সত্যি কোম্পানিগুলো আছে কি না আমাদের জানান। আজকেই আবার কাগজে পড়লাম আপনি বলেছেন অনেকগুলো কোম্পানি বিক্রি করে দেবেন। বিভিন্ন কোম্পানি যে বিক্রি করবেন তার সার্কুলারও চলে গেছে। আমি ইউনিয়ন করি সেই কারণে জানতে পারলাম শালিমার কোম্পানিতে এই সার্কুলার গেছে। সেখান থেকে খবর পেলাম আপনি বলেছেন ওই কোম্পানিতে ৭৪ পারসেন্ট প্রাইভেটাইজেশান হবে এবং ২৬ পারসেন্ট সরকারের কাছে থাকবে। আপনারাই যেখানে গ্যাট চুক্তি কেন্দ্রীয় সরকারের উদারীকরণ নীতি এবং অবাধ অর্থনীতির অনেক সমালোচনা করেছেন কিন্তু কার্যত আপনারা সেই পথেই যাচ্ছেন। তারপরে আপনারা চিঠি পাঠিয়েছেন ই আর এস করার কথা বলে। কেন ভি আর এস নয় কেন, ই আর এস কেন ? ভি আর এস মানে ভলেনটারি রিটায়ারমেন্ট স্কিম আর ই আর এস মানে আর্লি রিটায়ারমেন্ট স্কিম—এই দুটো মধ্যে পার্থক্য কোথায় ? ই আর এসটাকে কি মার্কসবাদ থেকে বলেছে প্রগতিশীল কাজ আর ভি আর এস প্রতিক্রিয়াশীল কাজ, কেন এই পার্থক্য। অর্থাৎ মার্কসবাদ হলো এটা প্রগতিশীল, ই আর এস হল এটা মার্কসবাদসম্মত আর ভি আর এস হলে সেটা মার্কসবাদ সম্মত নয় ! ই আর এস হলো আর্লি রিটায়ারমেন্ট স্কিম, আর ভি আর এস হলো ভলান্টারি রিটায়ারমেন্ট স্কিম। আপনাদের যে টোটাল অবস্থাটা তাতে আপনারা ক্রমে পিছিয়ে যাচ্ছেন। আপনারা বলছেন, লোকসানে চলা কোম্পানিগুলি চালাবো না, বসিয়ে বসিয়ে মাহিনা দেবো না। আপনারা এই যে কথাগুলি বলছেন, এইসব বলে মানুষকে আপনারা ঠকাচ্ছেন। আমাদের কাছে একটা ফটো আছে, দেখুন এতে কে কে আছেন। বুদ্ধদেববাবু আছেন, হর্ষ নেওটিয়া আছেন, আপনি আছেন, সঞ্জীব গোয়েঙ্কা আছেন, তরুণ দত্ত আছেন। এখানে আপনার উল্লসিত হাসি দেখে ভাবছিলাম পশ্চিমবাংলায় হয়তো শিল্পে বন্যা আসবে। কিন্তু আপনার সেই হাসির প্রতিফলন বাজেটে হচ্ছে না। বাংলার বাজেটে সেই প্রতিফলন আমরা দেখছি না। আমরা আজকে কোথায় দাঁড়িয়ে আছি, আমি আপনাকে তথ্য দিয়ে জানাচ্ছি, ১৯৪৮-৪৯ সালে পশ্চিমবাংলায় রেজিস্ট্রার্ড কোম্পানির সংখ্যা ছিল ২২, সেটা কমতে কমতে আজকে নেমে এসে দাঁড়িয়েছে তিনে। ১৯৪৮-৪৯ সালে পশ্চিমবঙ্গয় সারা ভারতবর্ষের মধ্যে শতকরা ৩১ ভাগের চাকরি হত, সেটা আজকে নেমে এসেছে ছয়ে। যেখানে পশ্চিমবাংলা ছিল সর্বপ্রথম, এখন সেখানে অনেক নেমে এসেছে। এটা আমি সি আই আই-এর রিপোর্ট ২০০০ থেকে বলছি, এটা আপনিও একটা জায়গায় বলেছেন, ঐ রিপোর্টে আরও বলেছে যে, সারা ভারতের ১৮টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান হচ্ছে ১৫। সামগ্রিকভাবে আপনারা কি বলতে চাইছেন সেটা পরিষ্কার নয়। আপনাদের দলের নেতারা এক রকম বলছেন, আপনি আর এক রকম বলছেন, আপনাদের বক্তব্য পরিষ্কার না থাকার জন্য আমাদের রাজ্যে শিল্প আসছে না। আপনি একটা বই দেখিয়ে আমাদের গড় অবস্থাটা বলেন, আমরা অন্যান্য রাজ্যের চেয়ে গড় অবস্থায় কোথায় আছি, তার মধ্যে ওড়িষ্যা আছে, অরুণাচল প্রদেশ আছে, কিন্তু আমরা ঐটা চাই না। ভারতবর্ষের মধ্যে যেগুলি উন্নত রাজ্য আছে, তাদের তুলনায় আপনার অবস্থাটা কোথায়, সেটা বলুন ? আপনারা রাজ্যের জন্য কোনও প্রগতিশীল কাজ করলে আমাদের নেত্রীত্ব বলেছে, আমরা সমর্থন জানাব। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে কাট মোশানের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

**Shri Abu Hasem Khan Choudhury** : Mr. Speaker, Sir, I wish to speak about the commerce and industry situations in West Bengal. The Minister himself says and his Statement in the book speaks that West Bengal had pre-eminent position as an industrial and commerce State but because of influx of people coming to Bengal and the discriminatory policies of the Central Government that was lost. And then he says that they have revived that sort of situation and he gives little bit of that, saying, in the present scenario the West Bengal situation is better than other parts of India. Sir, we know that, no statistics is required, no figure is required because it is so obvious ; that West Bengal, since the Left Front has come into power—particularly industrial sector–the industry has declined steadily. There are series of reasons for that but the primary reason is the West Bengal Government themselves.

[4.20—4.30 p.m.]

I think they have forgotten their role as a government. Their are doing as if they are still in the Opposition. Their party or government support only the workers and that is why the investors are scared of this State. They migrate to other States. Those who do not migrate, they open branch offices in other states. This is the main reason of industrial decline in West Bengal.

Sir, I have been told that in Maharashtra whenever there is a friction between employer and employee, the Government keeps itself aloof. But in West Bengal, the government always stood beside the workers and that is the reason for decline in industry in West Bengal. Hon'ble Minister choose to speak very highly about the electricity in West Bengal. He says that there is a turnaround and there is significant increase in power generation. I wonder how can this gentlemen say that ? People living in rural areas or in urban areas know the problem of electricity generation or transmission and how can he say that West Bengal is going ahead in electricity ? Sir, as a matter of fact, the government or the Minister should look into the situation of electricity. If this government can improve industrial relation, road, electricity and other infrastructural facilities, then, I think, those enterpreneures who ran away from this State and scared about West Bengal and thought that it was a bad state will come back.

Sir, even today, though the Chief Minister has taken a new policy of industrial resurgence and asking people to co-operate, things are not moving smoothly.

Sir, I do not know who has helped the Industry Minister in making his speech. But there are blatant lies. Sir, in West Bengal firstly it is said, many Bengalees youngmen have told me that you will get no support from the government. I can recall my personal experience also. I have been trying for one and half years investing more than 1 crore and 35 lakhs, still I have not been able to achieve the end because there are endless problems in West Bengal. You have to pay everywhere.

Nothing was done. Even I am an M.L.A. and I am quite known to the Chief Minister and bother of Hon'ble Ganikhan Choudhury. If this can happen in my case just think about an ordinary entrepreneur. So this has to be done rightly. We do not need books. We do not need figures. We need the work, not to the Minister go everywhere. We do not want big talks of Industry, we want industry. So we have to go to the spot for that. But before giving the right figures we have to be very careful and we have to do something about our leather oriented industry. Being Electronics industry we can have very good industries. If you go for the leather oriented industry, such as leather garments, footwear industry we can employ a lot of people. That is the best thing.

Another thing has come i.e. food processing. I think this is a very good idea. The Chief Minister has taken the initiative and I wish him good luck. Thank you, Sir.

**শ্রী মুস্তাক আলম** : মাননীয় স্পীকার, স্যার আপনার মাধ্যমে আজকে যে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন, পাবলিক এন্টারপ্রাইজ, ফুড প্রসেসিং অ্যান্ড হর্টিকালচার ডিপার্টমেন্টের যে বাজেট পেশ করেছেন মাননীয় মন্ত্রী তার বিরোধিতা করছি এবং কাটমোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলছি।

আমরা পশ্চিমবাংলার মানুষ সকালবেলা উঠেই কেন্দ্রের মন্ত্রী অরুণ শৌরীকে গালাগাল করি, তিনি ভারতবর্ষের শিল্পকে শেষ করে দিচ্ছেন, বিক্রি করে দিচ্ছেন, বেসরকারিকরণ করছেন, বাধ্যতামূলকভাবে কর্মী ছাঁটাই করছেন। ৪০ লক্ষ শ্রমিকের মধ্যে ৩০ লক্ষকে ছাঁটাই করে ১০ লক্ষে নামাতে চাইছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও সেই জিনিস আমরা দেখতে পাচ্ছি। সেন্ট্রাল গভর্ণমেন্ট বলছে রুগ্ন শিল্প তারা চালাতে পারবে না, এখানেও সেটাই বলা হচ্ছে।

এখানে বেকার যুবক-যুবতী সংখ্যা ৬২ লক্ষ ১২ হাজার, এদের কর্মসংস্থান কিভাবে হবে ? কোথায় হবে ? এটা আমাদের ভাবতে হবে। বলা হয়েছিল এখানে রুগ্ন শিল্পকে পুনরুজ্জীবনের জন্য ১০০ কোটি টাকা দেওয়া হবে। গত বছরের হিসেবে দেখি ১২৫টি অ্যাপ্লিকেশন পড়েছিল, তার মধ্যে মাত্র চারটিকে কন্সিডার করা হয়েছে। সম্ভবত কয়েকদিনের মধ্যেই আমরা খবরের কাগজে দেখতে পাব আমাদের মাননীয় শিল্পমন্ত্রী ঘোষণা করবেন রুগ্নশিল্প আমরা চালাতে পারব না। তাহলে অরুণ শৌরী আর নিরুপম সেনের মধ্যে ফারাকটা কোথায় রইল ? আমরা দেখতে পাচ্ছি গত তিন বছরের বিনিয়োগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ পঞ্চম স্থানে রয়েছে। ১৪ হাজার ৬১ কোটি টাকা ১৯৯১-২০০১ পর্যন্ত বিনিয়োগ হয়েছে। সেন্টার ফর মনিটরিং অ্যান্ড ইন্ডিয়ান ইকনমি, এই সোর্স থেকে দেখছি। পশ্চিমবাংলায় ৬৯ পাবলিক সেক্টর আন্ডারটেকিং রয়েছে, এর মধ্যে মাত্র ৫টি লাভে রান করছে।

[4.30 p.m.—4.40 p.m.]

আমাদের প্রশ্ন সরকার পক্ষ থেকে কি কোনও উদ্যোগ নেওয়া হয়েছে যে, এই যে প্রাইভেট সেক্টারের আন্ডারটেকিংগুলি এতকাল লসে রান করছে এদের সঙ্গে শ্রমিক মালিকদের নিয়ে বসে ত্রিপাক্ষিক চুক্তি করে কিছু করা। আমার মনে হয় না যে সরকার পক্ষ থেকে এই রকম কোনও উদ্যোগ নেওয়া হয়েছে। আজকে কলকারখানার মালিকরা শ্রমিকদের প্রভিডেন্ড ফান্ডের টাকা আত্মসাৎ করেছে। সরকার কোনও উদ্যোগ নিচ্ছে না। এখানে বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। ৩ বছর আগে মাননীয় মন্ত্রী বললেন যে, রুগ্ন শিল্পগুলিকে পুনরুজ্জীবনের জন্য নতুন একটা পথ খুঁজে বের করার চেষ্টা হচ্ছে। আমরা এক্ষেত্রে সব দিক থেকে সহযোগিতা করব। ১৯৯৪ সালে একটা নতুন শিল্পনীতি ঘোষণা করে বিকল্প শিল্পনীতি ভাবা হল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, নতুন শিল্পনীতি ঘোষণা করা হয়েছে কিন্তু তার রেজাল্ট দেখতে পাচ্ছি না। কারণ এখানে যে চিত্র দেখতে পাচ্ছি সেটা হচ্ছে—২০০০ সালে ২৭০টি লকআউট হয়েছে এবং ১৪৬ লক্ষ ৩ হাজার শ্রমদিবস নষ্ট হয়েছে। ঐটা ইকনমিক রিভিউ থেকে বলছি। ১৯৭৭ সাল থেকে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বহুবার প্রায় ৫৪টি রাষ্ট্র ঘুরেছেন। কিন্তু এই ঘুরে আসার পরেও রেজাল্ট জিরো হয়েছে। কারণ এখানে সেই পরিবেশ পরিকাঠামো নেই। আমরা দেখছি ২০০১-২০০২ সালে ১১৪টি শিল্প ডাইরেক্ট ইনভেস্টমেন্ট হয়েছে। এর মধ্যে মহারাষ্ট্রে হয়েছে ৬০০ এবং এখানে ৪৮টি। ইন্ডাস্ট্রিয়াল ফিনান্স কর্পোরেশন বিভিন্ন রাজ্যে অর্থ দেয়। তা থেকে দেখতে পাচ্ছি মহারাষ্ট্রের স্থান এক নম্বরে এবং পশ্চিমবঙ্গে স্থান হচ্ছে ১০ নম্বরে। মহারাষ্ট্রে প্রকল্পের সংখ্যা হচ্ছে ৪ হাজার ৮০৮ এবং যে অর্থ দিয়েছে ৭ হাজার ৮৪৪ কোটি ৫০ লক্ষ টাকা। পশ্চিমবঙ্গের সংখ্যা হচ্ছে মাত্র ২৩৯ এবং ১৫৫২ কোটি ৯২ লক্ষ টাকা। এখানে ল্যান্ডেরও ব্যাপার আছে। কোনটা কৃষি ল্যান্ড আর কোনটা ইন্ডাস্ট্রিয়াল ল্যান্ড সেটারও সুরাহা করতে পারল না। আজকে কোলকাতায় যেসব শিল্পপতি বাস করেন, তারা তাদের প্রয়োজনের তুলনায় বেশি জমি অ্যাকোয়ার করে রেখেছেন। কিন্তু কাজের কাজ কিছু হচ্ছে না। আজকে দেখতে পাচ্ছি সেল্ফ এমপ্লয়মেন্টে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি লোন দিতে চাইছে না। কিন্তু গভর্ণমেন্ট বলছে যে, এই জায়গায় জোর দিতে হবে। তাহলে দেখতে পাচ্ছি কি—অরুণ শৌরী কেন্দ্রের এবং আমাদের রাজ্যের শিল্পমন্ত্রী, এখানে অর্থমন্ত্রী এবং কেন্দ্রের যশবন্ত সিন্‌হা, দু-জনের মতের ফারাক হতে

পারে, কিন্তু দেশের শিল্পের যাতে অগ্রগতি ঘটে সে ব্যাপারে কোনও উদ্যোগ আমি দেখতে পাচ্ছি না। ফুড প্রসেসিং-এর ক্ষেত্রে বলি আমাদের জেলার মন্ত্রী, তিনি নতুন মন্ত্রী, কিন্তু নতুন কোনও কিছু করতে পারেননি। মালদায় শিল্প গড়ে তোলার মত অবস্থায় আছে। ওখানে আম আছে। এই ব্যাপারে কিছু দেখবেন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়** : স্যার, আমি বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। নিরুপমবাবুকে প্রায় ১০ বছর পরে বিধানসভায় স্বাগত জানাচ্ছি। গতবার আমি বাজেট বক্তৃতার সময় ছিলাম না, তাই আমার বলার সুযোগ ছিল না। এক বছর হল তিনি দায়িত্ব নিয়েছেন। অনেকদিন পরে এমন একজন মন্ত্রী এসেছেন, যিনি সময় দিতে পারবেন। এর আগে জ্যোতিবাবু যখন ছিলেন, তখন তিনি সময় দিতে পারতেন না। তাঁর আরও সমস্যা ছিল, আত্মীয়স্বজন, কিছু প্রিয়পাত্র এদের দ্বারা তিনি ঘেরা থাকতেন। তার ফলে শিল্পোৎপাদনের পরিবর্তে নেপোটিজম হত। এন আর আই আনত না। এন আর আই আনার নাম করে বেড়ানো হত। আর বিদ্যুৎবাবুর এবং বংশবাবুর ফেজ যত কম বলা যায় ততই ভালো। বিদ্যুৎবাবুতো শিল্পদপ্তরের সঙ্গে সাইকোলজিকালি অ্যাডজাস্টই করতে পারেননি, তাঁর পরিণতি হয়েছে। বংশবাবুকে শিল্পমন্ত্রী হিসাবে কেউ নেননি। এক্ষেত্রে তিনি পিছিয়ে আছেন। আপনাকে সিরিয়াসলি নেওয়া যায় এবং আপনার ইনটিগ্রিটি নিয়ে কেউ প্রশ্ন তোলেনি। আপনি সঠিক রাস্তায় চলার চেষ্টা করেছেন কিন্তু যেটা সমস্যা আপনার উত্তরণ ঘটাতে হচ্ছে বর্ধমান জেলা কমিটি থেকে—রাজ্যের শিল্প নিয়ে ভাবতে হচ্ছে। এখনও ভারতবর্ষের পরিপ্রেক্ষিতে শিল্পমন্ত্রী হিসেবে আপনার কাজ করার সুযোগ হয়নি। ওমপ্রকাশ চৌতালা শিলিগুড়িতে এসে গেলেন পশ্চিমবঙ্গ থেকে শিল্প নিয়ে যেতে। শিল্প আনার জন্য এখনও আপনাকে রাজ্যের বাইরে যেতে আপনাকে দেখা যায়নি। বুদ্ধদেববাবু একবার গিয়েছেন ইলেকট্রিক সাপ্লাইয়ের আর পি গোয়েঙ্কাকে সঙ্গে নিয়ে। বাইরে থেকে শিল্প আনার জন্য যে কথাটা মনে রাখা দরকার তা হল যে আজকে শিল্পে আন্তর্জাতিক প্রতিযোগিতা তৈরি হয়েছে এবং আমাদের ভারতবর্ষকেও প্রতিযোগিতা করতে হচ্ছে। দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সঙ্গে আমাদের কমপিটিশন করতে হচ্ছে। ফিলিপিন্স, থাইল্যান্ড, মালয়েশিয়া তাদের সঙ্গে আমাদের কমপিটিশন করতে হচ্ছে। তাদের তুলনায় আমরা সব জায়গায় পিছিয়ে আছি। লেবার প্রোডাকটিভিটিতে আমরা পিছিয়ে আছি। রেগুলেটরি হ্যাসেলস আমাদের সবচেয়ে বেশি। এছাড়া কমিউনিস্ট যে দেশগুলো সদ্য সোশালিজিম থেকে বেরিয়ে এসেছে এদের মধ্যেও কমপিটিশন করতে হচ্ছে। সুতরাং পশ্চিমবঙ্গের পজিটিভ দিকটা কতটা প্রোটেক্ট আপনি করতে পারবেন। অন গ্রাউন্ড কতটা আপনার রয়েছে, কতটা ইনফ্রাস্ট্রাকচার রয়েছে, রাস্তাঘাট কতটা ভালো, সোশ্যাল ইনফ্রাস্ট্রাকচার কতটা ভালো, অর্থাৎ কমপিটিশনে আপনারা দাঁড়াতে পারছেন কিনা। এখন প্রশ্ন হচ্ছে যে এই কমপিটিশনে দাঁড়াবার সবচেয়ে বড় বাধা, আপনার পার্টির ইডিয়লগ। সি পি এম পার্টি ইটসেল্ফ আপনাদের একটার পর একটা মেন্টাল ব্লক ছাড়াতে ছাড়াতে পশ্চিমবাংলা শিল্পের ক্ষেত্রে পিছিয়ে গেছে। ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছেন, জয়েন্ট সেক্টর করতে আপনাদের ১৯৮২ সাল পর্যন্ত যেতে হল। ১৯৯১ সালে মনমোহন সিং-এর অর্থনৈতিক পলিসির বিরুদ্ধে আপনারা তিন বছর ধরে

লড়াই করে গেলেন, তরপর ১৯৯৪ সালে এসে আপনারা সেই অর্থনৈতিক পলিসিকে স্বীকার করলেন। সারা ভারতবর্ষে যেখানে ৯০-এর দশকে আই টি এসে গেল সেখানে আপনারা ২০০০ সালে এসে আই টি পলিসি ঘোষণা করলেন। ফুড প্রসেসিং অ্যান্ড হর্টিকালচার ডিপার্টমেন্ট তৈরি হল। এই দপ্তরের মন্ত্রী ছিলেন আবদুর রেজ্জাক মোল্লা, তিনি বলতেন আমি ফলকে চটকে বোতলে ভরি। ফুড প্রসেসিং, টিস্যু কালচার যে একটা অ্যাডভান্স সায়েন্স এটা ওঁর বোধের মধ্যেই আসেনি। বন্দুক নিয়ে জেতেন। এইসব ক্ষেত্রেই আপনারা পিছিয়ে নিরুপমবাবু আপনি কিছুটা বুঝতে পেরেছেন। আমরা শুনতে পাচ্ছি যে আপনাদের পার্টিতে যেটা গৃহীত হয়েছে, আপনাদের যে কাজ, সেটা রচনায় নাকি আপনার একটা দায়িত্ব রয়েছে। সেখানে আপনি সঠিকভাবেই বলেছেন, বাংলার ইন্ডাস্ট্রি নিয়ে বিরাট আশা করার কিছু নেই। হাজার হাজার শ্রমিক কর্মচ্যুত হচ্ছে, কর্মসংস্থানের সুযোগ সীমিত যা গড়ে উঠেছে তার থেকে ভাঙছে বেশি। নতুন শিল্প গড়ে তুলতে গেলে প্রয়োজন আন্তরিক প্রয়াস, এই ধ্বংস থেকে শিল্পকে রক্ষা করা যায় সম্মিলিত উদ্যোগ নিয়ে। এই উদ্যোগের সাফল্য নির্ভর করছে বেসরকারি বিনিয়োগ এবং শিল্প কতটা ভালো। এটার উপরই সবটা নির্ভর করছে। আজ ২৫ বছর পরে এসে বামফ্রন্ট সরকার এটা স্বীকার করলেন।

[4.40 p.m.—4.50 p.m.]

তাই আজকে উন্নত পরিকাঠামো প্রশাসনিক স্বচ্ছতা ও তৎপরতা, পরিচালন দক্ষতা উৎপাদনশীলতার অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান হয়ে দাঁড়িয়েছে। এগুলিকে অস্বীকার করে তীব্র প্রতিযোগীতার মুখে বর্তমানে রাজ্যের শিল্প অস্তিত্বকে টিকিয়ে রাখা ও শিল্প গড়ে তোলা খুবই কঠিন। এটা বুঝতেই আপনাদের ২৫ বছর সময় লাগলো কেন ? আজকে আপনারা আরও বলছেন মনমোহন সিংহের সমালোচনা করছেন, আপনি বলছেন রাজ্য সরকারের অধীনস্থ শিল্প উদ্যোগীদের নিজের পায়ে দাঁড়াতে হবে। এ বছরে শিল্পগুলির সামগ্রিক পুনর্গঠন এবং প্রয়োজনে যেখানে সম্ভব এ ক্ষেত্রে যৌথ উদ্যোগে যেতে হবে। যে সব শিল্পের পুনরুজ্জীবন সম্ভব নয় সেগুলিকে বন্ধ করে সেই পরিকাঠামোয় অন্য শিল্প বসানোর উদ্যোগ করতে হবে। আপনি স্বীকার করলেন রিভ্যাইট্যাল সম্ভব না হলে বন্ধ করে দিতে হবে। এত দিন কেন্দ্রের অর্থনীতির বিরুদ্ধে লড়ছিলেন কেন ? আপনারা পরিকাঠামোর কথা বলছেন, শিল্পক্ষেত্রে বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে বিদ্যুৎ, রাস্তা, পরিবহন, বাসস্থান, উন্নতমানের শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল ইত্যাদি পরিকাঠামো উন্নত করতে হবে। এ ক্ষেত্রে বেসরকারি উদ্যোগকে, বিনিয়োগকে উৎসাহিত করতে হবে। এত দিন আপনারা করেননি কেন ? করতে হবে ইন দি ফিউচার টেন্স, ২০০২ সালে আপনি বলছেন কেন ? কেন বলছেন না আমাদের এই ২৫ বছরে—আমি আপনাকে দোষ দিই না, আপনি ১ বছর মন্ত্রী হয়েছেন, কিন্তু আপনাদের প্রবলেম যেটা আপনি সবে চেষ্টা করছেন, আর বাঙালিদের যে রকম হয় গ্যাস দেওয়া শুরু হয়ে গেছে। গ্যাসের একটা সোর্স হচ্ছে সেন্টার ফর মানিটরিং অফ ইন্ডিয়া ইকোনমি, টাটারা চালায়, মোটামুটি একটা বোম্বে বেসড অর্গানাইজেশান, তারা নাকি বলেছে পশ্চিমবঙ্গ শিল্পে ফিফ্‌থ্‌ জায়গায় এসেছে। কি ট্রেন্চ, অর্থমন্ত্রীর বক্তৃতায় সি এম আই ই আপনার বক্তৃতায় সি এম আই ই, আর কালকে যে ঝকঝকে বইগুলি অ্যাডভার্টাইজিং ফার্ম তৈরি করেছে তাতেও সি এম আই ই। আপনারা কি ফিফ্‌থ ইন টার্মস অফ অ্যাট্রাকটিভনেস ইন

ইনভেস্টমেন্ট এবং আপনাদের লেখা বার হওয়ার আগেই আনন্দবাজারে একটা সেন্টার পেজ হয়ে গেল পশ্চিমবঙ্গ উঠে এসেছে। মনে হলো আনন্দবাজার, অসীমবাবু এবং আপনি কাজ করছেন, ভালো। আপনাদের নতুন বন্ধু জুটেছে, ভালো। কিন্তু গ্যাস দিয়ে বাঙালিদের পতনের শুধু ওখানেই নয়। আপনারা এই গ্যাসটা খাচ্ছেন। আমার তরুণ বন্ধু পার্থ শিল্পের ব্যাপারে আমার চেয়ে অনেক বেশি যোগ্য, সে আপনাকে সি আই আই রিপোর্ট পড়ে শুনিয়েছে। সি আই আই ইর প্রেসিডেন্ট সঞ্জীব গোয়েঙ্কা আপনাদের বন্ধুলোক। সেখানে সি আই আই রিপোর্ট ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাথে মিলে ইনভেস্টমেন্ট ডেস্টিনেশান হিসাবে ইনভেস্টমেন্ট ক্লাইমেট-এ পশ্চিমবাংলাকে কি বলেছে, পশ্চিমবাংলা হচ্ছে লাস্ট ক্যাটাগরি, সবচেয়ে পুওর ক্যাটাগরি। বেস্ট ক্যাটাগরির ইনভেস্টমেন্ট ক্লাইমেট মহারাষ্ট্র, গুজরাট। গুড ইনভেস্টমেন্ট ক্লাইমেট অন্ধ্রপ্রদেশ, কর্নাটক, তামিলনাড়ু। মিডিয়াম ইনভেস্টমেন্ট ক্লাসমেট দিল্লি, পাঞ্জাব। পুওর ইনভেস্টমেন্ট ক্লাইমেট কেরালা, উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গ। তাহলে কি সি এম আই ই টাটাদের প্যাক্ট হওয়া ভালো, না আপনার সঞ্জীব গোয়েঙ্কার প্রেসিডেন্টশিপে ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাহায্যে তৈরি করা সি আই আই-এর রিপোর্টটা বিশ্বাস করবো সেটা আপনাকে জিজ্ঞাসা করছি ? ইভন ইনভেস্টমেন্ট ফিগারে আপনি ভেঙে ভেঙে ফিগারগুলি দেখিয়েছেন। গত ১০ বছরে শিল্প খুলে যাবার পর আপনার ৫৬ হাজার কোটি টাকার প্রোপোজাল, ১৯৯ কোটি টাকার একচুয়াল ইন্টিমেন্টেশান। তাহলে বছরে দাঁড়ায় ১৯০০ কোটি টাকা করে ইমপ্লিমেন্টেশান। এবারে আপনি টেক-আউট হলদিয়া পেট্রোকেমিক্যালস এবং মিৎসুবিশি ৬৬০০ কোটি টাকা বের হয়ে গেল, তাহলে আপনার রইলো ১৩ হাজার কোটি টাকার মতো। আপনার ওই বড় দুটো মেগা প্রোজেক্ট বাদ দিয়ে ১৩০০ কোটি টাকার মতো বছরে অ্যাভারেজ ইনভেস্টমেন্ট এবং গত বছরে আপনি বলেছেন খুব ভালো হয়েছে, ব্যাড ইয়ারে ২১৯৪ কোটি টাকা ইনভেস্টমেন্ট বলছেন, তার মধ্যে কেন্দ্রীয় সরকারের সংস্থা তাদের হচ্ছে ৫০০ প্রায় ৬৫০ কোটি টাকা, ইন্ডিয়ান অয়েলের ৮৮৭ কোটি টাকা। তাহলে ইন্ডিয়ান অয়েল-এর ইনভেস্টমেন্টটা বাদ দিলে থাকে কত ? একচুয়াল প্রাইভেট সেক্টরে ইনভেস্টমেন্ট পেয়েছেন ১১০০ কোটি টাকা গত বছরে। এবারে আমি আপনাকে বলবো আপনি ভালো করে দেখুন আপনার গত বছরের ইনভেস্টমেন্টের লিস্টে একটা মাত্র প্রোজেক্ট ১০০ কোটি টাকার বেশি।

সেটা হচ্ছে অম্বুজাদের। যারা বাইপাসের ধারে বাড়ি করেছেন। তারা একটা ১১৫ কোটি টাকার কারখানা করেছেন সেখানে সিমেন্ট তৈরি হয় না, গুঁড়ো করার কাজ হয়। ইন্ডিয়ান ওয়েল এবং অম্বুজা ছাড়া ১০০ কোটি টাকার কোনও প্রোজেক্ট কেউ টাচ করেনি। আপনি তো ৫,১৭০ কোটি টাকার হলদিয়ার মালিক। আপনি জানেন আজকের দিনে এই রকম ছোট ছোট, ১০, ১৫, ২০ কোটি টাকার প্রোজেক্ট, নিকো যা করেছে এক্সপ্যানশনের কাজ, তাতে নতুন এমপ্লয়মেন্ট সাস্টেইন হয় না। এতে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সাস্টেইনড করবে ? সাড়ে ৪০০ কোটি টাকার ধানিয়া গ্রুপ বা সাউথ এশিয়ান পেট্রোকেমিকেলস-এর পরে একটা ১০০ কোটি টাকার ইন্ডাস্ট্রি দেখান। আপনি যেখানে ৫,১৭০ কোটি টাকার প্রোজেক্ট নিয়ে হিমসিম খাচ্ছেন, এখনও ম্যানেজমেন্ট ঠিক হ'ল না, ইন্ডিয়ান ওয়েল নেবে কিনা জানি না, সেখানে লেখা নেই সুতরাং ইট ইজ নট এনাফ। আপনাকে তাই অনুরোধ করব Please

have firms of great potential. অনেক নতুন বন্ধু জুটবে। সেন্টার পেজে আর্টিকেল লিখবে, নতুন কমিটি হবে এবং আবার বলবে এটা দরকার, ওটা দরকার। আবার আপনিও জ্যোতিবাবুর মতো হয়ে যাবেন সারাউন্ডেড। যারা বাইপাসের ধারে জমি চায় তারা হচ্ছে বাইপাস ইন্ডাস্ট্রিয়ালিস্ট।

তারা সর্টকাটে আপনার কাছে পৌছতে চায়। হ্যাঁ এটা ঠিক যে, আপনারা গত ২/১ বছরে ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে কিছু ভালো স্টেপস নিয়েছেন। 'হাডকো' যে রাস্তাগুলো করছে সেগুলো আগের থেকে ভালো হচ্ছে। আর যদি নর্থ-সাউথ করিডোর সত্যিই করতে পারেন It will be signifacant addition. কত দিনে করতে পারবেন আমি জানি না কিপিং দি ফিংগার ক্রস আপনি যে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার করেছেন একটু ঘুরে দেখুন না। সেগুলো খোলে আর বন্ধ হয়। উলুবেড়িয়া, ফলতার ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে গিয়ে দেখুন What is ailing these growth centres. তৈরি হচ্ছে না। এটা উপলব্ধি করার প্রয়োজন আছে। মনে রাখতে হবে ওয়েস্ট বেঙ্গলের কমপ্লেইন হচ্ছে ওয়েস্ট বেঙ্গলে লেবার প্রডাক্টিভিটি কম, ইউনিট ভ্যালু সবচেয়ে কম এবং সেইজন্য আজকে ভারতবর্ষের যারা বড় শিল্পপতি তারা আপনাদের এখানে আসেন না। আম্বানি, আদিত্য বিড়লা গ্রুপ, রতন টাটা, দক্ষিণ, পশ্চিম ভারতের কোনও বড় শিল্পপতি আসছেন ? উত্তর ভারতের কেউ স্কট করতে আসছেন ? তবে হ্যাঁ, বানতলায় লেদার কমপ্লেক্স নিয়ে এসেছেন, কিছু কিছু জায়গায় করেছেন। কিন্তু ইট ইজ টু লিটিল, আমি বলব না ইট ইজ টু লেট। কারণ যখনই করবেন আমরা থাকব। We wish you have to go speed. কিন্তু এটা বলব যে, প্রয়োজনের তুলনায় এচিভমেন্ট কম। ফেলিওর অনেক বেশি। পলিসির গণ্ডগোল রয়েছে। ফলে অনেক দেরি হয়ে গেল। আশা করি আপনি সেই দিকে দৃষ্টি রাখবেন। আজকে ২০০২-এ এসে বলছেন, 'রাইস ব্যান অয়েল' বানানো হবে। ফুড প্রসেসিং করতে হবে। পটেটো চিপসের একটা কারখানা ডানকুনিতে ছিল সেটা বন্ধ হয়ে গেছে। পাঞ্জাব থেকে পেপসি পটেটো চিপস আমদানি করছে। আম, আনারস আপনি প্রসেস করতে পারেননি। এগুলো সহজেই করতে পারতেন। আপনি যে চেষ্টা করছেন তা বলার অপেক্ষা রাখে না। কিন্তু সেটা যথেষ্ট নয়, আরো দ্রুত গতিতে এটা করতে হবে।

[4.50 p.m.—5.00 p.m.]

**শ্রী শৈলেন সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মূল আলোচনা পশ্চিমবঙ্গে নতুন শিল্প কারখানা গড়ে তোলার বাতাবরণ তৈরি করার বিষয়ে। সরকার পক্ষ তো বটেই বিরোধী পক্ষও খুব আগ্রহশীল এটা বোঝা গেছে। যদিও তাদের বক্তব্য অধিকাংশই নেগেটিভ। এবং সে বিষয়ে আমাদের মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় যা বলার বলবেন। এই শিল্প এবং কর্মসংস্থান প্রসঙ্গে যে বিষয় সম্বন্ধে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব সেটা উদ্যান পালন এবং খাদ্য প্রক্রিয়াকরণ। উদ্যানপালন খানিকটা কৃষির সঙ্গে যুক্ত এবং খাদ্য প্রক্রিয়করণ আগে শিল্পের সঙ্গে ছিল। এটাকে কৃষি থেকে এবং আর একটাকে শিল্প থেকে কেটে নিয়ে এই দুটোর জন্য একটা নতুন দপ্তর করা হয়েছে। বিগত কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গে আমাদের এই নতুন দপ্তর চলছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী, শিল্পমন্ত্রী, কেন্দ্রীয় সরকারি সংস্থা, বিভিন্ন বেসরকারি সংস্থা, এমন কি কনসালটেন্সি যাঁরা আছেন মেকিন্সে-সহ সবাই বলছেন, খাদ্য

প্রক্রিয়াকরণ শিল্পের কর্মসংস্থানের দিক দিয়ে একটা গুরুত্বপূর্ণ অবস্থান আছে। এটা সর্বত্রই উল্লেখিত হয়েছে। কেন্দ্রীয় সংস্থা, ম্যাকিন্সে প্রভৃতি তাদের রিপোর্টে বলছে আমরা এখন পর্যন্ত যা খাদ্য প্রক্রিয়াকরণ করছি তা যদি আমরা বাড়াতে পারি তাহলে আগামী ১০ বছরে এখানে ১৫ হাজার কোটি টাকার ইনভেস্টমেন্টের সুযোগ আছে যাতে ১৫ লক্ষ মানুষের কর্মসংস্থান হতে পারবে। তবে এটা নির্ভর করছে কতগুলো ইনফ্রাস্ট্রাকচার তেরি করার ওপর এবং দৃষ্টিভঙ্গির ওপর। সে সম্বন্ধে কিছু কিছু বক্তব্য আমরা আমাদের বাজেট বক্তৃতায় রেখেছি। আজকের এই বাজেট আলোচনায় সরকার পক্ষ থেকে মাননীয় সদস্য নির্মল দাস, দীপক সরকার, সমর রায় বক্তব্য রেখেছেন এবং আমার মনে হয় আমার বক্তব্য অনেকটাই তাঁরা হাল্কা করে দিয়েছেন। সুতরাং আমি সেসব কথার আর পুনরাবৃত্তি করতে চাই না। বিরোধীপক্ষ থেকে যাঁরা বক্তব্য রেখেছেন তাঁরা মূলত শিল্প নিয়েই বলেছেন। যাঁরা আমার দপ্তরকে টাচ করে গেছেন তাঁদের মধ্যে আছেন, আমার জেলা থেকেই এসেছেন মাননীয় বিধায়ক আবু হাসনাত খান চৌধুরী সাহেব এবং মোস্তাক আলম সাহেব। আর কিছুটা সৌগত রায়, তিনি ১ লাইন হলেও টাচ করেছেন। তবে তাঁদের বক্তব্য খুব একটা আক্রমণাত্মক নয়। সম্ভাবনার কথাটা প্রত্যেকেই স্বীকার করেছেন এবং খানিকটা আশান্বিত। বস্তুত পক্ষে আমরা যে সাফল্যগুলো পশ্চিমবঙ্গে অর্জন করেছি। তার অন্যতম হচ্ছে কৃষি। তবে আজকে আমরা শিল্পের সাফল্য নিয়ে আলোচনা করছি। কিন্তু কৃষির একটা অংশ এর সঙ্গে যুক্ত আছে বলে আমাকে এখানে উল্লেখ করতে হচ্ছে যে, গোটা দেশের মধ্যে ধান উৎপাদনে আমরা প্রথম এবং এটা আমরা সকলেই জানি। যেহেতু উদ্যানপালন দপ্তরের সঙ্গে সবজি উৎপাদন জড়িত সেহেতু মাননীয় সদস্যদের জানা উচিত যে, সবজি চাষেও ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম স্থানে আছি। আলু চাষে আমরা দ্বিতীয় উৎপাদনকারী রাজ্য। কিন্তু আমাদের সমস্যা হচ্ছে যা উৎপাদন হচ্ছে তার উপযুক্ত বাজারের এবং সংরক্ষণের ক্ষেত্রে আমাদের অনেক ঘাটতি আছে, অনেক অসুবিধা আছে। এই ঘাটতিগুলো আমরা ধারাবাহিকতাভাবে কর্মসূচি নিয়ে মেটাবার চেষ্টা করছি। আমাদের উদ্যানপালন এবং খাদ্য প্রক্রিয়াকরণ খাতের বাজেট খুবই সামান্য। উদ্যানপালনের বাজেট ১৬ কোটি ২৮ লক্ষ টাকা এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে বাজেট ১১ কোটি ২১ লক্ষ টাকা মাত্র। এতে আমরা যে লক্ষ্যমাত্রা ঘোষণা করেছি তা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। তিনি বলেছেন আমাদের কাজ করতে হবে সবচেয়ে বেশি কর্মসংস্থানের দিকে লক্ষ্য রেখে। আমরা দেখছি ইতিমধ্যেই কিছু কর্মসংস্থান হয়েছে। উদ্যানপালনে আমরা যে নতুন পরিকল্পনা নিয়েছি তা হচ্ছে নতুন নতুন নার্সারি করার, হাই ব্রিড করার, নতুন নতুন সবজি করার। সব মিলিয়ে ২০.৭৫ লক্ষ শ্রম দিবস—অংকের হিসাবে ৮৩০০ জনের কর্মসংস্থান হয়েছে। আর খাদ্য প্রক্রিয়াকরণে এখন পর্যন্ত ৮৬৫৮টি ইউনিট আছে ছোট, বড়, মাঝারি সব মিলিয়ে। এর মধ্যে ১৬৫টি নতুন ইউনিট-এর দরখাস্ত এসেছে, সেগুলি আমরা খুঁটিয়ে দেখছি। এই ১৬৫টি ইউনিট বা শিল্প গড়ে উঠলে টোটাল ইনভেস্টমেন্ট হবে ১২২৪ কোটি টাকা। তাতে ডাইরেক্ট এমপ্লয়মেন্ট হবে। অনেকে বলছেন কম এমপ্লয়মেন্ট হবে। কিন্তু এখানে বেশি এমপ্লয়মেন্ট হচ্ছে ইনভেস্টমেন্টের তুলনায়। ডাইরেক্ট এমপ্লমেন্ট হচ্ছে ২ হাজার ৩১০ জনের আর ইন-ডাইরেক্ট এমপ্লয়মেন্ট হচ্ছে ২ হাজার ৯৭০ জনের। দুটি মিলিয়ে টোটাল ৫ হাজার ২৮০ জনের এমপ্লয়মেন্ট হতে পারে।

আমি সম্ভাবনাটা দেখার জন্য উল্লেখ করলাম। এখানে আমি দেখছি, একদিনে হঠাৎ করে জাম্প করে এগিয়ে যেতে পারবো না, আমি মূর্খের স্বর্গে বাস করছি না। কিন্তু একটা বাতাবরণ তৈরি হচ্ছে, নতুন উদ্যোগীরা এগিয়ে আসছেন। আমরা কেন্দ্রীয় সরকারের যে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট আছে তার যে একটা আন্ডারটেকিং সংস্থা আছে এগ্রিকালচার প্রসেস ফুড এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি বা অ্যাপিডা তার সঙ্গে ইতিধ্যেই চুক্তিবদ্ধ হয়েছি। শিলিগুড়ি, জলপাইগুড়ি, ইসলামপুর সাবডিভিশন, কোচবিহার এগুলিকে নিয়ে পাইনাপেল এক্সপোর্ট জোন করছি। এই পাইনাপেলের চাষ আমাদের কৃষকরা প্রায় ছেড়েই দিয়েছিল। সেখানে বাজারের অভাব ছিল। তারা চা-তে গিয়েছিল। যখন তারা দেখলো মার খাচ্ছে তখন তারা ফিরে এসেছে। এই রকম জায়গায় এক্সপোর্ট জোন করে পাইনাপেলকে পুনরুজ্জীবিত করার জন্য প্রকল্প নিয়েছি। এবং অ্যাপিডার সঙ্গে সহযোগিতা করে সেখানে শিল্প এবং এক্সপোর্ট দুটি আমরা করার চেষ্টা করছি। ইতিমধ্যে এম এম জে কারখানায় ইতালিয়ান যে পার্টনার আছে তার সঙ্গে ২০ কোটি টাকার একটা প্রোজেক্টের মেমোরান্ডম আমাদের সাক্ষরিত হয়েছে। তারা আশা করছে এবং কমিটমেন্ট দিয়েছে আগামী ২/৩ বছরের মধ্যে কারখানাটি কমপ্লিট করবেন। এই জোনে ইতিমধ্যেই ১০টি অ্যাপলিকেশন শিল্পপতিদের কাছ থেকে পেয়েছি। তারা উত্তরবঙ্গের জলপাইগুড়ি, শিলিগুড়ি, কোচবিহার এবং ইসলামপুরে কারখানা করতে চায়। তাদেরকে আমাদের দপ্তরের পক্ষ থেকে বিশেষজ্ঞ দিয়ে এবং স্থানীয়ভাবে পঞ্চায়েত ও জেলা পরিষদের তরফ থেকে সাহায্য করছেন। আমাদের যে এক্সপোর্ট জোন হবে তাতে শুধু পাইনাপেল নয়, মালদা, মুর্শিদাবাদ, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা নিয়ে লিচুর এক্সপোর্ট জোন একইভাবে অ্যাপিডার সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে গেছে। পটেটো এক্সপোর্ট জোন বর্ধমান, মেদিনীপুর এবং হুগলিকে নিয়ে করছি। সেটা আগামী ১৮ তারিখে সাক্ষরিত হবে, অনুমোদন হয়ে গেছে। আমরা অপেক্ষায় আছি। আমরা আমের এক্সপোর্ট জোনের অপেক্ষায় আছি। ভেজিটেবল এক্সপোর্ট জোন খুব শীঘ্রই হয়ে যাবে। এইসব এক্সপোর্ট জোন করে—মনে হচ্ছে আমাদের বিদেশি মার্কেট ট্যাপ করতে হবে। ইন্টারনাল মার্কেট আমাদের আছে, ১০০ কোটি মানুষ আছে আমাদের এবং চাহিদাও আছে। তাই বলছি, সবজি বলুন, ফল বলুন, ফুল বলুন সবই হর্টিকালচারের মধ্যে পড়ছে। মেডিসিনাল প্ল্যান্ট বলুন, স্পাইসেস বলুন, মশলাপাতি বলুন—এই সমস্ত চাষগুলি অর্থকরী। যেহেতু আমাদের জমি অনেক, পশ্চিমাঞ্চলে অনেক জমি পড়ে থাকে। কিন্তু আমাদের টারগেট হচ্ছে ধান। ফুড সিকিউরিটি নষ্ট করে আমি বলছি না শুধু হর্টিকালচার ক্রপ লাগাও। সেখানে ফুড সিকিউরিটির দরকার। আমরা খাদ্যে স্বয়ম্ভর হয়েছি। কিন্তু যে জমিগুলি পড়ে আছে, কোকোনাটও আছে, এগুলিকে বিজ্ঞানসম্মতভাবে চেষ্টা করে উৎপাদন বৃদ্ধি করার পরিকল্পনা করা হচ্ছে নানাভাবে। মাননীয় সদস্য যদিও আমার বলা উচিত নয়, পূর্বতন মন্ত্রী সম্পর্কে উনি বলেছেন কিন্তু এই সমস্ত প্রযুক্তি কি ? সৌগতবাবু যদি যেতে চান যেতে পারেন। তিনি তো বিজ্ঞানের অধ্যাপক, টিস্যু কালচার আমাদের উদ্যোগে চালু হয়েছে কৃষ্ণনগরে এবং বেসরকারি উদ্যোগেও চালু আছে। সেই সম্ভাবনা নিয়ে আমরা মনে করছি পশ্চিমবঙ্গে কর্মসংস্থান হবে, আমাদের শিল্প দপ্তর, ক্ষুদ্র শিল্প দপ্তর এবং খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর-এর সঙ্গে যুক্ত হয়ে এক্সপোর্টের একটা নতুন বাতাবরণ এবং কাজের আবহাওয়া সৃষ্টি করা হয়েছে।

সেই জন্য এই বাজেটকে সকলে সমর্থন করবেন। আমি বিরোধিদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.00 p.m.—5.10 p.m.]

**শ্রী নিরুপম সেন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রথমেই আমি আমাদের বিরোধী দলের যাঁরা সদস্য আছেন তাঁরা বাজেটের উপর যে গঠনমূলক আলোচনা করেছেন তার জন্য তাঁদেরকে ধন্যবাদ জানাই। আজকের এই আলোচনায় কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপিত হয়েছে এবং কয়েকটি খুঁটিনাটি বিষয় তোলা হয়েছে। আমি সেই বক্তব্যের মধ্যে বিশদে যেতে চাইছি না। আজকে আমাদের রাজ্যের শিল্পায়ন নিয়ে আমরা কিভাবে অগ্রসর হব এই প্রশ্নের আলোচনায় যে কথাটা এখানে মাননীয় বিরোধী দলের সদস্যরা তুলেছেন তার একটা মৌলিক কথা হল যে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন আমরা দেরিতে হলেও সেই নীতিই অবলম্বন করেছি এবং এই দেরি করার জন্যই আমাদের পশ্চিমবঙ্গের শিল্পায়ন বাধাপ্রাপ্ত হয়েছে। মাননীয় সদস্যদের অবগতির জন্য এটা জানানো দরকার যে, কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন আমরা এখনও সেই নীতির বিরোধিতা করি। এই নীতির বিরোধিতা আমরা করি কারণ এই নীতি আমাদের মতন দেশের সামগ্রিক অর্থনৈতিক বিকাশের পক্ষে তা সহায়ক নয়। কথাটা আমরা নানান জায়গায় নানানভাবে বলি। কিন্তু আমরা বামপন্থীরা যখন এসব কথা বলি তখন স্বভাবতই মনে হয় এরা সারা বিশ্বের দিকে তাকিয়ে কি ঘটছে তা তারা বুঝতে পারছেন না এবং এদের পশ্চাৎপদতার জন্যই নাকি এই ঘটনা ঘটছে। এ সম্পর্কে বিশদ বিতর্কে আমি যেতে চাইছি না। এই খোলা বাজার অর্থনীতি আমাদের মতন যেসব দেশ যাকে উন্নয়নশীল দেশ বলা সেই সব দেশে কি প্রতিক্রিয়া তৈরি করছে এবং উন্নত দেশগুলি কি ঘটনা ঘটাচ্ছে এটার একটু বিচার আমাদের এই কারণেই করা দরকার— সৌগতবাবুর বক্তব্যের সুর ধরেই আমি বলছি যে পশ্চিমবঙ্গে শিল্প হবে কি হবে না, এটা কেবল পশ্চিমবঙ্গের কোলকাতার মহাকরণে বসে স্থির করা যাবে না। উনি ঠিকই বলেছেন, আমাদের দেখতে হবে সারা বিশ্বে কি হচ্ছে আমাদের দেখতে হবে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে কি হচ্ছে। তারই পটভূমিকায় দাঁড়িয়ে আমাদের রাজ্যে শিল্পের বিকাশ কিভাবে হবে তা নির্ধারণ করতে হবে। আমি তার সঙ্গে একমত। ইউনাইটেড নেশানসে কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট আপনারা জানেন আন্টার্ড যাকে বলে তারা ২০০০ সালে একটা রিপোর্ট প্রকাশ করেছেন এবং সেই রিপোর্টে তারা একথা বলছেন যে এই নীতি চালু হওয়ার পর সারা বিশ্বে যাকে আমরা বিশ্বায়ন বলি, উদারীকরণ বলি এই নীতি চালু হওয়ার পর এটা দেখা যাচ্ছে ডেভেলপিং কান্ট্রিগুলোতে ম্যানুফ্যাকচারিং এমন কি হাইটেকেও তারা অনেক বেশি ট্রেড করছে ঠিকই কিন্তু তার দ্বারা তাদের ইনকাম সেটা বাড়ছে না। রিপোর্টে যেভাবে বলা হয়েছে, তারই একটি ছোট্ট অংশ আপনাকে পড়ে শোনাচ্ছি। While the share of developing industries in world manufacturing exports, including those of rapidly growing high tech products has been expending rapidly, the income earned from such activities does not appear to share in this dynamism. যে গতিতে আমাদের এক্সপোর্ট বাড়ছে সেই গতিতে আমাদের ইনকাম বাড়ছে না। আপনারা জানেন যে সম্প্রতি ওয়ার্ক ফোর্সের

ক্যাজুয়ালাইজেশনের ওপর স্টাডি হয়ে একটা পেপার বেরিয়েছে। তাতে প্ল্যানিং কমিশনের অন্যতম সদস্য এস ডি গুপ্তার একটা রিপোর্ট বেরিয়েছে। তাতে তিনি দেখিয়েছেন যে প্রি-লিবারালাইজেশানের জন্য আমাদের দেশে ১৯৮৩ সাল থেকে ১৯৯০-৯১ সাল পর্যন্ত আমাদের ক্যাজুয়ালাইজেশান অফ লেবার হচ্ছে এবং তার রেটটা ডিক্লাইন করে যাচ্ছে—১.১ পারসেন্ট। ১৯৯০-৯১ সাল থেকে ১৯৯৬-৯৭ সাল পর্যন্ত একটা সমীক্ষা করে দেখিয়েছেন যে ডিক্লাইনিং রেটটা চেঞ্জ করে আমাদের এখন ইনক্রিজিং রেট এবং সেটা ৩.৩ পারসেন্ট। কেন ঘটছে এই জিনিস ? ঘটছে তার অন্যতম কারণ হলো এই যে এতো কথা আপনারা বললেন, আমাদের সদস্য কেউ কেউ যখন ডব্লু টি ও সম্পর্কে দু-একটা মন্তব্য করতে গেছেন তখন আমাদের বিরোধী সদস্যরা তাঁকে থামিয়ে দেবার চেষ্টা করেছেন। বোধহয় এই জায়গায় পশ্চিমবাংলার সঙ্গে ডব্লু টি ও-র সম্পর্ক কি আছে ? বা এইসব অবাস্তব কথাবার্তা বলার কোন প্রয়োজন নেই। সেই জন্য এই কথা বলার দরকার, গত পরশু তারিখে—মাননীয় সদস্যরা অনেকে পড়েছেন নিশ্চয়ই—টেলিগ্রাফ পত্রিকায় পোষ্ট এডিটোরিয়াল পেজে আমাদের রিজার্ভ ব্যাংকের প্রাক্তন গভর্ণর এস ভেঙ্কটরমন, তাঁর একটা আর্টিকেল প্রকাশিত হয়েছে। তার মূল বিষয়বস্তু ছিল—অকস্থাম যে একটা রিপোর্ট প্রকাশ করেছেন সেই রিপোর্ট সম্পর্কে আলোচনা। সেই আলোচনায় তিনি দেখিয়েছেন এবং অকস্থাম রিপোর্টেও প্রকাশিত হয়েছে যে আজকে কেমনভাবে আমেরিকাতে, ইউরোপের মতো দেশগুলোর যে প্রোডাক্ট সেইগুলো কিভাবে তারা বাধা দিচ্ছে। সেই রিপোর্টে বলছে recently the U.S. Federal Government has introduced a new legislation providing additional subsidies or support payments which will be increased in proportion to the fall in commodity prices. যেমন যেমনভাবে কমোডিটি প্রাইস কমবে তার প্রোপোরসনেটলী তারা হচ্ছে যে সাবসিডি, এডিশনাল সাবসিডি দিয়ে যাবে। অ্যান্টি ডাম্পিং-এর ওপর ইনভেসটিগেশন হয়েছে, তাতে দেখতে পাচ্ছি ফাষ্ট র‍্যাংক ইউরোপিয়ান ইউনিয়ান আর সেকেন্ড র‍্যাংক ইউ এস এ—যারা অ্যান্টি ডাম্পিং করছে। আপনারা জানেন যে শিল্পে ইস্পাতের সঙ্কট আমাদের মতো এইসব দেশগুলোতে। তার একটা বড় কারণ হচ্ছে, আমেরিকা ডব্লু টি ও-র শর্তকে লংঘন করে বাইরে থেকে ওদের দেশে স্টীল যাতে আসতে না পারে তার ব্যবস্থা নিয়েছে। আমাদের দেশে শিল্পের পরিস্থিতি কি ? এই পটভূমিতে দাঁড়িয়ে, আপনারা জানেন আর্থিক সমীক্ষায় প্রকাশিত হয়েছে শিল্পে আমাদের ভারতবর্ষের অগ্রগতির হার হচ্ছে ২.৩ শতাংশ। গোটা দেশে শিল্পের যদি এই রকম অবস্থায় দাঁড়ায়, ভারতবর্ষের একটা অঙ্গ রাজ্য হিসাবে আমাদের রাজ্যে শিল্পের জোয়ার এসে যাবে এমন একটা প্রত্যাশা থাকা ভাল কিন্তু সেটা কল্পনা বিলাসী হবে। যে কথা সৌগতবাবু বলেছেন, আমাদের মাটিতে দাঁড়িয়ে আমাদের রাজ্যের শিল্পের কথা ভাবতে হবে। আমরা যখন উদারিকরণের বিরোধিতা করি এবং যখন আমাদের রাজ্যে শিল্প স্থাপন কি করে করবো, এই বিষয়ে আলোচনা করি এই দুটির মধ্যে একটা গুরুত্বপূর্ণ পার্থক্য আছে। পার্থক্য হলো যে ভারতবর্ষ নীতি গ্রহণ করবে সেই নীতির চৌহদ্দির মধ্যে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলাকে কাজ করতে হবে। আমাদের রাজ্য সরকার পশ্চিমবাংলার চারপাশে এমন কোন পাঁচিল তুলতে পারে না যে পাঁচিল তুললে পরে এই নীতিকে কার্যকরী করা থেকে

বিরত থাকতে পারি। যখন সারা দেশের শিল্পগুলি প্রতিযোগিতার মুখে পড়ে একে একে ভেঙে পড়তে থাকবে আর তখন আমাদের রাজ্যের শিল্পগুলি বহাল তবিয়তে টিকে থাকবে, এগিয়ে যাবে এমন একটা কল্পনা করা আমার মনে হয় কোন বাস্তব সম্মত রাজনৈতিক ব্যক্তিত্ব তা মনে করে না। আমাদের রাজ্যের শিল্পের যে তথ্যের কথা অথবা বৃদ্ধির কোটেশান সৌগতবাবু তুলেছেন—সেটা হচ্ছে যে, আমাদের রাজ্যে হাজার হাজার শ্রমিক কর্মচ্যুত হচ্ছে।

[5.10 p.m.—5.20 p.m.]

ঠিকই তো, পশ্চিমবাংলা একদিন শিল্পোন্নত ছিল। সেদিন এখানে যে শিল্প গড়ে উঠেছিল তা ছিল শ্রম নিবিড় শিল্প। বৃহৎ ইঞ্জিনিয়ারিং শিল্পে হাজার হাজার শ্রমিক কাজ করতো। আমাদের যে পাট শিল্প, সেখানে হাজার হাজার শ্রমিক কাজ করতো। বিরোধী পক্ষের শোভনদেববাবু বলেছেন, পঙ্কজবাবু বলেছেন, পশ্চিমবঙ্গের ট্রাডিশন্যাল যে অবস্থা তা থেকে এই অবস্থা হলো কি করে ? আপনারা জানেন, পশ্চিমবাংলা কি করে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। আমাদের ইঞ্জিনিয়ারিং শিল্পের অন্যতম স্তম্ভ কি—আমাদের ওয়াগন। আমাদের সাইকেল ছিল, এম এ এম সি ছিল। আমাদের বার্ণ স্ট্যান্ডার্ড ছিল। আমাদের এই ধরনের ইঞ্জিনিয়ারিং শিল্প ছিল, যেগুলিকে কেন্দ্র করে অসংখ্য শিল্প গড়ে উঠেছিল। যে কারণে হাওড়াকে এক সময়ে শেফিল্ডের সঙ্গে তুলনা করা হতো। সেই সব শিল্প আজকে ভাঙনের মুখে এসে দাঁড়িয়েছে, ধ্বংসের মুখে এসে দাঁড়িয়েছে। এইসব শিল্প তীব্র প্রতিযোগিতার মধ্যে পড়েছে, তা থেকে এদের রক্ষা করা যাচ্ছে না। আমাদের হঞ্জিনিয়ারিং শিল্প এই জায়গায় এসে দাঁড়িয়েছে। আমাদের ইঞ্জিনিয়ারিং শিল্প—আমি মাঝে মাঝে বলি, আমি তথ্যের দিকে যাচ্ছি না।— আমাদের এখানে গত দশ বছরে যে শিল্প স্থাপন হয়েছে, তাতে কোথায় কি ধরনের বিনিয়োগ হয়েছে, তার ওপরে একটা পর্যালোচনা আমি করার চেষ্টা করেছি। এগুলো করেছি যে, কোন ধরনের শিল্প গড়ে তোলার জন্য শিল্পপতিরা বিনিয়োগ করতে চাইছেন, তাঁরা আসছেন। আমরা কি চাই তার ওপরে শিল্প হবে না। শিল্পপতিরা শিল্পের বাজার, প্রবণতা, প্রতিযোগিতা এইসব দেখে শিল্প স্থাপন করতে আসবেন। গত দশ বছরে আমাদের রাজ্যে যে শিল্প স্থাপন হয়েছে হলদিয়াকে বাদ দিয়ে, এটি রাজ্য সরকারের উদ্যোগে করেছেন। হলদিয়াকে বাদ দিয়ে পেট্রোকেমিক্যালসের বিশাল ইতিহাস। আমি তার মধ্যে যেতে চাইছি না। পেট্রোকেমিক্যালস এবং দুর্গাপুরের আধুনিকিকরণের জন্য যে ব্যয় হয়েছিল তাকে বাদ দিলে দেখবো, এই সময়ে সবচেয়ে বেশি বিনিয়োগ হয়েছে শতাংশের বিচারে ৩৩ শতাংশ, স্টীল, অ্যালয় আয়রণ, স্পঞ্জ আয়রণ, পিগ আয়রণ, মিনি স্টীল প্ল্যান্ট এই জায়গায়। এই জায়গাতে আমাদের বিনিয়োগটা এসেছে। কেন হলো ? এর দুটো কারণ আছে। আপনারা নিশ্চয়ই আমার সঙ্গে একমত হবেন—একটা হচ্ছে, যেটা নিয়ে আমরা বারবার বলে থাকি, উন্নয়নের এবং শিল্প পরিচালনার ক্ষেত্রে বড় দিক, সাফল্যের ক্ষেত্রে বড় যে সুবিধা তা পূর্বাঞ্চল পেয়েছে— পার্শিয়াল উইথড্রয়াল অফ ফ্রেট ইকোয়ালাইজেশন, মাসুল সমীকরণ যা প্রত্যাহার করা হলো তার জন্য আমাদের পূর্বাঞ্চলে এই ধরনের শিল্পেব যে সম্ভাবনা তাকে পুনরায় কিছুটা ফিরিয়ে দিয়েছে। তার প্রমাণ হচ্ছে গত দশ বছরে আমাদের এই বিনিয়োগের হার। আর দ্বিতীয় হচ্ছে, সারা ভারতবর্ষের তুলনায় এখানে সস্তায় বিদ্যুৎ পেয়েছে, অপেক্ষাকৃত সস্তায় বিদ্যুৎ পেয়েছে। বিদ্যুৎ নিয়ে অনেক আলোচনা হয়েছে। এটি আমার দপ্তরের অন্তর্ভূক্ত নয়, পাওয়ার নিয়ে

যেদিন আলোচনা হবে সেদিন বিদ্যুৎমন্ত্রী বলবেন। তারা উপলব্ধি করেছে। অন্ধ্রপ্রদেশ থেকে শিল্পপতিরা আসছে। এখানে একটা কাট মোশান এসেছে সেটা হচ্ছে—অন্য রাজ্য থেকে শিল্পপতিরা আসছে না। আমি একটা হিসাব করছিলাম, কারা কারা আসছে যারা বিনিয়োগ করছে। ইস্পাতের ক্ষেত্রে এসেছে। ফেরেওয়ালা তারা করেছে। যেগুলো পাওয়ার ইনটেনসিভ তাতে বিনিয়োগ করছে। সুতরাং পারসেপশানটা কি, রিলেটিভিটিটা কি ? এই দুটোর মধ্যে পার্থক্যটা কি সেটা আমাদের দেখতে হবে। পার্থবাবু বলেছেন, সৌগতবাবুও বলেছেন—সি আই আই, ওয়ার্ল্ড ব্যাংক রিপোর্টের ওপরে আমরা গুরুত্ব দিলাম কেন, কেন সেন্টার ফর ইন্ডিয়ান ইকনোমির রিপোর্টের ওপরে বারবার গুরুত্ব দিয়ে প্রচার করছি ওটা ভাল ? যেটা সব থেকে খারাপ সেটা নিয়ে আলোচনা করলে আমাদের মঙ্গল হবে। আমরা তা কেউ করি না, তবে সেটা আলাদা কথা। কিন্তু দুটি রিপোর্টের একটা মৌলিক পার্থক্য আছে। সেন্টার পর মনিটারিং ইন্ডিয়ান ইকোনমি কোন রাজ্যে কত বিনিয়োগ ইতিমধ্যে হয়েছে তার একটা পরিসংখ্যান দিয়েছেন। আর সি আই আই—ওয়ার্ল্ড ব্যাংকের যে রিপোর্ট তা কয়েকজন শিল্পপতিদের সঙ্গে জিজ্ঞাসাবাদ করে বলেছেন কোন রাজ্যে শিল্প সব থেকে বেশি। একটা হচ্ছে অন দি বেসিস অফ পারসেপশান এবং আরেকটা হচ্ছে অন দি বেসিস অফ রিয়েলিটি। আমাদের রাজ্য সরকার রিয়েলিটির উপরে বেশি গুরুত্ব দিয়েছি এবং সেটাই বেশি বেশি দেখাতে চেয়েছি। আমরা পারসেপশানের ওপরে গুরুত্ব কম দিয়েছি। আমরা জানি পশ্চিমবঙ্গ সম্পর্কে একটা পারসেপশানের সমস্যা রয়েছে। আর সৌগতবাবু যেটা বলেছেন সেটা হল মার্কেটিংয়ের বিষয়টা। রাজ্যে রাজ্যে গিয়ে বিভিন্ন মিডিয়া ব্যবহার করে আমরা আমাদের প্রচার তাদের কাছে কিভাবে করতে পারবো এই ব্যাপারে সৌগতবাবু যা বলেছেন আমি তাঁর সঙ্গে একমত। আজকে এই প্রতিযোগিতামূলক পরিবেশে মার্কেটিংয়ের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তবে শুধু বিজ্ঞাপন দিলে পরেই হাজার হাজার শিল্পপতি শিল্প করতে চলে আসবে তা আমরা মনে করি না। যারা শিল্প করতে আসবেন তারা কেবলমাত্র বিজ্ঞাপন, সংবাদপত্রে কত কলাম এবং কত এডিটোরিয়াল বেড়িয়েছে তার ওপর ভিত্তি করে তারা আসবেন না। তারা রিয়েলিটি, যেটা বাস্তব, সেটা বুঝবেন। আমরা সেই মেসেজটাকেই দেবার চেষ্টা করছি। সেই রিয়েলিটির উপরে আমরা পশ্চিমবঙ্গ একটা পরিস্থিতি তৈরি করার চেষ্টা করছি। সেই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে শিল্পপতিরা যদি বিনিয়োগ করে তাহলে তারা দেখবে যে এখানে একটা বিনিয়োগের অনুকূল আবহাওয়া রয়েছে এবং সেই অনুকূল আবহাওয়া তৈরি করাই হচ্ছে আমাদের কাজ। এই পটভূমিকাটি আমাদের বোঝার দরকার। আপনাদের কেউ কেউ বললেন যে "পশ্চিমবঙ্গেও তো কেন্দ্রের ঘটনা ঘটছে এবং আমাদের রাজ্যের অধীনস্থ শিল্পগুলো সম্পর্কে এখানে যে ব্যবস্থা গ্রহণ করছেন তাতে তো কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোন পার্থক্য থাকছে না।" এই কথা বলেছেন। সত্যি কি কোন পার্থক্য থাকছে না ? আপনারা বলুন তো ভারত সঞ্চার নিগম বিক্রি করে দেওয়া আর লিলি বিস্কুট বিক্রি করে দেওয়া কি একই সম্পর্ক ? তারপরে মারুতি উদ্যোগ বিক্রি করে দেওয়া আর তার সঙ্গে আমাদের এখানের কার্টার পুলার ডিসইনভেস্টমেন্ট বা যৌথ উদ্যোগে যাওয়া কি একই দৃষ্টিভঙ্গী, একই নজরে দেখছেন ? আপনারা আই পি সি এলের ক্ষেত্রে যে দৃষ্টিভঙ্গী নেবেন আর তার সঙ্গে আমাদের এখানের ছোট কারখানা, যে কারখানাগুলোর আগামীদিনে

আরও খারাপ অবস্থা হবে, সে ক্ষেত্রে কি দুটোকে একই দৃষ্টিভঙ্গীতে দেখবেন ? এই ব্যাপারে অবশ্য আমি আপনাদের সঙ্গে একমত হতে পারিনি। অপরেটিং প্রফিট হিসাবে যেটা দেখা যাচ্ছে তাতে তার অ্যাকুমুলেটেড লস আছে। হ্যাঁ, অ্যাকুমুলেটেড লস হচ্ছে। এবং কয়েকজন মাননীয় সদস্য এই ব্যাপারে বলেছেনও যে অ্যাকুমুলেটেড লস তার অনেক বেশি। কিন্তু এই অ্যাকুমুলেটেড লস থেকে বেরিয়ে আরও ভাল করে চালানোর একটা উদ্যোগ তো আমরা গ্রহণ করেছি। তারপরে বলেছেন কেন এই নীতি আমরা গ্রহণ করেছি। কেন এই নীতি গ্রহণ করেছি সেটা একটু বোঝার চেষ্টা করুন। এই যে আর্থিক উদার নীতি এর মূল লক্ষ্যটা কি— সরকার আর্থিক দিক থেকে একেবারে নিরপেক্ষ থাকবে এবং কোন আর্থিক কার্যক্রমে সরকার হস্তক্ষেপ করতে পারবে না। সরকারের কোন ইন্টারভেনশান শিল্পপতিদের ওপরে থাকবে না। শিল্পপতিরা যা চাইবে তাই হবে এবং তারাই অর্থনৈতিক দিকটা দেখবেন। তারপরে আমাদের সমালোচনা করা হয়েছে জয় ইঞ্জিনিয়ারিং বন্ধ হয়ে যাচ্ছে সরকার কি করছেন ? আমাদের সমালোচনা করা হচ্ছে একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে সরকার কি করছেন ? সরকারের তো কিছু করার নেই, আজকে যে নীতি গ্রহণ করা হয়েছে তাতে সরকারের চুপ করে থাকা ছাড়া গতি নেই। আজকে শিল্পপতিরাই নীতি প্রণয়ন করবেন এবং সেখানে অর্থনৈতিক ক্ষেত্রে শিল্পপতিরা যা করবেন সেটাই চূড়ান্ত হবে, সেখানে সরকার কোন হস্তক্ষেপ করতে পারবে না। বাজারই নীতি নির্ধারণ করে দেবে। বাজারই সব কিছুর নির্ধারণ করবে। যদি বাজারই সব কিছু নির্ধারণ করে তাহলে জয় ইঞ্জিনিয়ারিংকে বাঁচাতে পারব না। এই ব্যাপারে পঙ্কজবাবু বলেছেন যে জয় ইঞ্জিনিয়ারিং বন্ধ হয়ে যাচ্ছে আপনারা কি করছেন ? জয় ইঞ্জিনিয়ারিংয়ের মালিক বলেছেন যে চায়না থেকে স্পেয়ার পার্টস নিয়ে আসবেন এবং সেটা অ্যাসেম্বল করে যে বিক্রি করতে পারবেন সেটা আমাদের এখানকার দামে উৎপাদন করতে গেলে তার উৎপাদন খরচ অনেক বেশি পড়ে যাবে। সুতরাং আজকে এই যে অবস্থা এটা উপলব্ধি করতে হবে। তবে এরই মধ্যে আমরা প্রয়াস চালিয়ে যাচ্ছি।

[5.20 p.m.—5.30 p.m.]

আমরা কি চেষ্টা করছি না, আমরা কি এই সমস্ত কারখানাগুলি যাতে খোলা যায় তার জন্য কোন উদ্যোগ গ্রহণ করছি না ? আমরা জানি এখানে হাজার হাজার কোটি টাকা যুক্ত করার ক্ষেত্রে রাজ্য সরকারের কতটুকু সামর্থ্য আছে! আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে যেটা পারি, আপনারা সকলেই জানেন, রাজ্য সরকারের অর্থিক সীমাবদ্ধতার কথাটা তো নতুন করে বলার কথা নয়। পশ্চিমবাংলার কাছে এটা আলাদা কথাও নয়। আজকে সারা দেশে সমগ্র ক্ষেত্রে যে আর্থিক দুরাবস্থাটা দেখা দিয়েছে, প্রত্যেক রাজ্যে আজকে কি অবস্থা হয়েছে, তা আপনারা সকলেই জানেন। এই নিয়ে দিল্লিতে আলোচনাও হচ্ছে। আজকে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেখানে গিয়েছে প্রতিটি রাজ্যের অর্থমন্ত্রীরাও সেখানে গিয়েছেন, তারা আলোচনা করছেন কিভাবে এই সমস্যা মেটানো যায়। কেন্দ্রীয় সরকার যেভাবে ঋণ দেন এবং যে পরিমাণ সুদ নেন তাতে আমাদের কোষাগার ফাঁকা হয়ে যাচ্ছে। আমাদের রাজ্য সরকারের বিক্রয় কর হচ্ছে বড় আয়ের উৎস, আপনারা জানেন, প্রতিটি রাজ্যের সঙ্গে প্রতিযোগিতা চলছে। শিল্প স্থাপন করার শর্ত হচ্ছে বিক্রয় কর মুকুব করে দিতে হবে। ফলে রাজ্য

সরকারের আয়ের ক্ষেত্রেটা সঙ্কুচিত হচ্ছে। সারা পশ্চিমবাংলা, সারা ভারতবর্ষের তুলনায় এখানে স্টেট ডোমেস্টিক গ্রোথ আমাদের রাজ্যে বেশি। কিন্তু এর জন্য মূল কন্ট্রিবিউশান যেটা দরকার, আমাদের সেই মূল কন্ট্রিবিউশান হচ্ছে কৃষি। সেখানে আমাদেরকে পরিকল্পনা কমিশন বলছে, আপনাদের সকল ট্যাক্স জি ডি পি রেশিওর তুলনায় কম। তার কারণ, জি ডি পি-এর মেন কন্ট্রিবিউশান হচ্ছে কৃষি। আমাদের কৃষিতে মার্জিনাল এবং পুওর ফার্মারস সবচেয়ে বেশি। ফলে সেখান থেকে আমাদের ইনকাম জেনারেট করে যেটা সেটা কম। ফলে রাজ্য সরকারের আর্থিক দিকটাও উপলব্ধি করতে হবে। এই পরিস্থিতিতে দাঁড়িয়ে আমাদেরকে শিল্প নিয়ে চিন্তা-ভাবনা করতে হচ্ছে। ফলে আমরা শিল্পের ক্ষেত্রে যেটা করতে চাইছি, প্রয়োজনে করতে হচ্ছে, সেই শিল্পক্ষেত্রকে দুই ভাগে ভাগ করতে হচ্ছে। প্রথম ভাগ হচ্ছে, কোন শিল্পগুলিকে আমরা চালাতে পারবো না ? এখানে আমরা যেমন বলছি, সুন্দরবন সুগার বিট—এটা চলাতে পারবো না। অর্থাৎ যেদিন থেকে এটা শুরু হয়েছিল সেই দিন থেকে এক ছটাকও উৎপাদন হয়নি, কার্যত বন্ধ ছিল। তাই নিশ্চিতভাবে বলেছি, এটা বন্ধ করে দিতে হবে। আপনারা জানেন, ইন্ডিয়ান পেপার পাল্প বলে একটা কারখানা ছিল, এই কারখানাটা বেসরকারি মালিকানাধীনে ছিল। তারপরে, কেন্দ্রীয় সরকার সেটা অধিগ্রহণ করেন। কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করার পরে তারা বিনিয়োগ করেনি, তারা বলে কারখানা বন্ধ করে দেবে, তখন আশীর দশকের মাঝামাঝি সময়ে রাজ্য সরকার অধিগ্রহণ করেন ; রাজ্য সরকার সেই কারখানার মালিকানাকে কেন্দ্র করে আর্থিক প্রতিষ্ঠানের পক্ষ থেকে যে মামলা করা হয়, দীর্ঘ ১০ বচর মামলা চলার পর রাজ্য সরকার যখন অধিকার পায় তখন এক বছর পরে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ থেকে নির্দেশ আসে, এই পেপার পাল্পটি বন্ধ করে দিতে হবে। আজকে সেই কারখানা চালানোর অবস্থায় নেই। সেটা বন্ধ করতেই হবে। তারা কখনো সখনো কাগজের কাজ করতো, এখন সেটা চালানোর অবস্থায় নেই, বন্ধ করে দিতেই হবে, তাই আমরা সিদ্ধান্ত করেছি সেটা বন্ধ করে দেবো।

(এ. ভয়েস : আপনি যা বলছেন, এটা কিন্তু অন রেকর্ডস বলছেন, দুটি কারখানা বন্ধ করে দেবেন ?)

আমি বিধানসভায় যখন দাঁড়িয়ে বলছি, তখন জানবেন, আমরা সিদ্ধান্ত করেছি, সেই কারখানা আর চালাবো না, বন্ধ করে দেবো। আমরা দুটি কারখানাই বন্ধ করে দেবো। এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেছি। এটা হচ্ছে, আমাদের সিদ্ধান্ত, পরিষ্কার সিদ্ধান্ত।

(এ. ভয়েস : ওখানে কি অন্য কিছু হচ্ছে ?)

ওখানে কি হচ্ছে, এখনি সেটা আপনাদের কাছে আমি বলছি না, ওটা যদি মেটিরিয়ালাইজ করে তাহলে তখন আপনাদেরকে জানাবো।

এখানে যে দুটি ক্ষেত্রে আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি—আপনারা সকলেই জানেন এবং আপনারা সকলেই আমার সঙ্গে একমত হবেন, কার্যত এই দুটি কারখানা বন্ধই ছিল, শুধু আনুষ্ঠানিকভাবে আমাদের এই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। আমাদের যে আরও সিদ্ধান্ত আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম, কয়েকটি কারখানাতে বেশি পরিমাণে বিনিয়োগ করে সেই কারখানাগুলিকে আমাদের চালু রাখতে হবে। সেই পরিমাণ অর্থ বিনিয়োগ করার মত

সার্মথ্য আমাদের রাজ্য সরকারের নেই। আমরা স্ট্র্যাটেজিক বিজনেস এক্সপার্ট গ্রুপ তৈরি করেছিলাম, সেই এক্সপার্ট গ্রুপকে আমরা বলি, আপনারা সমীক্ষা করে বলুন কোন কোন কারখানাগুলিতে বেসরকারি উদ্যোগ আমরা ঢোকাতে পারি বা যৌথ উদ্যোগে যেতে পারি। তারা কতগুলি সুপারিশ করেছেন, তবে সবগুলি সম্পর্কে তারা সুপারিশ করেননি। আমাদের দপ্তরে যে কটি শিল্প সম্পর্কে তারা সুপারিশ দিয়েছেন তার মধ্যে ছয়টির সম্পর্কে তারা বলেছেন এইগুলির ক্ষেত্রে আমাদের যৌথ উদ্যোগে যাওয়া চেষ্টা করতে হবে। সেই ছয়টি শিল্পের নাম আমি বলে যাচ্ছি, যেমন—ওয়েস্ট বেঙ্গল প্লাইউড, কাটারপুল ইঞ্জিনিয়ারিং, লিলি বিস্কুট, শালিমার ওয়ার্কস, নিও পাইপস্ লিমিটেড এবং ওয়েস্ট বেঙ্গল কেমিক্যালস ইন্ডাস্ট্রিস লিমিটেড। এই কটি ছাড়া এখনও পর্যন্ত তারা আর কোন রিপোর্ট আমাদের দেননি। মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি জানাচ্ছি, এই নিয়ে নানান সংবাদপত্রে সংবাদ প্রকাশিত হচ্ছে, নানান ধরনের বিভ্রান্তি তৈরি হচ্ছে,, নানা ধরনের গল্প তৈরি হচ্ছে, নানা রকম কনফিউশান তৈরি হচ্ছে, সেই জন্য এই বিধানসভায় দাঁড়িয়ে এই সিদ্ধান্তের কথা আপনাদের জানাচ্ছি। এইসব কারখানাগুলিতে বেসরকারি বিনিয়োগ করে এই কারখানাগুলি ভালোভাবে চালানোর উদ্যোগ আমরা নিতে চাই।

(ভয়েস : এখানে কত পারসেন্ট বেসরকারি বিনিয়োগ হবে ?)

এটা আমরা ঠিক করব বিনিয়োগকারীর সঙ্গে কথাবার্তা বলে।

**মিঃ স্পীকার** : এই আলোচনাটা শেষ হওয়ার কথা ছিল ৫.৩০ মিনিটে, কিন্তু সময় সঙ্কুলান না হওয়ার জন্য সভায় সময় আরও তিরিশ মিনিট বাড়ানো হচ্ছে।

(সকলের সম্মতি নিয়ে সভার সময় আরও আধ ঘণ্টা বাড়ানো হয়।)

**শ্রী নিরুপম সেন** : এই প্রসঙ্গে আমি আপনাদের কাছে বলি, গত বাজেটে লিখিত বক্তৃতায় আমি বলেছিলাম শ্রমিক স্বার্থের ক্ষেত্রে আমরা কি করব। এটাই আজকে সব থেকে গুরুত্বপূর্ণ প্রশ্ন। যেসব কারখানায় এই রকম পজিশান হবে, সেইসব কারখানাগুলিতে শ্রমিক উদ্বৃত্ত হবে। সেখানে আমরা কি সিদ্ধান্ত নেব ? একটা সিদ্ধান্তের কথা আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম, কিন্তু সেটাও পরবর্তীকালে বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে আমরা ঠিক করেছি, অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি হয়ে যারা থাকতে চাইবেন তাদের রি-ডিপ্লয়মেন্টের চেষ্টা আমরা করব। কিন্তু আমাদের এই কারখানাগুলি বেশিরভাগই পুরোনো, এই কারখানাগুলিতে বেশিরভাগ শ্রমিকের বয়সই পঞ্চাশের বেশি। ফলে এই সমস্ত কারখানার শ্রমিকদের রি-ডিপ্লয়মেন্ট করা সম্ভব নয়। এখানে একটা বাস্তব অসুবিধা আছে, এই পটভূমিতে দাঁড়িয়ে আমাদের এইভাবে দেখলে সেটা বাস্তবোচিত হবে না। তাদের ক্ষেত্রে আমরা এমন একটা প্যাকেজ করতে চাই, বর্তমানে তারা বেতন যা পাচ্ছেন সেই বেতনের কাছাকাছি বেতন তারা পাবেন। তার সঙ্গে কিছু স্বাস্থ্য সম্পকির্ত বিষয় এবং কিছু ইনসিওরেন্স স্কীম যাতে করা যায়, যাতে তাদের সেফটিনেস ভালোভাবে দিতে পারি তার একটা বন্দোবস্ত আমরা করব। যখন এটা চূড়ান্ত করব, তখন আপনাদের কাছে এই কথা বলতে পারব। এর সঙ্গে আমরা আর একটা পরিকল্পনা গ্রহণ করেছি, যাদের বসয় অল্প, কিন্তু তারা উদ্বৃত্ত নানান কারণে হয়ে যেতে পারে। সেই সব ক্ষেত্রে তাদেরকে আমরা রি-ট্রেনিং এবং রি-স্কিলিং করার একটা মেকানিজম আমরা করেছি, যাতে সেল্ফ এমপ্লয়মেন্টে আমরা সাহায্য করতে পারি।

[5.30 p.m.—5.40 p.m.]

এই একটি প্রক্রিয়া আমরা গ্রহণ করতে চাই, তার ভিত্তিতেই আমরা সামগ্রিকভাবে আমাদের রাজ্যে সরকার অধিগৃহীত শিল্প সম্পর্কে এই দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে চাই। মাননীয় সদস্যগণ আপনারা জানেন যে, আমাদের রাজ্য সরকারের অধিগৃহীত শিল্প সবগুলোই ছিল বেসরকারি মালিকানাধীন, মাত্র দু-একটি শিল্প রাজ্য সরকার নিজের উদ্যোগে গঠন করেছিল। যখন বেসরকারি মালিকানাধীন শিল্পগুলো একেবারে রুগ্ন হয়ে পড়ে, তখনই রাজ্য সরকার শ্রমিকদের কথা বিবেচনা করে সেইগুলো অধিগ্রহণ করেন। কিন্তু বর্তমান নয়া উদার নীতির উপর দাঁড়িয়ে যে সংকটের মধ্যে আমরা আছি, তাতে মনে করি দীর্ঘদিন ধরে এটা চালিয়ে যাওয়া সম্ভব নয়। বরং আমাদের যেটা লক্ষ্য হওয়া উচিত, সেটা হচ্ছে এই যে সমস্ত কারখানাগুলো কলকাতা এবং তার পার্শ্ববর্তী এলাকায় অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকায় আছে, সেইগুলোকে নতুন করে পুনর্জীবিত করার প্রয়াস আমরা নিতে পারব। এবং সেই জায়গায় অর্থনৈতিক ক্ষেত্রটিকেও ভালো করে ব্যবহার করতে পারব। অন্যান্য শিল্প, সেগুলোকে সরকারি অধীনে রাখব, সেইগুলিকে পুনর্জীবিত করার জন্য কতগুলি পদক্ষেপ আমরা গ্রহণ করব, তার মধ্যে আর্থিক পুনর্গঠন, শ্রমশক্তি বিন্যাস, এসব থাকবে।

(গোলমাল।—এই সময় তৃণমূল কংগ্রেস বিধায়করা চিৎকার করে কিছু বলতে থাকেন)।

এই সামগ্রিক নীতির উপর দাঁড়িয়ে আমরা মনে করি যে, আমাদের রাজ্যে শিল্পায়নের ক্ষেত্রে একটি নতুন পদক্ষেপ হিসাবে আমরা গ্রহণ করতে পারব। মাননীয় সদস্যগণ, যারা আপনারা কেন্দ্রীয় সরকারকে সমর্থন করেন, জানবেন তাদেরই এই নীতি গ্রহণ করে এরকম জায়গায় যেতে বাধ্য করছেন।

(এই সময় তৃণমূল কংগ্রেস সদস্যরা শ্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন)।

মাননীয় সদস্যগণ আরও দু-একটি প্রশ্ন তুলেছেন। সেই সম্পর্কে দু-একটি তথ্য আপনাদের সামনে দিই। যেমন, আমাদের রাজ্য সরকার এই সময়কালের মধ্যে শিল্প পুনর্গঠনের দায়িত্বে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল রিভাইভ্যাল স্কিম-২০০০ তৈরি করেছিলাম। ইতিমধ্যে কয়েকজন সদস্য কিছু তথ্য দিয়েছেন, আমার মনে হয় সেগুলো ঠিক নয়। আমরা ২০০০-০১ সালে ৪টি ইউনিটকে রিভাইভ্যালের জন্য ৪ কোটি ২৩ লক্ষ টাকা দিয়েছি। ২০০১-০২ সালে ৭ কোটি ২৮ লক্ষ টাকা দিয়েছি। ২০০২-০৩ সালের মে মাস পর্যন্ত ৫টি ইউনিটকে ৩ কোটি ১২ লক্ষ টাকা দিয়েছি। মোট ১৪ কোটি ৬৩ লক্ষ টাকা ইন্সেন্টিভ স্কিমে দিয়েছি। আমরা আরও কয়েকটি শিল্পকে নেওয়ার ক্ষেত্রে এই সিদ্ধান্ত গ্রহণ করেছি। আমরা আমাদের ইন্সেন্টিভ স্কিমে কিছু রুগ্ন শিল্পকে বাঁচানোর জন্য আমাদের সীমিত সামর্থ্যের মধ্যেও যথাসাধ্য চেষ্টা করছি।

একটা প্রশ্ন উঠেছে হলদিয়া ডাউন স্ট্রীম নিয়ে। মাননীয় সদস্যরা বলেছেন হলদিয়াতে চারটে শিল্প আছে। আমি আগেও বলেছি, আমাদের রাজ্যে হলদিয়া পেট্রোকেমিক্যালসে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। এই সময়ের মধ্যে হলদিয়া ডাউন স্ট্রীমে ৫৪৩টি হয়েছে ১৯৯৮ থেকে ২০০২ সালের এপ্রিল, মে মাসের মধ্যে আমাদের রাজ্যে এবং বাইরে। এর মধ্যে ৫০৮টি আমাদের রাজ্যে, বাকিগুলো বাইরের রাজ্যে। এর মধ্যে ক্ষুদ্র শিল্প হয়েছে ৪৯৩টি, মিডিয়াম স্কেলে হয়েছে ৪৬টি এবং লার্জ স্কেলে হয়েছে ৪টি। ৪৯৩টি ক্ষুদ্র শিল্পের মধ্যে পশ্চিমবাংলায়

হয়েছে ৪৭৫টি, মাঝারি ৪৬টির মধ্যে পশ্চিমবাংলায় হয়েছে ২৯টি এবং লার্জ স্কেলের ৪টির মধ্যে ৪টিই হয়েছে পশ্চিমবাংলায়। হলদিয়া পেট্রো-কেমিক্যালসে নিচের দিকে যে শিল্প গড়ে তোলার সুযোগ ছিল আমার মনে হয় এই অল্প সময়ের মধ্যে সে ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য পাওয়া গেছে। অনেক মাননীয় সদস্য হলদিয়া পেট্রোকেমিক্যালসের সাফল্য নিয়ে আশঙ্কা প্রকাশ করেছেন। আমি তাদেরকে এই বলে আশ্বস্ত করতে চাই যে, শঙ্কার কোনও কারণ নেই। কারণ হলদিয়া পেট্রোকেমিক্যাল একটা আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান আমাদের রাজ্যে গড়ে উঠেছে। ইতিমধ্যে এরা সারা ভারতবর্ষে উল্লেখযোগ্য পরিমাণে বাজার দখল করেছে। এর প্রোডাক্ট উন্নতমানের হিসাবে প্রমাণিত হয়েছে। আমি আশা করি যে, মাননীয় সদস্যের কাছে এই কথা বলতে পারব যে, হলদিয়ায় এখন আর্থিক ক্ষেত্রে যে সমস্যা আমাদের আছে, সেই সমস্যা আমরা অতিক্রম করতে পারব। আমি আশা করি আমার বক্তব্য প্রায় শেষ করে এনেছি। আমাদের রাজ্য আজকে যে পরিস্থিতির মধ্যে আছে, সেই পরিস্থিতির পটভূমিতে দাঁড়িয়ে শিল্পায়ন আমাদের সামনে একটা বড় চ্যালেঞ্জ। এই কথা সকলেই মনে করে বিশেষ করে সারা ভারতে শিল্পায়নের ক্ষেত্রে একটা মন্দা পরিস্থিতি চলছে উদারীকরণ নীতির ফলে তার পটভূমিতে দাঁড়িয়ে শিল্পায়নের কাজ কঠিন এবং জটিল। রাজ্যের মানুষ আমাদের উপর আস্থা জ্ঞাপন করেছে। মানুষ মনে করে আমরা এই রাজ্যে সেই কাজ করে উঠতে পারব। আমি আশ্বস্ত করতে চাই আগামীদিনে সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমাদের যতটুকু সামর্থ্য আছে, সেটুকু উজাড় করে দিয়ে আমাদের রাজ্যের শিল্পের বিকাশের জন্য চেষ্টা করব যাতে আগামীদিনে সারা দেশের শিল্পের মানচিত্রে আবার প্রথম স্থানে আসতে পারে। এই কথা বলে বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 24

**Mr. Speaker :** Now voting on Demands for Grants Demand No. 24. There are 9 cut motions to Demand No. 24. All the motions are in order and taken as moved. I put all the motions to vote.

The motions that the Amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 19,84,50,000 be granted for expenditure under Demand No. 24, Major Head : "2058-Stationery and Printing" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 6,61,50,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

## Demand No. 53

**Mr. Speaker :** Now Demand No. 53. There are 8 cut motions to demand No. 53. All the motions are in order and taken as moved. I put all the motions to vote.

The motions that the Amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,30,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "4407 Capital Outlay on Plantations and 6407 Loans for Plantations" during the year 2002-2003.

(This is inclusive of a total sum ofRs. 1,10,00.000 already voted in March,2002).

Was then put and agreed to.

**Demand No. 75**

**Mr. Speaker :** There are 12 cut motions to Demand No. 75. All the motions are in order and taken as moved. I put them to vote.

The motions (nos. 1-3) that the Amount of the Demand be reduced to Re. 1, were then put and lost ; and

The motions (nos. 4-12) that the Amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 122,35,17,000 be granted for expenditure under Demand No. 75, Major Head :"2852-Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industries and Foods & Beverages)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 40,78,39,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

[5.40 p.m.—5.50 p.m.]

**Demand No. 76**

The motions of Shri Kamal Mukherjee and Shri Ashok Kumar Deb that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,63,74,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferroud Mining and Metallurgical Industries" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 1,21,25,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 87**

The motions of Shri Kamal Mukherjee that the amount of the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 9,23,95,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : "5465—Investments in General Financial and Trading

Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 3,07,98,000 already voted on account in March, 2000)

Was then put and agreed to.

**Demand No. 93**

The motions of Shri Kamal Mukherjee and Shri Ashok Kumar Deb and Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 34,61,00,000 be granted for expenditure under Demand No. 93 Major Heads : "4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertaking), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings) during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 11,53,66,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 94**

The motions of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.9,25,00,000 be granted for expenditure under Demand No. 94, Major Heads : "4859—Capital Outlay on Telecommunication & Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 3,08,33,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 95**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,73,00,000 be granted for expenditure under Demand No. 95, Major Heads : "4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertaking and Closed & Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industires (Escluding Public Undertaking and Closed & Sick Industries and Foods & Beverages), 6857—Loans for Chemical and Pharmaceutical Industies

(Excluding Public Undertakings and Closed & Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings nd Closed & Sick Industries and Foods & Beverages)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 9,24,33,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 96**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,87,11,000 be granted for expenditure under Demand No. 96, Major Heads : "6875—Loans for Other Industries (Excluding Closed & Sick Industries) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed & Sick Industries)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 2,62,37,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 97**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 45,00,000 be granted for expenditure under Demand No. 97, Major Heads : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed & Sick Industries)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 15,00,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 74**

The Motions of Shri Nirmal Ghosh, Dr. Ratna De (Nag), Shri Kashinath Mishra, Shri Kamal Mukherjee, Shri Ashok Kumar Deb, Shri Deba Prosad Sarkar and Shri Moloy Ghatok that the amount of the Demand be reduced by Rs.100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 21,00,59,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed

and Sick Industries), and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 7,00,19,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 92**

The Motion of Sri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 92,98,79,000 be granted for expenditure under Demand No. 92, Major Heads : "5075—Capital Outlay on Other Transport Services (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—Loans for Consumer Industries (Public Undertakings)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 30,99,60,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Demand No. 56**

The motion of Shri Abdul Mannan, Shri Kamal Mukherjee, Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,49,92,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads : "2401—Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 2852—Industries (Foods and Beverages), 4401—Capital Outlay on Crop Husbandry (Horticulture and Vegetable Crops), 4860—Capital Outlay on Consumer Industries (Foods and Beverages) and 6860—Loans for Consumer Industries (Foods and Beverages)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 9,16,63,000 already voted on account in March, 2002)

Was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5.48 p.m. till 11 a.m. on Thursday, the 13th June, 2002 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 13th June, 2002 at 11.00 a.m.

**PRESENT**

**Mr. Speaker** (Shri Hashim Abdul Halim) in the Chair, 15 Ministers, 08 Ministers of State and 180 Members.

[11.00—11.10 a.m.]

## Held over Starred Question
## (to which oral answer was given)

### কলকাতায় উচ্ছেদপ্রাপ্তদের বাসগৃহ

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নির্মীয়মাণ নতুন নগরে কলকাতায় উচ্ছেদপ্রাপ্ত নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষদের জন্য বাসগৃহ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা রূপায়নের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**শ্রী গৌতম দেব** :

(ক) হ্যাঁ।

(খ) "হিডকো" কর্তৃপক্ষ ইতিমধ্যে এই উদ্দেশ্যে ৫২টি আবাসন-গৃহ নির্মাণের কাজ হাতে নিয়েছে এবং নির্মাণকার্য প্রায় সমাপ্তির পথে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রী মহাশয়, 'নিউ টাউন' করার জন্য যারা সেখান থেকে উচ্ছেদপ্রাপ্ত হয়েছেন তাদের পুনর্বাসনের পরিকল্পনা আপনি নিয়েছেন এবং ইতিমধ্যে ৫২টি আবাসন-গৃহ নির্মাণের কাজ হাতে নিয়েছেন এবং তা প্রায় সমাপ্তির পথে বলে জানিয়েছেন। আমি জানতে চাইছি, 'নিউ টাউন'-র জন্য কত মানুষকে সেখান থেকে চলে যেতে হয়েছিল এবং তাদের সকলের পুনর্বাসনের কাজ কতদিনের মধ্যে সম্পূর্ণ করা যাবে ?

**শ্রী গৌতম দেব** : আমরা পর্যায়ক্রমে এই নতুন শহর নির্মাণের কাজ করছি। 'প্রথম পর্যায়ে' যেটার নামকরণ করা হয়েছে অ্যাকশন এরিয়া-১ সেটা প্রায় সল্ট লেকের মতো। সেখানে যে জমি অধিগ্রহণ করা হয়েছে তার মধ্যে ঘর পড়েছিল ৩১১টা। বাকি পর্যায়গুলো—অ্যাকশন এরিয়া-২, অ্যাকশন এরিয়া-৩—ক্রমে ক্রমে হবে। এগুলো ধরলে আনুমানিক আরো ৫০০টা ছোট ছোট ঘর এর মধ্যে আছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : 'হিডকো' যে কাজ করছে,—তারা কি এই পুনর্বাসনের ক্ষেত্রে প্রত্যক্ষভাবে ঋণ দেওয়া বা বাসগৃহ নির্মাণের জন্য সাহায্য করা এই রকম কিছু রাজ্য সরকারের কাছে পেশ করেছেন ?

**শ্রী গৌতম দেব** : আমি সম্ভবত এই হাউসে আগে কোনো বিষয়ে আলোচনা করতে গিয়ে বলেছি যে, এই নতুন শহর যেটা করা হচ্ছে প্রকৃতপক্ষে অনেকগুলো বিষয়ে নতুনত্ব হবে, যেটা আমাদের এখানে কোথাও নেই। সারা দেশের সকলে এটা দেখতে পাবেন। পুনর্বাসনের প্রশ্নে এখানে নতুনত্ব হবে যেটা একটা ফ্যাক্ট। প্রায় এই যে ৩১১টা ছোট ছোট কুঁড়েঘর পড়ছে তার মধ্যে ৭টা ঘরের আর.সি.সি. ছাদ আছে। বাকি ৩০৪টা কুঁড়েঘরের কাউকে আমরা ঠিক করেছি ততক্ষণ তুলব না যতক্ষণ পর্যন্ত না তাদের বিকল্প ব্যবস্থা করে দিতে পারছি এবং সেখানে তাদের ঢোকাতে পারছি। সেইভাবে প্রথমে ৫৬টা এই রকম ঘর তুলতে হবে। যার একটাও আমরা তুলিনি। সেই ৫৬টা পাকা বাড়ির একটা প্রায় শেষ হয়ে এসেছে, ১/২ মাসের মধ্যে শেষ হবে। কেন্দ্রীয় প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যান মিঃ কে. সি. পন্থ এসেছিলেন, তাঁকে দিয়ে কাজ আমরা শুরু করিয়েছিলাম। সেই বাড়িগুলোর শেষ হলে ২-৩ মাসের মধ্যে এই ৫৬টি পরিবার সেই পাকা বাড়িতে ঢুকবেন, তারপর তাঁদের কুঁড়েঘর সরাবো এবং এখানে প্রতিটি বাড়ি বানাতে আড়াই লক্ষ টাকা খরচা হচ্ছে। এখানে গরীব যাঁরা আছেন ছোট ছোট ঘরে তাঁদের ল্যান্ডের জন্য ৪০ হাজার টাকা করে সাবসিডি দিচ্ছি এবং বাকি টাকা তাঁরা ইন্সটলমেন্ট দেবেন। তাঁদের যাতে অসুবিধা না হয় তার জন্য ব্যাংক বা ফিনানশিয়াল অর্গানাইজেশনের সঙ্গে আমরা কথা বলছি, ব্যাংক বা ফিনানসিয়াল অর্গানাইজেশন তাঁদের লোন দেবেন এবং তাঁরা সেই লোন ৮-১০ বছর ধরে শোধ করবেন। আশা করি এই ৫৬টি পরিবার পুজোর আগে এই নতুন বাড়িতে ঢুকতে পারবেন। শুধু তাই নয়, এই বাড়িগুলোর কি ডিজাইন হবে তার জন্য আমরা আর্কিটেকদের নিয়ে ৪-৫ রকমের ডিজাইন করেছিলাম, এই ৫৬টি পরিবারকে নিয়ে আমরা মিটিং করি এবং তাঁরা যে ডিজাইন পছন্দ করেছেন সেই ডিজাইন আমরা করেছি, ঐ ৫৬টি পরিবারের সামনে লটারি করেছি যে, কোনটা কার ফ্ল্যাট হবে তার জন্য। ঐ ৫৬টি পরিবার প্রথমদিন থেকে জানে যে কোনটা কার ফ্ল্যাট। হিডকোর ইঞ্জিনিয়াররা বাড়ি করছেন। বাড়ির কাজগুলো দেখে নিয়েছে, কোথাও কোনো অসুবিধা হচ্ছে কিনা সেগুলো তাঁরা দেখে নিয়েছেন।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : এই যে কাজগুলো আপনি করছেন, এটা গুরুত্বপূর্ণ, যথাযথ এবং মানবিক। এছাড়া যাদের জমি নিচ্ছেন নগর করার জন্য তাদেরকে কি কি সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে ?

**শ্রী গৌতম দেব** : জমি প্রচুর। আমাদের সল্ট লেকের ৩ গুণ জমি আছে। প্রায় ২৫ হাজার বিঘা জমি, তার মধ্যে ১০ হাজার থেকে সাড়ে ১০ হাজার বিঘা জমি ইতিমধ্যে আমাদের হাতে এসেছে, বাকিটা নানা পদ্ধতির মধ্যে দিয়ে আসবে। ওখানে কৃষকদের মধ্যে সাড়া পাচ্ছি। এর জন্য লাঠি, গুলি চালানোর দরকার হয়নি। কৃষকদের সাথে কথা বলে একটা কমিটি করেছি, এতে আগে মাননীয় রবীন মণ্ডল মহাশয় ছিলেন, এখন তৃণমূল কংগ্রেসের এম. এল. এ আছেন, ওখানে ব্লক পঞ্চায়েত সমিতিতে তৃণমূল কংগ্রেস জিতেছেন তার চেয়ারম্যান আছেন, সি. পি. এমের জেলা পরিষদের মেম্বার আছেন, ওখানকার মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন, সরকারি অফিসাররা আছেন, সবাই মিলে বসে কোন মৌজার দাম কি হতে পারে এই ব্যাপারে তাঁরা কৃষকদের সাথে বসে একটা সুপারিশ গ্রহণ করেছেন, কোথাও কোথাও কৃষকরা দাম বাড়িয়ে বলেছেন। সবার সাথে আলাপ-আলোচনা করে যে দাম স্থির হয়েছে সেটা আমরা

অ্যাকসেপ্ট করেছি, কৃষকদের কাছ থেকে জমি কিনেছি, তাঁরা দলিল দিয়েছেন। সরকার যে অ্যাক্যুইজিশন করেছেন, সরকারও সেখানে কালেক্টর অফিসে, আলাপ-আলোচনার মাধ্যমে যে দাম ঠিক হয়েছে, সরকারও সেখানে কালেক্টর অফিসে এই দামকে তার বেসিস রেখেছেন। এই দাম যে ন্যায্য সেটা মাঠের মানুষ, কৃষক বুঝতে পেরেছেন। দ্বিতীয়ত, এটা আগের মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন, বর্তমান মুখ্যমন্ত্রী মাননীয় শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ও প্রতিনিয়ত খোঁজ নিচ্ছেন। এখানে কৃষকদের জমি নিচ্ছি এবং তাঁদের ন্যায্য দাম দিচ্ছি—সেখানেই ফুল স্টপ ফেললে হবে না। আর কি করা হবে সেটাও আমরা চেষ্টা করছি। এটাও একটা নতুন জিনিষ, নিউ বোম্বেতে কিছু চেষ্টা হয়েছে, সেটাকে বলা হয়েছে প্রোজেক্ট অ্যাফেকটেড পার্সন। যারা ল্যান্ড লুজার কম্পিউটারে তাদের নামের তালিকা আমরা রেখেছি। প্রত্যেক ল্যান্ড লুজারের একজন করে ছেলে অথবা মেয়েকে নিয়ে কো-অপারেটিভ করেছি, ২০টি কো-অপারেটিভ যুক্ত হয় গেছে, ১ হাজার ছেলেমেয়ে ১৮টা কো-অপারেটিভে যুক্ত হয়েছে, এই কো-অপারেটিভগুলোতে লক্ষ লক্ষ টাকার কাজ দিয়েছি, এই কাজগুলো করার জন্য বেশি দক্ষতার দরকার হবে না। সব কিছু শুনে তাঁরা সেখানে করছেন। এই কো-অপারেটিভগুলির মাধ্যমে আমরা এই কাজগুলি করছি। ফলে আমি আশা করি আপনি বুঝতে পারছেন ল্যান্ড দেয়ার সাথে সাথে অন্যভাবেও আমরা গরীব মানুষদের, বেকার যুবকদের সাহায্য করার চেষ্টা করছি। তৃণমূলের এম. এল. এ. ওখানে আমাকে একটা কো-অপারেটিভের নামের তালিকা দিয়েছেন এবং সেই কো-অপারেটিভ কাজ পাচ্ছে। আমরা বলেছি যে দলের ছেলেমেয়েই হোক তাদেরই বড় কন্টাক্টরের বদলে কাজ দেওয়া হবে—খাল কাটার কাজ, মাটি ফেলার কাজ, পাঁচিল দেয়ার কাজ, বিভিন্ন আনস্কিলড্ কাজ, ২ লক্ষ—৫ লক্ষ টাকার কাজ তাদের দেয়া হবে। ইতিমধ্যেই প্রায় ১ হাজার ছেলেমেয়ে এই সব কাজে যুক্ত হয়েছে। আরও ছেলেমেয়েকে এই সব কাজ দেওয়া হবে।

[11.00—11.20 a.m.]

**শ্রী সাধন পাণ্ডে** : মাননীয় মন্ত্রী মহাশয়, প্রশ্নটা ছিল কলকাতায় উচ্ছেদপ্রাপ্তদের বাসগৃহ সংক্রান্ত। আপনি উত্তরগুলো দিলেন রাজারহাট ডেভেলপমেন্টের ব্যাপারে। অথচ মূল প্রশ্নটা ভেরি সিরিয়াস প্রশ্ন—আপনার দপ্তর, আর্বান ডেভেলপমেনয দপ্তর, সেচ দপ্তর ইত্যাদি সবাইকে নিয়ে।

**শ্রী গৌতম দেব** : আপনি ভুল করছেন। লেখাটা আমি পেয়েছি। আসলে প্রশ্নটা করা হয়েছে "নিউ কলকাতা"-র বিষয়ে, নট ক্যালকাটা। আমার সে রকমই মনে হয়েছে এবং সেভাবেই আমি উত্তর দিয়েছি।

**শ্রী সাধন পাণ্ডে** : আমার প্রশ্নটা হচ্ছে, যে মানুষরা আজকে বিভিন্ন ক্ষেত্রে কলকাতা থেকে উচ্ছেদ হচ্ছে—রেলের ধার থেকে মানুষকে উচ্ছেদ করা হচ্ছে, বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন কারণে মানুষকে উচ্ছেদ করা হচ্ছে। এই সমস্ত উচ্ছেদপ্রাপ্ত মানুষদের বাসগৃহ দেয়ার ব্যাপারে সরকারের কি পলিসি আছে ? আমরা দেখছি এদের বিষয়ে দু'রকম পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সাহায্যে যে প্রকল্পগুলি রূপায়িত হচ্ছে সেসব ক্ষেত্রের জন্য একটা ছোট ক্লজ আছে—উচ্ছেদ করা ব্যক্তি রিহ্যাবিলিটেশন পেয়ে যাবে। আর

একটা স্কীমে যখন হাডকো থেকে টাকা নেয়া হচ্ছে তখন এই কথাটা অফিসাররা ঢুকিয়ে দিচ্ছে না যে উচ্ছেদের ক্ষেত্রে কি রিহ্যাবিলিটেশন স্কীম হবে। অথচ কলকাতায় দু ধরনের স্কীমেরই কাজ চলছে। আমার প্রশ্ন হল কেন্দ্রীয় সরকারের 'বাল্মীকি আম্বেদকর আবাসন যোজনা' খাতে প্রচুর টাকা আছে, কিন্তু রাজ্য সরকার তা খরচ করতে পারছে না—কেন্দ্রীয় সরকার গরীব মানুষদের আবাসনের জন্য টাকা দিচ্ছেন, রাজ্য সরকার তা খরচ করতে পারছেন না কেন ? আমি রাজারহাটের কথা বলছি না, কলকাতার আশপাশে ডানকুনি প্রভৃতি জায়গায় বাড়ি তৈরি করে দেওয়া যায়, এ বিষয়ে আপনার দপ্তর কোনো পরিকল্পনা নিয়েছে কি ? বিভিন্ন ক্ষেত্র থেকে যারা আইডেনটিফাই উচ্ছেদপ্রাপ্ত ব্যক্তি—এ রকম ২/৪ হাজার ব্যক্তি রিহ্যাবিলিটেশন-এর জন্য, বাসগৃহ করার জন্য কেন্দ্রীয় সরকার আর্বান পুয়োর প্রোজেক্টে, রুরাল পুয়োর প্রোজেক্টে টাকা দিচ্ছেন, সেই টাকা খরচ করে বাসগৃহ করে দেওয়ার ব্যবস্থা আছে কি ? যদি থাকে তাহলে তা কত দিনের মধ্যে এক্জিকিউট হতে পারে বলে আপনি মনে করছেন ?

**শ্রী গৌতম দেব** : নিউ টাউন (কলকাতা)-র উচ্ছেদপ্রাপ্তদের বিষয়ে প্রশ্নটা ছিল, ভাষা যাই হোক না কেন। এটাই আমি বুঝেছি এবং সে অনুযায়ী উত্তর দিয়েছি। উনি যেটা বললেন তার উত্তর আমি দিতে পারব না, তা নয়। তবে এটা মূলত মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের প্রশ্ন। বাল্মীকি প্রোজেক্টের কাজ ইউ ডি ডিপার্টমেন্ট এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট করছে। কলকাতা শহরে নানান বড় বড় কাজের জন্য যাদের উচ্ছেদ করা হচ্ছে আর্বান ডেভেলপমেন্ট ডিপাটমেন্ট তাদের রিহ্যাবিলিটেশনের জন্য নিউ টাউন বা অন্যত্র চিন্তাভাবনা করছে। বাল্মীকি প্রোজেটের কাজও হচ্ছে। এ ছাড়াও আমরা গরীব দুঃস্থ মানুষদের জন্যও বাড়ি করছি। ই. ডব্লু. এসের জন্য ৯২৬টি ফ্ল্যাট তৈরি হচ্ছে। পুজোর মধ্যেই কমপ্লিট হবে। ১ লক্ষ ১০ হাজার থেকে ১ লক্ষ ১৫ হাজার টাকা করে ফ্ল্যাট হচ্ছে। চমৎকার ফ্লোর, মোজাইক করা মেঝে খুবই সুন্দর। এর একটা অংশ গরীবদের জন্য বরাদ্দ রাখছি। প্রশ্ন যেটা আছে, যেখানে খাল কাটছে, পাতাল রেল বানাচ্ছে এবং এর জন্য যারা উচ্ছেদ হচ্ছে তাদেরকে কিভাবে দেবার ব্যবস্থা করছি। এটা উনি দেখে উত্তর দিলে ভাল হয়। সেখানে হাউসিং ডিপার্টমেন্টের করণীয় কিছু থাকলে সেটা আমরা দেখতে পারি। প্রশ্ন হচ্ছে, নতুন শহর গড়ে তোলবার জন্য কত লোককে উচ্ছেদ করা হয়েছে এবং তাদের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? আমি তো বললাম, ৩১১টি ঘর। ৭টি ঘরের ছাদ আছে আর. সি. সি., যার মধ্যে ৫৬টি এখনই লাগবে, আগামী ২ মাসের মধ্যে এই কাজ শেষ হবে।

**শ্রী সৌগত রায়** : মাননীয় মন্ত্রিমহাশয় রাজারহাট নিউ টাউন সম্বন্ধে আগেও উত্তর দিয়েছেন এবং আজকেও অনেকগুলি কথা বললেন, তিনি ইকনমিকালি উইকার সেকশনের জন্য ৯২৬টি বাড়ি করছেন ইত্যাদি ইত্যাদি বলেছেন। আমি জানতে চাইছি, রাজারহাটে জমির খুবই ডিমান্ড আছে মধ্যবিত্তদের। কিন্তু আমি জানতে পারলাম, রাজারহাটে জমি এবং ফ্ল্যাট ডিস্ট্রিবিউশনের জন্য চেয়ারম্যান, হিডকোর ৫ পারসেন্ট কোটা আছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, এই কোটা কাদের জন্য এবং ন্যায়বিচারের স্বার্থে মন্ত্রী ঐ কোটা ছেড়ে দেবেন কিনা যাতে সব লটারীর মাধ্যমে ঠিক হয়।

**শ্রী গৌতম দেব** : সুপ্রিম কোর্টের যে রায় হয়েছিল এবং দিল্লিতে ফ্ল্যাট দেবার নাম করে বেশী পয়সা নেওয়া হয়েছিল সেকথা আপনারা সবাই জানেন এবং সেই নিয়ে মামলা হয়েছিল

সতীশ ধাওয়ানের মামলা, শীলা কলের মামলা। সেখানে কোথাও ১০ পারসেন্ট ছিল, কোথাও ১৫ পারসেন্ট ছিল। সবটা শুনে সুপ্রিম কোর্ট ৫ পারসেন্ট ডিসক্রিশন থাকুক সেই রায় দিয়েছেন এবং সেই রায় অনুযায়ী কাগজে বিজ্ঞাপন দিতে হবে কোন কোন ক্যাটেগরি পাবে। এইরকম ১৮ থেকে ১৯টি ক্যাটেগরির উল্লেখ করেছেন, সবটাই কাগজে বেরিয়েছে। চেয়ারম্যান কোটা পেতে পারেন। সেখানে অ্যাপ্লাই করতে হবে এবং সরকারের একটা কমিটি আছে, সেই কমিটি স্ক্রুটিনি করবে। তারপর মন্ত্রীর কাছে অর্থাৎ যিনি চেয়ারম্যান আছে তার কাছে পাঠাবে, তারপর করা হবে। সুতরাং এটা আমাদের মত নয়, সুপ্রিম কোর্টের মত অনুসারে করা হয়। যদি দেশে এটা ঠিক হয় যে সুপ্রিম কোর্টের রায়ে কোনো ডিসক্রিশন থাকবে না, তাহলে এম. এল. এ. কোটাও থাকবে না, ফান্ডও থাকবে না। আজকে ৪টি মামলার মধ্যে ১ নম্বরটা আগে আসবে, না ৪ নম্বরটা আগে আসবে সেটা আমরা ঠিক করবো ? সত্যি সত্যি যদি তাই হয় তাহলে ডিসক্রিশন মিলিটারিদেরও থাকবে না, সর্বত্র যারা আছে, কোথাও ডিসক্রিশন থাকবে না, মন্ত্রীরও থাকবে না। তা না হলে না থাকার কোনো কারণ নেই। আর সল্টলেকে তুলে দিয়েছি বলছেন, সেটা আলাদা বিষয়। তাই বলছি, কারো কোনো ডিসক্রিশন থাকবে না। সুপ্রিম কোর্ট থেকে আরম্ভ করে অন্যান্য কোর্টেও থাকবে না। মিলিটারি থেকে শুরু করে কারো কোনো ডিসক্রিশন থাকবে না। আর্মির সেকেন্ড ইন কমান্ড মেজর জেনারেল খান্না মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন, আমি রিটায়ারমেন্টের পর থাকতে চাই নিউ টাউনে। তাহলে তিনি অ্যাপ্লাই কোথায় করবেন ? এখন তো তাকে যুদ্ধের জন্য ঘুরে বেড়াতে হচ্ছে। ৬ জন বিচারপতি অ্যাপ্লাই করেছেন। রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর মিঃ বিমল জালান অ্যাপ্লাই করেছেন। সম্ভব নয়। ডিসক্রিশনারি কোটা কারো থাকবে না। আপনারা যে ২৫ লক্ষ টাকা এনজয় করছেন এম. এল. এ. কোটায়, হোয়াই দেয়ার শুড বি কোটা ফর এম. এল, এ. ? কিসের জন্য ১ জন এম. এল. এ. কোটা এনজয় করবেন ?

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমরা এনজয় করছি মানে কি ? আমাদের এরিয়া উন্নয়নের জন্য টাকা দেওয়া হচ্ছে, আমরা স্কীম দিচ্ছি, গভর্নমেন্ট সেটা ইমপ্লিমেন্ট করছে। মিঃ স্পিকার, আই সিক্ ইওর প্রোটেকশন স্যার ?

[11.20—11.30 a.m.]

**মিঃ স্পিকার** : মিঃ দেব, এম. এল. এ. কোটাতে যে টাকাটা পাওয়া যায় বা এম. পি. কোটাতে যে টাকাটা পাওয়া যায়, সেটা তো থ্রু গভর্নমেন্ট এজেন্সি খরচ করতে হয়। এম. এল. এ.-রা বলে দেন যে আমার এই প্রোজেক্টটা করে দিন বা এই স্কিমটা করে দিন। স্কিম দিলে ওরা বেনিফিসিয়ারি কমিটি করে, ডি. এম. বা জেলা পরিষদ টাকাটা রিলিজ করে দেন, স্কীমটা হয়। অনেক সময় পঞ্চায়েত সমিতি একজিকিউট করে বা জেলা পরিষদ একজিকিউট করে। এম. এল. এ. ব্যাপারটা a matter of choice only.

**শ্রী গৌতম দেব** : আমি যে বেসিক কথাটা বলতে চেয়েছিলাম, সেটা হচ্ছে সুপ্রিম কোর্ট সব আলোচনার পর তারা বলেছেন যে ডিসক্রিশনটা রাখতে হবে, কিন্তু not more than 5% and that should be transparent. এটা বলতে গিয়ে আমি বলেছি, আমরা বামপন্থীরা সব ডিসক্রিশন তুলে দিতে রাজি আছি। আমি বলেছি তাহলে সুপ্রিম কোর্ট থেকে শুরু করে, আর্মি থেকে শুরু করে যে, যে, জায়গায় যত রকমের ডিসক্রিশন আছে সব তুলে দিন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মন্ত্রিমহাশয় উত্তর দিতে গিয়ে এম. এল. এ.দের যে টাকাটা দেওয়া, হয় এম. এল. এ. কোটা সেটা নিয়ে প্রশ্ন তুলেছেন, তার উত্তর মাননীয় অধ্যক্ষ মহাশয় দিয়েছেন, আমি তাই তা নিয়ে কিছু বলছি না। এখন আমার প্রশ্ন হল, আপনি যে ৫ পারসেন্টের কথা বলেছেন হাউসিং বোর্ডে আপনার কোটা, আপনি নিজেই জানেন যে বাইপাশের দু পারে হাউসিং বোর্ড যে নতুন নতুন বাড়ি করেছে সেখানে আপনার ৫ পারসেন্ট কোটার অনেকগুলি ফ্ল্যাট এখনও পড়ে আছে, আপনার কোটা সেখানে এগজস্ট করতে পারছেন না, পড়ে আছে এবং তাতে সরকারের লোকসান হচ্ছে, মানুষ সেগুলি পাচ্ছে না। এইভাবে অব্যবহৃত হয়ে পড়ে থাকার ফলে সেই বাড়িগুলি আস্তে আস্তে ইরোড করে যাবে। আপনি সেটা দিতে পারছেন না। সেটা দিতে বাধা কোথায় বলুন ? সুপ্রিম কোর্টের কোন জজ চেয়েছেন কি হাইকোর্টের কোন জজ চেয়েছেন তাদের সেই কোটাতে দিন। এটা তো ফেলে রেখেছেন। আমার প্রশ্ন, আপনার পছন্দমতো লোক পেলে তবেই দেবেন নতুবা ফেলে রাখবেন এটাই কি কারণ ?

**শ্রী গৌতম দেব** : যেদিন হাউসিং বোর্ডের বাজেট নিয়ে আলোচনা হবে সেদিন এর বিস্তারিত জবাব দেব আপনারা প্রশ্ন তুললে। দ্বিতীয় কথা হচ্ছে, আমি মন্ত্রী হবার পর থেকে আজ পর্যন্ত যেসব ফ্ল্যাট দিয়েছি তার টোটাল তালিকা খবরের কাজজে ছাপিয়ে দিতে আমি প্রস্তুত আছি আপনাদের দেওয়া নাম সমেত।

(গোলমাল)

এতে কোনো বাধা নেই। আপনারা কতজন কি পাঠিয়েছেন সেটাও দিতে পারি।

(গোলমাল)

দ্বিতীয়ত বাইপাশের ধারের একটা ফ্ল্যাটের যা ডিমান্ড হয় কোন্নগরের একটা ফ্ল্যাটের ডিমান্ড তত হয় না। সেখানে ৫টা ফ্ল্যাট ফাঁকা থাকে। হাউসিং বোর্ডের এই ইতিহাস আজকের নয়। উনি এখন হাউসিং বোর্ডে ইউনিয়ন করছেন, উনি জানেন। হাউসিং বোর্ড থেকে কাটোয়াতে, দুর্গাপুরে ফ্ল্যাট করলাম সেগুলি আস্তে আস্তে বিক্রি হল, তাতে ১/২ বছর লাগে আর ই. এম. বাইপাশের ধারের ফ্ল্যাট পরের দিনই বিক্রি হয়ে যায়। হাউসিং বোর্ডের বাজেট নিয়ে যে দিন আলোচনা হবে সেদিন বিস্তারিতভাবে সব বলব কোনো অসুবিধা নেই।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে খুব স্পেসিফিক একটি প্রশ্ন করতে চাই। আমার প্রশ্ন হল, নির্মীয়মাণ নতুন নগরে কলকাতা থেকে উচ্ছেদপ্রাপ্ত নিম্নবিত্ত এবং মধ্যবিত্তদের পুনর্বাসন দেওয়া নিয়ে। সেখানে আপনার দপ্তরের সঙ্গে আমি যোগাযোগ করেছিলাম, কিন্তু তারা বললেন সেখানে আপনার কোটা বলে কিছু নেই। কিন্তু আপনি বলছেন আছে। ডিপার্টমেন্টে গিয়েছিলাম একটা ডেপুটেশন দিতে, সেখানে তারা বলছেন একটা কমিটি আছে, সেই কমিটিই নামগুলি বির্ধারণ করে দেয়, ঠিক করে দেয়। কিন্তু আপনি বলছেন এখানে আপনার ডিসক্রিশন আছে। সল্ট লেকে এমনও তো প্রমাণ আছে যে একজন বিচারপতি একাধিক প্লট পেয়েছেন এবং বহু বিচারপতিকে এইভাবে অ্যাপিজ করা হয়েছে, তারা একাধিক জমি পেয়েছেন তার প্রমাণ আমাদের কাছে আছে। এই তো মেডিক্যালে কোটা উঠে গেল, সল্ট লেকে কোটা উঠে গেল, আপনি কি কারণে ঐ কোটা রেখে দিতে চাইছেন ? আমার কাছে খবর আছে, বহু বাড়ি পড়ে আছে। লেট দেম অ্যাপ্লাই !

৬৪ কোটি টাকার মতো বাড়ি তৈরি হয়ে পড়ে আছে, সেখানে লেট দেম অ্যাপ্লাই অ্যান্ড দে ক্যান গেট হোমস্। সেখানে কোনো প্রায়রিটি নয়। কোটা রেখে দেবার কারণ কি ?

**শ্রী গৌতম দেব** : একই প্রশ্ন বারবার করা হচ্ছে। আমি অনেকবার বলেছি কোটা কি কারণে রয়েছে। হাউসিং ডিপার্টমেন্টের যখন বাজেট হবে সেদিন হাউসিং বোর্ডের সব আলোচনা নিয়ে আসবেন। ৬৪ কোটি, না ৪ কোটি, তার মধ্যে কোটায় ক'টি, কোটার বাইরে ক'টি সব বলবো। তবে হাইকোর্টের জাজকে একটি ঘর দিয়ে অ্যাপিজ করা হচ্ছে, এটা ঠিক কথা নয়। কোনো একজন প্রয়োজনে একটি ঘর চাইলেন, সৌগতবাবু একটি নাম, পাঠিয়েছেন, তাকে একটি ঘর দেওয়া এটা অ্যাপিজ করা হল, এই ধারণাটা ঠিক নয়। ডিসক্রিশনারী কোটার এসেন্স কিন্তু সেটা নয়। জরুরি কারণে যে কোনো একজনের একটি ঘরের প্রয়োজন পড়তেই পারে এবং তারই জন্য চেয়ারম্যানের ৫ পারসেন্ট কোটা রয়েছে। এবং সে ব্যাপারে হাউসিং বোর্ড যা ব্যবস্থা নেবার সেটা নিচ্ছে।

**শ্রী তপন হোড়** : মাননীয় মন্ত্রী রাজারহাট সম্বন্ধে বললেন। আপনি রাজারহাটের মতো আর একটি উপনগরী ডানকুনিতে করবার চেষ্টা করছেন। ঐ কাজে কতটা প্রগ্রেস হয়েছে যদি জানান বাধিত হবো।

**শ্রী গৌতম দেব** : ডানকুনির উপনগরী আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে করা হচ্ছে। শহর ইত্যাদি বাড়ানো তাদের কাজ, সেখানে কাজটা তাঁরাই করছেন। আলাদা করে প্রশ্ন করবেন, উত্তর দেবো।

**শ্রী রবীন দেব** : মাননীয় মন্ত্রী অনেকগুলো সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর দিয়েছেন। আমি এখানে জানতে চাইছি, রাজারহাট নতুন টাউনশিপে চেয়ারম্যান কোটার জমি বণ্টনের ক্ষেত্রে খবরের কাগজে বিজ্ঞপ্তি দিয়ে লটারির মাধ্যমে যা বণ্টিত হয়েছে তার কোনো নির্দিষ্ট ফিগার আছে কি না ?

**শ্রী গৌতম দেব** : এ ব্যাপারে আলাদা প্রশ্ন করতে হবে। তবে সাধারণভাবে বলতে পারি যে, ৫ পারসেন্ট কোটার জমি আমি মনে করলাম, আর দিয়ে দিলাম তা নয়। ঐ ৫ পারসেন্ট কোটায় ১৮-১৯টি ক্যাটাগরির কারা পেতে পারেন সে সম্পর্কে বিজ্ঞপ্তি বেরোয়। সেখানে সরকারি কমিটি যা আছে তাঁরা সেটা স্ক্রুটিনি করেন এবং তারপর তাঁরা ৮-১০টি নামের তালিকা আমার কাছে পাঠান। তারপর সিদ্ধান্ত নিই। সুপ্রিম কোর্টের আদেশ অনুযায়ী এই ৫ পারসেন্ট কোটা এবং সেখানে বণ্টনটা যথেষ্ট ট্রান্সপারেন্ট পদ্ধতিতে করা হচ্ছে। একজাক্ট ফিগারটা আমার কাছে নেই, আলাদা প্রশ্ন করলে দিতে পারবো।

## Held over Starred Questions
## (to which answers were laid on the 'Table')

### আর্সেনিক কবলিত ব্লক/মৌজা

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৭) **শ্রী শিবপ্রসাদ মালিক** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে আর্সেনিক কবলিত ব্লক/ মৌজার সংখ্যা কত : এবং

(খ) উক্ত মৌজাগুলিকে আর্সেনিক মুক্ত করার জন্য সরকারের **পক্ষ** থেকে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ব্লক—৭৫টি
মৌজা—২০৬৫টি

(খ) অনেকগুলি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যেমন—

(১) আরও অধিক গভীরতায় নলকূপগুলির পুনঃস্থাপন,
(২) কূপখনন,
(৩) অধিক গভীরতায় বড় ব্যাসের নলকূপ নির্মাণ,
(৪) ভূ-পৃষ্ঠ জল সরবরাহ প্রকল্প,
(৫) গভীর নলকূপভিত্তিক নলবাহিত জল সরবরাহ প্রকল্পগুলিতে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট সংযোজন,
(৬) হস্তপ্রোথিত নলকূপগুলিতে আর্সেনিক দূরীকরণ প্ল্যান্ট সংযোজন,
(৭) আর্সেনিকের বিপদ সম্পর্কে জনসাধারণকে সচেতন করা এবং নিরাপদ উৎসগুলির রক্ষণাবেক্ষণের জন্য হাতে কলমে শিক্ষা দেওয়া, প্রভৃতি।

## পুরুলিয়া জেলায় পানীয় জল সরবরাহ

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮৬) **শ্রী নিশিকান্ত মেহেতা** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ঝালদা পৌরসভা ও বাগমুণ্ডি থানা এলাকায় সামগ্রিকভাবে পানীয় জল সরবরাহের জন্য কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) হ্যাঁ।

(খ) ঝালদা পৌরসভা এবং সংলগ্ন তুলিন গ্রামীণ এলাকার প্রকল্পটি রাজ্য যোজনা পর্ষদের অনুমোদনের স্তরে রয়েছে ;
বাগমুন্ডি প্রকল্পটি প্রাথমিক স্তরে রয়েছে।

## Starred Question
## (to which oral answer was given)

## রাজ্যে পুলিশের গুলি চালনা

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২৩) **শ্রী প্রবোধ পুরকাইত এবং শ্রী দেবপ্রসাদ সরকার** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত তিন বছরে (১৯৯৯, ২০০০ ও ২০০১) রাজ্যে পুলিশের গুলি চালনার ঘটনার (বছরভিত্তিক) সংখ্যা কত ; এবং

(খ) উক্ত ঘটনাগুলিতে (বছরভিত্তিক) নিহত ও আহতের সংখ্যা কত ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** :

(ক)

| বছর | সংখ্যা |
|---|---|
| ১৯৯৯ | ৯৯ |
| ২০০০ | ১২৫ |
| ২০০১ | ১০৫ |

(খ)

| বছর | নিহত | আহত |
|---|---|---|
| ১৯৯৯ | ২৭ | ৪৮ |
| ২০০০ | ৪৪ | ৪১ |
| ২০০১ | ২৬ | ৩১ |

[11.30—11.40 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, এই তিন বছরে প্রায় ১০০টি ঘটনায়—৯৭ বোধহয়—গুলি চলেছে। আমার জিজ্ঞাসা হলো, কত রাউন্ড গুলি চালিয়েছে সেটা বলতে পারবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : কত রাউন্ড গুলি চালিয়েছে এটা বলতে সময় লাগবে, আজকে বলতে পারবো না।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আমি যেটা জানতে চাই, সরকার তো যতটা সম্ভব রেসট্রিকটেড ওয়েতে পুলিশ গুলি চালাক এটা দেখতে চান নীতিগতভাবে। আজকে আধুনিক যুগে সব ভায়োলেন্স ডিসপার্স করার জন্য রাবার বুলেট, জলকামান এই সমস্ত জিনিস ব্যবহার করার প্রথা আছে এবং বাইরের দেশগুলিতে এই জিনিস হয়। পশ্চিমবাংলায় সেই ব্যবস্থা না নিয়ে এতোগুলো ক্ষেত্রে গুলি চালানো হলো কেন ? মবের মধ্যে এমন কি ঘটনা ঘটলো যে মব ভায়োলেন্স বন্ধ করার জন্য এই সমস্ত বিকল্প ব্যবস্থা না করে গুলি চালাতে হলো ? এতোগুলো লোক মারা গেল ? এই ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : আমাদের সব সময় লক্ষ থাকে নানা ধরনের অপরাধ দমন করতে গেলেও গুলি চালাতে না হয়। মানুষের মৃত্যু যেন না হয়। অপরাধ দমনের ক্ষেত্রে করা হয় এবং সাধারণ অপরাধ দমনের ক্ষেত্রে তো করা হয়ই। তার সঙ্গে রাজনৈতিক দলের ক্ষেত্রে যতটা সম্ভব রেসট্রেন করা যায় সেটা দেখা হয়। যখন ঘোষিত কিছু কর্মসূচি থাকে রাজনৈতিক দলের, আমি একাধিকবার আধিকারিকদের সঙ্গে মিট করে বলেছি আপনারা শেষ পর্যন্ত দেখবেন যেন ফায়ারিং করতে না হয়। এটা আমি বারে বারে বলেছি এবং এটা সরকারের নীতি। কিছু অপরাধ দমন করতে গিয়ে দেখা গেছে যে তারা কিছুতেই থামেনি, অপরাধীরা অস্ত্র নিয়ে আক্রমণ করছে। বেশীর ভাগ এই ক্ষেত্রে গুলি চালিয়েছে। বেশী কিছু ক্ষেত্রে গুলি না চালিয়ে উপায় থাকে না, দেখানে একজনের মৃত্যু হবে গুলি চালালে। আর গুলি না চালালে আরো মানুষের মৃত্যু হবে। যে সমস্ত অপরাধী অপরাধ করছে তাদের বিরুদ্ধে গুলি

চালানো হয়েছে। আর দ্বিতীয় প্রশ্ন যেটা বললেন, জল কামান এবং রাবার বুলেট সম্পর্কে, এই গুলি আমাদের কলকাতাতে খুব ভাল কার্যকরী হয়নি। জলকামান তো হয়নি, রাবার বুলেট কিছু ক্ষেত্রে চেষ্টা করা হয়েছে, কলকাতাতে করেছি। কিন্তু এখনও পর্যন্ত বলতে পারবো না যে বিকল্প ব্যবস্থা হিসাবে এই গুলি সঠিক, এটা দাঁড়ায়নি। তা ছাড়া এই গুলি গুণগত মানের প্রশ্ন আছে। তবে আপনি যেটা বললেন সেই গুলির ব্যাপারে দেখছি কি করা যায়। তবে আমি বারে বারে ক্রাইম কনফারেন্স করি। শুধু মনোভাব সম্পর্কে বলা প্রয়োজন যে সামগ্রিকভাবে গণতান্ত্রিক আন্দোলন—রাজনৈতিক ক্ষেত্রে তো অবশ্যই—সাধারণ অপরাধ দমনে পুলিশ গেলে যত কম গুলি চালাতে পারে সেটা দেখা হয়। এটা সরকারের নীতি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন তাতে আমার প্রশ্ন হলো, এই যে গুলি চালানোর ঘটনার প্রকৃতি কি ? গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে গতবার গুলি চালিয়েছে। আমি আপনাকে আজকে জিজ্ঞাসা করতে চাই, আজকের কাগজে দেখেছেন, তাছাড়া আপনি সকলের আগে খবর পাবেন, গতকাল মুর্শিদাবাদের সুতীতে বিড়ি শ্রমিকদের উপর গুলি চালানো হয়েছে। কাগজে বার হয়েছে একজন মারা গেছে, আমার কাছে এখন খবর ২ জন মারা গেছে, ৩ জনও হতে পারে। ইতিপূর্বে বাঁশবেড়িয়া জুটমিলে এবং বরাহনগর জুট মিলে গত বছর গুলি চালানো হয়েছে, পুলিশের গুলি চালনায় মানুষ মারা গেছে। আমি জানতে চাই গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে কত জন মারা গেছে ? স্পেসিফিক কালকের ঘটনার ব্যাপারে জানতে চাই, মুর্শিদাবাদ জেলার সুতীতে আমাদের দলের ইউনিয়ান ইউ টি ইউ সি ভুক্ত বিড়ি শ্রমিক মারা গেছে। এই সম্পর্কে আপনার বক্তব্য কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : গণতান্ত্রিক আন্দোলনে গুলি চালানোর ব্যাপারে আপনি একটা ব্যাখ্যা দিলেন। এটা কোন সময়েই হয়নি। সমস্ত রাজনৈতিক দল, স্বীকৃত রাজনৈতিক দল রাজ্যে রাজ্যে মিছিল করছে, মিটিং করছে। রাণী রাসমনী রোডে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে ধরনা দিচ্ছে, স্কোয়ার্ডিং করছে, কোন অবস্থাতে একটা জমায়েত বা বিক্ষোভের সামনে গুলি চলেছে এই রকম কোন ঘটনা নেই। তবে দুটো রাজনৈতিক দলের মধ্যে রাজনৈতিক সংঘর্ষ হলে বা বিক্ষোভ করতে গিয়ে সরকারী অফিস ভাঙচুর হলে, এইসব ক্ষেত্রে হয়েছে সেটা। সেইজন্য বলছি, গণতান্ত্রিক আন্দোলন, এই রাজ্যে যে গণতান্ত্রিক আন্দোলনের অধিকার সেটা সমস্ত রাজনৈতিক দলেরই আছে, বিরোধী দলের আছে। ট্রেড ইউনিয়নের অধিকারকে কোন অবস্থাতেই সরকার হরণ করতে চায় না। খানিকটা বলতে পারেন এই অধিকার সীমিত করা যায় না, আমরা কখনও তা চাই না। আমরা বিশ্বাস করি, আমাদের সরকারের নীতি হচ্ছে, গণতান্ত্রিক আন্দোলন, ট্রেড ইউনিয়নের আন্দোলনকে পূর্ণ মর্যাদা দিতে হবে। একটা সমস্যা যেগুলো হয়, কিছু ক্ষেত্রে উপায় থাকে না। কোন একটা ঘটনা হয়েছে, কখনও যদি সেটা কোন সরকারী আসবাবপত্র ভাঙচুরের ঘটনা হয়, সেটা ঠেকাতে গিয়ে পুলিশকে গুলি চালাতে হয়েছে। আপনি নির্দিষ্ট ভাবে যেটা বললেন, ১২ তারিখে সকাল সাড়ে আটটার সময়ে, একেবারে গ্রামের ভেতরে একজন লোক, নুরমান শেখ, সে একটি বিড়ি কোম্পানীর কর্মী। বিড়ি শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা যা জমা দেবার কথা, শ্রমিকরা জানতে পারে যে সেই টাকা জমা দেওয়া হয়নি। তখন শ্রমিকরা উত্তেজিত হয়ে পড়ে। শ্রমিকরা তখন তাকে ঘেরাও করে, তার বাড়িতে আগুন লাগিয়ে দেয়। দু'পক্ষই অস্ত্র ব্যবহার করে, বোমা, বন্দুক ব্যবহার

করে। শ্রমিকরা উত্তেজিত ছিল। দু'পক্ষই বোমা, বন্দুক ব্যবহার করে। তারপরে পুলিশ ওখানে যায়। পুলিশ তাদের থামাবার চেষ্টা করেছে। আমাদের পুলিশ ইনজিওর্ড হয়েছে। তখন বাধ্য হয়ে পুলিশ গুলি চালিয়েছে। পোস্টমর্টেম রিপোর্ট পেলে বলা যাবে, পোস্টমর্টেম রিপোর্ট না পেলে আমি বলতে পারছি না। তবে আমার কাছে যে খবর আছে, একজন মারা গেছে, মুজিবর শেখ। পোস্টমর্টেম রিপোর্ট পেলে বলা যাবে পুলিশের সার্ভিস রাইফেল'এর গুলি থেকে মারা গেছে, না বুলেটে মারা গেছে। নুরমান শেখ সে নিজে অপরাধ করেছে। তাকে আমরা গ্রেপ্তার করেছি। কারণ সে শ্রমিকদের উত্তেজিত করেছে শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দিয়ে। পোস্টমর্টেম রিপোর্ট পাওয়ার পর জানা যাবে কি করে মারা গেল। এটি খুবই আনফরচুনেট যে, বিড়ি শ্রমিকরা মালিকদের কাছ থেকে মিনিমাম ওয়েজ পায় না। তারপর মালিকরা তাদের টাকা মেরে দেয়। প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাৎ করে। ওখানে যখন উত্তেজিত অবস্থায় চলে যায়, তখন গুলি না করে উপায় ছিল না। তবে গুলি না করলেই ভাল হত।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আপনি অবশ্য অল্প সময় পেয়েছেন। এরমধ্যে যে তদন্ত রিপোর্ট পেয়েছেন সেটা আপনি দিয়েছেন। এই বিষয়টা আপনি জেনে দেখবেন, নুরমানের বাড়িতে অ্যান্টি-সোস্যাল লুকিয়েছিল। তারপর আগ্নেয়াস্ত্র নিয়ে গেল, সেটা আপনি জেনে নেবেন। নুরমান অ্যান্টি-সোস্যাল নিয়ে গিয়েছিল। সে একজন কনট্রাক্টর, মালিকের কনট্রাক্টর। সে অনেক অ্যান্টি-সোস্যাল এনে রেখেছিল। প্রভিডেন্ট ফান্ডের চুক্তি ভঙ্গ করে শ্রমিকদের প্রোভোক করে যাচ্ছিল। সেটা আপনি জেনে নেবেন। আমি যেটা জানতে চাইছি সেটা হচ্ছে, একটা এথিক্স, জুরিসপ্রুডেন্সের দিক যে, মব ভায়োলেন্স ডিসপার্স করতে গেলে, একেবারে এসেন্সিয়াল যদি হয়, একেবারে উপায় যদি না থাকে, সেখানে একটা এথিক্স আছে। সেটা হচ্ছে পায়ের দিকে তাক করে গুলি চালানো হয়। এতগুলো লোক মারা গেল, সেখানে এথিক্স ভায়োলেট হয়েছে কিনা, তার এনকোয়ারি হয়েছে কিনা ? এতোগুলো লোক যে পুলিশের গুলি চালানোয় মারা গেল সেখানে গুলি চালানোর কোন প্রয়োজন ছিল কিনা সেটা তদন্ত করে দেখছেন কি এবং তদন্ত করার পরে কতগুলো ক্ষেত্রে জুডিশিয়ালি এনকোয়ারী হয়েছে এবং সেখানে যে ম্যাজিস্ট্রেটকে দিয়ে এনকোয়ারী করা হয়েছে সেই ম্যাজিস্ট্রেটের এনকোয়ারী সম্পর্কে বলবেন এবং পায়ে তাক করে গুলি না চালিয়ে যেভাবে মারা হল তাতে কিছুদিন আগে তেলেনিপাড়াতে যে ঘটনা ঘটল তারই পুনরাবৃত্তি ঘটল। তেলেনিপাড়াতে প্রশাসনিক দিক থেকে এনকোয়ারীতে গেছিলেন এবং সেখানে সবাই দেখেছেন গুলি দেওয়ালে লেগে রয়েছে। ওই গুলি যদি লাগত তাহলে বুকেই লাগত।

[11.40—11.50 a.m.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আপনি তো অনেকগুলো প্রশ্ন করেছেন। প্রথমত আপনি জানতে চেয়েছেন ওই ব্যক্তিটি অ্যান্টাসিডেন্ট কিনা,জানা আছে কিনা। যতটুকু খবর পেয়েছি তাতে তিনি যে অপরাধ প্রবণ ব্যক্তি প্রাথমিকভাবে তাই রিপোর্টই এসেছে। তিনি খুব সৎ মানুষ নন। তৃতীয়ত যেটা বলেছেন পুলিশের সব সময়ে নিয়ম হচ্ছে প্রথমে লাঠি চার্জ, তারপরে টিয়ার গ্যাস চালানো। টিয়ার গ্যাসেও না থামলে শূন্যে গুলি ছোঁড়া এবং সেটাতেও

কাজ না হলে তলার দিকে গুলি করবে যাতে পায়ে লাগে। কিন্তু যখন সংঘর্ষ লেগে যায় তখন খুব মাথা ঠাণ্ডা করে কাজ করা, খুব সতর্ক পুলিশ অফিসারই ওই পদ্ধতি গ্রহণ করতে পারে। তারপরে পুলিশ বাহিনীর ট্রেনিংয়ের ব্যাপার তো আপনি জানেনই। সর্বক্ষেত্রে তারা সেটা ফলো করে না। কিন্তু সরকারের নীতি নয় বা কোন আমাদের সিনিয়র অফিসার এটা বলেন না যে গুলি যখন চালাবেন মাথার দিক তাক করে চালাবেন সেই পদ্ধতিতে আমরা চলি না। পুলিশের গুলি চালানোর ক্ষেত্রে পদ্ধতিই হচ্ছে প্রথমে লাঠি চার্জ, তাতে না হলে টিয়ার গ্যাস, টিয়ার গ্যাসে কাজ না হলে শূন্যে গুলি ছোঁড়া এবং তাতেও কাজ না হলে পায়ে মারা। কিন্তু কখনোই মাথায় গুলি করে মেরে ফেলার জন্য গুলি করবেন না। কিন্তু সংঘর্ষ লেগে গেলে তখন তো জানেনই পুলিশ বাহিনীর মান ইত্যাদি ব্যাপার, সবক্ষেত্রে তখন সেটা রক্ষা করা যায় না। আর ম্যাজিস্ট্রেটের এনকোয়ারী এটা তো করতেই হবে। তদন্ত করে তিনি বলবেন এই সারকমটেন্সে কে দায়ী এবং টিয়ার গ্যাস ছিল কিনা বা তারা নিয়ে গেছিল কিনা এবং পুলিশ বাহিনীকে কে নির্দেশ দিয়েছিল গুলি ছোঁড়ার এসবই ম্যাজিস্ট্রেট এনকোয়ারী করে জানাবেন এবং এটাই সিস্টেম। আমি তো জুডিশিয়াল এনকোয়ারীর কথা বলছি না।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রিমহাশয় আমরা সবাই গণতন্ত্রে বিশ্বাসী এবং গণতান্ত্রিক আন্দোলনের নামে ভায়োলেন্স চালানোয় পুলিশের সঙ্গে যে লড়াই বা সংঘর্ষ হচ্ছে তাতে আপনি বলেছেন যে, প্রশাসনিক পদক্ষেপ নেবার কথাই শুধু বলেন নি, ওটা দিয়ে শুধু হবে না আপনি বারেবারে রাজনৈতিক দলগুলোর কাছে গণতান্ত্রিক রীতিনীতি এবং মর্যাদা যাতে অক্ষুণ্ণ থাকে তার জন্য আবেদন জানিয়েছেন এবং সেক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দলের কাছ থেকে আপনি সহযোগিতা পেয়েছেন কিনা ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আমরা সব সময়ে সহযোগিতার কথা বলি এবং সেক্ষেত্রে সর্বক্ষেত্রে না পেলেও কিছুটা পেয়েছি যেমন বিরোধী দলের নেতা আমার কাছে কয়েকদিন আগেই এসেছিলেন এবং কথা হয়েছে। মেদিনীপুরের যে সমস্যা গত বছরেও ছিল, এখন তা নেই। মেদিনীপুর এখন অনেকটা শান্ত। আগামী রবিবার বিরোধী দলের নেতা ওখানে যাবেন সেইজন্য পুলিশি প্রশাসনের ওয়েস্টার্ন রেঞ্জের আই জিকে সেখানে উপস্থিত থাকতে বলেছি। ওঁদের সঙ্গে বসে তিনি আলোচনা করবেন। এখনো কিছু লোক ওদের বাইরে রয়েছে তা নিয়ে আলোচনা করবেন। এছাড়া আগামী ১৭ তারিখে বিরোধী দলের নেতা আমার সঙ্গে কথা বলবেন। সুতরাং আমি বিশ্বাস করি শুধুমাত্র প্রশাসনিক দিক থেকে সব কিছু বন্ধ করা যায় না এর জন্য বিরোধী দল এবং সমস্ত রাজনৈতিক দলের সহযোগিতা দরকার এবং তবেই আমরা একটা জায়গায় আসতে পারব।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী যে সরকারি সিদ্ধান্তের কথা বলেছেন যে বিভিন্ন গণ আন্দোলনে পুলিশের গুলি না চালানোর ব্যাপারে যে রেস্ট্রিকটেড ওয়েতে কাজ করতে বলা হয়েছে আমরা যা দেখেছি, বামফ্রন্ট সরকারের ইতিহাস কিন্তু অন্য কথা বলে। গণ আন্দোলনে গুলি চলে না, মারার জন্য গুলি চলে না আমি এই ব্যাপারে একজন অফিসারকে জানি, সেই অফিসারের নাম আমি কোট করছি না। আপনাদের একজন ডিপার্টমেন্টের সেক্রেটারী, তিনি যখন ডি এম ছিলেন, তখন বলেছিলেন, অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছিল, প্রাণে মারার জন্য গুলি চালাবে, আপনাদের একজন অফিসার

বলেছিলেন—গুলি তৈরী করতে খরচ হয়েছে, গুলি যখন চালাবে, তা মারার জন্য চালাবে। তখন সংবাদপত্রে এটা বেরিয়েছিল, তিনি বর্ধমানে ছিলেন, আমি নাম বলছি না, আপনি চাইলে নাম বলতে পারি। তাই বলছি, আপনি যে স্টেটমেন্ট দিলেন সেটা কন্ট্রাডিক্টরী হয়ে যাচ্ছে। এই যে '৯৩ সালের ২১শে জুলাই ১৩ জন লোক মারা গেল, এটাও তো গণ আন্দোলন, ৩০শে মার্চ, '৮১ সালে এসপ্ল্যানেডে ট্রামের মধ্যে তিনজন বসেছিল, পুলিশের গুলি চালানোয় মারা গেল। আবার সংবাদপত্রে ছবি বেরিয়েছিল, পুলিশ গণিখান চৌধুরীকে পেটাচ্ছে গণিখান চৌধুরী নিশ্চয় বোমা মারতে যাননি ? আমরা দেখেছি, শান্তিপুরে, বাগুইআটিতে সেখানে কি হয়েছে, এস ইউ সি আই কর্মী মাদাই হালদারকে পুলিশ মেরেছিল। প্রত্যেকটি ক্ষেত্রে গণ আন্দোলনে পুলিশ গুলি চালায়, একজনও পুলিশ মরে না, মানুষ মরে। পুলিশ আক্রান্ত হয়েছে, হাসপাতালে আছে, বিরাট ইনজিওর্ড অবস্থায় আছে, এই রকম কিন্তু দেখা যায় না। একটা পুলিশও আহত হয় না। অথচ গণ আন্দোলনে ১৩জন লোক মারা গেল। আপনি যে সিদ্ধান্তের কথা বললেন, এটা কবে নিয়েছেন ? সব ঘটনায় ফায়ার কি জাস্টিফাইড হয়েছে বা ফায়ার যদি জাস্টিফাইড না হয়ে থাকে তাহলে কতকগুলি ক্ষেত্রে আপনি পুলিশকে শাস্তি দিয়েছেন, বা দোষী অফিসার এর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : স্যার, উনি প্রায় ৬টি প্রশ্ন করেছেন। আপনি যে কথাটা বললেন, এই নীতিটা কবে ঠিক হয়েছে যতটা সম্ভব কম গুলি করবেন ? গণ আন্দোলনের ক্ষেত্রে কখনো গুলি করবেন না, এই নীতিটা ঠিক হয়েছিল, '৭৭ সালের ২১শে জুন ; যেদিন আমরা শপথ নিয়েছিলাম। ৫ বছর সিদ্ধার্থবাবুর আমলে যে রক্তাক্ত সংগ্রামের পরিচয় বহন করে, সেই সময়ের পরে যখন আমরা ২১শে জুন '৭৭ সালে রাইটার্স বিল্ডিং-এ গিয়েছিলাম তখন থেকেই এই নির্দেশিত নীতি ঠিক হয়েছিল। এটা আমাদের নজরে আছে। আপনি যে ডেটগুলি বললেন সেইগুলি উল্লেখ করে আমাকে জানাবেন, আমি বলে দেবো কোন অবস্থার পরিপ্রেক্ষিতে কি করতে হয়েছে ন্যায়সঙ্গত, আইনসঙ্গত জমায়েতে। আপনি যে তারিখগুলি বললেন, সেইগুলি লিখে দেবেন, আমি জানিয়ে দেবো। ঐ তারিখগুলি আপনার কাছে রেড লেটার ডে হতে পারে, প্রত্যেকটি ক্ষেত্রে সেখানে কি অবস্থায় পুলিশ গুলি করেছিল সেটা জানিয়ে দেবো। কোন অবস্থাতেই শান্তিপূর্ণ মিছিলের উপর গুলি চালিয়ে গেল এটা হয়নি, শ্রমিকরা জমায়েত করছে, বক্তৃতা হচ্ছে, গুলি চলে গেল এটা হয় না, হবে না। কোন অবস্থাতেই হবে না। আপনি অবান্তর সব কথা বলবেন না। আর একটা কথা যেটা বললেন, সংঘর্ষের সময় একটা পুলিশও মরে না, বা মারা যায় না, এটা ঠিক নয়। এতে আপনার হয়ত খুব দুঃখ হচ্ছে, কিন্তু আমার হচ্ছে না, যেহেতু বাহিনীর নেতৃত্ব আমি করছি। '৯৭ সালে রাজনৈতিক সংঘর্ষে পুলিশের মৃত্যু হয়েছে ৬ জনের, আহত ৩৯২ জন। '৯৮ সালে ৪ জনের মৃত্যু হয়েছে এবং আহতও আছে।

**শ্রী আবদুল মান্নান** : আমি বলছি, গণ আন্দোলনে পুলিশের কিছু হল না, মানুষ মারা গেল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আপনি যে গণ আন্দোলনের কথা বলছেন, সেই ঘটনাগুলি দিন অনুযায়ী আমার কাছে পাঠাবেন ; অমুক জুলাইতে, অমুক আগস্টে কি হয়েছিল, সব জানিয়ে দেবো।

আমি বলছি, ২০০১ সালে মারা গিয়েছেন ৮জন, সাব-ইন্সপেক্টার মারা গিয়েছেন ৩জন, কনস্টেবল ৩জন, এন ভি এফ ২জন, ইনজিওর্ড হয়েছেন ৫৭২। ২০০০ সালে মারা গিয়েছেন একজন। আহত ৮৩৩। আপনি বলছেন, পুলিশের কিছু হয়নি। পুলিশ মারা গেলে আপনার ভাল লাগতে পারে, কিন্তু আমার লাগে না। পুলিশের কিছু হচ্ছে না, এই অবস্থা হয়নি। এই ভয়ঙ্কর অবস্থাকে সামাল দিতে পুলিশকে যে কাজ করতে হচ্ছে তার জন্য একটু মায়া থাকা উচিত, পুরো না থাকলেও।

[11.50—12.00 noon]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী এখানে লিখিত যে উত্তর দিয়েছেন তাতে দেখা যাচ্ছে গত তিন বছরে পুলিশ কম বেশী তিনশবার গুলি চালিয়েছে এবং তাতে একশরও বেশী লোক মারা গেছে। যারা মারা গেছে তারা পুলিশের গুলিতেই মারা গেছে এবং আপনাকে বলছি এটা রেড লেটার ডে। এটা পুলিশের অগণতান্ত্রিক মনোভাবেরই প্রকাশ পেয়েছে। হাওড়ার বিমলা দে বলে একজন মহিলা প্রোটেস্টার বাইশ জন মহিলাকে সঙ্গে নিয়ে হাওড়া ব্রীজের উপরে বাস ও ট্রামের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করছিল শান্তিপূর্ণভাবে। কিন্তু সেখানে আপনার পুলিশ ক্লোজ রেঞ্জে গুলি করে বিমলা দেকে হত্যা করে। পুলিশ যেমন এই রাজ্যের নাগরিক, তেমনি একজন আন্দোলনকারীও এই রাজ্যের নাগরিক। কাজেই তার মৃত্যুতেও আমরা ব্যথিত হই। আমরা এও জানি ডাকাতের মোকাবিলা করতে গিয়ে আপনার অসংখ্য পুলিশ মারা গিয়েছে। এর থেকে লজ্জার আর কিছু নেই। আর আপনার পুলিশ তো ক্রমশঃ ট্রিগার হ্যাপি হয়ে উঠছে। জনতাকে কন্ট্রোল করার মতো শিক্ষা বা ট্রেনিং তাদের নেই, তাই তারা নার্ভাস হয়ে গুলি চালিয়ে দেন এবং সেই গুলি চালানোয় ৯৯,১২৫ এবং ১০৫ জন মানুষ মারা গিয়েছে। আপনার পুলিশকে রিটেইন্ড হতে হবে। একটা ক্ষেত্রেও আপনি বিচার-বিভাগীয় তদন্তের আয়োজন করেছেন কি ? যদি করতেন তাহলে পুলিশ অনেক হিসাব করে গুলি চালাত। তিনশ্‌বার গুলি চলল, কিন্তু এর বিচার-বিভাগীয় তদন্তের ফলাফল আমরা জানি না। এই বিচার-বিভাগীয় তদন্ত করতে আপনার আপত্তি কোথায় ?

**শ্রীবুদ্ধদেব ভট্টাচার্য** : আমি আপনাকে বলছি, প্রত্যেকটি ফায়ারিঙের পরে এবং মানুষ মারা যাবার পরে আমাদের ম্যাজিস্ট্রেটাল এনকোয়ারী আমাদের করতে হয় এবং আমার কাছে প্রতি মাসে এই রকম দু-তিনটি রিপোর্ট জমা পড়েছে, যেখানে ব্যবস্থা নেওয়ার দরকার সেখানে আমরা নিই। আর শিয়ালদহে পুলিশ গুলি চালানোর ব্যাপারে আমাদের একটা জ্যুডিসিয়াল এনকোয়ারী করতে হয়েছিল। এই ব্যাপারে তিন-চারটি রিপোর্ট আমার কাছে জমা পড়েছে, আরেকটির এনকোয়ারি এখনও চলছে। তবে আপনি যেটা বললেন প্রতি মাসে বা প্রতি সপ্তাহে যে ঘটনা ঘটছে সেই ব্যাপারে জ্যুডিসিয়াল এনকোয়ারী অ্যানাউন্স করে তো কোন লাভ নেই, যেখানে প্রয়োজন সেখানে আমরা অ্যানাউন্স করি। আর প্রত্যেকটির রিপোর্টও ও আমাদের কাছে আসে। আর আপনি বললেন, পুলিশ ট্রিগার হ্যাপি হয়ে গেছে, তাহলে সাতই জুন আপনারা অভূতপূর্ব যে ধর্মঘট করলেন, সেদিন কি প্রমাণ হয়ে গেল পুলিশ ট্রিগার হ্যাপি হয়ে গেছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আপনি পরিষ্কারভাবে বলুন, পলিটিকাল অ্যাকটিভিটিস এবং ক্রিমিনাল অ্যাকটিভিটিসে কতজন মারা গেছে ?

**মিঃ স্পীকার** : মিঃ ব্যানার্জী, প্রশ্ন কটা হবে, পাঁচ-ছয়টা প্রশ্ন করলে তো হবে না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আমি মূলত দু ভাগে ভাগ করে বলছি—রাজনৈতিক সংঘর্ষ এবং জাস্ট ক্রিমিনাল অ্যাকটিভিটিস। আমার কাছে বিগত ৫ বছরের হিসেব আছে, আমি গত ৩ বছরেরটা বলছি। ১৯৯৯ সালে পলিটিক্যাল কারণে ৪ জন, অপরাধ দমনে ১৪ জন। ২০০০ সালে পলিটিক্যাল কারণে ১৫ জন অপরাধ দমনে ২৯ জন। ২০০১ সালে পলিটিক্যাল কারণে ৪ জন অপরাধ দমনে ২২ জন। নিরীহ মানুষের সংখ্যাটাও আছে, সেটা বিকেলে বলার জন্য রাখলাম।

**Shri Gyan Singh Sohanpal** : Sir, we have before us the figures furnished by the Hon'ble Chief Minister in response to a question. If you kindly look at this figure you will be please to find that the number of incidence of firing during 2000 has increased abnormally as also the number of death has gone up considerably. I would like to know from the Hon'ble Chief Minister the reasons behind this the number of incidence of firing during 2000. Was it in connection of any political movement of political clash ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আপনি ঠিকই বলেছেন, ২০০০ সালে সংখ্যাটা খুব অ্যাবনর্মালি ইনক্রিজ করেছে। তার প্রধান কারণ ঐ বছর ইলেকশন হয়েছিল। তখন ৮০ বার পলিটিক্যাল কারণে আর ৪৫ বার অপরাধ দমনে গুলি চলেছে। ২০০১ সালে আবার ৪৬ এ নেমে এসেছে পলিটিক্যাল কারণে। ২০০০ সালে রাজনৈতিক সংঘর্ষ ৮০ হয়ে গিয়েছিল, সংখ্যাটা বেড়ে গেছে।

**শ্রী জ্ঞান সিং সোহনপাল** : আমি প্রশ্ন করেছিলাম কারণটা কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : এই কারণে যে নির্বাচনের আগে একটা রাজনৈতিক সংঘর্ষ মেদিনীপুর, হুগলী, বাঁকুড়া, কয়েকটি জায়গাতে অস্বাভাবিক পরিস্থিতি তৈরী করেছিল। নির্বাচনের মুখে রাজনৈতিক উত্তেজনা, রাজনৈতিক সংঘর্ষের ঘটনাগুলো বেড়ে যায়, তার ফলে সংখ্যাটা বেড়ে গেছে। ২০০২-তে একেবারে নেমে এসেছে। লেটেস্ট ফিগার, জুন মাস পর্যন্ত একেবারে নেমে এসেছে। জানুয়ারী থেকে জুন, এই সময়ে প্রায় ৪ কি ৫ এ নেমে এসেছে পলিটিক্যাল ক্ল্যাশ।

## Starred Questions
## (to which answers were on the Table)

### বাঘের আক্রমণে নিহতের সংখ্যা

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৮) **শ্রী ঈদ মহম্মদ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত দুটি বছরে (২০০০ ও ২০০১) সুন্দরবনে মধু সংগ্রহ করতে গিয়ে ও সুন্দরবন এলাকার নদীতে মাছ ধরতে গিয়ে কতজন বাঘের কবলে আক্রান্ত হয়ে নিহত হয়েছে ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :—**

(ক) বিগত দুই বৎসরে (২০০০-২০০১) সুন্দরবনে বাঘের আক্রমণে নিহতের সংখ্যা নিম্নরূপ :—

| | ২০০০ | ২০০১ |
|---|---|---|
| মধুসংগ্রহকারী | ৮ | ২ |
| জেলে | ১০ | ৯ |

## সমাজবিরোধী দৌরাত্ম্য বন্ধে "টাস্ক ফোর্স"

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনার বনগাঁ, গাইঘাটা, হাবড়া, স্বরূপনগর, হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ, সন্দেশখালিতে সমাজবিরোধীদের দৌরাত্ম্য বন্ধ করতে সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাদি কীরূপ ;

(খ) উক্ত দৌরাত্ম্য বন্ধ করতে সরকারের 'টাস্ক ফোর্স" গঠনের কোন পরিকল্পনা আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর হবে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়:—**

(ক) ১। এই সমস্ত এলাকায় ডাকাতি প্রতিরোধক ক্যাম্প স্থাপন করা হয়েছে।

২। দুষ্কৃতিকারী এবং সমাজবিরোধীদের বিরুদ্ধে পুলিশী অভিযান সংগঠিত করার জন্য এস ডি পি ও ও সি আই-দের তত্ত্বাবধানে স্পেশাল টিম গঠন করা হয়েছে।

৩। ওয়ারেন্ট কার্যকর করার জন্য ও অস্ত্রশস্ত্র গোলা-বারুদ উদ্ধারের জন্য অন্তত প্রতি সপ্তাহে একবার একই সঙ্গে পুলিশী অভিযান চালানো হচ্ছে।

(খ) 'না'।

(গ) প্রশ্ন ওঠে না।

## রাজারহাট উপনগরী

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৪) **শ্রী রামপদ সামন্ত** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজারহাট উপনগরীর আবাসন প্রকল্পে ডিসেম্বর ২০০১ পর্যন্ত মোট কী পরিমাণ অর্থ ব্যয় হয়েছে; এবং

(খ) উক্ত প্রকল্পের অগ্রগতি বর্তমানে কোন্ পর্যায়ে রয়েছে ?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) নিউ টাউন, কলকাতা (রাজারহাট উপনগরী) প্রকল্পে ডিসেম্বর ২০০১ পর্যন্ত মোট ২৫৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

(খ) উন্নয়নের প্রথম দুটি পর্যায়ে অর্থাৎ অ্যাকসান এরিয়া-১ ও এ্যাকসান এরিয়া-২ এই দুই অঞ্চলে কাজকর্ম জোরকদমে এগিয়ে চলেছে। প্রায় ২৮০০ একর জমি অধিগ্রহণ তথা সরাসরি ক্রয়ের মাধ্যমে সংগৃহীত হয়েছে, যার মধ্যে প্রায় ১৮০০ একর জমিতে উন্নয়নের কাজ চলছে। পরিকাঠামো উন্নয়নের কাজগুলি যথা সেতু ও প্রধান সড়কগুলি নির্মাণ, জল সরবরাহ, নিকাশী ব্যবস্থা, বিদ্যুতায়ন ইত্যাদির কাজ এগিয়ে চলেছে। লটারীর মাধ্যমে প্রায় ২৬০০০ আবেদনকারীর মধ্য থেকে প্রায় ৫৬৭১টি জমির প্লট এবং প্রায় ৯২৮টি ফ্ল্যাট নির্বাচনের কাজ সমাপ্ত হয়েছে।

## পরিবেশ দূষণ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী কাশীনাথ মিশ্র** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলায় পাথরভাঙ্গা ক্রেসারগুলি পরিবেশ দূষণ করছে ; এবং

(খ) সত্যি হলে, এই দূষণ রোধে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বাঁকুড়া জেলায় পাথরভাঙ্গা ক্রাসারগুলি থেকে পরিবেশ দূষণের সম্ভাবনা আছে।

(খ) পাথরভাঙ্গা ক্রাসারগুলিতে দূষণ নিয়ন্ত্রণের ব্যাপারে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ নির্দেশ জারি করেছে। ইতিমধ্যে ১৪২টি স্টোন ক্রাসার কারখানা চিহ্নিত হয়েছে। এর মধ্যে ১০টি সংস্থা বন্ধ আছে। ১৩২টি কারখানা পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কাছে পরিবেশ সংক্রান্ত ছাড়পত্রের জন্য আবেদন করেছে। এর মধ্যে ১১৩টি কারখানা দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করেছে এবং পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কাছ থেকে কারখানা চালু রাখার অনুপতিপত্র পেয়েছে। বাকী ১৯টি কারখানায় দূষণ নিয়ন্ত্রণের কাজ চলছে।

## রাজ্যে পাখিরালয়ের সংখ্যা

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৫) **শ্রী নর্মদা রায় এবং শ্রী তপন হোড়** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পাখিরালয়ের সংখ্যা কত ;

(খ) উক্ত পাখিরালয়গুলিতে বছরে গড়ে কত পাখির আনাগোনা ঘটে ; এবং

(গ) পাখি চোরা শিকারীদের বিরুদ্ধে সরকারের গৃহীত পদক্ষেপগুলি কি কি ?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) দুটি। পশ্চিমবঙ্গের সজনেখালি এবং কুলিক অভয়ারণ্য—পাখিরালয় হিসাবে পরিচিত।

(খ) উক্ত পাখিরালয়গুলিতে বছরে গড়ে আনুমানিক ৭০-৮০ হাজার পাখির আনাগোনা ঘটে।

(গ) পাখি চোরাশিকারীদের বিরুদ্ধে সরকারের গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ :

(১) ভারতীয় বন্যপ্রাণী আইন (১৯৭২) অনুসারে পাখি শিকার করা, মারা, বন্দী করে রাখা বা তাদের বাসা/ডিম নষ্ট করা, দণ্ডনীয় অপরাধ।

(২) পাখিরালয় সন্নিহিত জনগণের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে পাখিরালয়গুলির পাখিদের সুরক্ষার ব্যবস্থা করা হচ্ছে।

(৩) পাখিরালয় এবং সন্নিহিত বনাঞ্চলে নিবিড় টহলদারীর ব্যবস্থা করা হচ্ছে।

(৪) পাখিরালয়গুলির সংলগ্ন এলাকার জনগণের মধ্যে বনসুরক্ষা কমিটি ও পরিবেশ সুরক্ষা কমিটি গঠন করে তার সদস্যদের পাখি সংরক্ষণের কাজে যুক্ত করা ও পরিবেশ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে জনগণের আর্থিক ও সামাজিক অবস্থার উন্নতি ঘটানো, যাতে চোরা শিকারীদের প্রলোভনে প্রলুব্ধ না হয়। তাছাড়া বন্যপ্রাণী সপ্তাহ পালনের মাধ্যমে জনগণকে পাখির সুরক্ষার ব্যাপারে সচেতন করা হয়।

(৫) চোরা শিকার ও শিকারীদের সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ, তথা যথাযথ ব্যবস্থা নেওয়া হয়।

## রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১) **শ্রী দীপককুমার ঘোষ** : তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ কবে নাগাদ শেষ হবে ; এবং

(খ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ (বছর ভিত্তিক) কত ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রডন স্কোয়ারে প্রস্তাবিত সাংস্কৃতিক কেন্দ্রের কাজ আশা করা যায় আগামী তিন বছরের মধ্যে শেষ হবে।

(খ) কেন্দ্রীয় সরকার ১৯৯৪-৯৫। ১৯৯৫-৯৬ সালে দুই দফায় মোট ৩৫ লক্ষ টাকা দিয়েছেন।

## হোমগার্ডের সংখ্যা

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫২) **শ্রী পরেশনাথ দাস** : স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ রাজ্যে হোমগার্ডের মোট সংখ্যা বর্তমানে কত ;

(খ) হোমগার্ডদের নিমিত্ত অবসরকালীন ভাতা দেবার কোন প্রস্তাব সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) এ রাজ্যে হোমগার্ডের সংখ্যা :

| | কলকাতা | জেলা |
|---|---|---|
| হোমগার্ড অফিসার | ৫৪ | ৭০৪ |
| সাধারণ হোমগার্ড (পুরুষ) | ১৯৩১ | ১৭২৭৯ |
| সাধারণ হোমগার্ড (মহিলা) | ২০৯ | ১২১২ |
| মোট | ২১৯৪ | ১৯১৯৪ |

এ রাজ্যে সর্বমোট হোমগার্ডের সংখ্যা : ২১৯৪ + ১৯১৯৪ = ২১৩৮৮

(খ) পশ্চিমবঙ্গে গৃহরক্ষী (সংশোধন) আইন ১৯৯০ অনুসারে হোমগার্ড বাহিনীর সদস্যগণ স্বেচ্ছাসেবক মর্যাদায় কর্তব্য করেন এবং একমাত্র কর্তব্যে আহ্বান করা হলে দৈনিক ভাতা মঞ্জুর করা হয়। হোমগার্ডরা বেতনভুক সরকারি কর্মীশ্রেণীভুক্ত না হওয়ায় পশ্চিমবঙ্গ কৃত্যক নিয়মাবলী অনুসারে তাঁদের ক্ষেত্রে অবসরকালীন ভাতা দেবার কোনো বিধান নেই। তবে হোমগার্ডদের অবসরকালীন ভাতা প্রদানের ক্ষেত্রে আইনগত প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও রাজ্য সরকার হোমগার্ডদের প্রতি মানবিক দৃষ্টিভঙ্গীবশত তাঁদের স্বেচ্ছাশ্রমের স্মারক হিসাবে যাঁরা ন্যূনতম ১০ বছর কর্তব্য করেছেন তাঁদের স্বেচ্ছাশ্রমের মেয়াদান্তে (৬০ বছর) এককালীন নগদ অনুদান দেওয়ার প্রস্তাব অর্থ দপ্তরের কাছে পেশ করেছেন।

(গ) খ নং প্রশ্নের উত্তরে অবসরকালীন ভাতা প্রদানের ক্ষেত্রে আইনি প্রতিবন্ধকতার বিষয়টি উল্লেখ করা হয়েছে। তবে এককালীন অনুদানের প্রস্তাবে অর্থদপ্তরের প্রয়োজনীয় অনুমোদন পাওয়া গেলে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

## বধূ নির্যাতন, বধূ হত্যা ও নারী ধর্ষণের ঘটনা

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৯) **শ্রী জটু লাহিড়ী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বিগত দুটি বছরে (২০০০ ও ২০০১) রাজ্যে নারী ধর্ষণ, বধূ হত্যা, বধূ নির্যাতনের সংখ্যা কত ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| বছর | নারী ধর্ষণ | বধূ হত্যা | বধূ নির্যাতন |
|---|---|---|---|
| ২০০০ | ৮১৪ | ৪৩৬ | ৪৯৮২ |
| ২০০১ | ৭১১ | ৪২২ | ৪৭৪৪ |

## যৌথ উদ্যোগে আবাসন প্রকল্প

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১০২৯) **শ্রী কমল মুখার্জী** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেসরকারী সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্যের কোন্ কোন্ স্থানে বর্তমানে আবাসন প্রকল্পের কাজ চলছে ; এবং

(খ) গ্রামীণ আবাসন প্রকল্প গ্রহণ সম্পর্কে সরকারের চিন্তা ভাবনা কীরূপ ?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বেঙ্গল অম্বুজা : দুর্গাপুর, বর্ধমান ও নিউ টাউন

বেঙ্গল পিয়ারলেস : নিউ টাউন ও ই এম বাইপাস

বেঙ্গল শ্রাচী : নিউ টাউন এ ই এম বাইপাস।

(খ) গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েত দপ্তরের মাধ্যমে প্রধানত গ্রামীণ আবাস প্রকল্পগুলি কার্যকর হয়।

আবাসন দপ্তরের পক্ষ থেকে কর্মসূচি হাতে নেওয়ার জন্য উক্ত দুই দপ্তরের সঙ্গে আলোচনা চলছে।

## আবাস ইউনিট নির্মাণে হাডকোর ঋণ

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭২) **শ্রী বিমান চক্রবর্তী** : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য আবাসন পর্ষদ আবাস ইউনিট নির্মাণের জন্য হাডকো ও বাজার থেকে ঋণ নিয়ে থাকে ;

(খ) সত্যি হলে, বিগত আর্থিক বছরে (২০০০-২০০১) কী পরিমাণ অর্থ ঋণ বাবদ নেওয়া হয়েছে ; এবং

(গ) উক্ত ঋণের শর্তগুলি কী ধরনের ?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সত্য।

(খ) আবাসন পর্ষদ বিগত আর্থিক বৎসর (২০০০-২০০১) হাডকো (HUDCO) থেকে ২৬,০০,০০০ (ছাব্বিশ লক্ষ) টাকা ঋণ গ্রহণ করে বার্ষিক শতকরা ১৩-১৫ শতকরা হারে ১২ বৎসরে পরিশোধযোগ্য। বাজার ঋণ (Loan in liew of Market Borrowing from Govt. of West Bengal) আবাসন পর্ষদ বিগত আর্থিক বৎসরে ১,০০,০০,০০০ (এক কোটি) টাকা ঋণ গ্রহণ করেছে।

(গ) বার্ষিক সুদের হার ১৪.৫% এবং ১০ বৎসরে পরিশোধযোগ্য।

## Unstarred Questions

## (to which written answers were laid on the 'Table')

### ১৯৯৭ হতে ২০০১ পর্যন্ত রাজ্যে খুন, ডাকাতি ও অপহরণের সংখ্যা

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫) **শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আবদুল মান্নান** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত রাজ্যে খুন, ডাকাতি, রাজনৈতিক সংঘর্ষ, নারী ধর্ষণ ও অপহরণের (বছর ভিত্তিক) কতগুলি ঘটনা ঘটেছে ; এবং

(খ) কতগুলি ক্ষেত্রে অপরাধীদের গ্রেপ্তার করা হয়েছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| | বিষয় | ১৯৯৭ রাজ্য/কলকাতা | ১৯৯৮ রাজ্য/কলকাতা | ১৯৯৯ রাজ্য/কলকাতা | ২০০০ রাজ্য/কলকাতা | ২০০১ রাজ্য/কলকাতা |
|---|---|---|---|---|---|---|
| (ক) | খুন | ১৬৯৬।৮৪ | ২০৩৩।৮৯ | ১৮৩০।৭২ | ১৮৪৩।৪৯ | ১৫৩০।৬৫ |
| | ডাকাতি | ৩৫৭।৫২ | ৩৯৩।৩৩ | ৩৪৪।২৪ | ৩২৬।২৭ | ২৪৮।২৬ |
| | রাজনৈতিক সংঘর্ষ | ৩৫১।২ | ৮২৭।৭ | ৬৪৬।১০ | ৫৪৭।৭ | ৪৩৪।১১ |
| | নারী ধর্ষণ | ৭৯৬।২৮ | ৭৩০।২৭ | ৭৯৫।২৪ | ৭৭৯।৩৫ | ৬৯২।১৯ |
| | অপহরণ | ৮৭০।১১৩ | ৭৮২।১২৬ | ৮১১।১৩৫ | ৮২১।১০৫ | ৮৭০।১২১ |
| (খ) | খুন | ৪৩৪৫।৬৪ | ৪৩০৪।৫৮ | ৪৪০১।৩৬ | ৩৪২৩।৩১ | ৬২৭৩।৪৪ |
| | ডাকাতি | ১৯৮৩।৪২ | ২০৭০।২৭ | ১৮৭৯।১৭ | ১৯৯৭।১৭ | ২১৬৮।১৯ |
| | রাজনৈতিক সংঘর্ষ | ৮০৭।০ | ১৫৯৫।০ | ১২২৪।০ | ১৩২২।০ | ১০৭৩।০ |
| | নারী ধর্ষণ | ৯৯৪।২৩ | ১০৩৬।১৯ | ১০৭৫।২৩ | ৯৬০।৩০ | ১৬০৬।১৬ |
| | অপহরণ | ১৩১০।৬৮ | ১২০৫।৮০ | ১৪২০।৯৫ | ১০৯৪।৫২ | ১১১৫।৭৫ |

কলকাতা পুলিশের ক্ষেত্রে মোট উল্লিখিত ৩৭টি ঘটনার মধ্যে ১৩টি ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তিরা গ্রেপ্তার হয়েছে।

## বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল

৮৭। (অনুমোদি প্রশ্ন নং ২৮০) **শ্রী কাশীনাথ মিশ্র** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বহিঃ ও প্রসূতি বিভাগের স্থান পরিবর্তনের ব্যাপারে কর্তৃপক্ষের বিলম্বের কারণ কি ;

(খ) বহিঃ ও প্রসূতি বিভাগে দৈনিক কত গর্ভবতী মহিলা চিকিৎসার জন্য আসেন ;

(গ) প্যাথলজিক্যাল পরীক্ষার জন্য দৈনিক কতজন রোগীর রক্ত, প্রস্রাব ইত্যাদি নেওয়া হয়ে থাকে ; এবং

(ঘ) ইমারজেন্সী ও ইনডোর রোগীদের ই.সি.জি. ও ইউ.এস.জি. পরীক্ষার ব্যবস্থা আজ পর্যন্ত না থাকার কারণ কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) দুই মাস পূর্বেই প্রসূতি বহির্বিভাগ স্থানান্তর করা হয়েছে।

(খ) প্রায় ২২০ জন (নতুন ও পুরাতন রোগীর সংখ্যা সহ)।

(গ) বহির্বিভাগ ও অন্তর্বিভাগ মিলিয়ে প্রায় ৫৫০ জন।

(ঘ) ইমারজেন্সী ও ইনডোর রোগীদের জন্য ই.সি.জি. ও ইউ.জি.সি. করার ব্যবস্থা অনেকদিন থেকেই রয়েছে।

## নিহত পুলিশকর্মীর স্ত্রীকে চাকুরী দেওয়ার প্রস্তাব

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪২) **শ্রী যোগরঞ্জন হালদার** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪ পরগনার কুলপী ব্লকের বাসিন্দা নিহত পুলিশকর্মী অনুপ মণ্ডলের স্ত্রীকে কোন চাকুরী দেওয়ার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

নিহত পুলিশকর্মী অনুপ মণ্ডলের স্ত্রী চাকুরির জন্য আবেদন করেছেন। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

## জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরের পরিকল্পনা

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৭) **শ্রী যোগরঞ্জন হালদার** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করার সরকারী পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমান আর্থিক বছরে ব্যয় বরাদ্দ চূড়ান্তভাবে অনুমোদিত হওয়ার পূর্বে এবং নির্দিষ্ট প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতির পূর্বে এ সম্পর্কে কিছু বলা সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## New Ration Cards in each Block

90. (Admitted Question No. 450) **Shri Jog Ranjan Halder :** Will the Minister-in-charge of Food & Supplies Department be please to state—

(a) is it true that the Government has adopted the plan to give new Ration Cards in each Block ; and

(b) if so, when it is expected to be materialised ?

**Minister-in-charge of Food & Supplies Department :**

(a) Yes, it is true.

(b) Expected to be materialised within a year.

## রাজ্যের বিশ্ববিদ্যালয়সমূহে উপাচার্য নিয়োগের পদ্ধতি

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৪) **শ্রীমতী সোনালী গুহ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ-পদ্ধতি কিরূপ ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ করা হয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলির আইন মোতাবেক (University Act)। এই সব বিশ্ববিদ্যালয়ে রাজ্যপাল পদাধিকারবলে আচার্য পদে অধিষ্ঠিত হন। আচার্য হিসেবে তিনি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কোর্ট অথবা সিনেটের (কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে) সর্বসম্মত প্রার্থীকে উপাচার্য পদে নিয়োগ করেন। যদি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কোর্ট অথবা সিনেট (কলকাতা বিশাবিবিদ্যালয়ের ক্ষেত্রে এরকম সর্বসম্মত অনুমোদিত প্রার্থী না দিতে পারে, তবে কোর্ট অথবা সিনেট (কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে) সমানুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে ও একক হস্তান্তরযোগ্য ভোটের মাধ্যমে তিন সদস্যের একটি প্যানেল নির্বাচিত করে দেয়। বিভাগীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করে রাজ্যপাল ঐ প্যানেল থেকে একজনকে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করেন।

## রাজ্যে চালু সমবায় ব্যাঙ্কের সংখ্যা

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৯) **শ্রীমতী সোনালী গুহ** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে ডিসেম্বর, ২০০১ তারিখে চালু থাকা সমবায় ব্যাঙ্কের সংখ্যা কত ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :** ৯৬ (ছিয়ানব্বই)-টি, এর মধ্যে রয়েছে ২৭টি জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক, ২৪টি প্রাথমিক সমবায় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক এবং ৫৫টি শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক।

## সরকারী কলেজে 'আর্টস এণ্ড ক্রাফ্‌টসম্যানসিপ' পাঠ্যক্রম

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৯) **শ্রী রামপদ সামন্ত :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি সরকারী কলেজে 'আর্টস এণ্ড ক্রাফট্‌সম্যানসিপ' পাঠ্যক্রম চালু আছে ;

(খ) কলেজগুলি কোথায় কোথায় অবস্থিত ; এবং

(গ) ঐ পাঠ্যক্রমে ভর্তি হবার নিয়মগুলি কি কি ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এ রাজ্যের কোনো কলেজে 'আর্টস এণ্ড ক্রাফট্‌সম্যানসিপ' বলে কোনো পাঠ্যক্রম চালু নেই। তবে একটি সরকারী কলেজ 'আর্টস এবং ক্রাফট্‌স' কলেজ বলে পরিচিত এবং সেই কলেজে আর্টস ও ক্রাফট্‌সের পাঠ্যক্রম চালু আছে।

(খ) কলেজটি কলকাতায় অবস্থিত।

(গ) ঐ কলেজে ভর্তি হবার নিয়মাবলী নীচে বর্ণিত হল :

## সরকারী আর্টস এণ্ড ক্রাফট্‌স কলেজে ভর্তির নিয়মাবলী

সহ-শিক্ষামূলক এই কলেজে প্রতি বছর জুন মাস থেকে শিক্ষাবর্ষ শুরু হয় এবং গ্রীষ্মাবকাশের পর জুলাই মাস থেকে পড়াশুনা শুরু হয়।

পাঁচ বছরের ইন্টিগ্রেটেড কোর্সে (ভিস্যুয়াল আর্টসে দু'বছরের প্রস্তুতিমূলক ও তিন বছরের অনার্স কোর্স) ভর্তির নিয়ম।

প্রার্থীকে ১লা জুন, ২০ বছর বা তার কম বয়স্ক হতে হবে এবং অবশ্যই মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রথম ভাষায় (বাংলা অথবা ইংরাজী) ৪৫ শতাংশ নম্বর সহ উত্তীর্ণ হতে হবে। ২৮ বছরের অধিক বয়স্ক কাউকেও ফর্ম দেওয়ার নিয়ম নেই।

(ক) প্রার্থীকে (১) কোনো বস্তু বা মডেল দেখে পেন্সিলে আঁকা (২) জল রং-এ পেন্টিং করা ও মৌখিক পরীক্ষা সহ ভর্তির পরীক্ষায় প্রতিযোগিতা করতে হবে।

(খ) দু' বছরের প্রস্তুতিমূলক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর প্রার্থী কোন্ বিশেষ বিষয়ে অনার্স নিয়ে পড়তে চান দরখাস্তে সে বিষয়ে উল্লেখ করতে হবে।

বিশেষ বিষয় সম্পর্কে একবার পছন্দ জানালে তা আর পরিবর্তন করা যাবে না।

নিম্ন বিষয়গুলিতে বিশেষভাবে পড়াশুনার জন্য ইচ্ছা জানানো যায় :

(১) ড্রয়িং এন্ড পেন্টিং (ওয়েস্টার্ন স্টাইল)

(২) ড্রয়িং এন্ড পেন্টিং (ইন্ডিয়ান স্টাইল)

(৩) গ্রাফিক ডিজাইন/এপ্লায়েড আর্ট

(৪) মডেলিং এন্ড স্কাল্পচার

(৫) সেরামিক আর্ট এন্ড পটারি

(৬) টেক্সটাইল ডিজাইন

(৭) উড্ ওয়ার্ক, লেদার ক্রাফট্ এবং টয় মেকিং।

(গ) সাধারণত ১১ই জুন বা মাধ্যমিক পরীক্ষার ফল বার হওয়ার ৭ দিনের মধ্যে ভর্তির আবেদনপত্র ছাড়া হয়। মাধ্যমিক বা সমতুল পরীক্ষার এডমিট কার্ড এবং মার্কশিট এবং তপসিলী জাতি/উপজাতি বা অন্য পিছিয়ে পড়া জাতির সার্টিফিকেট দেখিয়ে আবেদনপত্র ছাড়া হয়।

(ঘ) মেধা এবং ভর্তির পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তির জন্য উপযুক্ত ছাত্র-ছাত্রীদের নির্বাচন করা হয়।

(ঙ) তপশিলী জাতি/উপজাতিদের জন্য নিয়মানুযায়ী আসন সংরক্ষণ ব্যবস্থা আছে।

(চ) হস্টেলে ভর্তির জন্য ভর্তির সময় বার্ষিক আসন ভাড়া ৩০০ টাকা নেওয়া হয়।

(ছ) ভর্তির বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

দু' বছরের স্নাতকোত্তর ভিস্যুয়াল আর্ট পাঠ্যক্রমে ভর্তির জন্য প্রার্থীকে স্নাতক পর্যায়ের অনার্স পাঠ্যক্রমগুলির কোনো একটিতে পাশ করা প্রয়োজন। কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত সমতুল কোনো পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ও স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যক্রমের জন্য ভর্তির উপযুক্ত বলে বিবেচিত হয়।

## দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন থানা স্থাপন

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০) **শ্রী মন্টুরাম পাখিরা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন থানা গঠনের কোনো পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকলে, মোট কতগুলি নতুন থানা চালু হবে ; এবং

(গ) এগুলি কোন্ কোন্ এলাকায় স্থাপিত হবে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) ২টি।

(গ) (১) ভাঙ্গর থানাকে ত্রিখণ্ডিত করে কলকাতা লেদার কমপ্লেক্স নামে নতুন থানা এবং,

(২) কাশীপুর থানা।

## রাজ্যে আরক্ষা বাহিনী আধুনিকীকরণে কেন্দ্রীয় বরাদ্দ

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪১) **শ্রী মন্টুরাম পাখিরা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি কেন্দ্রীয় সরকার কর্তৃক রাজ্য সরকারকে আরক্ষা বাহিনীর আধুনিকীকরণের জন্য কোনো অর্থ বরাদ্দ করেছেন কি ;

(খ) করে থাকলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) কি ধরনের আধুনিকীকরণের জন্য উক্ত বরাদ্দ করা হয়েছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) ৫৬ কোটি ৫০ লক্ষ টাকা।

(গ) আরক্ষা বাহিনীর যানবাহন, যোগাযোগ ব্যবস্থার যন্ত্রপাতি, প্রশিক্ষণ কেন্দ্রের সরঞ্জাম, তদন্ত এবং গোয়েন্দা বিভাগের জন্য আধুনিক সরঞ্জাম, অস্ত্রশস্ত্র ক্রয়, থানা/ফাঁড়ি/ব্যারাক ইত্যাদি নির্মাণ-এর জন্য বরাদ্দ করা হয়েছে।

## অর্থকরী ফসলের চাষ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৯) **শ্রী দীপক কুমার ঘোষ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শুধুমাত্র ধানচাষ না বাড়িয়ে অন্যান্য অর্থকরী ফসলের চাষ বাড়ানোর জন্য সরকার কর্তৃক গৃহীত ব্যবস্থাদি কি ধরনের ; এবং

(খ) সংশ্লিষ্ট ব্যাপারে প্রখ্যাত কৃষি বিজ্ঞানী ডঃ স্বামীনাথনের সুপারিশগুলি রূপায়ণের জন্য সরকারের চিন্তাভাবনা কি ?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) নিম্নলিখিত ব্যবস্থাদির উপর গুরুত্ব দেওয়া হচ্ছে যথা :

(১) ফসলচক্রে অধিকতর অর্থকরী অন্য ফসলের অন্তর্ভুক্তি ;

(২) ফসলচক্রে তন্ডুলজাতীয় শস্য ব্যতীত অন্যান্য ফসল যথা : ডাল ও তৈলবীজ, গম, তিল ইত্যাদি ফসলের চাষ ;

(৩) ধান ব্যতীত অন্যান্য ফসলের বর্ধিত মিনিকিট সরবরাহ।

(৪) এছাড়াও শাকসবজি চাষের উপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

(৫) কৃষকদের সচেতন করার লক্ষ্যে ব্যাপকহারে প্রশিক্ষণ শিবির, কর্মশালা ইত্যাদির আয়োজন করা হচ্ছে।

সর্বোপরি ফসলের বৈচিত্র্যকরণের বিবিধ সুবিধার দিকগুলি তুলে ধরা হচ্ছে। প্রায় ১ লক্ষ হেক্টর জমিতে এভাবে বৈচিত্র্যকরণ করা হয়েছে।

(খ) কৃষিদপ্তর ডঃ স্বামীনাথনের সুপারিশগুলি কার্যকর করার লক্ষ্যে উচ্চ পর্যায়ের কর্মশালা এবং সংশ্লিষ্ট দপ্তরগুলিকে নিয়ে যৌথভাবে সভার আয়োজন করেছে। সুপারিশগুলি পশ্চিমবঙ্গের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে বিশ্লেষণ করে দশম-পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপায়ণ ও প্রণয়নে উদ্যোগ নিয়েছে।

## Scarcity of Rice, Wheat and Sugar in the Ration Shops of Darjeeling

97. (Admitted Question No. 605) **Shri Dipak Kumar Ghosh** : Will the Minister-in-Charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that no Rice, Wheat and Sugar were available in the Ration Shops of the hill Sub-division of Darjeeling District during January, 2001 and

(b) if, so, the reasons thereof ?

**Minister-in-Charge, Food & Supplies Department :**

(a) No, it is not a fact. Rice, Wheat & Sugar were available in the Ration Shops of the hill Sub-division of Darjeeling Dist. during January, 2001.

(b) Does not aries.

## Target for Procurement of Rice

98. (Admitted Question No. 607) **Shri Dipak Kumar Ghosh :** Will the Minister-in-Charge of Food & Supplies Department, be pleased to State—

(a) what was the target for procurement of rice for the financial year 2001-2002 ; and

(b) quantity of rice procured from the rice mills up to January, 2002.

**Minister-in-Charge, Food & Supplies Department :**

(a) The target for procurement of rice for the financial year 2001-2002 was fixed at 6,00,000 M.T.

(b) 45416.68 M.T. rice have been procured from the rice mills up to January, 2002.

## গাঙ্গুলী বাগান টেনামেন্ট স্কীম

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৫) **শ্রী দীপক কুমার ঘোষ :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গাঙ্গুলী বাগান টেনামেন্ট স্কীমটি রাজ্য সরকার বাতিল করে দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত স্কীমটি কবে বাতিল করে দেওয়া হয়েছে ?

**উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না সত্য নয়। কারণ, গাঙ্গুলী বাগান টেনামেন্ট স্কীমের অধীনে থাকা সর্বমোট ২৬টি ব্লকের বিশেষজ্ঞ প্রযুক্তিবিদদের দ্বারা পরীক্ষিত হবার পর তাঁদের অভিমতের উপর ভিত্তি করেই রাজ্য সরকার সব কটি ব্লকই 'কাঠামোগতভাবে দুর্বল এবং বসবাসের পক্ষে নিরাপদ নয়' বলে ঘোষণা করার পাশাপাশি এই টেনামেন্ট স্কীমের অধীনে থাকা যোগ্য ভাড়াটিয়া/দখলদারদের নির্দিষ্ট শর্তপূরণ সাপেক্ষে গাঙ্গুলী বাগান/বৈষ্ণবঘাটা-পাটুলী এলাকায় আর্থিক সহায়তা সহ বাস্তুজমি (আবন্টন সংক্রান্ত) বিস্তারিত পুনর্বাসন প্রকল্প ঘোষণা করেন। এই টেনামেন্ট স্কীমের অধীনে থাকা সর্বমোট ৪৩৬ জন যোগ্য উদ্বাস্তু পরিবারদের চিহ্নিত করে তাঁদের পুনর্বাসন দেবার কাজটি চলছে। বেশ কিছু সংখ্যায় বাড়ি ইতিমধ্যে খালি হলেও, এখনো যাঁরা ওখানে নিজ দায়িত্বে বাস করছেন, তাঁদের জন্য রাজ্য সরকার মানবিক কারণেই সাধারণ পরিষেবা চালু রেখেছেন। তাই বলা যায়, এই টেনামেন্ট স্কিমটি রাজ্য সরকার এখন বাতিল করেননি।

(খ) প্রশ্নই ওঠে না।

**কর্তব্যরত অবস্থায় নিহত/আহত ট্রাফিক পুলিশের সংখ্যা**

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৬) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"বিগত ১৯৯০ থেকে ২০০১ পর্যন্ত সময়কালে কর্তব্যরত অবস্থায় কতজন ট্রাফিক পুলিশ নিহত ও আহত (বছরভিত্তিক) হয়েছেন" ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| রাজ্য পুলিশ | | | কলকাতা পুলিশ | | |
|---|---|---|---|---|---|
| সাল | নিহত | আহত | সাল | নিহত | আহত |
| ১৯৯০ | — | — | ১৯৯০ | — | ৫ |
| ১৯৯১ | ২ | — | ১৯৯১ | ১ | ৪ |
| ১৯৯২ | — | ১ | ১৯৯২ | — | ৩১ |
| ১৯৯৩ | ১ | ২ | ১৯৯৩ | — | ২৯ |
| ১৯৯৪ | ১ | — | ১৯৯৪ | — | ৯ |
| ১৯৯৫ | ২ | — | ১৯৯৫ | ২ | ৪০ |
| ১৯৯৬ | ২ | ১ | ১৯৯৬ | ১ | ৩৪ |
| ১৯৯৭ | ১ | — | ১৯৯৭ | ২ | ৪৫ |
| ১৯৯৮ | ১ | — | ১৯৯৮ | — | ৪১ |
| ১৯৯৯ | ৩ | — | ১৯৯৯ | ১ | ৫৩ |
| ২০০০ | ১ | ১ | ২০০০ | ৪ | ২৩ |
| ২০০১ | ৩ | — | ২০০১ | ৫ | ৬৫ |
| মোট | ১৭ জন | ৫ জন | মোট | ১৬ জন | ৩৭৯ জন |

**সুন্দরবন উন্নয়ন পর্ষদ-এর গঠন ও কার্যকলাপ**

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৩) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন উন্নয়ন পর্ষদ কিভাবে এবং কাদের নিয়ে গঠিত হয় ;

(খ) ২০০১-২০০২ সালে উন্নয়নমূলক কাজের জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদ বিভিন্ন বিধানসভা কেন্দ্রে কত টাকা বরাদ্দ করেছেন ;

(গ) ৩১,০১,২০০২ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ; এবং

(ঘ) সুন্দরবনের সামগ্রিক উন্নয়নের জন্য কোনো মাস্টার প্ল্যান তৈরীর প্রস্তাব নেওয়া হয়েছে কি ?

**সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৯৭৩ সালে ৭ই মার্চের কলকাতা গেজেটে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের উনন ও পরিকল্পনা দপ্তরের অধীন সুন্দরবন উন্নয়ন পর্ষদ নিম্নলিখিত সদস্যবর্গ নিয়ে গঠিত হয়।

(১) উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের সুন্দরবন বিষয়ক শাখার ভারপ্রাপ্ত মন্ত্রী চেয়ারম্যান।

(২) ভাইস্ চেয়ারম্যান, পশ্চিমবঙ্গ রাজ্য পরিকল্পনা পর্ষদ পদাধিকারী সদস্য।

(৩) রাজ্য সরকার মনোনীত সুন্দরবন এলাকা থেকে নির্বাচিত তিনজন বিধায়ক—সদস্য।

(৪) ২৪ পরগনা জেলার জেলাশাসক—সদস্য।

(৫) পরিকল্পনা ও উন্নয়ন কমিশনার—পদাধিকারী সদস্য।

(৬) প্রেসিডেন্সি ডিভিশনের কমিশনার—পদাধিকারী সদস্য। পরবর্তীকালে নির্দিষ্ট সময়সীমার পরপরই সুন্দরবন উন্নয়ন পর্ষদ, পুনর্গঠিত হয়েছে এবং তাতে প্রয়োজনভিত্তিক ও সময়োপযোগী বিভিন্ন পরিবর্তন সাধিত হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞপ্তি সংখ্যা ৪৪১/এস-এ/ও/৩ সি-১/২০০১ তাং ৮.৮.২০০১ অনুসারে বর্তমান সুন্দরবন উন্নয়ন পর্ষদ পুনর্গঠিত হয়েছে এবং তা ১লা আগস্ট, ২০০১ তারিখ থেকে কার্যকর হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান যারা সুন্দরবনের উন্নয়নের শরিক তাদের প্রতিনিধিগণকে সর্বপ্রথম সুন্দরবন উন্নয়ন পর্ষদে নেওয়া হয়েছে এছাড়া বিভিন্ন রাজনৈতিক দলের বিধায়ক প্রতিনিধিবৃন্দ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের সভাধিপতি এবং জেলাশাসকগণ এবং বিভিন্ন সংশ্লিষ্ট সরকারি দপ্তরের আধিকারিকগণকে পুনর্গঠিত পর্ষদে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুন্দরবন উন্নয়ন পর্ষদের পুনর্বিন্যাস মাননীয় মুখ্যমন্ত্রীর পরামর্শক্রমেই করা হয়েছে। এর প্রধান উদ্দেশ্য সুন্দরবন উন্নয়ন পর্ষদের কার্যক্রমে সঠিক সমন্বয় আনা।

(খ) ২০০১-২০০২ সালে সুন্দরবন এলাকার জন্য যে উন্নয়নমূলক কর্মসূচি হাতে নেওয়া হয়েছিল, যেমন পাকা রাস্তা/ইটের রাস্তা নির্মাণ, জেটি ও স্লুইস নির্মাণ, পানীয় জলের জন্য নলকূপ খনন ইত্যাদি, তা জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের সাথে আলোচনা ও পরামর্শ অনুযায়ীই গ্রহণ করা হয়েছিল। সংশ্লিষ্ট বিধায়কগণের উন্নয়নমূলক সুপারিশগুলিও এর সাথে নেওয়া হয়েছিল।

(গ) ৩১.০১.২০০২ পর্যন্ত উন্নয়নমূলক কাজে মোট ৩ কোটি ৫০ লক্ষ টাকা খরচ হয়েছে।

(ঘ) হ্যাঁ, নেওয়া হয়েছে।

এশিয়ান উন্নয়ন ব্যাঙ্ক "ভারতের সুন্দরবন সংরক্ষণ ও জীবিকার উন্নয়ন" নামক প্রকল্পের কারিগরী সহায়তা অনুমোদন করেছে। এই প্রকল্পের মাধ্যমে সুন্দরবন এলাকায় সমীক্ষার মাধ্যমে একটি মাস্টার প্ল্যান তৈরীর সিদ্ধান্ত হয়েছে।

## হাওড়া জেলায় থানায় নিযুক্ত মহিলা পুলিশ কর্মীর সংখ্যা

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৯) **শ্রী জটু লাহিড়ী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলার থানাগুলিতে নিযুক্ত মহিলা পুলিশ কর্মীর মোট সংখ্যা কত ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** : হাওড়া থানায় ১ জন অবর-পরিদর্শক, শিবপুর থানায় ১ জন অবর-পরিদর্শক, শিবপুর থানা প্রাঙ্গণে অবস্থিত মহিলা অভিযোগ তদন্ত কেন্দ্রে ২ জন অবর-পরিদর্শক, ১ জন সহ-অবর-পরিদর্শক ও ১৭

জন মহিলা আরক্ষী—মোট ২২ জন মহিলা পুলিশ কর্মী বর্তমানে হাওড়া জেলায় কর্মরত আছেন।

## সাগরদিঘী ব্লকের দামুস বিলের আয়তন

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৭) **শ্রী পরেশনাথ দাস** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত সাগরদিঘী ব্লকের অধীন দামুস বিলের মোট আয়তন কত ; এবং

(খ) উক্ত বিলের মধ্যে খাস জমি এবং রায়তি জমির পরিমাণ কত ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) মোট : ১৮৭.০৩ একর।

(খ) সমস্ত জমিই সরকারে ন্যস্ত কিন্তু বিষয়টি মামালায় আবদ্ধ।

## হুগলীর মহানাদের 'চন্দ্রদিঘী' লীজ দেবার পরিকল্পনা

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৬) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায়** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলীর ইতিহাস প্রসিদ্ধ মহানাদের সরকারি খাস হিসাবে কথিত বিশাল জলাশয় 'চন্দ্রদিঘী' বর্তমানে কোন লীজ ব্যবস্থার মধ্যে আছে কি না ; এবং

(খ) থাকলে

(১) কোন্ বছর থেকে ; ও

(২) লীজ বাবদ আর্থিক অঙ্কের পরিমাণ কত ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ও (খ) না। ১৩৭২ সন থেকে ১৩৮৭ সন পর্যন্ত ৫১০ টাকা বার্ষিক খাজনায় হুগলী জেলা খাদি ও কুটীর শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে বন্দোবস্ত দেওয়া ছিল। বাকী সময়ের জন্য ভোগদখলকারীর কাছ থেকে রাজস্ব আদায়ের জন্য এবং বর্তমানে আইনানুগভাবে বন্দোবস্ত দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

## রাজ্যে নতুনভাবে রেশন কার্ডের শ্রেণীবিন্যাস

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৮) **শ্রী অজয় দে** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে রেশন কার্ডের শ্রেণীবিন্যাস নতুনভাবে করার কোন পরিকল্পনা আছে কি না : এবং

(খ) থাকলে, তা কি ধরনের ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমানে গণবন্টন ব্যবস্থায় রেশনগ্রহীতাদের ৪ (চার)টি শ্রেণীতে ভাগ করা হয়েছে। যেমন দারিদ্র্যসীমার উপরে (এ.পি.এল.), দারিদ্র্যসীমার নীচে (বি.পি.এল.) দারিদ্র্যসীমার নীচের গ্রহীতাদের মধ্যে যাঁরা অধিকতর দরিদ্র তাদের অন্ত্যোদয় অন্ন যোজনা (এ.এ.ওয়াই) প্রকল্পে এবং যাঁরা ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়স্ক এবং যারা বার্ধক্য ভাতা পাওয়ার যোগ্য হওয়া সত্ত্বেও ঐ ভাতা পাচ্ছেন না তাদের অন্নপূর্ণা প্রকল্পভুক্ত করা হয়েছে।

উপরোক্ত শ্রেণীগুলির জন্য যথাক্রমে পৃথক পৃথক রঙের কার্ড বিতরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে :

| | | |
|---|---|---|
| এ.পি.এল-এর জন্য | — | সাদা |
| বি.পি.এল-এর জন্য | — | সবুজ |
| এ.এ.ওয়াই.-এর জন্য | — | গোলাপী |
| অন্নপূর্ণার জন্য | — | হলুদ |

## Rectification of incomplete results of the students under the Vidyasagar University

106. (Admitted Question No. 1206) **Shri Sisir Adhikary** : Will the Minister-in-Charge of Higher Education Department be pleased to state—

(a) what is the fate of huge number of Part-I (Graduation Course) students whose results have been shown incomplete and R. W. under Vidyasagar University ; and

(b) what steps are being taken to rectify the same ?

**Minister-in-Charge of Higher Education Department :**

(a) Out of incomplete cases of 524 of B.A. and B.Sc. Pt.-I (Honours & General) Examinations, 2001, result of 513 have been completed. Mark-sheet have already been issued to these students on production of Registration Certificate.

(b) All possible measures have been taken to complete the remaining 11 cases of R.W. result. Steps have also been taken to enable these 11 students to appear in the next examination.

## Total Number of Criminals arrested

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৮) **শ্রী নেপাল মাহাতো** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(a) Total number of Criminals arrested during 2001 (districtwise) ; and

(b) Nos. of charge-sheet given to them up to December, 2001 ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| | | | |
|---|---|---|---|
| (ক) (১) বাঁকুড়া | — ১,৮২৭ জন | (১৩) নদীয়া | — ৫,২২৪ জন |
| (২) বীরভূম | — ২,৫৮১ " | (১৪) পুরুলিয়া | — ১,২৫০ " |
| (৩) বর্ধমান | — ৭,৮০৭ " | (১৫) উত্তর ২৪-পরগনা | — ৭,২৭৯ " |
| (৪) কোচবিহার | — ২,১০৭ " | (১৬) দক্ষিণ ২৪-পরগনা | — ৮,১৭৯ " |
| (৫) দার্জিলিং | — ১,৩৫৪ " | (১৭) দক্ষিণ দিনাজপুর | — ২,৪৯৮ " |
| (৬) হুগলী | — ৫,৭৪৯ " | (১৮) উত্তর দিনাজপুর | — ২,৮৩৮ " |
| (৭) হাওড়া | — ১,৮৮৭ " | (১৯) হাওড়া জি.আর.পি. | — ৯১০ " |
| (৮) জলপাইগুড়ি | — ২,৮৮৪ " | (২০) শিয়ালদহ | — ৫৪৮ " |
| (৯) পশ্চিম মেদিনীপুর | — ২,২৪৬ " | (২১) শিলিগুড়ি | — ৭৩ " |
| (১০) পূর্ব মেদিনীপুর | — ১,৬১১ " | (২২) খড়গপুর | — ১৩৬ " |
| (১১) মালদা | — ৬,০৫৩" | (২৩) কলকাতা এয়ারপোর্ট | — ৬৯ " |
| (১২) মুর্শিদাবাদ | — ৪৮,৫৯৬ " | মোট | —১,১৩,৭০৬ " |
| | | কলকাতা পুলিশ | — ৮,৫১৪ জন |

| | | | |
|---|---|---|---|
| (খ) (১) বাঁকুড়া | — ১,৫৮৩ জন | (১৩) নদীয়া | — ৫,৩১১ জন |
| (২) বীরভূম | — ৩,১৪৩ " | (১৪) পুরুলিয়া | — ১,০৫৯ " |
| (৩) বর্ধমান | — ৭,৯১২ " | (১৫) উত্তর ২৪-পরগনা | — ৪,৯৬৮ " |
| (৪) কুচবিহার | — ৩,৪৮৬ " | (১৬) দক্ষিণ ২৪-পরগনা | — ১১,৬৭৫ " |
| (৫) দার্জিলিং | — ৬১১ " | (১৭) দক্ষিণ দিনাজপুর | — ২,৫২২ " |
| (৬) হুগলী | — ১,৭০৭ " | (১৮) উত্তর দিনাজপুর | — ১,৪৯৩ " |
| (৭) হাওড়া | — ১,৩৫০ " | (১৯) হাওড়া জি.আর.পি. | — ২৪৯ " |
| (৮) জলপাইগুড়ি | — ২,৭১৩ " | (২০) শিয়ালদহ | — ২৫৩ " |
| (৯) পশ্চিম মেদিনীপুর | — ১,৬২৩ " | (২১) শিলিগুড়ি | — ৫৩ |
| (১০) পূর্ব মেদিনীপুর | — ১,২২৪ " | (২২) খড়গপুর | — ৬৫ " |
| (১১) মালদা | — ২,৯৫২ " | (২৩) কলকাতা এয়ারপোর্ট | — ৫১ " |
| (১২) মুর্শিদাবাদ | — ১৬,৮২৩ " | মোট | — ৭২,৮২৬ " |
| | | কলকাতা পুলিশ | — ৫,৪৪৯ জন |

## সুন্দরবন এলাকায় নতুন থানা স্থাপন

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫০) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : স্বরাষ্ট্র (আরক্ষা) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার সুন্দরবন এলাকায় কয়েকটি নতুন থানা স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) 'না'। তবে, সুন্দরবন এলাকার নদীপথে পুলিশী জলযান রাখার প্রস্তাব আছে।

(খ) উল্লিখিত প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

## বোলপুর শ্রীনিকেতন ব্লকে বানভাষীদের পুনর্বাসন

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯৮) **শ্রী ধনঞ্জয় মোদক** এবং **শ্রী তপন হোড়** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অজয় নদের বিগত বন্যায় বোলপুর শ্রীনিকেতন ব্লকের বাস্তুচ্যুত বাসিন্দাদের পুনর্বাসিত করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ গ্রামের কতজনকে উক্ত পুনর্বাসন দেওয়া হয়েছে ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) হ্যাঁ।

(খ) নতুন গ্রামের মোট ৫২ জনকে পুনর্বাসন দেওয়া হয়েছে।

## প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে গৃহীত ব্যবস্থা

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪০) **ডাঃ রত্না দে** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে রাজ্য সরকার কি চিন্তা-ভাবনা করছেন ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

প্রাথমিক শিক্ষা বিস্তারে বর্তমানে যে পরিকাঠামো ও পরিষেবা রয়েছে, তাকে আরো যোগ্যতাসম্পন্ন করা এবং তাকে সাহায্য করার জন্য এ রাজ্যের পাঁচটি জেলায় (কোচবিহার মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া ও দক্ষিণ ২৪-পরগনা) জেলা প্রাথমিক শিক্ষা কার্যক্রম (ডি.পি.ই.পি.) শুরু হয় ১৯৯৭ সালে, পরবর্তীকালে আরও পাঁচটি জেলাকে (উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, পুরুলিয়া ও মালদা) এই কার্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়। ইতিমধ্যে সারা ভারতবর্ষের সব রাজ্যের সমস্ত জেলায় সর্বশিক্ষা অভিযান (এস.এস.এ) নামে একটি কর্মসূচি শুরু হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারও কর্মসূচি গ্রহণ করেছেন।

## তারাপীঠে নতুন থানা স্থাপনের পরিকল্পনা

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৪) **শ্রী আশীষ ব্যানার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট বিধানসভার অন্তর্গত তারাপীঠে কোনো থানা তৈরী করার পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কবে নাগাদ তা তৈরী হতে পারে বলে আশা করা যায় ; এবং

(গ) কোন্ কোন্ এলাকাকে উক্ত থানার অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## রামপুরহাট থানা এলাকায় চুরির ঘটনা

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০৫) **ডঃ আশীষ ব্যানার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট থানা এলাকায় জুন, ২০০১ থেকে জানুয়ারী, ২০০২ পর্যন্ত ক'টি চুরির ঘটনা ঘটেছে ?

(খ) তন্মধ্যে কতগুলির কিনারা করা সম্ভব হয়েছে ; এবং

(গ) কতগুলি ক্ষেত্রে চার্জশীট দাখিল করা হয়েছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ৩২টি (খ) ৯টি (গ) ৯টি

## রামপুরহাটের মাড়গ্রাম থানা এলাকায় চুরি, ডাকাতির ঘটনা

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৩) **ডাঃ আশীষ ব্যানার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাট মহকুমার মাড়গ্রাম থানা এলাকায় জানুয়ারী, ২০০১ থেকে জানুয়ারী, ২০০২ পর্যন্ত কতগুলি চুরি, ছিনতাই, ডাকাতি, নারী ধর্ষণ ও খুনের ঘটনা ঘটেছে ; এবং

(খ) উক্ত ঘটনার কতগুলি ক্ষেত্রে চার্জশীট দাখিল করা সম্ভব হয়েছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) (১) চুরির সংখ্যা — ৫টি
(২) ছিনতাইয়ের সংখ্যা — ০
(৩) ডাকাতির সংখ্যা — ০
(৪) নারী ধর্ষণের সংখ্যা — ০
(৫) খুনের সংখ্যা — ৮টি

(খ) উক্ত ঘটনাগুলির মধ্যে কেবলমাত্র খুনের ক্ষেত্রে ৬টি চার্জশীট দাখিল করা হয়েছে।

## রামপুরহাট ১নং ব্লকের জন্য রেশন কার্ড

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪০) **ডাঃ আশীষ ব্যানার্জী** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলায় রামপুরহাট ১নং ব্লকের অন্তর্গত উপজাতি অধ্যুষিত তুম্বুনি, বড়পাহাড়ি, আদলপাহাড়ি, ঠাকুরপুরা, আরেন্দা, মুর্গডাঙা প্রভৃতি এলাকায় বহু মানুষের রেশন কার্ড নেই ; এবং

(খ) সত্যি হলে। এ ব্যাপারে সরকারের চিন্তাধারা কিরূপ ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) বিষয়টি সত্যি নহে। উল্লিখিত গ্রামগুলিতে বসবাসকারীদের রেশন কার্ড আছে। তাছাড়া সংশ্লিষ্ট মহকুমা কার্যালয়ে ঐ সমস্ত অঞ্চলের মানুষদের রেশন কার্ড প্রদান করার জন্য কোনো আবেদনপত্র বকেয়া নেই।

(খ) বিষয়টি সত্যি নহে। তথাপি জানানো হচ্ছে যে, রেশন কার্ডের জন্য সংশ্লিষ্ট মহকুমা অফিসে প্রয়োজনীয় প্রমাণপত্র সহ দরখাস্ত জমা দিলে তদন্তপূর্বক রেশন কার্ড দেওয়া হয়।

## Preventing Traffic Jam at Behala

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৬) **শ্রী পার্থ চ্যাটার্জী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(a) whether the Government have any planning to prevent road traffic jam at Behala during this year, and

(b) if so, the steps taken in this respect ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) হ্যাঁ।

(খ) এই বছর বেহালায় যানজট নিয়ন্ত্রণের জন্য রাজ্য পুলিশ বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। বিভিন্ন পদক্ষেপের মধ্যে এই অঞ্চলে ট্রাফিক পুলিশের সংখ্যা বৃদ্ধি, ট্রাফিক পুলিশের যথাযোগ্য প্রশিক্ষণ, অননুমোদিত পরিবহণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ট্রাফিক আইন ভঙ্গকারী যানবাহনের বিরুদ্ধে ব্যবস্থা ইত্যাদি। এছাড়া ডায়মন্ড পার্কে অটো ম্যানুয়েল পরিযান সংকেতের ব্যবস্থা হয়েছে। এই ব্যবস্থা বেহালা ট্রাম ডিপো ও বেহালা চৌরাস্তার ক্ষেত্রে প্রয়োগের বিষয় ভাবনা-চিন্তার স্তরে আছে।

ডায়মন্ডহারবার রোড চওড়া করার জন্য গত চার মাসে ২১ জন রাস্তার হকারকে উচ্ছেদ করা হয়েছে। এছাড়া ১৫টি অননুমোদিত অটো-রিক্সা বাজেয়াপ্ত করা হয়েছে।

## Total No. of New Ration Cards in Birbhum District

116. (Admitted Question No. 2002) **Shri Asit Kr. Mal** : Will the Minister-in-Charge of Food and Supplies Department be pleased to state—

(a) total No. of new Ration Cards issued in Birbhum District during the financial year 2000-2001 ;

(b) out of which No. of Ration Cards issued in Nalhati area during that period ; and

(c) No. of Ration Cards cancelled in Birbhum District during the said period ?

**Minister-in-Charge of Food and Supplies Department :**

(a) Total No. of new Ration Cards issued in Birbhum District during the financial year of 2000-2001 is 36,202.

(b) 4,854.

(c) 34,352.

## Construction of Court Building at Kharagpur

117. (Admitted Question No. 2067) **Shri Gyan Singh Sohanpal** : Will the Minister-in-Charge of Judicial Department be pleased to state—

(a) whether the Government have been able to take over possession of land selected at Kharagpur for construction of Court Building and Quarters for Judicial Officers of Courts of Kharagpur Sub-Division.

(b) if so, when the construction work is expected to begin ; and

(c) if answer to (a) is in the negative, the reason(s) behind it ?

**Minister-in-Charge of Judicial Department :**

(a) Yes.

(b) The construction work is expected to begin as early as possible.

(c) Does not arise.

[ 12.00-12.10 p.m. ]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker** : Today I have received six notices of Adjournment Motion. The first one is form Shri Kalyan Banerjee and Shri Subrata Bakshi on the subject of hike in charge of electricity by the CESC Ltd. the second one is from Shri Jyotirmoy Kar on the subject of urging financial assistance to the people of storm affected areas through Panchayats. The third one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of problems faced by the students for admission in the higher secondary course. The fourth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged deterioration of law and order situation in South 24 Parganas. The fifth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of non-depositing of subscription for P.F. and E.S.I. by the authorities of many industries in the State. And the sixth one is from Shri Ashok Kumar Deb on the subject of curtailment in the allotment of Kerosene causing sufferings to the common people in the State.

The adjournment motions on the subject matters similar to the first and fourth Motions were received on 11.06.2002 and yesterday respectively consent to which were withheld by me. The notices are thus out of order and I reject both of them.

The subject matters of all the remaining Motions relate to day to day administration of the Government and do not call for adjournment of the business of the House. Moreover, the Members will get ample scope to raise the matters during the discussion and voting on demands for grants of the concerned departments which is now going on. Members may also invite attention of the Minister concerned through Calling Attention, Question, Mention etc. I therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টা হল—

একাদশ শ্রেণিতে ভর্তির সমস্যা বেড়েই চলেছে। প্রতিবারের মতোই এবারও উচ্চমাধ্যমিকে ভর্তি নিয়ে সমস্যা ক্রমশঃ বাড়ছে। অনেক বিদ্যালয়ে ফর্ম দেওয়া শুরু হয়েছে। তবে নম্বরের চাহিদা ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় ভর্তি নিয়ে আশংকার মধ্য রয়েছে ছাত্র ও অভিভাবকরা। বিজ্ঞান শাখার জন্য ভিড় বেশী থাকায় সমস্যার আরও জটিল হচ্ছে। গোটা বিশ্বে অর্থনীতি ও জৈব প্রযুক্তির রমরমা দেখে সেই সংক্রান্ত পড়াশোনার দিকেও আগ্রহ বাড়ছে ছাত্র ও অভিভাবকদের। ছাত্র ও অভিভাবকদের অভিযোগ স্কুলগুলি ওই সব ক্ষেত্রে যে হারে নম্বর চাইছে তাতে প্রথম বিভাগ তো দূরের কথা, স্টার পাওয়া ছাত্র-ছাত্রীরাও হালে পানি পাচ্ছে না। পাশপাশি সরকারী স্কুলগুলিতে ভর্তির ব্যাপারে সাম্প্রতিক সরকারী সিদ্ধান্তের ফলে স্কুলের ছাত্রদেরই ভর্তির সম্ভাবনাও কমে গেছে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা তাদের নিজস্ব স্কুলেও ভর্তির সুযোগ পাচ্ছে না। বহিরাগত ছাত্র-ছাত্রীরাও সরকারী স্কুলে সমান সুযোগ পাবার নির্দেশ সরকার দেওয়াতে সেখানকার উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে ত্রাসের সৃষ্টি হয়েছে। ৭৫ শতাংশ নম্বর না পেলে নামি এমনকি কোন বিদ্যালয়ে ভর্তির সুযোগ পাবার সম্ভাবনা নেই। কলেজগুলির মধ্যে বর্তমান বছরে ৩০টি কলেজ ছাড়া বা যারা ভর্তির ফর্ম দিয়েছেন তাঁরা আর এক বছর ভর্তির সুযোগ পাবেন। বেশিরভাগ কলেজ এ ভর্তি বন্ধ করে দিয়েছে। এর ফলে সাধারণ ও মাঝারি মাপের ছাত্র-ছাত্রীদের ভর্তির সুযোগ পাবে না। কয়েক লক্ষ ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ হতে বঞ্চিত হবেন। একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে এক জটিল সমস্যার সৃষ্টি হয়েছে। লক্ষাধিক ছাত্র-ছাত্রীদের ভর্তি সমস্যার প্রতিকার রাজ্য শিক্ষা দপ্তর অনীহা প্রকাশ করেছেন। সভার কাজ বন্ধ করে ছাত্র-ছাত্রীদের ভর্তি নিয়ে আলোচনা অতি আবশ্যক।

## CALLING ATTENTION NOTICE

**Mr. Speaker** : Today I have received six notices of Calling Attention on the following subjects. Namely :

| | Subject | Name |
|---|---|---|
| (i) | Erosion of the Ganga and the Padma from Farakka to Jalangi | : Shri Abutaher Khan, Shri Abdul Mannan, Shri Niamat Sk. & Shri Maninul Haque |
| (ii) | Progress of work of the Subarna Rekha Project | : Shri Jyotirmoy Kar |
| (iii) | Reported death of a Beedi-worker from police firing at Baishnabdanga, Murshidabad | : Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |
| (iv) | Privatisation of Haldia Port | : Shri Tapan Hore |

| | | |
|---|---|---|
| (v) | Out-break of Maleria and enteric diseases in Dooars | : Shri Nirmal Das |
| (vi) | Reported murder of one Sushila Ramsurkha and her daughter on 11.6.2002 under Tollygunge Police Station. | : Shri Sobhandeb Chattopadhyay |

I have selected the notice of Shri Abu Taher Khan, Shri Abdul Mannan, Sk. Niamat Sk. Shri Mainul Haque on the subject of Erosion of the Ganga and the Padma from Farakka to Jalangi.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Fourth Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology (2001-2002)

**The Chairman (Shri Abu Ayes Mondal) :** Sir, I beg to present the Fourth Report of the Standing Committee on Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology, 2001-2002 on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Power, Non-Conventional Energy Sources, Science & Technology and Information Technology Departments.

### First and Second Reports of the Standing Committee on Transport and Public Health Engineering (2001-2002)

**The Chairman (Shri Sadhan Pande ) :** Sir, I beg to present—

(a) The First Report of the Standing Committee on Transport and Public Health Engineering (2001-2002) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grants relating to the Public Health Engineering Department for the year 2002-2003 ; and

(b) The Second Report of the Standing Committee on Transport and Public Health Engineering (2001-2002) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grants relating to the Transport Department for the year 2002-2003.

Sir, in this connection I wish to draw your kind attention to the fact that you have very graciously initiated this kind of Standing Committee System to go through the Budget but the whole process may become infructuous if the Committee takes any decision regarding

change of heads of accounts and that is not incorporated in the printed Budget which has already been released.

**Mr. Speaker :** অ্যাকশন টেকন রিপোর্ট পরে আসবে।

**Shri Sadhan Pande :** Sir, then a direction from you is required that if there is an Action Taken Report it should come within six months immediately after the publication and presentation of the Standing Committee Report and whatever changes recommended therein that should be taken into consideration by the Hon'ble Minister and declared in the House during the Budget discussions.

**Mr. Speaker :** রিপোর্ট আসতে তো সময় লাগবে। It is not possible to make the corrections.

**Shri Sadhan Pande :** I do understand, Sir. But the Hon'ble Minister while replying should at least say that the changes, if any, would be taken into consideration for incorporation.

**Mr. Speaker :** Mr. Pande, you plaease see, that can only come in the Action Taken Report. The Minister may not get enough time to act on it. It is not possible to do that at that stage. Please take your seat. I am not going into the debate now. ঠিক আছে বসুন পরে বলবেন।

## Second Report of the Standing Committee on Social Welfare, Relief, Regugee Relief and Rehabiliatation (2001-2002)

**Shri Kamalakshmi Biswas :** Sir, with your permission I beg to present the Second Report of the Standing Committee on Social Welfare, Relief, Regugee Relief and Rehabiliatation (2001-2002) on Pre-Voting Budget Scrutiny for the year 2002-2003 relating to the Social Welfare, Relief, Refuge Relief and Rehabilitation Departments.

## LAYING OF RULES

### Amendments to the West Bengal Municipal (Internal Audit) Rules, 1997

**Shri Asok Bhattacharya :** Sir, I beg to lay the West Bengal Municipal (internal Audit) rules, 1997, published in the Kolkata Gazettee, Extraordinary of the 15th January, 2002, under Notification No. 12/MA/O/C-4/1A-5/97, dated 4.1.2002.

## LAYING OF NOTIFICATION

### Amendment to Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1976

**Shri Pribadh Chandra Sinha** : Sir, with your permission, I beg to lay the amendment to Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1976, published in the Kolkata Gazettee (Extraordinary) dated December, 12, 2001 under Notification No. 282/1/WB/2001, dt. 12.12.2001.

## MENTION CASE

**Mr. Speaker :** আজকে দেবপ্রসাদবাবু তো বলবেন না। আমি শ্রী আবু তাহের খানকে ডাকছি।

[ 12.10-12.20 p.m. ]

**শ্রী আবু তাহের খান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা নোয়াদা বিধানসভা কেন্দ্রে সব থেকে বেশী পিঁয়াজ উৎপাদিত হয়েছে। কিন্তু সেকানে পিঁয়াজের সংরক্ষণের কোন ব্যবস্থা নেই। একদিকে যেমন চাষীরা ধানের দর পাচ্ছে না, এর পাশাপাশি এত পিঁয়াজ উৎপাদিত হওয়াতে এবং তা সংরক্ষণের ব্যবস্থা না থাকার ফলে পিঁয়াজ পচে যাচ্ছে এবং চাষীরা বাজার দর পাচ্ছে না। চাষীরা ভীষণভাবে মার খাচ্ছে। মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি মুর্শিদাবাদ জেলার নোয়াদাতে পিঁয়াজ সংরক্ষণের একটা ব্যবস্থা গ্রহণ করা হোক। যাতে সেখানকার চাষীরা পিঁয়াজ মজুত রেখে পিঁয়াজের দাম পেতে পারে।

**শ্রী তপন হোড়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই জানি পেট্রল এবং ডিজেলের দাম সেন্ট্রাল বাজেটে কমানো হয়েছিল। রিসেন্টলি আবার পেট্রল এবং ডিজেলের দাম আরও বেশী বাড়িয়ে দেওয়া হলো এবং শুধু তাই নয় আবার শুনছি পেট্রল এবং ডিজেলের দাম এই কিছুদিনের মধ্যে আবার বাড়ানো হবে। আমাদের এখানে এই তৃণমূল বন্ধুরা এন.ডি.এ-এর সঙ্গে আছে, কিন্তু তাঁদের এতো কোন হাঁক-পাক নেই, এঁরা কিছু করবেন না। পেট্রল এবং ডিজেলের দাম বাড়ানো হয়েছে এবং আবার বাড়ানোর প্রস্তাব আছে। এটাকে আমরা প্রতিবাদ করছি এবং রাজ্য সরকারকে বলছি এই ব্যাপারটা দেখুন। পেট্রল ও ডিজেলের এই গণ্ডগোলের জন্য সমস্ত পেট্রল ডিলার্সরা ৩০ ঘন্টার বন্‌ধ করে ফেলেছেন। এতে একটা জটিল অবস্থার সৃষ্টি হচ্ছে। আজকে এই তৃণমূল বিধায়করা যাঁরা আছেন তাঁদের ভূমিকা ন্যাক্করজনক, তাঁদের ক্যাবিনেটে কোন ভূমিকা নেই। এঁরা শুধু তাঁদের নেত্রী কিভাবে মন্ত্রী হবেন সেটাই দেখেন। এ ছাড়া এঁদের কোন গল্প নেই। মানুষ মারা যাক তাকে এদের কোন যায় আসে না।

**শ্রী দীপককুমার ঘোষ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভার এবং সভায় উপস্থিত পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে স্থানীয় পৌরসভার আসন্ন নির্বাচন সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। ১৯৯৭ সালে হলদিয়া পৌরসভা গঠিত হয়। তখন রাজ্য সরকার

সঠিকভাবেই ১৯৯১ সালের জনগণনার ভিত্তিতে ২৪টা ওয়ার্ড করেছিলেন যেহেতু এটা সি-ক্যাটাগরীর পৌরসভা হবে। সেই ভিত্তিতেই নির্বাচন হয়েছিল। এবারের নির্বাচনের কথা উঠেছে। ২০০১ সালে জনগণনা হয়েছে, তার রিপোর্ট প্লেস হয়েছে এবং সেই রিপোর্টে ১ লক্ষ ৭০ হাজার জনসংখ্যা দেখানো হয়েছে, সেই হেতু এটা বি-ক্যাটাগরীর পৌরসভা হওয়া উচিত। কিন্তু রাজনৈতিক কারণে এটা বি-ক্যাটাগরীর পৌরসভা না করে মাত্র একটা ওয়ার্ড বাড়িয়ে দিলেন। এখানে যিনি চেয়ারপার্সন আছেন তিনি মহিলা এবং তার ২০ নম্বর ওয়ার্ডটি মহিলাদের জন্য সংরক্ষিত। এই একটি ওয়ার্ড না বাড়লে তিনি সেখান থেকে আর দাঁড়াতে পারতেন না। একটি ওয়ার্ড বাড়িয়ে তার ওয়ার্ডটি ২৫ নম্বর করা হলো এবং আইন অনুসারে আবার মহিলাদের জন্য সংরক্ষিত হয়ে গেল। বে-আইনীভাবে রাজ্য সরকার এই চালাকি সেখানে করলেন।

দ্বিতীয় আরেকটি সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো গতকাল যে নির্বাচনী বিজ্ঞপ্তি জারি করা হয়েছে তাতে বলা হয়েছে আগামী ২১শে জুলাই হলদিয়া পৌরসভার নির্বাচন হবে। কিন্তু এই ২১শে জুলাই তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক গুরুত্বপূর্ণ প্রোগ্রাম থাকে কলকাতায়। ১৯৯৩ সালের ২১ জুলাই বামফ্রন্টের পুলিশ বিনা কারণে গুলি চালিয়ে তৃণমূলের ১৩ জন সমর্থককে হত্যা করেছিল। তাই ২১ জুলাই কলকাতায় তৃণমূলের প্রোগ্রাম থাকে। সেই দিন তৃণমূল যাতে তার পার্টির প্রোগ্রাম সফল করতে গিয়ে এই পৌরসভা নির্বাচনে মনোযোগ দিতে না পারে সেই কারণে এটা করা হয়েছে। আমি বলতে চাই ২১শে জুলাই যেন সেখানে নির্বাচনের দিন ঠিক না করা হয়। এটা অন্ততঃ দু সপ্তাহ পিছিয়ে দিয়ে যেন করা হয়। এতে মহাভারত অশুদ্ধ কিছু হবে না। আমি আপনার মাধ্যমে এই সভার এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি হলদিয়া পৌরসভা নির্বাচনের ব্যাপারে।

**শ্রী সুব্রত ভাওয়াল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্বস্থলী বিধানসভা কেন্দ্রের ১৫টা অঞ্চলের মধ্যে ৯টা অঞ্চল ভাগীরথীর প্রচণ্ড প্রবাহে ভাঙ্গনের কবলে পড়েছে এবং এর ফলে অগ্রদ্বীপ, ঝাউডাঙ্গা, তামাঘাটা, পাটুলী, কাষ্ঠরালী সিংপাড়া, কাষ্ঠরালী চর প্রভৃতি জায়গা প্রতিদিন ক্ষতিগ্রস্ত হচ্ছে, বাড়ী-ঘর, জমি গঙ্গার গর্ভে চলে যাচ্ছে। বর্ষার ফলে নদীর জল বাড়ছে এবং ভাঙ্গনও বাড়ছে, বন্যা দেখা দিতে পারে। আমি এ ব্যাপারে অবিলম্বে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য।

**শ্রী সৌগত রায়** : স্যর, মাননীয় নগর উন্নয়নমন্ত্রী এখানে আছেন। গতকাল কলকাতায় প্রথম ভালো বর্ষা হল এবং তার ফলে কলকাতা এবং তার আশেপাশের এলাকায় জল দাঁড়িয়ে যাওয়ার সমস্যা সম্পর্কে আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল প্রথম বর্ষায় কলকাতার উত্তর দিক—বিশেষ করে, উল্টোডাঙ্গা, সল্ট লেক, লেক টাউন, পুরোপুরি জলের নিচে চলে গিয়েছে। কলকাতার উপকণ্ঠে বাইপাশের ধারের ১০৭ এবং ১০৮ নম্বর ওয়ার্ড জলের তলায় চলে গেছে। কলকাতা শহরের মধ্যেও জল ঢুকেছে। নিশ্চয় কলকাতা পুরসভাকে প্রাথমিকভাবে দায়িত্ব নিতে হবে জল সরাবার। কিন্তু এবার বর্ষার আগে কলকাতার আশপাশের খাল—বাগজোলা খাল, কেষ্টপুর খাল, বেগড় খাল সংস্কার করা হয়নি, ইরিগেশন ডিপার্টমেন্ট পুরোপুরি ব্যর্থ হয়েছে। কলকাতার পূর্বদিকে যে স্বাভাবিক ড্রেনেজ ছিল ইস্টার্ণ বাইপাস তৈরী হওয়ার কারণে তা বন্ধ হয়ে গেছে এবং তার ফলে ইস্টার্ণ বাইপাস সংলগ্ন এলাকা জলের তলায় চলে গেছে। একটা আধুনিক মেট্রোপলিস-এ যদি

সামান্য বৃষ্টিতে জল জমে যায়, লোকেরা কষ্টের মধ্যে পড়ে এবং দেখা যাচ্ছে ঐ জমা জল থেকে রোগও ছড়াচ্ছে এবং হাইরাইজে নয় বস্তির লোকেদের বাড়ীতেও জল ঢুকে যাচ্ছে। এটা চিন্তার বিষয়। কলকাতা পুরসভার মেয়রকে ধন্যবাদ যে তিনি এ ব্যাপারে এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে সাসপেন্ড করেছেন। আমি ডিপার্টমেন্টের মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, যাদের খাল সংস্কারের কাজ ছিল, কলকাতার আশপাশের পুরসভা, সাউথ দমদম, বিধাননগর পুরসভা, বামফ্রন্ট দখল করে রেখেছে, সেখানে জমা জল সরানোর কি ব্যবস্থা নিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে নিশ্চয় বলবেন। এখনও সময় অছে। ইরিগেশনকে সঙ্গে নিয়ে আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের খাল সংস্কারের কাজ করতে পারে, যদি চায়। কিন্তু তা যদি না হয় এবং আরো ভারী বর্ষা নেমে গেলে কলকাতার উত্তর থেকে দক্ষিণে যাতায়াত ভীষণ সমস্যা হয়ে দাঁড়াবে। আরে, শিল্প কোথায় আসবে, যারা আছে তারাও পালিয়ে যাবে। সুতরাং এ ব্যাপারে যাতে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী রতন দাস** : মোমিনপুর মর্গ থেকে মৃতদহে আনতে গেলে এবং মৃতের আত্মীয়কে তা পেতে হলে সংশ্লিষ্ট দুটো থানার কাগজপত্র লেনদেন প্রক্রিয়ার ফলে জটিলতা দেখা দিচ্ছে এবং মানুষ হয়রান হচ্ছে। এক্ষেত্রে আইনের সরলীকরণ করা যায় কিনা সেটা ভেবে দেখতে অনুরোধ করছি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে। এবং এই জটিলতা এড়ানোর জন্য প্রত্যেকটা থানাতে একটা করে ফ্যাক্স মেসিন দেওয়া হলে মৃতদেহ পাওয়ার ক্ষেত্রে মানুষের হয়রানি কমবে বলে আমি মনে করি।

**শ্রী কল্যাণ ব্যানার্জী** : স্যর, প্রতি বছর আসানসোল সাব-ডিভিশন থেকে ১২০০ কোটি টাকা মতো সেস এবং ট্যাক্স আদায় করা হলেও আসানসোল সাব-ডিভিশনের জন্য খরচ করা হয় সারা বছরে ২৫ কোটি টাকা মাত্র। মাননীয় সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, সেস এবং ট্যাক্সের যে টাকা কালেকশন হচ্ছে তার ৪০ শতাংশ আসানসোলের ডেভেলপমেন্টের জন্য খরচ করা হোক। এবং ওখান থেকে যে কোল সেস আসছে তার থেকেও আসানসোল সাব-ডিভিশনের উন্নয়নের জন্য খরচ করা হোক।

[ 12.20-12.30 p.m. ]

**শ্রী আবুল হাসনাত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গিপুরের অন্তর্গত তেঘরি ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্য পরিষেবা একেবারে ভেঙে পড়েছে। কারণ সেখানে ব্লক মেডিকেল অফিসার ডাঃ বিপ্লব দাস ঠিকমতো হাসপাতালে আসেন না, ফলে এলাকার মানুষ চিকিৎসা এবং ওষুধপত্তর পায় না। এর ফলে মানুষ খুব ক্ষুব্ধ। এ ব্যাপারে আমি এ.সি.এম.ও.এইচ. এবং সি.এম.ও.এইচ.-কে জানিয়েছি, কিন্তু সেখানে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এলাকার সাধারণ মানুষ যাতে ঠিকমত স্বাস্থ্য পরিষেবা পায় সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উল্লেখ করছি। সরকারের ঘোষিত নীতি বিদ্যুৎ চুরি বন্ধ করা। বিরোধী সদস্য হিসেবে আমরা সেই ঘোষিত নীতির বাস্তবায়নের পক্ষপাতি। ব্যাপক বিদ্যুৎ চুরি হচ্ছে। উত্তর কাঁথির

কানাইদিঘি থেকে গঙ্গাধরচক মৌজায়। আমরা কাঁথি মহকুমা শাসককে লিখেছি। শুকনো বাঁশ দিয়ে লাইন টেনে নিয়ে চলে গেছে। বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য এস.ডি.ও.-কে চিঠি দিয়েছি। অবিলম্বে চুরি যাতে বন্ধ হয় তার জন্য আমি বিদ্যুৎ দপ্তরের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে বাস অ্যাকসিডেন্ট খুব বেড়ে গেছে। বহু মানুষ মারা যাচ্ছে। এর কারণগুলোর ভিতর অন্যতম হচ্ছে যান্ত্রিক গোলযোগ। দেখা যাচ্ছে এক শ্রেণির বাস-বিহীন মালিক রুট পাচ্ছে, তারা রুটগুলো নিয়ে লিজ দিচ্ছেন অন্যকে, যাঁরা লিজ নিচ্ছে তারা অযোগ্য বাস ফিটনেস সার্টিফিকেট নিয়ে রাস্তায় চালাচ্ছে, ফলে দুর্ঘটনা ঘটছে। যাত্রীদের দুর্ঘটনার হাত থেকে রক্ষা করার জন্য, এই বিষয়টা গুরুত্বসহকারে দেখার জন্য আমি দাবি রাখছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়, বিশেষত আমাদের রাজ্যের মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতের ব্যাপারে বলাগড়, গৌরিপুরে বিদ্যুৎ প্রকল্পের কাজ শুরু হবার জন্য যে ব্যবস্থা হয়েছে, জমি নেওয়া হয়েছে, কিন্তু আজকে দেখা যাচ্ছে সেগুলো অনিশ্চিত হয়ে গেছে। সি.ই.এস.সি.-এর বলাগড় প্রকল্প বিদ্যুৎ উন্নয়ন নিগমের মাধ্যমে করার কথা, গৌরিপুর প্রকল্প বিদ্যুৎ উন্নয়ন নিগমের মাধ্যমে করার কথা। সেখানে দেখা যাচ্ছে, দশম যোজনাকালে এই দুটো বিদ্যুৎ প্রকল্প হওয়ার কথা ছিল, কিন্তু সেটা হবে না, ফলে উৎপাদনের ক্ষেত্রে কোন বাড়তি কিছু যোগ হবে না, এই সময় ৩০০ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা বাড়ার কথা। ২০০১ সালে বক্রেশ্বর থার্ড ইউনিট চালু হয়েছে। কিন্তু বলাগর, গৌরিপুর নিয়ে অচল অবস্থার সৃষ্টি হয়েছে। বলা হচ্ছে যে, বৃহত্তর কলকাতায় বায়ু দূষণের জন্য গৌরিপুর বন্ধ থাকবে, করা যাবে না। বলাগড়ে ৫০০ মেগাওয়াটের জন্য ১০ কোটি ডলার ঋণ পাওয়ার কথা, গৌরিপুরের জন্য এশিয়ান ব্যাংক থেকে সাড়ে ১৫ কোটি ডলার ঋণ পাওয়ার কথা। এগুলো বন্ধ হয়ে যেতে পারে বলে সকলের মধ্যে একটা ধারণা হয়েছে। বলাগড়, গৌরিপুর তাপবিদ্যুৎ কেন্দ্রগুলো যাতে হয় এবং আমাদের যে চাহিদা ও শিল্প উন্নয়নের ক্ষেত্রে বিদ্যুতের যে চাহিদা সেটা মেটানোর জন্য এটাকে বাস্তবায়িত করা হোক। কোরিয়া এসকিস ব্যাংক পর্যন্ত এগিয়ে এসেছে, প্রায় ১৫ কোটি ডলার ঋণ দেবে। তাহলে এটা বন্ধ করে দেবার কোন কারণ নেই। সে জন্যই এটা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রে হলদি নদীর ডেভেলপমেন্ট বাঁধের ওপর একটা স্লুইস গেট ছিল। বিগত তিন বছর পূর্বে ঐ স্লুইস গেটটি সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। সামনেই বর্ষাকাল, বিপুল জলোচ্ছ্বাসে বিস্তীর্ণ এলাকা ক্ষতিগ্রস্ত হবে যদি না ইতিমধ্যে ঐ স্লুইস গেটটি সঠিকভাবে নির্মাণ করা হয়। কয়েকটি গ্রাম পঞ্চায়েত তথা গোটা নন্দীগ্রামই ক্ষতিগ্রস্ত হবে। এই অবস্থায় আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে নন্দীগ্রামে নদীর ওপর স্লুইস গেটটি নির্মাণ করা হোক। ধন্যবাদ।

**ডাঃ রত্না দে (নাগ)** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হুগলী জেলার শ্রীরামপুর একটা ঘনবসতিপূর্ণ শহর। এই শহরে উইলিয়াম কেরি প্রতিষ্ঠিত একটা কলেজ আছে। সেই কলেজের পঠন-পাঠনের সুব্যবস্থার জন্য বহু ছাত্র-ছাত্রীর অভিভাবক তার প্রতি আকৃষ্ট হন।

সেখানে ডিগ্রি কোর্সের সঙ্গে সঙ্গে ১১-১২ ক্লাসের পড়াবারও ব্যবস্থা ছিল। সেজন্য বহু ছাত্র-ছাত্রী এ বছর ভর্তির জন্য প্রেস্ক্রাইবড ফর্মে দরখাস্ত করেছিল কলেজ কর্তৃপক্ষের কাছে। কিন্তু গত ১২ই জুন কলেজ কর্তৃপক্ষ জানান, '১১ ক্লাসে ভর্তি হবার জন্য জমা দেয়া দরখাস্ত বিবেচিত হবে না। এর ফলে প্রায় ৫০০ ছাত্র-ছাত্রী তথা তাদের অভিভাবকবৃন্দ ভয়ানক সংকটে পড়েছেন। এর মধ্যে অনেক ছাত্র-ছাত্রী অন্য কোন কলেজে বা বিদ্যালয়ে ভর্তির জন্য দরখাস্ত জমা দেয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি বিগত বছরের মতো এ বছরও শ্রীরামপুর কলেজে উচ্চ মাধ্যমিক পড়াবার ব্যবস্থা তিনি যেন চালু রাখেন। ধন্যবাদ।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এই হাউসে উপস্থিত আছেন। আমি আমাদের মেদিনীপুর শহরের একটা প্রাচীনতম লাইব্রেরি সম্পর্কে তাঁর কাছে উল্লেখ করছি। 'ঋষি রাজনারায়ণ বসু স্মৃতি পাঠাগার' ১৮৫১ সালের সেপ্টেম্বর মাসে প্রতিষ্ঠিত হয়েছিল। আজকে দেড়শো বছর পূর্তি উদযাপন হবে। কিন্তু ঐ পাঠাগার গৃহটি বর্তমানে ভগ্ন, জরাজীর্ণ অবস্থায় রয়েছে। আমি জানি গ্রন্থাগার বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় অত্যন্ত সহানুভূতিশীল। তাঁর কাছে আমার অনুরোধ ঋষি রাজনারায়ণ বসুর নামে আমাদের মেদিনীপুর শহরে যে লাইব্রেরিটি রয়েছে সেটির সংস্কারের জন্য তিনি যথাসাধ্য সাহায্যের ব্যবস্থা করুন। ঐ ভবনটির ভগ্ন দশা থেকে উদ্ধার করে ওকে নবকলেবর দান করুন। মাননীয় মন্ত্রী মহাশয় উদার মানুষ, শুনেছি উনি অনেক গ্রন্থাগারকেই আর্থিক সাহায্য দিয়েছেন। উনি হাউসে উপস্থিত আছেন, এ বিষয়ে যদি কিছু বলেন তাহলে বাধিত হব। ধন্যবাদ।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর তথা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিশ্বকাপের খেলার রাউন্ড অব থার্টি-টু প্রায় শেষ হতে চলেছে। যদিও আর্জেন্টিনা এবং ফ্রান্স এই খেলা থেকে বিদায় নিয়েছে তবুও এই খেলা এখন পর্যন্ত ভারতবর্ষের ক্রীড়ামোদী মানুষের কাছে অত্যন্ত বেশি। কিন্তু দুঃখের বিষয়, কেন্দ্রীয় সরকার অথবা প্রসার ভারতী তারা এমন একজন মানুষের হাতে এই টি.ভি.তে টেলিকাস্ট করার দায়িত্ব দিলেন—সারজার ভুখারি, তিনি টেন স্পোর্টসের মাধ্যমে কেবল লাইন যাদের আছে, যারা অনেক বেশী টাকা দিয়ে টেন স্পোর্টস কিনতে পরছে তারাই এই খেলা দেখছে। দেশের কোটি কোটি মানুষ তো বটেই, এই পশ্চিমবাংলার অনেক মানুষ, বলতে গেলে শতকরা ৮০ ভাগ মানুষই বিশেষ করে ছাত্র-যুবকরা যারা এই খেলা দেখতে চান তাঁরা অবিবেচনার শিকার হচ্ছেন, এই খেলা কেবলমাত্র শহরাঞ্চলের কিছু কিছু জায়গায় দেখা সম্ভব হচ্ছে, তাও অর্থের বিনিময়ে। এখন রাউণ্ড অব ১৬ শুরু হবে, নক-আউটের গুরুত্বপূর্ণ খেলা শুরু হবে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানিয়ে বলছি, অবিলম্বে ভারতবর্ষের প্রধানমন্ত্রী ও তথ্য সম্প্রচার মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে এই খেলা যাতে দূরদর্শনে ভারতবর্ষের সর্বত্র দেখানো হয় এবং পশ্চিমবাংলার সাধারণ মানুষ যাতে এই খেলা দেখতে পান তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ

করুন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও তথ্য সংস্কৃতি মন্ত্রীর কাছে আমার এই দাবি জানাচ্ছি।

[ 12.30-12.40 p.m. ]

**শ্রী নির্মল দাস** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডুয়ার্স এলাকা বরাবর আন্ত্রিক এবং ম্যালেরিয়া প্রবণ এলাকা। ইতিমধ্যে গত ২ মাসের মধ্যে ভাটপাড়া, চুয়াপাড়া, এবং রাধারাণী প্রভৃতি এলাকার চা-বাগানের শ্রমিক পরিবারের ৭/৮ জন শিশু, কিশোর, বৃদ্ধ এই আন্ত্রিকে মারা গেছে। কুমারগ্রামদুয়ার, কালচিনি, মাদারীহাট প্রভৃতি এলাকায় যে সমস্ত হাসপাতাল আছে সেইসব হাসপাতালে অসংখ্য রোগীর ভিড় উপচে পড়ছে। আমি চাইছি, ডি.ডি.টি. স্প্রে যেন শুরু করা হয়। এইসব হাসাপাতালে প্রতি সপ্তাহে গড়ে ২ জন করে মারা যাচ্ছে। অতি সম্প্রতি স্বাস্থ্য দপ্তর কয়েকজন বিশেষজ্ঞকে পাঠিয়েছিলেন। কিন্তু তাঁরা ৪০ কিলোমিটার দূরে থেকে সেখানে আন্ত্রিক রোগীদের দেখাশুনা করতে গিয়েছিল। সুতরাং কাজের কাজ কিছুই হয়নি। অনেক মানুষ রোগাক্রান্ত। ৭/৮ জনের ইতিমধ্যেই মৃত্যু হয়েছে। ম্যালেরিয়ায় রোগীরা যাতে না মরে তার জন্য কালচিনি হাসাপাতালটিকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা এবং কুমারগ্রামদুয়ার হাসাপাতালটিকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা দরকার। আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালটিকে জেলা হাসপাতালের মর্যাদায় উন্নীত করে সেখানে অর্থপেডিক সহ বিশেষজ্ঞ চিকিৎসক নিয়োগ করা দরকার। রোগ নির্ণয় এবং নিরাময় কেন্দ্র হিসাবে সরকারি প্রতিশ্রুতি অবিলম্বে পালন করা দরকার। বক্সাদুয়ারে একটাও হাসাপাতাল গড়ে ওঠেনি। এর জন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। তা না হলে ভয়াবহ পরিস্থিতি হবে।

**শ্রী কমল মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৪ বছর আগে যিনি পুলিশ মন্ত্রী ছিলেন এবং এখনো আছেন অর্থাৎ আমাদের মুখ্যমন্ত্রী তিনি এই বিধানসভায় স্বগর্বে ঘোষণা করেছিলেন যে, রাজ্যের বিভিন্ন থানায় থানা কমিটি, শান্তি কমিটি গঠন করা হবে স্থানীয় জনপ্রতিনিধি এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে। তারা মাঝে মাঝে পর্যালোচনা করবেন এলাকার শান্তি-শৃঙ্খলা যাতে বজায় থাকে। অত্যন্ত দুঃখজনক ঘটনা, এই কমিটি কিন্তু রাজ্যের সব থানায় হয়নি। আমি জানি, হুগলি জেলায় এইরকম বহু থানা আছে যেখানে শান্তি কমিটি বা থানা কমিটি গঠন করা হয়নি। চন্দননগর বিধানসভায় ২টি থানা আছে, চন্দননগর এবং ভদ্রেশ্বর, এই ২টি থানায় শান্তি কমিটি হয়নি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি হুগলি জেলার লোক, আপনি জানেন, কিছুদিন আগে ভদ্রেশ্বরে সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল। এর আগে ভদ্রেশ্বর থানার ও.সি. ভোলানাথ ভাদুড়ী দুষ্কৃতির দ্বারা খুন হয়েছিল। ভিখারি পাশোয়ান আজ পর্যন্ত যে কোথায় গেল তা কেউ জানে না। এইরকম এক স্পর্শকাতর থানায় অবিলম্বে যাতে শান্তি কমিটি গঠন করা হয় তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বাদল জমাদার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনীকেন্দ্র ভাঙ্গড়ে

কোন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ না থাকায় সেখানকার ছেলেমেয়েদের নাম রেজিস্ট্রি করতে ক্যানিং টাউনে আসতে হয়। সেখানে থেকে ক্যানিং-এ আসার সরাসরি কোন যোগাযোগ ব্যবস্থা নেই। গোটা একটা দিন আসতে সময় লাগে এবং ৫০ টাকা খরচ হয়। এই উভয়বিধ কষ্ট লাঘবের জন্য আমার অনুরোধ, হয় ভাঙড়ে একটি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ করা হোক অন্যথায় কাছাকাছি রাজপুরে ছেলেমেয়েরা যাতে তাদের নাম রেজিস্ট্রি করতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী মায়ারাণী পাল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরে যে কলেজগুলি আছে সেখান থেকে ১১/১২ ক্লাস তুলে দেওয়া হয়েছে ফলে সেখানে ছাত্রছাত্রীরা ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না। আশপাশের যেসব স্কুলগুলিতে ১১/১২ ক্লাসে আছে সেখানে আসন সংখ্যা কম। ১১/১২ ক্লাসে ভর্তি হতে না পেরে সেখানকার ছাত্রছাত্রীরা হতাশায় ভুগছে। তাছাড়া স্কুলগুলিতে ১১/১২ ক্লাসে বিজ্ঞান পড়ার সুযোগ নেই, আসন সংখ্যাও সেখানে কম। তাই আমার দাবি, অন্তত এ বছর সেখানকার কলেজগুলি থেকে যেন ১১/১২ ক্লাস তোলা না হয় এবং ছাত্রছাত্রীরা যাতে সেখানে পড়ার সুযোগ পায় তার ব্যবস্থা করুন।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অত্যন্ত দুঃখের কথা উলুবেড়িয়ার রবীন্দ্রভবন যা প্রায় ২৮/৩০ বছর আগে তৈরি হয়েছে বর্তমানে তা ভগ্ন অবস্থায় পড়ে রয়েছে। সেখানে রবীন্দ্রনাথের জন্মদিনে তাঁর জন্মজয়ন্তীর উৎসব করা যায় না, অন্য কোন অনুষ্ঠানও করা যায় না। বারবার আমি এই বিধানসভায় চিৎকার করে বলেছি যে, সেটা একটা গোডাউনে পরিণত হয়ে আছে। স্যার, আমরা বিশ্বকবির কথা বলছি, রবীন্দ্র-সংস্কৃতির কথা বলছি অথচ সেখনকার রবীন্দ্রভবনটি ভগ্ন অবস্থায় পড়ে রয়েছে। স্যার, এই বিধানসভায় আমরা যা বলি তাতে কিছুই হয় না। তবুও স্যার, আবার আপনার মাধ্যমে উলুবেড়িয়ার রবীন্দ্রভবনের ভগ্ন অবস্থার কথা সরকারের কাছ তুলে ধরে এর সংস্কার করার কথা বলছি। আমি বলছি, তদন্ত করে দেখুন যে সেটা রাখা হবে কিনা ? আমার কথা হচ্ছে, সেখানে অপসংস্কৃতি চলবে না সংস্কৃতি চলবে সেটা আমরা জানতে চাই। স্যার, রবীন্দ্রনাথের জন্মদিনে সেখানে আমরা তাঁর জন্মজয়ন্তী পালন করতে পারিনি, বাইরে করতে হয়েছে এমনই অবস্থা। তথ্য সংস্কৃতি মন্ত্রী আবার তিনি আমাদের মুখ্যমন্ত্রীও, আপনার মাধ্যমে অনেকবার এই রবীন্দ্রভবনের কথাটি বলেছি কিন্তু বিধানসভায় বলেও কিছুই হয়নি। আমি আশা করবো, আমি যে বক্তব্য এখানে রাখলাম সেটা সরকারের কাছে তুলে ধরা হবে। যদি সরকারের পয়সা না থাকে তাহলে এটাকে যদি গোডাউন করা যায় তাতে কিছু ভাড়া পাওয়া যাবে।

**শ্রী মন্টুরাম পাখিরা** : স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের কাকদ্বীপ, সাগর, নামখানা, পাথরপ্রতিমা এই ৪টি পঞ্চায়েত সমিতি এবং কাকদ্বীপ, সাগর, পাথরপ্রতিমা এই তিনটি বিধানসভা কেন্দ্র নিয়ে একটি মহকুমা গঠিত হয়েছে আজ থেকে ১২ বছর আগে। কিন্তু আজও কাকদ্বীপ মহকুমা হাসাপাতাল হল না। সেখানে ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়ে আছে। আজ পর্যন্ত কাকদ্বীপে মহকুমা

হাসপাতাল তৈরী হয়নি। আজও কাকদ্বীপের মানুষদের চিকিৎসা পেতে ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালে আসতে হয়। সেখানে পর্যাপ্ত পরিমাণে ডাক্তার, নার্স এবং অন্যান্য স্টাফ না থাকায় কাকদ্বীপ মহকুমার মানুষদের দুর্ভোগের মধ্য পড়তে হচ্ছে। বিগত বিধানসভা অধিবেশনগুলোতেও এ ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করেছি, দাবিপত্র লিখিতভাবে সরকারের বিভাগীয় দপ্তরে জমা দিয়েছি, কিন্তু কোন ব্যবস্থা হয়নি। যাতে অবিলম্বে কাকদ্বীপে মহকুমা হাসাপাতাল চালু হয় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 12.40-12.50 p.m. ]

**শ্রী রামপদ সামন্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে পশ্চিমবঙ্গের হাসপাতালগুলিতে সাপে কাটার প্রতিষেধক ওষুধের ভীষণ অভাব দেখা দিয়েছে। যদিও জানি যে, বর্তমানে ঘোড়ার রক্তের সঙ্গে সংমিশ্রণ ঘটিয়ে যে ওষুধ তৈরি হয় সেক্ষেত্রে নানারকম বাধা-বিপত্তি দেখা দিয়েছে, তবুও কথাটা বলতে হচ্ছে, কারণ এর মধে বর্ষা শুরু হয়ে যাওয়ায় সাপে কাটা রোগীর সংখ্যা বাড়ছে। তার জন্য বলছি যে, যাতে গ্রামীণ হাসাপাতাল, ব্লকের প্রাইমারি হেল্থ সেন্টার এবং প্রাইমারি হেল্থ সেন্টারগুলিতে এ.ডি.এস.-এর যোগান দেওয়া যায়, যোগান বাড়ানো যায় তার জন্য ব্যবস্থা নিন। ওঝা, ঝাড়ফুঁক ইত্যাদির মাধ্যমে গ্রামের মানুষ যাতে তাদের অমূল্য জীবন নষ্ট না করেন তার জন্য এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা নিতে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এ.ডি.এস-এর যোগান বাড়াবার জন্য আবেদন রাখছি।

**শ্রী নিমাই মাল** : মিঃ ডেপুটি স্পিকার মহাশয়, পূর্ণেন্দু সেনগুপ্ত মহাশয়ের বক্তব্যের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, রাজনারায়ণ লাইব্রেরি ফান্ডে আরো ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে বিল্ডিং রিপেয়ারের জন্য। ওটা বাংলার প্রথম লাইব্রেরি। ঐ টাকার ইউটিলাইজেশন সার্টিফিকেট পাঠালে প্রয়োজনে আরো টাকা দেবো। পূর্ণেন্দুবাবু এবং এ.পি. ফান্ডের কিছু টাকাও সেখানে গেছে। কাজেই বিল্ডিং রিপেয়ারে কোন অসুবিধা হবার কথা নয়।

তারপর এখানে শ্রীরামপুরের বিধায়ক শ্রীমতী ডাঃ রত্না দে শ্রীরামপুর কলেজে উচ্চমাধ্যমিক পঠন-পাঠন সম্পর্কে যা বলেছেন, আমি তাঁকে জানাচ্ছি যে, এই বছর এ কলেজে উচ্চমাধ্যমিক থেকে যাচ্ছে, ফর্ম দেওয়াও শুরু হয়েছে।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভাকেন্দ্র বড়জোড়ার অন্তর্গত খাটাসুরিয়া উচ্চবিদ্যালয়ে প্রায় ৬০০ ছাত্রছাত্রী পড়াশুনা করে যার মধ্যে অর্ধেক হচ্ছে ছাত্রী। এই অবস্থার আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, ওখানে একটি জুনিয়র গার্লস স্কুল তৈরি করা হোক। এটা করলে মূল স্কুলটি উপর চাপ কমবে। তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাচ্ছি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলার আইন-শৃঙ্খলা সম্পূর্ণরূপে ভেঙে পড়েছে। সমাজবিরোধী, চোর-গুণ্ডাদের অত্যাচারে দিনের পর দিন মানুষ অতিষ্ঠ হয়ে পড়েছে। ভাঙড়ের প্রায় ১৫০ জন

মানুষ আজকে ঘরছাড়া হয়েছে। চন্দনঘাট ১ নম্বর গ্রাম পঞ্চায়েত প্রধান হাজুর আলি মোল্লা, বাড়ি গাজিনাথপুরে। প্রায় ৪০-৪৫ জন সি.পি.এম.-এর দুষ্কৃতী বাহিনী তার বাড়ি ঘেরাও করে এবং তার ঘর-বাড়ি সব লুঠ করে, ইট-পাথর লোহার রড দিয়ে তাকে মারধোর করে এবং তাকে বাড়ি থেকে তাড়িয়ে দেয়। তার বাস্তু জমিতে অন্য একজনের ঘর জোর করে বেঁধে দিয়ে যায়। ১ মাস হাসপাতালে চিকিৎসায় থাকার পর তারপর সে যখন বাড়িতে ফিরতে যাবে, কিন্তু তার ফ্যামিলির কাউকে বাড়িতে ফিরতে দেওয়া হয়নি। নাউ হি ইজ রেন্ডারিং হোমলেস অ্যান্ড ডেসটিটিউট। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই পরিবারের ১৭ জন লোক, যারা আজকে ঘর ছাড়া তারা যেন বাড়িতে ফিরতে পারে। এই দুষ্কৃতী বাহিনী তার কয়েকদিন পরে ফুলবাড়ি গ্রামেতে আবু তাহের নামে কৃষক সভার সভাপতি, তার বাড়িতে লুঠপাট করে, লুঠপাট করা অবস্থায় আয়নাল এবং আকবুল ইসলাম, আমাদের ব্লক প্রেসিডেন্ট, তাকে দেখতে গেলে ৩০-৪০ জন মোটর বাইক নিয়ে রিভলবার দেখিয়ে তাকে ঘেরাও করে মারধোর করে। এই ঘটনার কথা ও.সি এবং এস.পি-কে বলা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত আসামী কেউ অ্যারেস্ট হয়নি। ফলে গোটা ফুলবাড়ি, তালদাবেড়িয়া, বেওটা, চন্দনেশ্বর ভাঙড় এলাকায় সন্ত্রাস চলছে। ১৫০ জনের মতো মানুষ আজকে ঘর ছাড়া। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সত্বর এই বিষয়ে তদন্ত করে ভাঙড়ে যাতে শান্তি ফিরে আসে সেই ব্যাপারে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী দেবেশ দাস** : স্যার, তৃণমূলের হাতে কলকাতা করপোরেশন চলে যাওয়ার পরে কি বেহাল অবস্থা দেখুন। গতকালের বর্ষায় ভেসে গিয়েছে আমার অঞ্চলের ৫৬, ৫৭, ৫৮ নম্বর ওয়ার্ড এবং পাশে ৫৯ নম্বর ওয়ার্ড। গতকাল এই ওয়ার্ডগুলো জলর তলায় ডুবে ছিল। আজকে বহু জায়গায় জল সরেনি। এই বোর্ড আসার আগে এই রকম পরিস্থিতির মুখোমুখি আমরা হইনি। কলকাতা করপোরেশনকে বারে বারে বলা সত্ত্বেও নিকাশী ব্যবস্থার যে নর্দমা সেইগুলো পরিষ্কার করা হয়নি। ফলে তোপসিয়া পাম্পিং স্টেশনের পাম্পগুলি কাজ করতে পারেছ না। কলকাতা করাপোরেশনকে বারে বারে বলা সত্ত্বেও কিছু করেনি। এই ব্যাপারে আমি রাজ্য সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি। সাধারণ মানুষের যাতে দুর্ভোগ না হয় তার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আমাদের চিংড়িহাটা পাম্পিং স্টেশনে আরো নতুন পাম্প বসানোর জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, অত্যন্ত বেদনাদায়ক ঘটনার কথা আপনাকে বলি এবং শ্রমমন্ত্রী ও শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার গেস্টকিন উইলিয়ামস আজকে ৪ বছর হয়ে গেল বন্ধ রয়েছে। বিগত মন্ত্রিসভায় প্রলয় তালুকদার মন্ত্রী ছিলেন, তাঁর ঘরে বসে একটা ত্রিপাক্ষিক চুক্তি সই হয়েছিল, আমরা ইউনিয়মের পক্ষ থেকে ছিলাম, মন্ত্রী ছিলেন এবং মালিক পক্ষ ছিলেন। এই চুক্তিতে সেই কারখানা খোলার দিন পর্যন্ত ধার্য করা হয়েছিল। আমরা বারে বারে এই ব্যাপারে অভিযোগ করেছি, কিন্তু কোন কাজ হয়নি। এই কারখানায় প্রথমে ৮ হাজার শ্রমিক কাজ করতো, এখন সেখানে ২০০০ শ্রমিক কাজ করে। এবারে মালিক বলছে ১৫০ জন শ্রমিক নিয়ে এই কারখানা খুলবে। একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। আমি বারে বারে দৃষ্টি আকর্ষণ করেছি,

লেবার মিনিস্টার, শিল্পমন্ত্রী এবং সমস্ত কর্তৃপক্ষের। মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি। এতগুলো মানুষ অনাহারে রয়েছে। অনেকে রাস্তায় ভিক্ষা করতে যায় ভিক্ষা পায় না, মুদিখানার দোকানে তাদের কেউ ধার দিচ্ছে না। একটা অসহনীয় অবস্থা তৈরি হয়েছে। সরকারের সঙ্গে চুক্তি হয়েছে, কেন মালিক পক্ষ মানবে না ? কেন সেটা কার্যকরি হবে না ? কেন সরকার মালিক পক্ষকে বাধ্য করাবে না ? আমি এই ব্যাপারে শ্রমমন্ত্রী ও শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : সেখানে প্রায় ৪ হাজার মানুষ অনাহারে দিন যাপন করছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : বাদলবাবু মারা গেছেন, তিনিও বলেছেন, এখন রবীনবাবুও বলছেন, আমরা সকলে মিলে বলছি। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হোক, কারখানা খোলার ব্যবস্থা করা হোক।

[ 12.50-1.00 p.m. ]

**শ্রী রতন পাখিরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ষা এলে ঘাটালের মানুষের দুর্ভোগ বাড়ে। কারণ মেদিনীপুর ঘাটাল নিয়ে চন্দ্রকোণা রোডের ওপরে যে তিনটি চাতাল আছে, বর্ষার বন্যার সেগুলো সমস্ত ডুবে যায়। তখন সমস্ত যান চলাচল বন্ধ হয়ে যায়। তিনমাস মেদিনীপুর শহরের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। তখন মানুষকে নৌকা যোগে যাতায়াত করতে হয়। আজকে স্বাধীনতার ৫৪ বছর পরেও ঘাটালকে এর হাত থেকে মুক্ত করা গেল না। এই তিনটি চাতালের ওপরে যাতে ওভারব্রিজ নির্মাণ করা হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মুস্তাক আলম** : মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সূর্যকান্ত মিশ্র এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহু বিতর্কিত বি.পি.এল. লিস্ট সরকার মেনে নিয়েছেন। সংশোধনের সিদ্ধান্ত নিয়েছেন। তার জন্য ধন্যবাদ জানাই। কিন্তু সংশোধনের যে প্রক্রিয়া—আবার ভুল হতে যাচ্ছে—যে টাইম দিয়েছেন, নির্ধারিত সময় ২৫শে জুন ধার্য আছে। দারিদ্র্যসীমার নীচে যারা বসবাস করে তাদের বেশিরভাগই অশিক্ষিত। তারা ক্লেমস্ অ্যান্ড অবজেক্টস সঠিকভাবে ফিল আপ করতে পারবে না। বি পি এল লিস্ট সরকারি লোকদের দিয়ে করানো দরকার। সমস্ত রাজনৈতিক দল দারিদ্রসীমার নীচে যারা বসবাস করে তাদের কথা আমরা বলি। এটাতে মুখ্যমন্ত্রী এবং আরও অন্যান্য কয়েকটি দপ্তর, বিশেষ করে পঞ্চায়েত যুক্ত আছে। আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি যে, সরকারি লোকদের দিয়ে যেন বি পি এল লিস্ট করা হয়। তা না হলে এক বছর সময় দেওয়া হলেও সঠিকভাবে লিস্ট হবে না।

**শ্রী মোহন মণ্ডল** : মাননীয় উপাধ্যক্ষ, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার উলুবেড়িয়া (উত্তর) কেন্দ্রের মধ্যে কানোরিয়া জুট মিল, মালিকের নাম এস. এস. পাশারি। ১২০০ অবসরপ্রাপ্ত শ্রমিককে পি.এফ., গ্র্যাচুইটির টাকা মালিক দিচ্ছে না। কর্মরত শ্রমিকদের পি.এফের টাকা কাটছে কিন্তু তা জমা দিচ্ছে না। এস.টি.এল. ছুটি শ্রমিকদের দিচ্ছে না এবং ত্রিপাক্ষিক চুক্তি কার্যকরী করছে না। এর জন্য

শ্রমিকদের মধ্যে দারুণ ক্ষোভের সঞ্চার হয়েছে। শ্রমিকদের পি.এফ এবং গ্র্যাচুইটির টাকা যাতে দেয় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার একেই তো ধানের দাম ন্যায্য দামে চাষীদের কাছ থেকে ধান কিনতে না পারায় তাদের সর্বনাশের মধ্যে ফেলে দিয়েছেন, আর একদিকে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের এই সরকার খাজনা আদায়ের যে নীতি নিয়েছেন, এর ফলে তারা এক অসহায় অবস্থায় পড়েছে। খাজনা আদায়ের নাম করে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষীদের ওপরে যেভাবে অত্যাচার চলছে তাতে তারা ভীষণ বিপদের সম্মুখীন। আপনি জানেন, স্বাধীনতার পর কংগ্রেস এসে জমিদারি প্রথা, মধ্যস্বত্ত্ব প্রথা বিলোপ করে চাষীদের জমিদারের অত্যাচারের হাত থেকে বাঁচিয়েছিল। সমস্ত ক্ষুদ্র চাষী, রায়ত ছিলেন তাদের খাজনা মকুব করে দেওয়া হয়েছিল। কিন্তু ১৪০৮ সালে অর্থাৎ বাংলা সনে একটা নির্দেশ জারি করেছেন ভূমি রাজস্ব দপ্তর থেকে। তাতে বলা হয়েছে ১৩৮৫ বাংলার সাল থেকে অর্থাৎ ২৩ বছরের খাজনা সুদ সমেত জমা দিতে হবে। এই বামফ্রন্ট সরকার আসার পর ক্ষুদ্র চাষীদের খাজনা মকুব করে দিয়েছিল। এবং খাজনা দেওয়া বন্ধ করে দেওয়া হয়েছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে সেই চাষীদের আবার ১৭ গুণের বেশি খাজনা দিতে হবে। ১৩৮৫ সালের থেকে সুদ সমেত কম্পাউন্ড ইন্টারেস্ট, চক্রবৃদ্ধি হারে এক টাকায় ১৭ টাকা ২৫ পয়সা হিসাবে খাজনা দিতে হবে। এতে চাষীদের ১৫ হাজার টাকার খাজনা দিতে হবে। সুতরাং ক্ষুদ্র চাষীরা এক অসহায় অবস্থার মধ্যে পড়েছে। সেই জন্য আপনার মাধ্যমে ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে অনতিবিলম্বে এই খাজনা যেটা বেআইনিভাবে আদায়ের ব্যবস্থা হচ্ছে সেটা বন্ধ করা হোক। এতে রায়ত এবং ক্ষুদ্র চাষীদের খাজনা যাতে মকুব করা হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী ভূতনাথ সোরেন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ এবং জনস্বার্থ বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষ স্বাধীনতার ৫৪ বছর পরে কেন্দ্রীয় যোগাযোগ দপ্তর আমার বিধানসভা এলাকায় নয়াগ্রামে ব্লকে একটা টেলিফোন পরিষেবা চালু করেছিলেন। গত বৎসর এই পরিষেবা চালু হয়েছিল কিন্তু চালু হবার পর থেকেই সেটা মৃত অবস্থায় রয়েছে। মাঝে মধ্যে চলে আবার মাঝে মাঝে বন্ধ হয়ে যায়। আমরা পিছিয়ে পড়া মানুষ, আমরা ভেবেছিলাম যে একটা আধুনিক পরিষেবা আমরা পাব কিন্তু দেখা গেল সেটা ঠিকমতো চলছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আবেদন জানাচ্ছি টেলি যোগযাযোগ মন্ত্রীকে যাতে দৃষ্টি আকর্ষণ করেন। এবং আমার এলাকায় যাতে টেলি পরিষেবা সঠিকভাবে চলে এবং ওই এলাকায় মানুষ আধুনিক পরিষেবা পায় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অশোক দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী আছেন, পূর্ত দপ্তরের মন্ত্রী আছেন তাঁর আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমার ওখানে চড়িয়াল বাজারে খালের উপর একটা ব্রিজ আছে। ওই ব্রিজটির অবস্থা খুবই খারাপ, কয়েকদিনের বৃষ্টিতে ব্রিজটি ভেঙে পড়েছে। তার ফলে সাতগাছিয়া, বিড়লাপুর পাওয়ার প্রোজেক্ট এবং বটলিং প্ল্যান্ট দিয়ে বজবজে আসতে গেলে খুব অসুবিধা হচ্ছে। এবং এছাড়া বিকল্প আর কোন রাস্তাও নেই। কাজেই

অবিলম্বে ওই ব্রিজটি সারানো হোক তা না হলে ওই রাস্তা দিয়ে যাওয়া যাচ্ছে না। অবিলম্বে একজন ইঞ্জিনীয়ার পাঠান যাতে ব্রিজটা ঠিক করা যায়। আমি গতকাল ওখানে গিয়েছিলাম, গিয়ে দেখলাম খুব খারাপ অবস্থা, বাজারের মানুষেরা চিৎকার চেঁচামেচি করছে। গাড়ি যেতে পারছে না। একটা কুইক ডিসিসান নিন। হাউসে মন্ত্রী আছেন, তিনি কিছু বললে বাধিত হব।

**শ্রী অমর চৌধুরী** : অশোকবাবু আপনার এটা বলার কথা ছিল না, আমাকে দেখে চড়িয়াল খালের উপর ব্রিজের কথা মনে পড়েছে। কারণ এই ব্যাপারে আপনার বলার ছিল না। যাইহোক, আমি ব্রিজটি ইন্সপেকশন করাবো, করার পরে রিপোর্ট নেব এবং প্রয়োজন মনে করলে কাজ করব।

[ 1.00-1.10 p.m. ]

**শ্রী শেখ নিয়ামত** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি হরিহরপাড়া কেন্দ্রের বিধায়ক। হরিহরপাড়া থানার ও. সি. আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটিয়েছেন। সেখানকার হরিহরপাড়া মানুষের শান্তিতে বাসবাস করার সুযোগ নেই। কারণ, সি পি এম গত নির্বাচনে হারার পর—সেই এলাকা থেকে আমি জিতেছি, তাই সেই এলাকার মানুষের উপর, যারা ভোট দিয়েছে, তাদের উপর—যেভাবে অত্যাচার করছে, তাতে মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। এই থানার ও. সি. যে কোন মিথ্যা কেসে এফ আই আর করে, মার্ডার কেসের আসামী করে চালান দিয়ে দিচ্ছে। থানায় মানুষ গেলে পরে তাঁদেরকে ব্যঙ্গ করে বলছে, নির্দলকে ভোট দিয়েছো, তাই থানাতে গেলে লাঠি দিয়ে মারা হচ্ছে। এক মহিলাকেও মারা হয়েছিল, তার ভাইকে সে দেখতে গিয়েছিল। গত ২৬ তারিকে জগন্নাথপুরে জল জমায়, সেখানে জল নামানোর জন্য বাঁধ কাটা হয়েছিল, সেখানে সামান্য ঝামেলাও হয়, তাতে এক সি পি এম নেতা এফ আই করে। সেই এফ আই আর-তে পুলিশ কেস সাজিয়েছে ৩০ জনের নামে। সেই লোকদের ধরতে না পেরে পুলিশ ২০ জনের বাড়ি ভাঙচুর করেছে এবং ৬ জন মহিলাকে মেরেছে। এই ব্যাপারে পুলিশের বিরুদ্ধে কেস করায় অত্যাচার আরো চরমে উঠেছে। সেখানে সঞ্জীব দে, দীপক দাস, পাষাণ ভুটিয়া এরা অত্যাচার চালাচ্ছে, এই ব্যাপারে আমরা থানায় বলতে গেলে থানার অফিসার বলে, এম এল এ, এম পি আমি বুঝি না, এখানে কোন মানুষ নেই, যেহেতু আমি এই এলাকার অফিসার, আমি যা করার করবো। তাই অবিলম্বে এই ব্যাপারটা দেখার জন্য আমি মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ী** : মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েকদিন আগে হাওড়া কর্পোরেশনের ৪১ নম্বর ওয়ার্ডের উপ-নির্বাচন হয়ে গেল। সকাল থেকে নির্বাচনকে সি পি এম-এর গুণ্ডারা প্রহসনে পরিণত করলো। সমস্ত বুথগুলি দখল করে নিয়ে রিগিং করে ভোট দিল। তার নমুনাটা আমি দিচ্ছি। সাউথ এন্ডে তিনটি বুথ ছিল, সেখানে সি পি এম পেয়েছে ৮০২, টি এম সি ১৭ ; ঐ কেন্দ্র ৫ নম্বর বুথে সি পি এম পেয়েছে ৮০৭, টি এম সি ৫ ; ঐ ৬ নম্বর বুথে সি পি এম পেয়েছে ৯০৭, টি এম সি ২৪। স্যার, দক্ষিণ বাকসাড়ায় ২টি প্রাইমারী স্কুল আছে, সেখানে ৭ নম্বর বুথে সি পি এম পেয়েছে ৫২২, টি এম সি ২১। প্রি প্রাইমারি স্কুলে

৮ নম্বর বুথে সি পি এম ৯৪৭ পেয়েছে, টি এম সি পেয়েছে ৪৪। ওখানে ৯ নম্বর বুথে সি পি এম ৮৮২, টি এম সি ১২টা ভোট পেয়েছে। ১০ নম্বর বুথে সেখানে সি পি এম পেয়েছে ৪৮৪, টি এম সি পেয়েছে ১২। স্যার, এই রকম ২০টি বুথে তারা রিগিং করেছে। এইভাবে রিগিং করে তারা নির্বাচনকে প্রহসনে পরিণত করেছেন।

(এই সময় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

## 'ZERO HOUR'

**শ্রী তপন হোড় :** স্যার, আমরা সবাই জানি ভারতের অর্থনৈতিক সার্বভৌমত্ব আজকে মার্কিন সাম্রাজ্যবাদের কাছে বিসর্জিত। আমরা জানি, প্রথমে ক্লিন্টন প্রশাসন এবং পরবর্তীকালে বুশ প্রশাসনের কাছে আমাদের ভারতবর্ষের পলিটিক্যাল সোভারেনটি বিক্রি হয়ে যাচ্ছে। কাশ্মীর ইস্যুকে কেন্দ্র করে ভারত ও পাকিস্তানের মধ্যে যে বিরোধ সেখানে মার্কিন সাম্রাজ্যবাদ প্রতি পদে পদে হস্তক্ষেপ করছে এবং যে বাতাবরণ তারা তৈরি করছে তাতে ভারতের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ হতে বসেছে। কেন্দ্রে যে এন ডি এ সরকার আছে তার শরিক তৃণমূলের বন্ধুরা এখানে বসে আছেন এবং তাদের রাজনৈতিক ক্ষমতা চলে যাবে বলে তারা এর বিরোধিতা করতেও ভয় করছে। তদের এম পি-রা আজকে মন্ত্রিত্ব পাওয়ার লোভে লালায়িত। এই ব্যাপারটা আমি এই হাউসের সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোক দেব :** স্যার, আমি যে বিষয়টি এখানে বলব সেই বিষয়টি গতকাল কমার্স মিনিস্টারেরর কাছে তুলেছিলাম। নিউ সেন্ট্রাল জুটমিল দীর্ঘদিন ধরে বন্ধ আছে। হঠাৎ আমরা দেখলাম মাননীয় মন্ত্রিমহাশয় বললেন জুটমিল খুলে যাবে, চিন্তার কোনো কারণ নেই। যিনি ওই জুটমিলের প্রোমোটার তিনি একটা নোটিশ জুটমিলের গেটে টাঙিয়ে দিলেন জুটমিল খুলে যাবে। কিছু ওয়ার্কারকে নিয়ে তিনি পরিষ্কার-পরিচ্ছন্নর কাজও করলেন। কিন্তু সাতদিন হয়ে গেল এখনও জুটমিল খুলল না। আমি যখন অর্থমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করলাম তখন তিনি বলছেন ব্যাঙ্ক টাকা দিচ্ছে না বলে আমরা জুটমিল খুলতে পারছি না। আমি শ্রমমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি প্রোমোটার কথা দিয়েও কেন জুটমিল খুলল না। এই জুটমিল যাতে তাড়াতাড়ি খুলে যায় তার জন্য ব্যবস্থা করুন। সাড়ে সাত হাজার শ্রমিক আজকে এই জুটমিলে কাজ করত, আল্টিমেটলি মেম্বার ধরলে প্রায় ৭০-৮০ হাজার মানুষের রুটিরুজি এর সঙ্গে জড়িত। আমি শ্রমমন্ত্রী, শিল্পমন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে দাবি করছি সেই প্রোমোটারকে অবিলম্বে জুটমিলটি খুলতে বলুন।

**শ্রী কল্যাণ ব্যানার্জী :** স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসকে জানাতে চাই, গত ১লা জুন থেকে কলকাতা এবং কলকাতার পার্শ্ববর্তী এলাকায় সি ই এস সি বিদ্যুতের মূল্যবৃদ্ধি করেছে। ফৌজদারি কমিশন বলেছিল ৩.৫ শতাংশ রেট বৃদ্ধি করার জন্য। কিন্তু সি ই এস সি বলছে তাদের বজবজ ইউনিটের জন্য ২৫ কোটি টাকা খরচ হয়েছে। কিন্তু ফৌজদারি কমিশন সমস্ত কাগজপত্র তদন্ত করে বলেছে, বজবজে দশ কোটি টাকার বেশী খরচ হওয়া উচিত নয়। এর পরে সি ই এস সি হাইকোর্ট অ্যাপিল করার পরে ১৭.৫ শতাংশ তাদের রেট ইনক্রিসড় করা হয়। সবচেয়ে দুর্ভাগ্যের ব্যাপার হচ্ছে সমরেশ ব্যানার্জী কোর্টে

এজলাশে যখন মামলা চলছে তখন সি ই এস সি-র হয়ে অ্যাডভোকেট জেনারেল উপস্থিত ছিলেন। পরবর্তীকালে সি ই এস সি-র এই মূল্যবৃদ্ধির বিরুদ্ধে সুপ্রিম কোর্টের স্পেশাল রিট পিটিশন নোটিশ ইস্যু হয়। আজকে রাজ্য সরকার সি ই এস সি-কে ইনডাইরেক্টলি সমর্থন করছে। আবার এন সি রায়, যিনি স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের একজন অফিসার ছিলেন, যিনি সি ই এস সি-র বিরুদ্ধে মামলা করেছিলেন তাকে আবার এই কমিশনের মেম্বার করা হয়েছে। সরকারের এই দ্বিচারিতার আমি তীব্র নিন্দা জানাচ্ছি। এবং আমরা বলি মাননীয় বিদ্যুৎমন্ত্রী যেভাবে রাজীব গোয়েঙ্কা, সঞ্জীব গোয়েঙ্কাকে টাকা রোজগার করার ব্যবস্থা করে দিল তা ভারতবর্ষের মানুষের পক্ষে লজ্জার কথা। এই আর এস পি-র মতো দলও তার প্রতিবাদ করেনি। এরাও পশ্চিমবাংলার লজ্জা। ওরা ওদের অন্যায়ের বিরুদ্ধে কোনো কথা বলতে পারবে না।

[ 1.10-1.20 p.m. ]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউস উত্তপ্ত। আমি কেন্দ্রীয় সরকারের আর্থিক উপেক্ষা কিরকম সেই বিষেয় কিছুটা আলোকপাত করতে চাই। ২০০০-০১ সালে কেন্দ্রীয় অর্থমন্ত্রী যশবন্ত সিনহা যে বাজেট পেশ করেছিলেন, তাতে আমাদের দেশের কিছু শিল্পপতি এবং তোষামোদিরা তাকে দশে দশ নম্বর দিয়েছিলেন। পরবর্তীকালে জানা যায় তারা ঘাটতি রাজস্ব আদায় করতে পারেনি প্রায় ৯০৬৩ কোটি টাকা এবং বাজেটও ঘাটতি হয়েছে ৫.৭ কোটি টাকা। ভারতীয় অর্থনীতিতে এই যে বিশ্বায়নে প্রশিক্ষণ নিয়ে বাজেট পেশ করেছেন, তার ফলে দেখা যায় যে, যারা উচ্চ আয় উপাজর্নকারী ব্যক্তি এবং শিল্পপতি, তাদের কাছ থেকে প্রদেয় কর তারা আদায় করতে পারেনি। তাই, আজকে ভারতীয় অর্থনীতিতে যে সংকট, সেই সংকট থেকে বাঁচবার জন্য রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোকে বিক্রি করে দিচ্ছে জলের দামে। আমি সভার গোচরে এই তথ্যটা পেশ করলাম।

**শ্রী আবু তাহের খাঁন** : স্যার, মুর্শিদাবাদ জেলায় ব্যাপক ভাঙন হচ্ছে। এই ভাঙন প্রতিরোধে প্রতি বছর জেলা-পরিষদ নিজেদের উদ্যোগে বেনামে টেন্ডার নিয়ে নিজেরাই কাজ করছে। তাদের বোল্ডারের মান অত্যন্ত খারাপ। প্রতিটি বোল্ডার যেখানে সরকারি নিয়মে ২৫-৩৫ কিলো হতে হবে, সেখানে ওরা দিচ্ছে ১০-১২ কিলো ওজনের বোল্ডার। আর, যখন বর্ষা আসে, তখন তারা ভাঙন প্রতিরোধের জন্য উদ্যোগ নেয়। এই বিষয়ে বারবার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু তা বন্ধ হয়নি। ২০০০ সালে বোল্ডার ফেলা নিয়ে আখেরিগঞ্জে একজন মারা গেছে। বারবার আমরা বলেছি, মুর্শিদাবাদে ভাঙন এবং বন্যা প্রতিরোধের জন্য সুখা মরশুমে উদ্যোগ নিন, ওই সময় মাস্টার প্ল্যান করে ঘাট বাঁধিয়ে মুর্শিদাবাদকে বাঁচানোর ব্যবস্থা করুন। এই বিষয়ে আমি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার, এই সরকার সম্পূর্ণভাবে দেউলিয়া হয়ে গেছে আর্থিক দিক থেকে। ধারের বোঝা চেপেছে ৭২ হাজার কোটি টাকা। অর্থাৎ আমাদের পশ্চিমবাংলার মানুষের প্রত্যেকের মাথায় ৯ হাজার টাকার দেনা। তার প্রমাণ হচ্ছে, শিল্প বাজেটে দেখেছি গত বছর ১০০ কোটি টাকা খরচ করতে পারেনি, অর্থাৎ টাকা রিলিজ হয়নি। সমস্ত উন্নয়নমূলক কাজ বন্ধ। পি ডব্লু ডি মিনিস্টার বসে আছেন, ওঁনাকে বলছি—

আপনি বলবেন কত টাকা পেয়েছেন খরচের জন্য। পুলিশের রেশন ব্যবস্থা বন্ধ করে দেওয়া হয়েছে। তাদের কোনো টাকা দেওয়া হচ্ছে না। মন্ত্রীদের বিভিন্ন খরচ বন্ধ করে দেওয়া হয়েছে। বিধায়কদের মেডিক্যাল বিল আটকে দেওয়া হয়েছিল প্রথম দিকে। তারপর আস্তে আস্তে রিলিজ করার ব্যবস্থা হয়েছে। অসীমবাবুর বিকল্প অর্থনীতিতে পশ্চিমবঙ্গ ঋণগ্রস্ত হয়ে পড়েছে। আমরা একটা ডেথ ট্র্যাপে পড়ে গেছি। আজকে পশ্চিমবঙ্গ সরকার যে দেউলিয়া সরকার হয়ে গেছে, তা প্রমাণিত হয়ে গেছে। আমরা রাজ্য সরকারকে বলছি যাতে উন্নয়নের কাজগুলি বন্ধ না হয় এবং শিক্ষকরা সময়মতো মাইনে যাতে পান, পুলিশের যে টাকা বন্ধ করে দেওয়া হয়েছে, সেই রেশন ব্যবস্থার জন্য ৬০০ টাকা করে দেওয়ার কথা ছিল, সেটা রিলিজ করা হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF ORDER

**শ্রী পংকজ ব্যানার্জী** : স্যার, আমি একটা পয়েন্ট অফ অর্ডার রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দীর্ঘদিন ধরে এই বিধাসভায় বলে আসছি যে, পশ্চিমবঙ্গ উগ্রপন্থীদের ঘাঁটি হয়ে গেছে। স্বরাষ্ট্র দপ্তরের অপদার্থতা কান্দাহার কাণ্ডের ঘটনা প্রমাণ করে দিয়েছে। ইন্ডিয়ান এয়ার লাইন্সের বিমান নেপাল থেকে কান্দাহারে উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছিল। তার প্লটিং কলকাতায় বসে হয়েছিল। তাও স্বরাষ্ট্রমন্ত্রী কর্ণপাত করেননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে, গত ২২শে জানুয়ারি কলকাতায় আমেরিকান সেন্টারের উপর সন্ত্রাসবাদীরা হামলা করেছে। রাজ্য সরকার সেক্ষেত্রেও ব্যর্থ হয়েছে। আজকে কিছুক্ষণ আগে কলকাতায় আকাশবাণীর সামনে ৩ জন উগ্রপন্থী ধরা পড়েছে। আকাশবাণীর সামনে সি আর পি এফ পাহারা দিচ্ছিলেন। তারা আইডেনটিফাই করেছেন একজন মিলিটারি পোশাক পরা এবং দুজন সিভিল ড্রেসে ছিল। তারা এই তিনজনকে গ্রেপ্তার করে রাজ্য পুলিশের হাতে সমর্পণ করেছে। গোটা রাজ্যে উগ্রপন্থীদের হাতে তুলে দেওয়ার নায়ক পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর অপদার্থতার ফলে এই জিনিস ঘটে চলেছে। আজকে সমস্ত কিছু প্ল্যান পশ্চিমবঙ্গে বসেই করছে। আজকের এই ঘটনা প্রমাণ করে দিল যে, কলকাতা তথা পশ্চিমবঙ্গ পুলিশ উগ্রপন্থীদের গ্রেপ্তার করতে তাদের আইডেনটিফাই করতে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে কতটা ব্যর্থ হয়েছে তা আজকে আবার সি আর পি এফ-এর জওয়ানরা প্রমাণ করে দিয়েছে।

**শ্রী আনন্দগোপাল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বৃষ্টি শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের কৃষকরা মাঠে নেমেছে। বর্গাদাররা চাষ করবে। আমার কাছে এই খবর এসেছে আমার নানুর এলাকায় সমাজবিরোধীদের নিয়ে জমির মালিকরা বর্গাদারদের জমি থেকে উচ্ছেদ করে দেওয়ার চেষ্টা করছে। তাদের সঙ্গে যোগাযোগ আছে ওই তৃণমূল নেতাদের। আমি বিধানসভায় দাঁড়িয়ে বলতে চাই যে, যারা বর্গাদারদের উচ্ছেদ করার জন্য চক্রান্ত করছে, বাইরে থেকে সমাজবিরোধীদের নিয়ে বর্গাদারদের উচ্ছেদ করার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হোক। তা না হলে ওই এলাকায় অশান্তি বেড়ে যাবে আমি এই আবেদন রাখছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি এক চরম অবিচার শুরু হয়েছে স্কুলগুলির পরিচালন সমিতির পুনর্নির্মাণের প্রশ্নে। আপনি জানেন যে, শিক্ষক, অশিক্ষক কর্মচারী, অভিভাবক এবং পঞ্চায়েত এলাকার পঞ্চায়েত নমিনেশন এবং

ডিপার্টমেন্টাল নমিনেশন নিয়ে স্কুল কমিটি পুনর্গঠিত হয়। কিন্তু সেখানে পঞ্চায়েত নমিনেশন এবং ডিপার্টমেন্টাল নমিনেশন দেওয়া হচ্ছে না। আমার উত্তর কাঁথির চন্দনপুর হাইস্কুলে নির্বাচন হয়েছে। কিন্তু সেখানে পঞ্চায়েত নমিনেশন এবং ডিপার্টমেন্টাল নমিনেশন দেওয়া হয়নি। তার ফলে গণতান্ত্রিক প্রক্রিয়া বিঘ্নিত হচ্ছে। এই ব্যাপারটা সভার অবগতির জন্য জানাচ্ছি।

[ 1.20-1.30 p.m. ]

**শ্রী পার্থ চ্যাটার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যাকে এটা বলতে চাইছি তিনি এইমাত্র চলে গেলেন। বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকার চেষ্টা করছেন উন্নততর পরিষেবা ব্যবস্থা করার। আমার কেন্দ্র বেহালা পশ্চিমে, তারাতলাতে '৯৯ সালে একটা ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল ফ্লাই ওভারের কাজ করার। '৯৯ থেকে ২০০১ পর্যন্ত কোনো কাজ হয়নি। শুধু ঘাস জন্মেছে। পরবর্তীকালে মাননীয় মন্ত্রীর কাছে চিঠি লিখেছিলাম। পি ডব্লু ডি অফিসারের সঙ্গে যোগাযোগ করেছিলাম, হাডকোর সঙ্গে যোগাযোগ করেছিলাম। কাজ শুরু হওয়ার কথা। এখন শুনতে পাচ্ছি যে, রাজ্য সরকার বলেছে যে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে অর্থ আসার কথা ছিল তা আসেনি। মন্ত্রী থাকলে ভালো হত আমি জানতে পারতাম। অর্থনৈতিক কারণে যদি কাজ বন্ধ হয়ে থাকে তাহলে সেই সমস্ত কাগজপত্রের কপি আমি একজন নির্বাচিত জনপ্রতিনিধি, আমাকে কাগজপত্র দেওয়া হোক। তারাতলা হচ্ছে গেটওয়ে অব সাউথ ২৪ পরগনা, সমস্ত পরিবহন ব্যবস্থা, সমস্ত ব্যবসা-বাণিজ্য এমন কি একটা ইমপরট্যান্ট ম্যানেজমেন্ট ইনস্টিটিউট—আই আই এম জোকা রয়েছে। পশ্চিমবঙ্গের ভাবমূর্তি বদল করতে হলে অবিলম্বে তারাতলা উড়াল পুলের কাজ শুরু করা দরকার। আমি এই আবেদন রাখছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভাঙড় এক নম্বর ব্লকের জউলগাছি অঞ্চলের তৃণমূল প্রধান সুমন্ত মণ্ডল ১০ তারিখে রাত্রিবেলা মোটর বাইকে করে বাড়ি ফিরছিল তখন ১৫/২০ জন সি পি এমের দুষ্কৃতী রাস্তায় বেড় দিয়ে তাকে ধরে এবং তাকে বলে যে, তাকে রিজাইন করতে হবে। সে রাজি না হলে তাকে মারধর করে নিয়ে যায়, তারপর তার জামা খুলে হাত পিছনে বেঁধে টাকা-পয়সা কেড়ে নেয়, যে সমস্ত কাগজপত্র ছিল, পঞ্চায়েতের চাবি কেড়ে নিয়ে তারা চম্পট দেয়। দুজন লোক পরে কোনরকমে বাড়ি নিয়ে যায়। তারপর সে থানায় ডায়েরি করে। কিন্তু আজ পর্যন্ত সেই দুষ্কৃতীদের ধরা হয়নি। আমি অবিলম্বে দোষীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী জটু লাহিড়ী** : স্যার, আমি সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাকসাড়া ভিলেজ পুলটি ভগ্নপ্রায়। যে কোনো মুহূর্তে ভেঙে পড়তে পারে। আমাকে মন্ত্রী আশ্বাস দিয়েছিলেন যে অবিলম্বে কাজ শুরু হবে। এই বিধানসভায় ডিসেম্বরের অধিবেশনে প্রশ্নোত্তরের সময়ে আমাকে বলেছিলেন, আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম বাকসাড়ার ভগ্নপ্রায় কেঠো পুল পুনর্নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা ? তিনি বলেছিলেন বাকসাড়া ভিলেজ রোড, যেটা কেঠো পুল নামে পরিচিত সেটা পুনর্নির্মাণের পরিকল্পনা আছে। আমি পরের প্রশ্নে

বলেছিলাম যে যদি থাকে তাহলে কবে থেকে কাজ শুরু হবে। উনি বলেছিলেন আশা করা যায়, ৫/৬ মাসের মধ্যে কাজ শুরু হবে। বি কে মণ্ডল সেকশন অফিসার মন্ত্রীর অনুমতি নিয়ে যে ডেটে সই করেছেন, সেই ডেটটা হচ্ছে ১৫।১২।০১। এখনও পর্যন্ত কাজ শুরু হয়নি। আমি মন্ত্রীর কাছে আবেদন করব যে, এই পুল যদি ভেঙে যায় আন্দুল রোডের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। বাকসাড়া পুলটি অবিলম্বে কাজ শুরু করার আবেদন জানাচ্ছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউজে আলোকপাত করতে চাইছি। স্যার, কেন্দ্রের বি জে পি এবং তৃণমূল জোট সরকারের নীতির ফলেই ইসকো বন্ধ হয়েছিল। ইসকোর সঙ্গে যুক্ত কয়েক লক্ষ শ্রমিক অর্থাভাবে তখন জীবনযাপন করেছিল। বামফ্রন্টের ট্রেড ইউনিয়ন এবং বামপন্থী জনগণ তাদের জন্য দীর্ঘদিন লড়াই আন্দোলন করেছিলেন। গত ১১ তারিখে কেন্দ্রের অর্থ দপ্তরের যে স্ট্যান্ডিং কমিটি তাঁরা সিদ্ধান্ত গ্রহণ করেছেন ইসকোকে পুনরুজ্জীবিত করার জন্য। এতে যেমন আমরা দেখছি লক্ষ লক্ষ শ্রমিকের মনে আশার সঞ্চার হয়েছে, ঠিক তেমনি একটি দুঃসংবাদ হচ্ছে কুলটির যে ইউনিট সেটা বন্ধ করা হচ্ছে। এর ফলে সেখানে ৯ হাজার শ্রমিক আবার কাজ হারাবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এর তীব্র প্রতিবাদ করার জন্য।

**শ্রী সৌগত রায়** : স্যার, আজকে আমি ল' অ্যান্ড অর্ডার সিচুয়েশনের উপর বলবো বলে লিখেছি। আজকে ১ হাজার ৬২ কোটি টাকার পুলিশ বাজেট মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভাতে পাস করার জন্য রাখবেন। কিন্তু তাঁর দুর্ভাগ্য কিনা জানি না আজকে যখন তিনি ১ হাজার ৬২ কোটি টাকার বাজেট হাউসে রাখবেন তখন আজকেই কাগজে বেরিয়েছে দক্ষিণ কলকাতার টালিগঞ্জ থানার দেশপ্রিয় পার্ক সাইড রোডের একটি ফ্ল্যাটে সুশীলা সামসুখা এবং তার নয় বছরের মেয়ে প্রগতিকে মার্ডার করা হয়েছে। খুন হয়েছে তাদের নিজেদের বাড়ির মধ্যেই। আবার আজকের কাগজেই বেরিয়েছে মুজিবর রহমান নামে এস ইউ সি-র একজন শ্রমিক মুর্শিদাবাদে পুলিশের গুলি খেয়ে মারা গেছে আর তিনজন আহত হয়েছে। আজকের কাগজেই বেরিয়েছে বি এস এফ-এর গুলিতে গঙ্গারামপুরে একজন মহিলা মারা গেছেন। আজকেই জানা গেছে, বুদ্ধদেববাবুর পুলিশ ৩২৯ জন তারা ৩২৯ বার গত ৩ বছরে গুলি চালিয়েছে, ফলে ৯৭ জন মারা গেছেন। রাজ্যের আইন-শৃঙ্খলার অবস্থা খারাপ হচ্ছে।

(গোলমাল)

রবীনবাবু আপনাদের দুঃখ হয় না। একজন মারা গেছে, মার্ডার হয়েছে, এটা জিরো-আওয়ারে তুলবো না, আপনি মার্ডারকে সাপোর্ট করেন, আপনি খুনিকে সাপোর্ট করেন। স্যার, আমি যেটা বলতে চাই আজকে বুদ্ধদেববাবুর পুলিশ ট্রিগার হ্যাপি হয়ে গেছে, তারা ৩২৯ বার গুলি চালিয়েছে এবং সেই গুলি শ্রমিকের বুকে বিঁধেছে। তারা সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে পারেনি। এই বুদ্ধদেববাবুর পুলিশ আমেরিকান সেন্টারের সামনে যখন কাপড় ছাড়ার সময় গুলি খায়, কিন্তু তারা পাল্টা গুলি করে তাদের মারতে পারে না। তারা নিরীহ মানুষকে গুলি

করে মারে। আজকে নিরীহ মানুষের উপর অত্যাচার বেড়েছে রাজনৈতিক আইন-শৃঙ্খলা ভেঙে যাওয়ার জন্য। আমি জিরো-আওয়ারে এর প্রতিবাদ জানালাম।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রিসভার যাঁরা সদস্য তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। হাসপাতালগুলিতে আজকে রক্তের অভাব দেখা দিয়েছে যার ফলে অপারেশন বন্ধ হয়ে গেছে। বিভিন্ন ভলেন্টিয়ারি অর্গানাইজেশনের কাছ থেকেও রক্ত পাওয়া যাচ্ছে না গরমের জন্যই বলুন আর যাই হোক এর পরে বর্ষা আরম্ভ হবে। প্রত্যেকটি হাসপাতাল এবং আমাদের বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ হাসপাতালেও রক্ত নেই। সেখানে ডাক্তাররা অপারেশন করাতে পারছেন না। ব্লাড ব্যাংক শূন্য, এই যে চরম সংকট চলছে, সেই প্ররিপ্রেক্ষিতে বলছি ব্লাড ব্যাংকে রক্ত সংরক্ষণের যে ব্যবস্থা আছে সেটাকে আধুনিকভাবে নতুন প্রযুক্তিতে রক্ত রাখার যে ব্যবস্থা যেটা আজ পর্যন্ত করতে পারছেন না। এবং অপারেশন হচ্ছে না। যারা মুমূর্ষু রোগী, অপারেশন জরুরি, তাদেরও অপারেশন করা সম্ভব হচ্ছে না। এবং এর ফলে অনেকে মারাও যাচ্ছে। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, দয়া করে একটা ব্যবস্থা গ্রহণ করুন।

**মিঃ ডেপুটি স্পিকার** : এখন বিরতি। আমরা আবার ২.৩০টায় মিলিত হব।

(The House was adjourned till at 2.30 p.m.)

(After Recess)

[ 2.30-2.40 p.m. ]

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 21

**Mr. Speaker :** Voting on Demands for Grant. Discussion on Demand No. 21 There are 112 Cut Motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee<br>Smt. Manju Basu<br>Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Rs.1. |

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Gobinda Chandra Naskar<br>Shri Bankim Chandra Hazra<br>Shri Mostaque Alam<br>Shri Abdul Mannan<br>Shri Subrata Bakshi<br>Shri Ajay Dey<br>Shri Jyoti Priya Mallik<br>Shri Tarak Bandyopadhyay | Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100. |

Shri Dipak Kumar Ghosh
Shri Biman Chakarbarti
Shri Kallol Khan
Shri Sadhan Pande
Shri Ashish Banerjee
Shri Parash Dutta
Shri Tamonash Ghosh
Shri Kamal Mukherjee
Shri Manturam Pakhira
Shri Kalipada Mandal
Shri Pundarikakshya Saha
Shri Saumen Kumar Mahapatra
Smt. Sonali Guha
Shri Deba Prasad Sarkar
Shri Nirmal Ghosh
Shri Gyan Singh Sohanpal
Shri Saugata Roy
Shri Moloy Ghatak
Shri Pankaj Banerjee

Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় ২০০২-২০০৩ সালের ২১ নম্বর অভিযাচনে যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন সেই প্রসঙ্গে বক্তব্য রাখতে গিয়ে সর্বপ্রথমে বিরোধী দলের আনীত কাট-মোশানগুলোকে সমর্থন করে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব এখানে রেখেছেন, যে ব্যয়রাদ্দের অনুমোদন চেয়েছেন তা দেওয়ার আগে কতকগুলো প্রশ্ন তাঁর কাছে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত এই ৫ বছরে পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী তথা বর্তমান মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় পুলিশ খাতে যে বাজেট এখানে থেকে ব্যয়বরাদ্দের মঞ্জুরি নিয়ে গেছেন তার কিছু নমুনা আমি দিচ্ছি—

১৯৯৭ সালে ৬৬২ কোটি ৩৫ লক্ষ টাকা

১৯৯৮ সালে ৭৪৮.১৫

১৯৯৯ সালে ২৬৪.৩৬

২০০০ সালে ৯১৩.৪৪

২০০১ সালে ১০০৯ কোটি ৭০ লক্ষ

বর্তমানে ১০৬২ কোটি টাকার এই বাজেট পেশ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় হিসাব করে দেখা গেছে ৫ বছরে পুলিশ খাতে মাননীয় মুখ্যমন্ত্রী ৪০০ কোটি টাকার অধিক ব্যয়বরাদ্দ ৫ বছরে করিয়ে নিয়ে গেছেন। এই ৫ বছরে ব্যয়বরাদ্দ ৪০০ কোটি টাকার বেশি হল, কিন্তু কোয়ালিটি অফ পুলিশ কি দাঁড়িয়েছে ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ-প্রশাসনের কাজ কি ? পুলিশ প্রশাসনের কাজ হল—আইন-শৃঙ্খলা রক্ষা করা, আক্রান্ত মানুষকে রক্ষা

করা, অপরাধীদের শয়েস্তা করা ইত্যাদি। পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ১০০৯ কোটি ৭০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ কোন পুলিশের জন্য রেখেছিলেন ? যে পুলিশ নিজেরা নিজেদেরকে রক্ষা করতে পারছে না তাদের জন্য ? সাধারণ মানুষ আক্রান্ত হলে পুলিশ গিয়ে রক্ষা করবে, আইনের শাসনে তাদের সাহায্য করবে, কিন্তু দেখা যাচ্ছে, পুলিশ নিজেই নিজেকে রক্ষা করতে পারছে না। সেই পুলিশের জন্য ১০০৯ কোটি ৭০ লক্ষ টাকার ব্যয়বরাদ্দ পেশ করেছিলেন ? গত ২২শে জানুয়ারি কলকাতার কেন্দ্র আমেরিকান সেন্টারের সামনে ৬০ জন পুলিশের উপস্থিতিতে—সেই পুলিশের রাইফেল আছে, পুলিশ আছে, তাদের অফিসার আছে, তদের কনস্টেবল আছে, তাদের গাড়ি আছে, তাদের জুরি আছে, অথচ ২ জন মানুষ সেখানে অতর্কিতে মোটর সাইকেল করে এল, এসে একতরফাভাবে গুলি চালিয়ে চলে গেল। গুলিগুলো সমস্ত কনস্টেবলদের পিছনে, পিঠে গিয়ে লাগলো। একের পর এক কনস্টেবল গুলি খেয়ে মাটিতে লুটিয়ে পড়লেন, অফিসাররা গাড়ির ভিতর ঢুকে পড়লেন, এক রাউন্ড গুলি কোনো কনস্টেবল ব্যবহার করতে পারলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী মাঝে মাঝে বলেন যে, অপরাধের ক্ষেত্রে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ মরূদ্যান। আমি একটা ঘটনার কতা বলি—কিছুদিন আগে ভারতবর্ষের পার্লামেন্টে উগ্রপন্থী আক্রমণ হল, সেখানে জওয়ানরা পায়ে পায়ে দাঁড়িয়ে প্রত্যেকটা উগ্রপন্থীকে মোকাবিলা করেছেন, উগ্রপন্থীদের শেষ করে দিয়ে তাঁরা পার্লামেন্টকে রক্ষা করেছেন। আর আপনি পশ্চিমবঙ্গে পুলিশের বাজেট বাড়াতে বাড়াতে ৪০০ কোটি টাকার উপর নিয়ে গিয়ে পুলিশকে এমন জায়গায় দাঁড় করিয়ে দিয়েছেন—পুলিশ পৃষ্ঠদেশে গুলি নিয়ে লুটিয়ে পড়লো। তারপর ২ জন অজ্ঞাতপরিচয় আততায়ী এসে প্রকাশ্য দিবালোকে গুলি চালিয়ে নির্বিঘ্নে চাদরের তলায় আগ্নেয়াস্ত্র লুকিয়ে মোটর সাইকেলে করে চলে গেল। আর অতগুলো পুলিশ এক রাউন্ড গুলি চালাতে পারলো না। কোনভাবেই তাদের গ্রেপ্তার করা সম্ভব হল না। এই সেদিন নতুন হয়েছে একটা রাজ্য, ঝাড়খণ্ড রাজ্য। পরে জানা গেল ঝাড়খণ্ডের পুলিশ কলকাতায় আক্রমণকারী সেই সমস্ত উগ্রপন্থীকে গুলি করে খুন করে দিয়েছে। এই কৃতকার্যের পরেও মাননীয় মুখ্যমন্ত্রী বলেন তাঁদের দপ্তর নৈপুণ্যে ভরা মানুষের ভরসার স্থল ! আজকে পুলিশকে এমন জায়গায় নিয়ে গেছেন যে, পলিটিক্যালাইজেশন অব পুলিশ অ্যান্ড ক্রিমিনালাইজেশন অব পলিটিক্স-এ রাজ্য ভরে গেছে। মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্যের পশ্চিম বাংলার স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে দীর্ঘ ৬ বছরের এই অবদান। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর অবদান আমি দুটো সেনটেনসে বলছি—পলিটিক্যালাইজেশন অফ পুলিশ, পুলিশী ব্যবস্থার রাজনীতিকরণ অ্যান্ড ক্রিমিনালাইজেশন অফ পলিটিক্স, রাজনীতিকে দুর্বৃত্তায়নে পরিণত করা। দুটোরই ফল আমরা হাতে হাতে পাচ্ছি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে প্রশ্ন করি, তিনি বলুন যে তাঁর এই পুলিশের জন্য তিনি কেন গত বছরের চেয়ে আরো ৫৩ কোটি টাকার বরাদ্দ বাড়িয়ে দিলেন ? তিনি যদি বলেন রাজ্যের স্বার্থে এটা করতে হচ্ছে তাহলে কি এটা পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করবে ? পশ্চিমবাংলার মানুষের কাছে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশকে লাফিং স্টক করে দিয়েছেন। পুলিশ এলে লোকে হাসে। পুলিশের কাছে মানুষ আশ্রয় চাইতে যায় না। তার কারণ যে পুলিশ নিজেকে রক্ষা করতে পারে না, সে পুলিশ কি করে পশ্চিমবাংলার আক্রান্ত মানুষকে রক্ষা করবে ! ৭০ দশক পর্যন্ত

পশ্চিমবঙ্গ পুলিশের মাথায় একজন আই জি ছিলেন। এখন পুলিশ প্রশাসনের মাথার চেহারাটা কি করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ? এখন ডি জি ৪ জন। অ্যাডিশনাল ডাইরেক্টর অফ পুলিশ ১০ জন, আই জি ২৫ জন। ডি আই জি ৩৭ জন। অ্যাডিশনাল এস পি এবং এস পি মিলিয়ে ৭০ জন। এস ডি পি ও কতজন তা এখানে লেখাজোকা নেই। একটা মাথাভারী প্রশাসনকে কোন্ জায়গায় নিয়ে গেছেন দেখুন ! আজকে তাদের মাইনে দিতে, তাদের ঠাট-বাট বজায় রাখতে, তাদের জুড়ি-গাড়ির দৈনন্দিন ব্যবস্থা করতেই রাজ্য কোষাগার থেকে বিরাট অংকের টাকা খরচ হয়ে যাচ্ছে। একজন অ্যাডিশনাল ডাইরেক্টর জেনারেল অব পুলিশকে আপনারা সকালে ডাইরেক্টর জেনারেল করে, বিকেলেই ডি জি পুলিশ করে দিলেন। যাঁর হবার কথা তিনি আপনাদের কাছে বিচার পেলেন না। তিনি কলকাতা হাইকোর্টে গেলেন। কলকাতা হাইকোর্ট বলে দিল—ডি জি পুলিশের নিয়োগ বেআইনি। বেআইনিভাবে নিয়োগ করে একজনকে রাজ্যের পুলিশ প্রশাসনের মাথায় বসিয়ে দিলেন, হাইকোর্ট তাঁর নিয়োগ বেআইনি বলে ঘোষণা করলো। যেখানে হাইকোর্টেরই আস্থা নেই সেখানে পশ্চিমবাংলার মানুষের কি করে আস্থা থাকবে ? আপনার পুলিশ প্রশাসনের অফিসারদের এবং কনস্টেবল-সহ বিভিন্ন অধিনস্থ বাহিনীর কি করে তাঁর প্রতি আস্থা থাকবে ? আস্থা নেই বলেই রেট অফ ক্রাইম বেড়ে চলেছে। রেট অফ ক্রাইম পার ওয়ান লাখ পপুলেশন উত্তরপ্রদেশে ১৯৯৬ সালে ১১৩ ; ১৯৯৭ সালে ৯৫.১ ; ১৯৯৮ সালে ১১২.৪ ; ১৯৯৯ সালে ১০৩.৬ অ্যাজ এগেনস্ট ওয়েস্ট বেঙ্গল ১৯৯৬ সালে ৯২.৯।

[ 2.40-2.50 p.m. ]

১৯৯৭ সালে ছিল ৮৬, ১৯৯৮ সালে ২৪৫.২ আর ১৯৯৯ সালে ২৩৭.২। ১৯৯৭ সালে যেখানে ছিল ৮৬ সেটা ১৯৯৯ সালে ২৩৭.২ রেট অফ ক্রাইম দাঁড়িয়ে গেল অর্থাৎ প্রায় আড়াইশো গুণ ক্রাইম বেড়ে গেল। এদিকে ৪০০ কোটি টাকার বাজেট বেড়ে গেল, অথচ পুলিশ নিজেরা আক্রান্ত হয়ে পড়ে রইল রাস্তায়। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন, আমরা সংখ্যাগরিষ্ঠ হয়ে আছি। ১৯৯ বনাম ৬০। আমরা বোতাম টিপে হোক, ধ্বনি ভোটে হোক কিংবা চিৎকার করেই হোক অনুমোদন পাশ করিয়ে নেব। কিন্তু আজকে পশ্চিমবাংলার মানুষকে কি প্রোটেকশন দিচ্ছেন ? পশ্চিমবাংলার মানুষকে আজকে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়ে দিয়েছেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাইটার্স বিল্ডিংস আক্রান্ত হতে পারে। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার তরফ থেকে খবর এসেছে। এটা খুবই আতঙ্কের ব্যাপার। প্রশাসন কি করবে ? প্রশাসন রাইটার্স বিল্ডিংসসহ অন্যান্য জায়গায় তারা ব্যবস্থা এমন নিঁখুত করবে, যদি উগ্রপন্থীরা আক্রমণ করার চেষ্টা করে তাহলে তারা ঢুকতে পারবে না। কিন্তু কি করলেন হোম সেক্রেটারী ? তিনি সমস্ত প্রেস মিডিয়াকে, সমস্ত ইলেকট্রনিক মিডিয়াকে রাতে ফোন করে বললেন, আপনারা শুনেছেন, একটা খবর দিয়ে দিচ্ছি, উগ্রপন্থীরা রাইটার্স বিল্ডিংস আক্রমণ করবে। এই কি প্রশাসনের ভূমিকা ? প্রশাসনের ভূমিকা হল খবর পেয়ে মুখ্যমন্ত্রীর কাছে সেই খবর দেবেন। তিনি প্রশাসনের মাথাদের নিয়ে বৈঠকে বসবেন, সম্ভাব্য আক্রমণ যদি হয় তাহলে কি করবেন। ইউ উইল টাইটেন ইওর বেল্ট। আপনারা কোমরে বেল্ট শক্ত করে বাঁধবেন যাতে করে কোনো রকমভাবেই রাইটার্স বিল্ডিংস হোক অথবা সরকারী কোন প্রশাসন ভবনেই হোক, সেখানে যেন উগ্রপন্থীরা ঢুকতে

না পারে। কিন্তু উনি কি করলেন ? গোটা রাজ্যের মানুষকে আতঙ্কগ্রস্ত করে দিলেন। সরকার বলছেন, জনগণকে ওনারা নাকি ইনভলভ করলেন। জনগণ কি করবে ? জনগণ কি রাইটার্স বিল্ডিংস পাহারা দেবে ? তারা কি সি পি এমের ক্যাডার নাকি যে রাইটার্স বিল্ডিংস ঘিরে থাকবে ? মানুষের মধ্যে একটা সন্ত্রাসের আতঙ্ক সৃষ্টি করে দিলেন। এখন মানুষরা বাসে চাপতে গেলে ভয় পাচ্ছে, এই বুঝি বিস্ফোরণ হবে। দোকানে যেতে ভয় পাচ্ছেন, যে গেলে ফিরতে পারবেন কিনা, বিস্ফোরণ হবে কিনা ? রাইটার্স যদি অরক্ষিত হয়ে দাঁড়ায়—যদি আমরা ধরি মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী নাম্বার (১) তাহলে প্রশাসনের চিফ সেক্রেটারি নাম্বার (২) আর প্রশাসনের হোম সেক্রেটারি নাম্বার (৩)। তিনি নাম্বার (৩) হয়েও জনগণকে আতঙ্কগ্রস্ত করার জন্য প্রেসকে বলছেন, আপনারা লিখে নিন, রাইটার্স বিল্ডিংস আক্রান্ত হতে যাচ্ছে। মানুষের আস্থা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আজকে এই সরকার নিজেরা পারছে না উগ্রপন্থীদের আটকাতে। আমরা যখন বলেছিলাম যে, পশ্চিমবাংলায় উগ্রপন্থীদের ঘাঁটি হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আপনি তখন অধ্যক্ষ পদে ছিলেন যখন কান্দাহার কাণ্ড ঘটেছিল ২০০১ সালের ১ জানুয়ারি, ইন্ডিয়ান এয়ার লাইন্সের বিমান নেপাল থেকে ছিনতাই করে কান্দাহারে নিয়ে গিয়েছিল, সেই কাণ্ডের প্লটিং হয়েছিল পশ্চিমবাংলায় এই কলকাতায় বসে। দীর্ঘদিন যাবৎ তারা এই কলকাতায় ঘাঁটি করে বসে আছে। আর আমাদের মুখ্যমন্ত্রী বলে আসছেন, পশ্চিমবাংলা শান্তির পারাবার, শান্তির মরূদ্যান। কিন্তু উগ্রপন্থীরা এখানেই হেড-কোয়ার্টার তৈরি করেছে এবং এই কলকাতার হেড-কোয়ার্টারে বসেই দিনের পর দিন অপারেশন করছে এবং সেই অপারেশনের ফলেই কান্দাহার কাণ্ড ঘটেছিল। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী সেদিন উপহাস করেছিলেন। কিন্তু কান্দাহার কাণ্ডে যারা ধরা পড়েছে তাদের স্বীকারোক্তিতে তারা বলেছে, হ্যাঁ, কলকাতায় বসেই আমরা করেছি। আমরা বাংলাদেশের বর্ডার দিয়ে এসে কলকাতায় গিয়েছিলাম এবং কলকাতায় হেড-কোয়ার্টার করে এই পরিকল্পনা করেছিলাম। সেদিন কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী এই কথা উড়িয়ে দিয়েছিলেন ২০০১ সালে তাঁর বাজেট বক্তৃতায়। ২০০১ সালের বক্তৃতায় উগ্রপন্থীদের সম্বন্ধে কোনো কথা বলেননি। কিন্তু আমরা তখন থেকে বলছি অর্থাৎ ১৯৯৮ সাল থেকে বলছি যে, পশ্চিমবাংলায় উগ্রপন্থীদের ঘাঁটি হয়ে যাচ্ছে। কিন্তু তিনি শুধু বক্তৃতা দিয়ে গেলেন। আজকে এইভাবে পলিটিকালাইজেশন অফ পুলিশ করেছেন, মাথা থেকে পা পর্যন্ত সি পি এমের হুকুম তামিল করার জন্য পুলিশ। মানুষের হুকুম তামিল করার জন্য আজকে পুলিশ নয়। এই মন্ত্রিসভায় একজন সদস্য আজকে আসামীর কাঠগড়ায়। তাঁর বিরুদ্ধে খুনের মামলা, অস্ত্রর মামলা, রাফটিং-এর মামলা থাকা সত্ত্বেও তিনি মন্ত্রিসভার সদস্য হয়ে বসে আছেন। আজকে পশ্চিমবাংলার মানুষ যদি মনে করে এই মন্ত্রিসভার কাছ থেকে বুদ্ধবাবুর নেতৃত্বে যে একটা পরিষ্কার, পরিচ্ছন্ন প্রশাসন পাবো, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাহলে আপনি বলুন—উনি পশ্চিমবাংলার মানুষকে এত বোকা মনে করেন কি করে ?

শুধু তাই নয়, স্যার, আপনি দেখেছেন উত্তর কলকাতা, দমদমে কি সব কাণ্ড ঘটেছে। দুলাল ব্যানার্জীর কাণ্ডের কথা আপনি জাননে। তার আগে যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে যারা ধরা পড়েছিল তারা কি স্যার, বলেনি যে বিগত নির্বাচনে সি পি এমের হয়ে কাজ করেছি ? তখন মন্ত্রী সুভাষ চক্রবর্তী চ্যালেঞ্জ করে বলেছিলেন, 'ওদের যদি যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে পুলিশ অ্যারেস্ট করে থাকে তাহলে আমি পদত্যাগ করবো, ওদের হাওড়া থেকে অ্যারেস্ট

করা হয়েছে।' মাননীয় মুখ্যমন্ত্রী তার কোন জবাব দেননি। উনিও আছেন ইনিও আছেন। শুধু তাই নয়, আজকে প্রমাণ হয়ে গিয়েছে যে এখানে দুর্বৃত্তায়ন কোথায় গিয়ে পৌঁছেছে। ওই পচা, কৃষ্ণ, কেলে গুপি, দুলাল ব্যানার্জীর ঘটনাগুলি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। গোটা পশ্চিমবাংলায় আজকে দুলাল ব্যানার্জীরা সমাজটাকে পরিচালনা করছে। সেখানে প্রয়োজনে হেড মাস্টারকে তাঁর স্কুলের গেটের সামনে কান ধরে ওঠ-বোস করানো হচ্ছে, প্রয়োজনে পুলিশ প্রশাসনের প্যারালাল প্রশাসন দুর্বৃত্তায়নের মাধ্যমে সি পি এম এখানে জারি করে দিচ্ছে। তাই গোটা প্রশাসন এখানে আজকে পলিটিক্যালাইজেশন হয়ে গিয়েছে। পলিটিক্সটা ক্রিমিনালাইজেশানে পরিণত হয়েছে এবং ক্রিমিনালদের দ্বারা পলিটিক্সটা পরিচালিত হচ্ছে, সি পি এমের দ্বারা পরিচালিত হচ্ছে। তাই মন্ত্রীমহাশয় যতই এখানে আস্ফালন করুন না কেন, আমরা দেখেছি পশ্চিমবাংলায় চরম অরাজকতা চলছে। আজকেই মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, ৩০০ বার গুলি চলেছে। তাতে মানুষ মারা গেল,কিন্তু পশ্চিমবঙ্গের পুলিশের ক্রেডিটটা কি কোথাও তাতে এস্টাবলিশড হল ? তাদের তো অপদার্থতাই বাড়লো। ৩ × ৪০০ কোটি টাকার বাজেট বাড়ানো হল তার মন্ত্রিসভার ভেতরে অপরাধীদের জায়গা করে দেওয়া হল। মানুষকে বলা হল, অপরাধ করো কিন্তু সি পি এম করো। সি পি এম করো, আর অপরাধ করো প্রয়োজন হলে মন্ত্রী করে তোমাকে আমরা পুরস্কৃত করবো। এরপরও যদি বলা হয় পুলিশ পশ্চিমবঙ্গের মানুষের ধন, মান, সম্পদ, নিরাপত্তা রক্ষা করবে তাহলে সেই কথাটাই বলতে হয়—'ও কথা বলেন না কর্তা, ও কথা শুনলে ঘোড়াতেও হাসবো।' স্যার, এরা যা বলেন তা করেন না আর যা করেন তা বলেন না। এরা গোটা পশ্চিমবঙ্গের প্রশসনটাকে ধূলায় মিশিয়ে দিয়েছেন। এরা প্রশাসনের মেরুদণ্ড থেকে একটু একটু করে নির্যাস বের করে নিয়ে তার মধ্যে পার্টির চিন্তাধারা, কার্যক্রম, পার্টির প্রবণতা, পার্টির প্রতি অনুরক্ততা ঢুকিয়ে দিয়েছেন। তার ফলে আজকে-মানুষ বিচার চাইতে গেলে পুলিশ বলে আমার কাছে নয়, পার্টি অফিসে যাও, পার্টি অফিস বিচার করবে। স্যার, যে আমাকে মারলো, যে আমাকে উচ্ছেদ করলো, যে আমাকে ধর্ষণ করলো, যে আমার বাড়ি জ্বালিয়ে দিল পুলিশের কাছে বিচার চাইতে গেলে পুলিশ আবার তার কাছেই পাঠিয়ে দিল। তার কারণ, প্রশাসন আর শাসকদল মিলেমিশে একাকার হয়ে গিয়েছে। মানুষ বিচার চাইবে কোথায় ? আজকে তাই এখানে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদছে। স্যার, পশ্চিমবাংলার পুলিশের এই করুণতম অবস্থার জন্য যিনি দায়ী সেই মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি আসামীর কাঠগোড়ায় দাঁড় করিয়ে বলতে চাই, হয় আপনি নিজে দায়িত্ব নিয়ে পশ্চিমবঙ্গের প্রশাসনকে এক শক্ত ভিতের উপর দাঁড় করান নতুবা অন্য আর একজনকে স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে নিন। আপনি পারছেন না। আপনি মুখ্যমন্ত্রী হিসাবে কাজ সামলাবার চেষ্টা করছেন, অসি নিয়ে পুলিশ চালাবার চেষ্টা করছেন, মসি নিয়ে সংবাদপত্র চালাবার চেষ্টা করছেন—এই তিনটি কাজ একসঙ্গে করার মতন এতো পরিপক্কতা, এতো বিচক্ষণতা, মানসিকতা আপনার নেই। তাই আপনাকে বলি, আপনি পারছেন না, আপনি ব্যর্থ হয়েছেন। আপনি আপনার দলের একজনকে স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে নিন এবং তাকে এর দায়িত্ব দিন। সেখানে তাকে দায়িত্ব দিয়ে বলুন এই এই জায়গায় আমার একটু ত্রুটি, এই এই কাজ আমি করতে পারিনি, সেগুলি সংশোধন করুন। তা না হলে ওই মন্ত্রিসভায় যে অপরাধী সদস্য সেই অপরাধীদের একটা আলাদা জগৎ পশ্চিমবাংলায় তৈরি হয়ে যাচ্ছে। সেই জগৎই সরকারকে নাড়াচ্ছে। লেজ

কুকুরকে নাড়াছে, কুকুর লেজকে নাড়াচ্ছে না। সমাজবিরোধীরাই আজকে সরকার চালাচ্ছে এবং সমাজবিরোধীরা ও দুর্নীতিবাজরাই আজকে শাসক দলের ধারক-বাহক, পরিচালক হয়ে গিয়েছে। আমরা তাই আতংকিত হয়ে এই বাজেটের বিরোধিতা করছি। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি, ৪টে বছর এখনও আপনাদের সময় আছে, এখন সাধারণ মানুষের কথা ভাবুন প্রশাসনটাকে ঠিক প্রশাসনের মতন চলতে দিন। প্রশাসন তার নিজের দায়িত্ব পালন করুক।

[ 2.50-3.00 p.m. ]

**শ্রী রবীন দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১ নং দাবির অধীনে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রী পুলিশ খাতে ১,০৬২ কোটি ৬৯ লক্ষ টাকার যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষের আনা ১১২টি অযৌক্তিক, অপ্রাসঙ্গিক এবং উদ্দেশ্যপ্রণোদিত ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। এই বছরের এই পুলিশ বাজেট গত বছরের বাজেটের চেয়ে মাত্র ৫২ কোটি ৩০ লক্ষ টাকা বেশি। বৃদ্ধিটা মাত্র ৫ পারসেন্ট। এই সামান্য বৃদ্ধিতে মাননীয় বিরোদীদলের নেতার এত আক্ষেপ কেন জানি না। তিনি চার বছরের তুলনা করেছেন এবং পুলিশের সংখ্যার কথাও তুলেছেন। আমি তাঁকে প্রথমে মনে করিয়ে দিতে চাই, আমাদের রাজ্য পুলিশে ৪১১টি থানা এবং কলকাতা পুলিশে ৩টি নতুন থানা ধরে ৪৫টি থানা। নির্বাচনের আগে নির্বাচন কমিশনার মিঃ গিল কলকাতায় এসেছিলেন। সেখানে পঙ্কজবাবু এবং শোভনদেববাবুর উপস্থিতিতে মিঃ গিল বলেছিলেন, 'এত কম পুলিশ দিয়ে এই রাজ্য এত সুন্দরভাবে নির্বাচন পরিচালনা করছেন, এতে আমি বিস্মিত।' তারপর আমরা রিপোর্ট চেয়েছিলাম কেন্দ্রের কাছ থেকে প্রতি ৮ লক্ষ জনসংখ্যার কোন রাজ্যে পুলিশের সংখ্যা কত। সেই রিপোর্টে দেখা গেছে প্রতি ৮ লক্ষ জনসংখ্যায় পুলিশের সংখ্যা নাগাল্যান্ডে ৯৫০, মিজোরামে ৭৫২, সিকিমে ৬২৩, মিজোরামে ৫৯৩, অন্ধ্রপ্রদেশে ৪৫৪, জম্মু ও কাশ্মীরে ৪৩৮। দিল্লীতে ৩৯৪, মেঘালয়ে ৩৭২, পাঞ্জাবে ৭৯৪, সবচেয়ে কম হচ্ছে পশ্চিমবঙ্গে ১০৬। ৮ কোটি ২ লক্ষ মানুষ এই রাজ্যে বাস করেন, সেখানে ৯৪৩ জন পিছু একজন পুলিশ। স্বরাষ্ট্র মন্ত্রকের ওই রিপোর্টে এটা বলা হয়েছে। আপনারা এটা জানেন যে, দিল্লীর পুলিশের সংখ্যা ৫৬ হাজার, মুম্বাইয়ে ৩৮ হাজার, কলকাতায় ৪৫টি থানা মিলিয়ে থানার সংখ্যাও কম—পুলিশের সংখ্যা ২৬ হাজার। এসব তিনি জানেন না, শুধু পলিটিকালাইজেশন এবং ক্রিমিনালাইজেশন তিনি দেখছেন যেখানে দেশের মূল বিপদ হচ্ছে টেরোরাইজেশন, কম্যুনালাইজেশন। আজকে আমাদের রাজ্যে বাংলাদেশের সঙ্গে সীমানা দেড় হাজার কিলোমিটার। আমাদের আন্তর্জাতিক সীমানাও রয়েছে নেপাল এবং ভুটানের সঙ্গে। এই অবস্থায় আইন-শৃঙ্খলা রক্ষায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে দায়িত্ব পালন করছেন সেটা কে অস্বীকার করবেন ? গত ৬ তারিখে শিশির মঞ্চে কলকাতার মহানাগরিককে নিয়ে তিনটি নতুন থানার উদ্বোধন অনুষ্ঠান হয়েছে। ওই অনুষ্ঠানে তিনি আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন। আজকে সেই মহানাগরিক এখানে এই হাউসের সদস্য হিসাবে উপস্থিত আছেন। ঐ অনুষ্ঠানে মাননীয় সুব্রত মুখার্জী বলেছিলেন, 'কলকাতা পুলিশ তুলনামূলকভাবে রীতিমতো নজিরবিহীন ভূমিকা পালন করছেন। বিশেষ করে খাদিম-কর্তা অপহরণ থেকে শুরু করে বিভিন্ন ঘটনায় পুলিশ খুবই প্রসংশনীয় কাজ করছে। কলকাতা পুলিশ আমাদের গর্ব। আমি চাইবো তাদের এই সুনাম অক্ষুণ্ন থাকুক। বিধানসভায় সমালোচনা করলেও আমি চাই পুলিশের বাজেট বাড়ুক,

কারণ এটা দরকার। 'আর এখানে দাঁড়িয়ে পঙ্কজ বন্দ্যোপাধ্যায় মহাশয় বলছেন, 'এত টাকা কেন বাড়লো' ! বেড়েছে মাত্র ৫ পারসেন্ট। শোভনবাবু, এটা বললে অশোভন হবে না, ৭ মাসে ৩ টাকার কেরোসিন ৯ টাকা করেছেন। তাদের পক্ষে আপনারা রয়েছেন। আবার আপনাদের নেত্রী আঁকুপাঁকু করছেন ওদের মধ্যে ফিরে যেতে। ৩ টাকার কেরোসিন ৯ টাকা হবে ? আর এখানে আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য পুলিশের সংখ্যা তুলনামূলক কম। এই অবস্থার মধ্যে আপনারা বলছেন, আজকে প্রশ্ন-উত্তর পর্বে আপনারা বলছিলেন পুলিশের জন্য আধুনিক ব্যবস্থা কি হয়েছে, পুলিশের জন্য আবাসনের কি ব্যবস্থা আছে, তাদের থাকবার কি ব্যবস্থা হয়েছে ইত্যাদি। এই কল্যাণবাবু এবং আমাদের কমিটির সদস্যরা রয়েছে, আমরা একটা টিম নিয়ে গিয়েছিলাম, জটুবাবুও আমাদের সঙ্গে গিয়েছিলেন থানায়। তিনি মেদিনীপুরে গিয়ে দেখে এসেছেন কি অবস্থার মধ্যে তাদের কাজ করতে হচ্ছে। আমাদের এখানকার যিনি কাঁথির জনপ্রতিনিধি, তিনি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানও ছিলেন, তিনি দেখেছেন কাঁথিতে তাদের কী কষ্টের মধ্যে কাজ করতে হচ্ছে। তিনি দেখেছেন থানার মধ্যে কী অল্প পরিসরের মধ্যে তাদের কাজ করতে হচ্ছে। আমরা জানি তাদের দরকার কিন্তু আর্থিক সংগতি নেই। আমাদের রাজ্যের পুলিশ সম্পর্কে বলতে চাই। গোটা ভারতবর্ষের মধ্যে আমরা একটা অঙ্গ রাজ্য। আমাদের রাজ্যে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনে কেন্দ্র আধা-সামরিক বাহিনী দিয়ে সাহায্য করে। মাননীয় মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন, মেদিনীপুর, কুচবিহার, দার্জিলিং এবং বিভিন্ন সীমান্ত, নেপাল সীমান্ত, ভুটান সীমান্তের জন্য এই বাহিনী যা চাওয়া হয়েছিল তা তারা কমিয়ে দিয়েছেন। তার মধ্যে দাঁড়িয়ে আমি একটা তথ্য হাজির করছি। কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রক থেকে এই আধা সামরিক বাহিনী নেওয়ার জন্য উত্তরপ্রদেশকে কেন্দ্রকে টাকা দিতে হয়েছে এবং তার পরিমাণ হলো ১০৭.২৭ কোটি টাকা, অন্ধ্রপ্রদেশকে দিতে হয়েছে ৮১ কোটি ১২ লক্ষ টাকা আর পশ্চিমবাংলাকে দিতে হয়েচে ২ লক্ষ টাকা মাত্র। ঘটনাটা হচ্ছে এই। আমরা এইভাবে রাজ্যের মানুষের উপর চাপ কমাচ্ছি, সাধারণ মানুষকে রিলিফ দিচ্ছি। সেখানে আপনারা পেট্রল ডিজেলের দাম বাড়িয়ে দিচ্ছেন, গোটা দেশে কারখানা বন্ধ করে দিচ্ছেন। এখন তো ওখানে একটা শ্রমিক-নিধন দপ্তর খোলা হয়েছে। এখন ওখানে একটা গণ-নিধন দপ্তর খোলার চেষ্টা করছে গুজরাটের মতো সারা দেশে করার জন্য। ওনাদের নেত্রী মন্ত্রিসভায় যেতে চাইছেন। এখন ওখানে ওনাদের নেত্রীর জন্য কোন দপ্তর খালি নেই। একটা আছে বিলগ্নীকরণ দপ্তর, শ্রমিক নিধন দপ্তর আর একটা হবে গুজরাটের মতো সারা দেশে বিশ্ব হিন্দু পরিষদকে গুজরাট বানাতে হবে। ওনাদের নেত্রী এই খালি দপ্তর, গণ-নিধন দপ্তরে যাবেন। শ্রমিক নিধন দপ্তরের সঙ্গে গণ-নিধন দপ্তর ভাল মিলবে। আমি বিরোধী সদস্যদের কাছে আবেদন করবো আপনারা একটু গভীরে গিয়ে ভাবুন, একটা ভয়ঙ্কর জায়গায় আমরা চলেছি। নির্দিষ্টভাবে এই রাজ্যের পুলিশকে এর মোকাবিলা করতে হচ্ছে। কি ঘটনা ঘটলো ওই ১১ই সেপ্টেম্বর, তার পরবর্তীকালে ১লা অক্টোবর, জম্মু-কাশ্মীর বিধানসভায় কি ঘটলো, ৭ই অক্টোবর আফগানিস্থান আক্রমণ হলো, ১৩ই ডিসেম্বর আমাদের সংসদ আক্রমণ হলো এবং ১১ই জানুয়ারি আমাদের কলকাতায় ঘটনা ঘটলো এবং ৫ জনের জীবনহানি হলো, ৫ জন পুলিশ মারা গেল, সুরেশ হেমব্রম, উজ্জ্বল বর্মণ, অনুপ মণ্ডল, পীযুষ সরদার এবং আসরাফ আলি মারা গেল, এই ৫ জনকে প্রাণ দিতে হলো। রাজ্য সরকারকে

ধন্যবাদ জানাই সবটা না পারলেও তারা ১ লক্ষ টাকা কলকাতা পুলিশের তরফ থেকে এবং ২ লক্ষ টাকা রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের ক্ষতিপূরণ দিয়েছে। আর যারা আহত হয়েছে তাদের ১০ হাজার টাকা করে দেওয়া হয়েছে। খুন করবে উগ্রপন্থীরা, বাইরের শক্তি, এই গুলি আন্তর্জাতিক ঘটনা, টাকা দিতে হবে আমাদের। আমরা কেন চেয়েছি এটা আপনারা বুঝতে পারছেন না ?

[ 3.00-3.10 p.m. ]

মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর প্রত্যেকটি বাজেট বক্তৃতায় এই বিপদের উল্লেখ করেছেন। এটা বিচ্ছিন্ন নয়। আমরা ভূ-ভারত থেকে বিচ্ছিন্ন নই। বিশ্ব ব্রহ্মাণ্ড থেকে বিচ্ছিন্ন নয় পশ্চিমবাংলা। এই জন্য বাজেট বক্তৃতায় তিনি শুরু করেন, গোটা দেশকে আমাদের বিবেচনার মধ্যে রাখতে হবে। কিন্তু আপনার বললেন, ২২শে জানুয়ারিতে ঘটনা ঘটলো। আমাদের কতকগুলো ঘটনা ঘটেছে আপনারা বললেন। কত দ্রুততার সঙ্গে ২২শে জানুয়ারি মার্কিন প্রচার দপ্তরের সামনে ঘটনা ঘটলো—পরিস্থিতিকে খতিয়ে দেখে পুলিশ তৎপরতার সঙ্গে ২৬শে এপ্রিল চার্জশীট দিয়েছে। মার্চের ৪ তারিখে সিঁথিতে যে ঘটনা ঘটলো, পুলিশ ১০ই জুন তার চার্জশীট দিয়েছে। ২৫শে জুলাইতে পার্থ বর্মণের অপহরণের ঘটনায় গত ৩০শে মে চার্জশীট দিয়েছে দ্রুততার সঙ্গে। এটা জেনে রাখুন, এই রাজ্যের পুলিশ গোটা দেশের সামনে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। গুজরাটের এস পি গোধরার ঘটনার পর বলেছিল পুলিশও তো মানুষ, তারাও একটা সম্প্রদায়ের লোক। এই ছিল গুজরাটের পুলিশ সুপারের বক্তব্য। কয়েকদিন আগে কেশবকুমার, তিনি আমেদাবাদের পুলিশ সুপার, তিনি বলেছেন যে, সরকার যেভাবে জড়িয়ে পড়ছে, প্রশসন যেভাবে দাঙ্গার সঙ্গে যুক্ত হয়ে পড়ছে—মহাশ্বেতা দেবীর সামনে একটা সেমিনারে দাঁড়িয়ে বলেছেন। আপনারা এটাও দেখেছেন, একজন প্রবীণ আই.এ.এস অফিসার গুজরাটের হত্যাকাণ্ডের পর হর্ষ মান্দার—তিনি পদত্যাগ করেছেন। তিনি লিখেছেন, এই গ্লানি আমি আর একা সইতে পারছি না। একটা ভয়ংকর পরিস্থিতিতে এই কথা বলেছেন। একটা সম্প্রদায়ের ওপরে আক্রমণ হয়েছিল। মেধা পাটকর একটা সাংবাদিক সম্মেলন করতে গিয়েছিলেন। তাঁর ওপরে আক্রমণ হয়েছে। সাংবাদিকদের ওপরেও আক্রমণ হয়েছে। কলকাতায় ওই ঘটনার পর সাংবাদিকরা মিছিল করেছেন। গুজরাটে তাঁরা করতে পারেননি। পশ্চিমবঙ্গ সরকার এই কাজ করতে পেরেছে বলে আজকে গোটা দেশের সামনে একটা দৃষ্টান্ত। শুনে রাখুন, আমাদের এই রাজ্যের পুলিশের তৎপরতার কথা, কেন তারা মুম্বাইতে যাচ্ছে, গুজরাটে কেন যাচ্ছে, দিল্লীতে কেন যাচ্ছে—ওইসব জায়গায় গিয়ে তারা অপরাধীদের ধরে এনেছে। সেজন্য ৭ই এপ্রিল টেলিগ্রাফ পত্রিকার এডিটোরিয়ালে লিখতে হয়েছে, বুদ্ধদেববাবু তিনি ফার্স্ট ক্লাস ফার্স্ট হয়েছেন আইন-শৃঙ্খলা রক্ষার অগ্রগতির ঘটনায়। সারা দেশের মধ্যে প্রথম শ্রেণীতে প্রথম হয়েছেন। টেলিগ্রাফ পত্রিকার এডিটোরিয়ালে লিখে বলতে হয়েছে। আর আপনাদের আক্ষেপ, কেন আইন-শৃঙ্খলা রক্ষার জন্য এত তৎপরতা দেখানো হচ্ছে। একটু আগে বললেন, কেন এটা করবে ? আমি বলি, আপনারা ডাকাতদের প্রশ্রয় দেবেন না। অপরাধীদের, ছিনতাইবাজদের প্রশ্রয় দেবেন না। খুনিকে প্রশ্রয় দেবেন না। একজনকে খুন করে বিধায়ক হতে পারে, এইভাবে প্রশ্রয়

দেবেন না। আর তাহলে আমাদের পুলিশকে এত চাপের মুখে থাকতে হবে না। পুলিশ নির্বিঘ্নে কাজ করতে পারবে। আমরা দেখেছি, বক্তার মণ্ডলকে নিয়ে আপনারা হৈ চৈ করলেন। কিন্তু হলদিয়ায় আমরা কি দেখলাম ? আমরা দেখলাম, হলদিয়ায় ব্যাংক ডাকাতির অভিযোগে যে গ্রেপ্তার হয়েছে সে তৃণমূলের একজন নেতা। তার ভাই উসমান মণ্ডলকে গ্রেপ্তার করা হল তৃণমুলের এক নেতার বাড়ি থেকে। ওই উসমান মণ্ডল ব্যাংক ডাকাতির সঙ্গে জড়িত। তারপর শেখ মূর্সেদ সেও তৃণমূল নেতার আশ্রয়ে এক জায়গায় লুকিয়ে ছিল ? মাননীয় বিরোধী দলের সদস্যকে বলছি, আপনাদের দলের লোক বক্তার মণ্ডল যে কিনা এতো বড় ঘটনা ঘটালো এবং ব্যাংক ডাকাতিতে ধরা পড়ল তার কি উত্তর দেবেন বলুন। এইরকম কয়েকটা উদাহরণ আমি তুলে ধরছি—পর্ণশ্রীতে যে ঘটনা হল পার্থবাবু শুনুন, পর্ণশ্রীতে ৭ জন ডাকাত ধরা পড়ল ওই ৭ জন ডাকাতই তৃণমূলের আশ্রিত। তাদের নাম হচ্ছে নাসির মল্লিক, ঘেটু অধিকারী, সমীর দাস, নন্দু সর্দার, সোনা মণ্ডল এবং সমীর অধিকারী—এরা সব ডাকাত। সুতরাং আপনারা সব ডাকাত এবং চোর ও ছিনতাইকারীদের সাহায্য করছেন। তারপরে দক্ষিণ ২৪ পরগনায় যে ঘটনা ঘটেছে তাতেও আপনাদের মদত আছে। আজকে নরেন্দ্র মোদী আর কেন্দ্রের স্বরাষ্ট্রমন্ত্রী এই দাঙ্গা বাধাতে মদত দিচ্ছে, নেতৃত্ব দিচ্ছে। আর আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যেখানেই দাঙ্গা হচ্ছে, ডাকাতি হচ্ছে সেখানেই চলে যান যেমন চলে গেছিলেন উস্তিতে। উস্তিতে তিনি ভ্যান রিক্সা করে পায়ে হেঁটে আক্রান্ত লোকেদের কাছে পৌঁছে গেছিলেন এবং তাদের পাশে গিয়ে দাঁড়িয়েছিলেন। তিনি পুলিশকে বারবার বলেছেন এবং অনুরোধ করে বলেছেন যে আপনাদের কাজ হচ্ছে অপরাধ দমন করা, অপরাধীদের বিরুদ্ধে নিষ্ঠুর, কঠোর, নির্মম হওয়া দরকার। আমরা তৎপরতার সঙ্গে কাজ করছি কিন্তু তা সত্ত্বেও আমাদের রাজ্যে যে কিছু ঘটনা ঘটছে না তা নয়। গত ১০ই মার্চ ক্যানিংয়ের তালদিতে একটা ছেলে মারা গেল এবং সাম্প্রদায়িক সম্প্রতি ওখানে ক্ষুণ্ণ হয়। তারপরে তেলেনিপাড়াতে যে ঘটনা ঘটল তাতে আমরা গেছিলাম এবং সেখানে কত তৎপরতার সঙ্গে পুলিশ প্রশাসন মানুষকে সঙ্গে নিয়ে পরিস্থিতি সেখানে শান্ত করেছিল। আমাদের এই পুলিশ বহুবার রাষ্ট্রপতির কাছ থেকে পুরস্কার পেয়েছেন। আমাদের রাজ্যের পুলিশের একজন এ ডি জি, তিনি রাষ্ট্রপতির পুরস্কার পেয়েছেন। তারপরে আমাদের কলকাতা পুলিশের অ্যাসিস্ট্যান্ট কমিশনার রাষ্ট্রপতি পুরস্কার পেয়েছেন আরো অনেক উদাহরণ আমাদরে কাছে আছে। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকেও যারা ভাল কাজ করছেন তাদের পুরস্কৃত করার কথা বলেছি এবং যারা খারাপ কাজ করছেন তাদের তিরস্কার করা হোক একথা বলছি। এ পর্যন্ত ১৫ হাজার পুলিশকে ভাল কাজ করার জন্য পুরস্কৃত করা হয়েছে এবং খারাপ কাজ করেছেন বলে ৭০০ জনকে তিরস্কৃত করা হয়েছে। তাদের শাস্তি দেওয়া হয়েছে, তাদের ডিমোট করা হয়েছে। এই যে ১৫ হাজার পুলিশকে পুরস্কৃত করা হল এবং ৭০০ জনকে তিরস্কার করা হল এটা তো একটা দৃষ্টান্ত হিসাবে রয়েছে। আর আপনাদের দলেই তো আছেন যিনি এক সময়ে পুলিশে ছিলেন, এখন আপনাদের সঙ্গী হয়েছেন। কে তিনি সেটা আপনারা ভাল করেই জানেন। আমাদের রাজ্যে শান্তি-শৃঙ্খলা রক্ষার প্রশ্নে আমাদের কাছে একটা চ্যালেঞ্জ আকারে দেখা দিয়েছে। ২১শে জুন বামফ্রন্ট সরকার ২৫

বছর অতিক্রম করে ২৬ বছরে পা দিচ্ছে, এটা বিশ্বের বিস্ময় যে ছয় ছয় বার নির্বাচনে আমরা জিতে ফিরে এসেছি। এতে মাননীয় মুখ্যমন্ত্রীর দায়িত্বও অনেক বেড়েছে। তিনি বলেছেন আমাদের সবাইকে স্বচ্ছ হতে হবে, কাজে গতিশীলতা আনতে হবে এবং কাজকর্ম আরো উন্নততর করতে হবে। থানা লেবেলে কমিটি করা হয়েছে। সেই সম্পর্কে বলা হয়েছে ওই কমিটিগুলোকে সক্রিয় করে তার যে সুযোগ-সুবিধা রয়েছে সেগুলোর দিকে নজর দিতে হবে। আজকে সারা দুনিয়াতে সাম্রাজ্যবাদীর চর তাদের জাল ফেলে দিয়েছে, ওই চরের জালে যাতে আমরা জড়িয়ে না যাই তার জন্য সর্বদা আমাদের সতর্ক থাকতে হবে। এবং এই ব্যাপারে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব অনেক বেড়ে গেছে—একদিকে আইন-শৃঙ্খলা রক্ষা করা এবং গোটা দেশের কাছে এবং গোটা দুনিয়ার কাছে আমাদের রাজ্যকে আদর্শ হিসাবে তুলে ধরা।

[ 3.10-3.20 p.m. ]

অর্থাৎ বলেছিলেন তিনি ভোটের আগে, তিনি ভোটের আগে বলেছিলেন—আমাদের পা থাকবে মাটিতে, মাথা থাকবে আকাশে। আপনাদের তো মাথা তাকে ঐ আই এম এফ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, বিশ্বব্যাঙ্ক, সাম্রাজ্যবাদী, ওই বি জে পি-র ঘাড়ে আপনাদের মাথা। আপনাদের এ নেত্রী একজন দাদাকে ধরেছে, পায়ে ধরে মন্ত্রিত্ব চাইছে—আর উনি বলেছেন, পা থাকবে মাটিতে, এই পা মাটিতে মানে মানুষের সঙ্গে মিশে যেতে হবে। হৃদয়ে হৃদয় মেলাতে হবে মানুষকে, পুলিশকে ; তার জন্যই তো এই জায়গায় এই বক্তৃতার মধ্যে এনেছেন। এই জায়গাতে এনেছেন নির্দিষ্টভাবে। এখানে আমাদেরকে আরো বেশি দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তাই পুলিশের সংখ্যা যখন বাড়বে, থানা বাড়াতে হবে। আমরা বলেছি এই মেদিনীপুরে ৭৫ কি.মি. আছে রাস্তা, এখানে পূর্ব মেদিনীপুর করেছি। আপনারা দেখতে পাচ্ছেন না, জনযুদ্ধ গোষ্ঠী কি করছে, আপনারা দেখতে পাচ্ছেন না, কে এল ও কি করছে, আপনারা কি দেখতে পাচ্ছেন না, কিভাবে আলফা কি করছে ? আমাদের এই সীমান্তকে ঘিরে আর নেপালের মাওকে ঘিরে কি হয়েছিল আপনাদের মনে নেই ? এই জায়গাতে দাঁড়িয়ে আমরা নির্দিষ্টভাবে আপনাদের কাছে বলতে চাই আমরা মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিরোধীরা যে ভাবে আমাদের রাজ্যে, ওই যে বলেছিলেন ডি জি, বললেন না তো ক্যাট এ জিতেছে। ক্যাট থেকে জিতেছিলেন। তারপরে হাইকোর্টে গিয়েছে, এখন সুপ্রীম কোর্টে চলছে। উনি তো বলে চলে গেলেন, হাইকোর্টের রায় মানবেন, আরে হাইকোর্টের, বাবারও বাবা আছে। হাইকোর্টের পরে সুপ্রীম কোর্ট-এ গিয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে নির্দিষ্টভাবে বলা হয়েছে, সুতরাং আপনি সামগ্রিকভাবে পুলিশ প্রশাসনকে দুর্বল করার চেষ্টা করবেন না। আমাদের সেই জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ১ হাজার ৬৩ কোটি টাকার যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন, এই ব্যয়বরাদ্দ আমি শুধু সমর্থন করছি না, আমি আপনাদের কাছে আবেদন জানাচ্ছি যে আমরা এই প্রচুরতম মানুষের প্রভূততম সুখসাধন করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রনাথ বলেছেন, দিকে দিকে মানুষ জন্তুদের হুহুঙ্কার—এই মানুষ জন্তুদের হুহুঙ্কারকে মোকাবিলা করা এই জন্তুদের বিরুদ্ধে এই যারা ধর্মীয় উন্মত্ততা এনেছে, যারা এই অপরাধবোধকে মদত দিচ্ছে, চাগিয়ে দিচ্ছে, তাদের বিরুদ্ধে

সদাজাগ্রত থেকে মানুষের হৃদয় জয় করে আমরা মানুষকে নিয়ে আমাদের দেশের মানুষকে নিয়ে আমাদের রাজ্যে মাথা উঁচু করে দাঁড়াতে চাই। এর জন্য আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করছি। আপনাদের অযৌক্তিক অপ্রাসঙ্গিক এবং জন-বিরোধী এই ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার** : আমি জিজ্ঞাসা করি, এটা কি হচ্ছে ? এটা হাউস না পাড়ার আড্ডা ? যখন পঙ্কজবাবু বলছিলেন তখন কেউ তো ডিসটার্ব করলেন না, উনি যেই বললেন রানিং কমেন্ট্রি হচ্ছে ব্যাপারটা কি ? ডোন্ট ডু ইট, এটা ঠিক নয়। ওরা বলবে, আপনারা শুনবেন, আপনারা বলবেন, ওরা শুনবে। এটাই তো প্রসিডিওর। সি এম বললেও আপনারা ডিসটার্ব করেন, ডোন্ট ডু ইট। পার্লামেন্টারী কালচার ডেভেলাপ করুন।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী ২০০২ এবং ২০০৩ সালের জন্য পুলিশ খাতে ব্যয় নির্ধারণ করেছেন ১০৬২ কোটি ৬৯ লক্ষ টাকা। এবং এই অর্থ মঞ্জুর করার জন্য বলেছেন। ইতিমধ্যে ভোট অন অ্যাকাউন্ট গ্রহণ করেছেন, আমি তার বিরোধিতা করি এবং বিরোধী দলের সদস্যদের আনা কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শুরু করছি। এই অবস্থার পরিপ্রেক্ষিতে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার দুইটি প্রেক্ষিত আছে। আজ সকাল থেকেই এই ব্যাপার নিয়ে আলোচনা চলছে, তিনি যখন এই বাজেট পেশ করছেন তখন এখানে প্রতি বৎসর দু হাজার লোক খুন হয়, আর শাস্তি হয় মাত্র পাঁচ শতাংশ লোকের। কতগুলি কেসের বিচার হয়, আবার কতগুলি কেসের বিচার হয় না, যদিও সেই সংখ্যাটা আমার কাছে অজ্ঞাত, আমি জানি না। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর জাবাবি ভাষণের সময় এই ব্যাপারে বলবেন। আমাদের রাজ্যে আজকে আইন-শৃঙ্খলা চরম আকার ধারণ করেছে। আজ সকালবেলা আপনার দেওয়া তথ্য অনুযায়ী দেখা যাচ্ছে গত তিন বছরে ৩২৯ বার গুলি চলেছে এবং সেই ঘটনায় ৯৭ জন লোকের মৃত্যু হয়েছে। একটা সভ্য দেশে এই ঘটনা বিরল। আজকে শিল্পপতি এবং ব্যবসায়ীরা ক্রমাগত অপহরণ হচ্ছে এবং টাকার বিনিময়ে তাদেরকে মুক্তি দেওয়া হচ্ছে। এস বি গাঙ্গুলীর মতো লোক এই রাজ্যে অপহৃত হোন এবং অনেক টাকার বিনিময়ে ফিরে আসেন। আজকে মারোয়ারী ব্যবসায়ীদের ক্ষেত্রেও এই রকম অপহরণের ঘটনা ঘটছে। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী তিন, চার বছর ধরে বলছেন এখানে আই.এস.আই. কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে। সেই কার্যকলাপ রোধ করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী কি ব্যবস্থা নিয়েছেন সে সম্পর্কে কোনো উল্লেখ আপনার ভাষণে নেই। তিনি শুধুমাত্র উল্লেখ করেছেন একটা আশঙ্কার বিষয়বস্তু। আজকে কে.এল.ও. কার্যকলাপ নিয়ে তিনি কি ধরনের ব্যবস্থা নিয়েছেন তার কোনো উল্লেখ এই ভাষণের মধ্যে নেই। পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলার প্রত্যন্ত অঞ্চলে তিনি যখন যান তখন সেই সভায় উপস্থিত হয়ে তিনি একই কথা বলেন। দিনের পর দিন জঙ্গী কার্যকলাপ এখানে বৃদ্ধি পেয়েছে, এই ব্যাপারে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আজকে আমেরিকান সেন্টারে হামলা হচ্ছে এবং নিরাপত্তা রক্ষীরা মারা যাচ্ছে, এটা খুবই দুঃখের ঘটনা। আজকে বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। আজকে এই অবস্থায় সারা রাজ্যে একটা বিশৃঙ্খলা অবস্থা চলছে, তার মধ্যে তিনি যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে আমরা কী করে সমর্থন করব।

আরেকটা প্রেক্ষিত হচ্ছে, কেন্দ্রীয় সরকার সম্পর্কে—জঙ্গিদের হাতে আমাদের দেশের লোকেদের যদি বার বার মৃত্যু না হত, কাশ্মীরের কালুচকের ঘটনা যদি না ঘটত, তাহলে প্রধানমন্ত্রীকে গিয়ে সেখানে প্যাকেজ ঘোষণা করতে হত না। আমার মনে হয় এই প্যাকেজ ঘোষণায় জঙ্গিরা আরও উৎসাহিত হবে। একটা যুদ্ধের বাতাবরণ সারা দেশে তৈরি হয়েছিল, কিন্তু আজ আবার নতুন করে আকাশপথে বিমান চালানোর অধিকার দিয়ে আমাদের দেশের কেউ কেউ মনে করছে এর ফলে শান্তির বাতাবরণ ফিরে আসবে। হোয়াইট হাউসের কলিন পাওয়েল হয়ত এতে কিছুটা উৎসাহিত হতে পারেন, আর কিছুই নয়।

গুজরাটের সাম্প্রতিক দাঙ্গার রেশ আমাদের এখানেও ছড়িয়ে পড়ার সম্ভাবনা আছে। তার জন্য আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, এই ব্যাপারে আমাদের দৃঢ় পদক্ষেপ নিতে হবে। আমাদের দেশকে রক্ষা করার জন্য, আমাদের রাজ্যকে রক্ষা করার জন্য অঙ্গীকার করতে হবে। তার সেই অঙ্গীকার বারবার শুনেও কোথাও কোথাও চোরাগোপ্তা ঘটনা ঘটছে। আজকে এই অবস্থার মধ্যে ভারতবর্ষের রাষ্ট্রপতি নির্বাচন হচ্ছে। যিনিই ভারতবর্ষের রাষ্ট্রপতি হোন না কেন, আমি শুধু এটুকুই বলব, ভারতবর্ষের রাষ্ট্রপতি কোন দলের নয়। ভারতবর্ষের রাষ্ট্রপতি যিনি হবেন এবং তিনি যে আসনে বসবেন সেটা হচ্ছে রাজেন্দ্রপ্রসাদ, সর্বপল্লী রাধাকৃষ্ণনের উত্তরসূরীদের আসন। তাদের সেই আসনে টনি ব্লেয়ার বা জর্জ বুশের ছায়া যেন গ্রাস করতে না পারে।

স্যার, আপনার কাছে আমি বলতে চাই, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তার ছয়ের চার অনুচ্ছেদে যে কথা বলেছেন সেটা দিয়ে আমি শুরু করতে চাই। সেখানে তিনি কে.এল.ও-র কথা বলেছেন। কিন্তু কে.এল ও-কে কি নিষিদ্ধ করা হয়েছে ? এই কে.এল ও-রা ব্যবসায়ীদের ভয় দেখিয়ে তাদের টাকা-পয়সা লুঠ করছে এবং অনেক মানুষও মারা যাচ্ছে। কিন্তু গত তিন বছর ধরে আপনারা তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিতে পারেননি। উত্তরবাংলার মানুষ দেখেছে কে.এল.ও-র সঙ্গে আলফার যোগাযোগ থাকা সত্ত্বেও কে.এল.ও-র এই অত্যাচার থেকে মানুষকে বাঁচানোর কোন উল্লেখ আপনার ভাষণে নেই। আজকে আলিপুরদুয়ার থেকে শিলিগুড়ি পর্যন্ত তারা রাজত্ব করছে, এই ব্যাপারে আপনারা কোন ব্যবস্থা গ্রহণ করেননি। আজকে জনযুদ্ধ গোষ্ঠীর কথা এই সভায় আমরা বারবার বলেছি, মাও কমিউনিস্ট সেন্টারের কথা বলেছি, কিন্তু এদের বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন। এদের দৃঢ়ভাবে দমন করার ব্যবস্থা করতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি একটা তথ্য উপস্থিত করতে চাই, আজকে সাধারণ মানুষের উপর অত্যাচার অনেক বেড়ে যাচ্ছে। আমার খুব খারাপ লাগছে, আজকে আপনি বলেছেন মেদিনীপুর জেলায় অনেক বেশি অপরাধ সংগঠিত হয়েছে।

[ 3.20-3.30 P.M. ]

তার জন্য পুলিশকে অনেক বেশী গুলি চলাতে হয়েছে। আপনি বলেছেন—অপরাধ যত বেশি সংঘটিত হচ্ছে, শাস্তিও তার জন্য অনেক বেশি পেতে হচ্ছে। আজকে যদি জনযুদ্ধ গোষ্ঠী, মাওয়িস্ট কমিউনিস্ট সেন্টারের লোকেরা বাঁকুড়ার জঙ্গল, শালবনির জঙ্গল থেকে বলে সি পি আই (এম) অনেক বেশি অপরাধ করেছিল সেই জন্য তাদের অনেক বেশি শাস্তি পেতে হচ্ছে,

তাহলে আপনি কি জবাব দেবেন জানি না। বাঁকুড়ার এস.পি. বাসুদেব নাগ বেলপাহাড়ি থানার বাঁশপাহাড়ি গ্রাম পঞ্চায়েতের একটি গ্রাম আক্রমণ করে মনোজ কালিন্দি নামে একজন ব্যক্তির বাড়িতে রেড করে এবং তাঁর স্ত্রীর কাপড় কেড়ে নেয় এবং খাবারে বালি মিশিয়ে দেয়। এই নগ্ন অত্যাচার কি চলতে পারে ? জনযুদ্ধ গোষ্ঠী বা মাওয়িস্ট কমিউনিস্ট সেন্টারের পক্ষ থেকে যখন আক্রমণ চালাচ্ছে, সেখানে আপনার কর্তব্য কি ? আমি তিনটি কথা আপনার কাছে রাখব। আপনি কি চান জনযুদ্ধ গোষ্ঠীকে বেআইনি ঘোষণা করুক ? আপনি নিশ্চয় চাইবেন না। আপনি চাইবেন না মাওয়িস্ট কমিউনিস্ট সেন্টারকে নিষিদ্ধ করা হোক। আমি বলি, যখন এইগুলো নিষিদ্ধ সংগঠন নয়, তখন তাদের সঙ্গে কথাবার্তা বলা এবং যোগাযোগ করার কোন রাস্তা কি নেই ? আমি উদাহরণ দিচ্ছি। যখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন, তখন মিজোরামে লালডেঙ্গার সঙ্গে কথা বলছিলেন। কংগ্রেস কর্মীদের পেছনে রেখে লালডেঙ্গাকে সামনের আসনে বসিয়ে বলেছিলেন—আপনি এখানে যুদ্ধ থামান, লড়াই থামান, আমি শান্তির ব্যবস্থা করছি। সেখানে শান্তি এসেছিল। আসু এবং গণ পরিষদ যখন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন করেছিল, আপনারাও তাদের পক্ষে চলে গিয়েছিলেন। রাজীব গান্ধী কি করেছিলেন ? কংগ্রেসের মুখ্যমন্ত্রীর জায়গায় অসম গণ পরিষদের প্রফুল্ল মহন্তকে মুখ্যমন্ত্রী করতে দ্বিধা করেননি। এখানে সেটা পারবেন না কেন ? জনযুদ্ধ গোষ্ঠী এবং মাওয়িস্ট সেন্টারের বিরুদ্ধে মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়াতে লড়াই করার জন্য এস.এল.আর, এ.কে. ৪৭ রাইফেল দেবেন পুলিশকে, নাকি শুধুমাত্র রাজনৈতিক ক্রিয়াকলাপের সাহায্য নেবেন ? আমি ভালোভাবে আপনার বাজেট বই পড়েছি। আপনি বলেছেন রাজনৈতিক কার্যকলাপ বাড়াতে হবে। রাজনৈতিক কার্যকলাপ বৃদ্ধি মানে শুধুমাত্র সি পি এম-এর পক্ষ থেকে মিটিং, মিছিল করবেন, তার মধ্যে দিয়ে হবে না। যদি সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করেন, তাহলে সেই পথে এই গোষ্ঠীগুলিকে ফিরিয়ে আনতে হবে, এবং যদি এটা করতে চান তাহলে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস বা অন্যান্য বিরোধী রাজনৈতিক দল, সবাইকে নিয়ে এমন একটা রাজনৈতিক আন্দোলন গড়ে তুলে তার মধ্যে দিয়ে এগোতে হবে যাতে, তাদের মধ্যে যারা ক্লান্ত সৈনিক তারা এসে আপনার কাছে আত্মসমর্পণ করে এবং সংসদীয় গণতন্ত্রকে মেনে নেয়। এই হচ্ছে রাজনৈতিক পথ, এটা আপনি গ্রহণ করেননি। অনেক জায়গায় অনেক জঙ্গি গোষ্ঠী আত্মসমর্পণ করেছে। বেলপাহাড়ি, বাঁশপাহাড়ী, শালবনীর অনেকেই এই পথে আসতে পারেন। মাননীয় মুখ্যমন্ত্রী তথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, শুধুমাত্র এস পি-র কথা বা শুধুমাত্র লালবাজারের কথায় আপনি কার্যকলাপ ঠিক করার চেষ্টা করেন তাহলে জানবেন এই কার্যকলাপের মধ্যে রাজনৈতিক প্রভাব পড়বে না এবং তারা দ্রুতগতিতে আপনাদের রাজ্যে আসার চেষ্টা করবে। আপনি বলেছেন অন্ধ্রের কিছু জঙ্গি ঝাড়খণ্ড এবং বিহারের মধ্যে দিয়ে এখানে এসেছে। আপনি কি এই বিষয়ে কেন্দ্রিয় সরকারের সঙ্গে আলোচনা করেছেন ? প্রতিবেশী রাজ্য ঝাড়খণ্ড বা বিহারের সঙ্গে আলোচনা করেছেন ? মাননীয় মুখ্যমন্ত্রী, সভা জানতে চায় আপনার কাছে এই বিষয়ে আপনি কি করেছেন ? ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে পরিস্থিতি তৈরি হয়েছে, তার সঙ্গে তাল রেখে আমাদের রাজ্যও পিছিয়ে যাক, সেটা আমি চাই না।

আমি এই কথা আপনার কাছে চাইব না। তাই আমি আপনাকে বলব অত্যন্ত স্থির মস্তিষ্কে এগুলি ভেবে দেখার চেষ্টা করুন। আজকে আপনাকে উদাহরণ দিতে চাই ৫ই এপ্রিল দু হাজার দুই আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল সোনু নামে একটা ১৩ বছরের ছেলে, সে

একটা বাড়িতে থাকত। সেই বাড়িটা রিজেন্ট পার্কে। বাড়িওয়ালা এবং ভাড়াটিয়ার ঝগড়ার জেরে একজন প্রোমাটার তাকে চক্রান্ত করে ধর্ষণের মামলায় অভিযুক্ত করেন। রিজেন্ট পার্ক থানার ও সি তার বিরুদ্ধে চার্জশিট দেয়। সেই চার্জশিটের বলে তাকে দু মাস ৪০ দিন আসামী থাকতে হয়েছিল। সে উন্মাদ হয়ে গেছে। আপনি সে রিপোর্ট পেয়েছেন কিনা জানি না। আপনার কাছে উত্তর চাইলে পাব কিনা জানি না। বাঁশদ্রোনীর একজন প্রোমোটার এই কাণ্ড করল। পরে সেই প্রোমোটারকে কোর্টে হাজির করলে তখন তিনি বললেন যে, 'আমি যা বলেছি ভুল বলেছি।' তাকে তখন ছেড়ে দেওয়া হল। সেই ছেলেটা লেখাপড়া করতে পারে না। সে ভালো ফুটবল খেলত, এখন আর সে ফুটবল খেলতে পারে না। সে উন্মাদ হয়ে গেছে। তাই এখানে দাঁড়িয়ে বলছি বামফ্রন্ট সরকারের কাছ থেকে এই ১৩ বছরের শিশুটি বিচার পেল না। উন্মাদ হয়ে গেল। তার জবাব আমি মুখ্যমন্ত্রীর কাছ থেকে পাব কি ? আপনারা এগুলি দেখুন। আজকে চারদিকেই আন্দোলন হয়। কংগ্রেস কর্মীরাও আন্দোলন করে, আজকে সকালেই আলোচনা হচ্ছিল এবং দেবপ্রসাদবাবুও তাঁর বক্তব্যে বলেছেন। এস ইউ সি, কংগ্রেস, তৃণমূল কর্মীরা আন্দোলন করতে গিয়ে পুলিশের হাতে মারা গেছে। কিছুদিন আগে হাওড়ায় বিদ্যুৎ ছিল না। সেদিন বিদ্যুতের হাহাকার ছিল। হাওড়ার বিদ্যুৎ অফিসে আন্দোলন হয়েছিল। জেলা যুব কংগ্রেস সভাপতি বিভাস হাজরা আন্দোলন করতে গিয়ে দু-একটা চেয়ার ভেঙেছে কি না ভেঙেছে হাওড়ার এস পি রাজীব মিশ্র তাকে মারধোর করল এবং তাকে গ্রেপ্তার না করে তার বিরুদ্ধে ৩০৭ এর মামলা করে দিল। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী আপনিও আইনজ্ঞ নন, আমি নই। একটা কথা বলতে চাই যে, একটা আন্দোলন করতে গিয়ে ইলেকট্রিক অফিসের কর্মী, এস ই বি-র কর্মী তিনি আক্রান্ত হলেন না, তার শরীরে কোন আঘাতের চিহ্ন পাওয়া গেল না, অথচ বিভাস হাজরাকে ৩০৭ এর মামলায় গ্রেপ্তার করা হল। এই হচ্ছে আপনার পুলিশের অবস্থা। বাগনানে ইলেকট্রিক অফিসে আন্দোলন করতে গেলেন ছাত্র পরিষদের ছেলেরা, তারা জামিনের অযোগ্য মামলায় জেল খেটে বাইরে বেরিয়ে এল। এটাই স্বাধীন দেশ। পুলিশের এটাই কর্তব্য। আজকে তাই বলছি এই ঘটনা ঘটতে থাকলে আমরা কি করে আপনার ব্যয়রাদ্দকে সমর্থন করব ? আপনি আধুনিকীকরণের কথা বলছেন। এটা কি করার কথা, না বাস্তব পরিচয় আছে ? আধুনিকীকরণে দু হাজার—দু হাজার এক সালে বরাদ্দ করা হয়েছিল ১২০ কোটি টাকা। খরচ করেছিলেন মাত্র ৩০ কোটি টাকা বলতে আমার লজ্জা হয় ৩০ কোটি টাকার ১৫ কোটি টাকা মাত্র আপনার। এই রাজ্যে ১৫ কোটি টাকা দেওয়া হয়েছিল। কেন্দ্রের ৬০ কোটি টাকা আপনারা খরচ করতে পারেননি। আবার এই বছর আধুনিকীকরণের কথা তুলেছেন। ৪৮ কোটি টাকা বরাদ্দ করেছিলেন পুলিশ আবাসনের জন্য। কিন্তু একটা আবাসনও তৈরি হয়নি। পঙ্কজবাবু বলছিলেন যারা ডি আই জি, ডি জি তাদের সংখ্যা বাড়ানো হচ্ছে এবং তাদের জন্য সুবন্দোবস্ত করা হচ্ছে। সাধারণ স্তরে পুলিশ কর্মচারীদের উন্নতি হোক আমরা চাই। আপনি বলেছিলেন আবাসনের জন্য দু হাজার এক সালে ৪৮ কোটি টাকা খরচ করবেন আবর এবারও একই কথা বলেছেন। এই রিপোর্ট দেখিয়ে দেব। সেই টাকা এই ব্যাপারে খরচ না করে অন্য জায়গায় খরচ করেছেন। মন্ত্রীমহাশয় আপনি জানেন কেউ খুন হলে অথবা অন্য কোনভাবে মারা গেলে পোস্ট মর্টেম হয়। পোস্ট মর্টেমের পর সেই রিপোর্টের ভিত্তিতে চার্জশিট দেওয়া হয়, কিন্তু ফরেনসিক সায়েন্স ল্যাবরেটারিতে তার দেহের একটা অংশ পাঠানো হয়। কিন্তু সেখান থেকে সেই অংশের রিপোর্ট না পাওয়ার জন্য কোন চার্জশিট দেওয়া হয়নি।

[ 3.30-3.40 p.m. ]

মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনার কাছে দাবি করছি ফরেনসিক ল্যাবরেটরিতে রিপোর্টগুলো বছরের পর বছর পড়ে থাকছে, যদি এক্সপ্যানশন না হয়, যদি আয়তনে বড় না হয় তাহলে কি করে হবে। আপন এর কি বন্দোবস্ত করবেন। আমরা থানায় গেলে আমাদের থানা থেকে বলে আমরা ফারেনসিক রিপোর্ট পাইনি। আপনারা গিয়ে তাগাদা করুন রিপোর্ট পাওয়ার পর আমরা চার্জশিট দিতে পারব। এতদিন পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আরও একটা রিপোর্ট পেয়েছিলাম ২৩.৭.২০০০ পর্যন্ত ভি আই পি-দের জন্য ১ হাজার ৫০ জন পুলিশ কর্মীকে রাখা হয়েছে। তদানীন্তন ডি জি তদন্ত করতে গিয়ে দেখেন যে, এস পি, ভি আই পি যাঁরা রিটায়ার করে গেছেন কিন্তু তাদের জন্য পুলিশ কর্মী রাখা আছে। এরকম ৪-৫ জন পুলিশ কর্মী দেওয়া আছে তাদের পরিবারের জন্য। এই রিপোর্টটা আপনি আমাদের দেবেন। এই ধরনের অপচয় যদি বন্ধ করতে না পারেন পুলিশকে যদি ঠিক জায়গায় নিয়ে যেতে পা পারেন দিনের পর দিন পুলিশ বাজেট বানিয়ে কোন লাভ হবে না। গত কয়েকদিন আগে ফ্রান্স বিদায় নিয়েছে। তাদের শ্রেষ্ঠ খেলোয়াড় জিদান গোল করতে না পেরে, ভেঙে দুমড়ে মুচড়ে বসে পড়েছে। আপনারাও পুলিশকে যদি ঠিক জায়গায় নিয়ে যেতে না পারেন আপনাদেরও জিদানের মতো অবস্থা হবে, মুখ থুবড়ে পড়তে হবে, আর আপনাদের জয়লাভ করতে হবে না।

**শ্রী নৃপেন্দ্রনাথ রায়** : স্যার, স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি বক্তব্য শুরু করছি। আমাদের পশ্চিমবাংলায় পুলিশেব কাজকর্ম অন্য রাজ্যের পুলিশের কাজকর্মের তুলনায় অনেক প্রশংসনীয়। স্যার, আমরা কি দেখছি ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্যের পুলিশ বিভিন্ন কেলেঙ্কারীর সঙ্গে যুক্ত। আজকে আমরা দেখতে পাচ্ছি বিগত কয়েকমাস ধরে গুজরাটে সাম্প্রদায়িক দাঙ্গা চলছে সেখানে গুজরাটের পুলিশ দাঙ্গার সঙ্গে জড়িত। অথচ আমাদের প্রতিপক্ষ এখানে পুলিশ বাজেটের বিরোধিতা করছে এবং কয়েকদিন ধরে আমরা দেখতে পাচ্ছি আমাদের মন্ত্রীর পদত্যাগ দাবি করছে। অতীতে আমরা জানি যে '৯২ সালে, বর্তমানে কেন্দ্রে যে সরকার আছে তাদের কয়েকজন মন্ত্রী যখন বাবরি মসজিদ ভাঙা হলো যাদের জন্য তাদের কয়েকজন লোক, মন্ত্রিসভার কয়েকজন সদস্য এই কাণ্ডের সঙ্গে জড়িত। তাদের পদত্যাগ তো আপনারা দাবি করেন না। আজকে ২৫ বছর ধরে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক বামফ্রন্ট সরকার কাজকর্ম চালাচ্ছে, এটা ওরা মেনে নিতে পারছেন না। মহাভারতের কৌরবেরা যেমন পাণ্ডবদের সব কাজকর্মই বিরোধিতা করত এরাও বামফ্রন্ট সরকারের ভালো কাজ, তাদের চলাফেরা, আইনের শাসন বিচার ব্যবস্থা কোন কিছুই মেনে নিতে পারছেন না। আজকে ওরা ২৫ বছর ধরে ক্ষমতায় আসতে পারছে না। মেদিনীপুর, বাঁকুড়ায় দু-একজন এম পি, এম এল এ আসার পর ওরা ক্ষমতায় আসার জন্য সন্ত্রাস শুরু করে দিলেন।

আমাদের উত্তরবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিংকে বিচ্ছিন্ন করার জন্য এবং এই দাদারা ক্ষমতায় আসার জন্য বিচ্ছিন্নবাবাদী শক্তিকে মদত দিয়েছিলেন। বিধানসভার নির্বাচনের আগে ময়নাগুড়ি, শিলগুড়ি, ধূপগুড়ি এই সব জায়গায় তারা শ্লোগান দিয়েছিলেন

দক্ষিণে মমতা, উত্তরে মমতা। এই দাদারা যখন হেরে গেলেন, পশ্চিমবঙ্গের মানুষ যখন আর তাঁদের চাইছেন না তখন তাঁরা জনযুদ্ধ গোষ্ঠীকে মদত দিচ্ছে। ভোটের আগে যে বিষবৃক্ষ তারা রোপণ করেছিলেন কামতাপুরী কে.এল.ও. তাদের সঙ্গে এখনও অভ্যন্তরে এদের যোগাযোগ আছে। গত নির্বাচনে মানুষ এদের প্রত্যাখ্যান করেছেন। গত ২৬শে মে পশ্চিমবঙ্গের কয়েকটি পৌরসভার নির্বাচন হয়ে গেল, তার মধ্যে ধূপগুড়ি পৌরসভাও ছিল, সেখানে এই দাদারা দুটির গ্রাম পঞ্চায়েত দখল করেছিলেন। সেখানে মানুষ তাদের উচ্ছৃষ্ঠ করেছে, উচ্ছেদ করেছে। সেখানে ১৬টার মধ্যে দুটির বেশি সিট তাঁরা পায়নি। আজকে পশ্চিমবঙ্গে কতিপয় বিরোধী দল ক্ষমতায় ফিরে আসার জন্য বিভিন্নভাবে সন্ত্রাসবাদী শক্তিকে মদত দিচ্ছে। সেখানে আমাদের জনপ্রিয় গণতন্ত্রপ্রিয় বামফ্রন্ট সরকারের দায়িত্ব অনেক বেশি। পশ্চিমঙ্গের ৮ কোটি মানুষ বারে বারেই নির্বাচনের মধ্যে দিয়ে আমাদের পক্ষে রায় দিয়েছেন, তাই এ সম্পর্কে আমাদের আরও সজাগ থাকতে হবে। যাতে এই বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলি মাথাচাড়া দিয়ে উঠতে না পারে। স্যার, আমি আরেকটা কথা বলে শেষ করবো সেটা হলো কেন্দ্রের স্বরাষ্ট্র দপ্তর থেকে আমাদের রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরে খবর এসেছে রাইটার্স বিল্ডিং, বিধানসভাতে আক্রমণ হতে পারে বলে। আমাদের রাজ্যে মুখ্যসচিব সংবাদপত্রের মাধ্যমে সেটা জানিয়েছেন। আজকে বিরোধী পক্ষের যারা দায়িত্বে আছেন তাঁরা কি বললেন কাগজে ? পশ্চিমবঙ্গের সরকার নাকি জনগণের কাজ করতে পারেনি তাঁদের ব্যর্থতা ঢাকবার জন্যই কাগজে এটা ফলাও করে লিখিয়েছেন। তাঁরা মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন। তাঁরা এক কথা এখানে বলছেন আবার অন্য কথা কাগজে বলছেন। তাঁদের এই দ্বিচারিতাই স্বভাব। আমাদের রাজ্যে পুলিশ ভালো কাজ করছে, তবে পুলিশের কোন জায়গায় যদি ত্রুটি থাকে সে দিকেও আমাদের সজাগ থাকবে হবে। আজকে যারা সন্ত্রাসবাদী তারা নিত্য নতুন পথে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে, তাই পুলিশকেও সজাগ থাকতে হবে। থানাগুলিকে আরও উন্নত করতে হবে। আমার নির্বাচনী এলাকা শিতাই সেখানে মান্ধাতার আমলের জিপগাড়ি থানাতে আছে। সেখানে তেমন পরিকাঠামো নেই। সব থানাতেই আধুনিক উন্নত পরিকাঠামো দরকার। কোচবিহার জেলায় বর্তমানে একটা নতুন থানা হয়েছে, আরও দুটি থানা করার জন্য জিলা প্রশাসন থেকে প্রস্তাব এসেছে। বিচ্ছিন্নতাবাদীদের দমন করার জন্য পুলিশের কাজ করার সুযোগ করে দেওয়ার জন্য আরও থানা করা উচিত। আরেকটা কথা সীমান্তবর্তী এলাকায় বি এস এফ যে অরাজকতা চালাচ্ছে সেটা সকলেই জানেন। সীমান্তবর্তী এলাকায় সাধারণ মানুষ এখন দু-নম্বর নাগরিক হয়ে গেছে। সীমান্তবর্তী এলাকার মানুষেরা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনেক কিছু আশা করে। সীমান্তবর্তী এলাকায় মানুষ যাতে সুষ্ঠুভাবে চলাফেরা করতে পারে সেটা দেখা দরকার। সীমান্তবর্তী এলাকায় কাঁটাতারের ভিতরে যে জমি আছে সেখানে বি এস এফের লোকেরা দালালি করে এটা স্বরাষ্ট্র দপ্তরের দেখা উচিত। এই কথা বলে মাননীয় মন্ত্রী যে বাজেট এনেছেন তাকে সমর্থন জানিয়ে শেষ করছি।

[ 3.40-3.50 p.m. ]

**শ্রী সুভাষ নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট রেখেছেন তাকে সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই।

প্রথমত এখানে বিরোধী পক্ষের সদস্য বন্ধুগণ বহু কথা বললেন এবং বিগতদিন থেকে বলে আসছেন। তাদের সব কথার মূল হচ্ছে, যেটা আমরাও চাই—রাজ্যে শান্তি থাকুক, সুস্থিতি বিরাজ করুক। পুলিশ সক্রিয় ব্যবস্থা গ্রহণ করুন শান্তি রক্ষার ক্ষেত্রে। এবং পুলিশের আধুনিকীকরণ চাই। এই সমস্ত আমরা সবাই চাই বলছি। কিন্তু এটা চাইতে গেলে অর্থ দরকার, তা ছাড়া হয় না। মাননীয় সদস্য পঙ্কজবাবু প্রথমেই বললেন, ৫০০ কোটি টাকা বাড়ানো হল কেন ? আমরা যখন বাড়তি ব্যবস্থা চাইছি এবং আধুনিকীকরণ চাইছি তখন অর্থ বরাদ্দটা কি পুরোনো হিসাবে থাকবে ? এটা পরস্পর বিরোধী কথা হয়ে যাচ্ছে। এটা সংশোধন করে নেওয়া উচিত। আজকে সারা দেশ জুড়ে কেন, সারা বিশ্ব জুড়ে অগ্নিগর্ভ পরিস্থিতি, বিশ্বের শান্তি বিনষ্ট হচ্ছে। সন্ত্রাসবাদী কার্যকলাপের ফলে আজকে মার্কিন মুলুকে পর্যন্ত বাণিজ্য সেন্টার আক্রান্ত হচ্ছে। দেশের অভ্যন্তরে জম্মু-কাশ্মীরে দেখা যাচ্ছে সেখানকার বিধানসভা আক্রান্ত হচ্ছে। ভারতবর্ষের সংসদে আক্রমণ হল। গুজরাটে গণহত্যা, ভারত-বাংলাদেশ সীমান্তে অনুপ্রবেশ, চোরাচালান রাজ্য জুড়ে, সারা দেশ জুড়ে একটা অশান্তির পরিবেশ, আগুন জ্বলছে। পশ্চিমবঙ্গ কি এই দেশের বাইরে ? এটা বোঝা দরকার। এই রাজ্যকেও সন্ত্রাসবাদীরা বাদ দিচ্ছে না। এই রাজ্য বাদে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে শুধু সন্ত্রাসবাদী কার্যকলাপ হচ্ছে তাই নয়। আসলে একটা সুষ্ঠু প্রশাসন চলছে বলে এখানে গুজরাটের হানাহানি ছড়িয়ে পড়তে পারছে না, সন্ত্রাসের মোকাবিলা করা হচ্ছে। বুঝতে হবে যে, পুলিশ তাদের ঐ পোশাকটা পরেন বলেই, তারা পুলিশ না হলে আপনার আমার বাড়ির ছেলে, আত্মীয়-স্বজন। সুতরাং, দায়িত্ব পুলিশের যেমন আছে, আমাদের, জনপ্রতিনিধিদের এবং এলাকার মানুষেরও আছে। সুতরাং, শুধুমাত্র পুলিশ করেনি, পুলিশ দায়ী—এটা মনে হয় বলা ঠিক হবে না। তাদের ক্ষেত্রে পরিস্থিতিটা জটিল। কোথাও একটা গুলি চালানোর ঘটনা ঘটলে আমরা তার নিন্দা করি। পুলিশ প্রহার করলে, গুলিতে কেউ মারা গেলে আমরা সব দলের মানুষই বিক্ষোভ দেখাই, অসন্তোষ প্রকাশ করি। কিন্তু ঘটনাস্থলের সেই সময় কি পরিবেশ-পরিস্থিতি ছিল সেটা অনেক ক্ষেত্রে বিবেচনার মধ্যে আনি না। মাননীয় রবীনবাবু যেটা বললেন, তালদির ঘটনার ক্ষেত্রে সময়মতো যদি পুলিশ সেখানে হাজির হয়ে ব্যবস্থা না নিত, তাহলে দ্বিতীয় গুজরাটের মতো কিছু দেখা যেত কিনা কে বলবে। তখন আপনারাই বলতেন, আপনাদের পুলিশ কি করেছে ? তালদির পাশেই থানা রয়েছে কিন্তু ব্যবস্থা নিতে পারেনি, আধ-ঘণ্টার দূরত্ব সত্ত্বেও ব্যবস্থা নিতে পারেনি। কিন্তু দ্রুত ব্যবস্থা নিতে গেলে, বহু লোকের জটলার মধ্যে গুটি কয়েক পুলিশ শান্তি রক্ষা করতে গেলে নিজেদেরই রক্ষা পাওয়া দায় হয়ে পড়ে। তাই ওরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন, বাস্তব জিনিস উল্লেখ করলেন না। বাসন্তির বড়খালির পার্বতিপুরে পুলিশ গুলি চালিয়েছিল। তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর কাছে আমরা ঐ ব্যাপারের তদন্ত চেয়েছিলাম। এবং এটা প্রমাণ হয়ে গেছে যে, সেখানে পুলিশের গুলি চালানোর দরকার ছিল না এবং ঐ গুলি চালানোর ঘটনায় যার মারা গিয়েছিল তাদের প্রত্যেককে ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল। এটা আমরা সকলেই জানি যে, ন্যায় আছে অন্যায়ও আছে। অনুপাতের বিষয়টা দেখতে হবে। এবং ভালো কাজ করলে তার যোগ্য বিশ্লেষণও আমাদের করা উচিত, সেটা আমরা করি না। সুতরাং, একটা প্রস্তাব মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীকে বলছি, তিরস্কার করুন কিন্তু ভালো কাজ যাঁরা করেন তাঁদের পুরস্কৃতও করুন।

পুরস্কৃত করুন না। তিরস্কার পুরস্কার নীতি চালু হোক। এতে পুলিশ উদ্দীপ্ত হবে, উৎসাহিত হবে। পুলিশ কর্মীরা, পুলিশ বন্ধুরা এতে ভালো কাজকে আরও বেশি এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সচেষ্ট হবেন। এই নীতি চালু করুন। আপনারা বলছেন যে, মহাকরণে এত ব্যবস্থা নেওয়া হয়েছে, ঢাকঢোল পেটানো হয়েছে, খবরের কাগজে নানা কথা হয়েছে, এতে সেই যে বাঘ আসছে, বাঘ আসছে বলছে, কিন্তু বাঘ আর আসছে না। কিন্তু সত্যি সত্যি বাঘ এলে তখন রক্ষা করবে কে ? সেজন্য একটা সতর্কতা দরকার। আপনারা এক মুখে দু কথা বলছেন। মহাকরণে কিছুই হবে না, কোথা থেকে শুনলেন ? পঙ্কজবাবু একটু আগে বললেন যে, আকাশবাণীর সামনে থেকে ৩ জন উগ্রপন্থীকে গ্রেপ্তার করা হয়েছে। পঙ্কজবাবু কি গ্যারান্টি দিতে পারবেন যে, এই উগ্রপন্থীরা আকাশবাণীর দিক থেকে মহাকরণের দিকে যাওয়ার কোন পরিকল্পনা বা কোনো অশুভ চক্রান্ত তাদের ছিল না ? বা একটু বাঁদিক হেলে গিয়ে আমাদের এই মহামান্য বিধানসভার দিকে তাদের কোন চক্রান্ত করার কোনো কৌশল ছিল না। সতর্কতা অবলম্বন করা ভালো। হ্যাঁ, কলকাতার আমেরিকান সেন্টারের সামনে পুলিশ বন্ধুরা নিহত হয়েছিলেন, তার জন্য সমালোচনা করেছেন, পুলিশ খারাপ কাজ করলে অপদার্থ, তারা নিহত হলে অযোগ্য। কিন্তু যখন কোন পুলিশ রিটায়ার হলে বা তাদের পানিশমেন্ট দেওয়া হলে তারা আপনাদের ঐ জায়গায় বন্ধুরূপে স্থান পায় তখন তো আপনারা তার সমালোচনা করেন না ? এটাই তফাৎ। সুতরাং সমালোচনার জন্য সমালোচনা করুন, বাইরে গিয়ে বন্ধুরূপে বলতে হয় পুলিশ সমাজের বন্ধু এবং তাদের সঙ্গে নিয়ে আমরা কাজ করতে চাই। পুলিশের গুলিচালনার পর নানা সমালোচনা, আলোচনা হয়। কিন্তু কতকগুলো বিষয় আছে যেখানে নানাভাবে আমরা দেখি উত্তরবঙ্গে কামতাপুরি, কে.এল.ও. এই সব বিচ্ছিন্নতাবাদী উগ্রপন্থীদের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী উদ্যোগ নিয়েছেন, সেখানে যেভাবে অত্যাচার চলছে—চুরি, ছিনতাইয়ের নাম করে রাজনৈতিক নেতৃত্বের উপর অতিরিক্তভাবে পুরোপুরি সচেষ্ট ভূমিকা গ্রহণ করেছেন। মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় যে ধরনের জনযুদ্ধ গোষ্ঠীর আক্রমণ চলছে, উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, শীঘ্রই তাদের মোকাবিলা না করলে এটা আরও ছড়িয়ে পড়বে। আজও খবরের কাগজে দেখলাম রয়েছে, চিত্তরঞ্জনের রেল কারখানা উড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়েছে। এটাও তো বলবেন মহাকরণের মতো নতুন গল্প আমরা ফেঁদেছি। এর সত্যতা যাচাই কে করবেন ? সতর্কতা থাকা দরকার। বাংলাদেশ সীমান্ত দিয়ে এক বিশাল গরু, মহিষ বাহিনীর এবং আরও নানা জিনিসের চোরাচালানের কাজ চলছে। এগুলো যাদের দেখার দায়িত্ব তারা কতটুকু সেটা পালন করেন জানি না। তবে রাজ্য সরকারের দায়িত্ব নিতে হয় সেটাকে রক্ষা করার জন্য—দূতাবাসগুলোকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হয়েছে যাতে সেই জায়গায় অশান্তির পরিবেশ সৃষ্টি না হয়। এই সমস্ত কারণে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করব, কিছু কিছু ব্যবস্থা যেটাতে শুধু পুলিশের উপর নির্ভর করে নয়, আপনি উদ্যোগ গ্রহণ করেছেন সেটা যাতে কার্যকরী হয় তার জন্য পুলিশকে নিয়ে থানাভিত্তিক যে কমিটি করা হয়েছে, তাতে ও সি রিপোর্ট দেবেন যে, কটা মিটিং করলেন, কি কি রেজাল্ট হল, প্রতি মাসে মিটিং-এ বসার ফলে যে ঘটনা ঘটেছে তার একটা মূল্যায়ন করলে যে ঘটনাগুলো ঘটেছে সেগুলোর যাতে পুনরাবৃত্তি না হয় সেগুলো দেখা দরকার। এছাড়া মায়েদের উপর, মহিলাদের উপর অত্যাচারের ঘটনা প্রতিনিয়ত দেখতে পাই। পুলিশী ব্যবস্থায় যখন হচ্ছে না তখন থানাভিত্তিক কমিটি করে এ বিষয়ে

মহিলাদেরও কিছু দায়িত্ব দেওয়া হোক, থানার সহযোগিতা নিয়ে ওঁরা এগুলো মোকাবিলা করবেন। কোথাও মারামারি হলেই কেস হয় এবং কাউন্টার কেস হয়। এগুলো একটু পর্যালোচনার ব্যবস্থা হোক যাতে ঐ জিনিস আর রিপিট না হয়। কেস হবার আগেই যাতে শান্তির পরিবেশ ফিরে আসে, আলোচনার মধ্যে দিয়ে যাতে শান্তি বজায় থাকে তার জন্য উদ্যোগী হওয়া প্রয়োজন। কেস ডাইরি বাংলায় লেখার ব্যবস্থা করা হোক। ইংরেজিতে বোঝা যায় না, আবেদনকারী যা বলেন তার সবটা ঠিক হয় না। আর অনুগ্রহ করে পি এম রিপোর্ট এমনভাবে পাঠান যাতে পুলিশ কেসের রেজাল্ট দিতে খুব বেশি দেরি না হয়। এখন যা হচ্ছে তাতে খুব দেরি হয়ে যাচ্ছে। এই সমস্ত ব্যবস্থাগুলো গ্রহণ করলে নিশ্চয়ই পুলিশের ভূমিকা আরো বেশি উজ্জ্বল হবে। আশাকরি এই সমস্ত উদ্যোগ মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী গ্রহণ করবেন। এই কটি কথা বলে এই বাজেট বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[ 3.50-4.00 p.m. ]

**শ্রী মৈনুল হক** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ২০০২-২০০৩ সালের জন্য যে বাজেট বরাদ্দ মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী পেশ করেছেন তার বিরোধিতা করে, বিরোধী দলের কাট্ মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। এই প্রসঙ্গে আমি প্রথমেই বলতে চাই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বিভিন্ন সভায়, বিভিন্ন অনুষ্ঠানে গিয়ে বারবার বলবার চেষ্টা করেছেন যে, পুলিশকে আরো বেশি করে মানুষের কাছে যেতে হবে, মানুষের সঙ্গে থেকে মানুষের জন্য কাজ করতে হবে। একথা তিনি বহুবার বলেছেন। আমরা তাঁর এই কথা বারবার শোনার পরেও পুলিশের যে আসল পরিচয় পাচ্ছি, পুলিশের যে চরিত্র দেখছি তাতে পুলিশ সম্বন্ধে এখন পর্যন্ত অতীতের তুলনায় সাধারণ মানুষের ধারণার কোন পরিবর্তন হয়নি। অর্থাৎ পুলিশ তাঁর সেই পুরোনো জায়গা থেকে একটুও সরে যায়নি। বরং পুলিশের কাজকর্ম, পুলিশের ভূমিকার আরো অবনতি হয়েছে। পুলিশের প্রধান ভূমিকা হচ্ছে, পুলিশ আইন-শৃঙ্খলা রক্ষা করবে, নিরপেক্ষভাবে সে তার দায়িত্ব পালন করবে। আমি দুঃখের সঙ্গে বলছি সে কাজ আমরা পুলিশের কাছ থেকে পাই না। আজকে এখানে মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতির মাধ্যমে বলবার চেষ্টা করেছেন যে, গত বছরের তুলনায় রেল ডাকাতি, চুরি ছিনতাই, রাহাজানি ইত্যাদি অনেকাংশে কমে গেছে। আমি পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না, কিন্তু আমরা দেখছি গত বছর মালদা ডিভিশনে এবং হাওড়া ডিভিশনে যে রেল ডাকাতি হয়েছিল পর পর যে কয়েকটি রেল ডাকাতি হল এবং সেই রেল ডাকাতির সঙ্গে যারা জড়িত ছিল সেই সমস্ত আসামীদের আপনারা ধরতে পারেননি। যাদের ধরা হয়েছে তারা নেশাগ্রস্ত বা ছোটখাটো চুরি এবং গাছ কাটার সঙ্গে জড়িত। শুধুমাত্র পুলিশ কর্তাদের খুশি করার জন্য, আমলাদের খুশি করার জন্য এদেরকে ধরা হয়েছে এবং ধরে তাদেরকে রেল ডাকাত হিসাবে চিহ্নিত করা হয়েছে। এইভাবে পুলিশ নিজেদের দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা করেছেন। পুলিশের যে সঠিক দায়িত্ব সেই দায়িত্ব তারা পালন করতে পারছে না। সেইভাবে রেল-ডাকাতি, বাস ডাকাতির সঙ্গে যারা জড়িত তাদেরকে চিহ্নিত করছে না। আমি আরো বলতে চাই, থানার যারা কর্মকর্তা রয়েছে, তাদের কাছে সাধারণ মানুষ ডায়েরি দিতে গেলে তারা সেই ডায়েরি নেয় না, নেওয়ার প্রয়োজনও মনে করে না। এমনকি

আসল ঘটনার তদন্ত করার সময় থানার ও সি-দের হয় না। কিছুদিন আগে শুনলাম, মালদার একটি হোটেলে আই এস আই-এর গুপ্তচর নাকি ধরা পড়েছে। জঙ্গি হানা দেবার জন্য তারা একটি গোপন জায়াগায় ছিল, পুলিশ সেখান থেকে তাদের ধরেছে। পরে খবর নিয়ে জানলাম, সমস্তটাই মিথ্যা ঘটনা। আরো জানলাম, জেলাতে বা বাংলাদেশ থেকে নাকি উগ্রপন্থীরা বাংলাদেশের বর্ডার দিয়ে পশ্চিমবাংলায় ঢুকছে। এই সমস্ত বাংলাদেশীদের ঠেকাবার নাম করে উগ্রপন্থী দেখিয়ে বি এস এফরা গুলি করে মারছে অথবা হেনস্থা করছে। এর জন্য সাধারণ মানুষরা বহুবার এ পি-র কাছে এবং ডি এম-এর কাছে সুবিচার চেয়েছে। কিন্তু তারা কোনো সুবিচার পায়নি। তারা বাংলদেশী অনুপ্রবেশকারী, তাদের ঠেকাবার জন্য বিনা প্ররোচনায় গুলি চালায়। এইভাবে বি এস এফ সেখানে বাড়াবাড়ি করছে আর অন্যদিকে পুলিশের কর্তা আর বি এস এফের মধ্যে একটা গোপন আঁতাত গড়েছে। বাংলাদেশে যখন গরু পাচার করে তখন পুলিশ এবং বি এস এফের সহযোগিতায় করছে। অথচ যারা বর্ডার এলাকায় বাস করে, তাদের বাজার করতে গেলে নদী পারাপার করে আসতে হয়। যেই সেই এলাকায় আসেন, অমনি তাদেরকে হেনস্থা করছে বি এস এফ অথবা পুলিশ। কলকাতার বুকে ২২ জানুয়ারি মার্কিন সেন্টারে যেদিন হামলা হল, তারপর থেকে আমরা লক্ষ্য করলাম, মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, যেসব মাদ্রাসাগুলি চলছে সেখানে নাকি জঙ্গিদের ঘাঁটি তৈরি হয়েছে এবং সেখান থেকেই ট্রেনিং দেওয়া হচ্ছে। জানি না, মাননীয় মুখ্যমন্ত্রী কাদের কাছ থেকে এই তথ্য পেলেন ? পরবর্তীকালে আমরা তাঁকে বলার চেষ্টা করেছি, আপনি দায়িত্বশীল মুখ্যমন্ত্রী, আপনি দায়িত্বহীনের মতো কথা বলবেন না। না জেনে কয়েকজন আমলার কথা শুনে উনি মাদ্রাসাগুলিকে দোষী সাব্যস্ত করার চেষ্টা করলেন। যদিও কোনো মাদ্রাসা কোনো চক্রান্ত করছে বা উগ্রপন্থীদের ট্রেনিং দিচ্ছে সেটা প্রমাণিত হয়নি কিন্তু তবুও উনি এই রকম একটা কথা বলে দিলেন। তাই পরিশেষে আবি বলব, পুলিশমন্ত্রী হিসাবে পুলিশ সঠিকভাবে তাদের কাজ করছে কিনা সেদিকে নজর দিন। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

[ 4.00-4.10 p.m. ]

**শ্রী আবু তাহের খান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তার দপ্তরের জন্য ২০০২/৩ সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে এর উপর যে সমস্ত কাট মোশান আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা দেখছি, মাননীয় মুখ্যমন্ত্রী প্রতি বছরই এই পুলিশ খাতের ব্যয়বরাদ্দ বাড়িয়েই চলেছেন। ২০০২/২০০১ সালে তিনি বাড়তি ৯৬ কোটি টাকা নিয়েছিলেন, এবারে দেখছি তিনি প্রায় ৫৩ কোটি টাকা বাড়তি চেয়েছেন। প্রতি বছরই পুলিশ খাতে বাজেট বৃদ্ধি হচ্ছে কিন্তু বাস্তবে পুলিশের ঠিক কার্যকারিতা আমরা দেখতে পাচ্ছি না। উনি বলেছেন পুলিশ প্রশাসন আস্তে আস্তে প্রতিটি থানার মাধ্যমে মানুষকে উন্নত পরিষেবা দেবে কিন্তু বাস্তবে আমরা ঠিক তার উলটোই দেখছি। প্রতিটি থানাতে আমরা দেখছি সেই মান্ধাতা আমলের একটি করে ভাঙা গাড়ী রয়েছে। আমার মূর্শিদাবাদ জেলাতে প্রায় ৪ বছর হতে চলল প্রতিটি থানার ক্ষেত্রে আমরা দেখছি, যে ভাড়া গাড়ী ছিল সেই গাড়ীর ভাড়া এখনো মেটানো হয়নি। প্রতিটি গাড়ীর ৪ বছরের ভাড়া বকেয়া রয়ে গিয়েছে। আর অপরদিকে বাজেট প্রতি বছরই বাড়িয়ে

চলেছেন। আমার মুর্শিদাবাদ জেলার ক্ষেত্রে দেখছি প্রতিটি থানাতে সেই ব্রিটিশ আমলের সব ভাঙা গাড়ী। সেই গাড়ীগুলি পরিবর্তন করা হচ্ছে না। ফলে ঘটনা ঘটার ৪/৫ ঘণ্টা পরেও পুলিশ ঘটনাস্থলে পৌঁছতে পারে না। এই যেখানে অবস্থা সেখানে উনি কি উন্নত পরিষেবা দেবেন আমরা বুঝতে পারছি না। তারপর থানা বিল্ডিংগুলির অবস্থা সেই ব্রিটিশ আমলে যা ছিল এখনও তাই আছে ফলে সেগুলি ভেঙেচুরে গিয়েছে। থানাগুলির জন্য সেখানে নতুন বিল্ডিং করা হচ্ছে না। মুর্শিদাবাদ জেলার ২৬টি থানার ক্ষেত্রেই একই ঘটনা আমরা দেখতে পাচ্ছি। তারপর আমরা দেখছি থানার লক-আপে একজন ব্যক্তিকে ৮ দিন ধরে রেখে দেওয়া হচ্ছে। এই সত্য যুগে একজন ব্যক্তিকে থানার লক আপে ৮ দিন ধরে আটকে থাকতে হচ্ছে এর চেয়ে লজ্জার কথা আর কিছু হতে পারে না। তারপর তাকে মিথ্যা অজুহাতে চালান করে দেওয়া হচ্ছে। দিনের পর দিন এইসব ঘটনা থানাগুলিতে ঘটছে। আমার নওদা থানাতে সুবীর হালদার ৪ দিন ধরে গ্রেপ্তার হয়ে আছে, তার বিরুদ্ধে কোনো কেস নেই, কোনো অভিযোগ নেই অথচ ৪ দিন ধরে তাকে আটকে রাখা হয়েছে। থানার লক আপে এইরকম অবৈধভাবে মানুষকে আটকে রেখে তাদের হয়রান করা হচ্ছে শুধুমাত্র কংগ্রেস করার অপরাধে। সেখানে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এইসব কাজ করা হচ্ছে। স্যার ৭২ থেকে ৭৭ সালের হিসাবে আমরা দেখছি প্রতিদিন গড়ে খুন হত ২ জন, এখন প্রতিদিন গড়ে খুন হয় ৬ জন। একের পর এক খুনের ঘটনা অথচ পুলিশ নির্বিকার। গতকালও একজন বিড়ি শ্রমিককে নির্মমভাবে খুন করেছে পুলিশ। জানি তার কোনো কিনারা হবে না। হরিহরপাড়া থানায় ৭ জনকে পুলিশ নির্বিচারে খুন করলো। হরিহরপাড়ার ওই ঘটনায় সমস্ত বাংলা উত্তাল হয়ে উঠলে এই সরকার দাস কমিশন বসিয়েছিলেন। সেই দাস কমিশন কিন্তু পুলিশকে দোষী সাব্যস্ত করেছেন। সেখানে শান্তিপূর্ণভাবে আন্দোলনকারীদের উপর গুলি চালিয়ে যে পুলিশ সাতজন সাধারণ মানুষকে খুন করেছিলেন, আজ পর্যন্ত সেই পুলিশের কেউ গ্রেপ্তার হয়নি। এখনো পর্যন্ত মুখ্যমন্ত্রী তাদের আড়াল করে চলেছেন। যেখানেই শান্তিপূর্ণ আন্দোলন হচ্ছে সেখানেই পুলিশ গুলি চালাচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশকে বলেছেন আগে কারোর উপর উপরের দিকে গুলি না চালাতে, পায়ে গুলি করতে বলেছেন। আসলে তিনি বলে দিয়েছেন, 'আন্দোলনকারীরা যদি তৃণমূল বা কংগ্রেসের হয় তাহলে সরাসরি বুকে গুলি করবে। সেক্ষেত্রে পায়ে গুলি করার কোনো দরকার নেই।' ঘটনাটা শুধু মুর্শিদাবাদে নয়, সাধারণ মানুষের শান্তিপূর্ণ আন্দোলনের উপর একই ঘটনা সর্বত্র ঘটছে। তাহলে আপনারা শ্রমজীবী মানুষের আন্দোলনের কথা যতই বলুন না কেন, দরিদ্র মানুষের কথা যতই বলুন না কেন, সেসব মানুষ শান্তিপূর্ণ আন্দোলন করলে তাদের উপর আপনাদের পুলিশ নির্মমভাবে গুলি চালাচ্ছে এবং তাদের গ্রেপ্তার করে মিথ্যা সব কেস দিচ্ছে। আমার ব্লকে একটি ঘটনা ঘটেছে। ভেস্টেড ল্যান্ডে পাট্টা নিয়ে সেই জমি দখল করে বাড়িঘর তুলতে গিয়েছিল। ওই পাট্টা ছিল মেদিনীপুর জমিদারির জমির। সাধারণ মানুষ যেখানে পাট্টা পেয়েছিল। কিন্তু সেই জমি দখল করে ঘরবাড়ি করতে গেলে অ্যাডিশনাল এস পি-র নেতৃত্বে বিরাট পুলিশ বাহিনী তাদের ঘরবাড়ি ভেঙে ধুলিস্যাৎ করে দেয়। সেখানে বড় ভূস্বামীদের কথা শুনে গরিব পাট্টাপ্রাপ্ত ক্ষেতমজুরদের ঘরবাড়ি ভেঙে দেওয়া হল এবং তাদের গ্রেপ্তার করে ৩০৭ ধারা কেস দিয়ে চালান করে দেওয়া হল কোর্টে। আমার থানায় খোঁজ নিয়ে দেখবেন. ১৯৭২-১৯৭৭ ওই সময়ে থানায় লক-আপে আটক ব্যক্তিদের খাবার দেওয়া হত। আজকে অধিকাংশ থানায় আটক মানুষকে খাবার দেওয়া হয় না। আমার থানায় দেখছি ১০-১৫ দিন

ধরে লক-আপে আটক ব্যক্তিদের খাবার দেওয়া হচ্ছে না। আজকে সমস্ত জেলায় দিনের পর দিন পুলিশের অত্যাচার বেড়েই চলেছে। তার জন্য এই পুলিশ বাজেটের বিরোধিতা করে এবং আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[ 4.10-4.20 p.m. ]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুলিশ বাজেটকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। গত ১১।৬।২০০২ তারিখে বিরোধী দলের একটি টিভি সাক্ষাৎকারে লক্ষ্য করলাম, তাঁরা বলছেন, 'মেদিনীপুর জেলায় জনযুদ্ধ গোষ্ঠীর যে সন্ত্রাস ওটা সি পি এম পার্টির ইনার স্ট্রাগলের ফল।' যেখানে মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় জনযুদ্ধ গোষ্ঠী, এম সি সি, তারা কয়েকজনকে হত্যা করেছে, সেখানে তাদের এই মূল্যায়ন কি সত্য ?

সেখানে তাদের মূল্যায়ন কি সঠিক ? আমরা জানি কোনো কোনো ক্ষেত্রে তৃণমূল এবং ঝাড়খণ্ড এই জনযুদ্ধ গোষ্ঠীর সঙ্গে যুক্ত হয়ে মদত দিচ্ছে। এই হচ্ছে ওনাদের মূল্যায়ন জনগণকে বিভ্রান্ত করার জন্য। আমি অনুরোধ করবো এই মূল্যায়ন থেকে আপনারা বিরত থাকুন। সারা বিশ্বে সন্ত্রাস বাড়ছে। চুরি, ডাকাতি, রাহাজানি, খুন প্রতিটি ক্ষেত্রে সমস্ত রাজ্যে বেড়েছে। আমি এটা বলছি না যে পশ্চিমবাংলা স্বর্গ রাজ্য। কিছুদিন আগে আমি একটা রিপোর্টে পড়েছিলাম, সেন্ট্রাল স্টাটিসটিক্যাল অর্গানাইজেশন অফ মিনিস্ট্রিস স্টেটস, তাতে আমি দেখলাম যে আমেদাবাদে মার্ডার ১০৪টি, ডাকাতি ২৩, রাহাজানি ২৩৩ এবং চুরি ৩৯৪৭টি। ব্যাঙ্গালোরে খুন ২০৪, ডাকাতি ৪৬, রাহাজানি ৬১৪ এবং চুরি ৩১১৫টি। সেখানে কলকাতায় খুন ৮৯, ডাকাতি ৩৩, রাহাজানি ১৫৮ এবং চুরি ৪৪২০টি। এই তথ্য থেকে বলা যায় পশ্চিমবাংলায় অপরাধ অন্যান্য সব রাজ্যের চেয়ে কম। আমাদের এখানে আমেরিকান সেন্টারে হামলা হলো, সেখানে আমাদের পুলিশ গুলি চালাতে পারেনি। আমাদের পুলিশের হতে আধুনিক অস্ত্রশস্ত্র ছিল না। আমাদের আর্থিক ঘাটতির জন্য এইগুলো করা যাচ্ছে না। এই আর্থিক ঘাটতি পূরণের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বারে বারে অর্থ দাবি করেছি। সেখানে কেন্দ্র কোনো অর্থ তো দিলই না, একাদশ যোজনায় কয়েকশো কোটি টাকা কেটে নিয়েছে। আমরা লক্ষ্য করেছি ট্রাফিক পুলিশ যখন ঘুষ নেয় তখন সেটা আমাদের চোখে পড়ে। কিন্তু যখন বিভিন্ন রাজ্যের মন্ত্রী এম এল এ, এম পি, তাঁরা যখন এই সমস্ত কাজকারবার করে, ঘুষ নেয়, সেটা চোখে পড়ে না। এই ব্যাপারে আমরা সোচ্চার হতে পারি না। পশ্চিমবাংলার কিছু কিছু পুলিশ কর্মচারী প্রোমোটারদের সঙ্গে যোগসাজস করে। এই বেহালাতে তার প্রমাণ হয়ে গেছে। এখান থেকে আমাদের সরে আসতে হবে। আমাদের পুলিশ বাহিনীকে সেইখান থেকে উচ্ছেদ করতে হবে। আমাদের পুলিশ প্রশাসন কাজ করে। খাদিম কাণ্ডের আফতারকে পুলিশ ধরেছে। এই ভাল কাজে পুলিশের মনোবলকে বাড়াবার জন্য তাদের প্রশংসা করতে হবে। তেমনিভাবে পুলিশ কিছু কিছু কাজ খুব খারাপ করে। অনেক সময় সাধারণ মানুষের কেস ডায়েরি নেয় না। এইগুলো ম্যান টু ম্যান ভ্যারি করে। অনেক ও সি গায়ের জোরে আসামী ধরার নাম করে গ্রামঞ্চলে যায় এবং সেখানে গিয়ে জোরজুলুম করে। আমার বিধানসভা কেন্দ্রে ৮ নম্বর অঞ্চলে চকদৌলতপুর অঞ্চলে সুনয়নী হাঁসদা নামে একজন মহিলাকে জোর করে তুলে নিয়ে আসে এবং আমরা সেখানে বলাতে তাকে ছেড়ে দেয়। মেদিনীপুর সদর ব্লকে বাঘঘরা

গ্রামে জনযুদ্ধের নাম করে অস্ত্রশস্ত্র নিয়ে ৬৫ জনের একটা আদিবাসী গ্রামে গিয়ে ঢুকে বললো যে আমরা ভাত খাব। সেই জন্য তারা ভাত দেয়। তার ৬ মাস বাদে সেই গ্রামের ৮ জনকে গ্রেপ্তার করে, তার মধ্যে ৫ জনকে ছেড়ে দেয়। বাকি ৩ জন, কালাচাঁদ হাঁসদা, পবন হাঁসদা, বৈদ্যনাথ হাঁসদাকে ১২১ এবং ১২২ ধারায় আটকে রাখে। প্রায় ৯০ দিন তাদের জেলখানায় থাকতে হলো, তাদের জন্য ওকালতি করবার লোক না থাকার ফলে ৯০ দিন তারা জেল খাটলো। এই ঘটনা সেখানে ঘটেছে। আমাদের এখানে হোমগার্ডরা পুলিশের সঙ্গে কাজ করে পুলিশদের জন্য দূষণমুক্ত মুখোস দেওয়া হয়, কিন্তু হোমগার্ডরা এই দূষণমুক্ত মুখোস পায় না। এই সমস্ত এন ভি এফ যারা রয়েছে তারা রিটায়ারমেন্ট বেনিফিট পায় না। এন ভি এফ-দের মনোবল বাড়ানোর জন্য আমাদের এই সমস্ত ব্যাপারে নজর দেওয়া উচিত। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটা বিষয়ে অনুরোধ করবো। সম কাজে আমরা সম বেতন দাবি করি। ঠিক তেমনিভাবে এই হোমগার্ডদের যদি ইনজুরি হয়, হাসপাতালে তারা বিনা পয়সায় চিকিৎসা পায় না, এটা তাদের দেওয়া উচিত।

এই সমস্ত অমানবিক যে কাজ, হোমগার্ড, এন ভি এফ-দের ক্ষেত্রে রয়েছে, সেগুলো যাতে দূর করতে পারেন তার জন্য আমি আবেদন জানাই। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা** : স্যার, ২০০২-২০০৩ সালের ব্যয়বরাদ্দের যে প্রস্তাব পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেববাবু, আমি তার বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর এই বাজেট বরাদ্দের কেন বিরোধিতা করছি, সে সম্বন্ধে উল্লেখ করছি। এই বাজেটে কোন নতুনত্ব নেই। একটা গতানুগতিক এবং ধারাবাহিক এই বাজেট। ১-২৩ অনুচ্ছেদের মধ্যে একটা নতুনত্ব দেখলাম, যেটা লেখা নেই, 'পশ্চিমবঙ্গ শান্তির মরূদ্যান' এই বাজেটের ১ অনুচ্ছেদে আছে ২০০২-২০০৩ সালে ব্যয়বরাদ্দ এবং ২নং অনুচ্ছেদে আছে গতবারের ব্যয়বরাদ্দের পার্থক্য, এটা দাঁড়িয়েছে ৫২ কোটি ৩০ লক্ষ ২৮ হাজার টাকা। আমি স্যার, আপনার মাধ্যমে বলতে চাইছি, চা করতে গেলে বেশি দুধ দিলে সুস্বাদু যেমন হয় না, সেই রকম ব্যয়বরাদ্দ বাড়ালেও পুলিশের কর্মপদ্ধতি ভাল হয়ে উঠবে না, যদি না তাদের মানসিকতাকে তৈরি করতে পারেন। আমি মনে করি, ৫২ কোটি টাকা কেন, চতুর্গুণ বাড়ালেও পশ্চিমবাংলায় শান্তি স্থাপন হবে না। তিন এবং চার নম্বর অনুচ্ছেদে তিনি বলেছেন, সন্ত্রাসে, বিশ্বায়নে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেছেন, রাজ্য এবং কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাকে যৌথভাবে এর মোকাবিলা করতে হবে। ৪নং অনুচ্ছেদের ১২ লাইনে বলেছেন, 'রাজ্য, কেন্দ্র ও সামরিক বাহিনীর গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে স্পর্শকাতর তথ্যাদি বিনিময়ের কাজ নিয়মিতভাবে করা হচ্ছে।' কিন্তু দুঃখের বিষয়, যখন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা খবর দিল, সেই খবর আমাদের স্বরাষ্ট্র সচিব প্রচার মাধ্যমে দিয়ে প্রকাশ করে যারা সন্ত্রাস করে তাদের আত্মগোপন করার সুযোগ এনে দিলেন। আমি মনে করি, এতে সংবিধান এবং আইনকে লংঘন করা হয়েছে। এই পরিস্থিতিতে ৪নং অনুচ্ছেদের ৫ লাইনে বলেছেন, 'অত্যন্ত কার্যকর পদ্ধতিতে এই চ্যালেঞ্জের মোকাবিলা করতে রাজ্য সরকার প্রস্তুতি গ্রহণ করেছে।' তাহলে কি এই জনমানসে গোপন তথ্য প্রকাশ করে দিয়ে এই চ্যালেঞ্জ গ্রহণ করেছেন—এটা আমার জানা নেই। ৫নং অনুচ্ছেদের ৫ লাইনে লেখা

আছে, 'বিভিন্ন সম্প্রদায়, জাতি ও জনগোষ্ঠীর মধ্যে সম্প্রীতির বাতাবরণ ক্ষুণ্ণ করার যে কোনো প্রচেষ্টা কঠোরভাবে মোকাবিলা করার জন্য সর্বদাই সজাগ থাকবো।' সাম্প্রদায়িক সম্প্রীতি, জাতি ও জনগোষ্ঠী, এটা বলতে মাননীয় মুখ্যমন্ত্রী কি বোঝাতে চেয়েছেন ? এই হানাহানিতে এমন একটা পরিস্থিতি তৈরী হয়েছে পশ্চিমবাংলার বুকে, আমরা দেখতে পাচ্ছি নানুরের পরিস্থিতি, ছোট আঙারিয়ার পরিস্থিতি—দিকে দিকে এমন একটা পরিস্থিতি তৈরী হচ্ছে। আপনি মুখ্যমন্ত্রী হবার পরও তৃণমূল কংগ্রেসের ৫৩ জন খুন হল। শুধু তাই নয়, ছোট বড় যত দল আছে সবার কিছু না কিছু কর্মী খুন হয়েছে। এই কাণ্ডে জনমানসের মধ্যে শান্তি কিভাবে বিরাজ করবে ? মুখ্যমন্ত্রী যেন অবিলম্বে পুলিশ প্রশাসনকে নিরপেক্ষভাবে তাদের মানসিকতা পরিবর্তন করান। যদি তাদের মানসিকতার পরিবর্তন না করতে পারেন তাহলে কোনদিনই শান্তি এখানে বিরাজ করবে না। তারপরে আপনার ২৩ নং অনুচ্ছেদে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর একটা লাইন উদ্ধৃতি দিচ্ছি। "পুলিশী ব্যবস্থার সক্রিয়তার ক্ষেত্রে সমাজের সর্বস্তরের সক্রিয় সহায়তা আমাদের প্রয়োজন।" এই সক্রিয় সহায়তা তিনি সবার কাছে আবেদন করেছেন। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি তিনি কি পুলিশের এই মানসিকতা রেখেই সহায়তা চাইছেন, তাহলে কোনদিনই তা আসবে না। আপনার যে এই যৌথ পরিকাঠামো এবং এই যৌথ পরিকাঠামোর মধ্যে সমস্ত মন্ত্রীরা আপনার আন্ডারে রয়েছেন। কিন্তু তারই মধ্যে একজন রাষ্ট্রমন্ত্রী নারায়ণ বিশ্বাস যাঁর বিরুদ্ধে ১৪টি কেসের মামলা রয়েছে। এবং বহুদিন যাবৎ গ্রেপ্তারি পরোয়ানা এবং কেসও রয়েছে। সেখানে কোর্টের ওয়ারেন্টও বেরিয়েছে, তাতে তিনি ৩,৪টি কেসে সারেন্ডার করেছেন। আর বাকী ১০টি কেসের সারেণ্ডার করেন নি। তিনি কিভাবে রক্ষা পাচ্ছেন ? নিশ্চয় মুখ্যমন্ত্রীর তত্ত্বাবধানে এবং পুলিশের সহযোগিতায় তিনি রক্ষা পাচ্ছেন। আজকে এই ধরনের ঘটনা ঘটলে বাংলার শান্তি কিছুতেই ফিরে আসবে না। এই কথা বলে পুলিশ বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[ 4.20-4.30 p.m. ]

**শ্রী নাজমূল হক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১নং অভিযাচনে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ১০৬২,০০,৬৯,০০০ টাকা বরাদ্দের অনুমোদন চেয়েছেন। আমরা তাকে সমর্থন করছি এবং বিরোধী দলের মাননীয় সদস্যদের আনীত ছাঁটাই প্রস্তাবের বিরাধিতা করছি। স্যার, আমি আপনার কাছে কবি তরুণ সান্যালের কবিতার দুটি লাইন কোট করে পড়ছি "পাগল ভাল করে দে মা, না হয় ভালো করে পাগল করে দে।"

আপনি সহ প্রিসাইডিং অফিসারেরা এবং ডেপুটি প্রিসাইডিং অফিসারের, অপজিশান লিডার এবং রুলিং পার্টির লিডার সবাই মিলে ২০০০ সালে একটা কনফারেন্স করা হয়েছিল। তাতে বিভিন্ন সদস্যদের সহবত শেখাবার জন্য ব্যবস্থা গ্রহণ করেছিলেন। এবং সেই সহবত যিনি না মানবেন তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে বলা হয়েছিল। মানুষের পয়সা বেশী খরচ করে, দেশের পয়সা খরচ করে এই যে মহার্ঘ কাজ করা হয়েছে তার কোন লক্ষণ তো দেখছি না। বিরোধীদের যে আচার-আচরণ তাতে সহবত কতটা শিখেছে জানি না। এই ধরনের আচার-আচরণ বন্ধ করা হোক। তাই আমার বারে বারে কবি তরুণ সান্যালের কবিতাটার কথা মনে পড়ে যাচ্ছে। মাননীয় বিরোধী দলের নেতা পঙ্কজ ব্যানার্জী তাঁর বক্তব্য রাখতে গিয়ে বাজেটের

টাকার পরিমাণের কথা উল্লেখ করেছেন, এটা ঠিকই আপনার সঙ্গে একমত যে পুলিশ বাজেটে টাকার পরিমাণ বেড়েছে। কিন্তু তিন বছর আগেও আমাদের রাজ্যে পুলিশ বাজেট ছিল মোট রাজ্য বাজেটের ৩ শতাংশের মতন। কিন্তু বিগত তিন বছরে যে পরিস্থিতি দাঁড়িয়েছে তা জেনেশুনেও ওরা বিরোধিতা করছে। কিভাবে এই বিরোধিতা করছে তা ভাবা যায় না। দুনিয়ার সবচেয়ে শক্তিশালী, পুলিশ বাহিনী, গোয়েন্দা বাহিনী থাকার পরেও আমেরিকার মতো রাষ্ট্রে যে ঘটনাগুলি ঘটে যাচ্ছে কিংবা আমাদের প্রতিবেশী রাষ্ট্রের একটি শত্রু সরকার তাদের রাজনৈতিক হীন উদ্দেশ্যকে চরিতার্থ করার জন্য আমাদের দেশে যে সমস্ত ঘটনা ঘটানোর প্রশ্নে সফল হয়েছে, বিশেষ করে লোকসভায় আক্রমণ, কাশ্মীর বিধনাসভায় আক্রমণ, মার্কিন তথ্যকেন্দ্রে আক্রমণ, এছাড়াও আমাদের এই বিধানসভাতে যেভাবে পুলিশ মোতায়েন করা হয়েছে, এই সমস্ত কিছু ওরা জানেন। শুধু তাই নয়, চলতি বছরে আমাদের রাজ্যে বর্ধমানে এবং চন্দনেশ্বরে যে ঘটনা ঘটাতে উদ্যোগী হয়েছিল মৌলবাদীরা, এই রজ্যের পুলিশ দিয়ে তাকে প্রতিরোধ করা গিয়েছে। ওরা এইসব ভাবেন না, যুক্তিতর্কের ধার ধারেন না। আমি সেইজন্য বলছি, একটা সংকটময় পরিস্থিতি বিরাজ করছে গোটা দেশে। এই দেশটার নেতৃত্ব দিচ্ছে মৌলবাদী, ধর্মীয় ফ্যাসিবাদী একটা দল, যারা কতকগুলি দল নিয়ে আছে, যারা রাষ্ট্র এবং প্রশাসনকে বিশ্বাস করে না ; রাষ্ট্র এবং প্রশাসনকে সাম্প্রদায়িক কাজের সঙ্গে যুক্ত করে দিচ্ছে। অযোধ্যায় শিলা গ্রহণ কিংবা গুজরাটের দাঙ্গাতে এই সরকারের যে ভূমিকা তা আমাদের রজ্যে নিরাপত্তার প্রশ্নে আমাদের রাজ্যের মানুষকে ঐক্য সংহতির প্রশ্নে একটা অন্য ধরনের মাত্রা পরিবেশিত করছে, ওরা এটা ভাববেন না, চিন্তা করবেন না ! এদের হাল আজকে কি হয়েছে, সেই ব্যাপারে একটা শ্লোক বলছি : যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা/শাস্ত্রং তস্য করোতি কিম/ লোচনাভ্যাং বিহিনস্য/দর্পণং কিম করিষ্যন্তি। এদের এই হাল হয়ে গেছে। এই রকম একটা ভয়ঙ্কর পরিস্থিতিতেও এই রাজ্যের পুলিশের কিছু সাফল্য আছে, সেটা ওরা মানলে পুলিশ উৎসাহিত হয়, সংখ্যায় অল্প হলেও আধুনিক আগ্নেয়াস্ত্রর অভাব হলেও উৎসাহিত হয়েও তারা সাফল্যের সঙ্গে কাজ করতে পারে। দিল্লীর তুলনায়, বোম্বের তুলনায় আমাদের এখানে অপরাধের সংখ্যা অনেক কম। '৯৯-২০০০ সালে রেলে ডাকাতি, চুরি, ছিনতাই, রাহাজানি কমেনি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে মহিলাদের বিরুদ্ধে যে সংগঠিত অপরাধ, বিশেষ করে যৌন লাঞ্ছনা, শিশু নিগ্রহ, খুন যেভাবে বাড়ছে তা এই রাজ্যে বিগত বছরগুলিতে কি কম হয়নি ? কিন্তু ওরা তা মানতে চান না। ওরা কি জানেন না, পশ্চিমবাংলায় বাংলাদেশ ও নেপাল এই দুটো সার্বভৌম রাষ্ট্রের ২০০০ কি.মি. এলাকা জুড়ে যে সীমান্তবর্তী এলাকা, সেই সীমান্তের ওপার থেকে যেভাবে আক্রমণ করা হয়, চোরাচালান করা হয়, তার জন্য যে পরিমাণ সীমান্ত বাহিনী দরকার, কেন্দ্রীয় সরকার তাও দিতে পারেন না। এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে এখন কাজ হচ্ছে, মার্কিন তথ্য কেন্দ্রে হামলা করলো দ্রুতগতিতে তাদের শাস্তির সুপারিশ করা হল। খাদিম বর্মণ অপহরণ কেসে পার্থ রায় বর্মণ কেসে দ্রুত চার্জশীটের ব্যবস্থা করা হল। আমরা এখানে এখন আর শ্মশান স্বপন, শ্রীধর, সেলিমের নাম শুনতে পাই না। এই পুলিশকে দিয়ে এই কাজ করানো হচ্ছে। কিন্তু যে ইতিবাচক দিক, ভাল দিক তা ওরা বলবেন না। এটা ঘটান, এখনও অনেক খামতি আছে, সেই জন্য অনেক সদস্য বন্ধুরা আপনারাও সুপারিশ করছেন, অনেক গঠনমূলক প্রস্তাব দিচ্ছেন, আধুনিক প্রশিক্ষণের জন্য আগ্নেয়াস্ত্র, বাহিনীর শক্তি বাড়াবার জন্য যোগাযোগের জন্য

অত্যাধুনিক সরঞ্জাম দেওয়া দরকার, সেই জন্য এই সুপারিশ ঠিকই আছে, কিন্তু অমাদের ভাবতে হবে, কোন পরিপ্রেক্ষিতে আমরা আছি, সারা দেশটা কোন পরিস্থিতিতে আছে।

[ 4.30-4.40 p.m. ]

আমরা তো একটা যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে আছি। আমি আপনাদের মনে করিয়ে দিচ্ছি, আমাদের মাননীয় রাষ্ট্রপতি ২০০২ সালের ২৬শে জানুয়ারি, জাতির উদ্দেশ্যে যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণে তিনি দুঃখের সঙ্গে বলেছেন, আমাদের দেশের অবস্থা আজকে কোন জায়গায় রয়েছে। আজকে স্বাধীনতার ৫৫ বছর পরেও নারী ও শিশুদের চক্রান্তের শিকার হতে হচ্ছে। আজকে কর্মক্ষেত্রে যৌন লাঞ্ছনা বেড়েছে ৩৬ শতাংশ, মহিলা পাচার বেড়েছে ৮৭.২ শতাংশ। খুন হওয়া নারীদের মধ্যে অর্ধেক নারী খুন হয়ে যাচ্ছে তাদের শোওয়ার ঘরে। এই হচ্ছে আজকে দেশের অবস্থা। ৮.১.২০০২ তারিখে স্টেটসম্যান পত্রিকায় "ন্যাশনাল ক্রাইমস্ রেকর্ডস ব্যুরোর" সর্বশেষ যে তথ্য বেরিয়েছে সেখানে তারা বলেছে অবস্থাটা কি। প্রতি নব্বই মিনিটে একটা করে হত্যার ঘটনা ঘটছে, প্রতি চৌত্রিশ মিনিটে একটা করে ধর্ষণের ঘটনা ঘটছে, প্রতি চার মিনিটে একটা করে অপরাধের ঘটনা ঘটছে, প্রতি চৌদ্দ মিনিটে একটা করে নিষ্ঠুরতার ঘটনা ঘটছে—আজকে এই জায়গায় আমরা দাঁড়িয়ে আছি। গত ৮ই মার্চ, ২০০২ তারিখে কেন্দ্রীয় মন্ত্রী সুমিত্রা মহাজন লোকসভায় দাঁড়িয়ে বলেছেন গত তিন বছর ধরে মহিলাদের বিরুদ্দে যৌন হয়রানির ঘটনা বাড়ছে, যৌন লাঞ্ছনার ঘটনা বাড়ছে, মহিলাদের বিরুদ্ধে সমস্ত রকম অপরাধের ঘটনা তিন বছর ধরে বাড়ছে। যৌন হয়রানির ঘটনা ১৯৯৯ সালে ছিল ৮,৮৫৮, ২০০০ সালে সেটা বেড়ে হয়েছে ১৪,০৩৪। আপনারা ভাববেন না এই সব কথা ? কেন্দ্রের এই রকম একটা সরকারকে আপনারা সমর্থন করছেন ? আর আমাদেরকে চলতে হচ্ছে আপনাদের মতো দলকে সঙ্গে নিয়ে, আপনাদের সহযোগিতা পাথেয় করে। আর আপনাদের নেত্রী যিনি বিবেক, বুদ্ধি, সংযম, শালীনতা, রুচি বিসর্জন দিয়েছেন তার পদতলে আপনারা অবস্থান করছেন। প্রাক্তন মার্কিন রাষ্ট্রদূত ড্যানিয়েল পাট্রিক মোইনিহান, এই রাজ্যের প্রসঙ্গে একটা বই লিখেছেন, বইটির নাম হচ্ছে—"এ ডেঞ্জারেস প্লেস"। আর রুস্তম গ্যালিউলিন বলে একজন একটা বই লিখেছেন, বইটির নাম হচ্ছে—" সি আই এ ইন এশিয়া"। এখানে কোন অবস্থায় সরকার চালাতে হয় সেটা তিনি বলেছেন। আপনাদের নেত্রীর কর্মসুচিই হচ্ছে চেয়ার দখল করা, বেঞ্চে উঠে নাচা, ইনকাম ট্যাক্স অফিসারকে থাপ্পড় মারা, আর বেদিভবন দখল করতে গিয়ে সেলুলার ফোন মারফত সারা রাজ্যে একটা বিশৃঙ্খলা ছড়িযে দেওয়ার চেষ্টা করা। এই সেদিন ঢাকুরিয়াতে রেলের জায়গা দখল করে রেখেছে, সেই জবরদখলকারীদের উচ্ছেদ করতে যখন পুলিশ যায়, তখন আপনারাই পুলিশকে বাধা দিয়ে উন্নয়নের বিরোধিতা করেছেন। আপনারা রাজ্যে রেলপথ বিস্তরের কাজে বাধা দিয়েছেন। ঢাকুরিয়ায় বক্তৃতা দিতে গিয়ে সৌগত রায় বলেছেন ডি আর এম হচ্ছেন উল্লুক, উজবুক ; বুদ্ধ বাদরটার সঙ্গে এত বছর বিধানসভায় আছি, লজ্জায় আমাদের মাথা হেঁট হয়ে যায়। আপনারা যে অর্থনীতিকে সমর্থন করেন সেই অর্থনীতি আজকে জন্ম দিচ্ছে বেকারী, বুভুক্ষা এবং দাঙ্গা ধন্যবাদ।

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ১০৬৬ কোটি ৬৯ হাজার টাকার যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই।

স্যার, ভারত জুড়ে মহিলাদের ওপর সংঘটিত অপরাধ বাড়ছে। খুন, ডাকাতি বাড়ছে, প্রতিবেশী দেশের গোয়েন্দা তৎপরতা পরিস্থিতি আরও জটিল করে তুলেছে। এইরকম পরিস্থিতিতে ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য হিসাবে আমাদের সাফল্য কম নয়। ভারতের যে কোন রাজ্যের তুলনায় এখানকার ঐক্য, সংহতি, আইন-শৃঙ্খলা এবং চুরি-ডাকাতি, খুন এসবের সংখ্যা অনেক কম। স্যার, ভারতবর্ষ যদি সাহারা হয়, তাহলে একথা হলফ করে বলা যায় যে, এই রাজ্য সেখানে নিশ্চয় মরূদ্যান। গুজরাট নিয়ে সম্প্রতি আমাদের যে অভিজ্ঞতা হয়েছে সেটা অভূতপূর্ব। তৃণমূলের যাঁরা এখানে আছেন, যাঁরা এন ডি এ-র সঙ্গে জোট বেঁধেছেন, গুজরাটে তাদের মুখ্যমন্ত্রী, সেখানকার পুলিশ বাহিনী তার সামনে যে নক্কারজনক ঘটনা ঘটিয়েছে তার নিন্দার ভাষা আমাদের জানা নেই। আমরা এই বাংলা থেকে যখন গেছি, তাদের আশ্বস্থ করেছি—আমরা পশ্চিমবঙ্গের ৮ কোটি মানুষ আপনাদের সঙ্গে আছি। তাই, এখানকার সংস্কৃতির কথা মনে করেও যদি আপনারা এন ডি এ-র সঙ্গে জোট বেঁধে থাকেন, সেটা আমাদের রাজ্যের পক্ষে অপমানজনকই হবে। সেখানে দেখেছি মুসলমানদের ঘরের পর ঘর জ্বালিয়ে দেওয়া হয়েছে, মজজিদ ভেঙে দেওয়া হয়েছে, মাজার ভেঙে দেওয়া হয়েছে। এরকম নক্কারজনক ঘটান ঘটেছে। নারীদের প্রতি অসম্মানজনক ঘটনা ঘটেছে, মধ্যযুগীয় বর্বরতা সেখানে চলছে।

আমাদের লক্ষ্য রাখা দরকার যে, উত্তরবঙ্গের থানাগুলোতে পুলিশের সংখ্যা বাড়ানো দরকার। দক্ষিণবঙ্গের বেলপাহাড়ি, বাঁশপাহাড়ি, গোয়ালতোড়ে, বাঁকুড়ায় থানা বাড়াতে হবে, আউটপোস্ট বাড়াতে হবে। সীমান্ত এলাকায় বি এস এফ-এর সংখ্যা বাড়ানো দরকার। পুরনো থানাগুলোর সংস্কার করা দরকার। যেসব থানা ভাড়া বাড়িতে আছে, তাদের জন্য নতুন বাড়ি তৈরী করতে হবে। এই কথাগুলো বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া** : মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই যে পুলিশ বাজেট এসেছে। তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশনের সমর্থন করে আমি আর বক্তব্য রাখছি।

প্রথমেই আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি প্রশ্ন করতে চাই। গত ৬ মাস ধরে আমরা নানান ভাবে শুনছি, উনি বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়া এবং প্রেসে বলছেন যে, পশ্চিমবঙ্গের এখন যা অবস্থা তাতে পোকা আইন আনা একান্ত প্রয়োজন। একাধিকবার আমি শুনেছি। কি কারণে এতদিন পোকা আইন আসছে না তা আমরা জানি না। আমরা অনুভব করছি ওনাদের পার্টির চুন্নু, দুলাল, সেলিম ইত্যাদিরা ধরা পড়তে পারে, এই কারণে কি পার্টির নির্দেশে উনি পোকা আইন আনতে পারছেন না ? গত বিধানসভার সেশনে উনি বলেছিলেন একটা ব্যক্তিগত কথা।

[ 4.40-4.50 p.m. ]

তথ্যে বলেছিলেন, নাম না বলে উনি বলেছিলেন, আগে ওনাদের মধ্যে ছিলেন। এখানে একজন আছেন, এমন একজনকে আটকেছিলেন তিনি কি করে ছেড়ে দিয়ে গিয়েছিলেন, তাকেই জিজ্ঞাসা করুন। উনি কারোর নাম বলেননি। আমি খুঁজতে চেষ্টা করছি। আমার প্রশ্ন এটা অর্জুন সুভদ্রা, অভিমন্যুর ব্যাপার হতে পারে না। যিনি ওনাকে আটকাবার খবর দিয়েছিলেন, ছাড়ার খবর দিয়েছিলেন, তিনি বলে গেছেন এটা ঠিক নয়। আমার মনে হয় মেম্বারদের বলেছিলাম, আপনারা জিজ্ঞাসা করুন আমি খোঁজ নিয়ে জেনেছি—ওনার আশেপাশে যে সমস্ত ক্ষমতার দালাল ঘুরে বেড়ায়, তারা সেই অফিসারকে বেআইনি কিছু হুকুম তামিল করতে বলেছিলেন। সেটা তিনি করেননি। তাই তাকে সুপারসিড করে জুনিয়ার একজন অফিসারকে প্রোমোশন দেওয়া হয়েছিল। যদিও সেই অফিসারকে চার্জশিট দেননি। যদিও কেন্দ্রীয় সরকারের আইন অনুসারে চার্জশিট না দেয়, তাহলে তাকে সুপারসিড করা যায় না। স্বাভাবিকভাবে তিনি কোর্টে যান। এক্ষেত্রে যা হওয়া উচিত তাই ঘটে। বড় বড় উকিলদের দিয়ে মামলা করানো হয়। কিন্তু সেখানে তাঁরা হেরে গিয়েছিলেন। অ্যাপিল করেছিলেন হেরে গিয়েছিলেন। তখন বাধ্য হয়ে সেই অফিসারকে ব্যাক ডেট দিয়ে প্রোমোশন দিতে বাধ্য হয়েছিল। সেই অফিসার প্রোমোশন নিয়ে ফুল পেনসন নিয়ে এখন তিনি জনগণের রায়ে নির্বাচিত হয়ে আবার জিতে এসেছেন। উনি ওনার বক্তব্যে বলছেন খাদিম কর্তা এবং ৫ জন পুলিশ কনস্টেবল মারা গেলেন, সেই ঘটনায় উনি উদ্বিগ্ন। সেই ঘটনার ইনভেস্টিগেশানের জন্য একটা স্পেশাল টিম করে দিয়েছেন এবং সেই টিম জানতে পেরেছে যে, বহু রি-অ্যাকশনারি ফোর্স এবং যাদের বিদেশের সঙ্গে যোগাযোগ আছে, তারা ইন্টেলিজেন্স ব্রাঞ্চকে ধ্বংসের চেষ্টা করছে। পুলিশমন্ত্রীর বক্তব্য এই যে আই বি সারা ওয়েস্ট বেঙ্গলের জন্য এবং স্পেশাল ব্রাঞ্চ কলকাতার জন্য। তারা অ্যাকশনের পরে রি-অ্যাকশন নেই। আই বি কি করল—এই যে ৫ জন পুলিশ কনস্টেবল মারা গেল বা খাদিম কর্তাকে অপহরণ করা হল ? তখন আই বি ঘুমোচ্ছিলেন ? মাননীয় মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি '৮০ সাল পর্যন্ত একজন ডি জি এবং ৪ জন এস পি-কে দিয়েই চলত। এখন ১৮ জন অফিসার এসেছেন। এ ডি জি ৩ জন, ডি আই জি ৩ জন, এস ডি জি ৩, এস পি ১০ জন আছেন। আমার বক্তব্য হচ্ছে ১৮ কেন আপনি ৩৬ করুন। অ্যাকাউন্টেবিলিটি কোথায় ? গরিব মানুষের পয়সায় এদের মাইনে দিচ্ছেন। তার রিটার্ন কি ? এত লোক বানিয়ে কি লাভ হচ্ছে ? আমি এই উত্তর পুলিশমন্ত্রীর কাছে চাইব। আমার মনে আছে কিছুদিন আগে তৃণমূল কংগ্রেসের মেম্বার রাইটার্সে গিয়েছিলেন, তারপর থেকে অলিখিত চালু হয়ে গেল যে, রাইটার্স ঢুকতে গেলে পুলিশের কাছে তাদের হাজির হতে হবে। পুলিশ যদি স্যাটিসফায়েড হয়, তবে তাদের ঢুকতে দেবে কারণ ১৪৪ ধারা জারি আছে। অতএব টি এম সি-দের রাইটার্স বিল্ডিংসে ঢুকতে দেওয়া হবে না পুলিশ স্যাটিসফায়েড না হলে। এখন থেকে ৪২ বছর আগের একটা কথা বলি যখন মুখ্যমন্ত্রীর আসনে বসতেন বিধানচন্দ্র রায় আর প্রাক্তন মুখ্যমন্ত্রী বসতেন বিরোধী দলের আসনে, তখন কি বলেছিলেন জ্যোতিবাবু ? ২৮শে সেপ্টেম্বর ১৯৬৯ সালে জ্যোতি বসু বলেছিলেন আমরা রাইটার্স বিল্ডিংসে যাবো এবং ১৪৪ ধারা ভাঙব। ১/২ জন করে নয় হাজার হাজার লোক নিয়ে আমরা ১৪৪ ধারা ভাঙব। (মাইক অফ)

**শ্রী সুব্রত বসু** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০২-২০০৩ সালে স্বরাষ্ট্র বিভাগের ব্যয়বরাদ্দ নিয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী যে দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। স্বরাষ্ট্র বিভাগের আলোচনার সময়ে প্রথমে যেটা লক্ষ করতে হবে যে দেশের পরিস্থিতি কি। আজকে আমরা জানি যে সারা দেশে সন্ত্রাসবাদ এবং জঙ্গিবাদ আছে এবং তাদের কাজকর্ম ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। দ্বিতীয় হচ্ছে দেশের অর্থনৈতিক পরিস্থিতির জন্য যে বেকারত্ব এবং তার ফলে যে দারিদ্র্য হয় তার জন্য নানারকম দুষ্কৃতিমূলক কাজকর্ম বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া আজকে বর্তমানে যে কৃষ্টি সেই কৃষ্টি দ্বারা প্রভাবিত হয়ে আমাদের জনগণের তথা সারা বিশ্বের জনগণের নৈতিক চরিত্রের অধঃপতন হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে আমাদের স্বরাষ্ট্র বিভাগের ব্যয়বরাদ্দ আলোচনা করা উচিত। এর সঙ্গে আমি লক্ষ্য করলাম আজকে এখনও পর্যন্ত আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্য বিরোধী দলের নেতা শ্রী পঙ্কজ ব্যানার্জী তাঁর বক্তব্যের মধ্যে ডি জি নিয়োগ নিয়ে উল্লেখ করতে গিয়ে বলেছেন কলকাতার মহামান্য হাইকোর্ট তাঁদের উপর আস্থা রাখতে পারেননি। এটা সত্যি কথা যে, মহামান্য হাইকোর্ট রায় দিয়েছেন, সে রায় ট্রাইব্যুনালের বিরুদ্ধে রায়ের বিপরীত, তার নিয়মানুগ হয়নি বলে অভিমত প্রকাশ করেছেন। এই বক্তব্যের মধ্যে আস্থা, অনাস্থার কোনো প্রশ্ন ওঠে না। আমাদের সরকার সর্বোচ্চ আদালতে গিয়েছেন এবং আমরা রায়ের অপেক্ষা করছি। তাঁরা যে রায় দেবেন সেই রায়ই হবে চূড়ান্ত রায় এবং আপনারা জানেন নিশ্চয়ই সরকার সে রায় মেনে নেবেন। আজকে পশ্চিমবাংলার রাজনৈতিক পরিস্থিতি সম্বন্ধে বিরোধী সদস্যরা বিশেষ কিছুই উল্লেখ করেননি।

তাঁরা কয়েকটা ছোটখাটো দুর্ভাগ্যজনক ঘটনার কথা উল্লেখ করেছেন যেগুলি সত্যি দুর্ভাগ্যজনক। সারা দেশের আজকে যে পরিস্থিতি সেই তুলনায় পশ্চিমবঙ্গের পরিস্থিতির উল্লেখ আমি বিরোধীদের কারোর বক্তব্যেই দেখতে পেলাম না। আমি আশা করেছিলাম স্বরাষ্ট্র দপ্তরের গুরুত্বপূর্ণ আলোচনার সময় তাঁরা আরও মনোযোগ দিয়ে এই বিষয়টার মধ্যে সম্বন্ধে চিন্তাভাবনা করবেন এবং গঠনমূলক সমালোচনা করবেন, গঠনমূলক প্রস্তাব, অভিমত দেবেন। একটামাত্র ব্যতিক্রম কংগ্রেস দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয় কে.এল.ও., পি.ডব্লু.ডি. এম.এম.সি-র কার্যকলাপ সম্পর্কে তিনি একটা প্রস্তাব রেখেছেন। তাদের নাশকতামূলক যে কাজকর্ম হচ্ছে তাদের নিশ্চয়ই প্রতিহত করতে হবে, প্রতিরোধ করতে হবে। তার সাথে রাজনৈতিকভাবে চেষ্টা করতে হবে তাদের যাতে শান্তির পথে ফিরিয়ে আনা যায়। তাঁর বক্তব্যকে আমি স্বাগত জানাচ্ছি। আমরা দেখেছি আসাম রাজ্যে অনেক বেশি উলফা তার অস্ত্র সমর্পণ করেছেন এবং তারা আবার শান্তির পথে ফিরে এসেছেন। আমরা এখন তাদেরও সেই ব্যবস্থা করতে পারি কিনা। আমি নিশ্চিত আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বামফ্রন্ট সরকার এদিকে নজর দেবে। আরেকটা কথা বলবো—আমার সময় খুব সীমাবদ্ধ। এর মধ্যেই বলতে চাই—একটা প্রচেষ্টা চলছে, আমাদের পুলিশকর্মীদের প্রশিক্ষণে ব্যবস্থা, উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আমাদের ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরির উন্নতি সাধন করা হয়েছে। আরও অনেক প্রস্তাব আছে এবং যে কার্যক্রম বা কর্মসূচি নেওয়া হয়েছে তাকে আমি স্বাগত জানাচ্ছি। আমি আশা করবো আগামী দিনে আমাদের পুলিশকর্মীরা আমাদের সরকারের সাহায্যে এবং সহযোগিতায় তারা আরও অ্যাফেকটিভ হয়ে উঠবেন। এখানে যে নাশকতামূলক কাজকর্ম হয় তাকে তারা প্রতিহত এবং প্রতিরোধ করতে পারবেন। আমি আরেকটা কথা

মাননীয় বিরোধী দলের সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে রাজনৈতিক কার্যকলাপ যেগুলি হচ্ছে আমরা সংসদীয় গণতন্ত্রে বিশ্বাস করি, আজকে আমাদের সবার চেষ্টা করা উচিত আমাদের রাজনৈতিক কার্যকলাপের মধ্যে যাতে কোনো দুষ্কৃতিমূলক, নাশকতামূলক কাজকর্ম না আসতে পারে। এই ব্যাপারে আমাদের সবাইকে যদি সংঘবদ্ধ হতে হবে, সংগঠিত হতে হবে। আমি এটা নিশ্চয়ই আশা করবো আমাদের পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলার যে অবস্থা তাতে আমরা ভারতবর্ষের আরও উন্নতি সাধন করতে পারবো। আরেকটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো, আজকে সারা দেশে যে সন্ত্রাসবাদী কাজকর্ম হচ্ছে তার উপরে যে সাম্প্রদায়িকতার বিষয় ছড়িয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে এই স্বাধীনতার ৫৫ বছর পরেও সেখানে পশ্চিমবঙ্গের যে কৃতিত্ব সেই কৃতিত্ব, যাতে আমাদের থাকে এবং আমরা এটাই চাইবো সকলে মিলে চেষ্টা করে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটা আদর্শ রাজ্য হিসাবে থাকবে। এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাক আলম** : মাননীয় স্পিকার মহাশয়, ২০০২-২০০৩ সালের জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট পেশ করেছেন এবং তার উপর বিরোধীরা যে কাট মোশান দিয়েছেন সেই কাট-মোশানকে সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেটের বিরোধিতা করলেও আমি ব্যক্তিগতভাবে তাকে অভিনন্দন জানাব একটামাত্র কারণে। কারণ, তিনি এক ঢিলে দুই পাখি মেরেছেন এবং ষষ্ঠ বামফ্রন্ট মুখ্যমন্ত্রী হিসাবে চমক সৃষ্টি করেছেন। যেটা পঞ্চম বামফ্রন্ট পর্যন্ত করতে পারেননি এবং এটা করে বেআইনিভাবে সারা পশ্চিমবাংলার পুলিশের মেরুদণ্ড ভেঙে দিয়েছেন। একজন ডি জি-কে নিয়োগ করতে গিয়ে পশ্চিমবাংলার প্রশাসনকে কলঙ্কিত করলেন। কেউ সরকারি আইনকে অমান্য করলে তার বিরুদ্ধে যে আইনগত ব্যবস্থা নেওয়া হয় তাতে বলা হয় 'মিস ইউজ অফ পাওয়ার'। কিন্তু আমি এক্ষত্রে তা বলব না, বলব এটা অ্যাডমিনিস্ট্রেটিভ ক্রাইমের পর্যায়ে পড়ে। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয় এটা খোঁজ নিয়েছেন যে, নিচুতলার পুলিশকর্মীদের মনের অবস্থা আজকে কোথায় গিয়ে ঠেকেছে। আজকে তারা ভালো কাজ করবে কেন, যদি লয়াল টু পার্টি হলেই প্রোমোশন পাওয়া যায়। মাননীয় মুখ্যমন্ত্রীর পলিসি হচ্ছে—ডু ইট নাউ। সেই সাথে এবারে যোগ করলেন—ডু ফলো মি। গ্রাসরুট পর্যন্ত যারা এল সি এম, জেড সি এম আছে তাদের ফলো করতে পারলেই পদোন্নতি হয়ে যাবে। সুতরাং কাজ করার কোনো প্রশ্ন উঠতে পারে না। সেই জন্য বলছি, এক ঢিলে দুই পাখি মেরে আপনি স্বাভাবিকভাবেই চমক সৃষ্টি করেছেন। আজকে সারা পশ্চিমবাংলার মাটিতে একজন ডি জি-কে কেন্দ্র করে যে ঘটনা ঘটলো তাতে লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। পুরস্কার যদি দেওয়ার ছিল তো দিতে পারতেন অন্যভাবে। ২০০১ সালের নির্বাচনের সময় তিনি পুলিশ কমিশনার ছিলেন এবং সেই সময় তিনি সি পি এম পার্টির হয়ে অনেক কাজ করেছেন সেই জন্য তাঁকে ডি জি পদ উপহার দেওয়া হল। আপনার জানা আছে কিনা জানি না পুলিশের ডিপার্টমেন্ট থেকে রিওয়ার্ড দেওয়ার সিস্টেম অনেকদিন থেকেই আছে। কিন্তু আজ পর্যন্ত পলিটিক্যাল পুরস্কার ছিল না। মাননীয় মুখ্যমন্ত্রী সেই পলিটিক্যাল পুরস্কার চালু করেছেন নতুন করে। এটা ওনার জেনে রাখা ভালো।

মাননীয় মুখ্যমন্ত্রীর বাজেট ভাষণে উত্তরবঙ্গের কামতাপুরীদের নিয়ে, মেদিনীপুরে জনযুদ্ধ গোষ্ঠী, মাওবাদীদের নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। উনি ১৮ বছরে ধরে মন্ত্রিসভায়

মন্ত্রী ছিলেন এবং ৮ বছর ধরে পুলিশমন্ত্রী আছেন। আমাদের প্রশ্ন, এর উৎস কোথায় ? জনযুদ্ধ গোষ্ঠীর উৎস কোথায় ? তারা অন্ধ্র থেকে এখানে আসছে কিনা, ঝাড়খণ্ড থেকে নেপালে চলে যাচ্ছে কিনা ? উৎসটা খুঁজে বার করা দরকার।

আনন্দের সঙ্গে আপনি জানিয়েছেন, লাস্ট ইয়ারে অপরাধের সংখ্যা কমে গেছে। কিন্তু সেটা ঠিক নয়। মাননীয় মুখ্যমন্ত্রী খোঁজ নিলে দেখতে পাবেন অপরাধের সংখ্যা কমানো হয়েছে, সাপ্রেশন অফ ফ্যাক্ট হয়েছে, অপরাধ কমেনি। থানায় গিয়ে মানুষ বিচার পাচ্ছে না তাই তারা কোর্টে গিয়ে মামলা করছে। কোর্টের মামলার সংখ্যা দেখলে দেখা যাবে অপরাধ কমেনি। কৌশল করে দেখানো হচ্ছে। সাপ্রেশন অফ ফ্যাক্টস হয়েছে।

আপনি চোরাচালানের ক্ষেত্রে উদ্বেগের কথা বলেছেন। আমি বলব, দয়া করে পশ্চিমবাংলার বর্ডার এরিয়ায় খোঁজ নিয়ে দেখা হোক। আপনার পুলিশকে দিয়ে তদন্ত করালে সঠিক রিপোর্ট পাবেন না। অন্যভাবে তদন্ত করিয়ে দেখুন যারা চোরাচালানের সঙ্গে যুক্ত আছে তারা কারা। তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হোক আমরা আপনার পদক্ষেপকে সমর্থন করব। কিন্তু আপনি এক্ষেত্রে কোন পদক্ষেপ নিতে পারবেন না। কারণ, পুলিশের সহায়তায় এই কাজে সব জায়গায় দুলাল ব্যানার্জীরা ঢুকে আছে, আর কেউ নেই। ৯০ শতাংশই দুলাল ব্যানার্জীর দল ঢুকে আছে। তাই সেখানে আপনারা হস্তক্ষেপ করতে পারবেন না। পুলিশের কাজকর্মকে আধুনিকীকরণ করার জন্য নতুনভাবে প্রশিক্ষণ দিতে চেয়েছেন আপনি। প্রশিক্ষণ দিন, সব কিছু করুন, কিন্তু সবার আগে মানবিকতা তৈরি করার সেই বাস্তব অবস্থা কোথায় ? আজকে সাধারণ মানুষ থানায় গিয়ে কোন কিনারা পাচ্ছে না। অপরাধীর বিচার হচ্ছে না, কোন নির্যাতিত বোন, কোন সন্তানহারা মা থানায় গিয়ে অপরাধীর বিরুদ্ধে কমপ্লেন করছেন, কিন্তু অপরাধীরা যদি সি পি এম পার্টির লোক হয় তবে সি পি এম পার্টি অফিস থেকে বলে দেওয়া হয় যে, তাদের বিরুদ্ধে ৪৯৮(১এ)-তে কেস নেওয়া হবে না। ওদের বলা হচ্ছে ৩২ ৩ করুন, কেননা ৪৯৮(এ)-তে কেস করলে কোর্টে দাঁড়াবে না। মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে চোরাচালান কারবারীদের বিরুদ্ধে তদন্ত করে দেখুন। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং ছাঁটাই প্রস্তাবগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 5.00-5.10 p.m. ]

**শ্রী রামপদ সামন্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০২-২০০৩ সালের ২১ নম্বর দাবির অধীন মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী যে ১০৬২ কোটি ৬৯ হাজার টাকার যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন জানাই। সমর্থন জানাই এই কারণে যে, স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে স্বরাষ্ট্র বিভাগের যে গুরুত্বপূর্ণ ভূমিকা সেই ভূমিকাকে আরও দৃঢ়ভাবে সুচারুরূপে সম্পন্ন করার জন্য তিনি এই বাজেটে প্রস্তাবগুলো রেখেছেন। আজ দীর্ঘ ২৪-২৫ বছর ধরে পশ্চিমবঙ্গের পুলিশ জনগণের সঙ্গে নিবিড় সম্পর্ক রেখে তাঁরা শান্তি-শৃঙ্খলা রক্ষা এবং আরও বিভিন্ন কাজে অকল্পনীয় সাফল্য দেখিয়েছেন। সেগুলো আমি স্মরণ করিয়ে দেব যে, পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র দপ্তর দক্ষতার সঙ্গে শান্তি-শৃঙ্খলা রক্ষা করে আসছে। পশ্চিমবঙ্গের পুলিশ তাঁরা পশ্চিমবঙ্গের সঙ্গে সঙ্গে ভারতবর্ষের মান-সম্মানকে উন্নত করার চেষ্টা করেছেন, এটা আমরা অতীতের কিছু ঘটনার থেকে বুঝতে

পারি। মাদার টেরেসার অন্ত্যেষ্টির সময় পৃথিবীর বিভিন্ন দেশ থেকে বহু বিশিষ্ট ব্যক্তি এখানে এসেছিলেন, এখানে তাঁদের থাকার ব্যবস্থা করা হয়েছিল এবং তাঁদের দেখাশোনা করা এবং অন্ত্যেষ্টির কাজ সুষ্ঠভাবে, শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের পুলিশ দক্ষতার সঙ্গে কাজ করেছেন। ইডেনে ভারতের সঙ্গে দক্ষিণ আফ্রিকার ক্রিকেট খেলার সময় পশ্চিমবঙ্গের পুলিশ দক্ষতার সঙ্গে কাজ করেছেন এবং এখানে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে পশ্চিমবঙ্গের পুলিশের বিরাট ভূমিকা রয়েছে। এছাড়া এখানে দুর্গাপূজা, মহরম, ঈদ ইত্যাদি বিভিন্ন অনুষ্ঠান সুচারুরূপে যাতে সম্পন্ন হয় এবং চারিদিকে যাতে শান্তির পরিবেশ বজায় থাকে তার জন্য পুলিশের ভূমিকা আছে। এবং পশ্চিমবঙ্গের পুলিশ দক্ষতার সঙ্গে কাজ করেছেন। পৃথিবীতে আজকে যে বিভিন্ন জায়গায় মৌলবাদ চলছে, বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নতাবাদ চলছে, যেভাবে কলকাতায় আমেরিকান সেন্টারের উপর উগ্রপন্থীরা আক্রমণ করল, যেভাবে ভারতবর্ষের পার্লামেন্টে উগ্রপন্থীরা আক্রমণ চালিয়েছিল, যেভাবে পশ্চিমবঙ্গের পুলিশের উপর আক্রমণ করা হয়েছে এর পরিপ্রেক্ষিতে পুলিশ বাহিনী, আমাদের স্বরাষ্ট্র দপ্তর সাফল্যের সঙ্গে কাজ করে চলেছে এবং তার নজির আমাদের পশ্চিমবঙ্গে আছে। গত এক বছরে অপরাধ প্রবণতার তালিকা সমস্ত ভারতবর্ষের তুলনায় আমাদের পশ্চিমবঙ্গে কম আছে। পশ্চিমবঙ্গে কে.এল.ও., কে.পি.পি., জনযুদ্ধ গোষ্ঠীর সন্ত্রাসবাদী কার্যকলাপ চালানোর চেষ্টা করছে। এখানে শুনতে পাই যে, এদের অনেকের সাথে টি এম সি-র গোপন আঁতাত ছিল। সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার ব্যবস্থা গ্রহণ করেছেন। ৪টে নতুন থানা স্থাপন করা হয়েছে, এই ৪টে নতুন থানা হল— মেদিনীপুরে মারিশদা, বাঁকুড়ায় বিলিয়াতুড়, কোচবিহারে বক্সিহাট এবং জলপাইগুড়ির শ্যামকুতলা—এই ৪টে থানায় কম্পিউটার বসানো হয়েছে এবং এই ৪টে থানার প্রত্যেকটিতে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে এবং কম্পিউটারের মাধ্যমে থানার কাজকর্মকে দ্রুত করার চেষ্টা করা হচ্ছে। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত ভুঁইঞা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটের বিরোধিতা করে বিরোধীদের আনা কাট মোশানগুলিকে সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। আমি প্রথমেই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই এই যে, পুলিশ বাজেট এটা কোন্ পুলিশের জন্য ? যে পুলিশ ১৭ বছর সময় নিয়েছে, তারপরেও গ্রেপ্তার করেনি নারায়ণ বিশ্বাসকে, যে পুলিশ যুবভারতী ক্রীড়াঙ্গনে সমাজবিরোধীদের আশ্রয় দেয়ার জন্য সুভাষ চক্রবর্তীকে আজ পর্যন্ত গ্রেপ্তার করতে পারেনি, যে পুলিশ ২০ বছর সময় নিয়েছে একটা দুলাল বন্দ্যোপাধ্যায়কে অ্যারেস্ট করবার জন্য, সেই পুলিশের জন্য এই বাজেট ! আমি মনে করি আজকের এসব বাজেট পুলিশের জন্য নয়, কারণ আজ আর পুলিশ পশ্চিমবাংলায় থানা চালায় না। পশ্চিমবাংলায় থানা চালাচ্ছে সি পি এম-এর লোকাল কমিটির সম্পাদক। সে জন্যই আজকে পুলিশের আর বিরোধী পক্ষের এম এল এ বা এম পি-দের গুরুত্ব দেয়ার কোন দরকার হয় না। প্রতিটি থানায় লোকাল কমিটির সম্পাদক যেভাবে বলেন পুলিশ সেভাবে চলে। তাতেই ও সি থেকে এস পি এবং এস পি থেকে ডি জি-তে প্রোমোশন পাওয়া যায়। আজকে কথায়

কথায় আপনারা জনযুদ্ধের কথা বলছেন। কে জনযুদ্ধ ? বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরে জনযুদ্ধ নেই। দীর্ঘদিনের অবহেলিত, লাঞ্ছিত মানুষের অধিকার রক্ষার লড়াইকে প্রতিহত করবার জন্য তাদের জনযুদ্ধের ছাপ দেয়া হচ্ছে এবং গ্রেপ্তার করার চেষ্টা হচ্ছে। সাধারণ মানুষ এবং তৃণমূলের কর্মীদের হেনস্থা করার জন্য তাদের ওপর জনযুদ্ধের লেবেল লাগিয়ে দিচ্ছেন। জনযুদ্ধের নাম করে এস পি, মিনা সাহেব ডাক্তারখানা খুলে মানুষকে ওষুধ দেয়ার ব্যবস্থা করছেন। ডি এম, এস ডি ও, পুকুর কাটার কাজ চালাচ্ছে, রাস্তা নির্মাণের কাজ দেখছে। এর থেকেই প্রমাণ হয়ে যাচ্ছে ওখানে কোনরকম উন্নয়মূলক কাজ হয়নি, ওখানকার মানুষ দীর্ঘদিন ধরে অবহেলিত, নিপীড়িত। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি বলেছেন অনেক অপরাধ হয়েছে মেদিনীপুরে, তাই শাস্তি পেতে হবে। কিসের অপরাধ ? অধিকার রক্ষার লড়াইকে আপনি অপরাধ বলছেন ? আপনারা বার বার সিদ্ধার্থশংকর রায়ের আমলের কথা বলেন। সিদ্ধার্থশংকর রায়ের আমলে ৫৩০৫ জন মানুষ খুন হয়েছিল। আর আপনার আমলে ৩৬,৩০৪ জন মানুষ খুন হয়েছে। তবুও আপনি আজও মুখ্যমন্ত্রী! আপনি ভাবছেন আপনি বিধানচন্দ্র রায় হবেন, তাই আপনি কেশপুরে চলে গেলেন এবং গিয়ে বললেন, 'ডু ইট নাউ' ১০ জন মন্ত্রীকে বগলদাবা করে নিয়ে গিয়ে আপনি ১০টা প্রকল্প উদ্বোধন করলেন এবং বললেন, 'ডু ইট নাউ।' এই করে আপনি বিধানচন্দ্র রায় হতে চাইছেন। কিন্তু এতে বিধানচন্দ্র রায় হওয়া যায় না। কারণ বিরোধীদের মর্যাদা দেয়ার, বিরোধীদের গুরুত্ব দেয়ার মানসিকতা আপনার নেই। আপনি জ্যোতিবাবু হবেন ? না, তাও হতে পারবেন না। জ্যোতিবাবু দীর্ঘদিন মুখ্যমন্ত্রী ছিলেন। তারপর দেবগৌড়া এবং আই কে গুজরাল হবার জন্য ছেলে চন্দনকে লাগিয়ে চেষ্টা করেছিলেন। কিন্তু আপনর তো চন্দন নেই, তাই আপনি জ্যোতিবাবুও হতে পারবেন না। সেদিন আমরা আপনার সঙ্গে কথা বলতে গিয়েছিলাম, আপনার পুলিশ আমাদের জ্যোতিপ্রিয় মল্লিককে গলা টিপে ধরেছিল। বিধানসভার সদস্য আপনার কাছে গিয়েছিলেন, মুখ্যমন্ত্রীর কাছে, তার গলা টিপে ধরা হল। একজন বিধায়ককে গলা টিপে ধরার অর্থ জ্যোতিপ্রিয় মল্লিকের গলা ধরা নয় ১ কোটি ১২ লক্ষ মানুষের গলা-টিপে ধরা, যে মানুষরা আমাদের ভোট দিয়ে পাঠিয়েছেন তাদের গলা টিপে ধরা। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি পশ্চিমবাংলায় হিটলারের শাসন কায়েম করতে চান। কেশপুরে তৃণমূল নেতা চিত্ত গড়াই নিজের ধান বিক্রি করতে পারেননি। থানাকে তিনি জানিয়েছিলেন। থানা তাকে বলছে, 'লোকাল কমিটির সম্পাদকের সঙ্গে কথা বলুন। গ্রাম পঞ্চায়েতের তপসিলি সদস্যা আরতি দলুই-এর বিষয়ে আমি আপনাকে বিধায়ক হিসাবে বলতে গিয়েছিলাম। আপনি আমাকে লিখিতভাবে জানাতে বলেছিলেন, আমি লিখিতভাবে জানিয়েছিলাম—তিন বছর চাষ বন্ধ, কোন বন্দোবস্ত পুলিশ করতে পারেনি। আপনারা গুজরাটের প্রসঙ্গ নিয়ে চোখের জল ফেলছেন। অথচ পশ্চিমবাংলায় দৈনিক সংখ্যালঘু হত্যা হচ্ছে। তাদের বাড়ি আগুনে জ্বলছে। তাদের জন্য এখানে চোখের জল ফেলা হয় না। কল্পনাথ ৭াই একজন মন্ত্রী ছিলেন, সমাজবিরোধীদের তাঁর অতিথি আবাসে একদিন থাকতে দিয়েছিলেন, ফলে তাঁকে গ্রেপ্তার হতে হয়েছিল। আর আজকে এখানে নারায়ণ বিশ্বাস, পুলিশ কেসের আসামী হয়েও আমাদের সকলের নাকের ডগায় এই বিধানসভায় বসে মিটমিট হাসছেন। সে জন্যই মাননীয় মুখ্যমন্ত্রী, এই যে পুলিশ বাজেট আপনি পেশ করেছেন এই বাজেটের আমি বিরোধিতা করতে চাই।

আমরা বিরোধিতা করতে চাই। ১৯৫৪ সালে ট্রাম পুড়িয়ে আপনারা দেশপ্রেমিক হতে চেয়েছিলেন। আপনাদের বিরুদ্ধে বাংলার মানুষ পথ অবরোধের ডাক দিয়েছিল। পুলিশ গুলি চালিয়েছিল, দেশদ্রোহিতার আখ্যা দিয়েছিল। সেই পুলিশের মন্ত্রী আপনি এবং আপনি মুখ্যমন্ত্রীও বটে। আপনার বয়স হয়ে গেছে এবং প্রচণ্ড কাজের চাপ বেড়েছে। স্বরাষ্ট্র দপ্তর এবং মুখ্যমন্ত্রীর দপ্তর এই দুটো দপ্তরের কাজের দায়িত্ব ঠিকমতো পালন করতে পারছেন না। আপনি যে কোন দপ্তরের দায়িত্ব কোন সহকর্মীর হাতে ছেড়ে দিন। পশ্চিমবাংলায় আগামীদিনের শান্তি বিরাজ করবে। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 5.10-5.20 p.m. ]

**শ্রী লক্ষ্মী কান্ত রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় ২০০২-২০০৩ সালের স্বরাষ্ট্র বিভাগের ১ হাজার ৬২ কোটি ৬৯ লক্ষ টাকার যে ব্যয়বরাদ্দ সভায় পেশ করেছেন আমি সেই ব্যয়বরাদ্দকে সমর্থন করছি এবং পাশাপাশি বিরোধীদের আনা কাট মোশনের তীব্র বিরোধিতা করছি। এই সময়ে গোটা ভারতবর্ষব্যাপী সন্ত্রাসবাদ এবং বিচ্ছিন্নতাবাদের যে পরিবেশ তাকে মোকাবিলা করার জন্য মাননীয় স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রী বিশেষ সাহস এবং শক্তি যোগানের জন্য যে ব্যবস্থা গ্রহণ করেছেন তার জন্য আমি এই প্রস্তাবকে সমর্থন করছি। আমি এই প্রস্তাবের উপর কাট-মোশনের বিরোধিতা করতে গিয়ে কিছু বলবো। এই কাট-মোশানের বিরুদ্ধে বলতে গেলে প্রথমেই বলতে হয়, বিরোধী বন্ধুরা হয়তো জানেন না—গতকাল আর্জেন্তিনা এবং সুইডেনের খেলায় আমরা কি দেখলাম ? ১৯৬৭ সালে আপনাদের একবার হলুদ কার্ড দেখানো হয়েছিল, ১৯৬৯ সালেও হলুদ কার্ড দেখানে হয়েছে আর ১৯৭৭ সালে লাল কার্ড দেখে আপনারা বিদায় নিলেন। ২০০১ সালে আপনাদের অবস্থা কি রকম ? আপনারা কালকে দেখলেন আর্জেন্তিনার প্লেয়ার রিজার্ভ বেঞ্চে শয়তানি করছিল বলে তাকে লাল কার্ড দেখিয়ে বার করে দেওয়া হয়। ঠিক তেমনি, উত্তর বাংলায় ২০০১ সালে কে.এল.ও.-র নামে পশ্চিমবাংলার উত্তর অংশে অশান্তি সৃষ্টি করার জন্য আপনারা যে মদত দেবার চেষ্টা করেছিলেন, নির্বাচকমণ্ডলীর রেফারি আপনাদের লাল কার্ড দেখিয়ে বের করে দিয়েছেন, আর আপনারা আসতে পারেননি। গোটা জলপাইগুড়ি জেলার উত্তরে ভুটান, দক্ষিণে বাংলাদেশ-প্রতিবেশী রাষ্ট্রের সীমান্ত, পূর্বে আসাম সীমান্ত। এই আলফা, কে.এল.ও., কে.পি.পি. এদের মদতে আধুনিক অস্ত্রশস্ত্র নিয়ে উত্তরবাংলায় নিরীহ মানুষদের ভাষার নাম করে একটা অশান্তির বাতাবরণ সৃষ্টি করতে চেয়েছিলেন, পশ্চিমবাংলাকে ভাগ করতে চেয়েছিলেন। এই জন্য দেখলাম, আপনাদের মমতা ব্যানার্জী এবং তৃণমূলের লোকেরা পশ্চিমবাংলার মানুষের উন্নয়নের কথা, শান্তির কথা চিন্তা না করে ওদের সঙ্গে গোপনে ষড়যন্ত্র করার চেষ্টা করেছিলেন যে কি করে এই কে.এল.ও.-দের মদতে পশ্চিমবাংলাকে বিভক্ত করা যায়। কিন্তু সেই চেষ্টা ব্যর্থ হয়েছে। সেই সময়ে আমরা দেখলাম, একজন কর্মরত শিক্ষককে স্কুলের মধ্যে একটা ৭ বছরের শিশু গুলি করল। কলকাতার পি জি হাসপাতালে তার প্রাণ ফিরে এসেছে, কিন্তু তার চোখের দৃষ্টি ফিরে আসেনি। এই মাস্টারমশাইকে গুলি করার সময়ে তার চোখ

দুটি নষ্ট হয়ে যায়। আপনাদের মমতা ব্যানার্জী তাকে দেখতে গেলেন না। অথচ জেলখানায় যে সমস্ত ষড়যন্ত্রকারীরা আছে সেখানে গিয়ে গোপনে ষড়যন্ত্র করার চেষ্টা করলেন। এর থেকে লজ্জার আর কি আছে ? তাই আমি বলি, গতকাল আর্জেন্তিনার সাইড লাইনে বসা প্লেয়ারকে লাল কার্ড দেখিয়ে রেফারি বার করে দিয়েছিলেন তেমনি উত্তরবাংলার নির্বাচকমণ্ডলীও আপনাদের লাল কার্ড দেখিয়ে সেখান থেকে বের করে দিয়েছেন, উত্তরবাংলায় আর আপনাদের ফিরতে হবে না। এই কথা বলে বিরোধীদের আনা কাট-মোশনগুলির তীব্র বিরোধিতা করে এবং বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী আজকে যে পুলিশ বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব কাট-মোশন আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা দেখছি বিভাগীয় মন্ত্রীমহাশয় এবারে পুলিশ খাতে ৫২ থেকে ৫০ কোটি টাকা গতবারের চেয়ে বেশি চেয়েছেন। গতবার উনি বাড়িয়েছিলেন ৯৬ কোটি টাকা, এবার বাড়িয়েছেন ৫৩ কোটি টাকার মতন। এইভাবে আমরা দেখছি দফায় দফায় পুলিশের বাজেট বাড়ছে। স্যার, এক সময় বাম-গণতান্ত্রিক মঞ্চ থেকে দাবি ছিল শিক্ষা খাতে ব্যয় বাড়াও, পুলিশ খাতে ব্যয় কমাও। আজকে তার উল্টো কথা শুনতে হচ্ছে রবীনবাবুদের মুখ থেকে। কাদের স্বার্থে উনি এসব কথা বলছেন জানি না তবে ওর মুখে শুনলাম উনি পুলিশ খাতের বরাদ্দ বাড়ানোটা সমর্থন করছেন। স্যার আমরা দেখছি পুলিশ খাতের বরাদ্দ বাড়ানোর ক্ষেত্রে সরকারের কোষাগারে অর্থের অভাব হচ্ছে না, কিন্তু গরিব চাষিদের কাছ থেকে ধান কেনার জন্য সরকারের কোষাগারে অর্থের অভাব হচ্ছে। শুধু তাই নয়, উনি আবার আধা-সামরিক বাহিনী সন্ত্রাস দমনের নামে গঠন করতে চাইছেন। তাতেও দেখছি টাকার অভাব হচ্ছে না, কিন্তু চাষিদের কাছ থেকে ধান কেনার ক্ষেত্রে টাকার অভাব হচ্ছে। সরকার বলছেন তাদের টাকার অভাব তাই হাসাপাতাল থেকে ভুরতুকি তুলে দিয়ে হাসপাতালের চার্জ অস্বাভাবিক বৃদ্ধি করতে হচ্ছে, শিক্ষাক্ষেত্রে ফি বৃদ্ধি করতে হচ্ছে, শিক্ষকদের বেতন টাকার অভাবে বন্ধ হয়ে যাচ্ছে অথচ আমরা দেখছি পুলিশের জন্য টাকার অভাব হচ্ছে না। রবীনবাবুর বক্তব্য শুনে মনে হল পুলিশের বাজেট আরও বাড়ালে তারা খুশি হবেন। স্যার, প্রথমেই আমি বলতে চাই, আধা-সামরিক বাহিনী গঠনের কথা যেটা উনি বলেছেন তা গড়ার সিদ্ধান্ত যদি সরকার নিয়ে থাকেন তাহলে আমরা তার বিরোধিতা করছি। আমরা মনে করি, প্রচলিত আইন দিয়ে এবং পুলিশ যা আছে তাই দিয়েই যদি পুলিশকে ঠিক ঠিকভাবে কাজ করতে দেওয়া হয়, তাদের যদি নিরপেক্ষভাবে কাজ করতে দেওয়া হয় তাহলে আভ্যন্তরীন নিরাপত্তা রক্ষা এবং প্রয়োজনীয় আইন-শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে কাজ করা যাবে। কিন্তু আমরা জানি পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে দেওয়া হয় না। স্যার, পুলিশের বাজেট বাড়ছে কিন্তু আমরা দেখছি ইনসিডেন্স অব ক্রাইমও বাড়ছে। এখানে অপরাধের ঘটনা ক্রমাগত বাড়ছে। তা সত্ত্বেও মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন পশ্চিমবঙ্গ এবং কলকাতা শান্তির মরুদ্যান। এখানে কিছু তথ্য পরিবেশন করে বলা হচ্ছে যে অপরাধ কমে যাচ্ছে কিন্তু সব অপরাধের ঘটনা কি থানাতে রেকর্ডেড হচ্ছে ? মুখ্যমন্ত্রী কি জানেন না যে সব ঘটনা থানাতে রেকর্ডেড হয় না ? তিনি কি জানেন না সকলের ডাইরি পুলিশ নেয় না ? সেখানে আমরা দেখছি,। রুলিং পার্টি, তারা থানাগুলি কন্ট্রোল করছে।

[ 5.20-5.30 p.m. ]

রুলিং পার্টিই শুধু নয়, বৃহত্তর সি পি এম পার্টির স্থানীয় নেতৃত্ব, তাদের কন্ট্রোলে ও সি চলছেন। ও সি-রা তাদের হায়ার অফিশিয়াল, এস পি, এমন কি মুখ্যমন্ত্রীর নির্দেশও কার্যকরী করছেন না, স্থানীয় সি পি এম, নেতৃত্বের নির্দেশে থানাগুলি চলছে। দুলাল ব্যানার্জীরা এমনি এমনি সৃষ্টি হয় না। ফলে আমরা দেখতে পাচ্ছি, থানাতে অফিসারদের মধ্যে অনেস্ট অফিসার বাদ দিলে করাপ্ট পুলিশ অফিসার, রুলিং পার্টি এবং ব্ল্যাক মার্কেটিয়ার এই তিনের আনহলি নেকসাস এবং পুলিশের রাজনীতিকরণ—পলেটিকালাইজেশন অফ পুলিশ। এই দুটি ব্যাপারই হচ্ছে আজকে মস্তবড় সমস্যা। এই সমস্যার যদি প্রতিকার করতে না পারেন তাহলে পুলিশ প্রশাসনের ভাবমূর্তি আপনি উজ্জ্বল করতে পারবেন না। আমরা দেখতে পাচ্ছি, পুলিশের মধ্যে কলোনিয়াল হেরিটেজ, ঔপনিবেশিক ঐতিহ্য, সেটা স্বাধীনতা লাভের এতদিন পরেও পশ্চিমবঙ্গে কমেনি, বরং সেটার মাত্রা আরো বেড়েছে। আজকে আপনারা দেখবেন যে, পুলিশের হাতে ক্ষমতার কিভাবে অপব্যবহার হচ্ছে। আপনার প্রদত্ত তথ্য অনুযায়ী বিগত তিন বছরে ৩২৯টি ঘটনায় পুলিশের গুলি চলেছে এবং তাতে মারা গেছেন ৯৭ জন। এবং তাতে কত হাজার গুলি চলেছে সে ব্যাপারে তথ্য দেওয়া আপনার পক্ষে সম্ভব নয়। গতকালই যে ঘটনা ঘটলো মুর্শিদাবাদ বিড়ি শ্রমিকদের উপর তাতে একজন বিড়ি শ্রমিক মারা গেছেন। আমরা শুনতে পাচ্ছি আর একজন মারা গেছেন আজকে। ঐ ঘটনায় আরো ৪ জনের অবস্থা মারাত্মক এবং তাদের মধ্যে একজন বহরমপুর হাসাপাতালে, ৩ জন জঙ্গীপুর হাসাপাতলে রয়েছেন। তাদের সবাই বিড়ি শ্রমিক। এদের মধ্যে একজন ছাত্রও রয়েছে। এর আগে আপনি যার নাম করলেন, খুরমান আলি, তিনি সি পি এম-এর পঞ্চায়েত সদস্য। এবং আপনি নিজে স্টেটমেন্ট করেছেন যে কিভাবে গরিব বিড়ি শ্রমিকদের পি এ ফ-এর টাকা-পয়সা পতাকা বিড়ি কোম্পানি আত্মসাৎ করেছে এইরকমভাবে অসহায় মানুষজন মারা যাচ্ছেন। সেখানে পুলিশ যদি সময়মতো অ্যাকশন নিত ? সেখানে একটা আনহোলি নেকসাস সি পি এম পুলিশের সঙ্গে তৈরি করেছে এবং তারই জন্য সেখানে পুলিশ সাহস পায়নি। সেখানে অ্যান্টিসোস্যাল দিয়ে তাদের উপর আক্রমণ চালান হল এবং তারপর শ্রমিকদের উপর পুলিশ গুলি চালাল। তার জন্য ঐ ঘটনায় নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ, আহদতের ক্ষতিপূরণ, দোষী পুলিশ অফিসারদের শাস্তিবিধান এবং যারা শ্রমিকদের টাকা আত্মসাৎ করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং বিড়ি শ্রমিকদের ঐ টাকা ফেরত দেবার জন্য দাবি জানাচ্ছি। আজকে ট্রিগার হ্যাপি পুলিশ ব্যাপক ক্ষমতার অধিকারী হয়ে নির্বিচারে গুলি চালাচ্ছে এবং তারা ক্ষমতার অপব্যবহার করছে। এ ব্যাপারে জুডিশিয়াল ইনকোয়ারি হওয়া উচিত। হরিহরপাড়াতেও বিডিও অফিসের সামনে শান্তিপূর্ণ আন্দোলনকারীদের উপর এইভাবেই নির্বিচারে গুলি চালিয়েছিল এবং তাতে ৭ জন মারা গিয়েছিলেন।

দাস কমিশনের যে রিপোর্ট বার হয়েছিল, এটা জুডিসিয়ারি কমিশন, তাতে বলেছেন পুলিশ বিনা প্ররোচনায় অন্যায়ভাবে গুলি চালিয়েছে। এটা আপনি জানেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই আজকে যে জিনিসটা হওয়া দরকার সেটা হয়নি। এই অবস্থায় গোটা পুলিশ এবং পুলিশ প্রশাসন প্যারালাইজ হয়ে গেছে। ক্রিমিনালরা জেনে

গিয়েছে যদি আমরা সি মি এম-এর সঙ্গে থাকি, রুলিং পার্টির সঙ্গে থাকি, বৃহৎ শরিক দলের সঙ্গে থাকি তাহলে আমাদের গায়ে হাত দিতে পারবে না। এই জিনিস হচ্ছে। সি পি এম-এর সঙ্গে যদি ক্রিমিনালরা থাকে, তাহলে অনেস্ট পুলিশ অফিসাররা কি করবে ? তারা অ্যাকশন নিতে পারে না যেহেতু সি পি এম-এর সেল্টারে আছে এই সমস্ত ক্রিমিনাল। তারা এই জিনিস করছে। আজকে সত্যিই যদি যে স্বপ্ন আপনি দেখছেন, পশ্চিমবাংলাকে আইন-শৃঙ্খলার মরুদ্যান করতে চান পুলিশের ভাবমূর্তি, প্রশাসনের ভাবমূর্তি উজ্জল করতে চান তাহলে আপনি সর্বদলীয় বৈঠক ডাকুন। আপনি এখানে একটা ভুল তথ্য দিয়েছেন। এটা একটা স্লিপিং রিমার্কস হয়ে গেছে। আজকে প্রশ্ন উত্তর-পর্বে আমি বলেছিলাম, গণতান্ত্রিক আন্দোলনে পুলিশের আক্রমণ বাড়ছে, শুধু কংগ্রেস আমলে নয় এই বামফ্রন্ট সরকারের জামানায় এই জিনিস চলছে। তাতে বলতে গিয়ে আপনি বলেছেন গণতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশ আক্রমণ করবে না ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর আপনারা সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু এটা তা নয়। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে সরকার সিদ্ধান্ত নেয় যে ন্যায়সঙ্গত গণতান্ত্রিক অন্দোলনের উপর পুলিশ হস্তক্ষেপ করবে না। ইট ওয়াজ ও ভাইটাল ডিসিশান অফ দি ইউনাইটেড ফ্রন্ট গভর্মেন্ট। তখন আপনারা আমরা সবাই মিলে ছিলাম, ১৯৬৭-৬৯ সালে তখন থেকে এই জিনিস চলছে। কংগ্রেস আমলে এই জিনিস ছিল না। আপনি বলতে গিয়ে বলেছেন ১৯৭৭ সালে থেকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এটা একটা স্লিপিং রিমার্কস। এটা হয়েছে ১৯৬৭-৬৯ সাল থেকে। সর্বশেষ যেটা বলতে চাই তা হলো আজকে চার্জসিট দেওয়া হয় না, বিরোধীপক্ষকে দিনের পর দিন চার্জসিট দেওয়া হয় না। চার্জসিট না দেওয়ার ফলে মামলা শেষ হয়ে যাচ্ছে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্বেদ রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর পেশ করা ২০০২-২০০৩ সালের পুলিশ বাজেটের বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট মোশানগুলিকে সমর্থন করে আমি আমার সংক্ষিপ্ত নিবেদন রাখছি। গত বারের পুলিশ বাজেট পেশ করার পর এই বছরের পুলিশ বাজেট পেশ করার আগে আন্তর্জাতিক মহলের একটি গুরুত্বপূর্ণ তথ্য পশ্চিমবাংলার পুলিশ দপ্তর সম্পর্কে বলেছেন সেটা আমি আপনাদের সামনে প্রথমে পেশ করতে চাই। এই তথ্যের কোন প্রতিফলন পুলিশমন্ত্রী বা অন্য কারো দেখি নি। গত পুলিশ বাজেট পেশ করার পর ১০ই আগস্ট এই পশ্চিমবাংলায় পুলিশী অত্যাচার, পুলিশী দুর্নীতি, পুলিশের ঘুষ এবং যে মানবাধিকার সেই মানবাধিকার থেকে পুলিশকে দূরে রেখে আসামী এবং নিরীহ মানুষর উপর পুলিশের অত্যাচার এবং সেই অত্যাচারের পেছনে স্বয়ং স্বরাষ্ট্রমন্ত্রীর প্রোভোকেশন সেই প্রোভোকেশনের টোটাল রিপোর্ট, সেই অথেনটিকেটেড রিপোর্ট আমি এখানে পেশ করছি। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ১০ই আগস্ট ২০০১ সালে অ্যামনেস্টি ইন্টান্যাশনালের যে রিপোর্ট পেশ করা হয়েছে সেটা বলছি। সেই পেশ করার ব্যাপারে আপনারা বলেছেন এটা ন্যাস্টি পেপার। আমি এখানে তিনটি চিঠি পড়ে দিতে চাই। এই অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল যে রিপোর্ট পেশ করেছে এটা ৪৩ পাতার রিপোর্ট। এই ৪৩ পাতার রিপোর্ট পেশ করে বলেছেন যে, মুখ্যমন্ত্রীর কোন জায়গায় যদি মনে হয় যে আমরা ভুল তথ্য পরিবেশন করছি তাহলে সেই ভুলতথ্য সুধরে দিন।

[ 5.30-5.40 p.m. ]

তার উত্তরে জয়েন্ট সেক্রেটারী, মিনিস্ট্রি অফ হিউম্যান অ্যাফেয়ার্স, গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া, নর্থ ব্লক, নিউ দিল্লিকে আপনার ডিপার্টমেন্ট থেকে জানানো হয়েছে—হোম ডিপার্টমেন্ট থেকে, ২০শে জুলাই, ২০০১ তারিখের চিঠিতে—'এটা অত্যন্ত ঘৃণ্য, অত্যন্ত বিকৃত তথ্য পরিবেশন করা হয়েছে আমাদের সরকারকে নির্দিষ্ট বা চিহ্নিত করার জন্য।' তার পাশাপাশি আপনারা আর একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন তা হচ্ছে, ভারতবর্ষে পশ্চিমবঙ্গ এমন একটা গণতান্ত্রিক কাঠামোর ওপরে দাঁড়িয়ে আছে এবং পশ্চিমবঙ্গে যে গণতন্ত্র রয়েছে তাতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের নজরদারির দরকার নেই। ভারত সরকার এমন কিছু অসুবিধায় পড়েনি এবং স্টেটও পড়েনি। তার উত্তর অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল আপনাদের চিঠি দিয়ে জানিয়ে দিলেন। আপনাদের সে চিঠি শুদ্ধ রিপোর্ট প্রকাশ করে দেন। ২৬শে জুলাই গ্যারি ফকস্, ডিরেক্টর, এশিয়া, প্যাসিফিক রিজিওনাল প্রোগ্রাম'-এর তিনি জানিয়ে দিলেন আপনাদের চিঠি শুদ্ধ যে, (১) আপনারা তাদের কোন জায়গায় তাদের রিসার্চের, তাদের রিপোর্টের, বিরোধিতা করেননি ; (২) আপনারা যে অধিকারের প্রশ্ন তুলেছেন, তার উত্তরে বলেছেন, ওয়ান অফ দি পারপাজ অফ দি ইউ-এন এক্সপ্রেসড্ ইন আর্টিকেল ১ অফ দি চার্টর ইজ 'প্রোমোটিং অ্যান্ড এনকারেজিং রেসপেক্ট ফর হিউম্যান রাইটস।' ভারতবর্ষ সেই ইউ-এন চার্টারের অন্যতম সিগনেটরি। তারা বলছে, সেই হিসাবে আমাদের দায়িত্ব, পৃথিবীর অন্যান্য দেশে যেভাবে পালন করেছি, সেভাবেই এক্ষেত্রেও পালন করেছি মাত্র। এই রিপোর্টের প্রতিটি ছত্রে যে কথা বলা হয়েছে, তাকে অত্যন্ত সন্তর্পণে এড়িয়ে যাওয়া হয়েছে। শুধু বলা হয়নি মেদিনীপুরে ১৭৬টি রাজনৈতিক ঘটনা ঘটেছে। শুধুমাত্র সেখানেই ৭০৭ জন আহত হয়েছে এবং ৭৬ জনের বেশী মানুষ খুন হয়েছে। এই রিপোর্টকে আপনারা ন্যাস্টি রিপোর্ট বলতে পারেন, ডিস্টর্টেড রিপোর্ট বলতে পারেন। আপনাদের বিরুদ্ধে কি কোন রিপোর্ট আপনারা কখনও মেনে নিয়েছেন ? যেদিন আমেরিকায় টুইন টাওয়ার ভেঙে পড়ালো, আন্তর্জাতিক সন্ত্রাসের মুখে দাঁড়িয়ে গোটা বিশ্ব স্তব্ধ হয়ে গিয়েছিল, সেদিন আপনাদের মন্ত্রী বলেছিলেন—পেন্টাগনের ওপরে আঘাত হয়েছে, ভাল হয়েছে, বেশ হয়েছে। লজ্জা করে না ? সেই সুভাষবাবু বুঝতে পারেন নি, তিন মাসের ভেতর সেটা ভারতবর্ষে চলে আসছে। এন জে পি-তে বিস্ফোরণ হয়েছে। জম্মুতে টাটা সুমোতে ১লা অক্টোবর, ২০০১ সালে বিস্ফোরণে ৪০ জন আহত হন এবং ২৬ জন মারা যান। তিনি ভাবতে পারেননি ভারতের পার্লামেন্টে আক্রমণ হবে। তিনি ভাবতে পারেননি আমেরিকান সেন্টার আক্রান্ত হবে। বলুন, স্বরাষ্ট্র মন্ত্রকের কোন্ রিপোর্টে বলা হয়েছে, ক্রস বর্ডার টেররিজমে মাদ্রাসাগুলো এখানে দেশ-বিরোধী কাজ করছে ? আমরা দাবি করছি, শ্বেতপত্র প্রকাশ করুন। কেন আমরা শ্বেতপত্রের দাবী করবো না ? আমরা বলছি না শুধুমাত্র তৃণমূল কংগ্রেসের জন্য শ্বেতপত্র প্রকাশ করুন। আপামর জনসাধারণ তারা ট্রান্সপেরেন্সির মধ্যে দিয়ে দেখুক আপনাদের অসুবিধা কোথায়। তা না হলে একদিন সকালবেলায় হোম সেক্রেটারি ডেকে পাঠাবেন, বলবেন, কোন চিন্তা করবেন না। আপনারা সাধারণ মানুষ। আপনাদের চিন্তা করার কোন অধিকার নেই। রাইটার্স বিল্ডিংসে আমরা যারা আছি, অসাধারণ মানুষ, তারা মারা যাবো। এর কোন মানে হয় ? সুতরাং একটা শ্বেতপত্র গণতান্ত্রিক কাঠামোর মধ্যে আপনারা প্রকাশ করে দিন। সরকারের

এতে নিজেদের প্রতীয়মান করা হয়। তার জন্য আমরা ২৯৪ জন বিধায়ক একসঙ্গে আপনাদের সাধুবাদ জানাবো। ন্যাশনাল হিউম্যান রাইটস্ এবং স্টেট হিউম্যান রাইটস্-এর এই অভিযোগগুলোর মাঝখানে যাতে আপনি সত্য প্রতিষ্ঠিত করতে পারেন। এইটুকু আপনার কাছে অনুরোধ। পুলিশ বাজেটে বলতে গিয়ে আর একটি কথা বলে আমি শেষ করছি। আজকে পুলিশের মর্যাদাহীন হয়ে পড়েছে, তাই আজকে পুলিশ বাজেটও মর্যাদাহীন হয়ে পড়েছে। আমরা দেখেছি পশ্চিমবঙ্গে যে কোনো আমল বলুন—আপনাদের আমলই বলুন কিংবা কংগ্রেস আমল বলুন—যখন জ্যোতিবাবু বিরোধ নেতা ছিলেন, যখন সিদ্ধার্থশংকর রায় বিরোধী নেতা ছিলেন তখন পুলিশ বাজেট হবে বলে খবরের কাগজে লেখা হত। তখন মানুষ পুলিশ বাজেট হবে বলে চিন্তা করত। কিন্তু আজকে যে পুলিশ বাজেট হচ্ছে তার কি অবস্থা দেখুন—আমরা কয়েকজন উপস্থিত আছি আর ওদিকে তাকান মিডিয়ার দিকে—খালি, গ্যালারীতেও একজনও উপস্থিত নেই। সুতরাং এই পুলিশ বাজেট মর্যাদাহীন একটা রূপ নিয়েছে। পুলিশ তাদের মর্যাদা হারিয়েছে, পুলিশ বাজেটও মর্যাদাহীন হয়ে পড়েছে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়** : স্যার, মাননীয় পুলিশমন্ত্রী ১০৬২ কোটি টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে আমাদের কাট-মোশানকে সমর্থন করে দু-কটি কথা বলছি। আমরা দেখি পুলিশরা ভাগ্যবান, তাই মুখ্যমন্ত্রীকে বিভাগীয় মন্ত্রী হিসাবে পেয়েছেন। আর্থিক সংকটের জন্য যখন বিভিন্ন ডিপার্টমেন্ট তাদের প্ল্যান বাজেটের ৮০ শতাংশ পাচ্ছে না, ৭৫ শতাংশ পাচ্ছে না, ৬০ শতাংশ পাচ্ছে তখন পুলিশ বাজেটে বেশি টাকা গত বছরই খরচ করেছেন। গত বছরে পুলিশ বাজেটে ছিল ১ হাজার ৯ কোটি টাকা আর খরচ হয়েছে ১ হাজার ৭৫ কোটি টাকা। তার আগের বছর ৯৯০ কোটি টাকা ছিল, খরচ হয়েছে ১২২২ টাকা। মুখ্যমন্ত্রীই পুলিশমন্ত্রী তাই সম্ভব হয়েছে। অন্য সব ডিপার্টমেন্টে কাট ৭৫ পার্সেন্টের বেশি পাবে না আর পুলিশের যে খরচ দেখুন তার অনেক বেশি ১৩০ কোটি টাকা, ২০০১ সালের অ্যাকচুয়ালসের সঙ্গে ডিফারেন্স। এটা কিন্তু পুলিশকে এগিয়ে নিয়ে যাবার জন্য নয়, এই বছর ১০৬২ কোটি টাকার মধ্যে মাত্র ১৬ কোটি টাকা প্ল্যান বাজেটে, লেসদ্যান ১.৫ পার্সেন্ট। তার মানে এর সবটাই ইক্যুইপমেন্টস, মাইনে, পোশাক-আশাক, খাবারদাবার দিতে চলে যাচ্ছে। পুলিশকে আধুনিক করা বা অপরাধ বন্ধ করার মতো তৈরি করার যে একটা বাজেট, আপনি সেটা আমাদের উপহার দিচ্ছেন না। সেইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি। স্যার, আমি অন্য কথা বলার আগে এই কথাটা বলে রাখি যে আমরা প্রধান বিরোধী দল হিসাবে মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যে, আপনার পুলিশ বা আপনার সরকার কমিউনালিজিম বা সাম্প্রদায়িকতা, টেরোরিজিম বা সন্ত্রাসবাদ, সেসেসানিজিম বা বিচ্ছিন্নতাবাদ, অরগ্যানাইজড ক্রাইম বা সংগঠিত অপরাধের বিরুদ্ধে যদি কোনো সত্যি সদর্থক পদক্ষেপ নেওয়া হয় তাহলে আমরা আছি। আপনারা বাজেটে অনেকে গুজরাট নিয়ে বলেছেন। গুজরাটে যা হয়েছে ঘৃণ্য, জঘন্য ঘটনা, জেনোসাইড এ আমি কখনো অস্বীকার করতে পারি না। কিন্তু গুজরাটের দাঙ্গা অন্য রাজ্যে ছড়ায়নি, এমন কি উত্তরপ্রদেশেও নয়। কিন্তু সি পি এম গুজরাট নিয়ে প্রচার করে পলিটিক্যাল মাইলেজ পেতে পারত খবরের কাগজে, কিন্তু তার কোন রিলাভেন্স নেই কারণ

গুজরাটে দাঙ্গা লাগেনি। দাঙ্গা একটা জায়গাতেই হয়েছে—পশ্চিমবঙ্গের ছোট্ট একটা জায়গা তেলেনিপাড়ায় দাঙ্গা হয়েছিল। সেখানে সি পি এমের দুটি গোষ্ঠী—খানসাহেব আর সাহুবাবু লড়াই করেছিলেন। আপনারা কৃতিত্ব দেখাবার জন্য দাঙ্গা বন্ধ করলেন। এছাড়া তো আর দাঙ্গা হয়নি। তাই দাঙ্গার কথা বলে কোন লাভ হবে না। আপনি বলেছেন টেররিস্টরা পশ্চিমবঙ্গে এসেছে। আমি জানতে চাই এবং নির্বেদও দাবি করেছে কি আপনাদের কাছে তথ্য আছে যাতে বলুন, তাতে যতটা রাষ্ট্রীয় গোপনীয়তা রেখে, লংঘন না করে বলা যায় বলুন, আমরা জানতে চাই। আপনাদের হোম সেক্রেটারি ফোন করে সাংবাদিকদের কি বললেন—রাইটার্স বিল্ডিংস আক্রান্ত হতে পারে। আপনি স্টেটমেন্ট দিন কে বা কারা রাইটার্স আক্রমণ করবেন। তারপরে উত্তরবঙ্গে আই এস আই-এর বিরুদ্ধে মাদ্রাসা নিয়ে বলতে গিয়ে গোলমালে পড়ে গেলেন। পুরো ব্যাপারটাই উইথড্র হয়ে গেল। তারপরে শিলিগুড়িতে যে হামলা হল তাতে আপনারা কি বলতে চাইলেন আজ পর্যন্ত সেটা ক্লিয়ার করেননি। আপনি কে এল ও-র বিরুদ্ধে ব্যবস্থা নিন। আজ পর্যন্ত পুলিশ ওই কে এল ও-র বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়নি। অসমে উলফাদের দমন করার জন্য অসম সরকার আর্মি নামিয়েছে। ডুয়ার্সের জঙ্গলে আর্মি নামান। তার তো কেউ প্রস্তাব করবেন না।

[ 5.40-5.50 p.m. ]

কিন্তু প্রশ্ন হচ্ছে যে, আপনি কি সত্যি কিছু করতে পারবেন ? আমার উত্তর হচ্ছে যে, আপনি পারবেন না। তার কারণ, কাদের উপরে ভিত্তি করে আপনি আজকে মুখ্যমন্ত্রীর চেয়ারে বসে আছেন ; এটা আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। নারায়ণ বিশ্বাস—৪১টা মামলা ওর বিরুদ্ধে ঝুলছে, তার মধ্যে এই ৪১টা মামলার মধ্যে একটা মামলা রয়েছে রতনপুরের, উনি ২০ জন মুসলমানের ঘর জ্বালিয়ে দিয়েছেন, সেই মামলা হচ্ছে। ৪১টা মামলার মধ্যে উনি ৪টি মামলায় স্যারেন্ডার করেছেন। বাকি ৩৭টা মামলায় ওর বিরুদ্ধে ওয়ারেন্ট আছে। উনি স্যারেন্ডার করেননি। লাল আলো লাগানো গাড়ি নিয়ে উনি ঘুরে বেড়ান। হয়ত আপনি বুদ্ধদেববাবু ওকে বরখাস্ত করতে চান। কিন্তু কি করবেন, অনিল বিশ্বাস বলে দিয়েছেন, কেস যতক্ষণ ফয়সালা না হচ্ছে ততক্ষণ আমি কিছু করবো না। আপনি তাই কিছু করতে পারছেন না। আপনি কাদের নিয়ে আছেন ? আমি টিভিতে শুনলাম, নিজের কানে, আপনি কাদের নিয়ে লড়বেন বুদ্ধদেববাবু ? এই যে আমি দেখছিলাম আপনার পার্টতে এরা ছিল, গুপী, পচা, কেলেগুপী, কৃষ্ণ—এরা তো দীর্ঘদিন আপনাদের পার্টিতে লালিতপালিত হয়েছে। এরা তো রাজদেওবাবুকে রিগিং করে জেতাতো। দুলাল যেদিন গ্রেপ্তার হয়, সেদিন আমি দেখি টিভিতে রাজাদেওবাবু কাঁদছেন। এ সি বরাটের সঙ্গে ঝগড়া হচ্ছে। বলছেন, আমায় গ্রেপ্তার করুন। বরাট বলছে যে, মামলা হলে আপনাকেও গ্রেপ্তার করবো। রাজদেওবাবু তো কাঁদবেনই। ওর মূল শক্তির জায়গা চলে গেছে, দুলাল, পচা, কৃষ্ণ, কেলেগুপী—আপনি কি করে ব্যবস্থা নেবেন ? এই যে সল্ট লেকে ধরা পড়ল পলাশ, পিনাকী, ম্যালকম—এই পুরো দুষ্টচক্রটা সুভাষ চক্রবর্তীর রাইট হ্যান্ড এরা। আপনি কি করে ব্যবস্থা নেবেন ? আপনি এদের উপরেই তো দাঁড়িয়ে আছেন ! আপনার মন্ত্রিসভায় এমন মন্ত্রী রয়েছে যাঁরা নির্বাচনের সময় বন্দুক নিয়ে নির্বাচন করেন। আমি তার নাম করতে চাই না।

আপনি তাদের ভিত্তির উপরে আছেন। হ্যাঁ, ব্যক্তিগতভাবে লেফট টু ইয়োর সেন্স—হয়ত আপনি এইসব পছন্দ করছেন না। আপনি নাটক লেখেন, সেটা যে রকমই হোক না কেন, কবিতা পড়েন মায়াভস্কির, যতই পুরনো হোক না কেন। শুধু আপনি হয়তো চান, এই যে কলকাতার পুলিশকে নিয়ে আপনি চেষ্টা করছেন নবদিশা করে, তারপরে তাদের নিয়ে ফুটবল খেলানো। আপনার সেই ফুটবলে শর্ট মারার ছবি কাগজে বেরিয়েছে। আপনি পথশিশুদের নিয়ে কাজ করতে চাইছেন। কিন্তু এই পার্টিকে নিয়ে কি করে করবেন ? বুদ্ধদেববাবুর বিরুদ্ধে আমার মূল অভিযোগ যে, আপনি অর্গানাইজড ক্রাইম সম্পর্কে আপনার যে ইনটেলিজেন্স তা ফেল করেছে। পশ্চিমবঙ্গের কলকাতায় অর্গানাইজড ক্রাইম ছড়িয়ে পড়েছে। খাদিমকর্তা অপহরণ হলো, তার মূল যে অপরাধী সে মারা গেল সুরাট জেল থেকে পালাতে গিয়ে। সারা জায়গায় এর জাল বিছিয়ে গেছে। আপনি পরিষ্কার বললেন, একটা গ্রাউন্ডও তৈরি করলেন, আপনার ক্যাবিনেটে প্রিভেনশান অফ অর্গানাইজড ক্রাইম অ্যাক্ট পোকার ড্রাফট তৈরি হয়ে প্লেসড্ হয়ে গেল, পাসও হয়ে গেল। এবারে কি হল ? আপনার বিরুদ্ধে আপনার পার্টির পলিটব্যুরোর একদিকে প্রকাশ কারাত, সীতারাম ইয়েচুরি আর অন্যদিকে খোদ জ্যোতি বসু বিরোধিতা করলেন। আপনার পোকা পাস হচ্ছে না, কাকে নিয়ে করবেন ? প্রেস কনফারেন্স করে বলানো হলো, জ্যোতি বসু নিজেও বললেন, আপনি পার্টিতে থেকে কারো বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন না। তার কারণ, আমার মনে আছে, ২০০০ সালে আমি যখন কংগ্রেসে ছিলাম, প্রতিদিন তৃণমূল আর সি পি এম সংঘর্ষ চলতো, কেশপুরে প্রতিদিন হচ্ছে। আমি আপনার কাছে এই বিধাসভায় দাঁড়িয়ে বলেছিলাম, আপনার কাছে গিয়ে বলেছিলাম যে, আপনি একটা মিটিং ডাকছেন না কেন—গণ্ডগোলটা যাতে থামানো যায়। আমি আপনার কাছে গিয়ে বলেছিলাম, অন রেকর্ড আমি এটা বলেছিলাম, আমি বলেছিলাম, আপনি একটা মিটিং ডাকুন। আপনি কি বলেছিলেন ? ২৩শে আগস্টের জন্য অপেক্ষা করুন। কেন, ২৩শে আগস্ট ? মেদিনীপুরের জেলা সেক্রেটারি দীপক সরকার তার সঙ্গে দেখা করতে আসছেন। তারপরে আপনি আর মিটিং ডাকেননি, কেন ? দীপক সরকাররা এসে বলল, যে আমরা অস্ত্রশস্ত্র যোগাড় করেছি। বিহার থেকে লোক নিয়ে আসছি, কার্বাইন শুদ্ধু। আমরা পরিষ্কার করে দেবো কেশপুর। তাই বুদ্ধদেববাবু আর মিটিং ডাকেননি। আজকে মেদিনীপুরে শান্তি—সেই বছরে আপনার মনে আছে, ৪৪ জন মারা গিয়েছিলেন পুলিশের গুলিতে ২০০০ সালে, মেদিনীপুরে। মেদিনীপুরে বিরোধী বলে আপনারা আর কিছুই রাখেননি। আপনাদের লং রেঞ্জ রাইফেলের কাছে আমরা হেরে গেছি। তাও ভালো, পাল্টা লং রেঞ্জ রাইফেল নিয়ে আমরা নামিনি বলে পশ্চিমবাংলার লোক বেঁচেছে, আমাদের পার্টি সেখানে জিততে না পারুক। আমি তাই একথা বলতে চাই, আপনাদের কিছু করার ক্ষমতা নেই। আজকে জনযুদ্ধের নামে আপনারা গরীব লোকদের উপরে অত্যাচার করছেন। আর বাঁকুড়ার কুখ্যাত এস পি সি পি এমের বাসুদেব বাগ, সেখানে ট্রাইবালদের উপরে অত্যাচার করছে, টাকা নষ্ট করছে। অন্ধ্রপ্রদেশে জনযুদ্ধ পুলিশ স্টেশন উড়িয়ে দিচ্ছে, তবুও সেখানকার মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু তাদের সেক্রেটারিয়েটে ডেকে ডায়ালগ করছেন। কিন্তু আপনি কেন তাদের সঙ্গে আলোচনা করতে সাহস পাচ্ছেন না সেটা আমরা জানতে চাই ? আপনার কাছে তাই আমি বলতে চাই, আপনার পুলিশ গরীব বিরোধী। টালিনালায় উচ্ছেদের সময় আমরা

দেখেছি পুলিশের চেহারা। সেখানে কি পৈশাচিক উল্লাসে তারা গরীবের ছোট্ট কুঠি ভেঙে দিয়েছে। আপনার যে পুলিশ আমেরিকান সেন্টারের সামনে জঙ্গি হানা সামলাতে পারে না, সেই পুলিশ টালিনালায় গরীবের ঘর ভেঙে দিয়েছে। গোবিন্দপুর রেল কলোনীর কথা আপনি উল্লেখ করেছেন, সেখানে আপনার পুলিশ গরীবের ঘর ভাঙতে এসেছিল, কিন্তু আমরা ভাঙতে দিইনি, আমরা রেজিস্ট করছি। আজকে পুলিশ বাহিনীর মনোবল নষ্ট হয়ে গেছে, পুলিশ বাহিনী বিভক্ত হয়েছে, এই পুলিশ বাহিনী দিয়ে কিছু হবে না। পুলিশ সম্পর্কে নাক উঁচু ভাব ছিল বুদ্ধদেববাবুর। একজন রিটায়ার্ড ডি জি তার নামও ভট্টাচার্য, তিনি মামলা করছেন বর্তমান ডি জি-র বিরুদ্ধে। এটা কেন হচ্ছে আমি বুঝতে পারলাম না ? There is a big division in the police force. সকালবেলায় বুদ্ধদেববাবু বললেন, বামফ্রন্টের নীতি নাকি গণ-আন্দোলনে গুলি চলবে না। ১৯৯৩ সালে ২১শে জুলাইয়ের অভিযানে আমি ছিলাম, সেই শান্তিপূর্ণ আন্দোলনে পুলিশ গুলি চালিয়েছিল এবং মৃতদেহগুলো আমি নিজে হাতে করে নিয়ে গিয়েছিলাম, সেদিন দেখেছি বামফ্রন্টের পুলিশ কি নির্মমভাবে গুলি চালিয়েছিল এবং আমি শুনেছি জ্যোতিবাবুর বক্তব্য এবং তুষার তালুকদারের মন্তব্য— 'ওয়েল ডান মাই বয়েজ'। জ্যোতিবাবু বলেছিলেন, 'আমি জ্যুডিসিয়াল এনকোয়ারি করব না, ওরা আমায় মারতে গিয়েছিল।' আপনারা পুলিশকে এই ক্ষমতা দিয়েছেন বলেই, তেরোটা মানুষকে গুলি করে মেরে দিলেও কোন জ্যুডিসিয়াল এনকোয়ারি হয় না। ট্রিগার হ্যাপি এই পুলিশ গুলি চালায়, কিন্তু উগ্রপন্থীদের আক্রমণের সামনে তাঁরা দাঁড়াতে পারে না। তাই এই বাজেট বক্তব্যের আমি বিরোধিতা করে এবং আমাদের কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০০২-২০০৩ সালের একুশ নম্বর অভিযাচনে যে ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রীমহাশয় উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশানগুলো আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

১,০৬২ কোটি টাকা এবারের ব্যয়বরাদ্দের জন্য ধার্য করা হয়েছে, আমরা এই মুহূর্তে যে সংকটের মধ্যে দিয়ে। একটা অভাবনীয় আনপ্রেসিডেন্টেড ক্রুসিয়াল জাংশনের মধ্যে দিয়ে যাচ্ছি। আজকে আমাদেরকে ভাবতে হচ্ছে টেরোরিজমকে আমরা কিভাবে মোকাবিলা করব, কম্যুউনালিজিমকে আমরা কিভাবে মোকাবিলা করব, সেসেশানিস্টদের আমরা কিভাবে মোকাবিলা করব। কে এল ও, আলফা, পি ডাবলু জি এরা ইন্দো-বাংলাদেশ বর্ডারে রয়েছে এবং পুলিশের জাতেই রয়েছে। আপনি ক্রাইম এগেইনস্ট উওমেনের কথা বলেছেন, রেলওয়ে ক্রাইমের কথা বলেছেন, মর্ডানাইজেশনের কথা বলেছেন, হিউম্যান রাইটসের কথা বলছেন। আমরা মনে করি এই ১,০৬২ কোটি টাকা দিয়ে মর্ডানাইজেশন, নতুন থানা বা ট্রেনিং-এর জন্য এই টাকা যথেষ্ট নয়।

[ 5.50-6.00 p.m. ]

আজকে এই সংকটের মুহূর্তে সরকারের পাশে আমাদের দাঁড়ানো উচিত, পুলিশের পাশে আমাদের দাঁড়ানো উচিত, প্রশাসনের পাশে আমাদের দাঁড়ানো উচিত। কিন্তু কোন্

প্রশাসন ? কোন সরকার ? কোন পুলিশ ? আজকে আমরা দেখি যে, শুধুমাত্র চার্জশিট দিতে না পারার জন্য ২৮শে অক্টোবর অপহরণ-এর কেসের আসামী চুনুয়া মিএগ জামিন পেয়ে গেল। আমরা সেই প্রশাসনের সঙ্গে থাকব ? আজকে এই সংকটের মুহূর্তটা কোন আনন্দের নয়, এতে কোন টেবিল চাপড়ানোর ব্যাপার নেই, এটা হাসির ব্যাপার নয়। কিন্তু আমরা যারা বিধানসভায় এসেছি, আমরা জানি না কি গভীর, কি গম্ভীর, কি ভয়ংকর পরিস্থিতির মধ্যে আমরা রয়েছি। এই মুহূর্তেই হয়ত কোন একটা ঘটনা ঘটে যেতে পারে—ঈশ্বর করুন যাতে সে রকম কিছু না ঘটে। আমাদের কাছে আই-ওপেনার হল—২৫শে জুলাই, ২০০১ খাদিম কর্তা পার্থ রায়বর্মনের অপহরণ, ২২শে জানুয়ারি, ২০০২ আমেরিকান সেন্টারে আক্রমণ। সি আই ডি কর্তা বলছিল, চার্জশিট রেডি, আমাদের সমস্ত অনুসন্ধান কমপ্লিট হয়ে গেছে। তারপর কি হল ? ২২শে জানুয়ারীর ঘটনায় সরকারের পুলিশ কর্মীরা কত অসহায়ের মতো মৃত্যুবরণ করেছে। তারা কারো স্বামী, কারো পিতা বা কারো পুত্র, তাদের বাঁচাতে সরকার কত অসহায়, পুলিশ প্রশাসন কত অসহায় ! এটা আমরা জানতে পারতাম না ২২শে জানুয়ারীর ঘটনা না ঘটলে। ঐ ঘটনার পর বলা হয়েছিল যে চার্জশিট দেওয়া হয়েছে, আর একটা সাপ্লিমেন্টারি চার্জশিট দেব, ১১ জনকে ধরা হয়েছে। তারপর এফ বি আই আফতাবকে ধরে আপনাদের দিয়েছে। মাদ্রাসার শিক্ষককেও ধরা হয়েছে। 'হিংসায় উন্মত্ত পৃথ্বী, নিত্য নিষ্ঠুর দ্বন্দ্ব'। বুদ্ধদেববাবু হয়ত ক্রাইম ইন্ডিয়া থেকে কলকাতার সঙ্গে বম্বে, মাদ্রাজ, দিল্লীর তুলনা করবেন, অন্যান্য রাজ্যের সঙ্গে এই রাজ্যের তুলনা করবেন। কিন্তু সত্যিকারের ঘটনা আপনি খুলে বলুন। ১৯৬৯ সালে জ্যোতি বসুর আমলে পলিটিক্যাল প্যাট্রেনেজ করেছেন আর দলকে ক্রিমিনালাইজড করতে গিয়ে কোথায় দাঁড় করিয়েছেন বাংলাকে ! হ্যাঁ, নিশ্চয় টেরোরিজম আপনি এতদিন মোকাবিলা করেছেন। কিন্তু আর্থ-সামাজিক ঘটনা এর জন্য দায়ী। যদি খুন করে, রাহাজানি করে তার জন্য পুলিশ। এবারে দেখলাম পলিটিক্যাল মাসলম্যান, পলিটিক্যাল প্যাট্রোনাইজ। শাসক দলের পলিটিক্যাল প্যাট্রোনাইজ কি কি হয়েছে আমি পরে আসছি। এখন ইন্টার ন্যানশনাল টেরোরিজম, ক্রস বর্ডার টেরোরিজম চলছে, পৃথিবীর বিভিন্ন দেশ থেকে আমাদের চারিদিক থেকে ঘিরে যেভাবে আক্রমণ করতে চাইছে, তাতে আমরা উদ্বিগ্ন। আপনার হোম সেক্রেটারি বলেছেন, রাইটার্স আক্রমণ হতে পারে—আমি জানি না আপনার কংকারেন্স আছে কিনা এই স্টেটমেন্ট। আমরা বরবার বলি আই এ এস-দের থেকে না করে আই পি এস-দের থেকে হোম সেক্রেটারি করা উচিত। ওই কথা বলার পর আজকে যদি এরকম কোন ঘটনা ঘটে—ঈশ্বর না করুন ঘটুক—তাহলে আমাদের মরাল কোথায় থাকবে ? শিথিলতার কথা, এমনকি মহকরণে শিথিলতার কথা উঠেছে। রবীনবাবু বললেন—আর ৭ দিন পর ২৫ বছর পূর্তি করবেন মহা সমারোহ। গর্বের কথা। বিশ্বের বিস্ময় বলেছেন উনি। এর মধ্যে ১০টা বিস্ময় আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম বিস্ময় হল—মাননীয় মুখ্যমন্ত্রী আপনি প্রথম বামফ্রন্ট ইনফরমেশন অ্যান্ড কালচারাল মিনিস্টার এবং যুব ফেডারেশনের সভাপতি।

আপনাতে মনে করিয়ে দিতে চাই সেদিনের কথা। সার্কুলার কেবেলে বসে আপনি চোখের জল ফেলেছিলেন। মনে আছে তার নাম ? ২৫ বছর আগের সেই ঘটনায় আপনি চোখের জল ফেলেছিলেন। একটা ছেলে ডাকাতের প্রতিবাদ করতে গিয়ে অচিন্ত্য শীলকে

চুঁচুড়ার বুকে প্রাণ দিতে হয়েছিল। আপনি চোখের জল ফেলেছিলেন। প্রমোদ দাশগুপ্ত বলেছিলেন পুলিশের সঙ্গে ডাকাতের যোগাযোগ রয়েছে। এটা এস ইউ সি বা কংগ্রেস বলেনি। এই অচিন্ত্য শীলের বিদেহী আত্মা কি শান্তি পেয়েছে ? রাত্রি সাড়ে ৩টের সময় ডাকাতি করে চুঁচুড়া থেকে গঙ্গার ওপারে চলে গিয়েছিল। (২) ১১০০ কর্মী খুন হয়েছিল কংগ্রেসের আমলে আপনারা বলেছিলেন। তর্কের খাতিরে মেনে নিলাম। তারপর ৪২৫ জন সি পি এমের আমলে খুন হল ৭২ থেকে ৮২-র মধ্যে। ৮২ সালের ৩১শে আগস্ট পর্যন্ত হিসাব। ৮২ সালের ২৯শে নভেম্বর প্রমোদ দাশগুপ্ত মারা গেলেন এবং যাদবপুরের স্বরাজ মুখার্জী বললেন যে, এক বছরে ১৫০ জন অর্থাৎ ৪৫০ এবং ১৫০ জন আপনাদের কর্মী মারা গিয়েছিল আপনাদেরই সময়ে। আপনারা যখন মহা সমারোহে বিশ্বের বিস্ময় পালন করবেন, তখন এদের বিদেহী আত্মা শান্তি পাবে ? ৮২ সালে বিজন সেতুর ওপর ২৩ জন আনন্দমার্গীকে নারকীয়ভাবে পুড়িয়ে মারা হল। আমরা গুজরাটের নারকীয় ঘটনার প্রতিবাদ করি, আমরা বলি স্টেট স্পনসর্ড ইনসিডেন্ট। কিন্তু ২০ বছর আগে যখন এই রকম ঘটনা ঘটেছিল আগুনে মানুষকে পুড়িয়ে মারা হল, তখন তার নেতৃত্ব কে দিয়েছিল ? ভাবুন এক বছরে ভবানীপুরে দুটো বাড়ী ভেঙেছিল। বহু মানুষ মারা গিয়েছিল, আজ বিশ্বের বিস্ময় যখন পালন করতে যাচ্ছেন, তখন যে মানুষগুলো চাপা পড়ে মারা গিয়েছিল তাদের বিদেহী আত্মা কি শান্তি পাবে ? আপনারা বলেছিলেন শাস্তি দেবেন। কিন্তু কি হয়েছে ? গুরুদাস দাশগুপ্ত বলেছিলেন—সিটুর মনোরঞ্জন রায় নেই, এখানে মহঃ আমিনও নেই—রিজিওনাল প্রভিডেন্ট ফান্ডের ঘটনা দেখুন। পুলিশের হেল্প চাইল। দিতে পারেন নি। আমার গোবিন্দ সর্দার পাশারীর কথা মনে পড়ছে এবং ২২ বছরের ছেলে মুজিবর রহমানকে হত্যা করা হয়েছিল। কারণ হচ্ছে সে পি এফ আত্মসাৎ-এর ঘটনার প্রতিবাদ জানিয়েছিল। এই ২৫ বছরের মহা সমারোহ পালন করবেন, তখন এই কথাগুলি স্মরণ করবেন না ? ১৯৯৯ সালে আপনি তখন স্বরাষ্ট্রমন্ত্রী একজন ৭০ বছরের অশীতিপর বৃদ্ধ, একজন অজাতশত্রু সুশীল চৌধুরী সি পি এমের ক্যাশিয়ার ছিল, আপনি তাকে জ্যাঠামশাই বলতেন। কেন তাঁর মৃত্যু হল ? কেন তাকে সল্ট লেকের খালের মধ্যে পড়ে থাকতে হল ? আজকে ২৫ বছর পরে যখন মহা সমারোহ পালন করবেন, তখন এই কথাগুলি স্মরণ করবেন কি ? মাদ্রাসায় মৌলবাদী কার্যকলাপ চলে, এই কথা আপনি রাইটার্স বিল্ডিং-এ বলেছেন, শিলিগুড়িতে বলেছেন, কাগজে বলেছেন অডিও ভিসুয়ালে বলেছেন দু হাজার এক সালে। তারপর পিছিয়ে গেলেন। আপনি দু হাজার সালের বাজেটে প্যারা ৬ পেজে থ্রিতে বলেছেন কিছু কিছু মসজিদ এবং মাদ্রাসা মৌলবাদী ভাবমূর্তি দেখা যাচ্ছে বিচ্ছিন্নতাবাদী কার্যকলাপ চলছে। এদের বিরুদ্ধে কঠোর হতে হবে। আমার সরকার এদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করতে দ্বিধা করবে না। কোন ব্যবস্থা নিয়েছেন কি ? ৯৯ সালের বাজেট ভাষণে বলেছেন পুলিশ জনসাধারণের মধ্যে সম্পর্কে ভালো করতে হবে।

[ 6.00-6.10 p.m. ]

৯৬ সালে ২০শে মে আপনার পুলিশ মন্ত্রিত্বের ৬ বছর পূর্ণ হলো। আপনি তখন বলেছিলেন পুলিশ কমিউনিটি সারভিস করবে। কি কমিউনিটি সারভিস করছে পুলিশ।

আপনার নিজের থানা কড়েয়া থানার কথা বলুন সেখানে কমিটি আছে ? কড়েয়া থানায় গত ৬ বছরে অ্যাডভাইসরি কমিটির মিটিং হয়েছে ? আজকে হিউম্যান রাসটস কমিশনের মুকুলগোপাল মুখোপাধ্যায় ৯৬-৯৭ সালের রিপোর্ট দেখুন আর আজকের রিপোর্ট দেখুন। আজকে হিউম্যান রাইটস কমিশনের অসহায়তার কথা মুকুলগোপাল মুখোপাধ্যায় বারবার বলেছেন। হিউম্যান রাইটস কমিশন আর আগের অবস্থায় নেই। তাই আজকে প্রশ্ন হলো যে বাংলার পুলিশকে কিভাবে আপনারা ব্যবহার করেছেন। এই যে দুলাল ব্যানার্জী—ওই যে আপনার সামনে বসে আছেন আবদুর রেজ্জাক মোল্লা উনি অরুণাভ ঘোষকে বলেছেন আপনাকে দেখে নেব, রিপিট করেছেন দেখে নেব। ওই যে নারায়ণ বিশ্বাস বসে আছেন, কি বার্তা বহন করতে চাইছেন আপনারা ? একদিন দুর্নীতিগ্রস্তদের সরকার বলে আপনি চলে গিয়েছিলেন, বিনয় চৌধুরী বলেছিলেন গভর্ণমেন্ট অব দি কন্ট্রাক্টরস, ফর দি কন্ট্রাক্টরস অ্যান্ড বাই দি কন্ট্রাক্টরস। আজকে আপনাদের সরকার খুনিদের সরকার, অপরাধীদের সরকার। তাই আজকে দুলাল ব্যানার্জী পুলিশের ৬ জন মহিলাকে ধরে পিটেছে, অ্যাডিশনাল এস পিকে চড় মেরেছে, বরানগর মিউনিসিপ্যালিটি ইলেকশনে দুলাল আপনাদের দলের লোকদের ধরে পিটেছে, রাবার টেকনোলজিস্টকে ধরে মারধোর করেছে, যাদবপুর ইউনিভারসিটির প্রফেসরকে মারধোর করেছে, হেডমাস্টারকে মারধোর করেছে। ২০ বছর ধরে তাকে দিয়ে একটার পর একটা—কলকাতা পৌরসভা, বরানগর পৌরসভা, দমদম লোকসভা, বিধানসভা জেতার জন্য, দুলাল ব্যানার্জীকে ব্যবহার করে এসেছেন। তার মাসুল দেবেন না ? কারা তাদের আশ্রয় দিচ্ছে, প্রশ্রয় দিচ্ছে ? এই যে আজকে ইন্টারন্যাশনাল টেররিস্ট আসছে তাদের আশ্রয় দিচ্ছে কে বা কারা ? এটা আগে ঠিক করুন। আগামী দিনে আপনাদের সরকারের সঙ্গে, আপনাদের পুলিশের সঙ্গে আমরা থাকব যদি আপনাদের প্রশাসনে স্বচ্ছতা আসে। আপনারা সেসসেনিস্টদের সঙ্গে থাকবেন টেররিস্টদের সঙ্গে থাকবেন আর মৃত্যুবরণ করবে সাধারণ মানুষ, বাংলার নাগরিক। আপনারা পুলিশকে পঙ্গু করে দিচ্ছেন তাই আজকে এই বাজেটের বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশ বাজেটের প্রথমেই যেটা উঠেছে তা হল পুলিশ বাজেট বেড়েছে গত তিন বছরে তুলনামূলকভাবে এবং এই আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী পক্ষের সদস্যরা এটা মেনেছেন যে, শতকরা ৫ থেকে ১০ ভাগ যেটা বেড়েছে সেটা এস্টাবলিশমেন্টের জন্য, মাইনে, মজুরি, মূলত বেড়েছে, এটা তাঁরা স্বীকার করেছেন। কিন্তু আধুনিকীকরণ, সংখ্যা বাড়ানো, থানা বাড়ানো এই ক্ষেত্রে একটা ক্রিটিক্যাল গ্যাপ, একটা সংকট আমাদের আছে। কিন্তু তা সত্ত্বেও আমরা কখনো এটা করি না, দু-একজন সদস্য যেটা বলেছেন যে, কৃষি ব্যবস্থাকে পিছিয়ে দিয়ে, শিক্ষা ব্যবস্থা, স্বাস্থ্য ব্যবস্থাকে পিছিয়ে দিয়ে অন্য বিভাগের ব্যয় কমিয়ে আনা হোক শুধু পুলিশের বাজেট বেড়ে চলুক। এই রাজনৈতিক দর্শন নিয়ে আমাদের বামফ্রন্ট সরকার আসেনি। আমরা আমাদের দায়িত্ব সম্পর্কে সচেতন। মানুষের উন্নয়নের জন্য যে বাজেট সেই বাজেটকে কমিয়ে দিয়ে কখনোই পুলিশ বাজেট বাড়ানো হবে না। দ্বিতীয় আরেকটা কথা আমি বিরোধী পক্ষর নেতাকে অনুরোধ করব, আপনি বিরোধী দলের নেতা। আপনি বিষয়গুলোর গভীরে গিয়ে জানুন, কেন এই

রাজ্যের ডি জি-র সংখ্যা, আই জি, ডি আই জি-র সংখ্যা বাড়ল ? তাহলে আপনাকে জানতে হবে আমাদের রাজ্যে ক্যাডারের স্ট্রেইনথ কতো, ক্যাডারের স্ট্রেইনথ কতো হলে কি পরিমাণে পোস্ট থাকে। এই পোস্ট তৈরি করার জন্য দিল্লীতে একটা কমিটি থাকে, দিল্লীর স্বরাষ্ট্র দপ্তরও থাকে, আমরাও থাকি। সেখানে আলোচনা করে, তাদের অনুমতি নিয়েই এটা হয়, কিছু ক্যাডার পোস্ট, আর কিছু নন-ক্যাডার পোস্ট হয়। অন্য রাজ্যের থেকে খবর নিন তাদের কি করতে হচ্ছে। এই পোস্টগুলি আমরাতো অকারণে করছি না। এটা ক্যাডার স্ট্রেইনথ বুঝে, নীতি অনুসারেই করতে হয়, এটা সর্বভারতীয় নীতি। এটা দিল্লীর স্বরাষ্ট্র দপ্তরের সাথে কথা বলেই করতে হয়। এটা আমাদের খেয়াল-খুশি মতো ২০টা আই জি, ৩০টা ডি আই জি—এই ভাবে হয় না। এটা নিয়মনীতি মেনেই হয়। এটা আপদানের ভালো করে জেনে নেওয়া উচিত। তার পরে এই কথাগুলি বলা উচিত।

দ্বিতীয় কথা একটা ব্যাপারে গত ৩ বছর ধরে বিতর্ক হচ্ছে। বিতর্ক হচ্ছে, বিতর্ক হওয়া ভালো, কিন্তু একটা ঐকমত আমি অন্তত আশা করি। এই কথা আপনারা মেনে নিন। বাজেটে যেহেতু আমরা হঠাৎ বাড়াতে পারি না, উচিতও নয় বাড়ানো, সেই কারণে আমাদের রাজ্য এবং কলকাতাসহ ভারতবর্ষের অন্যান্য বড় রাজ্যগুলি, আমাদের মতো রাজ্য যেগুলি আছে তাদের তুলনায় এবং মহানগরী হিসাবে মুম্বাই এবং দিল্লী থেকে আমাদের পুলিশের সংখ্যা অনেক কম। এটা সবাই আমরা জানি। এটাতে তর্কের কোনো ব্যাপার নেই, এটা সংখ্যার ব্যাপার। কোনো ওপিনিয়নের ব্যাপার নয়, তথ্যের ব্যাপার। কিন্তু এটা মেনে নিন। তা সত্ত্বেও আমাদের মতো জনসংখ্যা অধ্যুষিত রাজ্যে এবং এই ৩টে মহানগরীর মধ্যে অপরাধের সংখ্যা আমাদের সবচেয়ে কম। একথাটা জানতে অসুবিধা কোথায় ? আমি তো বলছি না অপরাধ হচ্ছে না। তা বললে ভুল হবে। আমি শুধু বলতে চেয়েছি যে কম পুলিশ বাহিনী নিয়ে দিল্লী এবং মুম্বাইয়ের থেকে অপরাধের সংখ্যা এখানে অনেক কম রাখতে পেরেছি। এই কৃতিত্ব মানতেই হবে। এই মত তৈরি করার জন্য আমার উপর নির্ভর করার দরকার নেই। আপনাদের পার্লামেন্টের সদস্য আছেন, তাঁদের গিয়ে প্রশ্ন করুন, স্বরাষ্ট্র দপ্তরের কাছে জানতে চান দিল্লীতে যে, আমাদের এই তথ্যগুলি, এটা আমার মত, না এটা সর্বভারতীয় স্বীকৃত মত ? পার্লামেন্টে প্রশ্ন করুন না। পার্লামেন্টে প্রশ্ন করে কেন্দ্রের স্বরাষ্ট্র দপ্তরের কাছে জানতে চান। তাঁরা এটাই বলবেন যে পশ্চিমবঙ্গে পুলিশ সবচেয়ে কম এবং এও স্বীকার করবেন দিল্লী এবং মুম্বাই—দিল্লীতে তো এখন মারাত্মক অবস্থা—থেকে কলকাতায় অপরাধের সংখ্যা অনেক কম। কিন্তু আমি যদি বলতাম অপরাধ নেই তাহলে সেটা মূর্খের কথা হতো। অপরাধ হচ্ছে। আমরা এমন সমাজে বাস করছি যেখানে অপরাধ হবেই। কিন্তু কথা হচ্ছে অপরাধ হচ্ছে, অপরাধকে দমিয়ে রাখার চেষ্টা হচ্ছে। খুব কঠিন কাজ। আমি গত ৩ বছরের সাধাণরভাবে হিসাব দেখেছি। ৬৬ হাজার ছিল ১৯৯৯-তে। ২০০০-এ হলো ৬৫-তে, ২০০১-এ একটু কমেছে, এটা আমি দাবি করছি না। এটা মার্জিনাল ডিক্রিজ, এটা মার্জিনাল ইনক্রিজ হচ্চে। ২০০২-তে ৬১ হাজারে নেমেছে, ৪ হাজার কম। কিন্তু আমি বলতে পারবো না যে সামনের দু বছরে আমি এই ৪ হাজার মেনটেন করতে পারব কিনা। কিন্তু অপরাধের সংখ্যাটা গত ৩ বছরের হিসাব করলে ৬৬ হাজার ৫২৫, তার পরের বছরে ৬৫

হাজার ৮৩৪, ২০০১ সালে ৬১ হাজার ৬৩৫। এই সমস্যাটা রয়েই যাচ্ছে। এই সমস্যার পিছনে যে আর্থসামাজিক কারণগুলি আছে, আপনারা জানেন বেকারত্ব, নানা রকম সংকট, দেশের মধ্যে নৈরাজ্য, আর্থিক সামাজিক কারণ, মূল্যবোধ সব কিছুই এর সঙ্গে জড়িত। এখানে আরেকটা প্রশ্ন উঠেছে মাননীয় বিরোধী দলের নেতা আলোচনা করার সময় বললেন—আমার খুব অবাক লাগলো শুনে—তিনি বললেন এই যে আন্তর্জাতিক সন্ত্রাসবাদের ব্যাপারে আমরা কতদিন আগে থেকে বুঝিয়েছি, কিন্তু আপনি এবার প্রথম বুঝলেন। এমনকি কান্দাহার নিয়ে যাওয়া হয়েছিল ইন্ডিয়ান এয়ারলাইন্সের বিমানকে হাইজ্যাক করে, তখনও নাকি ওঁরা বলেছিলেন, কিন্তু আমরা গুরুত্ব বুঝিনি এবং এই প্রথম নাকি এই বাজেট বক্তৃতায় এটা উল্লেখ করা হচ্ছে। আমি ওঁনার জন্য গত ৩ বছরের বাজেট বক্তৃতা নিয়ে এসেছি, বললে আমি আরও দু বছরের নিয়ে আসতে পারি, বারবার এক কথা বলে যাচ্ছি, গত ৩ বছরের বাজেট বক্তৃতাতেও আমরা বলেছি যে, এটা একটা বাস্তব। পরের প্রশ্নে আমি আসছি যে, এই বাস্তব প্রশ্নটা আপনি কেন বলছেন যে এটা এখনই আমরা বুঝেছি যে, আন্তর্জাতিক সন্ত্রাসবাদের ঝড় আমাদের রাজ্যে এসেছে। এটা গত ৩, ৪টে বাজেটে আমরা বারবার বলে যাচ্ছি। আপনাকে জানানোর জন্য বলছি ঘটনা শুরু হয়েছিল ১৯৯৩ সালে।

[ 6.10-6.20 P.M. ]

১৯৯৩ থেকে ২০০২ সাল পর্যন্ত আমাদের রাজ্যে এই ধরনের গুরুতর আই এস আই অ্যাক্টস ইন টেরোরিস্ট গ্রুপস-এর প্রায় ২০টা ঘটনা ঘটেছে। ১০৩ জন জেলে আছে। কিছু আমাদের জেলে আছে, কিছু দিল্লির হাতে আছে। এবং একটা কেসের ফয়সালা হয়েছে। সেটা হচ্ছে চাঁদীপুর রকেট লাঞ্চিং প্যাড। সেখানে গিয়ে যারা ক্ল্যাসিফায়েড ইনফর্মেশন নিয়ে যাচ্ছিলেন, সেই মামলাটার নিষ্পত্তি হয়েছে, তাদের যাবজ্জীবন কারাদণ্ড হয়েছে। বাকি সব কটা মামলা চলছে। এই যে ২০টা ঘটনা ঘটেছে তার প্রত্যেকটার ক্ষেত্রে পুলিশের পারফর্মেন্সের কথা বলা উচিত। আপনি একটা ধরলেন কিনা মার্কিন প্রচার দপ্তর। মার্কিন প্রচার দপ্তরের ঘটনা সম্বন্ধে আমি আগেও বলেছি আমার বলছি, সত্যিই আমরা প্রস্তুত ছিলাম না। যদি বলেন তাহলে সেটা আমাদেরও দোষ। আমরা ১১ই সেপ্টেম্বরের পর থেকে যে কটা ভাইটাল ইনস্টলেশন, যে কটা ক্যাটাগরি, যে কটা কেন্দ্র বলেছিল তার মধ্যে মার্কিন কনস্যুলেট অফিসও ছিল, ব্রিটিশ হাই-কমিশনারের অফিস ছিল। প্রচার দপ্তরকে আমরা তখনও মনে করছিলাম যে, ওখানে একটা ভাইটাল প্রসেশন আসতে পারে, ঢিল ছোঁড়াছুড়ি হতে পারে। এবং সেটা দেখার মতো যে পুলিশ বাহিনী সেটা ছিল ওখানে। কিন্তু ঐ রকম ঠিক ঐ জিনিস হত না। আমি এটা খুব বিনীতভাবে দাবি করতে পারি। প্রচার দপ্তরে আমরা প্রস্তুত ছিলাম না। আমরা ভাবতে পারিনি প্রচার দপ্তরে ঐ রকম টেররিস্ট এ্যাটাক হতে পারে। আমরা ভেবেছিলাম ওখানে পলিটিক্যাল ডেমোনেস্ট্রেশন হতে পারে। কিন্তু আমরা কনস্যুলেটে তৈরি ছিলাম, এখন আছি। ...... ((নয়েজ) ....। হ্যাঁ, বলতে পারেন। সেই দোষ আমরা স্বীকার করে নিচ্ছি। আত্মসমালোচনা আমারও সমালোচনা। কিন্তু এও বলছি, এটা মার্কিন প্রচার দপ্তরে হয়েছে, কিন্তু মার্কিন কনস্যুলেট করতে পারত না। আমরা মার্কিন

কনস্যুলেটে সম্পূর্ণ প্রস্তুত ছিলাম, এখনও আছি। ....... (গোলমাল) .... ব্রিটিশ হাইকমিশনে .... (গোলমাল) .... না, তখন ছিলাম, ঘটনার আগে। সুব্রতবাবু, তা না। ঐ ঘটনার আগে থেকে প্রস্তুত ছিলাম কনস্যুলেটে। এটা নয় যে আমেরিকান সেন্টারে হওয়ার পর কনস্যুলেটে তৈরি হয়েছি। না। আগেই তৈরি ছিলাম। এটা ঠিক বোঝেন তো আমাদের যে বাহিনী এবং যারা কমান্ডোস, যাদের এই সব কাজ করতে হয়, তাদের সংখ্যা তো কম। কতগুলো ভাইটাল ইনস্টলেশন পাহারা দেব ? সেই জন্য আমাদের তালিকার মধ্যে আমেরিকান কনস্যুলেট, ব্রিটিশ হাইকমিশন অফিস ছিল। কিন্তু দুর্ভাগ্যবশতঃ প্রচার দপ্তরে আমরা প্রস্তুত ছিলাম না। কিন্তু আমি যেটা বলতে চাইছি ২০টা ঘটনার ক্ষেত্রে, উত্তরবঙ্গে একজন ছবি তুলছিল মিলিটারি ইনস্টলেশনে, সমস্ত দলটাকে গ্রেপ্তার করেছি, নিয়ে এসেছি। আপনারা কিন্তু বড় কেস যেটা সেটা সম্বন্ধে বললেন না। খাদিম। আপনি শুধু এটা বললেন—ত্যথ্যটাও ভুল বললেন। মার্কিন প্রচার দপ্তরে সবাইকে গ্রেপ্তার করেছি এবং একজনকে হাজারিবাগে গিয়ে গুলি করেছে দিল্লির পুলিশ। আপনি বললেন, আপনাদের পুলিশ এমন, আপনাদের অবস্থা এমন যে, আমাদের পাশের রাজ্য ঝাড়খণ্ডের থেকেও খারাপ। ঝাড়খণ্ড পুলিশ কিছু করেনি। দিল্লি পুলিশ আমাদের সঙ্গে যোগাযোগ করে। আমরা বলি, বাইরের রাজ্য .... (গোলমাল) ... জেনে নিন, জেনে নিন। জেনে নিন। হাজারিবাগে যে গুলি চালিয়েছিল, একজনকে মেরেছিল, সেটা দিল্লির পুলিশ মেরেছিল ঝাড়খণ্ডের পুলিশ নয়। আমি ঝাড়খণ্ডে গিয়ে করতাম না। আমি দিল্লিকেই বলতাম, তোমরা গিয়ে কর। আর, মারতে বলতাম না, বলতাম তুলে নিয়ে এস। কিন্তু এনকাউন্টার হয়েছে মরে গেছে। কিন্তু আপনারা খাদিমের কথা বললেন না। এই কেসে ভারতের ৪/৫টা রাজ্যের রাজধানী থেকে সমস্ত অপরাধীদের তুলে নিয়ে আসা হয়েছিল।

(ভয়েজ : আফতাবকে আমেরিকান পুলিশ আপনাদের হাতে তুলে দিয়েছে।)

কথাটা ঠিক নয়। শুনুন, শুনুন, দুবাই থেকে আনা খুব কঠিন। এটা ঠিকই। আপনিও জানেন কে এনেছে না এনেছে, আমি তার মধ্যে যাচ্ছি না, আমি আফতাবের কথা বলছি না, আমি বলছি, মুম্বাই থেকে, হায়দ্রাবাদ থেকে, বাঙ্গালোর থেকে, গুজরাট থেকে, রাজকোট থেকে বাকি যেগুলোকে ধরা হয়েছে, সব আমাদের পুলিশ ধরেছে, সমস্ত। এবং তার জন্য আমাদের কারো সাহায্য লাগেনি। অন্তত এই কৃতিত্বটা দেবেন তো ? আফতাব আনসারিকে দুবাই থেকে ধরা আমাদের কেন ভারত সরকারও কখনও পারত না, আপনি যেটা বলেছেন সেটা হয়তো পরোক্ষে ঠিক, কিন্তু সেটা কোন কথা নয়। আমরা বাকি সমস্ত লোককে গ্রেপ্তার করে নিয়ে আসতে পারলাম। এটা অন্তত আপনাদের বলা উচিত ছিল। আমি বলছি, ২০টা ঘটনা ঘটেছে এবং ১০৩ জনকে আমরা গ্রেপ্তার করেছি। ওড়িশা গিয়ে যে করলাম, আপনারাও যেটা বললেন আমাদের রকেট লাঞ্চিং প্যাডের ব্যাপারে, সেটা তো ওড়িশার পুলিশ করেনি, আমরা করেছি। ধরে নিয়ে এসেছি সব। অন্তত এই স্বীকৃতি দেওয়া উচিত যে রাজ্য সরকার সন্ত্রাসবাদীদের সম্পর্কে হাত গুটিয়ে বসে ছিল না।

বিধানসভার মধ্যে বলছি, বাইরে বলছি, আমি প্রত্যেকটা মিটিং-এ বলছি, এটা বাস্তব বিপদ, এটা রিয়েল থ্রেট। আগে আমরা তত্ত্বগতভাবে বলছিলাম, কিন্তু এটা এখন বাস্তব বিপদ এবং আমার এখনও আশঙ্কা যে, পশ্চিমপ্রান্তে এখন হয়তো পরিস্থিতি একটু সহজ

হয়ে আসছে, কিন্তু আমাদের এই পূর্ব সীমান্তে যদিও বাংলাদেশ আমাদের কোন মিলিটারি থ্রেট নয়, কিন্তু পূর্ব সীমান্তে এই কাজগুলো আমাদের বাড়বে বলে মনে হচ্ছে, দিল্লি থেকেও সেরকম কথাবার্তা আমরা শুনছি। সেজন্য আমাদের আরও বেশি সতর্ক হতে হচ্ছে। এখন আমি আরেকটা বিষয় বলব সেটা হচ্ছে, কে পি পি, কে এল ও, পিপলস্ ওয়ার গ্রুপ, এম সি সি-র ব্যাপারে। মাননীয় সদস্যরা জানেন, কংগ্রেসের মাননীয় সদস্য কে পি পি, কে এল ও-এর কথা বলেছেন। আমরাও কখনও জিনিসটাকে আর্থসামাজিক, রাজনৈতিক ঘটনা বাদ দিয়ে দেখিনি। কামতাপুরী, পিপলস্ পার্টি—এরা রাজবংশীদের একটা অংশকে তার মধ্যে কিছু ভাবাবেগ তৈরি করেছিল, সেই ভাবাবেগকে আপনারা বা তৃণমূলরা প্রশ্রয় দিয়েছিলেন একসঙ্গে নির্বাচনী জোট গড়তে গিয়ে, কিন্তু শেষ পর্যন্ত হয়নি। কেন হয়নি জানি না। তাঁরা ভাবলেন যে, কে পি পি-এর সঙ্গে হাত মেলানো ভাল। এখন এই কে পি পি, কে এল ও—আমরা এদের সঙ্গে আপসহীন সংগ্রাম করছি, ৮৪৩ জন অ্যারেসটেড হয়েছেন, তার মধ্যে ১৮ থেকে ২০ জন অন্তত হার্ডকোর কে এল ও। সমস্যাটা হচ্ছে আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র থেকে তারা অপারেট করছে, কঠিন ব্যাপার। এখানে আক্রমণ করে পালিয়ে যাচ্ছে বাইরে সীমান্ত পেরিয়ে ওপাশে। এ ব্যাপারে আমাদের সাধ্যমতো আমরা করছি, দিল্লির সঙ্গে কথা বলছি—প্রতিবেশী রাষ্ট্র, বন্ধু রাষ্ট্র, কিন্তু আমরা কখনও এটা মনে করছি না তাদের রাজনৈতিকভাবে বিচ্ছিন্ন করতে না পারলে এটা করা যাবে। কিন্তু তদের সঙ্গে কোন আপস আমরা করব না—কে এল ও-এর সঙ্গে, পিপলস্ ওয়ার গ্রুপ, এম সি সি—এদের সঙ্গে কোন আপস করব না। যেটা আপনি বললেন, মেদিনীপুরে আমরা ২৬০ জনকে অ্যারেস্ট করেছি, বাঁকুড়ায় ১৬৮, এদের মধ্যে হার্ডকোর, খুন করেছে এরকম মামলায় আমরা গ্রেপ্তার করেছি বেশ কয়েকজনকে। ঠিক একইভাবে আমরা কিন্তু নজর রেখেছি এটা যে, ঐ এলাকাগুলোতে আদিবাসী গ্রামগুলোর মধ্যে তারা কেন ঢুকতে পারলো ? সেখানে তাদের দারিদ্র্য, দুর্বলতার সুযোগ নিয়ে ঢুকেছে, সেই কারণে আমরা ওখানে একটা ক্র্যাশ প্রোগ্রাম নিয়েছি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে, সেটা হচ্ছে জেলা পরিষদের কিছু টাকা, আর আমাদের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ আমরা যেটা করেছি তার কিছু টাকা নিয়ে গ্রামাঞ্চলগুলোতে ক্র্যাশ প্রোগ্রাম নিয়েছি। কি করছি। জলের সমস্যা আছে, স্বাস্থ্যের সমস্যা আছে। টিউবওয়েল বসানো যায়, কুঁয়ো খোঁড়া যায়। ঐ যেটা আপনি বললেন, বাঁশপাহাড়ি, বেলপাহাড়ি—খুব দুর্গম অঞ্চল, কি করে জলের ব্যবস্থা করা যায় ? পানীয় জল, হেলথের জন্য একটা মোবাইল ভ্যান নিয়ে যাওয়া হচ্ছে, কিছু ওষুধ, কিছু চিকিৎসা, তার সঙ্গে সঙ্গে ওখানে কেঁদু পাতার দামটা ভীষণ পড়ে গেছে, ওখানে বিড়ির পাতা যেটা হয়, সেই দামটা সাবসিডি দিয়ে কেনা যায় কিনা ল্যাম্পের মাধ্যমে—এইগুলো আমরা জোর দিয়েছি। এইগুলো না করতে পারলে শুধু বন্দুক দেখালে কিছু হবে না। সেই কাজ আমরা ওখানে করছি এবং তার জন্য ওখানে আমাদের আরও পরিশ্রম করে যেতে হবে। শ্রী নির্বেদ রায় এখানে খুব গম্ভীরভাবে একটা বিষয় তুললেন, উনি অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল থেকে বলতে আরম্ভ করলেন। আমি শুধু ওনাকে বলব, উনি তো লেখাপড়া জানা মানুষ, অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের ইতিহাসটা একটু জেনে নিন না ভাল করে। কে এরা ? ভিয়েতনাম যুদ্ধের সময় এরা কোথায় ছিল ? ওদের উত্তর

আপনি যদি পড়ে দেখেন আপনার হাসি পাবে। তিন দশক ধরে যখন নেলসন ম্যান্ডেলা জেলে ছিলেন, তখন কোথায় ছিল অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ? আমি ওদের উত্তর দিয়েছিলাম, আমার কাছে ওগুলো হচ্ছে বাঞ্চ অফ ন্যাস্টি পেপার্স, ওটা আমার পড়ারও সময় নেই। ওটা আমার সেক্রেটারি উত্তর দেবেন ওদের। আমার পড়ারও সময় নেই ওটা। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল—এটা হচ্ছে একটা অ্যান্টি কমিউনিস্ট আমেরিকান রাইট উইংদের ওটা ফোরাম, ওটাকে আমরা দায়িত্বশীল সংগঠন মনে করি না, সারা ভারতে ওরা হিউম্যান রাইটস খুঁজে বার করতে আরম্ভ করলো পশ্চিমবাংলায়। এর পিছনেও একটা কারণ আছে। আমার কাছে গুরুত্ব নেই।

(ভয়েজ : গুজরাটের ব্যাপারে যেটা বলল সেটা ঠিক ?)

ওটা আমি পরে আসব গুজরাটে। অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের রিপোর্টেরও আমার কাছে গুরুত্ব নেই। আমার কাছে গুরুত্ব সুপ্রিম কোর্টের অবজারভেশন, ন্যাশনাল হিউম্যান রাইটস্ গুজরাটে কি বলেছে, মাইনোরিটি কমিশন কি বলেছে। অ্যামনেস্টি কি বলল আমার কিছু এসে যায় না। কোন বক্তব্যই নেই ওর মধ্যে। ওর মধ্যে শুধু শয়তানী ভরা কিছু মিথ্যা অভিযোগ—এই হচ্ছে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এবং আমি সেটার উত্তর ঐ ভাষাতেই দিয়েছি, ওদের ওই ভাষাতেই ওরা বোঝে, কোন্ ভাষায় উত্তর দিলে ওদের চলবে। তারপর আমি সাধারণভাবে কয়েকটা কথা বলি, কিছু কথা উঠেছে এখানে। এসব সৌগতবাবু জানেন, একটু শুনে নিন না ওঁর কাছ থেকে—এদের ইতিহাসটা কি ? ওরা কিউবার রেভেলিউশনের সময় কি করেছিল ? এসব জানেন উনি। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল আপনি পড়বেন না।

[ 6.20-6.30 P.M. ]

বোধহয় অশোকবাবু পুলিশ হাউসিং নিয়ে বললেন। এ বিষয়ে ১০ম অর্থ কমিশনের অর্থ বরাদ্দ ছিল ৩৭ কোটি ৬৪ লক্ষ টাকা। আমরা সবটা পারিনি, ১০১৬টি বাড়ি তৈরি করেছি এবং ইউনিটগুলো ওপেন করে চালু করেছি। উনি ঠিকই বলেছেন, নীচুতলার পুলিশ কর্মীদের আবাসন সমস্যা, একটা গুরুতর সমস্যা, টেন্‌থ ফিনান্স কমিশনের টাকায় এই কাজ যতটা পারছি দ্রুত করবার চেষ্টা করছি। এই টাকাটা আমরা খরচ করতে পারব। হ্যাঁ, সময় একটা বেশি লাগছে—পার ইউনিট কত টাকা লাগবে এই হিসেবটা আমাদের ঠিত মতো ছিল না। বেশি খরচ হয়ে যাচ্ছে কিনা ইত্যাদি দেখতে গিয়ে সময় নষ্ট হয়ে গেছে। তবে ১০১৬টি বাড়ি হয়ে গেছে, আরো করতে হবে। ফরেনসিকের জন্য পোস্ট মর্টেম রিপোর্টের দেরি হয়। এটাও একটা খুব বড় সমস্যা। সম্প্রতি আমরা ৩২টি পোস্ট ক্রিয়েট করেছি। আমাদের ফরেনসিক ল্যাব যত উন্নত হবে ততই পোস্ট মর্টেম রিপোর্ট তাড়াতাড়ি করা যাবে। তারপর মর্ডানাইজেশনের প্রসঙ্গে বলতে হয় যে, সত্যিই এটা সবচেয়ে বড় সংকট এবং দুশ্চিন্তার বিষয়। কি করে পুলিশ বাহিনীর আরো আধুনিকীকরণ করা যায় সেটাই আমাদের সবচেয়ে বড় চিন্তা। একটা দিক সম্বন্ধে আপনারা ঠিকই বলেছেন, জেলায় জেলায় পুলিশ বাহিনীর গাড়ি খুবই কম, মান্ধাতার আমলের গাড়ি, ছোট থানা লোক ঠিকমতো নেই। এটা একটা দিক। অপরদিকে এই সব সমস্যার কিছুটা সুরাহার সাথে সাথে, মর্ডানাইজেশনের সাথে সাথে

ইন্টেলিজেন্সি বাড়ানো দরকার। ফায়ার পাওয়ার, ওয়েপন্স দরকার। এ সব করতে দিল্লি থেকে খানিকটা সাহায্য পাচ্ছি, এটা অস্বীকার করতে পারি না। এ বিষয়ে আমি আদবানীর সঙ্গে কথা বলেছি। ২০০০-২০০১ সালে ৬৪ কোটি ৬০ লক্ষ টাকা পেয়েছি। পরের বছরের ৫৬.৫০ কোটি টাকা মার্চ মাসের শেষে পেয়েছি তাই খরচ করা সম্ভব হয়নি। এ বিষয়ে যা খরচ হচ্ছে তা ঐ ৫০ : ৫০ হারে হচ্ছে। সারা দেশে এটাই নিয়ম। কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তর সব রাজ্যকেই এ ক্ষেত্রে ৫০ ভাগ টাকা দেয়। বাকি ৫ ভাগ রাজ্যকে দিতে হয়। এইভাবে আমরা এই কাজ করার চেষ্টা করছি। আর কয়েকটা কথা আমি দ্রুত বলে নিতে চাই। বেলগাছিয়ার একজন গ্রেপ্তার হয়ে আছেন এবং জলপাইগুড়ির একজনেরও কথা বলা হল। আমি শুধু বিরোধীদের একটা প্রশ্ন করছি, আপনাদের সরকারের সময় আপনারা কি এটা ভাবতেও পারতেন যে, নিজেদের দলের লোককে নির্বিচারে তুলে এনে গ্রেপ্তার করছেন, চার্জসিট দিচ্ছেন ? সুব্রতবাবু তো ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে এক সময় পুলিশমন্ত্রী ছিলেন, কল্পনা করতে পারতেন ? আপনাদের সময় আপনাদের দলের যারা অপরাধ করতো তাদের একজনকেও আপনারা কখনো গ্রেপ্তার করেননি, একটা চার্জসিটও দেননি। শুধু দুলাল বন্দ্যোপাধ্যায়ই নয়, শৈলেন দাসকে যারা খুন করেছে তাদেরও গ্রেপ্তার করেছি, সবাইকে ধরেছি।

(গোলমাল)

মন্ত্রীর ব্যাপার বলছেন। হ্যাঁ, মন্ত্রীকে চার্জসিট দিতে পারা যায়। যখন মন্ত্রীকে চার্জসিট দেয়ার সময় এসেছে আমরা বলেছি—দিন। রুল অব ল' অনুযায়ী দিতে বলেছি। তাপস রায় বিজন সেতুর হত্যাকাণ্ড নিয়ে বলতে চাইলেন, আনন্দমার্গ সম্বন্ধে বলতে চাইলেন। উনি ঘটনা জানেন না। মামলা হবার পর মামলার ডেট যখন পড়তে আরম্ভ করল হাইকোর্টে, ওঁরা একদিনও গেলেন না। একটা এফিডেভিট দিলেন না, কোন ল'ইয়ার দাঁড় করালেন না। যাঁরা এখানে হাইকোর্টের আইনজীবী আছেন তাঁরা এটা জানেন। মামলার কেস হিস্ট্রি বের করুন তাহলেই সব জানতে পারবেন। মামলা শুরু হওয়া থেকে কোন দিনই ওঁরা অ্যাপিয়ার হননি, ল'ইয়ার দেননি, এফিডেভিট দেননি। আসলে ওঁদের মামলা লড়ার সাহস নেই। তারপর তাপস রায় একজনের নাম বললেন, একজন প্রোমোটারের। ওকে জেলে আমি পাঠাবোই, এটা আপনারা জেনে রাখুন। কুন্দলিয়াকে আমরা জেলে পাঠাবই। অনেক কায়দা করে এদিক-ওদিক বেড়াচ্ছে। প্রায় শেষ হয়ে এসেছে। আমার ল-মিনিস্টার যা বলেছেন তাতে আমরা ওকে ঢুকিয়ে দিতে পারবো, আর দেরী করতে পারবো না, হয়ে যাবে। তাতে আপনাদের অনেকের অসুবিধা হতে পারে, কিন্তু আমার কোন উপায় নেই। আমি ওকে জেলে ঢোকাবো। আর একটি কথা বললেন হিউম্যন রাইটস কমিশন সম্পর্কে। মুকুলবাবুর কি হয়েছে ? ওনার সঙ্গে আমার, .. উনি অসহায় কি করে হবে ? আমি ৩ বছরের হিসাব দিচ্ছি। ৪৪টি রেকোমেনডেশনের মধ্যে মেনেছি ৪৩টি। তারপর গত বছর ৫৬টি দিলেন। মেনেছি ৪১টি। ৭/৮টি তার মধ্যে স্টিল আন্ডার কনসিডারেশন। এ বছর ১৬টি দিলেন। তার মধ্যে ১৩টি ইতিমধ্যে মেনে নিয়েছি। ৩টি আন্ডার কনসিডারেশন। এইরকম কোন স্টেটের মুখ্যমন্ত্রী হিউম্যান রাইটস কমিশন মানে ? আর একটি কথা বলা হয়েছে সেটা হচ্ছে, রাইটার্স বিল্ডিংস আক্রমণ হওয়ার খবর কেন বললেন ? আপনাদের ধারণা হচ্ছে যে, আমি নেই বা আমি জানি না। এটা আমাদের সিদ্ধান্ত। এটা নয় যে হঠাৎ স্বরাষ্ট্র সচিব গোপনে গোপনে পুলিশকে

ডেকে বলে দিলেন। এটা তৃণমূল দল নয়। ঐভাবে আমাদের সরকার চলে না যে গোপনে টেলিফোন করে প্রেসগুলিকে খবর দেয়। এটা আমাদের সরকার। ঐভাবে চলতে পারে না।

(শ্রীসাধন পান্ডে এই সময় কিছু বলতে ওঠেন)

কাগজে দেখি তো, সাধন পান্ডে গোপনে গোপনে প্রেসকে বলছে, আমার সঙ্গে ওর ঝগড়া, ফোন করে দিচ্ছে, ওর সঙ্গে আমার ঝগড়া, যাইহোক, দিল্লি থেকে এই খবর পাবার পর আমি ইতিবাচক, নেতিবাচক সবদিকই আলোচনা করেছি—জানালে কি হতে পারে আর না জানালে কি হবে। না জানিয়ে এই বড় প্রস্তুতি নেওয়া যায় কিনা তা আমরা চেষ্টা করেছিলাম। পারবো না। কেননা সেকেন্ড র‍্যাঙ্ক, থার্ড র‍্যাঙ্ক, ফোর্থ র‍্যাঙ্কের পুলিশকে ব্রিফ করতে হচ্ছে। জানলে যদি আধা-আধা খবর জানে তবে তার ফল কি হবে। বরং যদি জানাতে হয় তাহলে সবচেয়ে ওপর থেকে সিনিওর অফিসারই জানালে হবে। আমি, সিনিওর অফিসার সবাই মিট করে, আমাদের মত, সিদ্ধান্ত এক করে আমি নিজে স্বরাষ্ট্র সচিবকে বলেছি, আপনি প্রেসকে জানিয়ে দিন। ৪টি সেনটেন্স বলবেন। একটাই শুধু গার্ড দেওয়ার দরকার, যেন অকারণে আতঙ্ক সৃষ্টি না হয়। আমি বিনীতভাবে দাবি করছি, রাইটার্স বিল্ডিংস, বিধানসভা ও কলকাতা শহরে কোন আতঙ্ক সৃষ্টি হয়নি। সাধারণ মানুষ সহজভাবে নিয়েছেন এবং সরকার এটা পালন করেছে বলেই আমি মনে করি। এবার আমি শুধু একটি কথা বলেই শেষ করবো, সরকার এই রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষা করার জন্য, উন্নতি করার জন্য বিরোধী দলের সাহায্য সব সময়ে চায়, সব সময়ে করি, ভবিষ্যতেও চাইবো। আজ সকালেই বলেছি, আগামী রবিবার পঙ্কজবাবু মেদিনীপুর যাবেন। সিনিওর অফিসারদের বলেছি, অপেক্ষা করবেন, ওঁর সঙ্গে কথা বলবেন, আলোচনা করবেন আর ১৭ তারিখ আপনাদের সঙ্গে আমি আলোচনা করবো। জানি না, এর পরে কি আলোচনা করবো। ধান নিয়ে তো চলে গেল কোথায়। কংগ্রেস করছে বলে বেরিয়ে গেলেন। ধান চলে গেল, কংগ্রেস রয়ে গেল। মহা মুশকিল। যাইহোক, কি আলোচনা করবেন আমি জানি না। আমি শুধু বলছি যে, ভবিষ্যতেও এই মনোভাব, খোলা মন নিয়ে আমি থাকবো। বিরোধীদলের সদস্যদের সঙ্গে আমাকে কথাবার্তা বলেই এগুতে হবে। তবে অনুরোধ করবো, আপনারা একটু ভেবে দেখুন, ৭ তারিখ ভালোয় ভালোয় গেছে। ৭ই জুন আপনারা যে ধর্মঘট ডাকলেন তাতে দুই ইঁদুরের দৌড় হবে বলে মানুষ ঘরে বসে থাকলো। দুই ইঁদুরের দৌড় হচ্ছে। এই হচ্ছে পরিস্থিতি। চলে না। আর একটি কথা মনে করিয়ে দিই সৌগতবাবুকে, আপনার ভাষ্যে একটা কেমন গেরুয়া রঙ লেগেছে মনে হচ্ছে। আপনি গুজরাট নিয়ে বিব্রত। বললেন, গুজরাট, নানা অতো ভাবছেন কেন ? আর কোথাও তো হয়নি, খারাপ হয়েছে। শুধু খারাপ নয়, যখন সারা দুনিয়া—পাশ্চাত্য দুনিয়া—বলছে, এটা অন্যায়, বন্ধ করো। আমেরিকান হিউম্যান রাইটস্ ফোরাম মামলা করছে, ন্যাশনাল হিউম্যান রাইটস্ কমিশন বলছে, অন্যায় হয়েছে। মাইনোরিটি কমিশন বলছে অন্যায় হয়েছে। সুপ্রিম কোর্ট বলছে, অন্যায় হয়েছে। তেলেগু দেশম ওয়াক-আউট করলো। রামবিলাস পাশোয়ান, কয়লামন্ত্রী—আমার ভালো বন্ধু ছিলেন—আমি এখন কয়লা নিয়ে বিপদে পড়বো বলে মনে হচ্ছে—বেরিয়ে চলে গেল। সবাই যখন ছেড়ে যাচ্ছে তখন তৃণমূল বলছে, ওরা গুজরাটের সঙ্গে আছে। বলছে, আমরা আপনাদের (গুজরাটের) পাশে। আমরা গুজরাটে আছি। এটা আমাদের রাজ্যের মানুষের কাছে একটা ভয়ঙ্কর ইঙ্গিত গেল।

[ 6.30-6.40 p.m. ]

তারা একথা বুঝতে পারলো—বি জে পি-র গায়ে যেমন রক্তের দাগ সেই রক্তের দাগ আপনাদের গায়ে এসেও লেগেছে। এই হচ্ছে আপনাদের অবস্থা। দয়া করে পশ্চিমবাংলায় অশান্তি আনবেন না। দয়া করে পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক ঐক্য ভাঙবেন না। এ রাজ্যে সাম্প্রদায়িক ঐক্য থাকবে। দয়া করে গুজরাট সরকারের জন্য বি জে পি-র স্তাবকতা করবেন না। এই কথা বলে আমার বাজেটকে সমর্থন করে এবং কাট মোশনগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### 20th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 20th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business from the 17th to the 26th June, 2002 as follows :

| | | | | |
|---|---|---|---|---|
| 17.6.2002, Monday | (i) | Demand No 25 | Public Works, Public Works (Roads) and Public Works (Construction Board) | |
| | (ii) | Demand No 79 | Department | 3 Hrs. |
| | (iii) | Demand No 41 | Backward Classes Welfare Department | 1½ hrs |
| 18.6.2002, Tuesday | (i) | Demand No 69 | Power Department | 4 hrs |
| | (ii) | Demand No 72 | | |
| 24.6.2002, Monday | (i) | Demand No 66 | Irrigation & Waterways | |
| | (ii) | Demand No 68 | Department | 2 hrs |
| | (iii) | Demand No 67 | Water Investigation & Development Deptt. | 2 hrs |
| 25.6.2002, Tuesday | (i) | Demand No 42 | Women & Child Development and Social Welfare | |
| | (ii) | Demand No. 43 | Department | 1 hr. |
| | (iii) | Demand No. 22 | Jails Department | 1 hr. |
| | (iv) | Demand No 49 | Animal Resources | |
| | (v) | Demand No. 50 | Development Deptt. | 2 hrs. |
| 26.6.2002, Wednesday: | (i) | Demand No 32 | | |
| | (ii) | Demand No. 33 | Health & Family | |
| | (iii) | Demand No. 34 | Welfare Department | 4 hrs. |

*N.B.* There will be no sitting of the House from the 19th June to the 21st June, 2002.

**Shri Probodh Chandra Singha :** Sir, I beg to move that the 20th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was than put and agreed to.

## DEMAND NO. 21

**Mr. Speaker :** I now put to vote all the Cut Motions except the Cut Motions Nos. (27, 31, 32, 40, 42, 43, 47, 48, 52, 56, 59, 63, 65, 67, 70, 81, 82, 92, 99, 111) from which I understand a Division will be demanded. The Motion (Cut Motions Nos. 1, 2, 3) that the amount of the demand be reduced by Re. 1/- and the Motions (Cut Motion Nos. 4-26, 28-30, 33-39, 44-46, 49-51, 53-55, 57, 58, 60-62, 64, 66, 68, 69, 83-94, 97, 98, 100-110, 112) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motions. (Cut Motion Nos. 27, 31, 32, 40, 42, 43, 47, 48, 52, 56, 59, 63, 65, 67, 70, 81, 82, 92, 99, 111) that the amount of the Demand by reduced by Rs. 100/- were than put and a Division was taken with the following results.

NOES

Abdur Razzak Molla, Shri
Abul Hasnat, Shri
Adhikary, Shri Nisith
Adhikary, Shri Paresh Chandra
Anisur Rahaman, Shri
Ankure, Shri Saresh
Badal Zamadar, Shri
Bag, Shri Kartick Chandra
Bala, Dr. Asim
Banerjee, Shri Mrinal
Barman, Shri Jogesh Chandra
Bauri, Shri Madan
Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bhattacharjee, Shri Buddhadeb
Bhattacharya, Shri Asok
Bhowal, Shri Subrata

Bhowmick, Shri Prafulla Kumar
Biswas Shri Haripada
Biswas, Shri Kali Prasad
Biwas, Shri Kamalakshmi
Biswas, Shri Narayan
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Chakraborti, Shri Satyasadhan
Chatterjee, Smt. Nirupama
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Tapas
Chaudhuri, Shri Amar
Choudhuri, Shri Nripen
Choudhuri, Smt. Asima
Choudhury,Shri Bansagopal
Chowdhury, Shri Biswanath
Chowdury, Shri Subhendu
Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal
Das, Dr. Debesh
Das, Shri Jajneswar
Das, Shri Paresh Nath
Das, Shri Puspa Chandra
Das, Shri Ratan
Dasthakur, Shri Chittaranjan
Datta, Shri Binoy
Deb, Shri Goutam
Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Naren
Duley, Shri Krishna Prosad
Dutta, Shri Gurupada
Ganguly, Shri Kanti
Gayen, Shri Nripen
Ghose, Smt. Manasi
Ghosh, Shri Bhakti Pada
Ghosh, Smt. Chhaya

Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Ghoswami, Shri Subhas
Hafiz Alam Sairani, Shri
Hazra, Shri Samar
Hembrom, Shri Rabindra Nath
Hore, Shri Tapan
ID Mohammad, Shri
Kabi, Shri Pelab
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Khanra, Shri Saktipada
Kisku, Shri Upen
Kujur, Smt. Kumari
Kundu, Shri Ranjit
Lakra, Shri Somra
Let, Shri Bishnu
Mafuja Khatun, Smt.
Mahata, Shri Abinas
Mahata, Smt. Shamya Pyari
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Bhandu
Mal, Shri Nimai
Mallik, Smt. Sadhana
Mandi, Shri Sambhu Nath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Ganesh Chandra
Mondal Shri Kshiti Ranjan
Md. Salim, Shri
Mehbub Mondal, Shri
Mehta, Shri Nishi Kanta
Mishra, Dr. Surjya Kanta
Modak, Shri Dhananjoy
Mohammed Amin, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Braja
Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Manas
Mukherjee, Smt. Nabanita
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Nikhil
Mukherjee, Shri Pratyush
Mukherjee, Dr. Srikumar
Mukhopadhyay, Shri Ashutosh
Mundi, Shri Chaitan
Murmu, Shri Maheswar
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy
Nanda, Shri Kiranmoy
Noorar Rahman, Shri
Paik, Shri Sunirmal
Pal, Shri Shyama Prosad
Pan, Shri Bhakta Ram
Qamre Elahi, Dr.
Routh, Shri Dibakanta
Roy, Shri Amalendralal
Roy, Shri Gobinda
Roy, Shri Gokul
Roy, Shri Jatindra Nath
Roy, Shri Lakshmi Kanta
Roy, Shri Nripendra Nath
Roy, Shri Samar
Saha, Shri Kripa Sindhu
Sahis, Smt. Bilasibala
Samanta, Shri Rampada
Sanatani, Smt. Mina
Sanyal, Shri Bhutnath
Sarkar, Shri Nayan
Sarkar, Shri Sailen
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sen, Shri Nirupam
Sengupta, Shri Purnendu
Shamsul Islam Molla, Shri
Shaw, Dr. Pravin Kumar

Singh, Smt. Jyotsna
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk, Jahangir Karim, Shri
Sk. Majed Ali, Shri
Tamser Ali, Shri
Thakur, Shri Akshoy
Tirkey, Shri Dasrath
Tudu, Shri Makar

AYES

Bakshi, Shri Subrata
Bandyopadhyay, Shri Tarak
Banerjee, Shri Kalyan
Banerjee, Shri Panjaj
Bhattacharya, Shri Rabindranath
Bhunia, Shri Ajit
Chakrabarti, Shri Biman
Chattopadhyay, Shri Sobhandeb
De (Nag), Dr. Ratna
Dutta, Shri Parash
Ghosh, Shri Arunava
Ghosh, Shri Dipak Kumar
Ghosh, Shri Nirmal
Ghosh, Shri Tamonash
Haldar, Shri Jagarranjan
Hazra, Shri Bankim Chandra
Khan, Shri Kallol
Lahiri, Shri Jatu
Mallik, Shri Jyoti Priya
Mishra, Shri Kashinath
Mondal, Shri Dilip
Mondal, Shri Nirmal Chandra
Mondal, Shri Tanmoy
Mukherjee, Shri Apurba
Mukhjeree, Shri Ashoke (Gopal)
Mukherjee, Shri Subrata
Mukherjee, Prof. Swaraj

Naskar, Shri Gobinda Chandra
Pakhira, Shri Manturam
Pande, Shri Sadhan
Ray, Shri Nirbed
Raychowdhury, Shri Biplab
Roy, Shri Saugata
Roy, Shri Tapas
Singh, Shri Arjun
Abu Hasem Khan Choudhury, Shri
Mitra, Shri Asit
Mostaque Alam, Shri

**ABST**

Chowdhury, Shri Nanigopal
Purkait, Shri Prabodh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 37 and Noes 140. the motions were lost.

The motions of Shri Deba Prasad Sarkar (cut motion Nos. 95, 96) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken.

**NOES**

Abdur Razzak Molla, Shri
Abul Hasnat, Shri
Adhikary, Shri Paresh Chandra
Anisur Rahaman Sarkar, Shri
Ankure, Shri Saresh
Bag, Shri Kartick Chandra
Bala, Dr, Asim
Banerjee, Shri Mrinal
Barman, Shri Jogesh Chandra
bauri, Shri Madan
Bauri, Shri Ramcharan
Bera, Shri Dipak
Bhattacharjee, Shri Buddhadeb
Bhattacharya, Shri Asok
Bhowmick, Shri Prafulla Kumar
Biswas, Shri Kali Prasad

Biswas, Shri Narayan
Biswas, Smt. Susmita
Bose, Shri Subrata
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Tapas
Choudhuri, Smt. Asima
Choudhury, Shri Bansagopal
Chowdhury, Shri Biswanath
Dal, Smt. Nanda Rani
Das, Shri Ananda Gopal
Das, Shri Debesh
Das, Shri Jajneswar
Dss, Shri Paresh Nath
Das, Shri Puspa Chandra
Das, Shri Ratan
Dasthukur, Shri Chittaranjan
Datta, Shri Binoy
Deb, Shri Goutam
Deb, Shri Rabin
Dey, Smt. Ibha
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Naren
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Gurupada
Ganguly, Shri Kanti
Ghose, Smt. Manasi
Ghosh, Shri Bhakti Pada
Ghosh, Smt. Chhaya
Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Goala, Shri Rajdeo
Ghoswami, Shri Subhas
Guha, Shri Kamal
Hafiz Alam Sairani, Shri
Hazra, Shri Samar,
Hembram, Shri Rabindra Nath
Hore, Shri Tapan
Id Mohammad, Shri

Kabi, Shri Pelab
Kanji, Shri Bansari Mohan
Kar, Smt. Anju
Kisku, Shri Upen
Kujur, Smt. Kumari
Lakra, Shri Somra
Let, Shri Bishnu
Mafuja Khatun, Smt.
Mahata, Smt. Shamya Pyari
Mal, Shri Nimai
Malick, Shri Shiba Prasad
Mallik, Smt. Sadhana
Mondal, shri Biswanath
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Md. Salim, Shri
Md. Yakub, Shri
Mehbub Mondal, Shri
Modak. Shri Dhananjoy
Mohammed Amin, Shri
Mostafa Bin Quasem, Shri
Mukhjerjee, Shri Manabendra
Mukherjee. Shri Manas
Mukherjee Smt. Nabanita
Mukherjee, Shri Nikhil
Mukherjee, Shri Pratyush
Mukherjee, Dr. Srikumar
Munda, Shri Chaitan
Murmu, Shri Maheswar
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy
Nanda, Shri Kiranmoy
Paik, Shri Sunirmal
Pal, Shri Shyama Prosad
Qamre Elahi, Dr.
Routh, Shri Dibakanta
Roy, Shri Amalendralal
Roy, Shri Jatindra Nath

Sahis, Smt. Bilashibala
Samanta, Shri Rampada
Sanatani. Smt. Mina
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Bhutnath
Sarkar, Shri Nayan
Sarkar, Shri Sailen
Seal, Shri Sudhangshu
Sen, Shri Dhiren
Sen, Shri Nirupam
Sentupta, Shri Purnendu
Samsul Islam Molla, Shri
Shaw, Dr, Pravin Kumar
Singh, Smt, Jyotsna
Sinha, Shri Probodh Chandra
Tamser Ali, Shri
Tirkey, Shri Dasrath
Tudu, Shri Makar

AYES

Purkait, Shri Prabodh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 2 and Noes 111. The motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1062,00,69,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055-Police" during the year 2002-2003. (This is inclusive of total sum of Rs. 354,00,23,000 already voted on account in march, 2002) was then put and agreed to.

## Adjournment

The House was than adjourned at 6.40 p.m. till 11 a.m. on Friday, the 14th June, 2002 at the Assembly House, Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the Provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 14th June, 2002 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 09 Ministers, 04 Ministers of State and 129 Members.

[11.00—11.10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

### বাড়ি ভাড়া আইনের সংশোধন

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *০৬) **শ্রী দেবপ্রসাদ সরকার** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাড়ি ভাড়া আইন সংশোধন করে ভাড়াটিয়াদের উত্তরাধিকার সুনির্দিষ্ট করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত আইনের প্রয়োজনীয় সংশোধন হবে বলে আশা করা যায় ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** :

(ক) ও (খ)

পশ্চিমবঙ্গ বাড়ি ভাড়া আইন, ১৭ (ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনান্সী অ্যাক্ট ১৭) ইংরেজি ১০.৭.২০০১ তারিখ হতে চালু করা হয়েছে। উক্ত আইনের কিছু ধারা সংশোধন করার প্রয়োজনীয়তা উপলব্ধি করা হয়েছে। শীঘ্রই একটি সংশোধনী প্রস্তাব বিধানসভায় পেশ করা যাবে বলে আশা করা যায়।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে বাড়ি ভাড়া আইন যেটা আপনি সংশোধন করার কথা বলেছেন, এটা মধ্যে কতকগুলো বেসিক ডিফেক্ট ছিল। বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া এদের উভয়ের মধ্যে যাতে সমন্বয় সাধন করা যায়, স্বার্থ রক্ষা করা যায় এই রকম ব্যাল্যান্স অ্যাপ্রোচ নিয়ে এই আইনটা করার ক্ষেত্রে কিছু ডিফেক্ট ছিল। সেই সময় আমার কতকগুলি নোট অফ ডিসেন্ট ছিল। সেটা হচ্ছে এই যে, ১৯৫৬ সালের যে রেন্ট অ্যাক্ট তাতে টেনান্সদের যে রাইট, তাদের যে প্রোটেকশান ছিল সেটা অনেকটা কাটেল্ড হয়ে গেছে! টেনেন্সীর যে উত্তরাধিকার আইন, এই আইনে স্পাউস ছাড়া একজিসটিং অ্যাক্টে যারা স্পাউস তারা ভাড়াটিয়া মারা গেলে পাবে। তার উত্তরাধিকারীদের লিগাল টেনেন্সী থাকছে না, অন্যদের মতো অবস্থা হয়ে গিয়েছে। এর ফলে বহু মানুষ বিশেষ করে যারা ব্যবসাদার, এই ব্যবসাই যাদের জীবন-জীবিকা নির্ভর করে তাদের স্বার্থ ভীষণ ভাবে ক্ষুন্ন হবে। এই

অ্যাডিকশান বন্ধ করা দরকার, এই ত্রুটি দূর করা দরকার। আপনি যে সংশোধনী আনছেন তাতে কি এই ত্রুটি দূর করা হয়েছে, সেই রকম চিন্তা ভাবনা সরকারের আছে, ভাড়াটিয়াদের অধিকার অটুট থাকবে ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : মাননীয় সদস্য সিলেক্ট কমিটির সদস্য, তিনি সবই বিস্তারিত ভাবে জানেন। যে বিষয়ে উনি বলেছেন সেটা নিশ্চয়ই বিবেচনাধীন আছে। এখানে দুটি পক্ষ, একদিকে ভাড়াটিয়া অন্য দিকে বাড়িওয়ালা। এই দুই পক্ষের যদি সুবিধা চান এই দুই পক্ষের সুবিধা করা যাবে না। দুই পক্ষের ক্ষেত্রেই হয় না। আমরা কতকগুলি সংশোধনীর কথা ভেবেছি, রাজ্য মন্ত্রীসভার সেটা বিবেচনাধীন আছে। সেটা অনুমোদিত হলে, সময় থাকলে, এই বিধানসভায় আনবো। আমি এর আগে একটা বিবৃতি দিয়েছিলাম এই বিধানসভায়। সেই বিবৃতিতে মোটামুটি এই ব্যাপারে কথা বলেছিলাম। ২(ডি), এখানে উত্তরাধিকারের প্রশ্ন আছে, ৩(ই), ৩(এফ) এবং ১৭ এই মূল মূল বিষয়ে তখন বলেছিলাম যে সংশোধনী করা যাবে। সেটা হলো আমরা বিভিন্ন পক্ষের সঙ্গে আলাপ আলোচনা করেছি, ভাড়াটিয়া অ্যাসোসিয়েশানের সঙ্গে, বাড়িওয়ালা অ্যাসোসিয়েশনের সঙ্গে, ল'ইয়ার সংগঠনের সঙ্গে এবং বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে আলোচনা করেছি। আরো ৩-৪টি জায়গায় সংশোধনের কথা ভেবেছি। আশাকরি যে সংশোধনীটা এখানে আনলে, দু'পক্ষকে খুশী করা যাবে না, কিন্তু দু'পক্ষের ক্ষতি ঠেকানো যাবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে মডেল অ্যাক্ট এই যে আইনটা করা হয়েছিল তাতে—মডেল অ্যাক্ট অনুসারে—ল্যান্ড লর্ড তার প্রয়োজন অনুযায়ী বাড়ি সারানো বা বিভিন্ন প্রয়োজনে ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে পারবে। ভাড়াটিয়াদের সরিয়ে দিতে পারবে, বাড়িওয়ালা তার প্রয়োজনে বাড়ি ব্যবহার করতে পারবে। মডেল অ্যাক্টে যে প্রভিশন ছিল সেটা বাড়িওয়ালার দিকে তাকিয়ে। বাড়ি সারানো হয়ে গেলে ভাড়াটিয়ারা যে ইনডাকশান, ফিরে আসতে পারবে তার একটা প্রভিশন ছিল। আপনি যে সংশোধনীর কথা বললেন, তাতে এই ধরনের, এখানেও তো এক ধরনের উচ্ছেদ, এই সংশোধনীর দ্বারা কি এটা সংশোধিত হবে ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : আমরা ভাবছি। রিজিনয়েবল্ রিকোয়ারমেন্ট না হওয়া পর্যন্ত উচ্ছেদ করা যাবে না, এটাতে এই প্রভিশনটা থাকবে। দরকার হলে তারা আইনের আশ্রয় নিতে পারবে। সংশোধনীতে আমরা রিজনয়েবল্ রিকোয়ারমেন্টটা রাখছি প্রোটেকশনের জন্য।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : এই ব্যাপারে, বাড়িওয়ালা এবং ভাড়াটিয়ার সঙ্গে কোন ডিসপিউট দেখা দিলে সেখানে রেন্ট কন্ট্রোলার বা ট্রাইবুনালের কাছে অ্যাপিল করা যাবে। কিন্তু সিভিল কোর্টে যাওয়ার যে প্রভিশন যেটা আগে ছিল সেটা রাখা হয়নি। এখানে প্রিন্সিপল অফ ন্যাচারাল জাস্টিস খানিকটা কার্টেল হচ্ছে। সরকার এটা বিবেচনা করছেন কিনা যে প্রয়োজন হলে, সবটা এর উর্ধ্বে নয়, রেন্ট কন্ট্রোলের যে সিদ্ধান্ত, সেখানে সিভিল কোর্টে যাওয়ার প্রভিশন, যেখানে প্রিন্সিপল অফ ন্যাচারাল জাস্টিস ডিমান্ড করে, সেই প্রভিশনটা থাকবে কিনা ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : মাননীয় সদস্য পরশুদিন ছিলেন না। সেদিন আমাদের টেনান্সী ট্রাইবুনাল (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট'টা পাশ হলো। তাতে সিভিল কোর্টের এই প্রভিশনটা রইল না। তাতে আমরা ভাবছি। আইনমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, হাইকোর্টের সঙ্গে কথা বলে বাই নেম ইয়ারমার্ক করে দিতে পারবো কিনা—তাহলে বাই একজিকিউটিভ অর্ডার পাওয়ার ডেলিগেট করা যাবে। এটা আমরা করবো। তাতে সুবিধা হবে। আইনমন্ত্রী কোর্টের সঙ্গে কথা বলেছেন, তাতে বলেছেন এটা সম্ভব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বাড়িওয়ালা এবং ভাড়াটিয়া এদের মধ্যে বিবাদের জন্য ভাড়াটিয়ারা শেষ পর্যন্ত রেন্ট কন্ট্রোলে টাকা জমা দিয়ে দেয়। মার্চ মাস পর্যন্ত যে হিসাব আছে তাতে দেখা যাচ্ছে ৭১ কোটি টাকা সেখানে পড়ে আছে। যা বাড়িওয়ালা নিয়ে যায়নি। এই বিশাল পরিমাণ টাকা রেন্ট কন্ট্রোলে পড়ে আছে। অনেকে আছেন যাঁদের বাড়ি ভাড়াটাই তাঁদের আয়ের উৎস। ৭১ কোটি টাকা যা রেন্ট কন্ট্রোলে পড়ে আছে তা বাড়িওয়ালার কাছে যাতে পৌঁছে দেওয়া যায় তার জন্য কোনো চিন্তা করছেন কিনা বা বিবেচনা করছেন কিনা ? এর জন্য কি পদক্ষেপ নিয়েছেন ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : আগে ২৮,৬৭২ আর সম্প্রতি ২২১টি এই কেস এসেছে। টাকার ইনভল্‌ভমেন্ট, এই টাকাটা একটা নির্দ্দিষ্ট সময় পর্যন্ত ওখানে থাকার পরে ট্রেজারিতে চলে যায়। টাকাটা আনতে অসুবিধা হয়। তবুও আমরা বলেছি দরকার হলে একটা ডেপুটি রেন্ট কন্ট্রোলারের পোস্ট বাড়ানোর। যাতে করে সত্যি যাদের টাকার দরকার টাকা তুলতে চান এবং ইচ্ছুক, তারা অন্তত টাকা তুলতে পারবে। এবং সেই কারণেই অ্যাডিশনাল রেন্ট কন্ট্রোলারের পোস্ট তৈরী করার ব্যবস্থা করেছি। এটা করতে ৪, ৫ মাস সময় লাগবে।

[11.10—11.20 a.m.]

**শ্রী সৌগত রায়** : এই আইনটা পাশ হবার আগে সিলেক্ট কমিটিতে কিছু সময় লেগেছে। তারপরে ১৯৯৭ সালে পাশ হয়েছে এবং রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে ১৯৯৮ সালে। রুলস্‌ লে করা হয়েছে ১৯৯৯ সালে। এবং রুলস্‌ তৈরী হয়েছে ১৯৯৯ সালে। আর ২০০১ সালে এর এফেক্ট দেওয়া হল। আমি মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই পুনর্বিবেচনা করার পরেও এখনো এফেক্ট দিতে দেরী হচ্ছে বোধ হয় এবং মাননীয় মন্ত্রী কি জানাবেন এই এফেক্ট দিতে দেরী হচ্ছে কেন এবং যেসব পুনর্বিবেচনা করেছেন তাতে মফঃস্বলের ক্ষেত্রে ২০০০ এবং কলকাতার ক্ষেত্রে ৩০০০ করেছেন। তার বাইরে হলে প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টের অধীনে থাকবে না কি এটা পুনর্বিবেচনার মধ্যে আছে সেটা জানাবেন কি ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : দেরী হবার কারণ হচ্ছে একটা ধারণা সবার হয়েছে যেহেতু বিলটিতে এফেক্ট দিতে ১০ই জুলাই লেগে গেছে, কিন্তু সঙ্গে সঙ্গে তার এফেক্ট শুরু করলেও তার উপরে কিছুটা অ্যামেন্ডমেন্ট করতে হয়। তাতে একটা ধারণা তৈরী হয়েছে যে অ্যামেন্ডমেন্ট না হওয়া পর্যন্ত বিলটির এফেক্ট ঠিকমত কার্যকরী করা যাচ্ছে না। তবে কিছু ক্ষেত্রে বিলটির এফেক্ট কার্যকরী হয়েছে। ইতিমধ্যেই ২০০টির মত কার্যকরী হয়েছে, সেটা আমি বলেছি। আর আপনি যেটা বলেছেন বাড়িওয়ালা,—ভাড়াটিয়ার ক্ষেত্রে ট্রান্সফার

অফ প্রপার্টি অ্যাক্ট হলে সেখানে সিলিংয়ের ব্যাপারে বাড়িওয়ালাদের কথাটা একটু ভাবতে হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : আপনি বললেন এফেক্ট দেওয়ার পরেও কিছু কিছু ত্রুটি দেখতে পাচ্ছেন, সেক্ষেত্রে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে কি কি ত্রুটি দেখতে পাচ্ছেন এবং তার পরবর্তী সংশোধনীর ব্যাপারে কি চিন্তাভাবনা করেছেন জানাবেন কি ?

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : আইনে কোনও ত্রুটি দেখতে পাই নি তো। সেখানে ২০০০, ৩০০০ সিলিংয়ের যে ব্যাপার আছে সেটা বাড়িওয়ালাদের দিক থেকে একটু নজর দিয়ে দেখা যায় কিনা এবং যেহেতু বাজার দর বেশী, সেই কারণে ভাড়াটা একটু বাড়ানো যায় কিনা সেই ব্যাপারে পুনর্বিবেচনা করছি। এক্ষেত্রে কোনও ত্রুটির ব্যাপার নেই।

**শ্রী রবীন দেব** : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি কয়েকটি বিষয়ে যেমন ২ এ, ২ বি, ৩ বি ৩ এফ এগুলোর সংশোধনীর কথা বলেছেন। এই প্রসঙ্গে আমি জানতে চাই যে, বর্তমানে যে মডেল রেন্টের ব্যাপারে কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছে তাতে কয়েকটি রাজ্য সেই নির্দেশ লাগু করার কথা ভেবেছেন। ১৯৯৭ সাল থেকে এর প্রক্রিয়া চলছে। প্রথমে সিলেক্ট কমিটিতে গেছিল, সেখানে আলোচনার ভিত্তিতে গত ১০ই জুলাই ২০০১ সালে এটাকে এফেক্ট দিয়েছেন। কিন্তু যেটা জানতে চাইছি এখানে যে সংশোধনীর কথা ভাবছেন তার সঙ্গে আমাদের সর্বভারতীয় যে চিত্র এবং যে মডেল রেন্টের গাইডলাইন দিয়েছেন তাতে অন্য রাজ্যগুলো কি অবস্থায় দাঁড়িয়ে আছে এবং সেটা এক্ষেত্রে বিবেচনার মধ্যে এনেছেন কিনা এবং দ্বিতীয়তঃ আমাদের এখানে বিরোধী দলের থেকে মাঝে মাঝেই এই ব্যাপারে বলেছেন। আপনি যখন সংশোধনীর কথা জানাচ্ছেন তখন বাড়িওয়ালা-ভাড়াটিয়ার ব্যাপারে কিছু সংশোধনী তারা দিয়েছিল এবং লিখিতভাবে তারা অ্যামেন্ডমেন্ট দিয়েছিল সিলেক্ট কমিটিতে।

যেগুলি বাড়ীওয়ালা এবং ভাড়াটিয়া অ্যাসোসিয়েশান আছে তাদের পক্ষ থেকে, আপনি সহ, পঙ্কজবাবু, সৌগতবাবু সহ অনেকে সিলেক্ট কমিটিতে ছিলেন, তাদের ওপিনিয়ন সহ আপনি যখন সংশোধনী আনছেন সেইগুলি বিবেচনা করার কথা ভাবছেন কিনা ?

**শ্রী আবদুল রেজ্জাক মোল্লা** : আমরা যেটা করছি, কেন্দ্রীয় গাইড লাইন মডেল-এর সঙ্গে চেন্নাই, মোম্বাই, কলকাতা সহ চারটিকে মিলিয়ে এবং সিলেক্ট কমিটির সদস্য যারা ছিলেন, তাদের বক্তব্য নিয়ে মোট ১৮টি সিটিং নিয়ে সব পক্ষের কথা শোনার পরে আমরা সংশোধনী একটা খসড়া তৈরী করেছি।

**শ্রী অশোক দেব** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন আপনার মনে আছে আমি এবং বার কাউন্সিলের অনেক সদস্য, অ্যাডভোকেটরা আমরা বলেছিলাম যখন কিছু হবে, তখন বার কাউন্সিলের সঙ্গে কথা বলা, যদি কিছু ত্রুটি থাকে তাহলে আমরা সাহায্য করতে পারি। যদি কোনো ঘটনা ঘটে তাহলে আইনের সাহায্য নিতে হয়, তবে কেন আপনি আমাদেরকে ডাকলেন না ? আপনার সঙ্গে দুইবার দেখা করেছি, মহঃ আমিন যখন অ্যাক্টিং মুখ্যমন্ত্রী ছিলেন তার সঙ্গেও দেখা করে কথা বলেছি, কিন্তু দুঃখের বিষয়, আপনি আমাদের সঙ্গে কথা বলার প্রয়োজন মনে করেননি।

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : আমি মাননীয় সদস্যকে বলি, বার কাউন্সিলের পৃথ্বীশ বাগচী সহ চারজন আমাদের সঙ্গে দেখা করেন। দুইবার কথা বলেছি, তাঁরা আমাদেরকে পরামর্শ দিয়েছেন।

**শ্রী অশোক দেব** : তাঁরা মতামত দিয়েছে, কিন্তু আপনি তারপরে কি সিদ্ধান্ত হল আর জানাননি।

*Question No. 153 : Held Over

**এ রাজ্যের তুলনায় অন্যান্য রাজ্যে বিদ্যুতের মূল্য**

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রীপ্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকার** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যের তুলনায় ভারতের বেশ কিছু রাজ্যে বিদ্যুতের দাম অনেক কম ; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ রাজ্যে ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** :

(ক) প্রাপ্ত পরিসংখ্যান অনুসারে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বা ডি পি এল এর চেয়ে কম বিদ্যুৎ মাসুল অন্য খুব কম রাজ্যেই রয়েছে।

(খ) প্রাপ্ত বিবরণ অনুযায়ী পশ্চিমবঙ্গের তুলনায় কেরালা এবং হিমাচল প্রদেশের মাসুল কিছুটা কম। এই সব রাজ্যে জল বিদ্যুতের সুবিধা যথেষ্ট পরিমাণে রয়েছে। যে সব রাজ্যে জল বিদ্যুতের জোগান ভাল আছে তাদের বিদ্যুৎ মাসুল স্বাভাবিক কারণেই কম।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ভালভাবেই জানেন, এই রাজ্যে যারা বিদ্যুৎ গ্রাহক আছেন তাদের মেজর পোরশান হচ্ছেন সি ই এস সি এবং এস ই বি-র ডি পি এল এর গ্রাহক সংখ্যা খুবই নগণ্য। সি ই এস সি এবং এস ই বি কর্তৃক যে বিদ্যুৎ দাম বিভিন্ন স্তরে আছে ডোমেস্টিক, ইন্ডাস্ট্রিয়াল, কমার্সিয়াল-এ, এই তিন স্তরে সি ই এস সি এবং এস ই বি নির্ধারিত যে বিদ্যুৎ দাম বা ট্যারিফ বা মাশুল সেটা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সঙ্গে বিভিন্ন স্তরে, বিশেষতঃ এই তিনটি স্তরে যে বিদ্যুৎ এর মাশুল বা চার্ট, বিশেষ করে তুলনামূলকভাবে পশ্চিমবঙ্গের সঙ্গে অন্যান্য রাজ্যের বিদ্যুৎ এর দামের চিত্রটা কি ? সেটা কি আপনি পেশ করতে পারেন ?

আপনি নিশ্চয় হোম টাস্ক করে এসেছেন, আপনি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের বিদ্যুতের দামের সঙ্গে পশ্চিমবঙ্গের বিদ্যুতের দামের তারতম্য বলুন। তারতম্যের চার্টটা দিন।

[11.20—11.30 a.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জী** : চার্ট তো করে আসিনি, হাতে দিতে পারব না, মুখে বলতে পারি। আমার কাছে যে ফিগারগুলো আছে, সেইগুলো হচ্ছে—৫০ ইউনিট পর্যন্ত—কর্ণাটকে ২.০২, গুজরাটে ২.৮০, ইউ পিতে ২.২০, মহারাষ্ট্রে ২.৩৬, রাজস্থানে ২.৭০, আর এস ই বি-র ১.৫৫, আফটার রিভিসন। অন্ধ্রে ১.৩৫।

**শ্রী সৌগত রায়** : অন্ধ্রেরটা আগে বলা উচিত ছিল। যেগুলো বেশি, সেইগুলো নয়, কমগুলোও বলবেন।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : অন্ধ্র সম্পর্কে যখন এত ভালো ধারণা, তখন বলছি। এর পরের স্ল্যাবটা সেখানে বেড়েছে। ১০০ ইউনিটে অন্ধ্রের রেট ২.৮০, কর্ণাটক ২.১৬, গুজরাট ২.৯০, ইউ পি ২.২০, মহারাষ্ট্র ২.৫৬, রাজস্থান ২.৯৮, সেখানে পশ্চিমবাংলায় ১.৮০। এস ই বি-র ক্ষেত্রে ইউনিট ওয়াইজ বলতে পারছি-৫০ ইউনিট পর্যন্ত কত, ১০০ ইউনিটে কত, ১৫০ ইউনিটে কত দিতে হয়, কিন্তু এই মুহূর্তে সি ই এস সি-র ক্ষেত্রে ওয়াইজ বলা যাচ্ছে না, তবে কমপেরিজনের জন্য বলছি সি ই এস সি-র হচ্ছে—যেটা ডব্লু বি আর ই সি করেছে-২.৭০ ডোমেস্টিকে, কমার্শিয়ালে ৪.১৬, ইন্ডাস্ট্রিয়ালে ৩.৭০।

**শ্রী সৌগত রায়** : দেখা যাচ্ছে সি ই এস সি-র ক্ষেত্রে এটা সবচেয়ে বেশী।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : এটা সবার থেকে বেশী, তা ঠিক নয়, এটা অ্যাভারেজ ধরা হয়েছে—হাইয়েস্ট এবং লোয়েস্ট নয় এটা ওয়েটেড অ্যাভারেজ। দশটা জিনিস নিয়ে দশ দিয়ে ভাগ করলাম, এটা নট দ্যাট অ্যাভারেজ, এটা ওয়েটেড অ্যাভারেজ ধরে করা হয়েছে। সেইজন্য এটা একজ্যাক্টলি ঐ ধরনের রিপ্রেজেন্টেটিভ ক্যারেক্টারের হবে না। সি ই এস সি-রটা ক্যাটেগরিক্যালি ভেঙে ভেঙে বলার জন্য যে ইনফরমেশন দরকার তা আমার কাছে নেই, সেইজন্য ঐ অংশটুকুই বললাম। এটা ওয়েটেড অ্যাভারেজ অনুযায়ী বললাম।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আজকে সারা রাজ্যে বিদ্যুতের দাম নিয়ে ঝড় উঠেছে। আপনি স্বচ্ছতার প্রশ্নে আসুন। আপনি নিশ্চয় হোম টাস্ক করে এসেছেন। আপনি হাউসের সামনে এটাই বলুন, পশ্চিমবাংলায় সি ই এস সি এবং এস সি বি যে দাম ধার্য করেছে, তার পাশাপাশি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে বিদ্যুতের কি দাম ধার্য হয়েছে। ইনডিসক্রিমিনেটলি এটা বলুন, আমি কম বা বেশীগুলো আলাদা করে বলতে বলছি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত দুঃখজনক যে, ওয়েল ইন অ্যাডভান্স প্রশ্ন করা সত্ত্বেও উনি কোনও কম্পারেটিভ পিকচার হাউসে রেডি করে আনেননি, সেটা ওঁনার ডিপার্টমেন্ট থেকে এনে এখানে উপস্থিত করা উচিত ছিল।

হাউসের মেম্বারদের যে রাইটস, তাদের যে প্রিভিলেজ সেটা যাতে কার্টেল না হয়, তার জন্য সেটা ডিস্ট্রিবিউট করে দেবেন। স্যার, আমার সেকেন্ড সাপ্লিমেন্টারী করার আগে আমি এটা বলে রাখছি, আশা করি উনি এটা অ্যাকসেপট করবেন।

**মিঃ স্পিকার** : আপনি এই ব্যাপারে ফ্রেস নোটিশ দেবেন। আপনার অন্য কোনো প্রশ্ন আছে ?

**শ্রী দেবপ্রসাদ সরকার** : বিদ্যুতের দাম বাড়লে শুধু গ্রাহকরাই ক্ষতিগ্রস্ত হবে না, অন্যান্য জিনিসপত্রের দামও বাড়বে। আমার জিজ্ঞাসা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন জাজমেন্টকে চ্যালেঞ্জ করে যখন ডিভিশান বেঞ্চে গেল, এবং তখন ডিভিশান বেঞ্চ থেকে এই বিদ্যুতের দাম একতরফাভাবে বাড়িয়ে দেওয়া হল। এই ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা কি এবং এই সি ই এস সি বিদ্যুৎ গ্রাহকদের স্বার্থ বিরোধী কাজ করছে, এই ব্যাপারে রাজ্য সরকার কি সমর্থন করেছেন ? যদি সমর্থন না করেন, তাহলে অন্তত এই ব্যাপারে বিরোধিতা করে

সুপ্রিম কোর্টে গিয়ে গ্রাহকদের স্বার্থ দেখতে পারেন, যাতে গ্রাহকদের উপর বোঝা না নেমে আসে। দেখলাম এই কেসে প্রথমে সি ই এস সির পক্ষে অ্যাডভোকেট জেনারেল বলাই রায়কে দাঁড় করানো হয়েছিল। তখন সমালোচনার ঝড় উঠেছিল। পরে ত্রিপুরার সি পি এমের অ্যাডভোকেট ফ্রন্টের বিকাশবাবুকে হাইকোর্ট রাখল। তাহলে সরকার কি সি ই এস সির পক্ষ হয়ে বিদ্যুৎ গ্রাহকদের বিপক্ষে হয়ে বিদ্যুতের দাম বাড়াতে চাইছে ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : আমি এখন কালকের একটা প্রশ্নের উত্তর আমার কাছে ছিল না বলে এখন বলে দিচ্ছি। সি ই এস সি ২৫ ইউনিট পর্যন্ত ১ টাকা ৫০ পয়সা। তার উপরে ৩৫ ইউনিট পর্যন্ত দু টাকা। তার উপর ৪০ ইউনিট পর্যন্ত দু টাকা ৭০ পয়সা। তার উপরে ৫০ ইউনিট পর্যন্ত ৩ টাকা ১৫ পয়সা। এইভাবে রেটটা আছে। এটা অন্যান্য রাজ্যের তুলনায় কম। হায়ার সাইডে কোনো কোনো জায়গার থেকে বেশী। ৫০০ ইউনিটের কাছাকাছি গিয়ে ৪৯৯ পর্যন্ত রেট হাই আছে। সেটা হচ্ছে ৪ টাকা ৯০ পয়সা। এটা অন্যান্য রাজ্যে ৪ টাকা ৯০ নয়। অন্ধ্রে ৪ টাকা ৫০ পয়সা। এই ধরনের আরও আছে যেমন ৩ টাকা ৫০ পয়সা, ৩ টাকা ২০ পয়সা। লোয়ার সাইডে অন্যান্য রাজ্যের থেকে সি ই এস সির কম।

[11.30—11.40 a.m.]

মানে এস ই আর সির রায় অনুযায়ী তার থেকে কম আছে। এবারে দ্বিতীয় প্রশ্ন সেটা হচ্ছে এই এস ই আর সি গঠন করেছে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট, এটা একটা কোয়াসী জুডিসিয়াল বডি, ইউটিলিটিসগুলোর অধিকার আছে তারা যে রায় দেবে সেই রায়ের বিরুদ্ধে যাওয়ার বা সেটা মেনে নেওয়ার আপনারা বোধহয় জানেন যে এস ই আর সি-র এক একটা ইউটিলিটিস এক একটা বিষয় নিয়ে তাদের যে টেকনিক্যাল প্রবলেম নিয়ে কোর্টে গেছে, এস ই বি গেছে, পি ডি সি এল গেছে, ডি পি এল গেছে। এই তিনটে সংস্থাই তো সরকারী সংস্থা। তাদের ভিন্ন সমস্যা। কতগুলো ভিন্ন ভিন্ন সমস্যা যে কোনোটার ইন্টারেস্ট ধরা হয়নি, ধরুন ওয়ার্কিং ক্যাপিটাল ইন্টারেস্ট ধরা হয়নি। এই ধরনের টেকনিক্যাল পয়েন্ট নিয়ে ইউটিলিটির কারণে তারা হাইকোর্টে গেছে। তাদেরটা এখনও রায় বেরোয়নি, এখনো কিছু হয়নি। এই যে রায় যেটা হাইকোর্ট দিয়েছে তার বিরুদ্ধে কেস হয়েছে সুপ্রীম কোর্টে এবং সুপ্রীম কোর্টে এস ই আর সি একজন পারটি হয়েছে। এস ই আর সি তো সরকারেরই তৈরী করা। এই এস ই আর সি-র যারা মেম্বার আছে তাদের অ্যাপয়েন্টমেন্ট তো রাজ্যসরকার দিয়েছে, তাদের মাইনে তাদের খরচপত্র সব স্টেট গভর্নমেন্টের। কাজেই এই পিকিউলিয়র পোজিশনকে মানতে হবে। এই যে এস ই আর সি মেম্বার, চেয়ারম্যান, তার স্টাফ সবকিছু, একসপেনডিচার বহন করে স্টেট গভর্নমেন্ট। কাজেই এটা একটা কোয়াসী জুডিসিয়াল বডি এবং তাদের রায় মেনেও নিতে পারে, ইউটিলিটিসগুলো নাও মানতে পারে। আমরা এই অধিকার খর্ব করতে পারি না। একটা সময়ে তো আপনাদের দাবি ছিল যে স্টেট গভর্নমেন্ট তাদের পাওয়ার ডিপার্টমেন্ট ট্যারিফ ঠিক করে। কাজেই এর মধ্যে রাজনীতি লুকিয়ে আছে। এটা একটা থার্ড পার্টি, একটা ইনডিপেন্ডেন্ট পার্টিকে দেওয়া হচ্ছে এবং এই আলোচনা যখন চলছিল ৯৮এ যে অ্যাক্ট হয়েছে রেগুলেটরি কমিশন

করার, আমরা পশ্চিমবাংলায় সেটা প্রয়োগ করেছি কারণ আমাদের বিশেষ কতগুলো ডিফিকালটি আছে। আমাদের রাজ্যে পাবলিক সেক্টর আছে, প্রাইভেট সেক্টর আছে, সি ই এস সি আছে, এস ই বি আছে, ডি পি এল, ডি পি এস সি, এন টি পি সি আরও অনেক সংস্থা আছে। কাজেই বিভিন্ন ধরনের ইউটিলিটিস থাকায় মনে হয় যে একটা ইনডিপেনডেন্ট গ্রুপ বা ইনডিপেনডেন্ট বডি যদি ঠিক করে ভালো হয় এবং ইনডিপেনডেন্ট বডি যখন ঠিক করবে অন্যান্য ইউটিলিটিসগুলোর সেই অধিকার থাকবে, স্বাধীনতা থাকবে। কাজেই সুপ্রীম কোর্টে যেটা হচ্ছে এস ই আর সি গেছে, আবার আমাদের রাজ্যসরকারের ঢুকতে যাওয়াটা, এর পক্ষে বিপক্ষে নানা বিষয় আছে। আমাদের স্টেট গভর্নমেন্ট এটা একজামিন করছি। হাইকোর্টের রায় পেতে বেশ টাইম লেগেছে, একজ্যাকটলি কি রায় আছে আমরা সেটা একজামিন করছি এবং সেখানে কোর্টে সরকারে যাওয়ার বিষয়টা আমরা ভাবছি। ইন দি মীন টাইম এস ই আর সি সুপ্রীম কোর্টে গেছে। খালি মাত্র কনজিউমার ফোরাম যায়নি, ইন্ডাস্ট্রিয়াল হাউস যায়নি, এস ই আর সি গেছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : স্যার, এই যে বিদ্যুত পর্ষদ এইভাবে দাম নিচ্ছে। ভারতীয় বিদ্যুত আইন ২০০১, ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট যেটা আমাদের অপোজিশন সত্ত্বেও আপনারা মেজরিটির জোরে পাশ করিয়ে নিয়েছেন, যেটা রাষ্ট্রপতির অনুমতি পেয়ে ১লা জুলাই থেকে ইমপ্লিমেন্টেড হবে, সেটা 'পোটো' বা 'পোকা'র থেকেও মারাত্মক। যে কোনো মুহূর্তে যে কোনো ব্যক্তিকে চোর সাব্যস্ত করে ধরে নিয়ে গেলে, তাকেই নিজেকে নির্দোষ প্রমাণ করতে হবে।

এখানে আমার যেটা জিজ্ঞাস্য প্রচলিত ফৌজদারী আইন আছে চুরি বন্ধ করতে গেলে সেটাই যথেষ্ট। সেখানে এই রকম একটা আইন এনে কার্যতঃ কনজিউমারদের হ্যারাস করার জন্য বিশেষ করে সি ই এস সির হাতকে স্ট্রেনদেন করার জন্য এবং তাদের হাতে একটা পুলিশবাহিনী তুলে দিয়ে যে ভাবে সি ই এস সি অন্যায় ভাবে নানারকম অবিচার করছে, দুর্নীতি করছে তাদের সেই রাইটকে, ইন্টারেস্টকে প্রোটেক্ট করার জন্য শুধু এই আইনই তুলে দিলেন না, তাদের হাতে পুলিশবাহিনীও তুলে দিলেন। যেখানে সরকারের এখন অর্থাভাব রয়েছে এবং এর জন্য একটা বিরাট টাকা দরকার। সেখানে ফৌজদারী আইনে চুরি বন্ধ করার আইন থাকা সত্ত্বেও এইভাবে এটাকে ইমপ্লিমেন্ট করা হচ্ছে, এটা কি বিদ্যুত গ্রাহকদের স্বার্থে ? এটাতে কি চুরি বন্ধ হবে ? এর জন্য বিরাট ইনফ্রাস্ট্রাকচার লাগবে যা এর এক্সপেনডিচার।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : প্রশ্ন যা ছিল তার থেকে এই প্রশ্নটা একটু ভিন্ন। এটাতে আমার জবাব দেওয়ার খুব একটা দরকার নেই, ১৮ তারিখে বাজেট আছে সে দিন এই প্রশ্নটা উঠলে তখন বলবো। তবে আজকে একটু বলে রাখি, আমরা যদি সি ই এস সি-কে নিয়ে বগ ডাউন থাকি তাহলে আমাদের অসুবিধা আছে। ৮৭ হাজার স্কোয়ার কিঃমিঃ এরিয়ায় এস ই বি বিদ্যুত দেয়। সি ই এস সি-র ডাবলেরও বেশি কনজিউমার আছে এস ই বি-র। প্রতিদিন প্রায় দু কোটি টাকা লোকসান হচ্ছে এস ই বি-র। এবারে এস ই বির যে ট্যারিফ নির্দ্ধারিত হয়েছে ৩০ পারসেন্ট ট্রান্সমিশান এ্যান্ড ডিস্ট্রিবিউশান লসকে এ্যালাও করা হয়েছে এস ই বি রেটের মধ্যে। আমাদের দৃঢ়বিশ্বাস আমরা এটা ২০ পারসেন্টের

কাছাকাছি নামিয়ে আনতে পারবো। ১ পারসেন্ট ট্রান্সমিশান এ্যান্ড ডিস্ট্রিবিউশান লস কমিয়ে আনতে পারি তাহলে ওই ২৮ কোটি টাকা বেঁচে যায়। যদি ১০ পারসেন্ট ট্রান্সমিশান এ্যান্ড ডিস্ট্রিবিউশান লস কমাতে পারি তাহলে আমরা ২৮০ কোটি টাকা কমাতে পারি এবং এবারে এস ই বি-র যে ট্যারিফ হয়েছে তাতে যদি টোটাল টাকাটা তুলতে পারি রিভিশান যেটা হয়েছে সেই টাকাটা হয় তাহলে ১০০ কোটি টাকা আসবে। ট্রান্সমিশান এ্যান্ড ডিস্ট্রিবিউশানের লসটা যদি ১০ পারসেন্ট কমাতে পারি তাহলে আমার এই বৃদ্ধিও দরকার নেই এবং আয় বৃদ্ধি পাবে ১৮০ কোটি টাকা ট্যারিফে সাশ্রয় হবে। তাহলে আমাদের অর্থের সংস্থান অনেকটাই হয়ে যাবে। (ভয়েজ-প্রচলিত আইন নিয়েও তো করা যায়)। ৬, ৭ বছর লেগে যাচ্ছে কেসের ফয়সালা হচ্ছে না। এখন এই নিয়ে কথা বলে লাভ নেই। আইন হয়ে গেছে, প্রেসিডেন্ট এ্যাসেন্ট এসেছে। আমি নতুন করে এই বিতর্কে যাবো না। তবে যেহেতু আপনি প্রসঙ্গটা তুললেন তাই কিছু বলতে হয়, তাই বললাম। অনেকেই জানেন না, ভুল বুঝবেন তাই বললাম। গ্রামেগঞ্জে যারা আছেন যারা জানেন শুধু হুকিং নয়, ট্যাপিং নয়, ট্যাম্পারিং ইত্যাদি হয়ে যে সমস্যা হচ্ছে। আইনে এই ব্যাপারটা রয়েছে। (ভয়েজ-এর সাথে এমপ্লয়াররা যুক্ত)। আইনে তাও আছে। এ্যাবেটর্স যারা সাহায্য করবে সে এমপ্লয়ীই হোক বা কন্ট্রাক্টার হোক তাদের শাস্তি হবেই। যদি এমপ্লয়ীরা সাহায্যকারী হিসাবে ধরা পড়ে তাহলে ৫ বছর জেলে থাকতে হবে এবং চাকরীটাও চলে যাবে। (ভয়েজ-সাধারণ মানুষ হ্যারাসড হবে)। হ্যারাসমেন্টের কথা কেন বলছেন ? চোর ধরা যাবে না, চুরি ধরতে দেবেন না। যদি কোনো এমপ্লয়ী বা কেউ এ্যাবেটর্স সম অপরাধে অপরাধী হয় তাহলে তার শাস্তি হবে। এটাকে হ্যারাসমেন্ট বলছেন কেন ? চুরি ধরতে দেবেন না, চোর ধরলে হ্যারাসমেন্ট হবে।

**শ্রী তপন হোড়** : আপনি বিভিন্ন রাজ্যের দামের যে হিসাব দিলেন তাতে দেখছি যেখানে হাইডাল প্রোডাকশান বেশী সেখানে অপেক্ষাকৃত দাম কম।

যেমন কেরালা। তার মধ্যে একটা আছে। আমাদের পশ্চিমবঙ্গে হাইডেল করার অনেক স্কোপ থেকে গেছে। পলিসিগত ভাবে ঠিক করতে হবে এটা করবেন কিনা। 'পাওয়ার বিল ২০০০' যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট পাশ করিয়েছে এবং পাওয়ার-কে যেভাবে প্রাইভেটাইজেশনের পথে নিয়ে যাওয়ার পরিকল্পনা চলছে সেটা এক কথায় ভয়ংকর পরিস্থিতি তৈরী হবে। আগামী ৫/৬ বছর পরে গ্রামের লোক বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন কিনা সেটা তৃণমূলের ওঁরাই বলতে পারবেন। 'এনরন' কি করেছে ভাবুন। তাই বলছি, হাইডেল পাওয়ার ব্যবহার করার যে স্কোপ আছে সেটাকে আপনি এভেইল করার কোনো প্রস্তাব করবেন কিনা এবং করলে কি ভাবে করবেন ?

[11.40—11.50 a.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জী** : খালি সস্তা নয়। যদি বিদ্যুৎ ব্যবস্থাকে পশ্চিমবাংলায় টেকাতে হয় তাহলে হাইডেল বা উইন্ড—এই ধরনের বিদ্যুৎ আনতে হবে। কারণ, কোনো ধনী দেশও পিক আওয়ারস ডিমান্ড থার্মল দিয়ে ম্যানেজমেন্ট করছে, তা নয়। আমরা বলি আমাদের সারপ্লাস। কিন্তু আমাদের সারপ্লাস হচ্ছে অফপিকে। পিকে বিদ্যুৎ কিনতে হয় এবং বিদ্যুৎ কিনতে হয় বলে গ্রীডের কানেকটিভিটি থাকতে হবে। এবং এই গ্রীডের

কানেকটিভিটি সমগ্র রাজ্যে ১৩-১৪টা জায়গায় আছে। এবং তার জন্য ফ্রিকোয়েন্সি কমে গেলে আইলেন্ডিং করতে পারে না। কারণ, ১৩-১৪টা জায়গায় আইলেন্ডিং করে ডিমান্ড ম্যানেজমেন্ট করা সম্ভব নয়, ইট ইজ নট পসিবল। সেই জন্য ঘন ঘন লোডসেডিং হয়। এটা ম্যানেজমেন্ট হত যদি হাইডেল থাকত। কিন্তু হাইডেল পোটেনসিয়ালিটি সেই ভাবে নেই। খুব অল্প আছে নর্থ বেঙ্গলে। সেটা নিয়ে চেষ্টা করছি তিস্তার লোড সামলানোর। ৩০০ মেগাওয়াটের কাজ এন এইচ পি সি করছে। তাছাড়া, ছোট ছোট ২০।১০।১।২ মেগাওয়াট এরিয়া করে আছে। যেটা অন্য রাজ্যে, যেমন হিমাচল, তাদের যে বিদ্যুৎ তার এক মেগাওয়াটও থার্মল নয়। তারা ৩ হাজার মেগাওয়াট বিদ্যুৎ হাইডেল থেকে করে, বিদ্যুৎ থেকেই তাদের রোজগার। স্বভাবতই সমস্যার কথা মাথায় রেখে আমরা পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রোজেক্ট করছি। এটা খুব কস্টলি। ৩১৮৯ কোটি টাকার প্রোজেক্ট। জে. বি. সি লোন নিয়ে করছি। এবং সেখানে রাত্রি ১২টা থেকে ৬টা পর্যন্ত ১১০০ মেগাওয়াট বিদ্যুৎ খাওয়াতে হবে পাম্পকে চালাতে, নিচে থেকে জলকে উপরে তুলতে। অর্থাৎ ৬.৬ মিলিয়ন ইউনিট পাওয়ার খাওয়াতে হবে। বিকেল ৬টা থেকে ১১টা পর্যন্ত ৫ ঘণ্টায়, ৪.৬ মিলিয়ন ইউনিট পাওয়া যাবে। ১১০০ মেগাওয়াট খাওয়াতে হবে তাহলে ৯০০ মেগাওয়াট পাওয়া যাবে। এটা কস্টলি বিদ্যুৎ হবে, ১/২ টাকার বিদ্যুৎ হবে না। এটা জেনেও এবং যেহেতু বিদ্যুৎ পরিস্থিতি ভালো নয়, খুব খারাপ সেই জন্য পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রোজেক্ট-এর কাজ করছি। কাজটা আরম্ভ হয়েছে। অনেকগুলো বাধা-বিপত্তি ছিল—ফরেস্ট, লিগ্যাল কেস ইত্যাদি নিয়ে আমরা অনেকদিন ধরে অসুবিধার মধ্যে ছিলাম। এখন কাজ চলছে। এ ছাড়া, উইন্ড, ইত্যাদি যতটুকু প্রোটেনসিয়ালিটি আছে—দুর্ভাগ্যের বিষয় কোস্টাল এরিয়াতে উইন্ড ভেলোসিটি সেইভাবে নেই যাতে এটা করতে পারি। যতটুকু আছে—৪০/৫০ মেগাওয়াট আছে, ফ্রেজারগঞ্জে সেই কর্মসূচি নিয়েছি, এক মেগাওয়াটের জেনারেশন আরম্ভ হয়ে গেছে। যেখানে ব্যাপক ভাবে, উইন্ড ভেলোসিটি ভালো, আমরা সেখানে সেখানে 'উইন্ড বিদ্যুৎ' চালু করার চেষ্টা করছি। আপনারা জানেন, আমরা ইতিমধ্যে সাগরদ্বীপে একটা নতুন টেকনোলজি করেছি। সেটা হচ্ছে উইন্ড ড্রিভেন হাইডেল, যেটা পৃথিবীতে ল্যাবোরেটরির বাইরে এটা হচ্ছে সেকেন্ড। আমাদের আরেকটা ল্যাবোরেটরি টেস্ট হয়েছে কানাডাতে। ল্যাবোরেটরির বাইরে প্র্যাকটিকালি ফিল্ডে এটা হচ্ছে প্রথম সাগরদ্বীপে এবং আমরা সফল হয়েছি এবং ১০০ পারসেন্ট রেটে ওখানে কাজ হচ্ছে। আমরা সুন্দরবন অঞ্চলে এটা ব্যাপক পরিমাণে লাগু করব এবং তার মধ্যে দিয়ে সুন্দরবনের যে সমস্যা আমরা সেই সমস্যা অনেকটা কাটিয়ে উঠতে পারবো।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মন্ত্রী মহাশয় বিশদ ভাবে বলেছেন, তাঁকে ধন্যবাদ। শুধু একটা জিনিস জানতে চাইছি যে, স্টেট ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন যে ট্যারিফ্ ঠিক করে দিয়েছিল, সি. ই. এস. সি. হাইকোর্টে গেল, হাইকোর্ট একতরফা ভাবে এমন দুজন জজ্ হিয়ার করলেন যাঁরা সি. ই. এস. সি.-এর ব্রিফহোল্ডার ছিলেন তার আগে। তা নিয়েও আলোচনা হয়েছে, তর্ক হয়েছে—এটা শোনা যায়। তার জন্য সুপ্রিম কোর্টে সেই রায়কে চ্যালেঞ্জ করে যাওয়া হয়েছে। এখন সি. ই. এস. সি. হচ্ছে আপনাদের লাইসেন্সি অথরিটি, তারা আপনাদের কাছ থেকে লাইসেন্স নিয়ে ব্যবসা করছে। হাইকোর্টের রায়কে

চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যাওয়া হয়েছে। ইন-বিটুইন, ইনটেরিম পিরিয়ডে তারা ইতিমধ্যে বিল ছাড়তে শুরু করেছে এ্যনহ্যান্স ১৭.৫ পারসেন্ট হিসেবে, এটা স্টেট গভর্নমেন্ট তো বন্ধ করতে পারেন না। আপনি লাইসেন্স অ্যাওয়ার্ড করেছেন, হি ইজ এ লাইসেন্সি এবং আপনি এ ক্ষেত্রে কেন বলছেন না যে, সুপ্রিম কোর্টে ফাইনাল হিয়ারিং পর্যন্ত হাইকোর্টের এটা লাগু করা যাবে না, পুরনো রেটে তাদের বিল পাঠাতে হবে। তাহলে তো অন্তত কনজিউমাররা একটা ইন্‌টেরিম রিলিফ পাবে এবং আমরা জানি সুপ্রিম কোর্টে এটা নাকচ হয়ে যাবে। তখন এই যে টাকা এরা কেটে নেবে এটা ৩০ বছর ধরে ফেরত দেবে। সুতরাং Why didn't the Government intervene in the case to give relief to the consumers who are attached with the CESC ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : দেখুন আমি যতটুকু আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করেছি সে ব্যাপারে বলি যে, আমরা এই ধরনের অর্ডার দিতে পারি না। তবে আমি আরও আলোচনা করব, আপনার এটা শোনার পর আরও পরামর্শ নেব, আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করব, যদি সেরকম থাকে আমরা ডেফিনিটলি ভেবে দেখব কি করা যায়। কারণ এটা হচ্ছে এস. ই. আর. সি.-এর একটা কোয়াসি-জুডিশিয়াল বডি, তাদের রায়কে হাইকোর্ট বলেছে, হাইকোর্ট থেকে সুপ্রিম কোর্টে গেছে, কিন্তু সি. ই. এস. সি. যায়নি। সুপ্রিম কোর্টে গেছে কনজিউমার ফোরাম, ইনডাসট্রি হাউস এবং এস. ই. আর. সি.। এখন এই ইনটেরিম পিরিয়ডে এবার লাইসেন্সিকে হাইকোর্টের অর্ডারকে আমি বলতে পারি কিনা ? আমাদের প্রাথমিক আলোচনায় মনে হয়েছে, আমি এটা বলতে পারি না। সুপ্রিম কোর্ট এখনও পর্যন্ত স্টে অর্ডারও দেয়নি।

**শ্রী আনন্দগোপাল দাস** : স্যার, আমি যে বিষয়টা বুঝতে পারলাম না। মাননীয় সৌগত বাবু বলছিলেন, বিদ্যুৎ চুরি হচ্ছে, বিদ্যুৎ চুরিকে রোধ করার জন্য বিধানসভায় বিল এসেছে, সেটা পাশ হয়েছে, সেটা কার্যকরী হবে এবং সে ক্ষেত্রে ওনাদের সন্দেহ হচ্ছে, কনজিউমাররা হ্যারাস্ হবে কিনা ? আমরা কালকে পুলিশ বাজেটে ওঁদের বক্তব্য শুনলাম, ওঁরা বলছিলেন যে, পশ্চিমবঙ্গে চোর ধরা পড়ছে না। আজকে ওঁরা কি জানতে চাইছেন আমি বুঝতে পারলাম না। স্যার, আমি যেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, বিদ্যুৎ চুরি হচ্ছে এবং সেটা ধরার জন্য আইন পাশ হয়েছে। এ ক্ষেত্রে আমি বলতে চাই যে, পুলিশ প্রশাসন এবং বিদ্যুৎ দপ্তরের যাঁরা অফিসার আছেন তাঁরা যৌথ ভাবে এই কাজ যদি না করেন তা হলে চুরি রোধ করা যাবে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, জেলা স্তরে, ব্লক স্তরে এবং রাজ্য স্তরে এই ধরনের কো-অর্ডিনেশন করার কোনো ব্যবস্থা উনি করেছেন কিনা ?

[11.50—12.00 noon]

**শ্রী মৃণাল ব্যানার্জী** : হ্যাঁ, এটা একটা কঠিন আইন বটে এবং এটা যাতে অপপ্রয়োগ না হয় তার জন্য আমরা অনেকগুলো প্রস্তুতি নিয়েছি—মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা আবেদন থাকছে, জেলায় জেলায় সমস্ত হোর্ডিংগুলো দেওয়া হবে বিদ্যুৎ চুরির বিরুদ্ধে এবং এই আইনে কি আছে সে সম্পর্কে কয়েক লক্ষ পোস্টার হচ্ছে, কয়েক লক্ষ লিফ্‌লেট্ হচ্ছে,

প্রতিদিন রেডিওতে বলছে, আর কয়েকদিন পর থেকে টি. ভি.র সমস্ত চ্যানেলে, অধিকাংশ চ্যানেলে এই সম্পর্কে প্রচার করা হবে। আমি জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি, কর্মাধ্যক্ষ, সবাইকে চিঠি দিয়েছি। জেলায় জেলায় গিয়ে মিটিং করে বলবার চেষ্টা করছি। এটা হতে পারে যে, কোনো কর্মী কোনো কারণে ক্ষুব্ধ, এটা যাতে মানুষের বিরুদ্ধে যায় তার জন্য সে কিছু করে ফেলতে পারে। কাজেই এ বিষয়ে আমাদের খুবই সচেতনভাবে এগোতে হবে। মাননীয় সদস্য শ্রী সরকার বললেন কোনো জায়গায় এটার যেন ভুল প্রয়োগ না হয়। সচেতন থাকা সত্ত্বেও এক আধটা জায়গায় ভুল হতে পারে। যাতে তা না হতে পারে তা দেখতে হবে। এ ব্যাপারে বিদ্যুৎ দপ্তরে ঘন ঘন মিটিং হচ্ছে, কি ভাবে প্রয়োগ করা হবে তা নিয়ে ভাবনা চিন্তা হচ্ছে। একজন সদস্য ১ তারিখ থেকে লাগু হবার কথা বললেন। না, ১ তারিখ থেকে লাগু হবে না। কয়েক দিন পিছিয়ে দেওয়া হয়েছে। আরো বেশি করে সাধারণের মধ্যে প্রচার করতে হবে। মানুষকে অ্যাওয়ার করতে হবে। অনেক মানুষই জানেন না। না জেনে যাতে কেউ বিপদে না পড়েন সে জন্য ব্যাপক প্রচার দরকার। তার মানে এই নয় যে, এক মাস পিছিয়ে যাবে। তবে ১ তারিখ নয়। এটা প্রচার করার কারণ হচ্ছে, কেউ কেউ বলছেন ভীষণ খারাপ হচ্ছে, মানুষ হ্যারাস হবে। আবার এক দল বলছেন, জানাবার কি আছে, চুরি করছে কিনা জানে না ! তাঁরাও ঠিকই বলছেন।

**শ্রী আবু হাসেম খান চৌধুরী** : মিঃ স্পীকার স্যার, আমি পাওয়ার মিনিস্টারকে জিজ্ঞেস করতে চাই—উনি বলেছেন আমাদের সারপ্লাস ইলেকট্রিসিটি আছে। এই সারপ্লাস ইলেকট্রিসিটি জেনারেশনের জন্য হচ্ছে না ইনডাসট্রিগুলি বন্ধ হয়ে আছে বলে হচ্ছে ? আই উড লাইক টু নো দ্যাট— সারপ্লাস কেন হচ্ছে, জেনারেশনের জন্য, না ইনডাসট্রিস ওয়েস্ট বেঙ্গলে বন্ধ হয়ে গেছে, তার জন্য ? আমরা যখন গ্রামে যাচ্ছি তখন দেখছি বাতিগুলো টিম টিম করে জ্বলছে, সাব-স্টেশন নেই। যেভাবে আলো জ্বলছে তাকে কি উনি ইলেকট্রিসিটি বলবেন ? সাব-স্টেশনের অভাবে ফ্ল্যাকচ্যুয়েশন হচ্ছে। এগুলোকে উনি কি বলবেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : আমি বলেছি অফ পিক পিরিয়ডে সারপ্লাস। পিক পিরিয়ডে বাইরে থেকে আমাদের বিদ্যুৎ নিতে হয়। এ ব্যাপারে বোধ হয় আর কোনও প্রশ্ন থাকা উচিত নয়। আমাদের পিক পিরিয়ডের যে ডিম্যান্ড তাকে ক্যাটার করার জন্য বাইরে থেকে বিদ্যুৎ নিতে হয়। পিক পিরিয়ডে ডিমান্ড সার্জ করে। ৫-টার সময় ২৪০০ ডিম্যান্ড, ৬-টার সময়ই সেটা ৪০০০ মেগাওয়াট হয়ে যায়, একেবারে সার্জ করে যায়। আমাদের সারপ্লাস হচ্ছে অফ পিক পিরিয়ডে। তবে ইনডাসট্রি বন্ধ হয়ে যাচ্ছে বলে হচ্ছে, তা নয়। এ বিষয়ে আমি যদি সম্ভব হয় বাজেটের দিন বলব। অন্তত ১০% করে ডিমান্ড মিলিয়ন ইউনিটে বাড়ছে ; মেগাওয়াটে বলছি না। ১৯৯০-৯১ সালে যত মিলিয়ন ইউনিট ছিল, এখন তার ডবলেরও বেশি ডিমান্ড হয়েছে। আর মেগাওয়াটের ডিমান্ড বুঝতেই পারছেন— যখন সার্জ করে তখন ওটা বাড়ছে। এখানে এখন ইনডাসট্রি আসছে এবং সেটাই আমাদের সমস্যা হচ্ছে। যে সমস্ত ইনডাসট্রি আসছে সেগুলো বেশিরভাগই পাওয়ার কনজিউমিং

ইনডাসট্রিস। যেহেতু এখানে বিদ্যুৎ সস্তা সেহেতু এখানে পাওয়ার কনজিউমিং ইনডাসট্রিস আসছে। ফেরো অ্যালয়, স্পাঞ্জ অ্যালয়, এই ধরনের ইনডাসট্রির পাওয়ার র' মেটিরিয়াল এবং এরা পশ্চিমবাংলায় ব্যাপকভাবে আসছে। আজকে ডি. পি. এল-এর কাছে আরো ১ হাজার ১শো মেগাওয়াট বিদ্যুতের ডিমান্ড এসেছে। কাজেই ইনডাসট্রি বন্ধ হচ্ছে বলে ডিমান্ড কমছে তা নয়, তার জন্য সারপ্লাস হচ্ছে তা নয়। আর লো-ভোল্টেজ জেনারেশনের উপর নয়। আমি বলেছি, ট্রান্সমিশন এবং ডিসট্রিবিউশনের সমস্যা আছে। হয়তো ১১ কে. ভি., লাইন ৪০ কিলোমিটার দূর পর্যন্ত আমরা সেইজন্য অনেকগুলি স্কিম নিয়েছি। আমি সেদিন বলব কি কি স্কিম নিয়েছি এবং কোন্ কোন্ কাজ চলছে, কি কি হয়ে গেছে আর কি কাজ হাতে আছে।

**শ্রী রবীন দেব** : মাননীয় বিধায়ক শ্রী দেবপ্রসাদ সরকারের মূল প্রশ্ন ছিল বিদ্যুতের দাম অন্য রাজ্যের তুলনায় বেশি, না কম। আমি নির্দিষ্টভাবে বলতে চেয়েছি, সত্যি আমাদের রাজ্যে বিদ্যুতের ক্ষেত্রে উৎপাদন বেড়েছে। বিদ্যুৎ সরবরাহ করার জন্য যেটা শস্তা সেটা হচ্ছে জল বিদ্যুৎ যেটা আমাদের ক্ষেত্রে দৃষ্টান্ত স্থাপন করে আছে রাম্মাম জল বিদ্যুৎ। বিরোধীদের নেতা একটু আগে হিমাচলের কথা বললেন। আমাদের অনেক বাধা-বিপত্তি অতিক্রম করে রাম্মাম জল বিদ্যুৎ হয়েছে। এটা সত্যি কিনা তা বিপ্লববাবু এবং জটুবাবু গিয়ে দেখে এসেছেন। আমি জানতে চাইছি, রাম্মাম জল প্রকল্প বাড়ানোর জন্য, এক্সপ্যানসনের জন্য, কোনও পরিকল্পনা মন্ত্রীমহাশয়ের হাতে আছে কিনা ? পাশাপাশি একটু আগে বললেন তিস্তা প্রকল্প। একটা সেন্ট্রাল গভর্নমেন্টের এন. টি. পি. সি. করছেন আর একটা তিস্তা ক্যানেল প্রোজেক্ট করছেন। এই যে প্রোজেক্ট রয়েছে সেটা দ্রুত কার্যকরী করার জন্য কোনো পরিকল্পনা সরকারের পক্ষ থেকে আছে কিনা সেটা আমি জানতে চাই।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : রাম্মামে প্রায় ১০০ মেগাওয়াটের ২টি স্কিম আছে। একটা ৯০ মেগাওয়াট আর একটা ১০ মেগাওয়াটের। সেই স্কিমের কাজ হয়ে গেছে। দ্বিতীয়ত, তিস্তা ক্যানেলের একটা সমস্যা হচ্ছে, জল বার করা অর্থাৎ ইভ্যাকুয়েট করা একটু ডিফিকাল্ট আছে। সেটা নিয়ে ইরিগেশন ডিপার্টমেন্টের সঙ্গে আমাদের অনেকবার ইনটার্যাক্ট হয়েছে। মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে উত্তরবঙ্গে আমি ছিলাম। সেখানে অনেক আলোচনা হয়েছে। আমাদের এটা নিয়ে লোকসান হচ্ছে। কারণ আমাদের পাওয়ার সাইট তার ফুল জেনারেশন করার মতো পরিস্থিতি আছে। জল যেহেতু ইভ্যাকুয়েট করতে পারছি না, আমাদের জেনারেশন ৫০ পারসেন্ট নামিয়ে রাখতে হয়েছে। এইসব নিয়ে কথাবার্তা চলছে। আশা করছি, কিছুদিনের মধ্যেই ওরা যে প্রচেষ্টাগুলি নিয়েছেন, ইতিমধ্যেই ইরিগেশন ডিপার্টমেন্ট সেগুলিতে সফল হবে এবং হওয়ার পর আমরা ৬৭.৫ মেগাওয়াট যেটা ওখান থেকে জেনারেট করার কথা সেটা করতে পারব।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, ফিসারী, গোটারী প্রভৃতির ক্ষেত্রে প্রায়োরিটি সেক্টারে আপনারা কমার্শিয়াল চার্জ নিচ্ছেন, এতে করে নাভিশ্বাস উঠছে এই সমস্ত দপ্তরের। যেগুলি এমপ্লয়মেন্ট জেনারেটিং এগুলি প্রায়োরিটি সেক্টরে কমার্শিয়াল চার্জের বাইরে নিয়ে আসার কোনো পরিকল্পনা আছে কিনা ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : আমি বলতে পারব না, এটা কমার্শিয়াল হচ্ছে কিনা। পাবলিক ইউটিলিটির জন্য অনেকগুলি শস্তায়, ডোমেস্টিক থেকেও সস্তায় দেওয়া হয়। কিন্তু কোনো কোনো জায়গায় কমার্শিয়াল হবে—সব কমার্শিয়াল হতে পারে না—হয়তো কোনো কোনো এরিয়াগুলি কমার্শিয়াল হবে। আমার সঙ্গে আমাদের বিভাগীয় মন্ত্রীমহাশয়ের এ নিয়ে কথা হচ্ছিল খানিকক্ষণ আগে। আমি বলেছি দেখবো। দেখার পর কি দাঁড়ায় জানাব। সেটার কি হল প্রয়োজন হলে, আপনি যদি জানতে চান পরবর্তী স্তরে আপনাকেও জানিয়ে দিতে পারব।

**মিঃ স্পীকার** : মেম্বারদের আমি বারবার বলি যে কোয়েশ্চেন সংক্ষেপে করতে হয়, বক্তৃতা নয়। কারণ সংক্ষেপে হলে আরও বেশী প্রশ্নের উত্তর পাওয়া যাবে। প্রশ্নের উদ্দেশ্য হল টু এলিসিট ইনফরমেশান। এখানে সবাই জ্ঞান দেন মন্ত্রীদের। কি করা যাবে ? কিছুই করার নেই।

## Starred Questions
## (to which answers were laid on the Table)

### সেন্ট্রাল রোড ফান্ড বাবদ রাজ্যকে বরাদ্দকৃত অর্থ

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী তপন হোড়** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (২০০১-২০০২) 'সেন্ট্রাল রোড ফান্ড' বাবদ রাজ্যের জন্য কী পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ;

(খ) উক্ত অর্থে কতগুলি ও কী পরিমাণ রাস্তা নির্মাণের পরিকল্পনা আছে ; এবং

(গ) এ পর্যন্ত কাজের অগ্রগতি কীরূপ ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০১-২০০২ আর্থিক বছরে 'সেন্ট্রাল রোড ফান্ড' বাবদ রাজ্যের জন্য ৪৩ (তেতাল্লিশ) কোটি টাকা বরাদ্দ হয়েছে।

(খ) ৬ (ছয়)-টি রাস্তার সর্বমোট ১০৫.১০ (একশত পাঁচ পয়েন্ট এক শূন্য) কিলোমিটারের মধ্যে উক্ত বরাদ্দকৃত অর্থে আনুপাতিক হারে যতখানি সম্ভব সেই পরিমাণ অংশের প্রশস্ত (এস এল থেকে ডি এল) ও মজবুতিকরণের পরিকল্পনা আছে।

(গ) দুটি রাস্তার কাজ শুরু হয়েছে। বাকি চারটি রাস্তার ক্ষেত্রে 'টেন্ডার'-এর কাজ চলছে।

## সি ই এস সি এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব চেয়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রস্তাব

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬) **শ্রী আবদুল মান্নান** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়া ও হুগলি জেলার বিস্তীর্ণ এলাকায় সি ই এস সি-র কাছ থেকে বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব চেয়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদ রাজ্য সরকারের কাছে একটি প্রস্তাব পেশ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, সরকার কর্তৃক এ বিষয়ে কী ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ সত্যি।

(খ) এ বিষয়ে এখনও কোনও সরকারি সিদ্ধান্ত নেওয়া হয়নি।

*Question No. 157 : Held Over

## ক্রেতা সুরক্ষা ফোরাম গঠন

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮) **শ্রী শংকর সিংহ এবং শ্রী আবদুল মান্নান** : ক্রেতা সুরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলা ক্রেতা সুরক্ষা ফোরাম কীভাবে গঠিত হয় ;

(খ) কী পদ্ধতিতে উক্ত ফোরামের সদস্য নিয়োগ করা হয়ে থাকে ; এবং

(গ) এ পর্যন্ত কোন কোন জেলায় এ ধরনের ফোরাম গঠিত হয়েছে ?

**ক্রেতা সুরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) জেলা ক্রেতা সুরক্ষা ফোরাম সংশ্লিষ্ট জেলাসদরে একজন সভাপতি (পশ্চিমবঙ্গ উচ্চ বিচার সেবা হইতে আগত), দুইজন সাধারণ সদস্য (একজন মহিলা) সহ গঠিত হয়।

(খ) কোনও ফোরামের সদস্যপদ খালি থাকিলে ঐ পদ পূরণের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়। এ জন্যে বহুল প্রচারিত কয়েকটি বাংলা ও ইংরাজি দৈনিকে বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। (এ ক্ষেত্রে প্রার্থীদের যোগ্যতা ও শর্তাবলী এইরূপ—(১) প্রার্থীদের বয়সের ঊর্দ্ধসীমা ৬০ বছর (২) প্রার্থীদের ন্যায়পরায়ণ ও কর্মদক্ষ হওয়া চাই। অর্থবিদ্যা, আইন, বাণিজ্য, হিসাবশাস্ত্র, শিল্প, জনসম্পর্কিত বিষয় অথবা প্রশাসনিক কাজে যথেষ্ট জ্ঞান, অভিজ্ঞতা এবং সমস্যা সমাধানের যোগ্যতা থাকা দরকার; (৩) নিয়োগের মেয়াদ পাঁচ বছরের জন্য অথবা ৬৫ বছর বয়স পর্যন্ত, যেটি আগে এবং পুনর্নিয়োগ কখনই হবে না, (৪) প্রতি সদস্য মাসিক ৪০০০ টাকা হারে সাম্মানিক পাবেন, (৫) নিয়োগের আগে সদস্যকে এই মর্মে একটি অঙ্গীকারপত্র দিতে হবে যে তিনি এমন কোনও আর্থিক বা অন্য কোনও স্বার্থের সঙ্গে জড়িত নন যাতে ক্রেতা ফোরামে তার কার্য

সম্পাদনে প্রভাব পড়তে পারে। আবেদনকারী ব্যক্তিদের মধ্য হইতে সাক্ষাৎকারের ভিত্তিতে সদস্য পদে প্রার্থী নিয়োগ করা হয়ে থাকে।

(গ) এ পর্যন্ত কলকাতায় দুটি (ইউনিট-১ এবং ইউনিট-২), ২৪-পরগনা (উত্তর), ২৪-পরগনা (দক্ষিণ), হাওড়া, নদিয়া, মুর্শিদাবাদ, বীরভূম, জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং, মালদহ, উত্তর দিনাজপুর, বর্ধমান, মেদিনীপুর, হুগলি, পুরুলিয়া জেলায় একটি করে পূর্ণ সময়ের ফোরাম, বাঁকুড়া ও দক্ষিণ দিনাজপুর জেলায় একটি করে আংশিক সময়ের ফোরাম গঠিত হয়েছে। এ ছাড়া আলিপুরদুয়ার এবং শিলিগুড়িতে দুটি সার্কিট বেঞ্চ গঠিত হয়েছে।

### রাজ্যে প্রতিটি ব্লকে মৎস্য উৎপাদন খামার

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৩) **শ্রী জানে আলম মিঞা** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি ব্লকে মৎস্য চারা উৎপাদন খামার তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) মৎস্য চারা উৎপাদনের ক্ষেত্রে সমবায়ভিত্তিক অথবা মৎস্য উৎপাদন গোষ্ঠী অথবা ব্যক্তিগত উদ্যোগে ব্লক ও জেলাস্তরে মৎস্য চারা উৎপাদনে উৎসাহিত করা হয়।

(খ) সরকারি উদ্যোগে এই ক্ষেত্রে সরকারের প্রত্যক্ষভাবে কোনও প্রকল্প হাতে নেওয়ার কোনও পরিকল্পনা নেই। তবে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য ব্লকে ব্লকে একটি করে প্রদর্শনী খামার তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

### মহিলা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিতে পুরুষদের অধিকার

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৭) **শ্রী জটু লাহিড়ী** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মহিলা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিগুলির জমা প্রকল্পে পুরুষদের অংশগ্রহণের অধিকার আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কীরূপ ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যের মহিলা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিগুলির জমা-প্রকল্পে পুরুষদের প্রাথমিক সদস্যরূপে অংশগ্রহণের অধিকার নাই।

(খ) কোনও প্রশ্নই ওঠে না।

## অল্‌চিকি ভাষার মাধ্যমে শিক্ষাদান

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬৩) **শ্রী ভূতনাথ সোরেন** : অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে অল্‌চিকি ভাষার মাধ্যমে শিক্ষাদানের জন্য পবিত্র সরকার কমিশনের রিপোর্ট কবে নাগাদ প্রকাশিত হবে বলে আশা করা যায় ?

**অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

আগামী ৩১.০৫.২০০২-এর মধ্যে প্রকাশিত হবে বলে আশা করা যায়।

## এ ডি বি-এর সহায়তায় রাস্তা নির্মাণ

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৬) **শ্রী অজয় দে** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এশীয় উন্নয়ন ব্যাঙ্কের অর্থসাহায্যে রাজ্যে রাস্তা নির্মাণের বা সংস্কারের কোনও কাজ শুরু হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কোন কোন রাস্তা নির্মাণ বা সংস্কারের পরিকল্পনা করা হয়েছে ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এশীয় উন্নয়ন ব্যাঙ্কের অর্থসাহায্যে রাস্তা উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নির্মাণ বা সংস্কারের কাজ এখনও শুরু হয়নি।

(খ) এশীয় উন্নয়ন ব্যাঙ্কের অর্থ সাহায্যে পশ্চিমবঙ্গ করিডোর উন্নয়ন প্রকল্পের মধ্যে নিম্নলিখিত রাস্তাগুলির উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :

(১) বারাসতের উত্তর (আমডাঙ্গা) থেকে রায়গঞ্জ পর্যন্ত প্রায় ৩৭০ কিমি ৩৪ নং জাতীয় সড়ক।

(২) গাজল থেকে হিলি পর্যন্ত রাজ্য সড়ক ও পতিরাম থেকে বালুরঘাটের সংযোগকারী রাস্তা।

(৩) চাকদা থেকে বনগাঁ পর্যন্ত ১নং রাজ্য সড়ক ও বড়জাগুলি থেকে কাঁপা (কল্যাণী এক্সপ্রেসওয়ে) পর্যন্ত সড়ক।

(৪) ৩৪ নং জাতীয় সড়কের সঙ্গে সংযোগকারী নিম্নলিখিত দশটি গ্রামীণ সড়ক (মোট ১০২ কিমি)

(ক) উত্তর দিনাজপুর জেলার দুর্গাপুর কুনোরহাট সড়ক।

(খ) মালদা জেলার গৌড় মেহদিপুর সড়ক।

(গ) মালদা জেলার মালদা-বুলবুলচণ্ডী সড়ক।

(ঘ) মুর্শিদাবাদ জেলার ৩৪নং জাতীয় সড়ক থেকে সাগরদীঘির সংযোগকারী সড়ক।

(ঙ) মুর্শিদাবাদ জেলার ৩৪নং জাতীয় সড়ক থেকে আন্দুলবেড়িয়ার সংযোগকারী রাস্তা।

(চ) মুর্শিদাবাদ জেলার হরিদাসমাটি-মানকরা সড়ক।

(ছ) মুর্শিদাবাদ জেলার রেজিনগর-সর্বাঙ্গপুর সড়ক।

(জ) নদিয়া জেলার মীরা-কালীগঞ্জ সড়ক।

(ঝ) উত্তর ২৪-পরগনা জেলার জিরাট-হাবড়া সড়ক।

(ঞ) উত্তর ২৪-পরগনা জেলার আমডাঙ্গা-বিরা (৩৫নং জাতীয় সড়কের উপর) সড়ক।

**হলদিয়া-ফরাক্কা রাস্তার বর্ধমান ও বীরভূম বাইপাসের জন্য বরাদ্দকৃত অর্থ**

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৭) **শ্রী আনন্দ গোপাল দাস** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া-ফরাক্কা সড়কের বর্ধমান ও বীরভূম সংলগ্ন বাইপাস রাস্তা তৈরির জন্য ২০০১-২০০২ আর্থিক বছরে কী পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছিল ; এবং

(খ) উক্ত কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

**পূর্তবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হলদিয়া-ফারাক্কা সড়কের বর্ধমান সংলগ্ন বাইপাস রাস্তা অজয় নদীর উপর নতুনহাট ব্রিজের বীরভূমের দিকে অ্যাপ্রোচ রাস্তা (১১৭০ মিঃ) তৈরির জন্য ২০০১-২০০২ আর্থিক বছরে ১,০৫,৫৯,৮৭৭ টাকা বরাদ্দ করা হয়েছে।

(খ) কাজটি জুন ২০০২ নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

**ধানের মূল্য হ্রাস**

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০) **শ্রী দেবপ্রসাদ সরকার** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি গ্রামাঞ্চলে ধানের দাম অস্বাভাবিকভাবে কমে যাওয়ায় রাজ্যের চাষীরা চরম দুর্দশার সম্মুখীন হচ্ছেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিস্থিতির মোকাবিলায় সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) খাদ্য ও সরবরাহ দপ্তর সরাসরি ধান কেনে না। পশ্চিমবঙ্গের কয়েকটি জেলার কয়েকটি অঞ্চলে বিক্ষিপ্তভাবে কেন্দ্রীয় সরকার কর্তৃক ঘোষিত ন্যূনতম সহায়ক মূল্য অপেক্ষা

কম দামে ধান বিক্রয় হয়েছে, এমন খবর আসছে। তবে তা (ফেয়ার অ্যাভারেজ কোয়ালিটি) কিনা বলা সম্ভব নয়, কেননা ধান আমরা কিনি না।

(খ) খারিফ মরসুমে চাল সংগ্রহের মাধ্যমে এ জাতীয় পরিস্থিতি মোকাবিলা কিছুটা করা হয়ে থাকে। বর্তমান খারিফ মরশুমে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির হয়েছে ৬ লক্ষ মেট্রিক টন। সংগ্রহের শুরুতেই জেলাস্তরে সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি সরকার-লিখিত নির্দেশ আছে রাইসমিল থেকে চাল সংগ্রহের প্রাক্কালে দেখে নেওয়া যে, মিলগুলি চাষীদের কাছ থেকে কেন্দ্রীয় সরকার ঘোষিত ন্যূনতম সহায়ক মূল্যে ধান কিনছে কি না। এই মর্মে মিলগুলিকে পঞ্চায়েত কর্তৃক প্রদত্ত শংসাপত্র জমা দেওয়ার কথা বলা হয়েছে।

## ADJOURNMENT MOTION

[12.00—12.10 p.m.]

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of economic crisis faced by the authority of the Calcutta Tramways Company. The second one is from Shri Pankaj Banerjee on the subject of alleged arrest of the workers of All India Trinamool Congress at Salboni, Midnapore, on false charges. The third one is from Shri Gobinda Chandra Naskar on the subject of appointment of teachers in higher secondary schools in the State on contract basis. The fourth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of banning on private tuition, of the teachers in the State. And the fifth and the sixth ones are from Shri Jyotipriya Mallick and Shri Ashok Kumar Deb respectively on the same subject of non-depositing of P.F. money for the employee of CTC by the authority.

The subject matters of all the motions relate to day to day administration of the Government and do not call for adjournment of the business of the House. Moreover, the Members will get ample scope to raise the matter during the discussion and voting on demands on grants of the concerned departments which is now going on. Members may also invite attention of the Minister concerned through Calling Attention, Question, Mention, etc. I, therefore withhold my consent to all the motions.

One members of the Party may however, read the text of the Motion as amended.

**শ্রী অশোক দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণেণ পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল :

'ট্রাম কর্মীদের পি এফের ৫৮ কোটি টাকা জমা পড়েনি। কর্তৃপক্ষ তা জমা দেননি। তা ছাড়া বাজেটে ট্রাম কোম্পানির জন্য বরাদ্দ টাকাও কমিয়ে দেওয়া হয়েছে। তা ছাড়া ট্রাম কোম্পানির সি এম ডি এ বলেন রাজ্য সরকার টাকা না দিলে পেনশন স্কিম চালু করা যাবে না। ২০০১/২০০২ সালের বাজেটে ৮ কোটির বদলে ৩ কোটি টাকা দেওয়া হয়েছে। এর ফলে ট্রাম ও বাস চালানোর সমস্যা হবে। যানবাহন কমলে জনসাধারণের অসুবিধা হবে। বিদ্যুতের জন্য ২০ লক্ষ টাকা দেওয়া হচ্ছে। ফলে কর্মীদের মাইনে সময়মত দেওয়া নাও যেতে পারে।"

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker**: Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Alleged abduction of Aloke Rajgaria a businessman of Kolkata on 12.5.2002 | : | Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira |
| (ii) | Proposal of Mackince regarding setting up of agriculture-based industry in the State | : | Shri Tapan Hore |
| (iii) | Alleged death of three persons from mass-beating at Tarakeshwar on 8.6.2002 | : | Shri Rabindranath Bhattacharya & Dr. Ratna De (Nag) |
| (iv) | Reported suicide committed by the workers of Dunlop India Ltd. | : | Shri Pankaj Banerjee |
| (v) | Alleged murder of Bhudeb Halder, President of Extara Anchal under Usthi P.S. on 8.5.2002 | : | Shri Gobinda Chandra Naskar |

I have selected the notice of Shri Kashinath Mishra and Shri Manturam Pakhira on the subject of Alleged abduction of Aloke Rajgaria, a businessman of Kolkata on 12.6.2002.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Proboth Chandra Sinha :** Sir, the statement will be made on 27th of June, 2002.

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভার বিরোধী দলের নেতা গত ৬ জুন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি চিঠি দিয়েছেন। সেখানে তিনি বলেছেন...

**Mr. Speaker :** Mr. Robin Deb, you are making accusation against a member ? Have you given him a notice ? If not, please sit down. I won't allow it. First, send the notice, then do it. Now take your seat. You have to give notice first—that's the procedure.

## MENTION CASE

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং পরিবহণ মন্ত্রী মারফত কেন্দ্রীয় সরকারের কাছে একটি দাবি উত্থাপন করছি। বিষয়টা হচ্ছে, থানা-সাঁইথিয়া ডবল্ লাইন বোলপুর পর্যন্ত হয়ে গেছে এবং বোলপুর থেকে সাঁইথিয়া পর্যন্ত এখন ডবল্ লাইনের কাজ চলছে। আমাদের দীর্ঘদিনের দাবি হচ্ছে, ওটাকে ইলেকট্রিফিকেশন করা। অর্থাৎ যেভাবে ব্যান্ডেল থেকে কাটোয়া পর্যন্ত ইলেকট্রিফিকেশন হয়েছে, সেরকমভাবে এ ক্ষেত্রেও বোলপুর থেকে রামপুরহাট পর্যন্ত অংশে ইলেকট্রিফিকেশন হতে পারে। এখন পর্যন্ত বোলপুর পর্যন্ত ডবল্ লাইনের কাজ শেষ হয়েছে, তার জন্য অবিলম্বে ওই অংশে যাতে ইলেকট্রিফিকেশনের কাজ শুরু হয় সে ব্যাপারে কেন্দ্রীয় রেলমন্ত্রীর সঙ্গে কথা বলবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ রত্না দে (নাগ) :** মিঃ স্পিকার স্যার, পশ্চিমবঙ্গের সীমান্ত শহর বনগাঁ, সেখানে গত কয়েক সপ্তাহ ধরে ভয়ঙ্কর বিদ্যুৎ বিপর্যয় ঘটছে। অথচ সরকার বলে থাকেন যে বিদ্যুৎ উৎপাদনে নাকি কোনও ঘাটতি নেই। বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি হচ্ছে কিনা আমার জানা নেই, কিন্তু বনগাঁয় গত ৪৮ ঘন্টার মধ্যে ৩ ঘন্টার বেশি বিদ্যুৎ ছিল না। গত ১২ই জুন বেলা সাড়ে বারোটায় সেখানে বিদ্যুৎ চলে যায়, পরদিন সাড়ে দশটায় বিদ্যুৎ আসে। আক্ষরিক অর্থে সেখানে মেঘ ডাকলেই বিদ্যুৎ চলে যায়। সেখানে সাধারণ মানুষের পক্ষ থেকে অসুবিধার কথা জানাতে এস ই বি অফিসে দুটি টেলিফোন রয়েছে ৪৫ এবং ৯৫ নাম্বারে, কিন্তু ওই নাম্বারে ফোন করলে সংযোগ পাওয়া যায় না, ফোন নামিয়ে রাখা হয়। বনগাঁয় এস ই বি-র তিনটি অফিস রয়েছে ১ নং রেল গেটে। বাটার মোড়ে এবং চাঁপার মোড়ে, কিন্তু সবগুলোরই একই অবস্থা। সাধারণ মানুষের কথা চিন্তা করে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**মিঃ স্পিকার :** আমি মেনশন পর্বের বক্তাদের বলছি, আপনারা বক্তব্য সংক্ষেপে সারুন, কারণ আজ জুম্মাবার বলে হাউস সাড়ে বারোটার মধ্যে রিসেস হবে।

**শ্রী কাশিনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মেডিক্যাল ডিপার্টমেন্ট, বিশেষ করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া, বর্ধমান এবং

উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে ৫০টি করে ছাত্র ভর্তির সিট বৃদ্ধি করা হয়েছিল। সরকার এম সি আই-এর সঙ্গে কথাবার্তা বলে এটা করেছিলেন। কিন্তু সেখানে পরিকাঠামো ঠিকমতো নেই। সেখানে ওয়াল থেকে শুরু করে পরিকাঠামোগত দিকে বিশেষ দৃষ্টি নেওয়া দরকার। এ ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাঁশকুড়া থানার সরাইঘাটে একটি স্বাস্থ্যকেন্দ্র করবার জন্য ৩ একর জমি দেওয়া হয়েছিল ২৬ বছর আগে। সেই জমির রেজিস্ট্রেশন হয়ে গেছে। সেখানে অ্যাম্বুলেন্স এবং ডিসপেনসারি করবার জন্য রাজ্য পরিকল্পনা কমিটি নির্দেশও দিয়েছেন। দুর্ভাগ্যের বিষয় এই নির্দেশ পাওয়ার পর এবং স্বাস্থ্য দপ্তর থেকে ৫ লক্ষ মঞ্জুর করার পরেও আজকে ২০০২ সাল শেষ হতে চললো এখনও পর্যন্ত ২৬ বছরের জটিলতা মুক্ত হল না। পাঁশকুড়ার প্রতি বঞ্চনার অবসান কবে ঘটবে ? এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.10—1.30 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার, আপনার মাধ্যমে একটা আবেদন রাখছি হাউসের মধ্যে। ১৯৯৩ সালে আমাদের দলের ১৩ জন কর্মী শহীদ হয়েছিল ধর্মতলায় পুলিশের গুলি চালানোর ফলে। এই ঘটনার পর থেকে ওই দিনটা আমরা শহীদ দিবস হিসাবে পালন করি। ১৯৯৩ সালের পর থেকে ২১শে জুলাই, এই দিনটি আমরা শ্রদ্ধার সঙ্গে পালন করি। প্রতিটি রাজনৈতিক দলের একটি করে বিশেষ দিন আছে, ইস ইউ সি আই-এর ২৪ তারিখ, সি পি এম-র ৩১শে আগস্ট, আমাদের দলের তেমনি এই দিনটি বিশেষ দিন। এই দিন হলদিয়ার নির্বাচনের দিন ঘোষণা হয়েছে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে বিশেষ ভাবে অনুরোধ করছি, মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, আমাদের দলের নেতা নির্বাচনের দিন ঘোষণার পরেই এই দিনটি পরিবর্তন করার জন্য বলেন, আমি এই দিনটি পরিবর্তনের জন্য বলছি। এই দিনটিতে নির্বাচন অনুষ্ঠিত না করে অন্য দিন নির্বাচন অনুষ্ঠিত করার জন্য আমি আপনার মাধ্যমে সর্বস্তরের মানুষের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী রতন দাস** : স্যার, আমার নির্বাচনী এলাকা নাদনঘাট বিধানসভায় বেশ কিছু ছাত্র পঞ্চম শ্রেণীতে ভর্তি হওয়ার ব্যাপারে সমস্যা দেখা দিয়েছে। পারুলডাঙ্গার নসরতপুর হাইস্কুলে গ্রাম এলাকার ৭৮৩ জন পরীক্ষা দিয়েছিল। তার মধ্যে ৩৬৩ জনের নাম লিস্টে বার হয়েছে, বাকি সকলে ফেল করেছে। এখন সামার ভেকেশান চলছে, সামার ভেকেশান শেষ হলে আবার এই সমস্যা দেখা দেবে। এখানে যাতে একটা নূতন স্কুল খোলা হয় অথবা একটা এম এস করুন সেই জন্য আমি পঞ্চায়েতমন্ত্রী এবং বিদ্যালয়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং একটি জরুরি বিষয় উত্থাপন করছি। গত ৮ তারিখ রাতে তারকেশ্বর স্টেশানে কিছু দুষ্কৃতকারী কয়েকজনকে মারতে মারতে সি পি আই এম-এর জোনাল পার্টি অফিসে নিয়ে যায়। সেখানে তাদের মারার ফলে ২ জনের মৃত্যু হয় তৎক্ষণাৎ এবং হাসপাতালে আর একজনের মৃত্যু হয়। মৃত ব্যক্তিদের মধ্যে আছে দীপক পাঁজা, সিঙ্গুরের অধিবাসী। পরের দিন সেখানকার সি পি আই এম-র জোনাল কমিটির মেম্বার গিয়ে মন্ত্রী প্রতিম

্যাটার্জী ছিলেন, তিনি গিয়ে থানা অবরোধ করেন, রেল অবরোধ করেন, বাস অবরোধ করেন ্দের ছাড়াবার জন্য। এই সমস্ত দুষ্কৃতকারী এবং আসামীদের গ্রেপ্তারের দাবিতে এবং তাদের ্পযুক্ত শাস্তির দাবিতে আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী অসীমা চৌধুরী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর ্ষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র মানিকচকের দিয়াড়া অঞ্চলের ভূতনী দ্বীপে ্কটা স্বাস্থ্য কেন্দ্র রয়েছে। সেখানে কোনও ডাক্তার নেই, দীর্ঘদিন ধরে সেখানে ডাক্তার ্াকছে না। ডাক্তার নিয়োগ করার জন্য জেলার সি এম ও এইচ-কে বলে আসছি, ্াস্থ্যমন্ত্রীকে বলে আসছি। কিন্তু সেখানে ডাক্তার নিয়োগ হচ্ছে না। ভূতনীতে ১ লক্ষ মানুষ ্াস করে। শিশু প্রসুতি নারী বৃদ্ধ এরা যদি গুরুতর অসুস্থ হয় তাহলে ১২-১৩ কিলোমিটার ্বে নদী পেরিয়ে মানিচক হাসপাতালে যেতে হয়। মানিকচক হাসপাতালে পৌঁছাতে পৌঁছাতে ্াগীরা মৃত্যুর দোড়গোড়ায় পৌঁছে যায়। এখানে সত্বর ডাক্তার নিয়োগ করার জন্য ্াস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মন্টুরাম পাখিরা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের বিচার ্বভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কাকদ্বীপ, নামখানা পাথরপ্রতিমা এবং সাগর ্ই ৪টি পঞ্চায়েত সমিতি আছে। কাকদ্বীপ সাগর পাথরপ্রতিমা এই তিনটি বিধানসভা কেন্দ্র ্য়ে ১৯৯০ সালে কাকদ্বীপ মহকুমা গঠিত হয়েছে। কিন্তু আজও পর্যন্ত দেওয়ানী ও ্ফৌজদারী আদালত কাকদ্বীপে না হওয়ার ফলে কাকদ্বীপ মহকুমাবাসীকে আজও দেওয়ানী ্বং ফৌজদারী আদালতের জন্য সুদূর ডায়মন্ডহারবার আসতে হয়। তার ফলে এখানকার ্ানুষকে দুর্ভোগের মধ্যে পড়তে হচ্ছে।

**শ্রী পরেশচন্দ্র অধিকারী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ্খ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন এলাকায় মেঘলিগঞ্জ মহকুমা সংশোধনাগারে ্ত ৩১শে জানুয়ারী বিচারাধীন আসামী কালিপদ রায় নৃশংসভাবে খুন হয়েছে। এর ফলে ্ার বিধবা পত্নী সদ্যোজাত পুত্রকে কোলে নিয়ে দুয়ারে দুয়ারে ঘুরে বেড়াচ্ছে। স্থানীয় ্ধায়ক হিসাবে আমার কাছে আবেদন জানিয়েছেন। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর ্ষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগামী রাষ্ট্রপতি নির্বাচনে এন ডি এর ্বফ থেকে ভারতবর্ষের বিশিষ্ট বিজ্ঞানী আবদুল কালামকে মনোনীত করা হয়েছে। আমার ্নে হয়, গোটা জাতি এই বিজ্ঞানী আবদুল কালামকে শ্রদ্ধা দেখিয়ে রাষ্ট্রপতি হিসাবে তাঁকে ্র্বাচিত করে বিশ্বের কাছে এক নতুন দিশা দেখাবে। এই সময়ে আমরা একটা নতুন জিনিস ্ক্ষ্য করছি যে, গোটা ভারতবর্ষের রাজনৈতিক চিন্তাধারা থেকে বিচ্ছিন্ন হয়ে মার্কসবাদী পার্টি ্াকে মেনে নিতে পারছে না। আমাদের দলের তরফ থেকে আহ্বান জানাই, আসুন, ্র্বসম্মতভাবে আমরা এই বিজ্ঞানী আবদুল কালামকে রাষ্ট্রপতি হিসাবে যে মনোনয়ন দেওয়া ্বে সেটা যাতে সর্বদলীয়ভাবে দেওয়া যায় তার জন্য এগিয়ে আসুন।

**শ্রী কার্তিকচন্দ্র বাগ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ্চমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুর্গাপুর ব্যারাজে পলি পড়ে জলধারণের ক্ষমতা কমে গেছে, ্তি সত্বর এর মেরামতি করা দরকার। বর্ধমান, বাঁকুড়া এবং হুগলী জেলার চাষীরা যাতে

সেচের জল পায় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি যাতে পলি তোলার কাজটি দ্রুত করার ব্যবস্থা করেন।

**শ্রী অশোককুমার দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এমনিতে রাজ্যের বিভিন্ন জায়গায় এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। তার মধ্যে আবার দেখা যাচ্ছে কেরোসিন তেলের কোটা কমিয়ে দেবার চেষ্টা করছেন। বিদ্যুতের দাম যেভাবে বাড়ছে তাতে গ্রামের গরীব লোকেরা কোনদিনই বিদ্যুৎ নিতে পারবে না। গ্রামে যেখানে বিদ্যুৎ নেই সেখানে এই কেরোসিন তেলের কোটা যদি কমিয়ে দেওয়া হয় তাহলে সেখানে গরীব ছেলেমেয়েরা কিভাবে পড়াশুনা করবে এটা মন্ত্রী মহোদয়ের ভেবে দেখা দরকার। আমি দাবি করছি, কেরোসিন তেলের কোটা অন্ততপক্ষে কমাবেন না, বাড়াবেন। আশা করি, মন্ত্রী মহাশয় এটি বিবেচনা করবেন।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় স্পীকার স্যার, আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বাসুলীচক মৌজায় হলদি নদী সন্নিহিত বাঁধের তিনটি জায়গায় ফাটল দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যথাসম্ভব তাড়াতাড়ি ফাটলগুলো যাতে মেরামত করা হয়।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। সাতদিন ধরে অবিশ্রান্ত বর্ষণের ফলে সুন্দরবনের অধিকাংশ নদীবাঁধের চরম অবস্থা দেখা দিয়েছে। সাগর, নামখানা, কাকদ্বীপ, পাথরপ্রতিমা, ক্যানিং, বাসন্তী, গোসাবা, কুলতলী এবং মথুরাপুরে বিভিন্ন জায়গায় নদীতে জল দাঁড়িয়ে আছে। এই অবস্থায় স্লুইস গেটগুলো খুলে দিলে এবং পাম্পিং স্টেশন চালু করলে চাষীরা চাষ করতে পারবে।

**শ্রী আনন্দগোপাল দাস** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, দু'হাজার সালের বন্যায় যে সমস্ত নদীবাঁধগুলো ভেঙে গিয়েছিল—বীরভূমে ময়ূরাক্ষী এবং অজয় নদীর যে বাঁধগুলো ভেঙে গিয়েছিল সেগুলোকে এখনও মেরামত করা যায়নি। বর্ষার আগেই সেগুলোকে মেরামত না করা হলে সেগুলো পুনরায় ভাঙতে পারে। বাঁধগুলোকে অবিলম্বে মেরামত করা দরকার।

**শ্রী রতন পাখিরা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলা ভাগ হওয়ার পর পূর্ব মেদিনীপুরের তমলুকে মহকুমা বিদ্যুৎ বিভাগের কার্যভার পরিচালিত হয়। জেলা যেহেতু ভাগ হয়েছে সেজন্য, বিদ্যুৎ বিভাগ ঘাটাল মহকুমা শহরে যাতে চালু করা হয় তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাই। তাহলে সেখানকার মানুষ বড়ই উপকৃত হবেন। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভূতনাথ সোরেন** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা ছোট্ট আবেদন আমি আপনার মাধ্যমে পরিবহনমন্ত্রীর কাছে রাখছি। আমার বিধানসভা এলাকা ধূমসা থেকে মেদিনীপুর পর্যন্ত একটা রাষ্ট্রীয় পরিবহণের বাস চলত। বর্তমানে এই বাসটি চলছে না। সেই কারণে আমার অনুরোধ দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের বাস যে যাতায়াত করে সেটা যেন ওই এলাকার মধ্যে দিয়ে যায় এই আবেদন জানাচ্ছি।

**শ্রী সুব্রত ভাওয়াল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পূর্বস্থলী বিধানসভা কেন্দ্র সম্পর্কে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আমার পূর্বস্থলীতে চুপি রোড ৬ কিমি রয়েছে, ওই রাস্তাটির খুব খারাপ অবস্থা। পূর্বস্থলীতে সাবরেজিস্ট্রারের অফিস, পূর্বস্থলী থানা, বি এ এবং এল আর ও অফিস, পূর্বস্থলী রেলওয়ে স্টেশন, প্রাইমারি হেল্‌থ সেন্টার, দুটি হাই স্কুল এবং একটি হায়ার সেকেন্ডারি স্কুল অবস্থিত। কিন্তু ওখানে ওই রাস্তাটির অবস্থা খুবই খারাপ, রাস্তা দিয়ে চলাচল করা যাচ্ছে না। সুতরাং অবিলম্বে ওই রাস্তাটি সারানোর জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

মি. স্পিকার : এখন বিরতি, আমরা আবার মিলিত হব ১.৩০ মিনিটে।

[At this stage, the house was adjournedt ill 1.30 p.m.]

[1.30—1.40 p.m.]

(After recess)

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS.

### Demand No. 51

**Mr. Speaker**: There are 34 cut motions to Demand No. 51 which are in order.

**Shri Dipak Kumar Ghosh** : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

Shri Abdul Mannan, Shri Kallon Khan, Shri Tarak Bandyopadhyay, Shri Sadhan Pande, Dr. Ashish Banerjee, Shri Ajoy Dey, Shri Dipak Kumar Ghosh, Shri Biman Chakraborty, Shri Bankim Chandra Hazra, Shri Pundarikakshya Saha, Shri Manturam Pakhira, Shri Tamonash Ghosh, Shri Subrata Bakshi, Shri Kashinath Mishra, Shri Kamal Mukherjee, Shri Nirmal Ghosh, Shri Ashok Kumar Deb, Shri Deba Prasad Sarkar, Shri Pankaj Banerjee, Shri Saugata Roy, Shri Moloy Ghatak: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় স্পীকার স্যার, ২০০২-০৩ সালের জন্য ৫১ নম্বর ব্যয় বরাদ্দ অনুমোদনের বিষয়ে পশ্চিমবঙ্গের মৎস্য, জলজ প্রাণিচাষ, জলজ প্রাণিসম্পদ এবং মৎস্য বন্দর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, মাননীয় মন্ত্রী কিরণময় নন্দের বাজেট ভাষণের বিরোধিতা করে এবং কাট মোশানের পক্ষে আমার বক্তব্য উপস্থিত করছি। মিঃ স্পীকার স্যার, এই আধুনিক বিশ্বে ভারত এবং বাংলায় আগাগোড়া যে বিষয়গুলি ছিল শিল্প এবং বাণিজ্য সেইগুলিতে আস্তে আস্তে ক্রমে এমপ্লয়মেন্ট জেনারেটিং পাওয়ার কমে যাচ্ছে। হেভি ইনডাষ্ট্রি, বড় শিল্প আজকে যন্ত্র নির্ভর, এমনকি কুটিরশিল্পকে যদি ভায়াবেল করতে হয় তাহলে তা আধুনিক যন্ত্রচালিত এবং যন্ত্রনির্ভর হয়ে যাচ্ছে। সুতরাং এমপ্লয়মেন্ট জেনারেটিং

এবং কর্ম পরিবেশ তৈরি করা এবং প্রায়োরিটি সেক্টরে যারা পিছিয়ে পড়া মানুষ, সেই মানুষের স্বার্থে মৎস্য একটা গুরুত্বপূর্ণ দপ্তর এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু যে দপ্তরের ব্যয় বরাদ্দ এবং বর্তমান চলমান কার্যক্রম পশ্চিমবাংলায় বেকার যুবকদের স্বার্থে তা প্রতিফলন করবে না। এই ব্যাপারে একটি বিষয় নিয়ে আমি বলব, মূল বাজেট বক্তৃতায় যাওয়ার আগে, এই মহামহিম সভায় পশ্চিমবাংলায় রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন, তার কয়েকটি তথ্য নিয়ে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় রাজ্যপাল কর্তৃক রাজ্যপালের ভাষণে তথ্য যা উল্লিখিত হয়েছে এবং মাননীয় মৎস্য মন্ত্রী তাঁর বাজেট ভাষণে যে তথ্য দিয়েছেন, তা পরস্পরবিরোধী। মাননীয় স্পীকার স্যার, আপনি দেখুন, রাজ্যপালের ভাষণে পেজ নাইনে, প্যারা ফোরে বলেছে, সারা ভারতবর্ষে যে মাছ উৎপাদন হয় সেই মাছ উৎপাদনের ব্যাপারে রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলছেন, দেশের মোট মাছ উৎপাদনের ৩৩ শতাংশ আমাদের পশ্চিমবাংলায় হয়। অথচ মাননীয় মৎস্য মন্ত্রী তাঁর বাজেট ভাষণে পেজ ওয়ানে বলছেন, প্যারা থ্রিতে যে, সারা ভারতবর্ষের ২০ শতাংশ মাছ উৎপাদন হয় পশ্চিমবাংলায়—হয় রাজ্যপাল সত্য, না হয় মৎস্যমন্ত্রী সত্য। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলছেন (পেজ, ৯, প্যারা ৪), আন্তর্জাতিক নারী বর্ষে নারীদের কল্যাণের জন্য ৪৬টি মহিলা মৎস্যজীবী সমিতি হয়েছে। আর মাননীয় মৎস্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে (পেজ ৩, প্যারা ২) বলেছেন কয়েকটি মহিলা সমিতির কথা। তাহলে কোনটা সত্যি—মাননীয় রাজ্যপালেরটা না মৎস্য মন্ত্রীরটা ? মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে যে কর্মদিবস তৈরির লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, আর মাননীয় মৎস্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে যে তথ্য দিয়েছেন তা পরস্পরবিরোধী। মাননীয় স্পীকার স্যার, এই ধরনের পরস্পর বিরোধী তথ্য দিয়ে হাউসকে বিভ্রান্ত করার অপচেষ্টা থেকে আপনি সভাকে রক্ষা করুন। মৎস্যমন্ত্রীর দেওয়া তথ্য দেখলে আমাদের একটা সাধারণ ধারণা হয় যে, মৎস্য দপ্তর ভালো চলছে। ঢাকের শব্দে প্রতিমা জেগেছে, পাত্র আছে, মিত্র আছে, অমাত্য আছে, ঢাকঢোল পিটিয়ে কাজও শুরু হচ্ছে, কিন্তু তা আর শেষ হয় না। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছেন (পেজ-৫) শংকরপুর আর ফ্রেজারগঞ্জে হারবার করেছেন এবং নতুন হারবারের লক্ষ্যে এগোচ্ছেন। কিন্তু গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ করছি, একটি হারবারও স্বয়ংসম্পূর্ণ নয়। সেখানে এখনও বিদ্যুতায়ন হয়নি, আইস অপর্যাপ্ত হতে শুরু করেছে, আছে পানীয় জলের অভাব, জেটি অক্ষম। আমরা সংবাদপত্রে পড়েছি, টি. ভি.-তে দেখেছি তার উদ্বোধন দেখতে গিয়ে জেটি ভেঙে অনেক মানুষ আহত হয়েছেন। সেখানে সাংবাদিকরা ছিলেন, ছিলেন আলোকচিত্রিরাও। কি জঘন্য কাজ ! মাননীয় মন্ত্রী একটা যুক্তি দেওয়ার চেষ্টা করেছেন—আমাদের রাজ্য চতুর্থ। কেরালা, তামিলনাড়ু, উড়িষ্যা, পশ্চিমবঙ্গ, মূলতঃ সমুদ্র উপকূলবর্তী চারটি রাজ্য, এর মধ্যে চতুর্থ পশ্চিমবঙ্গ। তাহলে কী কৃতিত্বের দাবীদার আমরা। স্পীকার স্যার, সমুদ্র থেকে মাছ ধরা, সেটা দীর্ঘায়নের দিক থেকে নয়, তাকে বিশ্লেষণ করতে হয়, কত গভীর সমুদ্রে আমাদের মাছ ধরার ক্ষমতা আছে তার উপর। আয়তন বড় হল, লম্বা হল, তার মানে এই নয় যে আমরা জিওগ্রাফিক্যাল লেনথের অ্যাডভান্টেজ পাব। সমুদ্র থেকে মাছ ধরার ক্ষেত্রে আমরা কতটা প্রশিক্ষিত হতে পেরেছি, কতটা নিরাপদ ভাবে গভীর সমুদ্রের দিকে অভিযান করতে পারছি তার উপর নির্ভর করে সমুদ্র থেকে মাছ ধরার ব্যাপারটা। আরও দুর্ভাগ্যের কথা, মাত্র ২০ কিলোমিটার

অয়্যারলেসের ব্যবস্থা আছে, তাও সময় সময় অচল হয়ে যায়। আজকে যারা ৫০ কিলোমিটার বা আরও বেশি দূরে গভীর সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের সঙ্গে সংযোগ রাখা বা তাদের নিয়ন্ত্রণ করতে মৎস্যমন্ত্রী সম্পূর্ণ ব্যর্থ। ৫০ কিলোমিটারের উপর অয়্যারলেসের ব্যবস্থা পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের জন্য করতে পারছেন না। এই লজ্জা ঢাকবেন কি করে। আর কবে আপনি বৈজ্ঞানিক উপায়ের সাহায্যে বাংলার মৎস্যজীবীদের গভীর সমুদ্রে মাছ ধরার সুবিধা আপনি দিতে পারবেন ?

[1.40—1.50 p.m.]

মাননীয় স্পীকার স্যার, আপনি শংকরপুরের ফিশারিজে যে ক্যানালগুলি আছে, অর্থাৎ সমুদ্রের থেকে যে অ্যাটাচড্ ক্যানেল সেগুলি দীর্ঘদিন ধরে সংস্কার হয়নি। ফলে আছে গরু, না বয় হাল। ফিশারিজ সংস্কারের অভাবে জীর্ণ দীর্ণ ক্লান্ত। বিদ্রূপ করছে। তিনি আবার নতুন করে স্বপ্ন দেখালেন ডায়মন্ড হারবারের। নতুন নতুন দিগন্তের দিকে তিনি নিয়ে যাচ্ছেন। কিন্তু যেগুলি আছে, সেগুলি সংস্কারের অভাবে দীর্ণ, জীর্ণ ক্লান্ত। গতবারের বাজেটে বলেছেন "মীন দ্বীপ শুরু হয়ে যাবে।" এবারও বাজেট ভাষণে প্যারা ১ ১তে বলেছেন—"পূর্ব মেদিনীপুর জেলার নয়াচরে জাতীয় সমবায় উন্নয়ন নিগমের আর্থিক সহায়তায় বেনফিশ-এর উদ্যোগে সমবায় ভিত্তিতে তৈরি চিংড়ি চাষের খামারের কাজ শেষ হওয়ার মুখে।" গতবারও ছিল শেষ হওয়ার মুখে। তার আগেরবারও শেষ হওয়ার মুখে। যেটা দেখাতে নিয়ে গিয়েছিলেন এক বছর আগে—তখনও বলেছিলেন শেষ হওয়ার মুখে। মাননীয় মন্ত্রী মহাশয়—আজ নগদ কাল ধার-এর মতো ব্যাপার নয় তো ? সবসময়ই বলছেন শেষ হওয়ার মুখে। কবে আশার দিন দেখব। সবচেয়ে যেটা দুঃখের কথা হচ্ছে বাংলার যুবক ছাত্রদের নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। মাননীয় মন্ত্রী বাজেট ভাষণে বলছেন অন্যান্য মহা বিদ্যালয়ে মৎস্যের উপর ডিগ্রি কোর্স, গবেষণা কোর্স, ভোকেশানাল কোর্স পড়ানো হচ্ছে। কিন্তু ডিগ্রি কোর্স করার পরে পোস্ট গ্র্যাজুয়েট কোথায় করবে ? এই ব্যাপারে আপনাদের ভাবনা-চিন্তা করা উচিত। ছেলেমেয়েদের স্বনির্ভর করার জন্য ভোকেশানাল কোর্স চালু করেছেন। কিন্তু তারা আদৌ কি স্বনির্ভর হতে পারছে ? ডিগ্রি কোর্স করার পরে উচ্চ শিক্ষার পথ অবরুদ্ধ। ছাত্র-ছাত্রীদের জীবন নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন। সুতরাং শিক্ষা আছে, দীপ নেই। দীক্ষা আছে কর্ম নেই। তাই সেই শিক্ষার দাম কি ? আজকে কেন আপনি তরুণ-তরুণীদের অসহায় ভবিষ্যতের দিকে ঠেলে দিচ্ছেন দয়া করে উত্তর দেবেন কি ? আপনি কেন নিয়ে যাচ্ছেন। আপনি বলছেন জাতীয় সরকার ভারত সরকারের একটা নীতি আছে যে, কেন্দ্র এবং রাজ্য থেকে সম হারে ট্রলার এবং ডিজেলের জন্য ভর্তুকি দেওয়া হয়। উড়িষ্যা এবং অন্যান্য রাজ্য এটা চালু করেছে। কিন্তু আপনি এখানে এই উদ্যোগ নিতে পারলেন না। দরিদ্র মৎস্যজীবীদের জন্য কোনো উদ্যোগ নিতে পারলেন না। বার্ধক্য ভাতা, মৃত্যু জনিত ভাতা এই ব্যাপারে আপনি কোনো তথ্যই দেননি। আপনি একজন অভিজ্ঞ মন্ত্রী, এতদিন ধরে এই রকম একটা কর্মমুখী দপ্তরে আছেন, আপনি কোনো রকম পরিসংখ্যান দেননি। মাননীয় মন্ত্রী এন সি ডি সি ন্যাবার্ড, গভর্নমেন্ট গ্যারান্টি, সেই টাকার মূল্য কত। কত ঋণ দিয়েছেন ? কত ঋণ শোধ করতে হবে, কত ইন্টারেস্ট তার পরিসংখ্যান কই, আজকে সমস্ত ব্যাপারটা আপনি অন্ধকারে

রেখে দিয়েছেন এবং সবচেয়ে বড় যে অসত্য তথ্য আপনি পরিবেশন করেছেন, আপনার বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন সামুদ্রিক সম্পদ রপ্তানিতে বিদেশি মুদ্রা অর্জনে রাজ্যের সাফল্য উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। তথ্যটা নেবেন গতবারের যুদ্ধের পরে মাছের যারা একসপোর্টার ছিল তাদের অবস্থা কি ? যারা সমুদ্রে মাছ ধরতে যায় তাদের কি দৈন্য অবস্থা একটা জায়গায় একটা তথ্য নেই। মাননীয় স্পীকার স্যার, কো-অপারেটিভ ব্যাঙ্ক কনট্রাকটসে লোন দিয়ে তিন কোটি টাকা এল. পি. এ. দাঁড়িয়ে গেছে, কোনো কারণে মাছ ক্যাচ হয় না, রপ্তানি হয় না, আপনি সেই প্রকৃত সত্যকে চেপে গিয়ে একটা রঙিন সবুজ আলো দেখিয়ে গেলেন। বেনফিশের যে ট্রলার পেয়েছেন সেতো আপনার অন্য মেশিনারি কাজ করছে। যাই হোক সেই বিতর্কে যাওয়ার আমার সময় নেই। প্রকৃত সত্য হল গতবার রপ্তানি বাণিজ্য উল্লেখযোগ্য ভাবে মার খেয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে আপনি রপ্তানির কথা বলছেন প্রসেসিং-এর উপর আপনার কনট্রোল আছে, বলতে পারবেন একটা নাম, আপনার মার্কেটিঙের উপর কনট্রোল আছে বলতে পারবেন একটা নাম, কোয়ালিটির উপর আপনার কনট্রোল আছে বলতে পারবেন একটা নাম। বাংলাকে দুর্নামের দায় আরোপ করবেন। যে দপ্তর রপ্তানির উপর, প্রসেসিং-এর উপর, প্রক্রিয়াকরণের উপর, বাণিজ্যিকরণের উপর এবং গুণগত সম্পন্নের কোনো নির্ভরতা রাখতে পারে না, আমি মনে করি না সেই দপ্তর সঠিক দিশা নিয়ে চলছে। মাননীয় স্পীকার স্যার, অবিলম্বে বাংলার ইজ্জত বাঁচাতে, মৎস্যজীবীদের বাঁচাতে এবং পশ্চিমবাংলার এইরকম একটা ক্রমপ্রসারশীল দপ্তরকে বাঁচাতে অবিলম্বে আপনি মন্ত্রীকে নির্দেশ দিন। আমি এই বাজেটের বিরোধিতা করে, কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঋষি হালদার** : মাননীয় স্পীকার স্যার, মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। সমর্থন করাতে গিয়ে এবং বিরোধিতা করতে গিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। বিরোধী দলের মাননীয় সদস্যরা এখানে বিরোধিতা করতে গিয়ে তাঁরা আমূল বিরোধিতা করলেন। বাস্তব ঘটনার সঙ্গে তাঁদের বক্তব্যের কোনো মিল নেই। এটাই বাস্তব ঘটনা যে পশ্চিমবাংলায় কৃষির পর বিকল্প কর্মসংস্থানের সুযোগ আমাদের রাজ্যের অন্য পণ্যজ ক্ষেত্রগুলোর উপর নির্ভরশীল তার অন্যতম হচ্ছে মৎস্যচাষ। মৎস্য বিভাগের কাজকর্মের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে বিকল্প কর্মসংস্থানের একটা বিপুল সম্ভাবনা সৃষ্টি হয়েছে যেটা বাস্তবে রূপায়িত হয়েছে। আমি যে কথাটা বলতে চাই একটা সময়ে আমাদের রাজ্যে গ্রামাঞ্চলে মাছ চাষ ছিল শখের মাছ চাষ। বড় বড় জলাশয়ে, বড় বড় পুকুরে কে কত বড় মাছ তৈরি করতে পারে তার একটা শৌখিন প্রতিযোগিতা ছিল। এই দীঘিকে, এই পুকুরকে যে অর্থকরীভাবে কাজে লাগানো যায়, পুঁজি বিনিয়োগ করে লাভজনক করে তোলা যায় আজকে মাননীয় মন্ত্রী অত্যন্ত কৃতিত্বের সঙ্গে সেই পুরনো অভ্যাসকে তাঁর নেতৃত্ব দিয়ে পরিবর্তন করে দিয়েছেন।

[1.50—2.00 p.m.]

গ্রামাঞ্চলের মানুষ পুঁজি নিয়োগ করতে চায়, কিন্তু কোথায় পুঁজি নিয়োগ করবে, ব্যবসা-বাণিজ্য কোথায় করবে। তাদের একটা নির্ভরযোগ্য জায়গা হয়েছে মৎস্য চাষ। এটা এমনি এমনি

হয়নি, তাদের দীর্ঘদিনের অভ্যাসের পরিবর্তন ঘটিয়ে এটা করা সহজ কাজ নয়। তাদের ট্রেনিং দিয়ে তাদেরকে মোটিভেট করে এই কাজে নামানো গেছে। আজকে গ্রামাঞ্চলে এই পরিবেশ তৈরি করতে পেরেছে মৎস্য দপ্তর। এখানে বিরোধী সদস্যরা প্রায়ই বলেন আমাদের বাইরে থেকে আসা মাছের উপর নির্ভর করতে হয়। বাইরে থেকে যে মাছ আসে সেটা তৈরি হয় পশ্চিমবঙ্গ থেকে তারা ডিম-পোনা পাচ্ছে বলে। আমাদের রাজ্যে মৎস্য চাষীদের এবং মৎস্য বিজ্ঞানীদের একটা বড় অবদান ডিমপোনা চাষে অভাবনীয় সাফল্য। সমগ্র ভারতবর্ষে ব্যবহৃত ডিমপোনার শতকরা ৭০ ভাগ আমাদের পশ্চিমবঙ্গ সরবরাহ্ করে থাকে। এটা রাজ্যের একটা বড় লগ্নীর জায়গা। আজকে মৎস্য দপ্তর আমাদের রাাজ্যে মৎস্য চাষকে একটা উন্নত জায়গায় নিয়ে গেছে। আজকে মৎস্য দপ্তর বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। এফ এফ ডি-র মাধ্যমে বিজ্ঞানসম্মত ভাবে মাছ চাষের সম্প্রসারণ হচ্ছে। মজা পুকুরে, খালে-বিলে, মিঠে জলে, নোনা জলে সমবায় করে মাছ চাষ হচ্ছে। এই সব বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বিকল্প কর্মসংস্থানের জায়গা হয়েছে এবং পুঁজি বিনিয়োগ করার একটা জায়গা হয়েছে। এবং এ ক্ষেত্রে মৎস্য দপ্তরের ভূমিকাকে অস্বীকার করার উপায় নেই। আমাদের রাজ্যে মৎস্য দপ্তর নতুন নতুন মৎস্য চাষের বিষয় নিয়ে আসছে। যেমন রঙীন মাছ। আগে লোকে শখ করে রঙীন মাছ তৈরি করতো। এটা শৌখিনতার ব্যাপার ছিল। আজকে রঙীন মাছের একটা বিরাট বাজার আছে। এটা এখন লাভজনক ব্যবসা। এটা করে এখন অনেকেই স্বনির্ভর হচ্ছে। এটাও মৎস্য দপ্তরের কৃতিত্ব। সুন্দরবনে কাঁকড়া চাষ। সুন্দরবনের গরীব মানুষরা মীন ধরে ধরে অনেক বিরল প্রজাতির মাছ নষ্ট করে দিচ্ছিল। তারা অভাবের জন্যই এটা করতো। সুন্দরবনের নোনা জলে কাঁকড়া চাষ করার ব্যবস্থা তাদের করে দিয়েছে মৎস্য দপ্তর। এটা একটা সঠিক ব্যবস্থা হয়েছে এবং এতে তাদের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাও হয়েছে। এই কাঁকড়া চাষে যাতে সাফল্য আসে সেটা আমাদের দেখা দরকার। আরেকটা কথা হল নিরন্তর গবেষণা। এটা ঠিক পৃথিবীতে অন্যান্য দেশ মৎস্য চাষে যতটা এগিয়েছে আমরা ততটা এগোতে পারিনি যেমন বিভিন্ন ব্যাপারে আমরা পিছিয়ে আছি, অন্যান্য দেশ যতটা এগিয়েছে আমরা ততটা পারিনি। আমাদের এ ব্যাপারে সীমাবদ্ধতা আছে। আমাদের কলকাতা শহরের পাশেই ক্যাপ্টেন ভেড়ি নামক একটি জায়গায় রিসার্চ সেন্টার হয়েছে। এটা একটা অভিনন্দনযোগ্য ব্যাপার। এখানে নানা রকম বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা হয়। সুন্দরবনের নোনা জলে এক প্রকার সামুদ্রিক শৈবাল মাছের খুবই উৎকৃষ্ট খাবার, এটা নিয়েও পরীক্ষা চলেছে। কী করে এটাকে এগিয়ে নিয়ে যাওয়া যায়, বিলুপ্তপ্রায় প্রজাতির রোগ প্রতিরোধ করা এবং পুনরুদ্ধার করা, নোনা জলে কাঁকড়া চাষ, ২০-২৫ বছর আগেকার বিলুপ্তপ্রায় মাছগুলিকে উদ্ধার করে তাদেরকে আবার জলাশয়ে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এদিক দিয়ে বিচার করলে মৎস্য দপ্তরের দাবিকে প্রত্যেকের সমর্থন করা উচিত এবং আমি আশা করব বিরোধী দলের মাননীয় সদস্য, যাঁরা বিরোধিতা করেছেন, তাঁরা সমর্থন করবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মৎস্য মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমার আনা কাট-মোশানের সমর্থন করে বক্তব্য রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রত্যেকবারের মতো এবারেও দাবি করা হয়েছে যে, মাছের উৎপাদনে পশ্চিমবাংলা কি ভাবে এগিয়ে আছে, জাতীয় পুরস্কার-টুরস্কার পাচ্ছে। এই রকম একটা উজ্জ্বল চিত্র দেখানো হচ্ছে। কিন্তু মাছের উৎপাদন যে বৃদ্ধি পাচ্ছে তার বেনিফিট কি পাচ্ছি ? উৎপাদন যদি বৃদ্ধি পায় তাহলে সাপ্লাই বাড়ে এবং স্বভাবতই মাছের বাজারও বাড়বে এবং মৎস্যভোজীরা সস্তায় মাছ কিনতে পারবেন। কিন্তু বাস্তব চিত্র তা নয়। মাছের দাম বাড়ছে উৎপাদন বাড়া সত্ত্বেও। বলা হচ্ছে আমাদের রাজ্য মাছের উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। কিন্তু ঘটনা হচ্ছে অন্যান্য রাজ্য থেকে আমাদের রাজ্যে মাছ আমদানি করা হচ্ছে। তাহলে মাছের উৎপাদন যেটা হচ্ছে তার যথাযথ বিপণনের ব্যবস্থার বিষয়টা রয়েছে। বাইরের রাজ্য থেকে এখানে মাছ আমদানি করতে হচ্ছে। কন্ট্রাডিকটরি চিত্র। অন্তর্দেশীয় মৎস্য উৎপাদনের উজ্জ্বল চিত্র আপনি দেখাচ্ছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আগে অভ্যন্তরীণ ক্ষেত্রে মৎস্য চাষের যে সমস্ত সোর্স বা উৎসগুলো ছিল সেগুলো আস্তে আস্তে সংকুচিত হয়ে যাচ্ছে বিশেষ করে একাংশ প্রোমোটার, তাদের জন্য মাছের ভেড়ী বা জলাশয়, সমস্ত ভরাট হয়ে যাচ্ছে এবং মাছ চাষ সংকুচিত হয়ে যাচ্ছে। এবং সরকার কার্যকরী পদক্ষেপ নিতে পারছে না, শুধু কড়া আইন হচ্ছে শুনছি। আপনার কাছে একটা স্পেসিফিক কেস দিয়েছিলাম কিন্তু আপনি হেল্পলেস, ইচ্ছা থাকলেও কিছু করতে পারেননি। মৎস্য উৎপাদন যে কি ভাবে ব্যাহত হচ্ছে এগুলো হচ্ছে তার জ্বলন্ত প্রমাণ এবং আপনাদের দপ্তরের ব্যর্থতা এখানে আপনি নিজেও স্বীকার করেছেন যে, প্ল্যান বাজেটে যে টাকা ছিল সেই টাকা কাট-ছাট হয়ে গেছে এবং তার ফলে উৎপাদন বা পরিকল্পনা ব্যাহত হয়েছে,—সেটা খানিকটা হলেও স্বীকার করেছেন। সুতরাং, ত্রুটি যে রয়েছে এগুলো তার প্রমাণ। কিন্তু যে বিষয়টা বড় করে দেখাতে চাইছি, বিশেষ গুরুত্বপূর্ণ, যেটা ঋষি হালদার মহাশয়ও বলেছেন,—বিকল্প কর্মসংস্থান। ঠিকই। মৎস্য চাষ বিকল্প কর্মসংস্থানের একটা বিরাট উৎস। বিশেষ করে সুন্দরবন অঞ্চলে, যেখানে লক্ষ লক্ষ পরিবার মৎস্যজীবী, তাদের জীবন-জীবিকার সঙ্গে এটা যুক্ত, তাদের জীবন-জীবিকা এর উপর নির্ভরশীল। কিন্তু তার উপর আজকে মারাত্মক ভাবে আঘাত নেমে আসছে। আপনার যে মেরিন ফিশিং রেগুলেশন অ্যাক্ট, তার রুলস, যা সম্প্রতি ইমপ্লিমেন্ট করছেন, তার ফলে গরীব মৎস্যচাষীরা ক্ষতিগ্রস্ত হবে, তাদের মৎস্য চাষের জীবিকা নষ্ট হয়ে যাবে।

[2.00—2.10 p.m.]

যে ভাবে তাদের রেসট্রিক্ট করা হচ্ছে সেখানে, তাদের পরিচয় পত্র কমপালসারি করার কথা বলা হয়েছে, মৎস্যজীবীদের যে যান্ সেটার রেজিস্ট্রেশন কমপালসরি করা হয়েছে— এগুলো আইন করে দেওয়া হয়েছে কিন্তু আমরা দেখতে পাচ্ছি রেজিস্ট্রেশন থাকা সত্ত্বেও, লাইসেন্স থাকা সত্ত্বেও তাদের হ্যারাসমেন্ট করা হচ্ছে। টাইগার প্রোজেক্ট থেকে তাদের উপর আক্রমণ করা হচ্ছে। আমি আপনাকে স্পেসিফিক কতকগুলো কেস দিতে পারি—গত ২৫ এপ্রিল কুলতলির সান্‌কিজান্ কলোনির বিশ্বনাথ দাসের ট্রলারে টাইগার প্রোজেক্টের অফিসাররা গুলি চালায়, মাঝি ছিলেন সুনীল দাস, সুবল দাস গুলিবিদ্ধ হন। এর পরেও অন্যায়ভাবে নদীতে ঢুকেছে এই অজুহাতে তাদের বিরুদ্ধে গোসাবা থানায় কেস করা হয়। যদিও অ্যাক্ট অনুযায়ী সমস্ত রকম রেজিস্ট্রেশন, লাইসেন্স ছিল, গত ১৫ আগস্ট বাসন্তী থানার ঝড়খালি গ্রামে নবকুমার মালির নৌকো টাইগার প্রোজেক্টের অফিসাররা আটক করেছে,

এখনও ছাড়েনি। যদিও রেগুলেশন রুল্‌সে মৎস্যজীবীদের পরিচয় পত্র বাধ্যতামূলক করা হয়েছে, মৎস্যজীবীদের ইউনিয়নের পরিচয়পত্র বাধ্যতামূলক করা হয়েছে, কিন্তু তারা ডায়মন্ডহারবারের অফিসে গিয়ে এ. ডি. এম. (মেরিন) অফিসে বার বার পরিচয় পত্রের জন্য আবেদন করেও পরিচয় পত্র পাচ্ছে না, অথচ বলছেন পরিচয়পত্র বিহীন কেউ মাছ ধরতে গেলে তার নৌকো, জাল সব বাজেয়াপ্ত হবে। ভোটার লিস্ট, রেশন কার্ড না থাকলে পরিচয়পত্র দেওয়া হবে না। এতে প্রায় ৭ লক্ষ পরিবার বিপদে পড়েছে। এ ছাড়া রয়েছে জলদস্যুদের আক্রমণ। গত ১০ জুন কেঁদোর জঙ্গলের পাশে দুটো ট্রলারকে আটকে রেখেছে, একটা হচ্ছে শুকতারা—তার মালিক হচ্ছে সুনীল দাস, গ্রাম কাকদ্বীপ, অক্ষয়নগর, ১২ জনকে আটকে রেখেছে। আরেকটা ট্রলারের নাম হচ্ছে দিনেশ-পুতুল, মালিক হচ্ছে নিরাপদ সামন্ত, পাথরপ্রতিমা থানার কয়ালের বাজার, এখানে ১১ জনকে আটকে রেখেছে, এবং দুটি ট্রলারের কাছে ৩ লক্ষ টাকা মুক্তিপণ দাবি করেছে। ওদের আক্রমণ থেকে মৎস্যজীবীদের রক্ষা করার জন্য আপনার আইনে কোনরকম প্রভিশন নেই। তাই আপনি যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন মণ্ডল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী কিরণময় নন্দ মহাশয় ৫১ নম্বর দাবির অধীন যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি বিষয় উল্লেখ করতে চাই। বাংলায় মাছ চাষ এবং বাঙালির প্রিয় খাদ্য হিসেবে মাছ—এই কথাটাকে মনে রেখে বামফ্রন্ট সরকার তার বিভিন্ন সফলতার দিকগুলোকে তাঁর বিভাগের ক্ষেত্রে প্রতিফলিত করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষণের মধ্যে দিয়ে সর্বভারতীয় প্রেক্ষাপটে আমাদের রাজ্যে মৎস্য চাষ এবং মৎস্যজীবীদের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে যে দিক নির্দেশের ব্যবস্থাগুলো গ্রহণ করা হয়েছে তা সবিস্তারে উল্লেখ করেছেন। আমি তার মধ্যে যাচ্ছি না। আমি বলছি যে, এখন সর্বস্তরে কর্মী সংকুচিত হচ্ছে, কর্মসংস্থানের পথ অবরুদ্ধ হচ্ছে। কিন্তু গ্রাম বাংলায় এই বিভাগ যদি কর্ম-তৎপর হয়ে এই বিভাগের কাজকর্ম যদি সঠিকভাবে করতে পারে তাহলে একটা বড় সংখ্যায় শ্রমদিবস আমরা সৃষ্টি করতে পারি এই মৎস্য বিভাগের মধ্যে দিয়ে।

এই শ্রমদিবস সৃষ্টি করতে গিয়ে কিছু কিছু সমস্যার সৃষ্টি হচ্ছে। যদিও মাননীয় মন্ত্রী সেগুলি উল্লেখ করেছেন তথাপি আমি বিশেষ করে একটা সমস্যার কথা উল্লেখ করতে চাই। যে নতুন নতুন শহর গড়ে উঠছে সেখানেই শুধু নয়, গ্রামীণ এলাকায়ও সমস্যা একটা হয়েছে—জলা জমি বে-আইনি ভরাট করে নষ্ট করে দেওয়া হচ্ছে। এ ক্ষেত্রে প্রশাসনিক উদ্যোগ আরো একটু বেশি দরকার। আমরা দেখেছি কিছুদিন আগে কিছু কিছু ঘটনা ঘটেছে। দপ্তরের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী সরাসরি উপস্থিত থেকে তার বিরোধিতা করে সরকারের দৃঢ় মনোভাবের পরিচয় দিয়েছেন। তথাপি এই বিষয়টাকে আরো একটু সতর্কতার সঙ্গে দেখা দরকার। আজকে গ্রামীণ এলাকাতেও জলা জমি ভরাটের প্রবণতা বাড়ছে। মৎস্য চাষে আমাদের রাজ্য সর্বভারতীয় প্রেক্ষাপটে প্রথম স্থানে আছে। তা সত্ত্বেও আমাদের রাজ্যে উৎপাদন এবং চাহিদার মধ্যে ফারাক আছে। চাহিদা পূরণের জন্য আমাদের অন্য রাজ্যের ওপর নির্ভরশীল হতে হচ্ছে। এই নির্ভরশীলতা আগামী দিনে যাতে আরো না বাড়ে তার জন্য এই সমস্যার প্রতি গভীর দৃষ্টি দেওয়া দরকার। আমরা লক্ষ করছি একটা চক্র অত্যন্ত

পরিকল্পিতভাবে এই কাজ করছে। এদের বিরুদ্ধে আরো বেশি সতর্কতার সঙ্গে আরো কঠোর হবার দাবি জানাচ্ছি। মাননীয় মন্ত্রীকে এ বিষয়ে আরো কঠোর হতে অনুরোধ করছি। এই সমস্যার সঙ্গে সঙ্গে এই দপ্তরের মৎস্য চাষ উন্নয়নের ক্ষেত্রে আরো কিছুটা সমস্যা দেখা যাচ্ছে। বৈজ্ঞানিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে আমরা উৎপাদনশীলতা বাড়াবার কথা বলছি। এখন গ্রামীণ এলাকায় জলা জমিতে কৃষি পণ্যের, খাদ্য-শস্যের উৎপাদন বাড়ছে। সেখানে নানা রকম রাসায়নিক সার প্রয়োগ করা হচ্ছে। যখন জমিতে ধান চাষ হচ্ছে তখন জমিতে বিভিন্ন রকম রাসায়নিক সার প্রয়োগ করা হচ্ছে। সেই জমি থেকে চাষ উঠে যাবার পরে যে জল জমে থাকছে সে জলের রাসায়নিক বিক্রিয়া মাছের ক্ষতি করছে। এর ফলে অনেক মাছ মরে যাচ্ছে। এই বিক্রিয়া আমরা কি ধরনের উন্নত প্রযুক্তির সাহায্যে রোধ করতে পারি তা আমাদের ভেবে দেখা দরকার। ধান চাষে কি ধরনের কীট-নাশক ব্যবহার করলে মাছ চাষের ক্ষতি হবে না, তা আমাদের বিবেচনা করা দরকার। এর পাশাপাশি আমরা দেখছি গ্রামীণ এলাকায় যে সমস্ত জলাশয়ে মৎস্যজীবীরা মাছ চাষ করছেন সে সমস্ত চাষের ক্ষেত্রে তাঁরা কিছু কিছু ওষুধ ব্যবহার করছেন। এগুলো কতটা মানুষের শরীরের পক্ষে গ্রহণযোগ্য এবং কতটা ক্ষতিকারক সেটা এখন বিশেষভাবে দেখা দরকার। কারণ আমাদের চাহিদা যখন উৎপাদনের চেয়ে অনেক বেশি তখন অবশ্যই আমাদের আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে আরো বেশি উৎপাদনের দিকে এগিয়ে যেতে হবে। সেদিকে নিশ্চয়ই আমরা যাচ্ছি। কিন্তু যাবার পথে যে উদ্ভূত সমস্যা সৃষ্টি হচ্ছে সেই সমস্যার প্রতিও দৃষ্টি দিতে হবে এবং তার সমাধানের জন্য উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে বিজ্ঞান এবং প্রযুক্তির সাহায্য গ্রহণ করতে হবে। এই কটি কথা উল্লেখ করে মাননীয় মৎস্য মন্ত্রী মহাশয়ের উত্থাপিত বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মৎস্য মন্ত্রী শ্রী কিরণময় নন্দ মহাশয় যে ৮৪,৫৭,৯৪,০০০ টাকার ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। এবং বিরোধীদের কাট্ মোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি জানি না এই যে চুরাশি কোটি সাতান্ন লক্ষ চুরানব্বই হাজার টাকার ব্যয় বরাদ্দ মাননীয় মন্ত্রী মহোদয় পেশ করছেন বছরের শেষ পর্যন্ত তার কতটা খরচ করতে পারবেন ! কত টাকা তিনি খরচ করার জন্য পাবেন, তাও জানি না। আসলে এই টাকা খরচ করার ওঁর কোনও অধিকারই নেই। আমার বন্ধু কাশীনাথ মিশ্র বললেন, কত টাকা উনি পাবেন তাই উনি জানেন না। ঠিকই বলেছেন। উনি কত টাকা পাবেন, এ বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। কারণ ওঁর বাজেট বিবৃতির ২ নং প্যারায় উনি নিজেই বলছেন, ''বার্ষিক পরিকল্পনার শেষ বছরে রাজ্যে আর্থিক অনটনের জন্য বাজেট বরাদ্দের উপর ঘা পড়ে। ফলে ২০০১-২০০২ সালের বাজেট রূপায়িত করার সময় পরিকল্পনা খাতে যে ৫৫ কোটি টাকা বরাদ্দ ছিল, বছরের শেষ সময়ে সেই বরাদ্দ হয়ে দাঁড়ায় ২৪ কোটি টাকারও কম। ফলে যে কর্মসূচি রূপায়ণে আমরা পরিকল্পনা দিয়েছিলাম সেখানে কিছুটা বাধার সম্মুখীন হতে হয়েছে।''

[2.10—2.20 p.m.]

৫০ পারসেন্টের কম টাকা। গতবারে আপনি কম টাকা পেয়েছেন, এবারে কত টাকা পাবেন—২৫ পারসেন্টের কম ? কারণ, এবারে আপনাদের অবস্থা খুবই খারাপ।

মাস্টারমশাইদের মাহিনা দিতে পারছেন না, কোনও উন্নয়নমূলক কাজেই খরচা করতে পারছেন না। দিনের পর দিন রুগ্ণ হয়ে যাচ্ছেন। গতকাল পুলিশ বাজেটের যে অবস্থা হয়েছে, আপনারও সেই অবস্থা হবে, রিকেটগ্রস্ত রোগীর চেয়েও আরো খারাপ হবে—এ বিষয়ে কোনো সন্দেহ নেই। হৃষি হালদার মহাশয় একটু আগে বললেন, আমরা ডিম তৈরি করি আর অন্ধ্র আমাদের মাছ পাঠায়। এতেই নাকি আমাদের আনন্দ। ছোটবেলায় পড়েছিলাম, কোকিল কাকের বাসায় ডিম পাড়ে। কাক যত্ন করে সেই ডিম থেকে বাচ্চা তৈরি করে। তারপর সে যখন উড়তে পারে তখন ফুরুৎ করে উড়ে চলে যায়। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় ডিম তৈরি করছেন, ছোট ছোট মাছের চারা তৈরি করছেন আর মধ্যপ্রদেশের বিলাশপুর এবং অন্ধ্র থেকে আমরা মাছ পাচ্ছি, ট্রাক-ট্রাক করে মাছ আমাদের রাজ্যে আসছে। তাতেই আমরা আনন্দে নাচছি প্রথম স্থান অধিকার করেছি বলে। তাই আমি মৎস্য মন্ত্রীকে কি বলে ডাকবো ? মৎস্য মন্ত্রী বলবো, না কোকিল মন্ত্রী বলবো ? কোনটা বললে আপনি সন্তুষ্ট হবেনই? আপনি ডিম পাড়ুন আর ওরা আমাদের মাছ তৈরি করে দিক এবং তা খেয়েই ভবিষ্যতে বাঙালি বেঁচে থাকবে। আমি আপনাকে জানাচ্ছি, কোনও তথ্যের দরকার নেই—সারা পশ্চিমবাংলায় মাছ চাষের সম্প্রসারণ হয়েছে এই বিষয়ে আমি হৃষিবাবুর সঙ্গে একমত। আগে শৌখিন ভাবে মাছ চাষ হতো। গৃহস্থ মানুষেরা তাদের নিজেদের পুকুরে মাছ চাষ করতো। এখন সেটা ব্যবসার আকার ধারণ করেছে। এই ট্রেড বাড়ানোর জন্য সরকারের অবদান কি ? সরকার এ ক্ষেত্রে কতটুকু কি করেছেন ? আজকে বেসরকারি পর্যায়ে মাছের চাষ হচ্ছে। আপনি তো গ্রামে থাকেন, হৃষিবাবুও গ্রামে থাকেন। দেখবেন, দুটি বিষয়ে মাছের চাষ হচ্ছে। একটা হচ্ছে, বংশানুক্রমিকভাবে, ধীবর সম্প্রদায়ের মানুষ মাছের চাষ করেন, ছোট-মাছ, বড় মাছের চাষ করেন। তাঁরা পুকুর, জলা, বিল জমা নেন, জমা নিয়ে মাছ চাষ করেন। আর কারা করছে ? বর্তমানে ৭০ দশকের পরবর্তী পর্যায়ে কিংবা তারও আগে ৬০ দশকের পরবর্তী পর্যায়ে বেকার যুবকরা এই কাজে নেমেছেন, সে যে কোনও শ্রেণীর মানুষ হন। তারা সরকারি সাহায্যের মুখাপেক্ষী নন। তাদের যদি আপনি সাহায্য করতে পারতেন এবং ট্রেনিং দিতে পারতেন তাহলে ভাল হত। ট্রেনিং-এর ক্ষেত্রে বলেছিলেন, পঞ্চায়েত সমিতির মাধ্যমে ট্রেনিং দেওয়া হবে। আমি এই বিষয়ে মুস্তাক আলমের সাথে কথা বলছিলাম। ট্রেনিং যেভাবে হয় তা সীমাবদ্ধভাবে। তারপর তাদের জন্য যে অর্থনৈতিক সাহায্য দেওয়ার কথা সেটা আপনারা দেন না। স্বাধীনভাবে তারা যে চাষ করতে পারবে সেইটুকুও করেন না। পঞ্চায়েত সমিতি কখন মীন দেন ? যখন নদী-নালা বর্ষাকালে ডুবে যায়, পুকুরগুলি ডুবে যায় তখন তাদের কাছে মীন গিয়ে পৌঁছায়। এর ফলে মাছ চাষের উৎপাদন বাড়ে ? তাই আপনার বাজেটকে সমর্থন করতে পারছি না। কারণ, দীর্ঘদিন মৎস্য মন্ত্রী থাকার ফলে এবং বামফ্রন্ট সরকারের অবহেলার পর আপনার যে অবস্থা দাঁড়িয়েছে তাতে করে পরিবর্তন আনা শক্ত। ইতিপূর্বে অসীমবাবু বলেছেন, বেকার যুবকরা তারা নিজেদের কর্মসংস্থান নিজেরাই করবে। আপনারা এই কথা বলে বিপ্লব করতে পারেন কিন্তু এ ক্ষেত্রে আপনার দপ্তর সঠিকভাবে বেকার যুবকদের আকৃষ্ট করা, তাদের নিয়ে এসে ট্রেনিং দেওয়া, কিছু অর্থ সাহায্য করা ব্যাঙ্কের মাধ্যমে হোক বা অন্য কিছু ভাবেই হোক, পঞ্চায়েত সমিতির মাধ্যমেই হোক তা করছে না। যদি তাদের সাহায্য করতে পারেন তবেই তারা এগিয়ে যেতে পারবে। এর ফলে মাছ চাষের উন্নতি হবে এবং তারা স্বনির্ভর হবে, চাকরির

জন্য তাদের আর দরজায়-দরজায় ঘুরে বেড়াতে হবে না। এবার কো-অপারেটিভের কথা জানা দরকার। একটু আগে একজন বললেন, কতকগুলি কো-অপারেটিভ আছে। কিন্তু সেই কো-অপারেটিভগুলি আদৌ কার্যকরী কিনা তা আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। তারপর আর একটি কথা বলছি, আপনি চিংড়ির মীন ধরার কথা বলেছেন। এর পরিবর্তে কাঁকড়ার চায করাবেন। উন্নতমানের কাঁকড়া হলে ভালোই হবে, বিদেশে রপ্তানি করা যেতে পারে। কিন্তু শুধুমাত্র মীন ধরা বন্ধ করলেই হবে না, তারা নদীতে মাছ পাচ্ছে না, বড় মাছ পাচ্ছে না।

মাননীয় মৎস্যমন্ত্রীমহাশয় ভালো ভাবেই জানেন যে আজকাল নদী থেকে ছোট ছোট মাছগুলি সব ধরে নেওয়া হচ্ছে। মানুষ তাদের দারিদ্র্যের জ্বালায় এইসব ছোট ছোট মাছ ধরছে। তারা ছোট ছোট জাল তৈরি করছে এবং তার ফাঁকগুলি খুবই ছোট এবং তা দিয়েই নদী থেকে ছোট ছোট মাছগুলি ধরে নিচ্ছে ফলে নদীতে মাছ বড় হতে পারছে না এবং মাছ কমে যাচ্ছে। কাজেই নদী থেকে ছোট মাছ ধরা নিষিদ্ধ করার জন্য আইন করতে হবে। এ ক্ষেত্রে যদি আইন থাকে তাহলে তা কার্যকরী করার জন্য পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতগুলির সাহায্য নিতে হবে এবং সামগ্রিকভাবে প্রশাসনের সাহায্য নিয়ে আইনকে সঠিকভাবে কার্যকরী করতে হবে। তারপর আমরা জানি যে জলাশয় ভরাট করা চলবে না এই মর্মে আইন আছে। কিন্তু বরাহনগর এবং কলকাতার আশেপাশে আমরা দেখছি বিভিন্ন জলাশয় ভরাট করে দেওয়া হচ্ছে। মাননীয় মৎস্য মন্ত্রীমহাশয় তার বাজেট ভাষণে বলেছেন যে জলাশয় ভরাট বন্ধ করার ব্যাপারে তিনি প্রশাসনের সাহায্য পাচ্ছেন না। শহরাঞ্চলেই যদি এই অবস্থা হয় তাহলে গ্রামাঞ্চলে যে সব জলাশয় ভরাট করে দিচ্ছে সেগুলি শক্ত হাতে রুখবেন কি করে ? প্রশাসনের সাহায্য সঠিকভাবে যদি না পান তাহলে মাছের উৎপাদনও ঠিকমতন হবে না এইসব কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলিকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী ধনঞ্জয় মোদক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মৎস্য মন্ত্রীমহাশয় তার যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা জানি মাছে ভাতে বাঙালি। বাংলায় এই মাছকে সহজলভ্য করার জন্য বামফ্রন্ট সরকারের মাননীয় মৎস্য মন্ত্রী ধারাবাহিকভাবে প্রচেষ্টা চালিয়ে এই ক্ষেত্রটিকে যে জায়গায় পৌঁছে দিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, পশ্চিমবাংলায় মাছের যে ঘাটতি আছে সেটা যে একদিনে পূরণ হবে না তা আমরা জানি। কিন্তু এই ঘাটতি পূরণ করার জন্য মাননীয় মৎস্যমন্ত্রী যে প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টাকে আমরা নিশ্চয় সাধুবাদ জানাবো। পশ্চিমবাংলায় মাছের উৎপাদন প্রায় ১১ লক্ষ মেট্রিক টনে পৌঁছেছে যেটা সারা ভারতবর্ষের মোট উৎপাদনের ২০ ভাগ। তবুও আমাদের প্রয়োজনের তুলনায় এটা কম। আমি আগেই উল্লেখ করেছি যে একটা ধারাবাহিক প্রচেষ্টার মধ্যে দিয়ে এবং উন্নত প্রথায় মাছ চাষ করার পদ্ধতি এ রাজ্যে প্রবর্তন করে মাননীয় মৎস্য মন্ত্রী এ ক্ষেত্রে কাজ করে চলেছেন। মাননীয় মন্ত্রীমহাশয় এ রাজ্যের মানুষকে পাশে নিয়ে এই কাজ করে চলেছেন তার জন্য তাকে পুনরায় সাধুবাদ জানাই। এখন এখানে মৎস্যজীবী সমবায় সমিতি করে মাছ চাষ করা হচ্ছে এবং মাছের উৎপাদন বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। মাননীয় সদস্য অসিত মিত্র মহাশয় বললেন যে তিনি মৎস্যজীবী সমবায় সমিতিগুলির উল্লেখযোগ্য কোনও ভূমিকা দেখতে

পাননি। আমি অত্যন্ত আনন্দের সঙ্গে তাকে জানাই, আমাদের হরিণঘাটার ভোমরা ফিশারিস কো-অপারেটিক বিগত তিন বছর ধরে মাছ উৎপাদনে ভারতবর্ষের মধ্যে প্রথম হয়েছে। মাননীয় রাষ্ট্রমন্ত্রী কিরণময় নন্দ মহাশয় মাননীয় রাষ্ট্রপতির হাত থেকে এর জন্য পুরস্কারও নিয়ে এসেছেন। স্যার মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, মাছের চাহিদা পূরণের জন্য আমাদের নতুন নতুন পন্থার কথা ভাবতে হবে, নতুন প্রযুক্তি নিতে হবে। এ ক্ষেত্রে যতটা সম্ভব উন্নত বৈজ্ঞানিক প্রযুক্তিকে ব্যবহার করতে হবে। এর সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের যেসব পুকুর, খাল, বিল, ডোবা আছে তাতেও মৎস্যজীবী সমবায় সমিতি গঠন করে মাছ চাষ করতে হবে। এই মৎস্যজীবী সমবায় সমিতির আন্দোলনকে আরও বেশী করে আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে। এ ক্ষেত্রে আইনের জটিলতা যদি থাকে তা দূর করতে হবে। পশ্চিমবঙ্গের খাল, বিল, ডোবাগুলিতে মৎস্যজীবী সমবায় সমিতি গঠন করে এবং মৎস্য দপ্তর থেকে তাদের লোন দিয়ে এবং অনুদান দিয়ে যদি মাছ চাষের ব্যবস্থা করা যায় এবং তাদের সব রকমের সাহায্য দেওয়া যায় তাহলে মনে করি ভারতবর্ষের মৎস্য চাষের মানচিত্রে পশ্চিমবঙ্গ যে বিরাট ভূমিকা নিয়ে আছে তার থেকে আরও বড় ভূমিকা নিতে পারবে। কৃষির পর মৎস্য চাষেই সবচেয়ে বেশী কর্ম দিবস তৈরি হবে।

[2.20—2.30 p.m.]

এখানে কর্ম-পরিবেশের একটি তালিকা মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। কিন্তু আমি বলছি, গ্রাম-বাংলার পুকুর জলাশয়গুলোকে আইনের জটিলতা দূর করে সমবায় সমিতির মধ্যে আনা দরকার। পাশাপাশি বলা দরকার যে, এখন জলাশয় বা নদীতে ছোট মাছ ছাড়া বড় মাছ হয় না। কিন্তু বড় মাছ করবার সুযোগ কিন্তু কালিগঞ্জ, মহুলাপুর, চাকুলিতে ভাগীরথী গতিপথ হারিয়ে যে সারিগঙ্গা তৈরি হয়েছে সেখানে হয়েছে। সেখানে মাছ চাষে মৎস্যজীবীরা উদ্যোগী হয়েছেন। এই কাজে সেখানে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে মৎস্য সমবায় সমিতি। এই কাজে সেখানে তাদের সুযোগ-সুবিধা, অনুদান ইত্যাদি দেওয়া দরকার, সাহায্য করা দরকার। আজকে কালিগঞ্জে সারিগঙ্গায় উপযুক্ত প্রকল্প নিলে ভাল হয়। এখানে আমি মৎস্যজীবীদের একটি সমস্যার কথা উল্লেখ করতে চাই। মৎস্য চাষীদের মৎস্য সংরক্ষণে চাই বরফ। সেই বরফ উৎপাদনের ক্ষেত্রে বিদ্যুতের রেটটা কিন্তু শিল্পক্ষেত্র অনুসারী। কিন্তু এ ক্ষেত্রে রেটটা কৃষিক্ষেত্র অনুসারী হওয়া দরকার। কৃষিক্ষেত্রে সাবসিডাইজড্ রেটে বিদ্যুৎ দেওয়া হয়। বরফ উৎপাদনের ক্ষেত্রেও সেরকম সাবসিডাইজড্ রেটে বিদ্যুৎ দেওয়া দরকার। এটা করা হলে বরফের দাম কমবে এবং মৎস্যজীবীরা তাদের উৎপাদিত মৎস্য বরফে সংরক্ষণ করে বাজারে পাঠাতে পারবেন। এই বলে এই বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বিরোধী দলের যে কাট মোশন তাকে অগ্রাহ্য করে আমার ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছি। আমি প্রথমে ভেবেছিলাম যে এবারে বিরোধীদলের সদস্যদের যে বক্তব্য তার কোনো উত্তর হয়তো দিতে হবে না। দিতে হবে না এই কারণে যে, বিরোধীদল যেসব কথা বলেছেন এবং কাটমোশনে যা উল্লেখ করেছেন, আজ পর্যন্ত যতবার বিধানসভায় বাজেট পেশ করেছি সববার বলছি না, কেন না

এই সভায় বসে কয়েকবার শুনেছি বিরোধীদলের সদস্যরা আমাদের সাধুবাদ দিয়েছেন, আমাদের দপ্তরের অগ্রগতির প্রশংসা করেছেন, আমারও প্রশংসা করেছেন, কখনো কখনো বিরোধিতা করেছেন। কাটমোশন এনে তাঁরা যে বিরোধিতা করেছেন সেই একই বিরোধিতা প্রতিবারই থাকে এবং তার জবাবও আমি প্রতিবারই দিয়ে থাকি। একই কথার ভাঙা রেকর্ড ! আমাকেও উত্তরে একই ভাঙা রেকর্ড বাজাতে হয়। একই প্রশ্নের জবাব বারবার দিতে ভাল লাগে না এবং ওঁদের শুনতেও ভাল লাগে না। এখানে বিরোধীদলের সদস্য জ্যোতির্ময় কর মহাশয় একতরফাভাবে কয়েকটি কথা বলেছেন। তাঁর এই অজ্ঞতার জবাব আমি কিভাবে দেবো ? উনি অধ্যাপক মানুষ। একটি কলেজে উনি অধ্যাপনা করেন। উনি ইউ জি সি-র ভোকেশনাল কোর্সের কথা বলেছেন। সেটা বলতে গিয়ে এমনভাবে বলছিলেন, মনে হচ্ছিল যেন ইউ. জি. সি আমাদের দপ্তরে ভোকেশনাল কোর্স চালু করে দিয়েছেন। ইউ জি সি আমাদের দপ্তরে ভোকেশনাল কোর্স চালু করেননি। এই কোর্স চালু হয় থ্রু হায়ার এডুকেশন ডিপার্টমেন্ট যেখানে আমাদের দপ্তরের কোন 'সে' নেই। বিভিন্ন স্ট্রিমে কোথায় কোন কোর্স চালু করবেন সেটা ভাবনার দায়িত্ব ইউ. জি. সি.-র। আমরা যে ইউনিভার্সিটি তৈরি করেছি—অজ্ঞতার জবাব কিভাবে দেব—সেই ইউনিভার্সিটিতে পোষ্ট গ্র্যাজুয়েট কোর্স আছে কিনা সেটা ওঁর জানা নেই ? এখানে যখন বক্তব্য রাখবেন তখন প্রস্তুত হয়ে বক্তব্য রাখবেন, কারণ মনে রাখবেন আপনার বক্তব্য রেকর্ড হচ্ছে।

পরবর্তীকালে যারা এইগুলো পড়বে তাদের যেন এই ধারণা না হয় যে কিছু পড়াশোনা না করে কিছু সদস্য এখানে আসেন। বিরোধী দলে আছেন বলে শুধু বিরোধিতা করতে হবে করুন, কিন্তু কিছু জেনে করুন। আমাদের ইউনিভারসিটিতে পোষ্ট গ্র্যাজুয়েটের ব্যবস্থা আছে, এটা আপনার অবগতির জন্য জানিয়ে দিচ্ছি। আজকে আপনি বললেন রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে মৎস্য দপ্তর যে মৎস্য উৎপাদন করে তার যে শতকরা হারের পরিসংখ্যান দেওয়া আছে আর মৎস্য দপ্তরের যে বাজেট তাতে মৎস্য উৎপাদনের শতকরা হার দেওয়া আছে এই পরিসংখ্যানের মধ্যে পার্থক্য আছে রাজ্যপালের ভাষণে ২০০২-০৩ সালে যে মৎস্য উৎপাদন তার পরিসংখ্যান দেওয়া আছে আর মৎস্য দপ্তরের যে পরিসংখ্যান দেওয়া আছে সেটা ১৯৯৮-৯৯ সালের। পার্থক্য তো থাকবেই। ১৯৯৯ সালের উৎপাদন আর রাজ্যপালের ভাষণে দেওয়া ২০০২-০৩ সালের উৎপাদনের মধ্যে পার্থক্য তো থাকবেই। তৃতীয়ত আপনি বললেন যে আমাদের শংকরপুরে নাকি কিছু নেই। আপনি জানেন যে আগে কোনও স্ট্যানডিং কমিটি ছিল না। এখন প্রতিটি দপ্তরের কাজকর্ম পরিচালনা করার জন্য বিধানসভার সদস্য নিয়ে একটা করে স্ট্যানডিং কমিটি তৈরি হয়েছে। সেই স্ট্যানডিং কমিটি আমরা যখন বিধানসভায় বাজেট পেশ করছি তার আগে তাঁরা প্রি-বাজেট স্ক্রুটিনি করে। তারপর তাঁরা একটা প্রতিবেদন প্রকাশ করে। সেই স্ট্যানডিং কমিটিতে কেবল আমাদের সরকার পক্ষের সদস্যরা থাকেন না, সেই স্ট্যানডিং কমিটিতে বিরোধী দলের সদস্যরা থাকেন। ফিস এবং ফুড নিয়ে একটা স্ট্যানডিং কমিটি আছে এবং তাদের বিরোধী দলে যাঁরা বসে আছেন তাঁদের মধ্যে থেকেও সদস্য আছেন। আপনি স্ট্যানডিং কমিটির রিপোর্ট দেখুন। আমার মাঝে মাঝে সুযোগ এসেছে স্ট্যানডিং কমিটির মেম্বার হয়ে সভায় উপস্থিত থাকার। আমাদের এখানে স্ট্যানডিং কমিটির চেয়ারম্যান উপস্থিত আছেন। আমি

আমাদের চেয়ারম্যানের কথা বলব না, আমাদের এই দিককার সদস্যদের কথা বলব না, বিরোধী দলের সদস্য যাঁরা স্ট্যানডিং কমিটিতে আছেন তাঁরা শঙ্করপুর এবং ফ্রেজারগঞ্জ ঘুরে এসেছেন। তাঁরা দেখে এসে আমাকে বলেছিলেন যে এতো সুন্দর ব্যবস্থা এতো সুন্দর জায়গা হয়েছে এতো মানুষ উপকৃত হয়েছে দেখে আমরা মুগ্ধ হয়েছি। আপনাদের সদস্যরাও কমিটির সঙ্গে যুক্ত আছেন, তাঁরা সত্য কথা বলছেন না আপনি বাজেট বিতর্কে অংশগ্রহণ করতে উঠে সত্য কথা বলছেন ? সত্য কে বলছে ? শংকরপুরে যে হারবার তৈরি করেছি, আপনি জানেন কত মানুষের কর্মসংস্থান হয়েছে, কত টাকা খরচ হয়েছে, আমরা কত টাকা খরচ করেছি ? ২টি হারবার তৈরি করার জন্য কেন্দ্রীয় সরকার অর্ধেক টাকা দিয়েছে আমরা অর্ধেক টাকা দিয়েছি। আমরা ১০ কোটি টাকার বেশি খরচ করেছি। সেখানে কত মানুষের কর্মসংস্থা হয়েছে জানেন ? ১৫ হাজার মানুষের কর্মসংস্থা হয়েছে। আমরা ফ্রেজারগঞ্জে খরচ করেছি ৫ কোটি টাকা। ওখানকার এম. এল. এ এখানে উপস্থিত আছেন, কত মানুষের সেখানে কর্মসংস্থান হয়েছে জানেন ? ১০ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে সেখানে। সমুদ্র উপকূলবর্তী যে সমস্ত রাজ্য আছে তার মধ্যে পশ্চিমবাংলার শংকরপুর হল একটা আদর্শ। আপনি বললেন যে মাছ যেটা সমুদ্রে ধরা হয় তাতে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান চতুর্থ, কিন্তু সমুদ্র উপকূলবর্তী রাজ্য নাকি ৪টি আছে তার মধ্যে আমরা ৪ নম্বরে আছি, ৪টির মধ্যে চতুর্থ স্থানে, এতে আর কিসের কৃতিত্ব। ভারতবর্ষের মানচিত্র যদি আপনি না জানেন, নূতন করে আপনাকে স্কুলে ভর্তি করার সুযোগ নেই। ভারতবর্ষের মানচিত্রে কতগুলো সমুদ্র উপকূলবর্তী রাজ্য আছে দেখুন। ১৩টি সমুদ্র উপকূলবর্তী রাজ্য আছে, ৪টি নয়। এই ১৩টির মধ্যে আমাদের পশ্চিমবাংলার কোষ্ট লাইন সবচেয়ে কম, ১২০ কিলোমিটার মাত্র। আর অন্য রাজ্যের কথা যদি বলেন তাহলে আমাদের চেয়ে তাদের কয়েকশো গুণ বেশি। এই ১২০ কিলোমিটার কোষ্ট লাইন নিয়ে ১৩টি সমুদ্র উপকূলবর্তী রাজ্যের মধ্যে আমাদের পশ্চিমবাংলা চতুর্থ স্থানে আছে। এতে আপনাদের কৃতিত্ব মনে না হতে পারে আমাদের মনে হয়। শুধু তাই নয়, এর সঙ্গে যুক্ত আছে জীবন ধারা, জীবন জীবিকা। আপনি এখানে বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন কিন্তু আপনাকে বাইরে গিয়ে বলতে হবে ওদের জীবন জীবিকা পাল্টে গেছে, তাদের উন্নতি হয়েছে অনেক অগ্রগতি হয়েছে।

[2.30—2.40 p.m.]

ঘটছে এই কারণে যে, ১৯৮২ সালের আগে আমাদের পশ্চিমবাংলার সমুদ্রোপকূলে একটিও যন্ত্রচালিত নৌকা ছিল না। আর আজকে চার হাজারের বেশি যন্ত্রচালিত নৌকা সমুদ্রে মাছ ধরার কাজে নিযুক্ত আছে। এটা যদি আমাদের ব্যর্থতা হয়, তাহলে এই ব্যর্থতার কাজ আমরা প্রত্যেক বছরে করে যাব। আপনারা বললেন, আমরা নাকি কেবল ডিম পোনা উৎপাদন করি। কাক, কোকিল কি সব বোঝাতে চাইলেন তা ঠিক বুঝতে পারলাম না।

**মিঃ ডেপুটি স্পীকার** : কিরণ্ময়বাবু, আপনার আর কম সময় লাগবে ?

**শ্রী কিরণ্ময় নন্দ** : আমার আর ১৫ মিনিট লাগবে।

**মিঃ ডেপুটি স্পীকার** : এটার সময় ২-৩২ মিনিটে শেষ হয়ে যাচ্ছে। আমরা আরও ১৫ মিনিট বাড়িয়ে নিতে চাই। আশাকরি সকলের সম্মতি আছে।

(ভয়েস : হ্যাঁ, আছে।)

(এই সময়ে ১৫ মিনিট সময় বাড়ানো হয়)

**শ্রী কিরণ্ময় নন্দ** : একজন মাননীয় সদস্য বললেন, আপনারা ডিম পাঠান। অন্যায় কি করি ? সমস্ত বীজ আমাদের পশ্চিমবাংলায় আমদানি করতে হয়। আর একটা বীজ ভারতবর্ষের প্রয়োজনে ৭৫ ভাগ তৈরি করে আমরা কি করবো ? ব্যাঙকে খাইয়ে দেব ? সাপকে খাইয়ে দেব ? রাস্তায় ফেলে নষ্ট করবো ? এখানে কাশীনাথবাবু বসে আছেন, উনি জানেন কত কোটি টাকা শুধু ওঁর বাঁকুড়ার চাষীরা উৎপাদন করে, কত কোটি টাকা আয় করে। এটা তো একটা কুটিরশিল্প। আমাদের রাজ্যে যা প্রয়োজন, সেই প্রয়োজন, চাহিদা মিটিয়ে যদি অতিরিক্ত হয়, আমরা তা অন্য রাজ্যে পাঠাবো। আমাদের চাষীরা অন্য রাজ্যে পাঠাবে। এটা তো তাদের রোজগার। তার মধ্যে অন্যায় কি আছে ? আর উৎপাদনের লক্ষ্যমাত্রা কি, যে কথা বলছিলেন—হ্যাঁ, আরও উৎপাদন করা যেত। আরও উৎপাদন বাড়ানো যেত। কিন্তু অসুবিধা আছে অনেক। আমি মৎস্যমন্ত্রী সব অসুবিধা দুর করবো কি করে ? এটা তো ইনহেরিটেড। বড় বড় জলাশয়গুলো মজে গিয়েছিল—কি করবো আমি ? খাল বিল মজে গিয়েছে। আমি কি করবো ? আমি খাল-বিল কাটবো ? বড় বড় জলাশয় কাটাবো ? আমি পরিকল্পনা কমিশনের ভাইস চেয়ারম্যান কে. সি. পন্থকে চিঠি লিখেছিলাম। আমি বলেছিলাম, আমাদের রাজ্যে ৪০ হাজার বড় বড় জলাশয় আছে। রাজ্য সরকারের ক্ষমতা নেই সংস্কার করার। বড় বড় জলাশয়, যাকে আমরা ওয়েট ল্যান্ড বলি, সেগুলো সংস্কার করার ক্ষমতা আমাদের নেই। পরিকল্পনা দপ্তরের কাছে হাজার হাজার কোটি টাকা আছে। বলেছিলাম, কিছু টাকা আমাদের দিন খালবিল, জলাশয় সংস্কার করার জন্য। বলেছিলাম, টাকাটা আমাকে দিতে হবে না, জেলা পরিষদকে দিলে হবে। কি লিখলেন তিনি—দুঃখিত, আমি টাকা দিতে পারবো না। তাহলে কোথা থেকে বিল বাওরগুলোকে কাটাবো ? নদীগুলো বছরের পর বছর দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়ার ফলে কত বাঁধ তৈরি হয়েছে। দক্ষিণেশ্বরের কাছে বিবেকানন্দ সেতুতে উঠে দাঁড়িয়ে দেখলে দেখবেন, ভাঁটার সময় মনে হয় গঙ্গার বুকে খেলার মাঠ তৈরি হয়েছে। দীর্ঘদিন পরিকল্পনাহীনতায় নদীগুলো শুকিয়ে যাচ্ছে। নদীগুলোকে বাঁচাতে পারেনি। তার ফলে যারা নদীর সঙ্গে যুক্ত তারা শুকিয়ে যাচ্ছে। নদী থেকে আমরা যে মাছ পেতাম তা আর পাচ্ছি না। নদীর নাব্যতা যদি না বাড়াতে পারি, তার ক্ষমতা রাজ্য সরকারেরই নেই। মৎস্য দপ্তর তো দূরের কথা, তাহলে আরও ভয়ংকর অবস্থার মধ্যে আমাদের পড়তে হবে। আমরা সমুদ্র দেখতে গিয়েছিলাম, কেন্দ্রীয় সরকার পাঠিয়েছিল। ডায়মন্ড হারবারের যিনি এম. পি. তিনিও গিয়েছিলেন। সুন্দরবনে কয়েকশো দ্বীপ তৈরি হয়েছে। মৎস্যজীবীদের নৌকাগুলো ধ্বংস হয়ে যাচ্ছে। কি করবো—মাটি জমছে গঙ্গা থেকে। গোমুখের ওপরে যে ল্যান্ড স্লাইড হয়, মাটিগুলো ধুয়ে ধুয়ে আমাদের ওপরে এসে পড়ে। জল তারা নেয় আর মাটিগুলো আমরা নিচ্ছি। উত্তরপ্রদেশ, বিহার গঙ্গার জল নিয়ে চাষ করছে, অপরদিকে মাটিগুলো আমাদের মধ্যে এসে জমছে। পশ্চিম প্রান্তে নদী গভীর হচ্ছে, আর পূর্ব উপকূলে আমাদের গঙ্গার নাব্যতা কমে যাচ্ছে। জ্যোতির্ময়বাবু বললেন, ওয়ারলেস

তৈরি করতে পারলেন না ২৫ বছরে ? আমরা করতে চেয়েছিলাম—টাকা জোগাড় করবো। কেন্দ্রীয় সরকার ওরা করতে বারণ করলো। বলল, ওরা করে দেবে।

কেন্দ্রীয় সরকার ওয়ারলেস তৈরি করার ব্যাপারে শংকরপুর এবং ফ্রেজারগঞ্জে করার কথা বলেছে কিন্তু আমরা বলেছিলাম আমাদের তৈরি করতে দিন তাতে তারা রাজি হননি। এইভাবে হবে হবে বলে পাঁচ বছর কেটে গেল। প্রধানমন্ত্রীর কাছে চিঠি দেওয়া হয়েছে এবং কেন্দ্রীয় দপ্তরে ৪, ৫টি চিঠি পাঠানো হয়েছে কিন্তু কোনও উত্তর আসেনি। আমাদের দপ্তরের অফিসাররা গিয়ে বলেছেন আমাদের এখানে ওয়েবেল আছে তাদের দিয়ে বসানোর ব্যবস্থা করুন কিন্তু তারা রাজি হননি। পাঞ্জাবের কোনও একটা কোম্পানি আছে তারা নাকি এখানে ওয়ারলেস বসাবে! আর উড়িষ্যার একটা কোম্পানি তাকে দিয়ে ঘর তৈরির কথা কেন্দ্রীয় সরকার বলেছেন। আমাদের কিছু করতে দেবে না। উড়িষ্যার একটা কোম্পানি তারা দেখলাম হাফ ডান কাজ করে চলে গেছে, খানিকটা মাটি ফেলে চলে গেছে, সেই অবস্থাতেই রয়েছে। এর জবাব কি দেব বলুন ? তারপরে আপনাদেরই এম পি নীতিশ সেনগুপ্ত, তাঁর সঙ্গে আমার কথা হয়েছিল, তাঁকে সব ব্যাপারটা বললাম। তিনি বললেন আপনি একটা চিঠি লিখে দিন আমি দিল্লিতে গিয়ে দেখছি। আমি চিঠি লিখে দিলাম কিন্তু কই কোনও কাজই তো হল না। তিনি কিছু জানালেনই না। সুতরাং শংকরপুর এবং ফ্রেজারগঞ্জের ওয়ারলেস বসানোর কাজ অসমাপ্ত হয়েই রইল। এর জবাব আমরা কি দেব ? এর চেয়ে দুর্ভাগ্যের তো আর কিছু হতে পারে না যে আমাদের সবকিছু থাকতেও আমরা ওয়ারলেস বসাতে পারলাম না। পাঞ্জাবের কোনও একটা সংস্থাকে দিয়ে করানোর কথা বলল, তাও হল না। তারপরে আপনারা মাছের দামের কথা বলেছেন। ইকোনমিক রিভিউ যেটা এখান থেকে বেরোয় সেটা একটু পড়ে দেখবেন। সেটা পড়েন ? না, পড়েন না। ফিস প্রাইস রেট আমাদের রাজ্যে সবচেয়ে কম। আপনারা তো প্রত্যেকটি জিনিস বেশি দামে কেনেন, প্রত্যেকটি জিনিসের দাম বেড়েছে, তাহলে মাছের দাম কমবে কেন ? মাছ চাষীদের কি চাল, ডাল, তেল বেশি দামে কিনতে হয় না ? আপনাদের মতো লোকেরা বেশি বেশি করে কম দামে মাছ খাবেন আর ফিসারম্যানরা তাদের ন্যায্য দাম পাবে না কেন সেটা বলুন। আপনারা সস্তায় মাছ চাইছেন আর ওরা কোন জিনিস সস্তায় পাচ্ছে বলুন ? সস্তার ডেফিনেশানটা কি বলুন তো ? আপনাদের কতগুলো চটকদারি কথাতে আমার কিছু যায় আসে না। আমি ২৫ বছর ধরে মৎস্যমন্ত্রী হয়ে রয়েছি এবং ২৫ বছর ধরেই ২৫টি বাজেট পেশ করেছি। তারপরে আপনাদের কেউ একজন বললেন মাছ উৎপাদনে আপনাদের আবার কৃতিত্বটা কি—আমরা যে উদ্যোগ নিয়েছি এবং মৎস্যচাষীদের মধ্যে উৎসাহ দিতে পেরেছি যার ফলে ১৯৫২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত যেখানে ২.৫ লক্ষ মেট্রিক টন মাছ উৎপাদন হত, আজকে সেখানে ১১ লক্ষ মেট্রিক টন মাছ আমরা উৎপাদন করতে সক্ষম হয়েছি। আমরাই তো ওদের উদ্যোগ তৈরি করেছি এবং এটা সরকারের কাছ থেকে থ্রু একস্‌টেনশানে গেছে। তারপরে বললেন যে ঋণ কেন মৎস্যজীবীরা পাচ্ছে না—যেসব বেকার যুবকরা আমরা কি তাদের ঋণ পাইয়ে দেব ? আমাদের অর্থমন্ত্রী তো বারে বারে বলেছেন ব্যাঙ্কগুলোকে ঋণ দেবার ব্যাপারে, কিন্তু ব্যাঙ্কগুলোর একটা ঋণ দেবার ক্ষেত্রে অনীহা দেখা যাচ্ছে। যার ফলে সমস্ত প্রকল্পগুলো মার খাচ্ছে। সরকার তো আর ঋণ দিতে পারে না, অনুদান দিতে পারে। কিন্তু অনুদান দিতে

গেলেও তো ব্যাঙ্কের মাধ্যমে দিতে হবে। তারা না দিলে আমরা কি করব ? আজকে মৎস্য ক্ষেত্রে বলুন, শিল্পক্ষেত্রে বলুন সর্বত্র ব্যাঙ্ক ঋণ দিতে চাইছে না তার কি উত্তর দেব বলুন। পশ্চিমবঙ্গের থেকে যে টাকা ব্যাঙ্কে জমা পড়ছে সেই টাকা অন্য রাজ্যে চলে যাচ্ছে, পশ্চিমবঙ্গের মানুষ পাচ্ছে না। আপনারা দীর্ঘদিন ধরেই বিদ্রুপ করে আসছেন যে আমাদের যে সুযোগ আছে সেই সুযোগ কেন আমরা কাজে লাগাতে পারছি না। আমাদের এখানের মাছ নাকি খেতে পাওয়া যায় না, অন্ধ্রপ্রদেশের থেকে মাছ আসে সেই মাছ খেতে হয়। অন্ধ্রপ্রদেশে মিষ্টি জলের মাছ ওরা খায় না, তাই ওই মাছ এখানে চলে আসে। ওখান থেকে ৩ লক্ষ মেট্রিক টন মাছ এখানে আসে। আমাদের এখানে মিষ্টি জলে মাছের চাষ হয়। আমরা ১০ লক্ষ মেট্রিক টন মাছ বাইরে পাঠাই। অর্থাৎ অন্ধ্রের থেকে তিনগুণ বেশি মাছ আমরা বাইরে পাঠাই। আমাদের এখানকার মাছ আমরা খাওয়াতে পারি না কারণ আমাদের তো মাছের ওপরে নিয়ন্ত্রণ নেই। ফলে আমাদের রাজ্যের মাছ অন্য রাজ্যে চলে যাচ্ছে। সেখানে নিয়ন্ত্রণ সংবিধানিকভাবে কেন্দ্রীয় সরকার করেন এবং তাদেরই ক্ষমতা এই নিয়ন্ত্রণ করার। আন্ত রাজ্য চলাচল কেন্দ্রীয় সরকারের নীতি এবং সেই নীতি অনুসারে আমাদের মাছ আমরা ধরে রাখতে পারি না। ওই নিয়ন্ত্রণ ক্ষমতা কেন্দ্রীয় সরকার আরোপ করে।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আপনার মৎস্য চাষীদের জীবন-জীবিকার ওপরে যে আক্রমণ সেই সম্পর্কে বলুন।

[2.40—2.50 p.m.]

**শ্রী কিরণ্ময় নন্দ** : জ্যোতির্ময় বাবু বলছিলেন প্রসেসিং-এর কথা। প্রসেসিং-এর ব্যাপারে আপনারা কি করেন ? ঐটা তো এক্সপোর্ট হবে, কেন্দ্রীয় সরকারের এটা দায়িত্ব। উৎপাদনটা হচ্ছে আমাদের রাজ্যে, কিন্তু এক্সপোর্ট কোয়ালিটি দেখার দায়িত্ব রাজ্য সরকারের নয়, দেখার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, এটা বুঝতে হবে। এটা রাজ্য সরকারের দায়িত্বর মধ্যে পড়ে না। এক্সপোর্টেবেল আইটেম যতগুলি আছে তার ক্লিয়ারেন্স দেয় কেন্দ্রীয় সরকার। এটা যেমন মাছের ক্ষেত্রে দেয়, তেমনি চায়ের ক্ষেত্রে, জুটের ক্ষেত্রে তারাই দেয়। বিদেশে যা রপ্তানি করবেন, তার ক্লিয়ারেন্স লাইসেন্স দেবে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এটা দেয় না। এখানে মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বলছিলেন, পাইরেসির কথা, এই ব্যাপারে আমি একমত ; মৎস্যজীবীরা আক্রান্ত হয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলেছি, ওখানে পুলিশের টহলদারির ব্যবস্থা করতে হবে। তার জন্য যা যা ব্যবস্থা নেবার তার উদ্যোগ নিতে হবে। কারণ অনেকেই আক্রান্ত হন, অনেককে আটকে রেখে মুক্তিপণ দাবি করা হয়, তাদের সর্বস্ব চলে যায়। ওদের আইডেন্টিটি কার্ড নিয়ে বলেছেন, হ্যাঁ ওদের আইডেন্টিটি কার্ড নিতে হবে, কেন্দ্রীয় সরকারের নির্দেশ মতো। ১২ নটিক্যালমাইল পর্যন্ত আমার এলাকা, তার বাইরে গেলে আইডেন্টিটি কার্ড ছাড়া, তাহলে অ্যারেস্ট হয়ে যেতে পারে, বি এস এফ অ্যারেস্ট করে নিতে পারে। কিন্তু আইডেন্টিটি কার্ড দিতে গেলে কতকগুলি তথ্য নিতে হবে। আমরা ভোটার লিস্ট বা রেশন কার্ড-এর ভিত্তিতে তাদের আইডেন্টিটি কার্ড দেবো, তা নাহলে কিসের ভিত্তিতে আমরা দেব। এছাড়া দেবপ্রসাদবাবু যেটা নিয়ে বলছিলেন মেরিন অ্যাক্ট নিয়ে, মেরিন অ্যাক্ট যখন তৈরি করলাম, তার আগে দেবপ্রসাদবাবু আপনাদের যে মৎস্যজীবী সংগঠন

আছে তাদেরকে আমি রাইটার্সে ডেকে পাঠাই, মিটিং করি, তিনবার মিটিং করেছি, তাদের সাজেশান অনুযায়ী মেরিন অ্যাক্ট করেছি। আমার এরিয়াতে কোনও বিধিনিষেধ নেই, যে কোনও মৎস্যজীবী সমুদ্রে বা নদীতে মাছ ধরতে পারবেন। ১২ নটিক্যাল মাইল পর্যন্ত যারা ডিঙি নৌকায় যাবে তারা মাছ ধরতে পারবেন, তার বাইরে যন্ত্রচালিত নৌকায় মাছ ধরতে পারবেন। ১২ নটিক্যাল মাইল পর্যন্ত মাছ ধরার ক্ষেত্রে কোনও রেসট্রিকশান নেই। ১২ নটিক্যাল মাইলের পরে যন্ত্রচালিত নৌকায় যতদূর পারবে যাবে, কোনও রেসট্রিকশান এই ব্যাপারে আমি আরোপ করিনি। আরো কতকগুলি বিষয় নিয়ে বলেছেন, সুন্দরবন কোর এরিয়া নিয়ে, সেখানে জাল আটকে দিচ্ছে, এটা আমার দপ্তরের মধ্যে পড়ে না, এটা আমার দপ্তরের পারভিউ নয়, এটার জন্য আলাদা রিজার্ভ ফরেস্ট-এর আইন আছে। এটা তাদেরই দেখার কথা। এই ব্যাপারে যা জবাব দেবার তারা দেবে। এই ব্যাপারে আমার কিছু করার নেই। জলাশয় যারা ভরাট করছে, সেই ব্যাপারে বলি, আমরা ব্যবস্থা নিচ্ছি। আমরা তো চাই না জলাশয় ভরাট হোক। তবে আমি মাননীয় সদস্যকে বলব, এই ব্যাপারে সমবায় সমিতির মাধ্যমে তারা সিলিং অ্যাক্ট মেনে করতে পারেন। আমরা বলেছি, জলাশয়ের কোনও সিলিং থাকবে না। জলাশয়ের ক্ষেত্রে সমবায়ের মাধ্যমে চাষ করতে পারেন। ব্যক্তিগতভাবে যদি কারো জমি থাকে—একজন যুবক যদি চায় যার পুকুর আছে, সেই ব্যক্তি এই সুযোগ নিতে পারবে। আমরা নূতন প্রযুক্তি ও গবেষণার উপর জোর দিচ্ছি। আমাদের ক্যাপটিভ রিসার্চ-এর কাজ চলছে। এই প্রযুক্তির মাধ্যমে অনেকগুলি ক্ষেত্রে আমরা কাজ করে চলেছি। আজকে সুন্দরবন এলাকার জন্য, বিভিন্ন এলাকার জন্য, আমরা বলতে পারি আগামী দিনে উৎপাদন শুধু বাড়ানো নয়, আরো বেশী মানুষের কর্মসংস্থান বাড়ানোই হচ্ছে আমাদের লক্ষ্য। আগামী দিনে আরো কর্মসংস্থান তৈরী করা উৎপাদন বাড়ানো, মৎস্য চাষকে আরো বেশী বেশী করে সর্বতোভাবে সর্বত্র যাতে ছড়িয়ে দিতে পারি তার জন্য আপনাদের সকলের সহযোগিতা দরকার। শুধুমাত্র পঞ্চায়েত, প্রশাসন বা মৎস্য দপ্তর পারবে না এই সব কর্মকাণ্ডকে এগিয়ে নিয়ে যেতে। আমাদের কর্মকাণ্ডের ব্যাপারে আমরা গর্বিত, আমাদের কর্মকাণ্ড মডেল হিসাবে স্বীকৃতি লাভ করেছে, কেন্দ্রীয় সরকার সেই স্বীকৃতি দিয়েছেন। এই স্বীকৃতি আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছি। এই ধারাবাহিকতা শুধু বজায় রাখা নয়, আগামী দিনে যাতে আরো এগিয়ে যেতে পারি, সেই ব্যাপারে আপনারা সাহায্য করবেন, আমরা আপনাদের সকলের সমর্থন চাই, এই কথা বলে কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 51**

The motion of Shri Dipak Kumar Ghosh (No. 1) that the amount of the Demand be reduced to Re. 1 was then put and lost.

The motion of Shri Abdul Mannan (2-4), Shri Kallol Khan (5), Shri Tarak Bandyopadhyay (6), Shri Sadhan Pande (7), Dr. Asish Banerjee (8), Shri Ajoy Dey (9-10), Shri Dipak Kumar Ghosh (11), Shri Biman Chakrabarti (12), Shri Bankim Chandra Hazra (13),

Shri Pundarikakshya Saha (14), Shri Manturam Pakhira (15), Shri Tamonash Ghosh (16), Shri Subrata Bakshi (17), Shri Kashinath Mishra (18-24), Shri Kamal Mukherjee (25-26), Shri Nirmal Ghosh (27), Shri Ashok Kumar Deb (28), Shri Deb Prasad Sarkar (29), Shri Pankaj Banerjee (30), Shri Saugata Roy (31-32), Shri Moloy Ghatak (33-34) were than put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 84,57,94,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2405-Fisheries, 4405 Capital Outlay on Fisheries and 6405-Loans for Fisheries" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 28,19,32,000 already voted on account in March, 2002.)

was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No.: 7 & 61

### Demand No. 7

**Mr. Deputy Speaker**: There are 10 cut motions to Demand No. 7. All the the cut motion are in order.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee (1)<br>Shri Kashinath Mishra (2-3)<br>Shri Nirmal Ghosh (4) | Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-. |
| Shri Abdul Mannan (5)<br>Shri Kamal Mukherjee (6)<br>Shri Kashinath Mishra (7-8)<br>Shri Tarak Bandyopadhyay (9)<br>Shri Biman Chakrabarti (10) | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

### Demand No. 61

**Mr Deputy Speaker**: There are 37 cut motions to Demand No. 61. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Subrata Mukherjee (1)<br>Shri Kashinath Mishra (2)<br>Shri Nirmal Ghosh (3) | Sir, I beg to move that amount of the Demand be reduced to Re. 1/-. |

| | |
|---|---|
| Shri Deba Prasad Sarkar (6-7)<br>Shri Kamal Mukherjee (8-12)<br>Shri Kashinath Mishra (13-20)<br>Shri Kallol Khan (21-22)<br>Shri Tarak Bandyopadhyay (23)<br>Shri Sadhan Pande (24-25)<br>Shri Gobinda Chandra Naskar(26-27)<br>Shri Biman Chakrabarti (28)<br>Shri Dipak Kumar Ghosh (29)<br>Shri Abdul Mannan (30-33)<br>Shri Pankaj Banerjee (34)<br>Shri Moloy Ghatak (35)<br>Shri Saugata Roy (36-37) | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী অসিত মিত্র** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী আবদুর রেজ্জাক মোল্লা ৭ নং দাবি সংক্রান্ত দুটো মুখ্য খাতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধী দলের সদস্যদের আনা কাটমোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি।

স্যার, এটা ঘটনা যে, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ভূমিসংস্কার এবং বর্গা আইনকে কার্যকরী করার ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে বলে দাবি করে এবং ভূমি সংস্কারের ক্ষেত্রে তারা কখনো কখনো প্রয়োজনীয় আইন সংশোধন করেছে, অপারেশন বর্গা করেছে, ইত্যাদি ইত্যাদি বলে। স্যার, ভারতবর্ষের স্বাধীনতার পর জমিদারি প্রথা বিলোপ এবং পরবর্তী পর্যায়ে সরকারে ন্যস্ত জমি বন্টনের যে বন্দোবস্ত হয়েছে, সেই সম্পর্কে এই সভাকে একটু আলোকপাত করতে চাই। অতি অল্প সময়ের মধ্যেই আমি আমার বক্তব্য শেষ করব।

বামফ্রন্ট সরকারের আমলে প্রচার নিশ্চয় অনেক বেশি হয়েছে। অপারেশন বর্গা হয়েছে। অন্যান্য বিষয়ে কৃষকদের কথায় বলেছে। কিন্তু তার আগে কংগ্রেস সরকার যখন ছিল, তখন অবস্থাটা কিরকম ছিল, আমরা তার তুলনামূলক বিচার একটু করতে পারি। স্যার, ১৯৭২ সালে পর্যন্ত ন্যস্ত কৃষি-জমির পরিমাণ ছিল ১ লক্ষ একর। ১৯৭৭ সালে সেটা বেড়ে দাঁড়াল ১০.৭৫ লক্ষ একরে। অর্থাৎ প্রায় ১·৭৫ লক্ষ একর জমি ন্যস্ত হল কংগ্রেসের সিদ্ধার্থ বাবুর সরকার যখন ছিল সেই সময়ে। আজ রেজ্জাক সাহেব নতুন দায়িত্ব নিয়েছেন, তার আগে পর্যন্ত—এই বিষয়ে যতই কথা বলা হয়ে থাক না কেন, আমরা একটা জিনিস লক্ষ্য করেছি যে, আপনারা যতখানি না বিলিবন্টন করেছেন বা ন্যস্ত করেছেন, তার থেকে বেশি কথা বলেছেন।

[2.50—3.00 p.m.]

তাদের আমলে ২৪ বছরে দু হাজার সাল পর্যন্ত ন্যস্ত জমির পরিমাণ যা বেড়েছে তা হচ্ছে ৩.০২ লক্ষ একর অর্থাৎ ৫ বছরে ১.৭৫ লক্ষ একর জমি ন্যস্ত হল সেখানে ২৪ বছরে

৩.০২ লক্ষ একর বেড়েছে। আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই তাহলে বামফ্রন্টের এই কৃষিক্ষেত্রে, ভূমি সংস্কার-এর ক্ষেত্রে এটাকে অগ্রগতি, উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে আপনি মনে করেন। আমি আপনার কাছে আরেকটা কথা বলতে চাই সেটা হচ্ছে, একটা কথা দীর্ঘদিন ধরে হয়েছিল সেটা কংগ্রেস আমলেও হয়েছিল, একথা অস্বীকার করব না কিন্তু রূপায়িত হয়নি। আপনারা ২৪ বছরেও সেটা করেননি। ল্যান্ড করপোরেশন। ল্যান্ড করপোরেশন তৈরি করলে কি হবে, আমি যতদূর জেনেছি, পড়াশোনা করেছি তাতে ল্যান্ড করপোরেশন-এর প্রয়োজন আজকে ভীষণ বেশি। আমি একটা ছোট উদাহরণ দিয়ে স্যার, আপনার কাছে বলতে চাই। একজন বিধবা মহিলা যার অন্য কেউ নেই, ৫ বিঘা জমি আছে, এই ৫ বিঘা জমিতে বর্গা আছে, তিনি ধান পাচ্ছেন না, কন্যাদায়গ্রস্ত, সেই জমি বিক্রি করতে চান কেউ জমি কিনতে আসছে না। তখন তিনি ল্যান্ড করপোরেশনকে গিয়ে বলতে পারেন তোমরা এই জমি নিয়ে নাও। ল্যান্ড করপোরেশন সেই জমি নিতে পারেন। সমস্ত তথ্য অনুসন্ধান করে ল্যান্ড করপোরেশন। কিন্তু দুঃখের সঙ্গে এই কথা আজকে আমাকে বলতে হচ্ছে আজও ল্যান্ড করপোরেশন আমাদের তৈরি হয়নি। ফলে সাধারণ মানুষকে অনেক বেশি কষ্ট পেতে হচ্ছে। আজকে আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে ইনজাংশনে আবদ্ধ আছে এইরকম জমির পরিমাণ ৮০-৮১ সাল পর্যন্ত ছিল ১.৯৩ লক্ষ একর। এই ১.৯৩ লক্ষ একর জমি ইনজাংশনে আবদ্ধ হয়ে পড়ে আছে যার সম্পর্কে কোনো ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। হাইকোর্ট থেকে ইনজাংশন হয়ে পড়ে আছে। এই ইনজাংশন ভ্যাকেট করার দায়দায়িত্ব কার, ভূমি এবং ভূমিসংস্কার দপ্তরের। কিন্তু দুঃখের বিষয় এটা হয়নি। পরবর্তী পর্যায়ে এটা কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে অথবা আপ টু ডেট মন্ত্রিমহাশয়-এর কাছে সেই হিসাবটা থাকলে যদি দেন ভাল হয়। আরও একটা কথা আমি বলতে চাই যে, এই ১.৯০ লক্ষ একর জমি ইনজাংশন ভ্যাকেট করা তো যায়ইনি পরন্তু যে উকিলবাবুরা সরকার পক্ষে দাঁড়িয়েছিলেন, লড়াই করেছিলেন—তাদের শিক্ষাগত যোগ্যতা নিয়ে আমি কোনও বিদ্রুপ করছি না কিন্তু তাদের পিছনে আমাদের সরকারের ৮০-৮১ সাল পর্যন্ত যে টাকা খরচ করতে হয়েছে তার পরিমাণ ১ কোটি ৫৮ লক্ষ টাকা কিন্তু ইনজাংশন ভ্যাকেট হয়নি।

১৯৮০-৮১ সাল পর্যন্ত কিন্তু আমাদের ইনজাংশন ভ্যাকেট হয়নি। এই হচ্ছে অবস্থা। আমার ধারণা আজকেই তথ্যে যদি দেখা যায়, তাহলে সেই ইনজাংশন এখনও পর্যন্ত যে জায়গায় আছে, সেটা কিন্তু খুব ভালো জায়গায় আছে বলে আমার নিজের মনে হয় না। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় এই সভাকে অবগত করবেন। আমি বর্গা রেকর্ডের বিষয়ে একটা কথা বলতে চাই শ্রদ্ধেয় নেতা কৃষক আন্দোলনের নেতা একসময় মন্ত্রী ছিলেন বিনয় চৌধুরী মহাশয়, তিনি বলেছিলেন যে পশ্চিমবঙ্গে বর্গা রেকর্ড কত হতে পারে। বিনয় চৌধুরী মহাশয়ের বিবৃতি অনুযায়ী আমি আপনাদের কছে বলতে পারি যে, তিনিই প্রথম বলেছিলেন ৩০ লক্ষ বর্গাদার পশ্চিমবঙ্গে হবে। এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু সেই আমি আজকেই সভাকে জানাতে চাই যে, পরবর্তী পর্যায়ে সরকার পক্ষ থেকে বলা হয় ওটা ৩০ লক্ষ হবে না, ওটা ২০ লক্ষ হবে। ভালো কথা। বিনয়বাবু যা বললেন, তার থেকে নেমে এলেন। সংখ্যাটা ৩০ থেকে ২০-তে নেমে এল। ২০ লক্ষ হওয়ার পরে আমরা কিভাবে এগোচ্ছি ? এখনও পর্যন্ত যেভাবে এগোচ্ছি তাতে দেখা যাচ্ছে যে, বছরে মাত্র ৭ হাজার করে

বর্গাদার বাড়ছে এবং এখন যে তার হিসাব, তাতে করে এই ৭ হাজার করে বাড়তে বাড়তে প্রায় ১০০ বছর এই রকম সময় লাগতে পারে এই সংখ্যা পূরণ করতে গেলে। স্যার, আমি আজকে শুধু এটুকু বলতে পারি যে, ৭২-৭৭ সালে জমি বণ্টন হয়েছিল। ৭২ সালে ছিল ৩.৭৫ লক্ষ একর। পরবর্তীকালে সেটা হয়েছে ৬.৩৫ লক্ষ একর প্রায় ৩ লক্ষের কাছাকাছি। আর দু হাজার এক সাল পর্যন্ত জমি বণ্টন ১০ লক্ষ। ৪ লক্ষের কাছাকাছি। এই ২৪ বছরে এবং ৫ বছর দয়া করে হিসাবটা একটু দেখবেন, তাহলেই বুঝতে পারবেন যে, আমরা কতখানি এগিয়েছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটু খোঁজ নিয়ে দেখুন যে, ভূমিসংস্কার মন্ত্রীর কাছে আমার দাবি যে আমরা ২৪-২৫ বছর ধরে হিসাব নিয়ে দেখেছি যে ব্লক স্তর থেকে যাদের পাট্টা দেওয়া হয়েছিল, যে বণ্টন করা হয়েছিল, সেই জমি আছে কিনা। তার জন্য যদি একটা কমিটি তৈরি করেন, কমিশন তৈরি করেন তাহলে ভাল হবে। তাই আপনার দাবিকে সমর্থন না করে, কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তামশের আলি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ভূমিসংস্কার-এর দপ্তরের যে বাজেট, সেই বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। স্যার, আমরা জানি যে, ভূমি সমস্যা হচ্ছে একটা জাতীয় সমস্যা। এই সমস্যার সমাধান করতে গেলে দেশের সরকারের একটা নির্দিষ্ট কর্মসূচি বা নির্দিষ্ট আইন তৈরি করা দরকার। কিন্তু আমরা দেখছি যে, আমাদের দেশের সরকারের এই জাতীয় সমস্যার সমাধান করার কোনও ভূমিকা আমরা লক্ষ্য করছি না। আমাদের দেশ কৃষির উপর নির্ভরশীল। কৃষির মূল উপকরণ হল জমি।

[3.00—3.10 p.m.]

আর সেই জমি কেন্দ্রীভূত হয়ে আছে, ৫৪ বছর যাবৎ সেটা ভেঙে ফেলা যাচ্ছে না। আমরা বারে বারে বলেছি আমাদের দেশের যে অর্থনীতি দেশের যা আর্থিক কাঠামো সেটা একটা কঠিন সমস্যার মধ্যে আছে। তার ফলে বেকারত্ব বাড়ছে, দারিদ্রতা বাড়ছে। এই জায়গা থেকে মানুষকে যদি ফিরিয়ে আনতে হয় যদি সমস্যার সমাধান করতে হয় তাহলে চাই আমূল ভূমিসংস্কার নীতি। যে নীতির কথা আমরা ভারতবর্ষে বারে বারে বলেছি। একটা বিকল্প নীতি গ্রহণ করা হোক, জমিগুলির বিকেন্দ্রীকরণ করা হোক এবং তার মধ্যে সেখানে উন্নত প্রযুক্তির সাহায্যে সেচ, সার, বীজ ইত্যাদি সরবরাহ করে কৃষকের উন্নতি ঘটাতে পারলে বিরাট সংখ্যক বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেতে পারে। আমাদের দীর্ঘদিন আন্দোলন এবং তার ফলে দেশ যখন ঐক্যবদ্ধ হল—১৯৫৩ সালে ভূমিসংস্কার বিল আনা হল, দেশের মানুষকে অগ্রাহ্য করতে পারলেন না। ১৯৫৫ সালে এটা লাল ফিতার বাঁধনে পড়ে থাকলো। সেই বিল ১৯৫৬ সালে কার্যকরী হল তাদের যে জমি পাওয়ার কথা সেটা পেলাম না। তখন বিল দেখে আমরা অনুমান করেছিলাম এবং এক্সপার্টদের লাগিয়ে ছিলাম, তাঁরা বলেছিলেন ১ কোটি ৭৩ লক্ষ একর জমি আমাদের পাওয়ার কথা। কিন্তু আমরা পেলাম মাত্র ৭৪ লক্ষ একর। ১ কোটি জমি পাওয়া গেল না। জোতদারদের যে জমির সিলিং দেওয়া হল তাতে দেখা গেল তাদের পরিবারের লোক নয় এমন লোকের নামেও জমি রাখা আছে। এমন কি যে ছেলে তখনও জন্মায়নি পেটের মধ্যে আছে তার নামেও জমি আছে। দত্তক পুত্রর নাম দিয়ে জমি রাখার

চেষ্টা হয়েছে। এইভাবে ১ কোটি একর জমি বুর্জোয়া আইনের মধ্যে রাখলেন। ১৯৭১ সালে সিলিং আইন হল সেখানে কারচুপি দেখলাম। যেহেতু পাবলিক প্রতিনিধি এতে যুক্ত ছিল না। জোতদাররা যেভাবে অত্যাচার করেছেন, অবিচার করেছেন, যেভাবে অফিসারদের বুঝিয়েছেন অফিসাররা সেইভাবেই মেনে নিয়েছেন। তাঁরা এইভাবে সিলিং আইনকে ফাঁকি দিলেন। এই যে জমি আমাদের পাওয়ার কথা ছিল সেটা পেলাম না। এই কাজ করতে গেলে চাই সৎ মনোভাব, সৎ মানসিকতা, চাই পরিকাঠামো। কিন্তু আমাদের কোনটার অভাব ছিল ? আমাদের কর্মচারীবৃন্দের সৎ মানসিকতা ছিল, সৎ ইচ্ছা ছিল। পরিকাঠামো ছিল, অফিস-আদালত ছিল। কিন্তু সেটা প্রয়োগ করতে পারেননি। আজকে এই কঠিন বাস্তবকে উপলব্ধি করে আমরা দেখছি কিভাবে জমির আইনকে ফাঁকি দেওয়া হয়েছে। আজকে বিরোধী সদস্য যাঁরা বসে আছেন ভূমিসংস্কারের ব্যাপারে তাঁদের বলার অধিকার নেই। ভূমিসংস্কার কতটুকু হয়েছিল ? যেটুকু হয়েছিল সেটাও জোতদারদের গণ্ডির মধ্যেই, কৃষকরা পাইনি। আপনাদের মনে থাকা দরকার ১৯৬৭, ১৯৬৯ সালে কৃষকদের সহযোগিতায় এই জমি আমরা দখল করি এবং এই দখল করতে গিয়ে আমাদের অনেক কাঠখড় পোড়াতে হয়েছে। অনেক গুণ্ডা ও লেঠেল বাহিনীর সম্মুখীন হতে হয়েছে, অনেক রক্ত ঝড়েছে। সরকারের আইনে ভেস্ট জমি উদ্ধার করতে আমাদের বেগ পেতে হয়েছে। কোর্টে ইনজাংশনের নামে জমি রাখা ছিল। এটা আমাদের কথা নয়, একজন ঐতিহাসিক প্রফেসর মহালানবিশ তাঁর সার্ভে রিপোর্টে বলেছেন ভারতবর্ষে যদি প্রকৃত অর্থে ভূমিসংস্কার হয় তাহলে ৬ কোটি ৩০ লক্ষ উদ্বৃত্ত জমি পাওয়া যাবে।

এক-একটা পরিবারকে যদি এক একর করে জমি দেওয়া যায় তাহলে ৬ কোটি ৩০ লক্ষ পরিবার উপকৃত হতে পারে। এটা তাঁর কথা। এটা কি অস্বীকার করতে পারেন ? আমরা এই বাস্তব সত্যকে সামনে রেখে, এই কঠিন কাজ কত নিষ্ঠার সাথে, কিভাবে করছি একটা পরিসংখ্যান দিলে সেটা বুঝতে পারবেন। '৫৩ এবং '৭১-র আইনগুলোর মধ্যে দিয়ে জমি লুকিয়ে রাখার সম্ভাবনা ছিল। সেটা যাতে না করা যায় তার জন্য আমরা '৮৬ সালে দ্বিতীয় ভূমিসংস্কার বিল পাস করিয়েছি এবং তার ফলে লুকোনো জমি কিছু কিছু ফেরত পাচ্ছি। এবং এ ক্ষেত্রে ফাঁকি বন্ধ করা যাচ্ছে। সামগ্রিকভাবে জমি মানুষকে দিতে হবে, বিকেন্দ্রীকরণ করতে হবে। আমূল ভূমিসংস্কার না হলেও আইনের মাধ্যমে যাতে জমি দেওয়া যায় সেই ব্যবস্থা করা হয়েছে। একটা তথ্য পরিবেশন করলে সেটা বুঝতে পারবেন। গোটা ভারতবর্ষে উদ্বৃত্ত জমির পরিমাণ ৭৩.৬৬ লক্ষ একর। পশ্চিমবাংলায় উদ্বৃত্ত জমির পরিমাণ ১৩.৮৩ লক্ষ একর। সারা ভারতবর্ষে বণ্টিত জমির পরিমাণ ৫৩.৭৯ লক্ষ একর। পশ্চিমবাংলার ক্ষেত্রে এই পরিমাণটা ১০.৬৩ লক্ষ একর জমি। অর্থাৎ মোট জাতীয় বণ্টনের প্রায় ২০ শতাংশ। গোটা ভারতবর্ষে পাট্টা দেওয়া হয়েছে ৮৫.৮৪ লক্ষ। পশ্চিমবাংলার ক্ষেত্রে সংখ্যাটা হচ্ছে ২৬.৪৫ লক্ষ। জাতীয় স্তরে যে পাট্টা দেওয়া হয়েছে তার প্রায় ৪৬.৫৮ শতাংশ। এখানে ৯.৮২ লক্ষ তফসিলি মানুষকে জমি দেওয়া হয়েছে। উপজাতিদের দেওয়া হয়েছে ৫.১১ লক্ষকে। এইভাবে তফসিলি জাতি, উপজাতি মিলিয়ে ১৪.৯৩ লক্ষ মানুষকে জমি দেওয়া হয়েছে। অর্থাৎ ৫৬ শতাংশ। আমরা ৫.৫৮ লক্ষ মহিলাকে যৌথ পাট্টা দিয়েছি। ১৫ লক্ষ বর্গাদারকে রেকর্ডভুক্ত করা হয়েছে। কৃষি-শ্রমিকদের ক্ষেত্রে ৫.৫৪ লক্ষ মানুষকে

জমি দেওয়া হয়েছে। কারিগরি মানুষকে জমি দেওয়া হয়েছে, ৫.৩ লক্ষকে দেওয়া হয়েছে। এইভাবে দেখা যাচ্ছে একটা বড় অংশের নিম্নস্তরের মানুষের মধ্যে আমরা জমি বণ্টন করতে পেরেছি। গোটা ভারতবর্ষে যেখানে ৩৪.৩০ শতাংশ জমি প্রান্তিক চাষী, গরিব কৃষকদের বণ্টন করা হয়েছে, সেখানে আমাদের এখানে তার পরিমাণ হচ্ছে ৭০ শতাংশ। জমির খাজনা মকুবের ব্যাপারে আমরা নজর দিয়েছি। নিবিড় পদ্ধতিতে জমি চাষ করা হচ্ছে। এবং ভূমিসংস্কার দপ্তর একটা ঐতিহাসিক ঘোষণার মধ্যে দিয়ে শোষণ বন্ধ করতে পেরেছেন। এই সরকার যে সমস্ত সুবিধা দিয়েছেন—সেচ, বিদ্যুৎ, কীটনাশক, ব্যাঙ্কের ঋণ ইত্যাদি সুযোগের ফলে মানুষের মধ্যে, কৃষকদের মধ্যে উৎসাহের সৃষ্টি হয়েছে এবং আজকে ভূমিসংস্কার একটা বিরাট সাফল্য এনে দিয়েছে। নানা রকমের ফল-ফুল হচ্ছে, বাজার, স্কুল-কলেজ, ছাত্র-ছাত্রীরা পড়ছে, যানবাহন বাড়ছে, নতুন শিল্পের সম্ভাবনা তৈরি হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি গোটা ভারতবর্ষের মধ্যে আমাদের এখানে দারিদ্র্যসীমার নিচের মানুষের সংখ্যা কমতে কমতে ২৬ শতাংশে এসে দাঁড়িয়েছে। সাফল্য কোথায় বুঝতে হবে। আপনাদের সময়ে একটা এল. এ কমিটি ছিল এবং তারা অনেক পাট্টা দিয়েছিল অন্যায়ভাবে। সেই পাট্টা যদি বাতিল করা না যায় তাহলে ক্ষতি হবে। যাই হোক, আমার সময় শেষ হয়ে গেছে, তাই মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.10—3.20 p.m.]

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের ভারগ্রস্ত মন্ত্রী মাননীয় শ্রী আবদুর রেজ্জাক মোল্লা মহাশয় ৭ এবং ৬১ নম্বর দাবির অধীন যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং বিরোধিদের আনীত কাট-মোশানগুলোকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রথম প্রশ্ন—ভারতবর্ষ বা পশ্চিমবঙ্গের প্রতিটি মানুষের উচিত যে আইন আছে সেই আইনকে, নীতিকে মেনে চলা। মাননীয় মন্ত্রী মহাশয় আগে সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন, পরে ফুড প্রসেসিং দপ্তরের মন্ত্রী হন, আর এখন তিনি ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের মন্ত্রী। প্রথমত পিয়ালীর চরে মাননীয় মন্ত্রী মহাশয়ের সিলিংবহির্ভূত জমি আছে—এটা যদি সত্যি হয় তাহলে সেই সিলিংবহির্ভূত জমি তিনি সরকারকে ন্যস্ত করে দিন, যাতে সেই জমি গরিব মানুষদের মধ্যে বণ্টন করা যায়। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণে বলবেন যে, প্রকৃতপক্ষে সেখানে কতটা তাঁর সিলিংবহির্ভূত জমি আছে এবং সে ব্যাপারে তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন। দ্বিতীয়ত মাননীয় মন্ত্রী মহাশয়ের উচিত জমি যেটা বণ্টন হবে সে ব্যাপারে সরকারের যে ভূমিনীতি আছে সেই ভূমি নীতিকে মেনে চলা এবং সেইভাবে জমি বণ্টন করা। মুখার্জির চরে যে ২০০ বিঘার সম্পত্তি আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সেখানে গরিব লোকেরা তারা দীর্ঘদিন ধরে চাষ-আবাদ করে আসছে, তার মধ্যে কারও রায়তি আছে, কারও বর্গা রেকর্ড আছে, ভাগচাষী আছে, তাঁরা সেখানে চাষ-আবাদ করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এই দপ্তরের দায়িত্ব পাবার পর—যেহেতু এই জমিটি তাঁর বাড়ির কাছাকাছি, তিনি সমস্ত সমাজবিরোধীদের হাতে বন্দুক, রাইফেল, পাইপগান নিয়ে সেখানে পাঠিয়ে ১৫ দিনের মধ্যে সেখানকার গরিব মানুষদের উচ্ছেদ করে,

নতুন লোক যাদের জমির সঙ্গে সম্পর্ক নেই তাদের সেখানে বসিয়ে দিলেন। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর যে ভূমি নীতি সেই নীতি অনুযায়ী ভূমি বণ্টন করুন তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু গায়ের জোরে সমাজবিরোধীদের দিয়ে জমি দখল করা সেটা নিশ্চয়ই নীতিবহির্ভূত কাজ হবে। বামফ্রন্ট সরকার বলে থাকেন যে, ভূমিসংস্কারের ক্ষেত্রে তাঁরা নাকি বিরাট বিপ্লব করেছেন। গ্রামের মানুষের উন্নতির প্রথম সোপান ভূমিসংস্কার। ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়ে ডাঃ বিমল সিন্‌হা মহাশয় দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুর (পশ্চিম) কেন্দ্র থেকে জিতে এসে পশ্চিমবঙ্গের ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী হয়েছিলেন। তিনি জমিদার ছিলেন, কিন্তু তিনি তাঁর ডেথ্ ওয়ারেন্ট নিজেই সই করেছিলেন এবং জমিদারি প্রথা উচ্ছেদ হয়েছিল।

১৯৫৩ সালে ল্যান্ড এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট পাস হয়, ১৯৫৫ সালে ভূমিসংস্কার আইন পাস হয় এবং তখন ঠিক হয় মাথাপিছু ৭৫ বিঘা করে জমি রাখতে পারবে। ১৯৭২ সালে প্রয়াত ইন্দিরা গান্ধীর সময় নতুন ভূমিনীতি প্রবর্তিত হয়, তখন ভূমি রাজস্বমন্ত্রী ছিলেন গুরুপদ খাঁ, তিনি আইন পাস করে দিলেন। সেই আইন পাস করার পর ঠিক হয় যে, জমির পরিমাণ ব্যক্তি নয়, পরিবারভিত্তিক করা হবে অর্থাৎ একটা পরিবারে ৫ জনে মিলে সাড়ে একান্ন বিঘা জমি রাখতে পারবে এবং উদ্বৃত্ত জমি সরকারে ন্যস্ত হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, আজকে আপনারা রাজনৈতিকভাবে পাট্টা বিলি করছেন, অবৈধভাবে পাট্টা বিলি করছেন, আজকে আপনারা গরিব মানুষের কাছ থেকে জমি দখল করে নিয়ে যাদের দরকার নেই তাদেরকে জমির পাট্টা দিচ্ছেন। তার ফলে গরিব মানুষরা চাষ করতে পারছে না। ১৯৭২ সালে লর্ড কর্নওয়ালিশের চিরস্থায়ী বন্দোবস্তের মতো ভূমিসংস্কার করে ঠিক হয় যে, গরিব মানুষকে পাট্টা দেওয়া হবে যার জমির পরিমাণ ৬ বিঘার কম। সেই অনুযায়ী আমরা পশ্চিমবঙ্গে জমি বিলি বণ্টন আরম্ভ করে দিয়েছিলাম। সেই পরিসংখ্যান আমি আপনাদের কাছে দিয়ে, বামফ্রন্ট যে পরিসংখ্যান দিয়ে বাজার মাত্ করছেন সেটা কতটা মিথ্যে সেটা প্রমাণ করে দেব। ১৯৭৭ সালে সরকারে ন্যস্ত কৃষিজমি ছিল ১০.৭৫ লক্ষ একর—এটি বলছি স্ট্যাটিসটিকাল অ্যাপেনডিক্স্ (৭৭-৭৮) পৃষ্ঠা ৪১ থেকে। ১৯৯৯ সালের ডিসেম্বর পর্যন্ত ন্যস্ত কৃষিজমি ১৩.৬৫ লক্ষ একর, ২২ বছরে জমি খাস হয় ২.৯০ লক্ষ একর—এটি বলছি স্ট্যাটিসটিকাল অ্যাপেনডিক্স্ (৭২-৭৩) পৃষ্ঠা-১১ থেকে, ১৯৭২ সালের নভেম্বর পর্যন্ত ন্যস্ত জমি ৯ লক্ষ একর—এটি বলছি স্ট্যাটিসটিকাল অ্যাপেনডিক্স্ (৭২-৭৩) পৃষ্ঠা ১১ থেকে।

১৯৭৭ সালের জুলাই মাস পর্যন্ত ন্যস্ত জমির পরিমাণ ১০.৭৫ লক্ষ একর। অর্থাৎ '৭২ থেকে '৭৫ সাল পর্যন্ত ৫ বছরে ১ লক্ষ ৭৫ হাজার একর জমি ন্যস্ত হয়েছিল। আর বামফ্রন্টের ২২ বছরের রাজত্বকালে্ ২ লক্ষ ৯০ হাজার একর জমি ন্যস্ত হয়েছে। ১৯৭২ সাল পর্যন্ত, '৭২ সালের নভেম্বর মাস পর্যন্ত খাস জমি বণ্টন করা হয়েছিল ৩ লক্ষ ৭৫ হাজার একর গরিব এবং ভূমিহীন মানুষদের মধ্যে। তারপর ১৯৭৭ সালের জুলাই মাস পর্যন্ত গরিব ভূমিহীন মানুষদের মধ্যে মোট ৬.৩৪ লক্ষ একর খাস জমি বিলি বন্টন করা হয়েছিল। অর্থাৎ ওই পাঁচ বছরে ২.৪৯ লক্ষ একর জমি বণ্টন করা হয়েছিল। আর বামফ্রন্টের ২৪ বছরের রাজত্বকালে বণ্টিত হল ৪.১০ লক্ষ একর। কংগ্রেস আমলে বছরে

৫২ হাজার একর জমি বণ্টিত হয়েছে। বামফ্রন্টের আমলে বছরে মাত্র ১৭ হাজার একর জমি বণ্টিত হয়েছে। অথচ ভূমিসংস্কারের নামে আপনারা ব্যাপক প্রচার করেন ! আসলে আপনারা এইসব কথা বলে গরিব মানুষদের ধোঁকা দিচ্ছেন। মিথ্যা কথা বলছেন। অপারেশন বর্গার নামে চাষিদের ভুল বোঝালেন। যখন সিপিএম তথা কমিউনিষ্ট পার্টি ভাগ হয়নি তখন কাকদ্বীপে এবং তেলেঙ্গানায় তেভাগা আন্দোলন হয়েছিল। তখন আপনারা বলেছিলেন উৎপাদন যা হবে তার ৪০ ভাগ চাষীর আর ৬০ ভাগ মালিকের। আপনাদের মন্ত্রী সূর্যকান্ত মিশ্র একটা পুস্তিকা বের করেছেন। সেখানে তিনি বলেছেন 'নিষ্ঠুর দমন নীতিকে উপেক্ষা করে তেভাগা আন্দোলনকে ঐতিহাসিক নেতৃত্ব দিয়েছিলেন যাঁরা সেই কৃষক সংগঠনগুলো ভূমিসংস্কারের কাজ তরান্বিত করেছে।'

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি জানাতে চাই বামফ্রন্ট ২৫ বছর ক্ষমতায় থেকে জমির সীমানা এবং পরিমাণ নির্ধারণের জন্য কিছুই করতে পারেনি। ১৯৭২ সালে আমরা এক কলমের খোঁচায় নতুন আইন পাস করেছিলাম। যে চাষি মাথার ঘাম পায়ে ফেলে পরিশ্রম করে, বীজ-ধান, সার, জল ইত্যাদি সব দিয়ে যে ফসল উৎপাদন করে সে সেই ফসলের ৭৫ ভাগ পাবে, আর জমির মালিক ২৫ ভাগ পাবে। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই উত্তর দেবেন যে, এই আইন থাকা সত্ত্বেও যে বর্গা চাষিরা সব কিছু খরচ করে জমিতে চাষ করছে সেই বর্গা চাষিরা এখন পর্যন্ত কেন ৭৫ ভাগ পাচ্ছে না ? আর মালিকরা কেন ২৫ ভাগ পাচ্ছে না ? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি বলতে চাই, বর্গাচাষিরা ভাগচাষিরা আমাদের আমলে দেড় টাকার স্ট্যাম্পের ওপর সই করে জমি চাষ করত। জমির মালিকদের অত্যাচার থেকে তাদের রক্ষা করবার জন্য এ ব্যবস্থা করা হয়েছিল। ১৯৫৫ সালে যে ভূমিসংস্কার আইন পাস হয়েছিল সেই আইনের দিকে তাকিয়ে আমরা ভূমিহীন চাষিদের, বর্গাদারদের বর্গা শর্ত দেয়ার ব্যবস্থা করেছিলাম। ১৯৭২ সালে ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী গুরুপদ খানের নেতৃত্বে বর্গাচাষিদের বর্গাদার হিসাবে রেকর্ডেড করার ব্যবস্থা করা হয়েছিল। আপনারা ক্ষমতায় এসে বর্গা অপারেশনের নামে বর্গির হামলা শুরু করলেন। রামের জমি শ্যামের নামে, শ্যামের জমি রহিমের নামে করে ভাইয়ে ভাইয়ে মারামারি করিয়ে প্রকৃত বর্গাচাষিকে জমি থেকে উচ্ছেদ করিয়ে, দলবাজি করে এমন কতগুলো অপদার্থ লোককে জমি দিয়েছেন যে তারা জমি চাষই করতে পারছে না, উৎপাদন ব্যবস্থাকে সর্বদিক দিয়ে ব্যাহত করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই তিনি জমি বণ্টন নিয়ে দলবাজি কিভাবে বন্ধ করবেন। মাননীয় মন্ত্রী, এ বিষয়ে আপনার দায়িত্ব আছে। আপনি আমার কেন্দ্রে গত কয়েকদিন আগে জমি বণ্টন করতে গেলেন। আমি স্থানীয় বিধায়ক হিসাবে কোনও খবর পেলাম না। ওখানে এমনভাবে জমি বণ্টন করা হল যে একই ফ্যামিলির ৪ জনই জমি পেয়ে গেল। তাদের মধ্যে জমি বণ্টন করা হল। একই পরিবারের অমূল্য নস্করকে জমি বণ্টন করা হল, তার ছেলে বিদুভূষণ নস্করের নামে জমি বণ্টন করা হল, সেই পরিবারেরই আর এক ছেলে হেমন্ত নস্করের নামে জমি বণ্টন করা হল। দলবাজি করে তাদের জমি দিয়ে দিলেন। পাট্টা হোল্ডারদের পাট্টা বাতিল না করেই জমি বণ্টন করে দিলেন। যারা প্রকৃত ভূমিহীন চাষি তাদের মধ্যে ভূমি বণ্টন করছেন না। খেতমজুরদের মজুরি

বা কৃষি মজুরি আইন কংগ্রেস আমলে পাস হয়েছিল। আজকে ৬০ টাকা রোজের কথা বলা হচ্ছে। অথচ এই কৃষি মজুরি নির্ধারণের ব্যাপারে প্রকৃতপক্ষে বামফ্রন্ট সরকারের কোনও কৃতিত্বই নেই।

[3.20—3.30 p.m.]

আজকে যে কেসগুলি কোর্টে রয়েছে সেই কেসগুলি তোলবার কোনও ব্যবস্থা নেই। ল্যান্ড রিফরমসের যে ট্রাইবুনাল সেই ট্রাইবুনালের কাছে দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গে ১ লক্ষ ৯৪ হাজার ৩২৭.৩৮ হাজার একর অফ ল্যান্ড ইনভলভড অ্যাজ পার ডিটেলস রিসিভড ফ্রম ডি. এম., এল. আর. ও., এটা অ্যানুয়াল স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট, ১৯৯৬-৯৭। এতে দেখা যাচ্ছে, সবচেয়ে বেশি হচ্ছে মুর্শিদাবাদ জেলা, ২৫ হাজার ৭৫.৪৩ লক্ষ একর জমি। তারপর দেখতে পাচ্ছি, বর্ধমান, ১৬ হাজার ৩১৭.১১ লক্ষ একর জমি। এরপর দক্ষিণ-২৪ পরগনা, ১৪ হাজার ২৪২.১৯ লক্ষ একর জমি। এইভাবে প্রত্যেকটি জেলা মিলিয়ে আমি দেখতে পেলাম ১৮টি জেলার ১ লক্ষ ৯৪ হাজার ৩২৭.৩৮ একর জমি আজ পর্যন্ত কোর্ট কেসের আন্ডারে আছে। সিভিল রুলস পেনডিং আপ-টু ১৯৯৭। আপনি ট্রাইবুনাল কোর্ট করেছেন, কিন্তু সেই ট্রাইবুনালে আজকে হাজার হাজার চাষি গিয়ে ফিরে আসছে, ৫/৬ বছর ধরে রায় হচ্ছে না। জমির স্বত্ব কার—টাইটেল সুট সেই কেসের কোনও রকম ফয়সালা হচ্ছে না। আজকে একটা মৌজার ম্যাপ খুঁজে পাওয়া যায় না। আলিপুরে যে সার্ভে বিলডিং আছে সেখানে কোনও মৌজার ম্যাপ নেই। সুতরাং এই মৌজার ম্যাপ করার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন—ওদের রেকর্ড অফ রাইটস, স্বত্ব লিপি নির্ধারণ করতে ? পুরানো হয়ে গেছে সব পর্চা এবং অন্যান্য সব কিছু। যাতে ঠিকমত আজকে কমপিউটারের সাহায্যে রক্ষণাবেক্ষণ করা হয় এবং কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে তার যাতে সদ্ব্যবহার করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি। আজকে রেভেনিউ ইন্সপেকটরের যে অফিস আছে, সেইসব অফিসগুলিতে পার্টি অফিসে পরিণত হয়েছে। সেখানে কোনও স্টাফ নেই। জমির রাজস্ব আদায়ের কোনও ব্যবস্থা নেই। ১৫ বছর ধরে কোনও খাজনা আদায় হয়নি। তুলে দিয়েছেন। এখন আবার বলছেন, সুদ সহ দিতে হবে। গরিব কৃষকদের এই যে খাজনা মকুব করে দিলেন, তারপর আবার তা প্রবর্তন করলেন কেন ? তাই মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে আমি সমর্থন করতে পারছি না এবং আমাদের আনীত যে ছাঁটাই প্রস্তাব সেগুলিকে সমর্থন করে আমি আশা করবো, ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী তার দপ্তরে যে দুর্নীতি, যে বাস্তুঘুঘুর বাসা বেঁধেছে সেই সব রাঘববোয়লদের দূর করে দলবাজির ঊর্ধ্বে উঠে গরিব মানুষ, কৃষক, ভাগচাষী, প্রান্তিক চাষী এদের স্বার্থ রক্ষা করবেন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশ চন্দ্র অধিকারী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ব্যয়-বরাদ্দের যে দাবি পেশ করেছেন, আমি সেই দাবিকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমাদের দেশ ভারতবর্ষ, কৃষিপ্রধান দেশ। দেশের ৮০ শতাংশ মানুষই কৃষি এবং কৃষি কাজের সঙ্গে যুক্ত। আমাদের এই ভূমি আর্থ-সামাজিক প্রতিষ্ঠা করাবে। তাই এক খণ্ড জমি ভূমিহীন মানুষের কাছে শুধু অস্তিত্ব রক্ষা নয়, তাকে

সামাজিক প্রতিষ্ঠা দেবে এবং মাথা উঁচু করে দাঁড়াবার প্রতিষ্ঠা লাভের সূচক হিসাবে চিহ্নিত হবে। আমাদের ২ জন বিরোধী বন্ধু তাঁদের বক্তব্য রাখলেন। ওনারা বিভিন্ন কথা বলার সঙ্গে সঙ্গে এটা ওনারা অকপটে স্বীকার করেছেন, এই ভূমিসংস্কারের আইন সবটাই হয়েছিল অনেক আগে, কিন্তু তার প্রয়োগ হয়েছে এই বামফ্রন্ট সরকারের আমলে। আজকে যেভাবে বর্গাদার এবং ভাগচাষিদের স্বার্থ সুরক্ষিত হয়েছে এই আইনে, শুধু তাদেরই নয়, তাদের সন্তান-সন্ততিদেরও এই আইনের দ্বারা সুরক্ষিত হয়েছে। যার ফলে আমরা গ্রামে গ্রামে লক্ষ করছি, উচ্ছেদের নানা কাহিনি আর শোনা যায় না। নানা কারণে গরিব মানুষরা যে ধর্মঘটের ডাক দিত সেটা আর হয় না।

এটা আমাদের বামফ্রন্ট সরকারের একটা সফল কাজ তা অকপটে স্বীকার করতে হবে। একটা পরিসংখ্যান থেকে আমরা দেখতে পাচ্ছি যে বর্তমানে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের হাতে পশ্চিমবঙ্গের ৭০ শতাংশ কৃষিজমি রয়েছে। এই বাজেট বইতে আছে ২০০১ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত যে জমি বণ্টন করা হয়েছে সেই বিলিকৃত মোট জমি—এখানে লক্ষ দিয়ে লেখা হয়েছে—৫৩.৭৯ একর এবং সেই জায়গায় আমাদের ১০.৫৫ একর, যা মোট জাতীয় বিলির ২০ শতাংশ। আজকে একটা কথা বারবার উঠে আসছে যে পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং প্রান্তিক চাষি তারা ভোগ করছে ৭০ শতাংশ জমি, কিন্তু এই বিষয়টা একটু চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। আমাদের পার্টির অগ্রগামী কিষাণ সভার পক্ষ থেকে একটা পরিসংখ্যান আমরা আনিয়েছিলাম। আমাদের কুচবিহার জেলার মোট কৃষিজমির পরিমাণ হচ্ছে ৮৩ হাজার ৩৯৩ একর। আমাদের কৃষান সভার পক্ষ থেকে আমরা যখন সমীক্ষা করতে যাই তখন আমরা দেখি এই মোট জমির মধ্যে খাস জমি হচ্ছে ৫৭ হাজার ৪৮০ একর। এর মধ্যে কুচবিহার জেলাতে বিলি হয়েছে ৫৪ হাজার ৬৫৮ একর। মোট প্রাপকের সংখ্যা ১ লক্ষ ২৩ হাজার ১৮৮। ৬৪ হাজার ৬৫৩ জন বর্গাদারের নাম রেকর্ডভুক্ত হয়েছে। পরিসংখ্যান থেকে যে তথ্য বেরুলো মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি সেটা কিন্তু ভাবনার ব্যাপার। বিলি করা যে জমি, সেই জমি কিন্তু আর সকলের হাতে নেই। তাহলে সেই জমি গেল কোথায় ? তাহলে যাদের কাছ থেকে নেওয়া হয়েছিল তাদের হাতে ঘুরেফিরে ফিরে গেল না তো ? এ বিষয়টা গুরুত্ব দিয়ে ভাবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এর পাশাপাশি খাজনার কথাটা একটু বলি। '৭৮ সালে সেচ এলাকায় ৩ একর এবং অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত খাজনা মকুব ছিল। অনুচ্ছেদ নং ১৬-তে আপনি বলছেন এই খাজনা মকুবের কাজ যথারীতি চলছে। কিন্তু ১লা বৈশাখ ১৪০৮ থেকে আমরা দেখছি সরকার প্রযোজ্য বাড়তি হারে খাজনা এবং সেস কর আরোপ করা হয়েছে। এ বিষয়টা চিন্তা করতে হবে। সেচ এলাকায় একরে ৩০ টাকা এবং অন্যান্য মিলিয়ে ৮৬ শতাংশ বিভিন্ন কর দিতে হয়, অসেচ এলাকায় একরে ২০ টাকা এবং সমস্ত মিলিয়ে ৫৬ শতাংশ কর দিতে হয়। তারপর যাদের জন্য আমাদের সবচেয়ে গর্ব সেই তিন বিঘা খাস জমির মালিকদের ৪.১০ টাকা কর দিতে হত, নতুন আইনে দিতে হবে ৮.২০ টাকা, অর্থাৎ দ্বিগুণ। ১৮ বিঘা পর্যন্ত খাজনা নেই, কিন্তু কর যেভাবে হয়েছে তাতে তিনগুণ বেশি হারে কর দিতে হয়। এ বিষয়টির প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটা বাড়তি বোঝা ৭০ শতাংশ মানুষের উপর পড়ছে। এটা মন্ত্রীমহাশয় ভাবুন। আর একটি বিষয় নিয়ে বলব। গত পরশুদিন একজন বিধায়ক বিষয়টির উল্লেখ করেছেন, আমি সেটাই বলছি।

[3.30-3.40 p.m.]

আমাদের জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে, বাস্তুভিটার সংখ্যাও বাড়ছে। বাস্তুভিটার সাথে সাথে গ্রামবাংলায় একটি পরিবার থেকে আরো পরিবার বৃদ্ধি হচ্ছে এবং তারা জমির চরিত্রের রূপান্তর না করিয়ে বাস্তুভিটা করছেন। সেখানে অনেকে ব্যাঙ্ক থেকে লোন নিয়ে, কেউ আবার সরকার থেকে লোন নিয়ে বাড়ি করছেন এবং সেক্ষেত্রে তারা জমির ক্যারেক্টার চেঞ্জ করাচ্ছেন আইনগতভাবে। যারা পূর্ব পাংলা থেকে এই দেশে এসেছেন, গ্রামবাংলায় এসেছেন, তাদের পরিবারেরও বৃদ্ধি ঘটেছে এবং তারা বেশির ভাগ কৃষিজমির উপর বাড়ি করেছেন। আজকে বিভিন্ন আর আই অফিস থেকে তহশিলদাররা গ্রামে গিয়ে মানুষজনকে বলছেন যে, যারা কৃষিজমিকে বাস্তুভিটায় রূপান্তরিত করেছেন তাদের জরিমানা সমেত টাকা জমা দিতে হবে। আমি জানি না, মন্ত্রিমহাশয় এই বিষয়ে কোনো নির্দেশ জারি করেছেন কিনা। যদি করে থাকেন তাহলে আজকে জবাবি ভাষণে সেটা অবহিত করবেন, কারণ জরিমানা ধার্য হয়ে থাকলে সে ব্যাপারে ব্যাপক প্রচার দরকার। তা না হলে জনমানসে শঙ্কা সৃষ্টি হচ্ছে। আর মানবিক কারণেও বিষয়টা নিয়ে ভাববার প্রয়োজন রয়েছে, কারণ পশ্চিমবঙ্গে শহরগুলির যে সীমানা ছিল সেই সীমানা বর্তমানে অনেক বৃদ্ধি পেয়েছে এবং সেই বৃদ্ধিটা কৃষিজমিতেই হয়েছে। আর একটা উল্লেখযোগ্য বিষয় বলছি, আজকে কৃষিজমির যে সংকোচন ঘটছে সেটা হচ্ছে ভেরি, ইটভাটা, শিল্পায়ন, বি এস এফ ক্যান্টনমেন্ট, সর্বোপরি বর্ডার রোড ইত্যাদি তৈরির কারণে। আজকে বর্ডার এরিয়ায় ২,০০০ কিলোমিটার বর্ডার রোড করতে গিয়ে অনেক কৃষিজমির সংকোচন ঘটেছে। এইভাবে কৃষিজমির সংকোচন ঘটলে আগামী দিনে কিভাবে আমাদের ভবিষ্যৎ প্রজন্মের দিন চলবে জানি না। আজকে উদার নীতি এবং বিশ্বায়নের নামে ১৮০টি বহুজাতিক সংস্থা ভারতবর্ষে প্রবেশ করেছে। খবরের কাগজে দেখেছি, কৃষিক্ষেত্রের সুগন্ধ চাল এবং নির্দেশিত কৃষিপণ্যের বিপণন ব্যবস্থা করে দেওয়ার নামে জমি লগ্নির প্রলোভন দেখিয়ে ওইসব বহুজাতিক সংস্থা পশ্চিমবঙ্গে কৃষিক্ষেত্রে ঢুকবার চেষ্টা করছে। এই অবস্থায় আমাদের পশ্চিমবঙ্গের কৃষক-সমাজ, যারা জমিকে দেবতা বলে মনে করেন, জীবন রক্ষার কবচ হিসাবে মনে করেন, আমাদের মাননীয় মন্ত্রী বিচক্ষণ ব্যক্তি, তাদের রক্ষা করতে তিনি বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করে আমাদের এই আশঙ্কাকে দৃঢ় হস্তক্ষেপে দূর করবেন এবং আগামী দিনে কৃষক সমাজকে রক্ষা করবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা আলম** : মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় ভূমি-রাজস্বমন্ত্রী মহাশয় চলতি বছরের জন্য যে বাজেট-বরাদ্দ পেশ করেছেন, আমি সেই বাজেটের বিরোধিতা করে এবং কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য তুলে ধরছি। মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তব্যে বলেছেন যে, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের ভূমিসংস্কারে অগ্রণী ভূমিকার কথা। আমি এটাকে সমর্থন জানাই। কিন্তু প্রশ্ন একটা জায়গায়। আজকে লেফট্ ফ্রন্ট গভর্নমেন্ট দাবি করছেন, 'উই আর দি পায়োনিয়ার ইন ল্যান্ড রিফর্মস।' এটা কিন্তু সঠিক কথা নয়। মাননীয় মন্ত্রী তথ্য দিয়ে বলেছেন যে, ২০০২ সালের জানুয়ারি পর্যন্ত এই রাজ্যে ভেস্টেড ল্যান্ডের টোটাল পরিমাণ ২৯,৬০,০০০ একর, ২০০২ সালের জানুয়ারি পর্যন্ত ডিস্ট্রিবিউটেড টোটাল নাম্বার অফ বেনিফিশিয়ারির সংখ্যা ২৬,৪৫,০০০।

এই যে টোটাল ফিগার উনি দিয়েছেন সেই ফিগারের মধ্যে আমি যাচ্ছি না। মূল ইয়ার ওয়াইজ যে যে পিরিয়ডে ভেস্ট হয়েছে সেই পিরিয়ডগুলির ব্রেক আপ মেনশান করছি তাহলে বোঝা যাবে বামফ্রন্ট সরকারের টেনিয়োরে কত হয়েছে আর আগে কত হয়েছে। সত্য কথা বলতে গেলে বলতে হয়, ভূমিসংস্কারের ব্যাপার নিয়ে বিধানচন্দ্র রায়ের সময় থেকে উদ্যোগ নেওয়া হয়েছিল এবং বিমল চন্দ্র সিন্‌হা মহাশয় ল্যান্ড রিফর্মস অ্যাক্ট ইনিসিয়েট করেছিলেন। দুর্ভাগ্যের বিষয়, সেই সময় আমরা প্রচার করতে পারিনি। আপনারা প্রচার করতে পেরেছেন। ফিগারে যেটা দেখতে পাচ্ছি তা হল, টোটাল এগ্রিকালচারাল ল্যান্ড ভেসটেড আপ টু ২০০০ সাল, ১৩ লক্ষ ৫০ হাজার একর। টোটাল এগ্রিকালচারাল ভেসটেড ল্যান্ড আপ টু জুলাই ১৯৭৭ হচ্ছে ১০ লক্ষ ৭৫ হাজার একর। এটা আছে ইকনমিক রিভিউ ১৯৭৭-৭৮ সাল, পেজ ৪১। টোটাল এগ্রিকালচারাল ল্যান্ড ডিসট্রিবিউটেড আপ টু জুলাই ১৯৭৭ সাল হচ্ছে ৬ লক্ষ ৩৫ হাজার একর। টোটাল এগ্রিকালচারাল ল্যান্ড ডিসট্রিবিউটেড ডিউরিং ১৯৭২ সাল টু ১৯৭৭ সাল হচ্ছে ২ লক্ষ ৬০ হাজার একর। এটা কংগ্রেস টেনিয়োরে হয়েছে। টোটাল এগ্রিকালচারাল ল্যান্ড ডিসট্রিবিউটেড ডিউরিং দিইয়ার ১৯৭৭ সাল থেকে ২০০০ সাল হচ্ছে ৪ লক্ষ ৩ হাজার একর। আপনারা এই ২৩ বছরে ৪ লক্ষ ৩ হাজার একর জমি বিলি করেছেন। এর থেকে বোঝা যাচ্ছে কোন সালে কি কি হয়েছে। মূল যে ব্যাপার সেই ব্যাপারে আমাদের যেতে হবে। আপনি আপনার তথ্যে বলেছেন বর্গাদার আপ টু জানুয়ারি ২০০২ সাল হচ্ছে ১৪ লক্ষ ৯৯ হাজার। জমির পরিমাণ কত ? বর্গাদার রের্কডেড জমির পরিমাণ হলো ১১ লক্ষ ৭ হাজার একর। মাননীয় সদস্য বলছিলেন যে বর্গাদার উচ্ছেদ হচ্ছে। আমি তাঁর সঙ্গে একমত। অতীতে আপনারা খাজনা মুকুবের ব্যাপারে সারা পশ্চিমবাংলা তোলপাড় করেছিলেন। সেই সময় এক শ্রেণীর কর্মচারীর গাফিলতির জন্য খাজনা মুকুবের ফর্ম বিলি করা হয়নি। যার ফলে যাদের খাজনা মুকুব হবার কথা, ফর্ম ফিলআপ করেনি বলে তাদের উপর খাজনা ধার্য করা হয়েছে। আমরা যাদের বিলো প্রভার্টি লাইন বলি, যাদের ভূমিহীন বলি, কংগ্রেস আমলে তাদের জমির পরিমাণ ছিল ১ হেক্টর, আপনারা সেখানে করেছেন ১ একর। আপনারা ১৯৮৫ সাল থেকে মানুষের উপর খাজনার বোঝা চাপিয়ে দিয়েছেন, মানুষের উপর চাপ সৃষ্টি করেছেন। এখন খাজনার হার ১০ গুণ বাড়িয়ে দিয়েছেন। আজকে সেটা মানুষ দিতে পারছে না। তার ফলে গত বছরে রেভিনিউ আদায়ের ক্ষেত্রে প্রচণ্ড হারে ঘাটতি দেখা দিয়েছে। গত বছর রেভিনিউ আদায়ের টারগেট ছিল ৩৮ কোটি ৪০ লক্ষ টাকা, সেখানে রিকভারি হয়েছে ১৯ কোটি ৬১ লক্ষ টাকা। এই আদায় ৩টি জেলায় ভাল হয়েছে আর তিনটি জেলার অবস্থা করুণ। ৩০ শতাংশের বেশি আদায় হয়নি। নদিয়া আর মালদায় ভাল আদায় হয়নি। পাশাপাশি ৩টি জেলায় ভাল আদায় হয়েছে—উত্তর দিনাজপুর, পুরুলিয়া এবং বর্ধমান। বাকি জেলাগুলির অবস্থা করুণ। মুখ্যমন্ত্রীর জেলা দক্ষিণ ২৪-পরগনার অবস্থা করুণ, সেখানে ভাল পজিশান নয়। কৃষকদের উপর এই যে বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে এটা মানুষ ভাল চোখে দেখছে না। টোটাল ব্যাপারটা বলা যাবে না, কারণ এখানে আমার বলার সময় কম। আপনি ল্যান্ড ট্রাইবুনাল চালু করেছেন, আপনি ফিগার দিয়ে বলেছেন ১ লক্ষ ৯৩ হাজার ৪১১ একর ল্যান্ড আজকে মামলায় যুক্ত হয়ে আছে। তার মধ্যে কিছু রিকভারি হয়েছিল, ট্রাইবুনাল থেকে ২৫০০টি মামলা বেরিয়ে

এসেছিল। কিন্তু আবার সেটা হাইকোর্টে চলে গেছে। আজকে ল্যান্ড ট্রাইবুনাল কলকাতায় কেন ? গ্রামে একটা জায়গায় গিয়ে করুন। শুনেছি মাননীয় মন্ত্রী মহাশয় উদ্যোগ নিয়েছেন। সরকারি পি. পি. যাঁরা আছেন, সাধারণের পক্ষে যাঁরা লড়ছেন, তাঁদের দিয়ে কাজের কাজ কিছু হচ্ছে না।

তাই আমি মাননীয় মন্ত্রীকে বলবো যে পাট্টাদার এবং বর্গাদারদের ভয় হয়েছে, আপনি খোঁজ নিয়ে দেখুন পাট্টা হোল্ডাররা এবং বর্গাদাররা তাদের পজিশনে থাকতে পারছে না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, আপনি এই ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে কথা বলুন। আপনার ইচ্ছা থাকলেও সুয়োমোটো আপনি প্রোটেকশন দিতে পারবেন না। আমি জানি, আপনার উদ্যোগ আছে, আপনি এটা একটু দেখুন। রামনগর সুগার মিল একটা কোম্পানিকে দেওয়া হয়েছিল। আমরা সুপারিশ করেছিলাম, সেই জমিটা আপনি নিতে পারেন। আপনাকে আর একটি বিষয় বলি, ট্রাইবুনাল'এর ল'সেলে যারা আছে, কেউ কাজ করছে না। আমি বিশেষ করে অনুরোধ করবো, স্বরাষ্ট্র মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে পাট্টা হোল্ডার এবং বর্গাদাররা যাতে গুরুত্ব পায় সেদিকে লক্ষ্য দিন। তারা ল্যান্ড পাচ্ছে না। আপনি আদেশ দিয়েছেন, পাট্টা হোল্ডারদের প্রত্যেককে খতিয়ান দিতে হবে। কিন্তু কম্পিউটার চালু হবার পরেও পাট্টা হোল্ডাররা খতিয়ান পাচ্ছে না। আমি দায়িত্ব নিয়ে এই কথা বলছি। এটি দীর্ঘদিন হলেও কার্যকরী করা হয়নি। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3.40—3.50 p.m.]

**শ্রী তপন হোড়** : মাননীয় ডেপুটি স্পীকার, পশ্চিমবঙ্গের ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী আব্দুর রেজ্জাক মোল্লা মহাশয় ৭ এবং ৬১ নম্বর যে দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি দু'চারটি কথা বলতে চাই। এই দাবিগুলোর ওপরে বিরোধীপক্ষের—তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস—বক্তৃতা আমরা শুনলাম। এর মধ্যে আসল কথা কিছু নেই—চর্চিত ব্যাপার। এই বিষয়ে বলতে গেলে যে শ্রেণী দৃষ্টিভঙ্গি থাকা দরকার তা নেই। নতুন কিছু নেই, কাজেই জবাব দেওয়ার কিছু নেই। আপনারা সেই জায়গায় আসতে পারবেন না, কারণ সেই শ্রেণী দৃষ্টিভঙ্গি আপনাদের নেই। আজকের দিনে কয়েকটি বিষয় প্রাসঙ্গিক হয়ে পড়ছে। আপনারা ২৫ বছর ধরে বলছেন, আমরা আইনটা করেছি। আইন করলেই হবে না। এটা সেই কলম্বাসের ডিমের মতো। ডিমটা খাড়া করতে পারছে না। বলছে, এটা আমরা পারি। তাহলে করছেন না কেন ? বলছেন, করিনি। আমরা সেটা করেছি। তার একটা ইতিহাস আছে। দীর্ঘ রক্তক্ষয়ী ইতিহাস আছে। দীর্ঘ সংগ্রামের মধ্যে দিয়ে এটা ঘটেছে। আমরা সেই ইতিহাসের ওপরে দাঁড়িয়ে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের ৭০ শতাংশ জমি দিয়েছি। ৭০ শতাংশ জমি তাদের হাতে আছে। সারা ভারতের গড় কত—৩৪.৩৪ শতাংশ। এই যে পার্থক্য হলো, এর পিছনে বিরাট ইতিহাস আছে। এর মর্ম আপনারা বুঝবেন না। আপনারা শ্রেণীগতভাবে বুঝবেন না। অন্য একটা ঘটনা যেটা ঘটে যাচ্ছে—কারণ গ্যাট চুক্তি, বিশ্ব বাণিজ্য চুক্তি, এর জন্য ঘটে যাচ্ছে। টন টন বোমা পড়ছে। সভা হতে পারছে না, কারণ আফগানিস্থানে বোমা পড়ছে। অবশেষে জেনোয়াতে সভা হলো

এবং সেখানে যেটা পাশ হলো, গোবিন্দবাবু উল্লসিত হবেন, জমির সিলিং তুলে দেবার ব্যবস্থা হয়েছে। মাল্টিন্যাশনাল, শিল্পপতি এইসব গেছে। আমরা জানি, যুগ যুগ ধরে কৃষকদের ওপরে অত্যাচার হয়েছে। আমরা 'নীল' বিদ্রোহের কথা জানি, সাঁওতাল বিদ্রোহের কথা জানি। কৃষকদের ওপরে যুগ যুগ ধরে অত্যাচার হয়েছে। সেখানে দাঁড়িয়ে এটা একবার ভাবুন।

এই যে জমির সিলিং তুলে দেবার পরিকল্পনা এন ডি এ সরকার নিয়েছেন তাতে এঁরাও আছেন। এই দলের জন্যই তো আজকে মাল্টিন্যাশনালদের আসবার রাস্তা প্রশস্ত হয়েছে। আজকে আমার কেন্দ্রে, বীরভূম ডিস্ট্রিক্টে যেখানে ১ বিঘা জমির মূল্য ১ লক্ষ টাকা সেখানে কৃষকদের কাছ থেকে জমি তারা কিনে নিচ্ছে ৫ লক্ষ টাকা দামে। এইভাবে গরিব কৃষকরা ৫ লক্ষ টাকা দামে তাদের জমি বিক্রি করে দিচ্ছে। ডবল দামে, তিনগুণ দামে মাল্টিন্যাশনালেরা জমি কৃষকদের কাছ থেকে কিনে নিচ্ছে। আজকে কৃষকদের হাত থেকে জমি চলে যাবার ফলে কি পরিস্থিতির সৃষ্টি হচ্ছে—তারা আজকে কৃষকদের জমি কিনে নিচ্ছে। এইভাবে মাল্টিন্যাশনালেরা আক্রমণ করছে। এইরকম একটা পরিস্থিতিতে আমাদের গায়ে লাগছে কারণ বহু রক্তক্ষয়ী সংগ্রামের মধ্যে দিয়ে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী তাদের ভবিষ্যৎ নিরাপত্তা চিহ্নিত করতে পেরেছিল। কিন্তু আজকে এই আশঙ্কা প্রতি পদে পদে দেখা দিচ্ছে তাদের আর সেই জমি থাকবে না। সবচেয়ে দুঃখের কথা নীল বিদ্রোহ নয়, সাঁওতাল বিদ্রোহ নয়, বহু ভয়াবহ অবস্থার মধ্যে দিয়ে রক্তক্ষয়ী আন্দোলন এবং সংগ্রামের মধ্যে দিয়ে কৃষকরা তাদের জমির অধিকার পেয়েছে। সেখানে দাঁড়িয়ে আমরা দেখেছি ওই সিধু, কানু নয়, শ্রদ্ধেয় হরেকৃষ্ণ কোঙার তার ল্যান্ডের সম্বন্ধে গভীর পাণ্ডিত্যের ফলে আই সি এস এবং আই এ এসদের ল্যান্ড সম্পর্কে ক্লাশ নিতেন। তিনি ল্যান্ডের ব্যাপারে ভীষণ অভিজ্ঞ ছিলেন এবং পরবর্তীকালে বিনয় চৌধুরী ছিলেন, তাঁরও ল্যান্ডের ব্যাপারে প্রচুর পাণ্ডিত্য ছিল। সেই সময়ে বহু কৃষক ছিল যারা পড়াশুনো জানত না কিন্তু ল্যান্ড সম্বন্ধে ভীষণ অভিজ্ঞ ছিল। যেমন আব্দুল জব্বর মোল্লা, তাঁর যে জমির ব্যাপারে অভিজ্ঞতা ছিল, পাণ্ডিত্য ছিল বলার নয়। সেখানে দাঁড়িয়ে আমরা আজকে বাইরের লোকের কাছ থেকে আমাদের জমির ব্যাপারে জানবো। তাদের পরামর্শ নেবো। এর চেয়ে দুর্ভাগ্যের আর আমাদের কি হতে পারে। আজকে কৃষকদের জমিতে পুঁজিপতিদের বিস্ফোরণ ঘটানোর চেষ্টা হচ্ছে। মাল্টিন্যাশনালরা কৃষকদের জমিতে ঢোকার চেষ্টা করছে। মাল্টিন্যাশনালরা চাইছেন তাদের জমি তুলে দিক আর কৃষকরা চুক্তি ভিত্তিতে কাজ করুন। আমরা হরেকৃষ্ণ কোঙার এবং বিনয় চৌধুরীর জমি সম্পর্কে পাণ্ডিত্য দেখেছি। এবং রক্তক্ষয়ী সংগ্রামের ইতিহাস স্মৃতিচারণ করতে গিয়ে যদি দেখি ম্যাকেন্সি কোম্পানির কাছ থেকে জমি সম্পর্কে পরামর্শ শুনতে হবে তার চেয়ে দুঃখের আর আমাদের কিছু থাকতে পারে না। আমরা জমি কিভাবে ব্যবহার করব, জমিতে চাষীরা কিভাবে চাষ করবে তার পরামর্শ ম্যাকেন্সির কাছ থেকে নিতে হবে। এই অবস্থা আজকে এন. ডি. এ সরকার তৈরি করেছেন। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব আপনি এই ব্যাপারে যথেষ্ট ওয়াকিবহাল-এর যাতে ব্যবস্থা হয় দেখবেন। আমাদের প্রধানমন্ত্রী থেকে শুরু করে আমাদের নেত্রী তো এই ব্যাপারে একই নীতি নিয়ে চলছেন। এবং আপনাদের নেত্রী মন্ত্রিত্বের জন্য তো ছোটাছুটি করছেন। আজকে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কৃষকরা গত ২৫ বছর ধরে

যে একটু স্বস্তিতে ছিল আজকে তাদের ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। কৃষকরা তাদের ন্যায্য মূল্য পাচ্ছে না। আপনাদের পাপে আজকে এই ফল হচ্ছে। আজকে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছে সেই নীতির পাপে আজকে এই ঘটনা ঘটছে। যার ফলে আজকে মাল্টিন্যাশনালরা কৃষকদের জমির উপর হস্তক্ষেপ করে তাদের বিপদের দিকে ঠেলে দিচ্ছে। তারা চুক্তির ভিত্তিতে জমিগুলো হস্তান্তর করতে চাইছে। মাননীয় মন্ত্রী আপনি অভিজ্ঞ ব্যক্তি, আপনার এই সংক্রান্ত ব্যাপারে যথেষ্ট পাণ্ডিত্য আছে। এক সময়ে আপনিও কৃষক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন, সুতরাং এই ব্যাপারে আপনি যথেষ্ট অভিজ্ঞ। আজকে যে এইভাবে আমাদের ভূমি চলে যাচ্ছে যেটা আমরা দীর্ঘ ২৫ বছর ধরে কৃষকদের হাতে দেওয়ার জন্য চেষ্টা করেছি এবং ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা জমি ফিরে পেয়েছিল। বর্গাদাররা একটা জমি পেয়েছিল। কিন্তু আজকে যে অবস্থার সৃষ্টি হতে চলেছে তাতে এই ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং বর্গাদারদের উপরে আঘাত আসছে।

[3.50—4.00 p.m.]

সেই আঘাতকে আমরা যেমন রুখেছি, এটা যেমন আমাদের সহজে হয়নি, ভিক্ষা করেও বর্গা হয়নি, গোবিন্দবাবুরা আমাদেরকে সহজে কিছু করতে দেয়নি, আজকে গোবিন্দবাবুরা মায়া কান্না কাঁদছেন, তাঁদের জমি লালুভুলুর নামে ছিল। সেইগুলি বর্গা করতে গিয়ে গোবিন্দবাবুরা গুলি চালিয়েছেন, এই ইতিহাস আমাদের কারোর অজানা নেই। আপনাদের শ্রেণী চরিত্র তাই বলে। গুলি আপনারা চালাবেন। আজকে সেইখানে দাঁড়িয়ে আমরা সেই অতীত ইতিহাসকে অতিক্রম করেছি, সেই দুঃসময়কে অতিক্রম করেছি, বহু রক্তক্ষয়ী সংগ্রাম হয়েছে, আজকে যেভাবে মার্কিন মদতে আক্রমণ নেমে আসছে, আঘাত নেমে আসছে, সেটাকে রোখবার জন্য আজকে কৃষকদের মধ্যে যে সংগ্রাম সেই সংগ্রামের প্রস্তুতি গড়ে তুলতে হবে। নাহলে আজকে আমরা এতদিনে যে জিনিষটা লড়াই করে পেলাম, আমরা বলেছি, লড়াই করে যাচ্ছি, লড়াই করে রাখবোও তা। আজকে এই লড়াই করার ব্যাপারে এই যে ৭০ শতাংশ জমির ক্ষেত্রে কৃষকের অধিকারের ব্যাপারে এই যে লড়াই করা হয়েছে, এইটা লড়াই করে রাখতে হবে। এই লড়াইটা আপনাদের ওই মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, এই লড়াইটা আমাদের চালাতে হবে। এই লড়াইটা চালাতে হবে কেন, ম্যাকিন্সের তাঁবেদারি, অমুকের তাঁবেদারি আমরা শুনতে চাই না। সেখানে দাঁড়িয়ে আমাদের এটা ভাবতে হবে। এই যে নগর উন্নয়নের নামে যা হচ্ছে, উত্তরবঙ্গের চা শিল্পের ক্ষেত্রে নূতন নূতন জমি নেওয়া হচ্ছে, কৃষি জমি কমে যাচ্ছে, এর ফলে দেখা যাচ্ছে, নগর উন্নয়নের নামে যা হচ্ছে, কৃষি জমি আস্তে আস্তে কমছে। আমাদের ওখানে বীরভূমের বোলপুরে দেখছি, সেখানে নগর উন্নয়নের নামে কৃষি জমিগুলি বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার হচ্ছে, শিল্পের ক্ষেত্রে ব্যবহার হচ্ছে। এই জায়গাটা আজকে ভয়ঙ্করভাবে তৈরি হয়েছে, এটা এখানে শুধু বড় চাষী এতে ক্ষতিগ্রস্ত হবে না, মনে রাখতে হবে, এতে বর্গাদাররাও ক্ষতিগ্রস্ত হয়ে যাবেন, যারা জমির পাট্টাদার তারাও ক্ষতিগ্রস্ত হয়ে যাবেন। এই দিকটায় নগর উন্নয়নের ব্যাপারে আমাদের ব্যালান্স করতে হবে। আজকে উন্নয়নকে অস্বীকার করতে পারবো না, কিন্তু কোথায় কোন জমি নিয়ে এটা করা হবে, এটা একটু চিহ্নিত করে দেওয়া দরকার, যে জমিগুলিতে চাষ হয় না, সেই জমিগুলি ঠিক করে দেওয়া দরকার। এখন নগর উন্নয়ন করতে হবে, এটা যদি ব্যালান্স ওয়েতে না ভাবা

যায়, স্টিরিও ওয়েতে যদি বলে নগর উন্নয়ন করতে দেবো না, আবার কৃষি জমি, বাস্তু জমি শিল্প ক্ষেত্রে পরিণত হয়ে যাবে এটা হতে পারে না, এটা এখানে ঠিক করতে হবে, ব্যালান্স করতে হবে। এই হচ্ছে একটা জায়গা। এ ছাড়া বিভিন্ন নদীতে যেখানে প্রচুর ইঁটভাটা হয়ে গেছে, নদীর তীরে ইঁটভাটা হয়ে গেছে, এবং বালির খাদ হয়েছে, এই যে বালি তোলা, ইঁটভাটা করা এটা একটা ভয়ঙ্কর অবস্থায় দাঁড়িয়েছে। যত্রতত্র ইঁটভাটা হয়ে যাওয়ার ফলে কৃষি জমি থেকে মাটি তোলা যা, ধান জমির দামও তা—এই বলে ইঁটভাটার মালিকরা জোর দিচ্ছে, জমি বিক্রি করে দিচ্ছে চাষীরা, ফলে সবাই সুযোগ সন্ধানী ; যাতে কৃষকদের শেষ করা যায়, ইঁটভাটার মালিকরা সেই সুযোগ খুঁজছেন। সেই জায়গায় আইনটা কঠোরতর করা দরকার। এটাকে আরো সহজভাবে কিভাবে কি করা যায় সেটা দেখতে হবে। বালি তোলার ক্ষেত্রে কতকগুলি জটিলতা আছে, বালি তুলতে দিতে হবে। কিন্তু সেই ক্ষেত্রেও জটিলতা কমাতে হবে এবং বালি তোলার ক্ষেত্রে যেসব নিয়মকানুন আছে সেইগুলি সহজ সরল করতে হবে। কোন জায়গায় কত বালি তুলতে হবে, তোলার পরে পরিবেশের ভারসাম্য থাকবে কিনা সেই জিনিষগুলির প্রতি নজর দেওয়া দরকার। আমাদের যে পরিবেশ পরিস্থিতি আছে, এটা ঠিকই সেই দিকটার প্রতি নজর দেওয়া দরকার। আজকে ল্যান্ডের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে, এটা খুবই গুরুতর ব্যাপার। এই বাজেট বিতর্কে বিরোধী পক্ষের উপস্থিতি সেই রকম নেই। ল্যান্ড-এর মতো দপ্তরের দায়িত্বে ছিলেন হরেকৃষ্ণ কোঙার, শ্রদ্ধেয় বিনয় চৌধুরী এবং আপনার মতো মানুষ ল্যান্ড সামলাচ্ছেন, ল্যান্ড-এর যে সমস্যা আমরা ভোগ করছি, তা ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরাও ভোগ করছে।

সেখানে দাঁড়িয়ে আমাদের কমব্যাট করতে হবে। সমস্ত কৃষক সংগঠনগুলোকে যুক্ত করে, সবাইকে নিয়ে নতুন করে মার্কিন সাম্রাজ্যবাদের চক্রান্তের বিরুদ্ধে লড়াই চালাতে হবে। এই কটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅরূপ ভদ্র** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি এবং ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, আমারই জেলার আবদুর রেজ্জাক মোল্লা মহাশয় দাবি নং ৭ এবং ৬১ যে পেশ করেছেন, এই বাজেটের সম্পূর্ণ রূপে বিরোধিতা করে এবং আমাদের আনা সমস্ত কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি।

স্যার, তপনবাবু একটু উত্তেজিত হবেনই আজকের সংবাদপত্র পড়ে, কারণ এখনও রাষ্ট্রপতি পদে কোনও প্রার্থী তারা ঠিক করতে পারেননি, ওঁনাদের বন্ধুরাও সব ওঁনাদের ছেড়ে চলে গেছেন। তাই উনি একটু দিশেহারা।

স্যার, যে কথা বলছিলাম—মাননীয় মন্ত্রী আগে সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন, এখন প্রমোশন হয়েছে, এখন গোটা রাজ্যের দায়িত্ব পেয়েছেন। কিন্তু তিনি নিজে এখনও জেলার প্রত্যন্ত অঞ্চলে পড়ে আছেন। নিজের এবং পাশের থানা এলাকায় জমিকে কেন্দ্র করে মদত দিয়ে ঘটনা ঘটিয়েছেন, অবশ্য সেখানে আমাদের সংখ্যা কম। সেখানে ওঁনার লালিত পালিত শিশুরা চলে গেছে, সেইসমস্ত পি. ডি. এস.-এর ছেলেদের টাইট দেওয়ার জন্য পেছনে দাঁড়িয়ে থেকে নিজে অপারেশন করছিলেন।

পশ্চিমবাংলায় ২০০২ পর্যন্ত ২৯ লক্ষ ৬০ হাজার ৬৫৭ একর জমি ভেস্ট হয়ে রয়েছে। এর মধ্যে ১০ লক্ষ ৬০ হাজার ৭৮৭.৩৪ একর তারা বণ্টন করতে পেরেছেন।

ওঁনারা কৃষি বিপ্লবের কথা বলেন, জমি বন্টনের কথা বলেন। কিন্তু এখনও পর্যন্ত ১৮ লক্ষ ৯৯ হাজার ৮৭০.১৭ একর জমি সারা পশ্চিমবাংলায় বণ্টন করতে পারেননি। ওঁনারা জানেন, প্রতি বছর যাদের হাতে লাঠি, ডাণ্ডা তুলে দিয়ে নির্বাচন করেন, তাদের পাট্টা দিলে, তারা সার্টিফিকেট পেয়ে গেলে আর ওঁনাদের মিছিল, মিটিঙে যায় না। তাই ওই বিলি-ব্যবস্থার কথা থাকবে, কিন্তু কখনই বণ্টন করা যাবে না। তাদের পাট্টা এবং বর্গা সার্টিফিকেট দিয়ে দিলে আর তাদের দলে থাকবে না। সেইজন্য এত বিস্তর জমি ভেস্ট হয়ে থাকা সত্ত্বেও পাট্টা দিতে পারছেন না । দক্ষিণ ২৪ পরগনা জেলায় ৪৬১৬.৮২ একর জমি বণ্টন করতে পারেননি। যে বি. এল. এল. আর. ও., এস. ডি. এল. এল. আর. ও. অফিস থেকে এতদিন পেছনের দরজা দিয়ে বিভিন্ন কাজ হোত, এখন সেখানে শুধু এল. ডি. বা ইউ. ডি. কর্মচারীই নয়, ওঁনাদের বিরুদ্ধে এখন অফিসের গেটে দাঁড়িয়ে দলবাজির ব্যানার লাগিয়ে দিচ্ছে অফিসাররা পর্যন্ত। তারা ১৭ তারিখে আন্দোলন কর্মসূচিতে নামছে।

[4.00—4.10 p.m.]

বুঝতেই পারছেন এই দলবাজি—এটা আমরা নই এল. ডি., ইউ. ডি. ক্লার্ক নয়, একদম অফিসাররা মন্ত্রীর বিরুদ্ধে, কো-অর্ডিনেশান থেকে কি কাজ করছেন, সেই দলবাজির বিরুদ্ধে দরজায় ব্যানার টাঙিয়ে ১৭ তারিখে আন্দোলনে নামছে। এই অবস্থায় দাঁড়িয়ে ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী কিভাবে কাজ করছেন ? আপনি বুঝতেই পারছেন যে সবচেয়ে বেশি কৃষির উপর নির্ভরশীল পশ্চিমবঙ্গ। স্যার, এই কৃষিজীবী মানুষের স্বার্থে না গিয়ে এই অবস্থায় কাজ চালাচ্ছেন। আপনারা জানেন দক্ষিণ ২৪ পরগনা আর্সেনিক এলাকা হিসাবে চিহ্নিত হয়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক কাজের জন্য টাকা দিচ্ছে পি এইচ ই দপ্তরকে। ৯৭-৯৮-৯৯ সালে জমি অ্যাকোয়ার করে এই দপ্তরের কাছে লিস্ট পাঠিয়েছেন। কিন্তু এত অপদার্থ এই সরকার যে, এটুকু দায়িত্ব নিয়েও কাজ করতে পারছে না। মানুষ মারা যাচ্ছে। এটা আমার কথা নয়, পি এইচ ই দপ্তরের মন্ত্রী অল পার্টির মিটিং-এ বলেছেন যে তাা দ্রুত কাজ করতে চান, তার জন্য সাহায্যের আবেদন জানিয়েছেন। আপনি এখনও ১০০.০৫৫ একর জমি এখনও পর্যন্ত হ্যান্ড ওভার করে পি এইচ ই-র হাতে দিতে পারেননি। পি এইচ ই বিশুদ্ধ জল দেওয়ার কাজ ফার্স্ট ফেজের কাজ মে-তে শুরু হবে। সেকেন্ড ফেজের কাজ সেপ্টেম্বরে হবে। আপনারা এখনও বিষ্ণুপুর, এনায়তপুরের অন্যান্য জায়গায় এখনও পর্যন্ত জায়গা দিতে পারেননি। সেই জায়গায় আপনারা ব্যর্থ হয়েছেন। আপনার দপ্তর-এর ডেভেলপমেন্টের জন্য কমপিউটার বসিয়েছেন। সেই কমপিউটারের কাজ কি হচ্ছে ? ৬২ সি এম রেকর্ড ছিঁড়ে ফেলা হচ্ছে—কারণ ডোবা পুকুর এগুলি যাতে না দেখানো হয় তার জন্য। এই সি এস রেকর্ড ছিঁড়ে ফেলে পুকুর যেখানে ছিল, সেটা ভরাট করে শালি জমি দেখিয়ে আপনার দপ্তরের একটা অংশ পয়সা খেয়ে প্রোমোটারদের দিয়ে দিচ্ছে। আপনার দপ্তর থেকে এগ্রিকালচার ল্যান্ড ডায়মণ্ড হারবারে গণপতি গিল ফিল্ড কোম্পানিকে আপনারা জায়গা দিয়েছেন রিসর্ট করার জন্য। তারা বাড়তি জায়গা নিয়েছে। তার জন্য আপনারা দপ্তর থেকে কেস করেছেন। কিন্তু সেই কেসের কোনও সুরাহা হয়নি। ১৩৩ বিঘা জমি এল. আর. সেক্রেটারি তার ডিরেকশান অনুযায়ী বেসকোর জমি ভেস্ট হয় এবং ভেস্ট হওয়ার পরে এই ল্যাটে কেসটা ওঠে। আপনারা হেরে যান। এখন সরকার ডায়মণ্ড হারবারকে জেলা সদর বানানোর জন্য জমি

জায়গা মাপজোক হচ্ছে। সরকারি কোষে যখন এত টাকার অভাব, তখন এত টাকা ইনভেস্ট করে কেন জমি দেখা হচ্ছে ? তার মানে আপনারা ইচ্ছা করেই আপনারা কেসে হেরে যাচ্ছেন। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয়, যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় সদস্য অসিতবাবু তিনি তাঁর বক্তব্যে রাখলেন যে, ভূমি সংস্কার হচ্ছে কংগ্রেসের সাফল্য এবং কংগ্রেসের জন্যই এখানে ভূমি সংস্কার হয়েছে।

আর মাননীয় শ্রী গোবিন্দ নস্কর তাঁর জমানায় যখন তিনি মন্ত্রী ছিলেন সেই সময়ে পশ্চিমবাংলার ভূমি বণ্টনের ক্ষেত্রে কি কাজ হয়েছে তার একটা নমুনা রাখলেন। আমি এই বিষয়ে আলোকপাত পরে করতে চাইছি। একথা ঠিক স্বাধীনতার পূর্বে তখন আমাদের দেশ পরাধীন ব্রিটিশ সাম্রাজ্যবাদকে তাড়ানোর জন্য তখন দেশের কমিউনিস্টরা সেই লড়াইতে অংশ নিয়েছিলেন কিন্তু তাঁরা চেয়েছিলেন ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার পর দেশে যে জমিদার, জোতদার থাকবে তাদের হাত থেকে দরিদ্র কৃষককে মুক্ত করতে হবে যেমন সাম্রাজ্যবাদী শক্তিকে তাড়াতে হবে তেমন ভারতবর্ষের সামন্ততান্ত্রিক, আধা সামন্ততান্ত্রিক জোতদার, জমিদার এই প্রথার অবসান চাই। আমরা দেখলাম ভারতবর্ষের শাসন ক্ষমতায় এলো সেই কংগ্রেস—জোতদার, জমিদারদের যারা পৃষ্ঠপোষক আর অন্যদিকে কমিউনিস্ট লীডাররা গ্রামে গ্রামে বুভুক্ষু অনাহারে ক্লিষ্ট শোষণ বঞ্চনার শিকার যারা সেই কৃষকদের সঙ্গে নিয়ে কৃষক আন্দোলনের প্রথম সোপান-এর ভিত্তি তৈরি করলেন। ৫৩-৫৪, ৬১-৬৭, ৬৯-৭১ এই সালগুলো তীব্র গণ সংগ্রামের লড়াই। একদিকে জোতদার, জমিদার-এর পৃষ্ঠপোষক আর অন্যদিকে ছিলেন গ্রামে গ্রামে বুভুক্ষু নিরন্ন মানুষ তাদের সঙ্গে নিয়ে কমিউনিস্ট লীডাররা ইতিহাস রচনা করেছেন। তেভাগা আন্দোলন সেই ইতিহাসের সাক্ষী। তারপর ইতিহাসের পট পরিবর্তন হল, ইতিহাসের সন্ধিক্ষণে ৭৭ সালে পশ্চিমবঙ্গের সংগ্রামী জনগণ কংগ্রেসকে ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষেপ করল। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এল। তাদের প্রথম কাজ হল ভূমি সংস্কার। যে ভূমি সংস্কার সারা ভারতবর্ষে এক অগ্রণী ভূমিকা পালন করেছে। একজন ভূমিহীন মানুষের কাছে এক খণ্ড জমি তার মান, তার আত্মমর্যাদাকে কয়েক গুণ বাড়িয়ে দেয়। আমাদের সরকার দৃঢ় চেতনা নিয়ে, দৃঢ়চেতা মনোভাবের পরিচয় দিয়ে এই কাজ ধারাবাহিকভাবে করে চলেছেন। সারা ভারতবর্ষের দিকে তাকাতে অনুরোধ করব। সারা ভারতবর্ষ একটা বিশাল দেশ। অনেক জমিদার জোতদার আছে, কংগ্রেস পরিচালিত রাজ্যগুলোর দিকেও তাকাতে অনুরোধ করব। একটা রাজ্য দেখাতে পারবেন যেখানে আমূল ভূমি সংস্কার হয়েছে ? কংগ্রেস সামান্যতম ভূমি সংস্কারে অংশগ্রহণ করেছেন ? আর আমাদের রাজ্যের ভূমি সংস্কারের সাফল্য সারা ভারতবর্ষের প্রতিটি রাজ্যে আলোকবর্তিকা হিসেবে পথ দেখাচ্ছে। আমরা দেখেছি সারা ভারতবর্ষে যেখানে ৭৩ লক্ষ ৬৬ হাজার একর পরিমাণ জলা জমি সেখানে পাট্টা দিতে পেরেছেন কতটুকু। আর আমাদের রাজ্যে যেখানে ১৩ লক্ষ ৮১ হাজার একর পরিমাণ জমি সেখানে আমরা ২০০১ সালে সেপ্টেম্বরের ৩০ তারিখ পর্যন্ত আমরা প্রায় কাছাকাছি ২৬ লক্ষ ১ হাজার মানুষের মধ্যে

বিলিবণ্টন করতে পেরেছি। ১০ লক্ষ ৫৫ হাজার একর জমি বিলি বন্দোবস্ত করতে পেরেছি। ভারতবর্ষের ইতিহাস-এ একটা নতুন সূচনা। ভারতবর্ষের কোনও রাজ্যে এটা হয়নি। আমাদের রাজ্যেই এটা শুরু হয়েছে। দীর্ঘদিন আপনারা এই রাজ্যের শাসনতন্ত্রে ছিলেন। আপনারা কথায় কথায় বর্গাদারদের পরিবর্তন করতেন। এই তো আপনাদের ঐতিহ্য। আর বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পশ্চিমবাংলায় দু-হাজার সাল পর্যন্ত ১০ লক্ষ ৯৯ হাজার বর্গাদার এবং ১১ লক্ষ ৭ হাজার একর পরিমিত জমির পরিমাণ—

[4.10—4.20 p.m.]

তাদের পুত্রসন্তান-সন্ততি স্ত্রীর বর্গাদার হওয়ার কোনও অধিকার ছিল না। বর্গাদার মারা গেছে মানেই তার জমি ফেরত যাবে মালিকের কাছে। মালিক সেই চেষ্টাতেই থাকতেন যে কবে বর্গাদার মারা যাবে। মালিকরা ছিলেন আপনাদের বন্ধু। আমরা সরকারে এসে বর্গাদার মারা গেলে তাদের পুত্ররা সঠিক ভাবেই ওয়ারিশন বর্গাদার হবে। স্বাভাবিক কারণেই এইগুলি ভাবতে হবে। এই সরকার গরিব খেটে-খাওয়া মানুষের সরকার এবং সরকারের একটা দায়িত্ববোধ আছে। আমাদের মহান নেতা ও মন্ত্রী শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা সাহেব যিনি অবিসংবাদিত নেতা, তিনি কৃষক কর্মীদের কথা বোঝেন, কৃষকদের আন্দোলনের সাথে তিনি দীর্ঘদিন ছিলেন। আমাদের এই যে বাজেট সেটা কৃষকদের স্বার্থেই নিয়ে আসা হয়েছে। ভূমি সংস্কারের লক্ষ্যে এই বাজেট। তাই এই বাজেটকে সমর্থন করা উচিত। বিরোধীদের এই বাজেটকে বিরোধিতা করার কোনও যুক্তি নেই। ভারতবর্ষের রাজনীতির প্রেক্ষাপটেই হোক আর আমাদের দেশের অবস্থানের পরিপ্রেক্ষিতেই হোক আপনারা কোনও দিনই ভূমি সংস্কারের পক্ষে ছিলেন না। আপনাদের এখন যা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি তাতে আপনারা ভূমি সংস্কারের পক্ষে থাকবেন না। কেবলমাত্র বামপন্থীরাই ভূমি সংস্কারের পক্ষে আছে। আজ আছে এবং আগামী দিনেও থাকবে। তাই মাননীয় মন্ত্রীর আনীত বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশানের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল মণ্ডল** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আজকে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা সাহেব ৭ এবং ৬১ দাবিতে যে ব্যয়বরাদ্দর দাবি রেখেছেন আমি এর বিরোধিতা করে বাজেট সম্পর্কে দু-চারটি কথা বলতে চাই। আমি প্রথমেই আজকে বলতে চাই এখানে বামপন্থী বন্ধুরা তাঁরা বারে বারেই যে ভূমি সংস্কারের কথা এবং এই সরকারের সাফল্য সম্বন্ধে বলছেন, তাঁদের মনে রাখা উচিত ১৯৭৭ সালের আগে ভূমি সংস্কার সংক্রান্ত বিষয়ে ১০ লক্ষের বেশি মানুষকে বর্গা এবং পাট্টা এই ভূমি সংস্কার-এর মাধ্যমে দিতে পেরেছিলেন। ১৯৭৭ সালের পর থেকে আজ ২০০২ সালের মধ্যে কতগুলি বছরই চলে গেছে। এই দীর্ঘ দিন সময়ের মধ্যে জমি বণ্টন, বর্গা, পাট্টা যেগুলি তাঁরা বলছেন, আমি পরিসংখ্যান দিয়ে এখানে বলতে চাই আজকে ভূমি সংস্কারের ব্যাপারে ওঁনারা যে সাফল্যের দাবি করছেন—এ পর্যন্ত ১০.৬৩ লক্ষ একর জমি ওঁরা বিলি-বণ্টন করেছেন।

আমি বলতে চাইছি, টোটাল জমির পরিমাণ ৬০ লক্ষ একর। বাকি জমিগুলো, বণ্টন হয়নি এ রকম অনেক জমি আছে। এবং বণ্টন না হওয়ার পেছনেও অনেক কারণ আছে।

প্রথম কথা হচ্ছে, জমিগুলো সঠিকভাবে বার করা এবং জমি বণ্টনের ক্ষেত্রে আমরা দেখলাম অনেক জায়গায় দলবাজি হয়েছে এবং দলবাজি করতে গিয়ে ঠিকমতো জমি বণ্টন হয়ে ওঠেনি। ১৯৬২ থেকে ১৯৬৭ সালে যে সমস্ত জমির পাট্টা দেওয়া হয়েছিল, যাদের কাছে রেকর্ড ছিল পরোক্ষ ভাবে তা ছিনিয়ে নেওয়া হয়েছে এবং এক-একটা জমি দু-দুবার বিলি-বণ্টন করা হয়েছে। এই রিপোর্ট আমাদের কাছে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় চাইলে নিশ্চয় দিতে পারব। আমি বিশেষভাবে বলতে চাই, ওনার এলাকার মদ্যে প্রতাপ নগরে অনেক পাট্টা দেওয়া জমি জোর করে ছিনিয়ে নেওয়া হয়েছে। আপনারা চর্ম শিল্পের ব্যাপারে বলেছেন। মাননীয় মন্ত্রী রেজ্জাক সাহেব আছেন। ওনার এলাকার মধ্যে চর্ম শিল্পের জন্য জমি দেওয়া হয়েছে। কিন্তু বিভিন্ন জায়গায় যে দুর্নীতি হয়েছে আমি সে সম্বন্ধে বলতে চাইছি। অরিজিনাল যারা বর্গাদার, যারা জমির মালিক তাদের আজকে কি অবস্থা ? আজকে পার্টিবাজি করে অন্যায় ভাবে বর্গাদার সাজানো হচ্ছে এবং টাকা তুলে নেওয়া হচ্ছে। অনেক মানুষ ক্ষতিপূরণের টাকা বা ক্ষতিপূরণ পায়নি। একদিকে সাফল্য দাবি করবেন আর অন্যদিকে সঠিক জিনিস পাইয়ে দেবেন না—এটা হয় না। সারা পশ্চিমবাংলায় দেখতে পাচ্ছি যাদের পাট্টা পাওয়ার কথা তারা পাট্টা পায় না। এ ক্ষেত্রে পক্ষপাতিত্ব হচ্ছে, পার্টিবাজি হচ্ছে এবং কমরেডদের মধ্যে বিলি করা হচ্ছে অন্যায় ভাবে। আর, এটা হচ্ছে আপনাদের সাফল্য। আজকে বলছেন, কৃষির উন্নতি করতে গিয়ে নাকি দিকে দিকে সেচ ব্যবস্থা বা উন্নত বীজ বা আরো কিছু ভাবছেন। ঠিক আছে। কিন্তু সেচের ক্ষেত্রে আমরা কি দেখতে পাচ্ছি ? সেচের ক্ষেত্রে অনেক জায়গায় কিছু কিছু সংস্কারের কাজ হয়েছে। কিন্তু আরো সংস্কার করতে পারলে আমার মনে হয় গ্রামে গ্রামে আরো উন্নতি দেখা যাবে। আজকে কৃষিক্ষেত্রে সাফল্যের কথা বললেও কৃষকরা তাদের উৎপাদিত সামগ্রীর কিন্তু ঠিকমতো দাম পাচ্ছে না। আর, এই ভাবে চলতে থাকলে যতই ভূমি সংস্কারের সাফল্যের কথা বলা হোক না কেন একদিন দেখা যাবে কৃষকরা আর কৃষি কাজ করতে চাইবে না এবং ভূমি সংস্কারের আমাদের যে উদ্দেশ্য তা থেকে আমরা পিছিয়ে পড়ব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ ব্যাপারে আমার আরো অনেক কিছু বলার ছিল। কিন্তু আলো জ্বলে উঠেছে। অর্থাৎ আমার সময় শেষ হয়ে গেছে এটা বোঝা যাচ্ছে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর কিছু না বলে এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট-মোশানের সমর্থন করে শেষ করছি। ধন্যবাদ।

[4.20—4.30 p.m.]

**শ্রী কার্তিক চন্দ্র বাগ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী আবদুর রজ্জাক মোল্লা মহাশয় ৭ এবং ৬১ নম্বর দাবির অধীন যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাট মোশানের বিরোধিতা করে আমি আমাদের রাজ্যের ভূমিসংস্কার সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। ভূমিসংস্কারের কথা বলতে গেলে আমাদের রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে তো বটেই বিশ্বের কাছেও একটা ইতিহাস সৃষ্টি করেছে। একটা অঙ্গরাজ্যের ভূমি সংস্কারের মধ্যে দিয়ে আগামী দিনে তাদের যে কর্মসূচি আছে তাও কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার ফলে,

বিরোধিতা করার ফলে আমরা পারবো না ইতিহাস সৃষ্টি করতে। আপনারা জানেন যে, কংগ্রেস আমলে ষাটের দশকে প্রশান্তচন্দ্র মহলানবীশের রিপোর্টে দেখা যায়, সারা ভারতবর্ষে ৬ কোটি ৩০ লক্ষ একর জমি রয়েছে, কিন্তু ভারতবর্ষে কোথাও কংগ্রেসিরা এক কণা জমিও বিলি করেননি। অথচ ৭৩ লক্ষ ৭৬ হাজার একর জমি ন্যস্ত জমি হিসাবে চিহ্নিত হয়েছে পশ্চিমবঙ্গে। ২৯ লক্ষ ৬০ হাজার কৃষিজমি—তার মধ্যে ১৩ লক্ষ ৮৩ হাজার জমি পাট্টা দেওয়া হয়েছে। ২০০০ সালের ৩১ জানুয়ারির মধ্যে ১৫ হাজার একর জমি খাস করে ভূমিসংস্কারের মাধ্যমে বিলি করা হয়েছে ২৬ লক্ষ ৪৫ হাজার জনের মধ্যে, তার মধ্যে তফশিলি জাতির মানুষ রয়েছেন ৯ লক্ষ ৮২ হাজার এবং তফশিলি উপজাতির মানুষ রয়েছেন ৫ লক্ষ ১১ হাজার। স্বামী ও স্ত্রীর নামে পাট্টা আছে ৪ লক্ষ ৫৮ হাজার জনের। বাস্তু জমি ৫ লক্ষ ৪৪ হাজার। আমাদের রাজ্যে জমির পরিমাণ ১ কোটি ৩০ লক্ষ একর। সারা ভারতবর্ষে ৪৫ কোটি একর জমি রয়েছে। একটু আগে একজন মাননীয় সদস্য ভূমি-সংস্কারের সাফল্যের কথা বলছিলেন। কংগ্রেস যে আইন করে জমি বিলি করেছিল সেই জমি কাদের বিলি করেছিল ? সেই জমি পৃথিবীতে যে জন্মগ্রহণ করেনি তার নামে বিলি করেছিল, সেই জমি বাড়ির পোষা কুকুরের নামে বিলি করেছিল। সেই অবৈধ পাট্টা, সেই জমিগুলো উদ্ধার করতে গিয়ে আমরা রাজনৈতিক ভাবে আক্রান্ত হই এবং আমাদের অনেক কমরেড খুন হন। ভূমিসংস্কারের প্রতি কংগ্রেসের যাঁরা আছেন তাঁরা শুধু অবিচারই করেননি, তাঁরা অনেক বঞ্চনাও করেছেন, অনেক অমানবিক কাজ করেছেন, সেজন্য ভূমিহীনদের বঞ্চিত করে আজকে সাফল্যের কথা আপনাদের মুখে মানায় বলে আমি মনে করি না। আপনাদের সততা যদি থাকে তাহলে যে এক লক্ষ ৯২ হাজার মামলা রয়েছে গ্রামে গিয়ে সেই মামলাগুলো তুলে দেওয়ার জন্য সাহায্য করবেন। কিন্তু আপনারা এগুলো পারবেন না, কারণ আপনারা তাদের পক্ষে আছেন, আপনারা জোতদারদের পক্ষে আছেন, আপনারা ভূমিসংস্কারের পক্ষে নন। যে জমির মামলাগুলো আছে সেগুলো তুলে নেওয়ার কথা আপনারা বলতে পারবেন না, কারণ যারা তৃণমূল-বি. জে. পি.-এর সঙ্গে যুক্ত তারাই মামলাগুলো করেছে। এখন স্বামী-স্ত্রীর নামে পাট্টা হয়েছে। আপনাদের সময় ক্ষেতমজুরের ঘরের ছেলে-মেয়েরা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পর্যন্ত পড়তে পেরেছে ? এখন তারা পড়তে পারছে। আপনাদের সময় তফশিলি জাতি ও তফশিলি উপজাতির মানুষরা নিজের দেশে পরবাসীর মতো বাস করত। গত পঞ্চায়েত নির্বাচনে আমরা দেখলাম—উত্তর ২৪ পরগনার এবং দক্ষিণ ২৪ পরগনার সমস্ত জমির মালিকদের বলছেন, "উল্টে দাও, পাল্টে দাও, জমি ফেরত দেব"।

তারপর আমরা লক্ষ্য করলাম গুণ্ডাদের সংগঠিত করে তৃণমূলকে সাথে নিয়ে যৌথভাবে কিছু পঞ্চায়েত দখল করে হাজার হাজার বিঘা ভেড়ি জমি দখল করে মাছ লুঠ করা হল। পরবর্তীকালে আমরা দেখলাম ওঁরা মেদিনীপুরের ৫৪০ জন কুখ্যাত জোতদারকে বললেন, 'তোমরা আমাদের সাহায্য করলে আমরা আবার তোমাদের জমি ফেরত দিয়ে দেব। মজুরদের কিনে নেবার ব্যবস্থা করব।' ৫৪০ জন জোতদারকে সংগঠিত করে তাদের জমি ফিরিয়ে দেওয়ার স্বপ্ন দেখাতে শুরু করলেন। বললেন, 'একবার আমরা জিততে পারলে তোমরা জমি ফেরত পেয়ে যাবে, বর্গাদারদের উচ্ছেদ করতে পারবে। গরিব মানুষদের বাস্তু

থেকে উচ্ছেদ করতে পারবে।' আমরা লক্ষ্য করেছি মেদিনীপুরে ওঁরা এই কাজ করেছিলেন। শুধু তাই নয় সমাজবিরোধীদের নিয়ে সাধারণ গরিব মানুষদের ওপর আক্রমণ নামিয়ে এনেছিলেন। ১৩ হাজার ঘর লুট করিয়েছিলেন। বর্গাদারদের উচ্ছেদ করেছিলেন। বিমলা দেবীর গায়ে অ্যাসিড ঢেলে দিয়েছিলেন। অসংখ্য মানুষ খুন করেছেন। অশোক ঘোষের কপালে গুলি চালিয়ে চিরকালের মতো তাঁকে অন্ধ করে দিয়েছেন। বিগত বিধানসভা নির্বাচনে মানুষ আপনাদের শিক্ষা দিয়েছে। পশ্চিম বাংলার গণ-আন্দোলনের যে ঐতিহ্য তাকে আপনারা শেষ করে দিতে পারেননি। আপনাদের এখনও শিক্ষা হয়নি, তাই এখানে এ'সব কথা বলছেন। আপনারা জমি সংক্রান্ত যে মামলাগুলো আছে সেগুলো তোলার ব্যবস্থা করুন। আপনাদের মধ্যে যাঁরা আইনজীবী আছেন তাঁরা এখানে অনেক কথাই বলছেন, তাঁদের কাছে আমি বিনয়ের সঙ্গে বলতে চাই—আপনারা যে ভূমিজীবী সংঘ তৈরি করেছেন, সেটা কাদের সংঘ ? মামলা করে জমি আটকে রাখার জন্য এ'সব করা হয়েছে। আর এখানে গরিবের হয়ে কথা বলছেন ! আপনাদের তৈরি করা অসংখ্য মামলায় জমিগুলো আটকে রয়েছে। জমিগুলোকে আটকে রাখার জন্যই এ'সব মামলা করা হয়েছে, আর এখানে গরিবের হয়ে কথা বলছেন ! গ্রামে যারা আপনাদের সঙ্গে আছে তাদের কাছে গিয়ে এই কথাগুলো একটু বলুন না—এই কথাগুলো যদি বলেন, আমি খারাপ কথা বলতে পারব না, আপনাদেরই লোকেরা আপনাদের জামা খুলে মাথায় ঘোল ঢেলে গ্রাম থেকে বের করে দেবে। তাই আপনারা গ্রামে গিয়ে এ'সব কথা বলতে পারবেন না। ভূমি সংস্কারের প্রশ্নে আপনাদের কি কোনও কথা বলার অধিকার আছে ? যে সমস্ত গরিব মানুষ সকাল থেকে সন্ধে জমিতে লড়াই করে ফসল ফলায় তাদের কথা আপনাদের মুখে শোভা পায় না। টাকা ছড়ালেই ফসল ফলে না। সোনা ছড়ালে ফসল হবে না। সেখানে বুকের রক্ত ঢালতে হয়। সেই জমি থেকে সেই সমস্ত মানুষদের আপনারা উচ্ছেদ করার ষড়যন্ত্র করছেন। গরিব মানুষগুলোকে বাস্তু থেকে উচ্ছেদ করার ষড়যন্ত্র করছেন। আপনাদের সময়ে যে জমি বিলি-বণ্টন করা হয়েছিল—যে কথা আপনারা বার বার বলেন—তা কখনোই কোনও বর্গাদার বা ভূমিহীন মানুষ পায়নি। ভূমি সংস্কারের কাজে আমরা গোটা বিশ্বের কাছে রেকর্ড সৃষ্টি করেছি। আপনাদের কাছে আমার আবেদন, আপনাদের সুমতি হোক, এর জন্য আপনারাও গর্ব অনুভব করুন এবং এই ব্যয় বরাদ্দের দাবিকে সমর্থন করুন। আর একবার যে বাজেট পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে, বিরোধী দলের সমস্ত কাট্ মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় ভূমি ও ভূমি সদ্ব্যবহার বিভাগের মন্ত্রী মহোদয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের যে কাট্মোশান তাকে সমর্থন করে এখানে বক্তব্য রাখছি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে এমন একটা মুহূর্তে এই দপ্তরের বিভাগীয় বাজেটের ওপর আমরা আলোচনা করতে এসেছি যখন এই রাজ্যের ভূমি ও ভূমি সংস্কার আন্দোলনের ওপর একটা সর্বাত্মক আক্রমণ নেমে এসেছে। সরকার এখনো সরকারিভাবে ঘোষণা না করলেও মুখ্যমন্ত্রী, শিল্পমন্ত্রীর কাছে মার্কিন সংস্থা ম্যাকিনসে যে নয়া কৃষি নীতির সুপারিশ করেছে সে অনুযায়ী মুখ্যমন্ত্রী, শিল্পমন্ত্রী এবং অন্য মন্ত্রীরা যে ফরমান জারি করছেন সুপারিশের নামে তাতে এ

রাজ্যে যতটুকু ভূমি সংস্কার বহু রক্তক্ষয়ী আন্দোলনের মধ্যে দিয়ে হয়েছে—ভূমিহীন চাষি প্রান্তিক চাষি, ক্ষেতমজুরদের স্বার্থে যা অর্জিত হয়েছে তার সমাধি রচিত হবে। ওই নীতি গৃহীত হলে যেটুকু ভূমি সংস্কার হয়েছে তার সমাধি রচিত হবে।

[4.30—4.40 p.m.]

আমি জানি, আজকে শুধু আমাদের মধ্যে নয়, শাসকদলে যারা বসে আছে, স্বয়ং বিভাগীয় মন্ত্রীমহাশয়, তিনি পুরোনো লোক, তাঁর মধ্যেও যে কি যন্ত্রণা, অব্যক্ত যন্ত্রণা কাজ করছে। অন্তত যারা সিরিয়াসলি ফিল করে—আমি জানি—হয়তো তাঁদের ব্যক্ত করার সুযোগ নেই। লাঙল যার জমি তার—এই ছিল স্লোগান, এই রাজনৈতিক দৃষ্টিভঙ্গির ভিত্তিতে প্রান্তিক চাষি, ভূমিহীন চাষি, গরিব চাষি—এদের হাতে জমি তুলে দেওয়া এটাই ছিল ভূমিসংস্কারের নীতি এবং আন্দোলন। ভূমিসংস্কারের নীতির বৈশিষ্ট্য ছিল এটাই, সাফল্যের ইয়ার্ডস্টিক, মাপকাঠি। কিন্তু আজকে সেই জায়গা থেকে সরে-সরে-সরে ষষ্ঠ বামফ্রন্ট সরকার এমন জায়গায় এসেছে, প্রায় ১৮০ ডিগ্রি সেখান থেকে সরে যাওয়ার পদক্ষেপ নিতে চলেছে এবং সেখানে স্বাভাবিকভাবে এই বিশ্বায়নের যে ধাক্কা এবং করপোরেট হাউস, মাল্টি-ন্যাশনাল হাউস যারা জমির কেন্দ্রীকরণ দীর্ঘদিন ধরে চাচ্ছে, যেখানে ল্যান্ড সিলিং তুলে দেবার দাবি উঠেছে দীর্ঘদিন ধরে—আপনারা কিছু কিছু ল্যান্ড সিলিং তুলেছেন—কিন্তু তারা এখানে কমপ্লিট ল্যান্ড সিলিং তুলে দিতে চাচ্ছে। চুক্তির ভিত্তিতে চাষ করতে চাচ্ছে শিল্প সংস্থা, অ্যাগ্রো ইন্ডাস্ট্রি গড়ে তোলার নামে এবং সেখানে পিপিলের প্রয়োজনের ভিত্তিতে নয়, গ্লোবাল মার্কেটের প্রয়োজনের ভিত্তিতে চাষ হবে চুক্তির ভিত্তিতে—এইরকম একটা মারাত্মক অবস্থার দিকে চলে যাচ্ছে। ফলে ভূমিসংস্কারের নীতির যে আন্দোলন যে ন্যূনতম সাফল্য যেটা আজও অর্জিত অধিকার সেই অর্জিত অধিকারের সমাধি হচ্ছে। দীর্ঘদিনের সেই অবস্থান থেকে আপনারা সরে আসছেন শিল্পায়নের নামে, নগর-উন্নয়নের নামে এইরকম নানা জিনিস আমরা দেখছি। আমরা দেখছি, কিভাবে প্রান্তিক চাষি, গরিব চাষি, এমনকি পাট্টাদারদের জমিও চলে যাচ্ছে। উত্তর বাংলায় চা-বাগানগুলিতে পাট্টা চাষি, প্রান্তিক চাষির জমি কিভাবে চলে গেছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন, এই সেদিন ওনার কনস্টিটুয়েন্সিতে ভাঙড়েতে ওই ইন্টারন্যাশনাল, একটা মাল্টি-ন্যাশনাল গ্রাঁ-পিঁ বলে সংস্থাকে ওই ভাঙড়ের জমি তুলে দেবার জন্য সরকারের কছে একটা প্রস্তাব এসেছিল। ওই ভাঙড় এলাকায় যেখানে উন্নত ফসল হতো সেখানে ৫০০ একর জমি তারা চেয়েছিল। সেখানে আমরা আন্দোলন পরিচালনা করেছি যাতে ওই গ্রাঁ-পিঁর হাতে জমি চলে না যায়। সেটা রুখে দেওয়া হয়েছে। অবশ্য আপনাদের পরোক্ষ সমর্থন ছিল, তা নাহলে সেই আন্দোলন সফল হতে পারতো না। এইভাবে আস্তে-আস্তে জমি চলে যাচ্ছে। ফলে ভূমিসংস্কারের ক্ষেত্রে আজকে বড়ই দুর্দিন। ভূমিসংস্কারের ক্ষেত্রে আপনারা আপনাদের ক্রেডিটের কথা বলেছেন। কিন্তু সেই ক্রেডিট ১৯৭৭ সালের আগে। সেই ক্রেডিট বামফ্রন্ট সরকারের নয়। যতটুকু ভেসটেড হয়েছে জমি তার মেজর জমি ভেসটেড হয়েছে ১৯৬৭ থেকে ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে যখন আমাদের দল যুক্তফ্রন্ট সরকারের শরিক ছিল। তখন আমাদের যে নীতি ছিল সেই নীতি হচ্ছে, চাষিদের যে ন্যায়সঙ্গত সংগ্রাম, মানুষের যে ন্যায়সঙ্গত অধিকার, চাষিদের যে আন্দোলন সেই

আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। এস. ইউ. সি. সহ যুক্তফ্রন্ট সরকার সেই নীতি গ্রহণ করেছিল বলে এবং চাষিদের আন্দোলনের ফলে সেই সময়ে কয়েক লক্ষ একর জমি উদ্ধার হয়েছিল।

আর সেই জমি বাদ দিলে আপনাদের আমলে হয়েছে মাত্র কয়েক লক্ষ একর। অপারেশান বর্গা যা হরেকৃষ্ণ কোঙার, বিনয় চৌধুরীদের স্বপ্ন ছিল সেই অপারেশন বর্গার কি অবস্থা দাঁড়িয়েছে তা আপনি জানেন। তারপর আজকে প্রান্তিক চাষি, ভূমিহীন চাষিদের হাতে যেটুকু জমি আছে সেখানে যেভাবে নয়া কৃষিনীতি গৃহিত হতে চলেছে—যদিও আপাতত আমরা দেখতে পাচ্ছি যে শরিকদের কিছু আপত্তি তাতে আছে এবং একটা কাগজে আপনার স্টেটমেন্টও দেখলাম জানি না সঠিক কিনা যে, আপনি বলেছেন জমি যা আছে সেটা শিল্প সংস্থাকে লিজ দেওয়া যাবে না, চুক্তির ভিত্তিতে চাষ করার নামে কৃষকদের অধিকার কেড়ে নেওয়া যাবে না। কিন্তু এই জিনিস চলছে, জমি গ্রাস হতে চলেছে। ফলে একটা মারাত্মক অবস্থার সৃষ্টি হয়েছে। আমি আপনাদের বলব, ওই নয়া কৃষিনীতির ব্যাপারে ভেতর থেকে এর আপনারা প্রতিবাদ করার চেষ্টা করুন। কিন্তু মুখ্যমন্ত্রীকে আমরা দেখছি তিনি এই সমস্ত বহুজাতিক সংস্থাগুলিকে সহায়তা করার জন্য এই প্রস্তাবের সমর্থনে সমস্ত ডিপার্টমেন্টের সহযোগিতা চেয়েছেন। ওই কর্পোরেট হাউস, মাল্টি-ন্যাশনাল কোম্পানিগুলির স্বার্থে এখানে প্রান্তিক চাষি, ভূমিহীন চাষি, গরিব চাষিদের স্বার্থ পদদলিত করা হচ্ছে। এটা অত্যন্ত আতঙ্কজনক অবস্থা। এইরকম একটা ভয়ঙ্কর কৃষিনীতি গৃহিত হতে চলেছে। অবশ্য এটা একদিনে হয়নি, এই বামফ্রন্ট সরকারের আমলে ধীরে ধীরে আমরা দেখছি এরা ভূমিসংস্কারের নীতি থেকে সরে এসে ওই দেশি, বিদেশি শিল্পপতি, বহুজাতিক সংস্থা তাদের স্বার্থরক্ষার কাজ করছেন এবং সেইভাবে কৃষিনীতিকে ডাইলিউট করছেন। তার চূড়ান্ত পরিণতি হচ্ছে নয়া কৃষিনীতি। আমাদের সামনে অত্যন্ত দুর্দিন। মাননীয় মন্ত্রী মহাশয় এ সম্পর্কে কিছু আলোকপাত করতে পারলে হাউস খানিকটা আশ্বস্ত হতে পারে।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমিসংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাট মোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার সুষ্ঠু ভূমিসংস্কারের মধ্যে দিয়ে গরিব, ভূমিহীন, ক্ষেতমজুরদের হাতে জমি তুলে দিয়ে এবং তাদের আত্মমর্যাদায় প্রতিষ্ঠিত করে গ্রাম উন্নয়নের যে কাজ করেছেন, যে অগ্রগতি ঘটিয়েছেন তা সারা ভারতের ক্ষেত্রে একটা উদাহরণ হিসাবে প্রতিষ্ঠিত হয়ে আছে। এখানে ভূমিহীনদের মধ্যে জমি বিলি করা সম্ভব হয়েছে, বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত করা হয়েছে এবং এর মাধ্যমে কৃষির অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে। ২৫ বছরে এ রাজ্যে কৃষি ক্ষেত্রে যে উন্নতি ঘটেছে, অগ্রগতি ঘটেছে বিরোধীরাও তাদের বক্তব্যে তা স্বীকার করতে বাধ্য হয়েছেন। কিন্তু স্যার, দুঃখের কথা ২৫ বছরে ওদের সংস্কার হয়নি। জমিদারদের হাতে কেন্দ্রীভূত হয়ে থাকা জমি কেড়ে নিয়ে তা এখানে ভূমিহীনদের মধ্যে বণ্টন করা সম্ভব হয়েছে। একটু আগে বিরোধীদলের অসিত মিত্র, গোবিন্দবাবুরা বলছিলেন যে ওদের সময় নাকি এই ভূমিসংস্কার আইন হয়েছে। স্বীকার করছি হয়েছে কিন্তু আপনাদের

আমলে সেই আইন খাতায় কলমেই ছিল তা বলবৎ করেননি, বামফ্রন্টের আমলেই তা বাস্তবায়িত হয়েছে।

[4.40—4.50 p.m.]

আপনাদের সময় উদ্বৃত্ত জমি নামে-বেনামে, ছাগল গরুর নামে আপনারা কুক্ষিগত করে রেখেছিলেন এটা অস্বীকার করতে পারবেন না। ঐ পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে উদ্বৃত্ত জমি আপনাদের হাত থেকে উদ্ধার করবার জন্য, যখন ভূমিহীন ক্ষেতমজুর, গরিব কৃষক ঐ জমিতে নিজেদের অধিকার প্রতিষ্ঠিত করবার জন্য আন্দোলনে নেমেছিলেন তখন আপনারা বলেছিলেন বর্গীদের হাঙ্গামা হচ্ছে। আজকে আপনারা বলছেন যে, আপনারা অনেক জমিতে পাট্টা দিয়েছিলেন, বিলি-বণ্টন করেছিলেন। এই ছিল আপনাদের চরিত্র। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আজকে গরিব মানুষদের মধ্যে জমি যা বিলি-বণ্টন করেছেন তার পরিসংখ্যান এখানে অনেকে দিয়েছেন। এখানে ১০ লক্ষ ৫৫ হাজার একর জমি ২৬ লক্ষ ৪৫ হাজার জনকে বিলি-বণ্টন যা করা হয়েছে তাদের মধ্যে ৫৬ শতাংশ হচ্ছেন তপশিলি জাতি-উপজাতির পিছিয়ে পড়া মানুষ যারা আপনাদের আমলে আত্মমর্যাদা পাননি, যাদের অভাবের মধ্যে দিনযাপন করতে হত। আজকে তপশিলি জাতির ৯.৮২ লক্ষ মানুষ উপকৃত হয়েছেন পাট্টা বিলির মধ্যে দিয়ে, তপশিলি উপজাতির কয়েক লক্ষ মানুষ সহ বর্গাদাররা উপকৃত হয়েছেন যাদের নির্যাতনের পরিসীমা ছিল না আপনাদের আমলে। আজকে বামফ্রন্ট সরকার ১৪.৯৯ লক্ষ বর্গাদারের নামে জমি নথিভুক্ত করেছেন যে জমির পরিমাণ ১১.৭ লক্ষ একর। আপনারা বলতে পারবেন কি, ভারতবর্ষে এমন কোন রাজ্য আছে যে রাজ্যে স্ত্রী এবং স্বামীর নামে যৌথপাট্টা বণ্টিত হয়েছে ? হ্যাঁ, ভারতবর্ষে একটি রাজ্য আছে—পশ্চিমবঙ্গ, যে রাজ্যে স্ত্রী এবং স্বামীর নামে যৌথপাট্টা প্রদানের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং ইতিমধ্যে কাজটা শুরুও হয়েছে। পশ্চিমবঙ্গে আন্দোলনের মধ্যে দিয়ে মানুষের যে অধিকার প্রতিষ্ঠিত হয়েছে তাকে ভূলুণ্ঠিত করবার জন্য, হারানো জমি উদ্ধারের জন্য আপনারা একটা সুযোগ খুঁজছিলেন, এর প্রমাণ আমি দিচ্ছি। ১৯৯৮-৯৯ সালে পাঁশকুড়াতে চোর গুণ্ডা বদমাসদের নিয়ে আপনাদের হারানো জমি উদ্ধারে নেমে গরিব কৃষকদের উপর অত্যাচার নামিয়ে এনেছিলেন, বর্গাদারদের অধিকার কেড়ে নিয়েছিলেন, তাদের উপর বোমাবাজি করে অত্যাচার করেছিলেন, বর্গাদারদের জমির ফসল লুট করিয়েছিলেন, জমির মালিক যাদের উদ্বৃত্ত জমি সাধারণ মানুষের মধ্যে বিলি-বণ্টন করা হয়েছিল সেই জমি উদ্ধার করে তাদের কাছে ফিরিয়ে দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু পশ্চিমবঙ্গের সচেতন মানুষ, যাদের আত্মসচেতনতার বিকাশ ঘটেছে, তারা প্রতিরোধের মধ্যে দিয়ে আপনাদের সেই অসৎ পরিকল্পনা মিটিয়ে দিয়েছেন এবং তারই জন্য আপনাদের নেত্রী গেরুয়া বসনের খুঁট ধরে যে চেষ্টা করেছিলেন সেই চেষ্টা সম্ভব হয়নি, পথে হারিয়ে গিয়েছেন।

আর আপনারা আপনাদের বক্তব্যের মধ্যে দিয়ে বলেছেন যে আপনারা এই পাট্টা বিলি-বণ্টনের কাজকর্মের মধ্যে দিয়ে অনেকখানি অগ্রগতি ঘটিয়েছেন। এই চরিত্র আপনাদের, এর মধ্যে দিয়েই সেটা প্রমাণ হয়। আপনারা তাকে বাস্তবায়িত করার পরিকল্পনা গ্রহণ করেছেন ? পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকারের সাধারণ মানুষের জন্য যে উদ্যোগ সেটাকে আপনারা অস্বীকার করতে পারবেন ? বাস্তবটাকে আপনারা অস্বীকার করতে

পারবেন না। এই ক্ষেত্রে পশ্চিমবাংলার যে অগ্রগতি তা ভূমি বণ্টনের মধ্যে দিয়েই হয়েছে। তবে এই ভূমি বণ্টন করার ক্ষেত্রে সমস্ত জমি বিলি-বণ্টন করা সম্ভব হয়নি। তার কারণ রয়েছে। তার কারণ আমাদের পূর্ববর্তী বক্তা বলেছেন। কারণ হচ্ছে আপনারা। আপনারা কেসের মাধ্যমে জমিগুলো কুক্ষিগত করে রেখেছেন। আপনাদের সৎ সাহস নেই। কোর্ট কাছারির মধ্যে এই জমিগুলি আবদ্ধ না রেখে সত্যিকারের যারা প্রাপক তাদের মধ্যে বিলি-বণ্টন করে দিন। আপনারা কোর্ট কাছারির মধ্যে জমিগুলিকে আবদ্ধ রেখে মামলা নিষ্পত্তি করছেন না। আপনাদের স্বভাবের পরিবর্তন হয়নি, আপনাদের সংস্কার হয়নি। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ভূমিসংস্কারের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষের উন্নতি ঘটেয়েছে, পশ্চিমবাংলার অগ্রগতি ঘটিয়েছে, কৃষির অগ্রগতি ঘটিয়েছে, এই কথা আপনারা অস্বীকার করতে পারবেন না। কিন্তু অবশিষ্ট কাজ বাকি রয়েছে, আগামী দিনে সেটা বাস্তবায়িত করবে। তাই মাননীয় মন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশিনাথ মিশ্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মন্ত্রী ৭ নম্বর দাবি সংক্রান্ত ২৮৫ কোটি ৯৭ লক্ষ ৯১ হাজার টাকা চেয়েছেন যার মধ্যে ভোট অন অ্যাকাউন্টে চাওয়া হয়েছে গেছে ৯৫ কোটি ৩২ লক্ষ ৬৩ হাজার টাকা, আর একটা দাবির অধীনে চেয়েছেন ১৩ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার টাকা যার মধ্যে ৪ কোটি ২৯ লক্ষ ১০ হাজার টাকা আগেই ভোট অন অ্যাকাউন্টে নিয়ে নিয়েছেন। মূল যে জিনিসটা আমরা দেখতে পাচ্ছি, মন্ত্রী হবার পর থেকে ২০০১ সালে উনি যে কথা বলেছিলেন ২০০২ সালে সেই একই কথা তিনি বলছেন। মা-মাটি-মানুষ, এই জমি, এই জমি নিয়ে এই যুগ কেন, ত্রেতা বলুন দ্বাপর বলুন সেই যুগ থেকে এই জমি নিয়ে লড়াই। সুচাগ্র মেদিনী নিয়ে লড়াই হয়েছে। আজকে এখানে প্রবীণ বহু সদস্য আছেন, তরুণ সদস্য থেকে শুরু করে যুব সদস্য থেকে আরম্ভ করে অনেকেই জানেন এবং আমরা ১৯৭১ সালের চেহারা দেখেছি। ১৯৭১ সালে এই বিধানসভায় জ্যোতিবাবু বিরোধী দলে ছিলেন, শ্রদ্ধেয় হরেকৃষ্ণ কোঙার ছিলেন বিনয় কোঙার ছিলেন। সেই সময় এই সমস্ত মানুষদের আমরা দেখেছি। তৎকালীন তাঁদের যে বক্তব্য, পরবর্তীকালে যে বক্তব্য সেটা দেখুন। ১৯৭২ সালের কথা আপনারা বলেছেন। তার আগে দেখুন, ১৯৫৩ সালে জমিদারি প্রথা আইনের জন্য ডাক্তার বিধানচন্দ্র রায়ের আমলে তিনি মন্ত্রী ছিলেন শ্রদ্ধেয় বিমলচন্দ্র সিন্‌হা মহাশয় পরিবর্তন এনেছিলেন।

[4.50—5.00 p.m.]

তাঁর সময়ে যে পরিবর্তন এসেছিল, পরবর্তীকালে আমিও ছিলাম। তখন ছাত্রাবস্থায় আমি এম. এল.এ. হয়ে এসেছিলাম। ১৯৭১ সালে এসেছিলাম, ১৯৭২ সালেও এসেছিলাম। ১৯৭৩ সালে ভূমিসংস্কার আইনটা পাশ হয়। তখন মাননীয় মন্ত্রী গুরুপদ খাঁ মহাশয় যেটা করেছিলেন, তাকে বাস্তব রূপ দেওয়া, আপনারা সরকারে এসেছেন, আপনারাই তো করবেন। কে করবে, ভূতে করবে—যারা সরকারে থাকবে তাদেরই তো করতে হবে। ১৯৭৭ সালে আমরা চলে গেলাম, আপনারা আসলেন। আপনারা ভূমিসংস্কার আইনকে পরিবর্তন করতে পারেননি। তাকে পরিবর্তন করার জন্য, বর্গাদার থেকে আরম্ভ করে, এই আইনকে বাস্তবায়িত করার জন্য তদানীন্তন মন্ত্রী প্রয়াত বিনয় চৌধুরী মহাশয় বলেছিলেন। আপনারা

পারবেন, যে জমি আছে তা ছেড়ে দিতে ? ছেড়ে দিয়ে বলুন। তদানীন্তন মন্ত্রী যে কথা বলেছিলেন, এখানে অনেকে বলছেন, আপনারা পারবেন ? মাননীয় হরেকৃষ্ণ কোঙার মহাশয় বলেছিলেন "A particular policy had to be adopted for the implementation of land reforms in the socialistic countries like Russia, China, Korea and Vietnam etc. This policy is most effective but the same requires a special type of state and Judiciary. No ceiling system was adopted there. It was laid down straitway in law that landlords could not possess any land".

আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, আপনাদের যত জমি আছে সেই জমি আপনারা দিতে পারবেন ? আপনারা পারবেন না। কিন্তু বিগত দিনের জমিদাররা তাঁদের সেই জমি পরিত্যাগ করেছেন। ১৯৫৩ সালে আইন হবার পরে জমি হস্তান্তরিত হয়েছে বিভিন্ন শিলিং অনুযায়ী। আইন হবার পরে তারও পরিবর্তন হয়েছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের সময়ে যে শিলিং ছিল, পরবর্তীকালে তার পরিবর্তন হয়েছে। প্রফুল্লচন্দ্র সেনের সময়ে যে শিলিং ছিল তার পরিবর্তন হয়েছে। সিদ্ধার্থ শংকর রায়ের সময়েও পরিবর্তন হয়েছে। বিনয় চৌধুরীর সময়েও পরিবর্তন হয়েছে। তার ফলে কি হয়েছে—বিভিন্ন ভাবে জমির হস্তান্তরের ফলে জমি টুকরো টুকরো হয়ে যাচ্ছে, ফ্রাগমেনটেশান অফ ল্যান্ড হয়ে যাচ্ছে। বিগত দিনে হয়েছে, এখনও হচ্ছে। পুরুলিয়া, বিহার থেকে আসার ফলে যে জমি এসেছিল সেই জমি এবং অন্যান্য জমির ব্যবহার ঠিকমত না হওয়ার ফলে বহু জমি চলে যাচ্ছে। জমি তো ইলাস্টিক নয় যে টানলে বাড়বে, এর পরিমাণটা ক্রমশ কমছে। জমির সাথে সম্পর্কটা কি—কলকারখানা, প্রাসাদ, অট্টালিকা থেকে আরম্ভ করে স্কুল, কলেজ, হাসপাতাল সবকিছুতেই জমির প্রয়োজন। দেশের সার্বিক উন্নয়নের নিদর্শন যে কলকারখানা তা এই জমি থেকে হয়। তার জন্য জমি হস্তান্তর করতে হয়েছে। জমি যে ভাবে কমে যাচ্ছে তাতে আমরা সকলেই উদ্বিগ্ন। বাড়ি নির্মাণের জন্য প্রোমোটাররা জমি নিচ্ছে।

যেভাবে প্রোমোটররা জমি দখল করছে এবং জমির যে সিলিং ধার্য করা হয়েছে তাতে দেখা যাচ্ছে বিভিন্ন টাইপের যে ল্যান্ড রয়েছে, সেখানে বাস্তু জমি থেকে আরম্ভ করে ডাঙ্গা জমি, ডাহর জমি ইত্যাদি যেসব টাইপের ল্যান্ড রয়েছে সেই ল্যান্ডের সার্বিক পরিবর্তন এসেছে। যার ফলে আজকে ওইসব জমি কৃষকদের হাত থেকে চলে যাচ্ছে এবং ওইসব জমি বাস্তু জমিতে রূপান্তরিত হচ্ছে। আমি কোর্টে রয়েছি এবং বহু সময়ে দেখি বিভিন্ন ভাবে জমি কনভার্ট হচ্ছে। কোর্টে আমি দেখেছি সেখানে মিউটেশান থেকে আরম্ভ করে বিভিন্ন পরিবর্তন ঘটছে। এগুলোর দিকে আপনাকে নজর দিতে হবে। তারপরে নদীগুলো ভরাট হয়ে যাচ্ছে, ইট ভাটাতে ভর্তি হয়ে যাচ্ছে, এগুলো বন্ধ হওয়া দরকার। প্রাকৃতিক কারণে নদী বুজে যাচ্ছে, সেখানে দেখা যাচ্ছে নদীর চরে ঘরবাড়ি তৈরি হয়ে যাচ্ছে। এই বিষয়গুলো আপনার দেখা দরকার। আপনার যে বি. এল. এল. আর ও. এবং ডি. এল. এল. আর ও. আছেন তাদের বিষয়টাতে নজর দেওয়া দরকার। তারপরে বিনয়কৃষ্ণ চৌধুরী মহাশয় যে কথা বলেছিলেন সেগুলোকে বাস্তবায়িত করুন, আজকে জমির জরিপ থেকে আরম্ভ করে সমস্ত ক্ষেত্রে দেখা যাচ্ছে রাজস্ব আদায় কমে যাচ্ছে। এই জিনিসটা কেন হচ্ছে, আজকে রাজস্ব আদায়ের ক্ষেত্রে

ফল করছে কেন সেটা দেখতে হবে। যেভাবে কলকারখানা এবং ইট ভাটা থেকে আরম্ভ করে সর্বত্র জমি হস্তান্তর হচ্ছে তাতে রাজস্ব কম হওয়া তো উচিত নয়। আপনার রাজস্ব আরো বেশি করে আদায় হওয়া উচিত।

আপনার জমিদারি অধিগ্রহণ আইন ও ভূমিসংস্কার আইনের বলে মোট জমির পরিমাণ হচ্ছে জমিদারি আইনে ন্যস্ত জমি ১০,৬৪,১৭৩,২২ লক্ষ একর, ভূমিসংস্কার আইনে ১,৪৭,৪৪৩,৫৩ লক্ষ একর অকৃষি জমি এবং বনভূমি ৯,৯৩,৮০২.২৬ লক্ষ একর এবং অন্যান্য ২৩,৬৮৩.২৪ লক্ষ একর। এটা কি ভাবে আসল এবং কিভাবে পরিবর্তন হল ভূমিসংস্কার আইন অনুযায়ী সেটা বিনয় চৌধুরী মহাশয় তার বক্তব্যের মধ্যে ১৯৮০ সালে ব্যাখ্যা করেছিলেন। সুতরাং এই বিষয়টা লক্ষ্য করবেন এবং এটা দেখা দরকার। তারপরে আদালতে ইনজাংশানে আবদ্ধ মোট জমির পরিমাণ ৩১.১২.৭৮ সালে ১.৬৪ লক্ষ একর, ৩১.১২.৭৯ সালে ১.৬৮ লক্ষ একর, ৩১.১২.৮০ সালে ১.৭৯ লক্ষ একর, প্রায় দুশো বর্গমাইল। সবচেয়ে ভাল চাষের উপযোগী জমি মামলাতে আবদ্ধ আছে। এই সময় ১৯৭৭-৭৮ সালের জন্য ১ কোটি ৪৮ লক্ষ ৫৯ হাজার টাকা মামলা পরিচালনার জন্য হাইকোর্টের আইনজ্ঞদের জন্য বরাদ্দ ছিল।

[5.00—5.10 p.m.]

হাটকোর্টে আপনি উকিলদের জন্য খরচ করছেন, কিন্তু সেইভাবে তার ডেভলপমেন্ট হয়নি ; সেইভাপে আপনার কেস এগোয়নি। '৮০ সালে ৫ লক্ষ ৭৩ হাজার একর ন্যস্ত জমি অকৃষি জমি হিসাবে শ্রেণিভুক্ত হয়। অকৃষি জমি কিভাবে ব্যবহৃত হচ্ছে তার জন্য একটি বিবরণী যেটা প্রকাশ করার কথা ছিল সেটা আজও প্রকাশ করা হয়নি। এই ব্যাপারে জেলাতে জেলাতে অনুসন্ধান হয়েছিল। ১৯৭৫ সালের পশ্চিমবঙ্গ বাস্তু জমি অধিগ্রহণ আইন অনুসারে ৬৪ হাজার-এর বেশি দখলদারকে রায়ত হিসাবে নথিভুক্ত করা হয় এবং এই আইনের বলে বহু ভূমিহীন ও বাস্তুহীন দুঃস্থ পরিবারদের ৮ শতক করে জমির মালিকানা দেওয়া হয়। এর বাইরেও কতকগুলি আছে, আর কতকগুলি নেই, সেইগুলি কি ভাবে হস্তান্তর হয়ে যাচ্ছে, সেটা দেখা দরকার। আপনাদের যে চিন্তা-ভাবনা ছিল যে জমি দিয়েছেন তার জন্য প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষীদেরকে ব্যাঙ্ক লোন দেবেন, কিন্তু তারা সেই ব্যাঙ্ক লোন পাচ্ছেন না। প্রয়াত মন্ত্রী বিনয়বাবু এই ব্যাপারে দাবী করেছিলেন চিন্তা-ভাবনা করেছিলেন, ব্যাঙ্ক ঋণ কি ভাবে পাওয়া যায়। আমি '৮২-'৮৭ সালে যখন এখানে ছিলাম, তখন তাকে প্রশ্ন করেছিলাম, ব্যাঙ্কগুলি ঋণ প্রদানের ক্ষেত্রে যে অনীহা প্রকাশ করছে এটা পরিবর্তন করা দরকার। এই ভাবে যদি হয় তাহলে প্রকৃতভাবে ল্যান্ড রিফর্মস ঠিকভাবে হবে না। ল্যান্ড রিফর্মস-এর সঙ্গে জড়িত ভূমি, ভূমির সঙ্গে কৃষি, সেচ, ক্ষুদ্র সেচ এটার যোগাযোগ থাকা উচিত তাই এই ব্যাপারে একটা লিঁয়াজো থাকা দরকার। যেটা আজ পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না। এটা যদি করতে পারেন তাহলে দেখবেন সেখানে প্রকৃতভাবে আমাদের সকলের উদ্দেশ্য যখন জমির সদ্ব্যবহার, জমি যাতে নষ্ট না হয়ে যায় সেই দিকেও আমাদের লক্ষ্য রাখতে হবে। এবং নদীর ভাঙন রোধের জন্য সেচ দপ্তরের সঙ্গে কথা বলতে হবে, এর জন্যও ভূমি, কৃষি ও সেচ দপ্তরের মধ্যে একটা সমন্বয় করা দরকার। ভূমি সংরক্ষণ করাও দরকার, এই যে ভূমি

সংরক্ষণ হচ্ছে না, আপনাকে এর জন্য ফরেষ্ট ডিপার্টমেন্ট-এর সঙ্গে যোগাযোগ রাখতে হবে। গাছও লাগানো দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে বাজেট প্রস্তাব এনেছেন, আমরা এখানে যে কাটমোশানগুলি দিচ্ছি সেগুলি গ্রহণ করুন এবং প্রকৃতভাবে আজকে পশ্চিমবাংলায় নতুনভাবে ভূমিসংস্কার নূতন রূপনিক, এই কথা বলে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তন্ময় মণ্ডল** : মাননীয় চেয়ারম্যান, স্যার, ভূমি ও ভূমিসংস্কার মন্ত্রী তার বাজেট ভাষণের ডিমান্ড নম্বর ৭ ও ৬১-র সম্পূর্ণরূপে বিরোধিতা করে, দলের আনা কাটমোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আজকে ভূমি সমস্যা সম্পর্কে বক্তব্য এতক্ষণ ধরে শুনছিলাম, সেই সম্পর্কে কতকগুলি কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৭৭ সালে ক্ষমতায় এসে দীর্ঘ ২৫ বছর হয়ে গেল পশ্চিমবঙ্গ সরকার বিভিন্নভাবে বিভিন্ন সময়ে সেই ভাঙা ক্যাসেট বাজিয়ে দলবাজি করে এখন পর্যন্ত যে অবস্থায় এসেছে এবং যেভাবে আজকে সরকার গরীব মানুষদের ভুল বোঝাচ্ছেন তার কতকগুলি পরিসংখ্যান মাননীয় মন্ত্রী দিয়েছেন তার ভিত্তিতে আমি বলতে চাই। পশ্চিমবঙ্গ সরকারের ২০০১-০২ সাল পর্যন্ত যে জমি ন্যস্ত ছিল, সেই জমি বণ্টন কিভাবে হয়েছে সেটা বলছি। ন্যস্ত জমি ছিল ২০০১ সাল পর্যন্ত ১৩.৭২ লক্ষ একর, বিলি হয়েছে ১০.৪৩ লক্ষ অর্থাৎ প্রায় ২.২৯ লক্ষ একর বিলি করতে পারেননি, আবার ২০০২ সালে দেখছি ১৩.৮১ লক্ষ ন্যস্ত জমির মধ্যে বিলি হয়েছে ১০.৫৫ লক্ষ অর্থাৎ ২.২৬ লক্ষ বিলি হয়নি।

এর বৃদ্ধির পরিমাণ হচ্ছে .১২। জমি বিলির পরিসংখ্যান—২০০১ পর্যন্ত ১০.৪৮ লক্ষ একর এবং ২০০২ পর্যন্ত ১০.৬৩ লক্ষ একর। সেখানে ভূমিহীন কৃষকের সংখ্যা এই পর্যন্ত ছিল ২৫.৬৫ লক্ষ, এক বছরে বৃদ্দি পেয়ে হয়েছে ২৬.৪৫ লক্ষ, অর্থাৎ .৮০ লক্ষ বেড়েছে। ১৮ শতাংশ জমি বিলি করা হয়েছে এই সমস্ত ভূমিহীন কৃষকের মধ্যে। কিন্তু পার্টি অফিস থেকে লিস্ট করে দেওয়া হয়, সেটা বি. এল. এল. আর. ও. অফিসে পাঠিয়ে দেওয়া হয়, সেইভাবে বর্গাদারদের জমি বিলি করা হয়। ২০০১ সালে বর্গাদারের সংখ্যা ছিল ১৪.৯৭ লক্ষ, ২০০২ পর্যন্ত ১৪.৯৯ লক্ষ, মাত্র ২ হাজার বেড়েছে। জমি বিলি হয়েছে ২০০১ পর্যন্ত ১১.৬ লক্ষ একর, ২০০২ পর্যন্ত ১১.৭ লক্ষ একর, মাত্র ১ হাজার একর জমি এই এক বছরে বিলি করতে পেরেছেন। পশ্চিমবঙ্গের মতো রাজ্যে সংখ্যাটা খুবই নগন্য। আবার, পাট্টা দেওয়ার পর যখন দেখা যাচ্ছে মিটিং-মিছিলে যাচ্ছে না, তখন একটা জমিকে কেটে সংখ্যাটা বাড়ানো হচ্ছে, সেখানে মানুষের সুবিধা দেখা হয় না। ২০০১ সালে পর্যন্ত স্বামী-স্ত্রীর নামে যে যৌথ পাট্টা বিলি হয়েছিল তার পরিমাণ ৪.৩০ লক্ষ, ২০০২ পর্যন্ত ৪.৪৮ লক্ষ, মাত্র ১৮ হাজার নতুন পাট্টা বিলি হয়েছে। এই পরিসংখ্যান থেকে বোঝা যায় যে, এই সরকার কতখানি মানুষকে ধাপ্পা দিচ্ছে। জমির জরিপ এবং স্বত্বলোপ সংশোধনের জন্য টাকাগুলো অপচয় হয়েছে। ২০০১ সাল পর্যন্ত স্বত্বলোপ দেওয়া হয়েছে ৩৮৭১৪, ২০০২ পর্যন্ত দেওয়া হয়েছে ৩৯,০১৯, অর্থাৎ মাত্র ৩০৫টি মৌজায় স্বত্বলোপের চূড়ান্ত কাজ হয়েছে। দেখা যাচ্ছে, কমপিউটারে স্বত্বলোপ সংরক্ষণের ব্যবস্থা ছিল যা, সেখানে এক বছরে মাত্র ৫২৪টি স্বত্বলোপ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে কমপিউটারে। দেখুন স্যার, একই মন্ত্রী একই জায়গায় বসে

দু-বছর দুরকম বক্তব্য রাখছেন। গত বছর মন্ত্রী তাঁর বাজেট ভাষণে বলেছিলেন পুরুলিয়া জেলার দুটো থানায় ২৬ হাজার বর্গমাইল জমিতে আকাশ থেকে ছবি তুলে মানচিত্র তৈরির কাজ হয়েছে। আর এই বছরের বাজেটে বলছেন—পুরুলিয়ায় মাত্র দুটি ব্লকে মানচিত্র তৈরি হয়েছে, অন্যান্য ব্লকগুলিতে ক্রমে করা হবে। আমি বলতে পারি ১০ বছরেও এই কাজটা করা সম্ভব হবে না, অথচ কোটি কোটি টাকা সরকার এর পেছনে ব্যয় করেন। সল্টলেকের একটি সেক্টর ছাড়া আধুনিক যন্ত্রের সাহায্যে আকাশ থেকে ছবি তুলে আর কোথাও মানচিত্র তৈরির কাজ আপনি করতে পেরেছেন ?

তাই বলতে চাইছি যে, এই সরকার চাষীদের ক্ষেত্রে পাট্টা বিলির ক্ষেত্রে যে কাজগুলি করছে, আমি জানি আমার এলাকায় বিশেষ করে সমগ্র পশ্চিমবাংলায় পাট্টা বিলির ক্ষেত্রে যারা পাট্টা পাচ্ছে, সেই পাট্টার অধিকার থেকে কেড়ে নিয়ে আর একটা নামে পাট্টা দেওয়া হচ্ছে। অর্থাৎ একটা জমিতে দুজনের নামে পাট্টা দেওয়া হচ্ছে। এই ভাবে মানুষকে ভুল বুঝিয়ে এই সরকারের কাজ চলছে। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.10—5.20 p.m.]

**শ্রী দীপক কুমার ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী নম্বর এবং ৬১ নম্বর যে অভিযাচন চেয়েছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের সমর্থনে আমার বক্তব্য রাখছি। গত নির্বাচনের আগে ফেব্রুয়ারি, মার্চ মাস জুড়ে গণশক্তি সহ সমস্ত পত্রিকায় প্রায় প্রত্যেকদিন ধরে বিজ্ঞাপন দিয়ে এই সরকার বলেছিলেন ভূমিসংস্কারের ক্ষেত্রে তারা কি কি করেছেন। বামফ্রন্ট সরকার সবসময়ে ভূমিসংস্কারের ওপর তাদের কৃতিত্ব জাহির করেন। অবিভক্ত কমিউনিষ্ট পার্টি ভূমি আন্দোলনে প্রথম এসেছিল, আমরা জানি স্বাধীনতার আগে তেভাগা আন্দোলনে। সেখান থেকে ৬৭, ৬৯ দুবার ক্ষমতায় এসেও কিন্তু বর্গাদারদের জন্য কিছু করেননি। বর্গাদারদের জন্য যা কিছু করা হল ৭২এ এসে। বর্গাদারদের শেয়ার ৭৫ পার্সেন্ট করে দেওয়া হয়েছিল। তারপর ৭৭ সালে ক্ষমতায় এসে প্রথমবার রাজ্যপালের ভাষণে বর্গাদারদের সম্বন্ধে কিছু বলেননি। ৭৮ সালে ত্রিভুবন নারায়ণ সিং-এর ভাষণে তিনি বলেছিলেন পশ্চিমবাংলায় ২৫ থেকে ৩০ লক্ষ বর্গাদার রয়েছে। কংগ্রেস আমলে মাত্র ৮ লক্ষ বর্গাদার রেকর্ডেড হয়েছে। আমরা বাকি বর্গাদারদের ২/৩ বছরের মধ্যে রেকর্ড করব। তারপর শুরু হল অপারেশন বর্গা এবং ৭৯ সালে রাজ্যপালের ভাষণে ত্রিভুবন নারায়ণ সিং যে ভাষণ দিয়েছিলেন তাতে ভূমিসংস্কারের তিনটি মূল লক্ষ্য এবং নীতির কথা বলা হয়েছিল। এক নম্বর ছিল টোটাল রেকর্ডিং অব নেমস অব বর্গাদারস। বর্গাদারদের সমস্ত নামই রেকর্ড করা হবে। আমরা দেখতে পাচ্ছি আজকে এই পর্যন্ত এসে সেই ২৫/৩০টাকে নামিয়ে আনা হয়েছে ২০তে। এখন পর্যন্ত ১৫ লক্ষ হয়নি। বাকি ৫ লক্ষ কবে হবে এই বিষয়ে ভূমিরাজস্ব মন্ত্রী যদি কিছু বলেন। ২৫ বছরে অগ্রগতি হয়েছে মাত্র ৭ লক্ষ। আগেই প্রায় ৭ লক্ষ ছিল আর বাকী ৭ লক্ষ ২৫ বছরে অগ্রগতি হয়েছে। দ্বিতীয়বার যেটা নীতির কথা বলা হয়েছিল ব্রকিং অর্থাৎ বড় বড় জমি জোতদারদের হাত থেকে কেড়ে নিয়ে এটা বণ্টন করা হবে। কিন্তু সিলিং ল'র কোনও পরিবর্তন যেটা ৭২ সালে হয়েছিল পরিবারভিত্তিক তার পর যেটুকু করেছেন একটা প্রসাধন

করা অর্থাৎ কিছু কিছু অন্য ডেসক্রিপশন-এর জমিকে এনে কৃষিজমির মধ্যে ঢুকিয়ে দেওয়া, তার ফলে উদ্বৃত্ত জমির পরিমাণ কত হয়েছে তার পরিসংখ্যান বিভিন্ন সদস্য দিয়েছেন আমি সে সম্পর্কে কিছু বলছি না কিন্তু মূল যেটা হয়েছে সেটা হচ্ছে যে, আপনারা যে পাট্টাগুলো দিয়েছেন সেই পাট্টাগুলো লোকের হাতে দেননি। পাট্টাগুলো পার্টি অফিসে জমা রেখেছেন। লোকগুলোকে কন্ট্রোল করার জন্য, লোকগুলোকে মিছিলে, মিটিং হাঁটবার জন্য। আপনারা পাট্টাগুলো রেখেছেন পার্টি অফিসে। পাট্টাগুলো না করে অন্য লোক দিচ্ছেন যখন আপনাদের মনে হচ্ছে লোকটি আপনাদের আর ভোট দিচ্ছে না। নির্বাচনের পরে মন্ত্রী কেশপুরে গিয়ে একদিনে কয়েক হাজার পাট্টা দিয়ে এসেছেন। আমি খোঁজ করে দেখেছি সেই পাট্টা লোকের হাতে নয় কেশপুরে বাজারে সি. পি. এম.-এর পার্টি অফিসে রয়েছে। আপনি এ বিষয়ে অনুসন্ধান করে দেখতে পারেন। আমরা দেখেছি মানুষের সেই হত্যাকাণ্ড। ২৭ জুলাই অধিবেশন চলছিল তখন খবর হল যেটা সূর্যকান্ত মিশ্র, ভূমিরাজস্ব মন্ত্রী আমরাও সঙ্গে গিয়েছিলাম। গিয়ে যেটা দেখা গেল এখানে যেটা বলা হয়েছিল ডাকাত দল এসে খুন করেছে। সরকারে ন্যস্ত জমি যেটা হাইকোর্টের আদেশে ফিরিয়ে দেওয়ার কথা হয়েছিল ১০ বছর আগে সেই জমি ফিরিয়ে না দিয়ে পার্টি সেটা ভোগ করল এবং সেই জমি যখন মালিক নিতে এল তখন ১১ জন ক্ষেতমজুর তার মধ্যে ১০ জন সংখ্যালঘু সম্প্রদায়, একজন তপশিলী ওখানে তাদের নৃশংসভাবে খুন করা হল। ভূমিরাজস্ব মন্ত্রী যখন রাইটার্স বিল্ডিংসে বসেন তখন আইনের কথা বলেন, কোথাও কোথাও গিয়ে পাট্টাদারদের আইন অনুযায়ী পাট্টা তুলে দেন কিন্তু আবার কিছু কিছু এলাকায় আমরা জানি যে তিনি যেখানে যান সেখানে জমিগুলো জোর করে কেড়ে নেওয়ার বন্দোবস্ত থাকে, তাঁর সঙ্গে বন্দুক থাকে। মুখার্জি সাহেবের কথা অনেকেই বলে গেছেন, আমি আর সেটা রিপিট করতে চাই না কনসেনট্রেশন অব ল্যান্ডস কিন্তু ভাঙে না। ভাঙেনি যে সেটা এক সেন্সে ভালোই হয়েছে। আজকে যে খাদ্যে স্বয়ম্ভরের থেকেও ছাপিয়ে যাওয়ার দাবি আমরা করছি সেটা কিন্তু ওই কারণে। এই কারণে নয় যে আমুল ভূমিসংস্কার হয়েছে। ১৯৯৯-২০০০ সালে সূর্যকান্ত মিশ্র যে বাজেট ভাষণ দিয়েছিলেন, তাতে তিনি বলেছিলেন যে কৃষি উৎপাদন ৫০-৫১তে জাতীয় আয়ের গড় উৎপাদনের ৫৪.৯১ শতাংশ ছিল অর্থাৎ অর্ধেকের বেশি। সেটা ১৯৯৫-৯৬তে কমে হয়েছে ২৮.৮ শতাংশ। এটা সূর্যকান্ত মিশ্রের বাজেট ভাষণে আছে। অর্থাৎ প্রায় আরও অর্ধেক কমে গেছে। শতকরা ২৮ ভাগে এসে দাঁড়িয়ে গেছে। কাজেই কৃষির ওপর ভিত্তি করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার দিন শেষ হয়ে গেছে। সর্বভারতীয় যে কৃষি উৎপাদনের চিত্র সেটা অনেক পিছনে চলে গেছে। ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড সারভিস সেক্টরে উৎপাদন সামনে এসেছে। আজকে বাস্তব চিত্র যেটা এসেছে সেটাই ম্যাকনিসে রিপোর্টে এসেছে। এটা আমাদের পক্ষে খারাপ আমি বলছি না কিন্তু এটাকে কি আটকাতে পারবেন আপনারা। সে সদিচ্ছা কি আপনাদের আছে ? নির্বাচনের পরের দিন আলিমুদ্দিন পার্টি অফিসে গিয়ে শিল্পপতিরা মুখ্যমন্ত্রী এবং পার্টির নেতাদের সঙ্গে হাসিমুখে ছবি তুলছিলেন। তারা তো আপনাদের পকেটে পুরে ফেলেছেন। তারাই তো নিয়ে এসেছেন ম্যাকনসেকে। তারাই তো বলেছেন বহুজাতিক সংস্থা পেপসি, কোকা কোলাকে জমি দিয়ে দিন—চাষীরা এখানে বন্ডেড লেবার হিসাবে কাজ করবে। মাসে মাসে কিছু টাকা পাবে। এই যে রিপোর্ট এটা পড়ে দেখবেন, তাতে কি বলা

আছে। বন্ডেড লেবার হিসাবে থাকবে কিছু টাকা পাবে। তারা অনেক বেশি কৃষি উৎপাদন করবে, জাতীয় আয় বাড়বে। ঠিক যেমন আপনারা বিশ্বায়নকে নিন্দা করতেন নীতি হিসাবে কিন্তু পরশুদিন শিল্পমন্ত্রী বলে গেলেন যে বিশ্বায়নের চাপে পড়ে আমরা এই শিল্পগুলো বন্ধ করে দিতে বাধ্য হচ্ছি। এই যে শিল্পগুলো বেসরকারি করণ করতে বাধ্য হচ্ছেন, তেমন বিশ্বায়নের চাপে পড়ে আপনারা এই ভূমিসংস্কারকে রাখতে পারবেন কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ আছে। আমাদের মুখ্যমন্ত্রী, শিল্পমন্ত্রী, অর্থমন্ত্রী আপনাদের পার্টি মোটামুটি ঠিক করে ফেলেছে যে ম্যাকিনসে রিপোর্ট কৃষিক্ষেত্রে আসবে। কৃষিমন্ত্রী, আর. এস. পি., সি. পি. আই. যতই চেঁচাননা কেন, এটা চলে আসবেই। কাজেই এটাকে আটকাবার সদিচ্ছা আপনাদের নেই। আপনারা তো ডিগবাজি খেতেই অভ্যস্ত। কাজেই যেখান থেকে শুরু করেছিলেন আমূল ভূমিসংস্কারের বিষয়, একজন তো এখানে বললেন যে আমূল ভূমিসংস্কারে ভারতবর্ষে আরও ৬ একর জমি চলে আসবে। কি করবে জমি দিয়ে ? জমিটাকে কি ট্রান্সফার করে নিয়ে আসবে ? অন্য জায়গায় উৎপাদিত ধান, চাল, গম, তৈলবীজ সবটাই তো নিয়ে আসেন। জমিটাকে কি নিয়ে আসবেনই? ভারতবর্ষে কি হচ্ছে তাই নিয়ে আপনাদের এত মাথাব্যথা কেন ? পশ্চিমবঙ্গে আসুন না, কোথায় কি হচ্ছে। পশ্চিমবাংলায় কেন ম্যাকিনসেকে আনছেন ? কেন করপোরেট টেনে আনছেন, জমি কৃষকদের হাত থেকে কেড়ে নিয়ে তাদের হাতে তুলে দেওয়ার জন্য ? কেননা আমরা তো দেখছি যে শহর, শহরতলীতে প্রোমোটারদের তো আমরা দেখেছি সেখানে তাদের পেট ভরে গেছে। এখানে আর জমি নেই। এবারে গ্রামের দিকে নজর পড়েছে। এবারে গ্রামের ভেতরে প্রোমোটার আনতে হবে। সেই প্রোমোটার হচ্ছে করপোরেট হাউস, পেপসি, কোকাকোলাকে আনবেন। আমরা দেখেছি নানুরের জমিগুলোকে দুলাল ব্যানার্জি, বাপি মোটামুটি খেয়ে ফেলেছে। বাইপাসের জমিগুলো তো শেষ করে ফেলেছেন। বিনয়বাবুকে চলে যেতে হল কেন, সেটা তো আপনারা ভালো করেই জানেন, ভূমিরাজস্ব মন্ত্রীও জানেন, আমরাও জানি। ফাইলে লেখা আছে। বিনয়বাবু আপত্তি করেছিলেন, বাইপাসের জমিগুলো এইভাবে বহুজাতিক সংস্থার হাতে তুলে দেবেন না, দিলেও ন্যায্য মূল্যে দেবেন। কিন্তু সেই মূল্য নেওয়া হয়নি। বিনয়বাবু তো আর কন্ট্রাকটরদের সরকার বলেছিলেন বলে চলে যাননি। এখানে একজন মন্ত্রী আছেন কিন্তু সেই সময়ে তিনি মন্ত্রী ছিলেন না, তাঁর নিজের হাতের লেখায় এই জমিতে এতগুলো বর্গাদার আছে বলে কয়েক লক্ষ টাকা নিয়ে চলে গেলেন।

[5.20—5.30 p.m.]

প্রত্যেকটি নাম একই হাতে লেখা, ফাইলগুলি দেখে নেবেন। সত্যজিৎ রায় ফিল্ম ইনস্টিটিউটের ল্যান্ড একুইজিশানের ফাইলগুলি দেখে নেবেন সেখানে প্রত্যেকের যে নাম দেওয়া আছে সেগুলি একজনের হাতে লেখা এবং সেটা জনৈক মন্ত্রীর হাতে লেখার সাথে মেলে কি না। ব্যাপারটা এত সহজ নয়, খুব গুরুতর। ভূমিরাজস্ব মন্ত্রী চেষ্টা করছেন কমপিউটারাইজড করার জন্য। কমপিউটার অনেক কেনা হয়েছে ডি. এল. আর. অফিসে। তার পরেও ৫০ জন কন্ট্রাকটারকে দিয়েছে ডাটা এন্ট্রি করার জন্য। আপনি কমপিউটার কিনবেন, মর্ডানাইজেশন করবেন আবার ৫০ জন ভেন্ডারকে দিলেন ডাটা এন্ট্রি করার জন্য,

কি অবস্থা হচ্ছে। গত আর্থিক বছরে ২৮ মার্চ একটি বিল পাশ করেছে প্রায় ১৭ লক্ষ টাকার। ডি. এল. আর অফিসের কমপিউটার, স্পেয়ার পার্টস কেনার জন্য। এটা ভুয়া বিল, স্টক বুকে কোন এন্ট্রি নেই। আপনি ডিজিটালাইজেশান প্রোগ্রাম করবেন কি করে ? ওখানে বাস্তু-ঘুঘুদের বসিয়ে রেখেছেন। ব্লক থেকে ডি. এল. আর. ও. পর্যন্ত, এক একজন ১৫,২০ বছর ধরে আছেন, কোন বদলি নেই। একটা জায়গায় এতদিন ধরে থাকা যায় ? যদিওবা বদলী করছেন এক বছর বাদে আবার ফিরে আসছে। সরকারি নিয়ম হলো ৩-৫ বছর হলে বদলি হয়। কিন্তু ফাইল পড়ে আছে। বদলি হচ্ছে না। এই অবস্থায় ভূমি রাজস্ব মন্ত্রী তিনি নিজে দেখুন বাস্তুঘুঘুদের বাসা তা না হলে ভাঙা যাবে না। আপনাদের ৭৮ সালের অর্ডারে ছিল ৪ একর সেচ এলাকায় এবং ৬ একর অসেচ এলাকা জমির খাজনা তুলে দেওয়ার কথা। তার পরেও অনেক মিউনিসিপ্যালিটি হয়েছে অনেক কৃষিজমি মিউনিসিপ্যালিটির আওতায় এসেছে। এ সমস্ত জমির ল্যান্ড রেভিনিউ ডাবল করে দিয়েছেন। তার সাথে সুদটাও দিতে বলছেন। এটা অযৌক্তিক। যে দিন থেকে অর্ডার আছে সেই দিন থেকে করবেন। ১৫ বছর আগে থেকে কেন সুদ আদায় করবেন। এটা ঠিক নয়। আপনাদের গর্বের বিষয় হচ্ছে ৭০ পারসেন্ট ল্যান্ড ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের। এটা শক্তি, না দুর্বলতা। আজকে সেই জায়গায় চিন্তা করতে হবে। যেখানে সারা ভারতবর্ষের ৩৪.৩০% তার ডাবলের বেশি আমাদের। তার জন্যই কি আমরা বেশি করে পিছিয়ে আছি। পাঞ্জাব এগিয়ে আছে বড় জোত বলে ? সেই জন্য সেখানে ধানের প্রোডাকটিভিটি আমাদের তিন গুণ। আমরা টোটাল প্রোডাকশান বাড়িয়েছি, কিন্তু প্রোডাকটিভিটি পাঞ্জাবের তিনের এক ভাগ। আমাদের ৩ একর জমিতে যে ধান হয় পাঞ্জাবে ১ একর জমিতে সেটা হয়। কাশীবাবু বলেছেন জমি ছোট। ল্যান্ড রিফর্মসে কনসোলিডেশান অফ ল্যান্ড হোল্ডিং—যে জায়গায় নিয়ে যাবার দরকার ছিল সেই জায়গায় নিয়ে যেতে পারেননি। পাঞ্জাব করতে পেরেছে। ল্যান্ড রিফর্মসের সাথে কনসোলিডেশান করার কথা ছিল। এটা না করলে মডার্ন এগ্রিকালচারের প্রসেস মর্ডান ইনপুটস আমরা ব্যবহার করতে পারছি না।

বর্গাদার, ছোট জমির মালিক, পাট্টাদার, তাদের ইনস্টিটিউশনাল ক্রেডিটের ব্যবস্থা করে দেবেন। you will arrange institutional credit and input support system to the Bargadars, new assignees of vest land to make them self reliant.

গত মাস তিনেক আগে যখন ধানের সংকট ছিল, বিভিন্ন পত্র-পত্রিকায় লেখা হচ্ছিল, বর্ধমান, বীরভূমের ছোট ছোট জমির মালিকরা জমি ফেরত দিয়ে দিচ্ছিল। বর্গাদার বলছে, তোমার জমি তুমি ফেরত নিয়ে আমাকে টাকা দিয়ে দাও। পাট্টাদার বলছে জমি ফেরত নিয়ে আমাকে টাকা দিয়ে দিন। এই ব্যাপারগুলো এই কারণে হচ্ছে, আপনারা ভূমিসংস্কার করেছেন কিন্তু ভূমি সংস্কারের তৃতীয় লক্ষ্য ইনস্টিটিউশনাল ক্রেডিট অ্যান্ড ইম্পুটস সেটা করেননি। কিছু কিছু জায়গায় মিনিকিট দেওয়া হয়েছিল। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, গত বছর উত্তর দিনাজপুরে, মুর্শিদাবাদে গমের যে মিনিকিট দেওয়া হয়েছিল তা থেকে একদানাও গম হয়নি। এই সব জিনিস কাগজে বেরিয়েছিল, ছবি ছেপেছিল। এটা দেখে তখন মাননীয় মন্ত্রী বলেছিলেন তদন্ত হবে। কিন্তু রবি মরসুমে কৃষক গম চাষ করে মার খেয়ে গেল আর আপনি

বলছেন তদন্ত হবে। এটা ঠিক নয়। শ্রদ্ধেয় বিনয়বাবুর সময়ে যে ভূমিসংস্কারের নীতি ঠিক করা হয়েছিল তা থেকে আজকে আপনারা অনেক সরে এসেছেন। এবং এইভাবে চলতে থাকলে আর কয়েক বছরের মধ্যে পুরো ডিগবাজি হয়ে যাবে যেভাবে বিশ্বকাপে গোল দিয়ে গোলদাতারা ডিগবাজি খাচ্ছেন। ভূমিসংস্কার থেকে এবারে আপনাদের সরে আসতে হবে এবং প্রোমোটার, করপোরেট হাউজের কাছে জমি তুলে দিতে হবে। যাইহোক, আমার সময় শেষ হয়ে গেছে, তাই আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশান সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : স্যার, ১৫ জন মাননীয় সদস্য এই আলোচনায় অংশগ্রহণ করেছেন। তাদের সবাইকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। ওঁরা তীব্র সমালোচনা করেছেন, পরামর্শ দিয়েছেন, আঙুল দিয়ে অনেক কিছু দেখিয়ে দিয়েছেন। সমালোচনা পীড়াদায়ক হলেও শুনতে হবে এবং গ্রহণযোগ্য হলে গ্রহণ করতে হবে। শেষের বক্তা, মাননীয় দীপকবাবু যে ক্রটি দেখিয়ে দিলেন—১৭ লক্ষ টাকা ড্রেনেজের ব্যবস্থা হয়েছে, বললেন সেটা আমি খোঁজ নেব এবং এটা হলে শাস্তি হবে, এড়িয়ে যাওয়া যাবে না। আমাদের জেলার ৪ জন সদস্য, দেবপ্রসাদবাবুকে নিয়ে এবং পাশের এলাকার তন্ময়বাবুকে নিয়ে ৫ জন বক্তা আমার এলাকার বললেন। বেশ ভালোই ঘুঁটি সাজিয়েছেন।

মাননীয় সদস্য অরুপবাবুকে বলি উনি যেটা বললেন—জল প্রকল্পের কথা, এটা আমি নিজেও ভুক্তভোগী। কারণ, বারুইপুর পেরিয়ে ভাঙড় ঢুকবে। ১৮০ একর মতো জমি অধিগ্রহণ করার কথা ছিল। কিন্তু ৩১.০৩.২০০০ পর্যন্ত জমি ১০০ একরের বেশি অধিগ্রহণ এবং হস্তান্তর করা হয়েছে এবং এক-কলমে প্রকল্পর ক্লিয়ারেন্স দিয়েছি। ডি. এম., কালেক্টরকে বলেছি, দাগ ধরে নয়, খতিয়ান ধরে নয়, জল প্রকল্প প্রোজেক্ট ধরে ক্লিয়ারেন্স দিলে এটা হবে।

গোবিন্দবাবুর সঙ্গে আমার সম্পর্ক ভালো। কিন্তু প্রতিবেশী হিসাবে একটা জাতি খিঁচ আছে। বাইরে গণ্ডগোল, ভেতরে গণ্ডগোল, আবার মিল। ক্যানিং থানার পূর্বে আমার এবং পশ্চিমদিকে ওনার কেন্দ্র। ওনার বাড়ি আর আমার বাড়ির মধ্যে দূরত্ব ৫ কিলোমিটার। উনি আমার নাড়ি-নক্ষত্র জানেন আমি ওনার হাঁড়ির খবর জানি।

[5.30—5.40 p.m.]

উনি বারে বারে সব জায়গায় বলেন যে, রেজ্জাক মোল্লা জোতদারের ছেলে এবং ওর সিলিং বহির্ভূত জমি আছে। আজও তিনি বলেছেন। আমার এতে একটা সুবিধা হয়। কারণ ঐ কেন্দ্র মানে পূর্বদিকে আমি ১৯৭২ সাল থেকে একটানা আছি, আর পশ্চিমদিকে উনি মাঝে মাঝে আসেন মাঝে মাঝে চলে যান, যে বছর উনি আমার নামে বেশি বলেন সেই বার ওঁনার আসা হয় না। আমি ওঁকে বিনয়ের সঙ্গে বলছি, উনি চাষিবাড়ির সন্তান আমি চাষিবাড়ির ছেলে। খাতা-কলম দেখার দরকার হয় না, জমি হালে চেনা যায়, মাঠে চেনা যায়। পিয়ালীর চরে জমি কোথায় আছে উনি যদি মাঠে দেখিয়ে দেন—দেখিয়ে দেওয়ার দরকার নেই, ঐ পিয়ালীর চরে ১০ বিঘার বেশি জমি যদি থেকে থাকে আমি ওঁর কাছে বলছি উনি যদি রেজিস্ট্রির খরচা দেন এবং স্ট্যাম্প ডিউটির খরচা দেন তাহলে আমি ওঁর নামে জমি লিখে দেব, আর কোন ঝামেলা হবে না, একদম লিখে দেব। আর যে মুখার্জী

চরের কথা বললেন যেটা মাননীয় দীপকবাবু ছুঁয়ে গেছেন, বিষয়টা হচ্ছে, মুখার্জী চরে আনন্দ মুখার্জী নামে একজন লোক তাঁর ১২০০ বিঘা জমি সেখানে ৫ ছেলের নামে বেনাম করে রেখেছেন, সেটার ৩টে মৌজা, তার মধ্যে ২টি মৌজা আমার কনস্টিটিউয়েন্সিতে পড়েছে আর একটা মৌজা গোবিন্দবাবুর কনস্টিটিউয়েন্সিতে পড়েছে। যেগুলো ভেস্ট হয়েছে, পাট্টা দেওয়া হয়েছে সেগুলোতে কোন প্রবলেম নেই। কিন্তু সি. আর. কেস করে এখনও অনেক জমি ৫ ছেলের নামে উনি আটকে রেখেছেন, সেগুলো ১৯৬৭ থেকে ১৯৬৯ সালের মধ্যে বেনাম জমি হিসেবে জবরদস্তি দখল করা হয়েছিল—অন্দোলনের পরে যা হয়েছিল, তখন যে সব চাষি ছিল পরবর্তীকালে নানান পর্যায়ে তাদের অনেককে উচ্ছেদ করা হয়েছে এবং অনেক বেশি করে জমি নিয়ে আছে, এবছর আবার সেই চাষিরা যারা উচ্ছেদ হয়েছিল তারা পুনর্দখলে যায়। এখন ওঁর বিবেচনা হতে পারে যে আমার দলে যারা আছে তারা গুণ্ডা, আর ওঁর দলে যারা আছে তারা ভাল লোক, কিন্তু আমি বলি এখানে সবচেয়ে বড় দুজন গুণ্ডা আছে, একজন হচ্ছে রেজ্জাক মোল্লা এবং আরেকজন হচ্ছে গোবিন্দচন্দ্র নস্কর। আমি বলি এর পরে ঝামেলা না হওয়াই ভাল। এটা জমির লড়াই। অন্য কোন ব্যাপার নয়। আমার কোন রাগ তো নেই, ওঁর কোন রাগ নেই। ঐসব ব্যাপার আছে, যা আছে তা আইনত সব হবে, ওতে আমার অন্য কোন বিষয় নেই, আর আমি যেটা বলি যে, এই বছরে ২০০১ সালের এপ্রিল থেকে ২০০২ সালের মার্চ পর্যন্ত যেটুকু কাজ করা গেছে তার একটা হিসেব আমি দিই, অর্থাৎ এই সময়ের মধ্যে, অর্থাৎ এক বছরের একটু কম সময়ের মধ্যে নতুন করে জমি ভেস্ট করা গেছে ১০ হাজার একর, জমি এই সময়ে নতুন করে বণ্টন করা হয়েছে ১৬ হাজার একর। কে বলছিলো এক হাজার একর ইত্যাদি কথা ?

এই সময়ে পাট্টা পেয়েছে ৬৪ হাজার জন-এর মধ্যে এই ১৬ হাজার আছে, এস. সি আছে ৩১ হাজার জন এবং এস. টি. আছেন ১১ হাজার জন, অর্থাৎ তলার দিকের মানুষ বেশি বেশি করে পাট্টা পাচ্ছে এবং মোটামুটি আমাদের রাজ্যে আজ পর্যন্ত যা পাট্টা বিলি হয়েছে তার প্রায় ৫৬ ভাগ আছে এই এস. সি. এবং এস. টি. অর্থাৎ তলার দিকের মানুষ বাস্তু জমির কথা বলছিলেন আট শতক ইত্যাদি। এই সময়ের মধ্যে অর্থাৎ ১ বছরের কম সময়ের মধ্যে নতুন করে বাস্তু জমির পাট্টা পেয়েছেন সাড়ে চার হাজার জন—আট শতক করে। বর্গাদাররা নথিভুক্ত হয়েছেন নতুন করে ৩ হাজার জন, সেই বর্গা জমির পরিমাণ অর্থাৎ নথিভুক্ত বর্গাদার ৩ হাজার জনের বর্গাজমির পরিমাণ ২ হাজার একর। মাননীয় দীপকবাবু এখানে বলছিলেন যে, বর্গাদারদের রেকর্ড ইত্যাদিতে কত বছর লাগবে ? উনি জানেন, উনি অনেক কথা বলেছেন, সেজন্য বলতে চাই উনি যখন সরকারে ছিলেন, প্রশাসনে ছিলেন, কি ছিলেন জানি না। উনি বাস্তুতে ঘুঘু দেখছেন, তো সুয়োমোটো বর্গা রেকর্ড করা যায় না। বর্গাদাররা আবেদন করে, তারপর তদন্ত করে বর্গা রেকর্ড করা হয়, বর্গা রেকর্ড কন্টিনিউআস প্রসেস, সবসময় চলছে এবং কোন জায়গায় যদি আমরা দেখি যে বর্গাদারদের আবেদন বেশি আছে—একটা মৌজা বা একটা ব্লকের মধ্যে—তখন আমরা সঙ্গে সঙ্গে ওখানে একটা ক্যাম্প করে দিই, বর্গা ক্যাম্প যেমন হয়েছিল সেরকম করে আমরা করবার চেষ্টা করি, এটার একটা গুরুত্ব আছে। জেনুইনিটি তো এনকোয়ারি করে হবে, সে আপনি,

আমি কি করব ? যেটা আইন আছে সেটা হবে, যে নিয়ম আছে তাতে হবে। সব স্বচ্ছ হয় বলা যায় না। কিন্তু যতটা হয়, আইনের মধ্যে যতটা হয়, কাশীনাথ বাবু খুব ভারী প্রশ্ন তুলেছেন, উনি যেটা বলেছেন তার সবটা মিলিয়ে ল্যান্ড ইউজ প্ল্যান দরকার এবং আমরা যেটা ভাবছি যে আমাদের যে ল্যান্ড ইউজ বোর্ড আছে সেটাকে আরও অ্যাকটিভাইস্ করে একেবারে জমি সংক্রান্ত, ভূমি সদ্ব্যবহার—এ সম্পর্কে একটা প্ল্যান করে ফেলা যে, কত জমিতে চাষ হবে, কত জমিতে ধান চাষ হবে। কত জমিতে অন্য কি হবে, কত জমিতে ইন্ডাস্ট্রিস হবে, কত জমিতে শহর হবে, কত জমিতে ইঁট-ভাটা হবে—কত জমিতে কি হবে, না হবে—এটা একটা ভাল প্রশ্ন তুলেছেন ল্যান্ড ইউজ প্ল্যান সম্বন্ধে। আমাদের স্মরণ রাখতে হবে ভারতবর্ষের মোট জমির মাত্র তিন শতাংশ আছে আমাদের পশ্চিমবাংলায়। এখনই আবার দীপকবাবু বলবেন—ভারতবর্ষের কথা আনছেন কেন ? কি করবো, দেশটা ভারতবর্ষ, দেশটা পশ্চিমবাংলা নয়। আমরা পশ্চিমবাংলার নাগরিক নই, আমরা ভারতবর্ষের নাগরিক। সুতরাং এখানে ভারতবর্ষের কথা আসবেই। উদ্বৃত্ত খাস জমি ৬ কোটি ৩৩ লক্ষর কথা আসবেই। ভারতবর্ষের মাত্র ৩ শতাংশ পশ্চিমবাংলা। তার মধ্যে পাহাড় বাদ দিয়ে জল, জঙ্গল, মাটি ২ কোটি ১০ লক্ষ একর। এর মধ্যে চাষযোগ্য জমি ১ কোটি ৩৪ লক্ষ একর। আর মাথাপিছু কত ? মাত্র ২০ শতক। এটাই হচ্ছে মূল সমস্যা। এর মধ্যে দাঁড়িয়ে আমাদের কাজ করতে হচ্ছে, এগুতে হচ্ছে। আমাদের রাজ্যের যে চালচিত্র তাতে আজ পর্যন্ত টোটাল জমি ভেস্ট হয়েছে ১৩ লক্ষ ৮৪ হাজার একর। ডিস্ট্রিবিউশন হয়েছে ১০ লক্ষ ৬৪ হাজার একর। ১৫ লক্ষ লোকের নামে বর্গা রেকর্ড হয়েছে এবং সেখানে জমির পরিমাণ ১১ লক্ষ ৮ হাজার একর। বাস্তু জমি বিলি হয়েছে ৫ লক্ষ ৪৪ হাজার জনের নামে। তাতে বেনিফিসিয়ারির সংখ্যা ২৬ লক্ষ ৫২ হাজার। ৪ লক্ষ ৫৮ হাজার যৌথ পাট্টা দেওয়া হয়েছে। আমরা চেষ্টা করছি নারীদেরও জমির ওপর— সম্পত্তির অধিকার দিতে। এর একটা সোসাল সিকিউরিটি আছে। এতে বলা আছে, যারা যৌথ সংসার পেতেছে তারাই যৌথ পাট্টা পাবে। তাদেরই আমরা দিচ্ছি। এক সঙ্গে সংসার করলে, থাকলে যৌথভাবে পাট্টা থাকবে। আর ছাড়াছাড়ি হলে মহিলা মালিক হবে। এর মধ্যে দিয়ে আমরা একটা সোসাল সিকিউরিটির ব্যবস্থা করছি। একজন বললেন কোর্ট কেস যা ছিল তাই আছে। তবে কিছু কোর্ট কেস ল্যান্ড ট্রাইবুনালে চলে আসছে, কোর্ট থেকে ছেড়ে আসছে। আবার ভূমিজীবী সংঘ সুপ্রিম কোর্টে মামলা করেছে। কনসটিটিউশনাল বেঞ্চের ১১ জন জাজ্ বসে ভ্যালিডিটির বিচার করবেন। সেটা কবে হবে জানি না ! ইহকালে হবে কিনা জানি না ! এর ফলে বহু জমি আটকে আছে। ভেস্ট করা জমিও আটকে আছে। তবে আমরা মনে করছি ১ লক্ষ ২৭ হাজার একর জমি এখনো কোর্টের বাইরে আছে। সেগুলো বিলি করার দরকার আছে। এর মধ্যে একটা অংশ বালি, মোরাম হয়ে গেছে, বিলি করা যাবে না। আবার একটা অংশ নদীর মধ্যে চলে যাচ্ছে। মুর্শিদাবাদে গঙ্গা-পদ্মায় চলে যাচ্ছে। আবার ল্যান্ডে ব্যাংকের জন্য কিছু জমি রাখতে হচ্ছে ইন্ডাস্ট্রি হওয়ার জন্য—সে হোক, না হোক রিজার্ভ রাখতে হচ্ছে, বিলি করতে পারছি না। এই সমস্ত বিষয় বাদ দিলে এখনো ৫০ হাজার একর জমি বণ্টন করতে বাকি আছে। বিগত বছরের শেষের দিকে ১৬ হাজার একর মতো আমরা বিলি করেছি। তার অর্ধেকই মেদিনীপুরে। সেটা একটা ক্যাশ প্রোগ্রাম নিয়ে করেছি। এখন অসুবিধাটা হচ্ছে। পাট্টা বিলির

নিয়ম অনুযায়ী প্রাপকদের নামের তালিকা করে পঞ্চায়েত সমিতি। পঞ্চায়েত সমিতি নামের তালিকা না করে দিলে আমরা বণ্টন করতে পারি না। আবার বিভিন্ন পঞ্চায়েত সমিতি বিভিন্ন দলের দখলে আছে। উনি বললেন, 'পার্টি অফিস থেকে নামের তালিকা হচ্ছে। তা হওয়া উচিত নয়। সি. পি. আই (এম) দলের পঞ্চায়েত সমিতির তালিকা কখনই সি. পি. আই. (এম) দলের অফিস থেকে হওয়া উচিত নয়। অনুরূপভাবে তৃণমূলের ক্ষেত্রেও তা হওয়া উচিত নয়। যার যেখানেই পঞ্চায়েত দখলে থাকুক না কেন পঞ্চায়েত সমিতি থেকে তালিকা করতে হবে। তালিকা না পাওয়ার জন্য অনেক ক্ষেত্রেই এত দিন আমরা জমি বিলি করতে পারিনি। তালিকা দিলেই আমরা চেষ্টা করব। আর একটা প্রশ্ন এখানে বার বার ওঠে—সত্যি সত্যিই এর একটা মীমাংসা হওয়া দরকার। আজকেও কথাটা মাননীয় সদস্য অসিত মিত্র বললেন, কংগ্রেসের আরো একজন সদস্য বলেছেন, আরো কেউ কেউ বলেছেন—এ কথা অনেকেই বলবার চেষ্টা করেছেন যে, আমাদের এখানে যে জমি ভেস্ট হয়েছে তার বেশিরভাগই হয়েছে কংগ্রেস আমলে।

[5.40–5.50 p.m.]

এটা ঘটনা, কিন্তু আবার এটাই ফ্যাক্ট নয়। যদি বলেন কি করে হচ্ছে ? খাতায়-কলমে ব্যাপারটা হয়েছে, অঙ্কের হিসাবে হয়েছে, কিন্তু মাঠের হিসাবে হয়নি। আমি অঙ্ক এবং মাঠের হিসাবটা দিচ্ছি। ই-অ্যাক্টে, এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টে ১৯৫৩ সালে জমিদারি উচ্ছেদ হয়ে গেল এক আইনের বলেই, এক কলমের খোঁচায়। একদিনে জমি ভেস্ট হয়ে গেল ১০ লক্ষ ৩ হাজার একর। তারপর হল এল. আর. অ্যাক্ট, মানে হচ্ছে ডিটেকশন অ্যান্ড ভেস্টিং। ওখানে ই-অ্যাক্টে ডিটেকশন বেরোয়নি। কারণ, জমিদারি উচ্ছেদ হল, আর এতে এক কলমেই ডিটেকান অ্যান্ড ভেস্টিং। এই ডিটেকশন অ্যান্ড ভেস্টিং এটা কঠিন কাজ। সেই কাজে যে পরিমাণ জমি বেরুলো সেটা হচ্ছে ৩ লক্ষ ৮১ হাজার একর। দুটি মিলিয়ে টোটাল হচ্ছে ১৪ লক্ষ একরের মতন। বড় অংশ ই-অ্যাক্টে আর ছোট অংশ এল. আর. অ্যাক্টে। এটাই স্বাভাবিক। কংগ্রেস আমলে যেটা হয়েছে বলছেন সেটার আমি হিসাব দিচ্ছি। ১৯৬৭ সালের পর পর্যন্ত ভেস্টিং হয়েছিল ৬ লক্ষ একর আর ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ভেস্টিং হয়েছিল ১ লক্ষ একর অর্থাৎ ৭ লক্ষ একর। আমরা অর্থাৎ লেফ্‌টফ্রন্ট ১৯৭৭ সাল থেকে ২০০২ সালের মার্চ পর্যন্ত ভেস্টিং করেছি ৬ লক্ষ ৮৪ হাজার একরের মতো। অর্থাৎ প্রায় সমান সমান। বিষয়টি হচ্ছে, ভেস্টেড হল বটে, কিন্তু মাঠে সেই জমি বিলি হল না। মাননীয় একজন সদস্য বললেন, স্বনামে, বেনামে, দেবোত্তর নামে, বাগানের নামে, বাস্তুর নামে, ভেড়ির নামে বিভিন্ন জায়গায় এগজেমশন ছিল। তারপর সিলিং অ্যাক্ট আনা হয়েছে। লান্ডের ডেফিনেশন আনা হল। একজন সদস্য হরেকৃষ্ণ কোঙারের নাম বললেন। সত্যিই তাই। হরেকৃষ্ণ কোঙার বলেছিলেন, চাষি তুমি ঝাণ্ডা নিয়ে জমির উপর উঠে পড়, তারপর আমি দাগ খতিয়ান পরে দেব। সেই দাগ খতিয়ান শুরু হয়েছে ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল, বিশেষ করে ১৯৭৭ সালের পর থেকে। যে ১৪ লক্ষ একর জমির হিসাব দিলাম তার মধ্যে কোর্টে আটকে আছে ১ লক্ষ ৯৩ হাজার একর আর পাট্টা দিতে পেরেছি ৬৪ হাজার একর জমি। এই কোর্ট অর নো-কোর্ট, ভেস্ট অর নন-ভেস্ট এই যখন চলছে

তখন চাষিরা কিন্তু ডাণ্ডা আর ঝাণ্ডা নিয়ে জমিতে বসে গেছে। জমির দখল তারা ছাড়বে না। এটাই হচ্ছে কৃষক আন্দোলন, বাম আন্দোলন। তার ফলে অনেকে কোর্ট করেছে, ইনজাংশন দিয়েছে। কিন্তু চাষিদের উচ্ছেদ করতে পারেনি। এই হচ্ছে পশ্চিমবাংলা। সেই জায়গায় দাঁড়িয়ে আমি বলছি, এখান থেকেই উত্তোরণ ঘটে, কৃষির বিকাশ ঘটে। এই কৃষির বিকাশের মাধ্যমেই এগুতে হবে। এর পরে খাজনা বৃদ্ধি ইত্যাদির প্রশ্নে বিষয়টি পরিষ্কার করি। ৪ একর এবং ৬ একর জমির কিন্তু কোন খাজনা নেই। মকুব ছিল, আজও মকুব। যাদের জমি আছে সেচ এলাকায় ৪ একর আর অসেচ এলাকায় ৬ একর তাদের ক্ষেত্রে করা হয়েছে ২০ টাকা।

(**শ্রী কাশীনাথ মিশ্র** : অসেচ এলাকায় কিম্বা খরাপ্রবণ এলাকায় যেমন বাঁকুড়া জেলার শালতোড়া, ছাদনা, বাঁকুড়া ১ নম্বর এবং ২ নম্বর প্রভৃতি এলাকা অসেচ এলাকা। তা সত্ত্বেও এগুলিকে সেচ এলাকা কেন ধরা হবে এবং খাজনা কেন বেশি নেওয়া হবে সেটা পরিষ্কার করে বলুন ?)

আমি প্রথমেই বলে নিই, এই ২০ টাকা মাত্র ধরা হয়েছে। এই যে ২০ টাকা ধরা হয়েছে এটা কাদের দিতে হবে ? আমাদের রাজ্যে খতিয়ান আছে ২ কোটি, কিন্তু রায়ত আছে ৭৩ লক্ষ। তার উপরে যাদের তাদের খাজনা দিতে হবে ২০ টাকা এবং তার সংখ্যা মাত্র ৮ লক্ষ। এখন এই খাজনা বাড়ালাম কেন ? ১৯৪০ সালের পর থেকে ২০০১ সাল পর্যন্ত ৬০ বছর হয়ে গেল কোন খাজনা বাড়েনি। যদি ১৯৪০ সালকে মূল্য-সূচক ধরি তাহলে খাজনা হওয়া উচিত একরে ১০৫ টাকা। কিন্তু সেই জায়গায় আমরা করেছি মাত্র ২০ টাকা। আর (আমি বলেছি) যাদের খাজনা মকুব তাদের কিন্তু সেস দিতে হয়। সেই সেস হচ্ছে শিক্ষার জন্য টাকায় ১০ পয়সা, রাস্তার জন্য টাকায় ৬ পয়সা আর পূর্তের জন্য টাকায় ২৫ পয়সা, মোট ৪১ পয়সা। খাজনার বকেয়া চাওয়া হচ্ছে না। খাজনা হচ্ছে ১৪০৮ সাল থেকে।

কিন্তু সেস, সেটার তো মকুব নেই। সেসটা তো দিতেই হবে। সেসটা বাদ নেই। এই সেসটা কিন্তু একটু বেড়ে গেল। যেহেতু ২০ টাকা একরে ধরা হয়েছে, এটা ন্যাশনাল ধরে সেসটা বাড়লো এবং সেখানে ২.৬০ টাকা না করে রাউন্ড ফিগারে আমরা বলেছি বিঘাতে ৩ টাকা। এই তিন টাকা দিতে চাইছে না বলে যেটা বলছেন সেটা কিন্তু ঠিক নয়। সেখানে লাইন দিয়ে লোকে খাজনা দিচ্ছে। কারণ তারা একটা রসিদ চায়, একটা পর্চা চায়, একটা ডকুমেন্ট চায়। এই রসিদ, পর্চা বা ডকুমেন্ট থাকলে চাষিদের ব্যাঙ্ক থেকে লোন পেতে বা অন্যান্য ক্ষেত্রে সুবিধা হয়। তারপর রেকর্ডে গণ্ডগোলের কথা বলছেন। '৬২ সাল থেকে হাল রেকর্ডে গণ্ডগোল করে দিচ্ছে বলছেন। আর. এস. থেকে এন. এস. গণ্ডগোল হচ্ছে। এইসব রেকর্ড, পর্চা কিচ্ছু নেই। সেইজন্য চাষিরা আগ্রহী এই তিন টাকা দিতে এবং এতে তাদের কোন অসুবিধা নেই। আর আপনারা জানেন একটা রসিদ ছাপাতে গেলে আট আনা খরচ হয়। কাজেই তিন টাকাটা কোন ব্যাপারই নয় এবং এ ব্যাপারে চাষিদের কোন আপত্তি নেই। আমরা কিন্তু গরিব চাষিদের খাজনা ধরিনি। ৬ একর এবং ৪ একর, তার উপরে হলে ২০ টাকা ধরেছি। তার তলায় যারা আছে তাদের সেসটা দিতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার** : মাননীয় সদস্যগণ, এই বাজেটের উপর আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তার শেষ হচ্ছে—৫টা ৪৭ মিনিটে। দেখা যাচ্ছে তার মধ্যে আলোচনা শেষ হবে না, অতএব আমি আপনাদের সম্মতি নিয়ে সময় আরও আধঘণ্টা বাড়িয়ে নিচ্ছি।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেন।)

সময় আরও আধঘণ্টা বাড়লো।

**শ্রী আবদুর রেজ্জাক মোল্লা** : অনুরূপভাবে চা বাগানের খাজনা ছিল ৬.৫০ টাকা। সেটা ওই মূল্যসূচকে ধরলে ১০২ টাকা হত, সেখানে আমরা ৩০ টাকা বাড়িয়েছি। তারপর মাননীয় সদস্যরা বললেন, রেভিনিউ, সেস ইত্যাদি আদায় ঠিকমতো হচ্ছে না। আমি তার একটা হিসাব দিচ্ছি। ১৪০৭ সালে আমাদের শুধু খাজনা থেকে আয় হয়েছিল ৪ কোটি ৪৫ লক্ষ টাকা। ১৪০৮ সালে খাজনা এবং সেস থেকে আদায় হয়েছে ১৫ কোটি টাকা। ১৪০৭ সালে আমাদের আদায় হয়েছিল খাজনা, রয়্যালটি থেকে ৪৭ কোটি টাকা, এবারে আদায় হয়েছে—১৪০৮ সালে—৬৩ কোটি টাকা। আমরা যে রেন্ট রোল করেছি তাতে দেখছি আগামী বছরে শুধু খাজনা থেকে আদায় হতে পারে ৫০ কোটি টাকা। আমরা বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য রুল অ্যামেন্ড করেছি এবং তাতে বলেছি খাদ, পাথর খাদান, বোল্ডার, মোরাম এগুলি কেবলমাত্র বেকার যুবকদের কো-অপারেটিভ বা তাদের কোনো রেজিস্টার্ড গ্রুপ, তারা ছাড়া অন্যদের দেওয়া যাবে না। পঞ্চায়েতের হাতে যে ৫ একর পর্যন্ত জলাশয় আছে, ফেরিঘাট, হাট, বাজার আছে, সেগুলিও আমরা বলেছি অনুরূপভাবে বেকার যুবকদের কো-অপারেটিভকে দিতে হবে। তারপর জলাশয়ের মালিকদের আমরা বলেছি বেকার যুবকদের কো-অপারেটিভ করে লিজ দিতে পারবেন। সরকারের হাতে যেসব বড় বড় জলাশয় আছে সেগুলি আমরা বলেছি কেবলমাত্র প্রাইমারি ফিশারমেন্স কো-অপারেটিভ ছাড়া অন্য কারুকে দেওয়া যাবে না। এর জন্য আমরা রুল পরিবর্তন করেছি। ম্যাপিং-এর কথা বলেছেন। আমাদের রাজ্যে মৌজা আছে ৪২ হাজার ৬৭টি। এর মধ্যে ৩৯ হাজার ২৮৬টি মৌজাকে আমরা নথিভুক্ত করেছি, রেকর্ডিং করেছি এবং ফাইনাল পাবলিকেশান হয়ে গিয়েছে ৩৯ হাজার ৬৫টির। ১০ টাকা দিলে ২/৩ দিনের মধ্যে কপি পাওয়া যাচ্ছে। যদি কোনো জায়গায় এ সম্পর্কে অভিযোগ থাকে যে দিচ্ছে না তাহলে আমাকে বলবেন, আমি দেখবো। এই ৪২ হাজার ৬৭টি মৌজার ম্যাপ তৈরি করতে গেলে ৬৬ হাজার সিট তৈরি করতে হবে। তার মধ্যে ২৫ হাজার সিট তৈরি হয়ে গিয়েছে, ১৬ হাজার ফাইনাল হয়েছে। ব্লক থেকে সেগুলি পাওয়া যাচ্ছে না। এরিয়াল সার্ভের কথা যেটা বলেছেন সেটা খুব একটা স্যাটিসফ্যাক্টরি হচ্ছে না। এটা একটা টেকনিক্যাল ব্যাপার, তিন/চারটি মৌজাতে এ পর্যন্ত করা গিয়েছে, এটা আমি দেখছি। এর পর আমি বণ্টনের কি রেজাল্ট হয়েছে সেটা বলেই আমি শেষ করবো। ১৪ লক্ষ একর জমি চাষিদের দখলে আছে, ১১ লক্ষ ৮ হাজার একর বর্গা রেকর্ড হয়েছে। জমির মালিকানার ভাগ বাদ দিলে ৮ লক্ষ একর বর্গাদারদের অংশ হয়। এই ১৪ প্লাস ৮ মোট ২২ লক্ষ একর জমিকে তিন দিয়ে গুণ করলে দাঁড়ায় ৬৬ লক্ষ বিঘা জমি। এই ৬৬ লক্ষ বিঘাতে যদি বিঘাতে ১০ মণ করে ধান ধরি তাহলে ধানের পরিমাণ দাঁড়ায় ৬ কোটি ৬০ লক্ষ মণ। একেবারে বাজারের কম দাম যদি ১০০ টাকা করে মণ ধরি তাহলে ৬ হাজার ৬০০ কোটি টাকা এর মূল্য হয়। এই ৬ কোটি ৬০ লক্ষ মণ

ধান আগে যেত বড়লোকদের ধানের গোলায় আর এখন সেই ধান বস্তাবন্দী হয়ে থাকছে গরিবদের রান্নাঘরের দাওয়ায়।

[5.50–6.00 p.m.]

আগে ১৬,৬০০ কোটি টাকা যেতো ব্যাঙ্কে, এখন ওই টাকা থাকছে মেয়েদের আঁচলের নিচে, বালিশের তলায়। তারই জন্য আজকে গ্রামের চেহারা পাল্টে গেছে। এখন গ্রামের একটি ছোট কাপড়ের দোকানে সায়া-ব্লাউজ বিক্রি হচ্ছে। আগে গ্রামের মুদি-দোকানে একমাত্র লেড়ে বিস্কুট পাওয়া যেতো ; এখন সেখানে সেন্ট, সাবান, শ্যাম্পু পাওয়া যাচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে বলছি, আজকে পশ্চিমবঙ্গে ১৩,৬০০ কোটি টাকার এই যে বাজার সৃষ্টি হয়েছে সেটা বামফ্রন্টের জন্যই হয়েছে। এই ১৩,৬০০ কোটি টাকায় আগামী দিনে কৃষির বিকাশ ঘটিয়ে আরো সমৃদ্ধ পশ্চিমবঙ্গ গড়ে তুলবো এবং সেটা আমরা করবো, কেউ আমাদের বাধা দিতে পারবে না। এটা হচ্ছে আমাদের দাবি। এর ভেতর দিয়ে শিল্পের বিকাশ ঘটিয়ে শত্রুর মুখে ছাই দিয়ে আমরা এগোবো, এগোবো, এগোবো, কেউ আমাদের আটকাতে পারবে না। এই বলে শেষ করছি।

## POINT OF ORDER

**শ্রী পরশ দত্ত** : মিঃ ডেপুটি স্পিকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, আমরা জানি যে, পশ্চিমবঙ্গে জমি নিয়ে প্রচুর আইন-শৃঙ্খলা ভঙ্গ করা হয়। জমির মালিক কে, মালিকানা কার, সেটা কোর্টের বিচার্য। কিন্তু আজকে এখানে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী তাঁর জবাবি ভাষণে যা বলছিলেন, 'কোর্ট অব নো কোর্ট, আমাদের কৃষকরা ডাণ্ডা এবং লালঝাণ্ডা নিয়ে বসে আছেন বলেই জমির উপর তাদের দখল আছে', তাতে আইন-শৃঙ্খলা ভঙ্গের প্রেরণাই এই হাউসে দেওয়া হল। এরই প্রতিবাদে আমার এই পয়েন্ড অফ অর্ডার।

## PERSONAL EXPLANATION

**শ্রী অশোক দেব** : মিঃ ডেপুটি স্পিকার মহাশয়, সারা রাজ্যে দেখতে পাই, জমি নিয়ে প্রচুর গোলমাল হয়। এর থেকে রোহাই পাবার জন্য আইনমন্ত্রীকে বলছি, প্রতিটি ডিস্ট্রিক্টে রিটায়ার্ড জাজদের নিয়ে টিম তৈরি করে যদি জমির সমস্যার মীমাংসার ব্যবস্থা করতে পারি তাহলে আমরা রেহাই পাবো, আপনারাও রেহাই পাবেন। প্রতিটি জেলায় দেখতে পাচ্ছি, জমি নিয়ে ভাইয়ে ভাইয়ে লড়াই হচ্ছে। তার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো, প্রতিটি জেলায় এরকম টিম তৈরি করে এই সমস্যার ফয়সালা করুন। তাহলে দেখবেন, ৮০ ভাগ জায়গায় কোন গণ্ডগোল হবে না।

## Demand No. 7

The motions of Shri Kamal Mukherjee, Shri Kashinath Mishra, Shri Nirmal Ghosh that the amount of the Demand be reduced to Re. 1/- were then put and lost.

The motions of Shri Abdul Mannan, Shri Kamal Mukherjee, Shri Kashinath Mishra, Shri Tarak Bandyopadhyay and

Shri Biman Chakrabarti that the amount of the Demand by reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 285,97,91,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: "2029-Land Revenue and 5475-Capital Outlay on Other General Economic Services" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 95,32,63,000 already voted on account in March, 2002,) was then put and agreed to.

## Demand No. 61

The Motions that the amount of the Demand be reduced to Re. 1/- and the Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 13,17,30,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2506-Land Reforms" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 4,39,10,000 already voted on account in March, 2002,) was then put and agreed to.

## Adjournment

The House was adjourned at 5.57 till 11.00 a.m. on Monday, the 17th June, 2002, at the Assembly House, Kolkata-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the Provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 17th June, 2002 at 11.00 a.m.

**PRESENT**

**Mr. Speaker** (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 08 Ministers of State and 176 Members.

[11.00—11.10 a.m.]

**Held over Starred Questions**
**(to which oral answers were given)**

**অনুমোদিত ও অননুমোদিত মাদ্রাসার সংখ্যা**

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) **শ্রী শংকর সিংহ ও আবদুল মান্নান** : মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত দশ বছরে রাজ্যে কতগুলি নতুন মাদ্রাসার অনুমোদন দেওয়া হয়েছে : এবং

(খ) বর্তমানে অনুমোদিত ও অননুমোদিত মাদ্রাসার সংখ্যা কত ?

**শ্রী কান্তি বিশ্বাস** :

(ক) ১.৪.১৯৯১ থেকে আজ পর্যন্ত অনুমোদিত মাদ্রাসার সংখ্যা

| | | |
|---|---|---|
| জুঃ হাই মাদ্রাসা | — | ৭৬ |
| হাই মাদ্রাসা | — | ২ |
| সিনিয়ার মাদ্রাসা | — | ১০ |
| মোট | — | ৮৮ |

(খ) বর্তমানে অনুমোদিত মাদ্রাসার সংখ্যা

| | | |
|---|---|---|
| জুঃ হই মাদ্রাসা | — | ১৭০ |
| হাই মাদ্রাসা | — | ২৩৪ |
| সিনিয়ার মাদ্রাসা | — | ১০৩ |
| মোট | — | ৫০৭ |

অননুমোদিত মাদ্রাসার সংখ্যা বিভাগে রাখা হয় না।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি প্রশ্ন করেছিলাম কতগুলি নতুন মাদ্রাসার অনুমোদন দেওয়া হয়েছে ? আপনি উত্তর দিয়েছেন—জুনিয়র হাই মাদ্রাসা

৭৬, হাই মাদ্রাসা ২ এবং সিনিয়র মাদ্রাসা ১০। এগুলির কি আপ-গ্রেডেশন হয়েছে, না নতুন করে তৈরি হয়েছে ? আমার প্রশ্ন ছিল, নতুন করে কতগুলি হয়েছে—একদম নতুন করে হয়েছে এই রকম অনুমোদন পেয়েছে ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আমার মনে হয়, আমার উত্তরের মধ্যে পরিষ্কার করে বলা হয়েছে। জুনিয়র মাদ্রাসার আপ-গ্রেডেশান হয় না। জুনিয়র মাদ্রাসা মানেই নতুন করে হয়েছে, তার অনুমোদন দেওয়া হয়েছে। জুনিয়র স্কুল বা জুনিয়র মাদ্রাসা মানে হচ্ছে নতুন করে স্বীকৃতি লাভ করেছে। জুনিয়র মাদ্রাসার আপ-গ্রেডেশান হয় না। এর জন্য আমার উত্তরে অত্যন্ত পরিষ্কার করে বলেছি, জুনিয়র মাদ্রাসা ৭৬টিকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

**শ্রী আবদুল মান্নান** : একটা জিনিস দেখা যাচ্ছে, মাদ্রাসা থেকে পাশ করা ছাত্রছাত্রীরা তারা জয়েন্ট এন্ট্রান্স দিয়ে বেশিরভাগই ভর্তি হতে পারছে না। বিশেষ করে ইঞ্জিনিয়ারিং কোর্সে তাদের নেওয়া হচ্ছে না। সরকারের কাছে এই রকম তথ্য আছে কিনা, থাকলে কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** : সরকারের কাছে এই ধরনের কোনও অভিযোগ আসেনি। দুঃখের বিষয়, এটা ঠিকই যে মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্রছাত্রীরা যৌথভাবে যে পরীক্ষা হয়—চিকিৎসা বিভাগে বা ইঞ্জিনিয়ারিং বিভাগে—সেখানে মাদ্রাসা ছাত্রছাত্রীদের ফলাফল অত্যন্ত নৈরাশ্যজনক।

**শ্রী আবদুল মান্নান** : সত্যিই নৈরাশ্যজনক। সবাই আলম, ফাজিল পড়তে মাদ্রাসায় যায় না। মাদ্রাসা বোর্ডের যে সিলেবাস সেই সিলেবাস আদার বোর্ডের যে সিলেবাস রয়েছে তাদের সঙ্গে অনেক ডিফারেন্স বা গ্যাপ আছে। বিশেষ করে অল ইন্ডিয়া মাদ্রাসা বোর্ড এবং আমাদের মাদ্রাসা বোর্ডের সিলেবাসের মধ্যে পার্থক্য রয়েছে। মাদ্রাসা বোর্ডের যে সিলেবাস রয়েছে তার পরিবর্তন করার বা সংশোধন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মান্নান সাহেব, আপনি আবার ভুল করলেন। আলম, ফাজিল সিনিয়র মাদ্রাসায় যেটি আছে, ওখানে ধর্মীয় শিক্ষা দেওয়া হয়। এটি সম্পূর্ণ আলাদা। মাদ্রাসা বোর্ড আলম, ফাজিল, সিনিয়র মাদ্রাসার পরীক্ষা গ্রহণ করে। হাই মাদ্রাসা, সিনিয়র মাদ্রাসা উভয়ের পরীক্ষা মাদ্রাসা বোর্ড গ্রহণ করে। আলম, ফাজিল, এগুলিতে মূলত ধর্মীয় শিক্ষা দেওয়া হয়। এগুলির পরীক্ষা মাদ্রাসা পর্ষদের দ্বারা পরিচালিত হয়। যেগুলো হাই মাদ্রাসা তার পরীক্ষা মাদ্রাসা পর্ষদ গ্রহণ করে। এই মাদ্রাসা পর্ষদের সিলেবাস বা পাঠক্রম মাধ্যমিক শিক্ষা পর্ষদ যে সিলেবাস তৈরি করে তার সঙ্গে মিল আছে অনেকটা। একমাত্র অ্যারাবিক এবং অ্যাডভান্স অ্যারাবিক এই দুটি ক্ষেত্রে উচ্চ মাদ্রাসা বা হাই মাদ্রাসার দ্বারা পরিচালিত হয়। আর সিনিয়র মাদ্রাসা পাঠক্রমে যে আলিম, কালম এবং ফাজিল পাঠক্রম আছে তার সঙ্গে মাধ্যমিক পর্ষদ এবং উচ্চ মাধ্যমিকের পাঠক্রমের কোনও মিল নেই। হাই মাদ্রাসার যে পাঠক্রম তাতে অ্যারাবিক এবং অ্যাডভান্স অ্যারাবিক বাদে অন্যান্য সব কিছু আমাদের সঙ্গে একই রকম রয়েছে।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে, রাজ্য সরকার তথা বামফ্রন্ট সরকারের একটা ভ্রান্ত ধারণা এবং যেটা মাননীয় মুখ্যমন্ত্রীও বহু জায়গায় বলেছেন এবং আপনিও বলেছেন যে, মাদ্রাসা শিক্ষা মানেই মৌলবাদী হয়ে যাচ্ছে এবং মাদ্রাসা শিক্ষার মাধ্যমে সন্ত্রাসবাদীদের খপ্পরে পড়া। এইকথা মাননীয় মুখ্যমন্ত্রী বিভিন্ন সময়ে বলেছেন এবং আপনিও বলেছেন এবং এর ফলে একটা জনমতের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা যাচ্ছে এবং মাদ্রাসায় যারা পড়ছে, তারাও এর চূড়ান্ত শিকার হচ্ছে, সুতরাং আপনারা সত্যি কি বিশ্বাস করেন মাদ্রাসা শিক্ষার মাধ্যমে সন্ত্রাস শিক্ষা দেওয়া হচ্ছে এবং মাদ্রাসা শিক্ষা মানেই মৌলবাদী শিক্ষা দেওয়া হচ্ছে ? এই ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় সদস্য মাননীয় মুখ্যমন্ত্রীর কথা যেটা উল্লেখ করে বললেন এর সঙ্গে সত্যতার কোনও মিল নেই। মুখ্যমন্ত্রী মহাশয় মাদ্রাসা শিক্ষা সম্পর্কে এই ধরনের কোনও মন্তব্য করেননি। আমিও এই ধরনের কোনও মন্তব্য করিনি। মাদ্রাসা উচ্চ শিক্ষার ক্ষেত্রে উন্নততর করার জন্য আমরা এ আর কিদোওয়াইয়ের নেতৃত্বে এবং মাইনরিটি কমিউনিটির চেয়ারম্যান ইউসুফ সাহেবকে দায়িত্ব দেওয়া হয়েছে গোটা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে মাদ্রাসা শিক্ষার যে ব্যবস্থা আছে তার সঙ্গে তুলনামূলক স্টাডি করে আমাদের এখানকার মান আরো উন্নত করা যায় কিনা তার সুপারিশ তাদের কাছে চেয়েছি। তারা এই মাসের মধ্যেই প্রতিবিধান পেশ করবেন।

**শ্রী আবদুল মান্নান** : আমি কমিটি সম্পর্কে জানতে চাইনি, আমার জিজ্ঞাস্য যে, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে আপনাদের যে কনসেপশান, সরকারের পক্ষের যে ধারণা যে মাদ্রাসা শিক্ষার মাধ্যমে সন্ত্রাসী কার্যক্রম শেখানো হয় এটাতে কি আপনারা বিশ্বাস করেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** : এই ক্ষেত্রে পরিষ্কার উত্তর আমরা দিয়েছি। মাদ্রাসা শিক্ষা সম্পর্কে আমাদের নীতি খুব স্পষ্ট এবং বলিষ্ঠ। মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে আমরা যে পরিমাণে টাকা দিই, অন্যান্য রাজ্য সেই পরিমাণে খরচ করে না। মাদ্রাসা শিক্ষা সম্পর্কে মান্নান সাহেব, আমাদের কোনও সংকীর্ণতা নেই।

**শ্রী ইউনুস সরকার** : মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য ১৯৭৬-৭৭ সালে এই মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে কত বরাদ্দ ছিল আজকে ২০০০-০১ সালে কত বরাদ্দ হয়েছে এবং কেন্দ্রীয় সরকার কোনও নির্দিষ্ট তদন্ত করার নির্দেশ পাঠিয়েছেন কিনা জানাবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : ১৯৭৬-৭৭ সালে এই মাদ্রাসা শিক্ষা খাতে ব্যয় মান্নান সাহেবদের অন্তিম কালে হয়েছিল ১৫ লক্ষ টাকা। আর এই বছরে মাদ্রাসা শিক্ষার খাতে ব্যয় আমরা করেছি ১১৫ কোটি টাকা। আর দ্বিতীয় যে প্রশ্ন করেছেন তাতে জানাই যে, কেন্দ্রীয় সরকার কনফিডেনশিয়াল চিঠি দিয়েছিল এবং চিঠিটি কেন্দ্রীয় শিক্ষা দপ্তর থেকে এসেছিল। চিঠিটা আমাদের মনে হয়েছিল খুবই আপত্তিকর।

এখানে মাননীয় বিধায়ক জিজ্ঞাসা করেছেন, যে মাদ্রাসা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের থেকে এর মধ্যে কোনও চিঠি আমি পেয়েছি কিনা ? চিঠি হচ্ছে এই, আমরা সম্প্রতি কেন্দ্রীয় সরকারের শিক্ষা দপ্তর-এর পক্ষ থেকে একটা গোপনীয় চিঠি পেয়েছি, তারা বলছে, যদি

কোনও মাদ্রাসা, কোনও সরকারি আর্থিক অনুদানের জন্য আবেদন করে তাহলে রাজ্য সরকারকে সেই মাদ্রাসার ব্যাপারে খতিয়ে দেখতে হবে, তারা সমাজবিরোধী বা জাতীয়তাবিরোধী কোনও কাজের সঙ্গে যুক্ত আছে কিনা, এটা তদন্ত করে কেন্দ্রীয় সরকারকে জানাতে হবে।

[11.10—11.20 a.m.]

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মান্নান সাহেবের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী জানালেন, অননুমোদিত মাদ্রাসা শিক্ষা ওনার দপ্তরের নয়, মাদ্রাসা সেন্টার বিভিন্ন জায়গায় তৈরি হয়েছে, তারা অনুমোদনের জন্য আপনার কাছে তাদের আবেদন বারবার পাঠাচ্ছেন, তারা আশা করছেন আপনারা কিছুদিনের মধ্যে অনুমোদন দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, অননুমোদিত মাদ্রাসাগুলির মধ্যে কতকগুলি মাদ্রাসা আপনাদের কাছে তাদেরকে অনুমোদন দেওয়ার জন্য আবেদন করেছেন এবং সেই আবেদন বিচার বিবেচনা করে আগামী দিনে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগ এই মাদ্রাসাগুলির অনুমোদন দেওয়ার কথা ভাবছেন কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাদ্রাসা যারা স্বেচ্ছায় ও স্বতঃপ্রবৃত্ত হয়ে মাদ্রাসা প্রতিষ্ঠিত করে তাদের কোনও আবেদনপত্র সরকারের কাছে আসবার অবকাশ নেই, সুযোগও নেই। যদি নিজস্ব উদ্যোগে কেউ মাদ্রাসা করে তার খবর সরকারের কাছে থাকে না। আমরা যেগুলি ভবিষ্যতে করব, মাদ্রাসা নিয়ে যখন সিদ্ধান্ত হবে, সেখানে সরকার নিজস্ব উদ্যোগে মাদ্রাসা প্রতিষ্ঠিত করবে, যেগুলি বর্তমানে চলছে তাদের স্বীকৃতি দেওয়ার প্রশ্নটা বিবেচিত হবে কিনা সেটা ভবিষ্যতে বলতে পারব।

**শ্রী তপন হোড়** : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে মাদ্রাসা শিক্ষা মানে মৌলবাদী শিক্ষা, এটা এমনভাবে প্রচার করেছে যে বিষয়টা আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যের কাছে অবমাননাকর। মান্নান সাহেব এবং আমাদের কারোর এটায় নৈতিক দিক থেকে কিছু বলার নেই। মাদ্রাসা শিক্ষা মানে মৌলবাদী শিক্ষা এটা সরকার বলেনি, আমরাও বলিনি। কিন্তু সেখানে হচ্ছে, এই পিছিয়ে পড়া মুসলিম কমিউনিটি তাদেরকে আরো তুলে আনার জন্য যে পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছেন সেটা এই মাদ্রাসার তাদের যে অ্যাফিলিয়েশান এটা আরো বাড়ানোর ক্ষেত্রে যে ব্যবস্থা আছে, তাকে আরো বর্ধিত করার ক্ষেত্রে অননুমোদিত মাদ্রাসা যেগুলি আছে, তাদের সিলেবাস-এর ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও হস্তক্ষেপ না হলেও সেক্ষেত্রে কোনও পরামর্শ দেবেন কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় সদস্য, তিনি তাঁর প্রশ্নের মধ্যে জিজ্ঞাসা করেছেন যে পিছিয়েপড়া বা অনুন্নত সম্প্রদায়, সংখ্যালঘু বা মুসলিম সম্প্রদায়ের শিক্ষার জন্য শুধু মাদ্রাসা করতে হবে, তার মানে এই নয়। পশ্চিমবাংলায় কয়েক হাজার নিম্ন মাধ্যমিক বিদ্যালয় করেছি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় করেছি, কলেজ করেছি, স্কুল করেছি। বহু স্কুল কলেজ আছে, যেটা মুসলিম অধ্যুষিত এলাকায়, সেখানেও প্রচুর স্কুল করেছি, জুনিয়ার হাই স্কুল করেছি, এইচ এস করেছি, কলেজ করেছি। সেখানে তাই ইসলাম ধর্মের যে সমস্ত এলাকা আছে,

তাদের সেই এলাকার ছেলে-মেয়েদের উচ্চ শিক্ষার জন্য এই রাজ্য সরকার বিদ্যালয় করেছে, নিম্নমাধ্যমিক বিদ্যালয় করেছে, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় করেছে কলেজ প্রতিষ্ঠিত করেছে। অতএব তাদের জন্য আমাদের সরকার খুবই যত্নশীল এবং তাদের শিক্ষার জন্য আগ্রহী, এই ব্যাপারে কোনও সন্দেহ নেই। আপনি যে কথা বলেছেন, আপনার সঙ্গে একমত মাদ্রাসা শিক্ষা মানেই মৌলবাদী শিক্ষা এটা মনে করি না, আমরা সর্বাধিক গুরুত্ব দিচ্ছি তাদের শিক্ষার ব্যাপারে। আমরা যে স্কুল কলেজ করেছি, সেখানে প্রচুর ছেলে-মেয়ে তারা শিক্ষালাভ করছে। আমরা বিভিন্ন জায়গায় জুনিয়ার স্কুল করেছি, হাই স্কুল করেছি, এইচ এস করেছি। আমরা বিশ্বাস করি, বর্তমান যুগে এই একবিংশ শতাব্দীতে তথ্য প্রযুক্তি ও কমপিউটারের যুগে আধুনিক শিক্ষায় গুরুত্ব দেওয়া উচিত। এখানে একটা কথা বলি, এই মাদ্রাসা শিক্ষা ১৭৮০ সালে শুরু হয়। সেই মাদ্রাসা শিক্ষার ঐতিহাসিক গুরুত্ব প্রয়োজন মনে করে মাদ্রাসার শিক্ষকদের সরকারি শিক্ষকদের হারে বেতন দেওয়া হচ্ছে এবং পশ্চিমবাংলাই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে মাদ্রাসা শিক্ষকরা সরকারের কাছ থেকে এই রকম বেতন পান ও অবসরকালীন সুযোগ-সুবিধা পান। ভারতবর্ষের আর কোনও রাজ্যে সরকারের কাছ থেকে মাদ্রাসা শিক্ষকরা এই রকম সুযোগ-সুবিধা পান না। এর থেকেই বোঝা যায় মাদ্রাসা শিক্ষার প্রতি আমরা কোনও অবহেলা করি না। মাদ্রাসা শিক্ষায় আমরা সর্বাধিক গুরুত্ব দিই বলেই মাদ্রাসা বিদ্যালয় এবং মহাবিদ্যালয় আমরা বিভিন্ন মুসলিম এলাকায় প্রতিষ্ঠা করেছি।

**শ্রী সৌগত রায়** : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় অবশ্য বললেন, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী ইতিপূর্বে কয়েকটি কথা দ্বিতীয় বারও বলেছেন—বে-আইনি মাদ্রাসায় বিদেশি চক্রান্ত ও বিদেশি গুপ্তচর বৃদ্ধি পাচ্ছে। সাধারণভাবে তাতে মাদ্রাসা সম্বন্ধে মানুষের ধারণা খারাপ হচ্ছে। তবে এটা ঠিকই সব মাদ্রাসাকে অনুমোদন দেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়। ৫০৭টি অনুমোদিত মাদ্রাসা পশ্চিমবঙ্গে আছে এবং ৮৮টি মাদ্রাসা গত দশ বছরে আপনারা অনুমোদন দিয়েছেন। কিন্তু আমার খুবই আশ্চর্য লাগছে, এডুকেশান ডিপার্টমেন্টে মাদ্রাসা সম্বন্ধে কোনও সেনশাস রিপোর্ট থাকবে না কেন। আমাদের কাছে এমন খবরও আছে, রাজ্যের একটা মাদ্রাসার বইয়ে লিখছে—'অ-তে অজুকরো ; আ-তে আল্লার নাম করো'। হতে পারে তাদের ব্যাপারে আপনাদের কোনও কন্ট্রোল নেই। কিন্তু আপনাদের কাছে কোনও ইনফর্মেশান থাকবে না এটা তো হতে পারে না। আপনি হয়তো টাকার অভাবে এদের অনুমোদন দিচ্ছেন না। কিন্তু সেনশাস অ্যান্ড ইনফর্মেশান অন দি আন-রেজিস্টার্ড মাদ্রাসা, এটা সরকারের কাছে থাকা উচিত ?

**শ্রী কান্তি বিশ্বাস** : পশ্চিমবাংলায় এই রকম বহু স্বীকৃত নয় প্রাথমিক বিদ্যালয়, জুনিয়ার বা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় আছে, তাদের ব্যাপারেও কোনও সেনশাস রাখা সম্ভব হচ্ছে না। একমাত্র দিল্লি ছাড়া ভারতবর্ষের দ্বিতীয় কোনও রাজ্যে এই রকম অ-অনুমোদিত বিদ্যালয়ের সেনশাস রাজ্য সরকারের কাছে নেই। তবে দিল্লি ক্যাপিটাল সিটি একটা আইন তৈরি করেছিল, যারা এই ধরনের শিক্ষা প্রতিষ্ঠান করবে তাদের সরকার অর্থ দিক বা না দিক, সরকারের কাছে তাদের নামটা নথিভুক্ত করতে হবে। আমাদের রাজ্যে অশোক মিত্র কমিশান সুপারিশ করেছে সরকারের পক্ষ থেকে এই রকম একটা শিক্ষা আইন তৈরি করার জন্য। যারাই শিক্ষা প্রতিষ্ঠান করবে তাদেরই সেখানে নামটা নথিভুক্ত করতে হবে। তবে

আমরা সেই সুপারিশ এখনো অবধি কার্যকর করতে পারিনি। তবে আমি আপনার সঙ্গে একমত এই রকম একটা আইন থাকার তাৎক্ষণিক প্রয়োজন আছে।

**শ্রী ঈদ মহম্মদ** : মাননীয় মন্ত্রীমহাশয়-এর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যেসব মাদ্রাসায় ইন্সপেকশান করার পর রিপোর্ট জেলা কমিটির রেকমেন্ডেশান হয়ে আপনার দপ্তরে অনুমোদনের জন্য এসেছিল, সেইসব মাদ্রাসাগুলিকে এখনও পর্যন্ত অনুমোদন দেওয়া হয়নি। এইরকম কতগুলি মাদ্রাসার অনুমোদন বাকি আছে এবং সেইগুলি সম্পর্কে আপনাদের চিন্তা-ভাবনা কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : সরকারের পক্ষ থেকে কোনও মাদ্রাসাতেই এই রকম পরিদর্শনের ব্যবস্থা করা হয় না। মাদ্রাসা পর্ষদ এই রকম পরিদর্শনের ব্যবস্থা মাঝে মাঝে করেন এবং তাদের কোনও তথ্য সরকারি দপ্তরে থাকে না।

[11.20—11.30 a.m.]

**শ্রী কাজী আবদুল গফ্‌ফর** : আমি যখন মাদ্রাসা বোর্ডের সদস্য ছিলাম, এক সময় সাড়ে তিনশো মাদ্রাসা দিয়েছিলাম। বামফ্রন্ট সরকার আসার পর গত ২৫ বছরে কটি মাদ্রাসা হয়েছে আমার জানা নেই। অনেক মাদ্রাসা অনুমোদনের জন্য অ্যাপ্লিকেশন করেছে, তদন্ত হয়েছে, রিপোর্ট এসেছে, বোর্ডে প্লেস হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, কতগুলো মাদ্রাসা অনুমোদনের জন্য পেন্ডিং আছে এবং কতগুলো মাদ্রাসার অ্যাপ্লিকেশন আপনার কাছে এসেছে কিন্তু হচ্ছে না।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় সদস্য যে তথ্য দিলেন আমার মনে হয় সেটা সঠিক নয়। পশ্চিমবঙ্গে ক্যালকাটা মাদ্রাসা প্রথম তৈরি হয় ১৭৮০ সালে। তারপর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত, আপনারা যে সময় পর্যন্ত সরকারে ছিলেন সেই সময় পর্যন্ত পশ্চিমবঙ্গে মাদ্রাসার সংখ্যা ছিল ২৩৮টি। ১৯৭৭ সালে যখন আমরা পশ্চিমবঙ্গে জনগণের সমর্থনে সরকারে আসি, তখন থেকে গত ২৪ বছরে আমরা ২৬৯টি মাদ্রাসা করেছি। মাদ্রাসা শিক্ষায় আপনারা অত গুরুত্ব দেননি, যতটা আমরা দিয়েছি। আপনাদের শেষ বছরে আপনারা মাদ্রাসা শিক্ষার জন্য বরাদ্দ করেছিলেন ১৫ লক্ষ টাকা আর গত বছরে আমরা এই খাতে বরাদ্দ করেছিলাম ১১৫ কোটি টাকা। যে মাদ্রাসা স্বীকৃতি চায় তার তথ্য সরকারের কাছে থাকে না, মাদ্রাসা পরিষদের কাছে থাকে। সুতরাং কত মাদ্রাসা স্বীকৃতিবিহীন অবস্থায় কাজ করছে তার সংখ্যা জানা নেই। মাননীয় সদস্য সৌগত রায় সঠিকভাবেই বলেছেন কত মাদ্রাসা অ-অনুমোদিত অবস্থায় আছে তার সংখ্যাটা জানা দরকার। আর অনুমোদিত/বেসরকারি কত বিদ্যালয় আছে তার সংখ্যাটাও জানা থাকা দরকার বলে আমি মনে করি।

## মাদ্রাসা বোর্ডের পাঠ্যসূচি

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৮) **শ্রীমতী সোনালী গুহ** : মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বভারতীয় মাদ্রাসা বোর্ডের পাঠ্যসূচির সঙ্গে রাজ্যের মাদ্রাসা বোর্ডের পাঠ্যসূচির সামঞ্জস্য রক্ষার ব্যাপারে সরকার কি কি উদ্যোগ নিয়েছেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** :

সর্বভারতীয় মাদ্রাসা বোর্ড বলে কোনও সংস্থার অস্তিত্ব নেই, অতএব এই প্রশ্ন ওঠে না।

**শ্রীমতী সোনালী গুহ** : মাদ্রাসা বোর্ডের পাঠ্যসূচি অনুযায়ী সিনিয়র মাদ্রাসা, ফাজিল, আলম, কালিম ইত্যাদিতে কি কি পড়ানো হয় মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : এখানে তৃণমূল কংগ্রেসের অনেক প্রবীণ সদস্যও আছেন, তাঁদের কাছে আমার বিনীত নিবেদন এই যে, রুলস অফ বিজনেসের ৪৩ নং ধারার ২ উপধারায় এবং ১৫ নং ধারায় বলা আছে—বইটির নতুন সংস্করণের ১১ পাতায় বলা আছে—যে তথ্য সহজে পাওয়া যায় তার জন্য কোনও প্রশ্ন হয় না এবং মন্ত্রী মহাশয় তার উত্তর দেবেন না। রুলস্ অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিজনেস, এর ১১ পাতায় বলা আছে, যে তথ্য সহজে পাওয়া যায় তার জন্য মন্ত্রী মহাশয় উত্তর দেবেন না। আলিম, ফাজিল, কালিম, এফ এম, এম এম এইসব মাদ্রাসা সিলেবাস সম্বন্ধে বহু আলোচিত বিষয়, সেইজন্য ঐ রুলের ধারা অনুযায়ী সেই প্রশ্নের উত্তর দিতে পারছি না।

**শ্রীমতি সোনালী গুহ** : মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন হাই মাদ্রাসায় উচ্চ মাধ্যমিক পাশ করার পরে তারা নর্মাল কোর্সে কলেজে ভর্তি হতে পারবে ? আধুনিক প্রযুক্তি বিজ্ঞানের সঙ্গে তাল মিলিয়ে কমপিউটার পড়ানোর কোনও সুযোগ রাজ্য সরকারের পক্ষ থেকে এদের দেওয়া হবে কিনা জানাবেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয়া সদস্যাকে জানাই হাই মাদ্রাসা থেকে যারা পাশ করে তাদের উচ্চ মাধ্যমিক পড়ার ক্ষেত্রে কোনও বাধা নেই। যেহেতু মাদ্রাসায় উচ্চ মাধ্যমিক আলাদা কোনও পাঠক্রম নেই, সেইজন্য হাই মাদ্রাসা থেকে পাশ করার পরে তারা প্রচুর পরিমাণে একাদশ শ্রেণীতে ভর্তি হতে পারে এবং যারা একাদশ শ্রেণীতে পাশ করবে, তাদের কলেজে ভর্তি হওয়ার ক্ষেত্রে কোনও বাধা নেই। তবে বহু মাদ্রাসায় উচ্চ মাধ্যমিক পাঠক্রম চালু করেছে। সেখানে হাই মাদ্রাসা ছিল, সেই হাই মাদ্রাসা আবার আবেদন করে, সেই আবেদনের ভিত্তিতে সেখানে উচ্চ মাধ্যমিক পাঠক্রম চালু করেছে। সেখানেও পড়তে পারে। আর কমপিউটারের ব্যাপারে বলি পশ্চিমবঙ্গের অনেকগুলি মাদ্রাসায় ইতোমধ্যে কমপিউটার শিক্ষা দেওয়ার ব্যবস্থা সরকারিভাবে করা হয়েছে। মাদ্রাসার ছেলেমেয়েরাও আধুনিক প্রযুক্তির মাধ্যমে শিক্ষা গ্রহণ করতে পারে—মাদ্রাসার চৌহদ্দির মধ্যে থেকেই সরকার এই ব্যবস্থা করেছে।

**শ্রীমতি সোনালী গুহ** : মাদ্রাসা বোর্ড থেকে যারা পাশ করছে তাদের ক্ষেত্রে ইঞ্জিনিয়ার, ডাক্তার, আই এ এস, আই পি এস, আই এফ এস এই সব ক্ষেত্রে তাদের পাশ করার হার জানাবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আমি মাননীয়া সদস্যাকে জানাই—ইঞ্জিনিয়ারিং বা মেডিকেলে ভর্তি হতে গেলে উচ্চ মাধ্যমিক পাশ করতে লাগে। মাদ্রাসা বোর্ডে উচ্চ মাধ্যমিক নেই। ফলে হাই মাদ্রাসা থেকে পাশ করার পরে যারা উচ্চ মাধ্যমিক পড়ছে, সেখানে মাদ্রাসার কোনও চিহ্ন থাকছে না। হাই মাদ্রাসা মানে ক্লাস টেন। হাই মাদ্রাসা থেকে পাশ করে যেহেতু তারা একাদশ শ্রেণীতে ভর্তি হয়, সেহেতু তারা মাদ্রাসায় পড়েছে কিনা তার কোনও চিহ্ন থাকে না।

প্রচুর ছেলে-মেয়ে উচ্চ মাধ্যমিক পাশ করছে। তাদের পক্ষ থেকে কে ইঞ্জিনিয়ারিং পাশ করেছে, আই এ এস-কে পাশ করেছে এটা বের করা সম্ভবপর নয়।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাচ্ছি—পশ্চিমবঙ্গ মাদ্রাসা পর্ষদ হাই মাদ্রাসার পরীক্ষা নেয়। ফাজিল, কামিল, এম এম-এর পরীক্ষা নেয়। এই বিষয়ে আগেও আলোচনা হয়েছে। আমাদের পর্ষদের অধীনে যে মাদ্রাসাগুলি ছিল, তার কটা ছাত্র সংগঠন দীর্ঘদিন ধরে ফাজিল পরীক্ষার স্বীকৃতি নিয়ে অনেক দাবি করেছে। আপনি এই ফ্লোরে দাঁড়িয়ে বলেছেন আমাদের দেশের ২৫০টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে আলিগড় বিশ্ববিদ্যালয় জামিয়া মিলিয়া এবং জামিয়া হামদাদ বিশ্ববিদ্যালয় এর স্বীকৃতি দেয়। আমরা বিষয়টি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আলোচনা করে দেখেছি। এই বিষয়ে সর্বশেষ পরিস্থিতি কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আপনি যথাযথ তিনটি বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করেছেন। থিওলজিক্যাল এডুকেশান তারা প্রথমে স্বীকৃতি দেয়। কলকাতা বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছিলাম। সেখানে একটা ইকুইভ্যালেন্স কমিটি আছে। সেই কমিটি বিচার বিবেচনা করে বলছে যে আমরা কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, স্নাতকোত্তর পদবী আমাদের পক্ষে দেওয়া সম্ভব নয়।

[11.30—11.40 a.m.]

**শ্রীমতি সাবিত্রী মিত্র** : মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে জানতে চাই যে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন অনৈতিক কার্যকলাপ হচ্ছে বিভিন্ন মাদ্রাসায়। এর ফলে সরকারি অনুমোদন থেকে মাদ্রাসাগুলো বঞ্চিত হচ্ছে এবং এই কারণে যদি বঞ্চিত হয় তাহলে দয়া করে জানান যে কোন কোন মাদ্রাসা এই ধরনের অনৈতিক কার্যকলাপের সঙ্গে যুক্ত তার একটা শ্বেতপত্র আপনারা প্রকাশ করবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয়া সদস্যা এর আগে হাজির ছিলেন কিনা আমার জানা নেই। আমি আবার বলছি মাননীয় মুখ্যমন্ত্রী এই ধরনের কথা বলেননি। সেজন্য এই প্রশ্নের উত্তর নতুন করে উত্থাপন করার কোনও অর্থ হয় না। মাদ্রাসার স্বীকৃতি পাওয়ার যে প্রচলিত বিধি আছে, সেই বিধিকে মেনেই অনুমোদন দেওয়া হয়।

**শ্রী তাপস রায়** : শিক্ষামন্ত্রীকে আমি অভিনন্দন জানাচ্ছি। বহু বছর পরে হলেও মাদ্রাসা শিক্ষা নিয়ে আপনি কিছু ভাবনা-চিন্তা করেছেন। আধুনিকীকরণের কথা ভেবেছেন, কমপিউটারাইজেশনের কথা ভেবেছেন। কিন্তু আপনি কি জানেন ২০০০ সালের পুলিশ বাজেটে আপনার মুখ্যমন্ত্রী আপনি নিশ্চয়ই তার অধীনে আছেন, তিন নম্বর পৃষ্ঠার ৬ নম্বর প্যারাগ্রাফে বলেছিলেন মাদ্রাসাগুলোতে বিচ্ছিন্নতাবাদী এবং নানা ধরনের দেশবিরোধী কার্যকলাপের সঙ্গে যুক্ত আছে। এর বিরুদ্ধে সরকার কঠোরতম ব্যবস্থা করবে। ২০০১ সালেও যেখানে বলেছেন মাদ্রাসাগুলো মৌলবাদী এবং দেশবিরোধী কার্যকলাপে যুক্ত। একটা হচ্ছে তিনি প্রিন্টে বলেছেন, আরেকটা হচ্ছে অডিও ভিস্যুয়াল মাধ্যমে বলেছেন। আপনি কি এর সঙ্গে সহমত পোষণ করেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আমি আবারও বলছি মাননীয় মুখ্যমন্ত্রী এই ধরনের কথা বলেননি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রিমহাশয়, এখান থেকে যে অভিযোগ নিয়ে একাধিকবার প্রশ্ন উঠেছে যে মুখ্যমন্ত্রী যে কথা মাদ্রাসাগুলো সম্পর্কে বলেছেন যে মাদ্রাসাগুলোতে অনৈতিক কাজকর্ম হচ্ছে আপনি তার সঙ্গে সহমত পোষণ করেন কিনা ? আপনি বলেছেন মুখ্যমন্ত্রী আদৌ একথা বলেননি। আমরা সংবাদপত্রের মাধ্যমে যে রেফারেন্সগুলো দেওয়া হয়েছে তার মাধ্যমে জেনেছি। কিন্তু তাঁর বক্তব্যে মানুষের মধ্যে একটা বিভ্রান্তি সৃষ্টি হয়েছে। তারপর তিনি সেটাকে কারেক্ট করে নিয়েছেন।

আপনি বললেন মুখ্যমন্ত্রী আদৌ এ কথা বলেননি। আপনি যদি বলতেন মুখ্যমন্ত্রী বলেছিলেন, কিন্তু তিনি তাঁর মন্তব্যে বিভ্রান্তি হতে পরে তাই তিনি এটা সংশোধন করে নিয়েছেন। এটা বললে সত্যের অপলাপ হত না। মাননীয় মুখ্যমন্ত্রী এ কথা বলেননি, এটা ঠিক নয়।

**শ্রী কান্তি বিশ্বাস** : আমি যা বলেছি দায়ত্ব নিয়েই বলেছি, আমি যা বলেছি ঠিকই বলেছি।

**শ্রী নির্বেদ রায়** : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি এন সি আর টির যে সিলেবাস তার যে যে কারণে রাজ্য সরকার বিরোধিতা করেছেন সেই সেই কারণগুলি কি এবং আমি যতদূর জানি তার মধ্যে সরস্বতী বন্দনা এবং জ্যোতিষ চর্চা সিলেবাসের অন্তর্ভুক্ত করা হয়েছে। এটা একটা অন্যতম কারণ। মাদ্রাসার সিলেবাসে ইসলামের উদ্ভব, ক্রমবিকাশ এবং ঐস্লামিক বিজ্ঞান-চর্চা এই অংশগুলি সিলেবাসে যারা প্রবর্তন করেছেন। এতে রাজ্য সরকারের ভূমিকা কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মাদ্রাসা সিলেবাসে পাঠ্যসূচি পাঠক্রম করার জন্য পশ্চিমবঙ্গে একটা কমিটি নিয়োগ করা হয়। সেই কমিটিতে মোস্তাফা বীন কাসেম সাহেবও করেছেন। সেই কমিটির সুপারিশ অনুযায়ী পূর্ব থেকে প্রচলিত যে পাঠ্যসূচি পাঠক্রম সেটা সংশোধন করি আমরা সরকারে আসার পর মাদ্রাসার ব্যাপারে এই কমিটির সুপারিশ অনুযায়ী পাঠ্যসূচি পাঠক্রম সংশোধন করেছি।

## Held over Starred Questions
## (To which answer was laid on the 'Table')

### মাধ্যমিক বিদ্যালয়সমূহে ছাত্র/ছাত্রীর সংখ্যা

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৪) **শ্রী জানে আলম মিঞা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান শিক্ষাবর্ষে রাজ্যের মাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্র/ছাত্রীর সংখ্যা কত ?

(খ) ছাত্র/ছাত্রী সংখ্যার অনুপাতে শিক্ষকের কত পদ শূন্য রয়েছে ? এবং

(গ) শূন্যপদগুলি পূরণের জন্য কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| | | |
|---|---|---|
| (ক) | উচ্চ মাধ্যমিক | ২২,৫৫,১৭৬ |
| | মাধ্যমিক | ৩২,৯২,০৮২ |
| | নিম্ন মাধ্যমিক | ৬,৬৮,২৪১ |
| | মোট | ৬২,১৫,৪৯৯ |

(পঞ্চম শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত)

(খ) বর্তমানে ১১,৫০৪ জন শিক্ষকের পদ শূন্য আছে

বর্তমান অনুপাত :

| | |
|---|---|
| উচ্চ মাধ্যমিক | ৪০ : ১ |
| মাধ্যমিক | ৪২ : ১ |
| নিম্ন মাধ্যমিক | ৪৪ : ১ |

(গ) বিদ্যালয় কৃত্যক আয়োগকে নিয়োগের জন্য জানানো হয়েছে।

## Starred Questions
## (To which oral answers were given)

### বেসরকারি বাস/মিনিবাস কর্মচারীদের অবসরকালীন ভাতা, পেনসন প্রদান

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫) **শ্রী আবদুল মান্নান** : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য, রাজ্যের বেসরকারি বাস/মিনিবাস কর্মচারীদের অবসরকালীন ভাতা, পেনশন প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে ;

(খ) সত্য হলে, কবে নাগাদ ঐ সিদ্ধান্ত গৃহীত হয়েছে ; এবং

(গ) গৃহীত সিদ্ধান্ত কার্যকরী হয়েছে কি না ?

**সুভাষ চক্রবর্তী** :

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

**শ্রী আবদুল মান্নান** : আমি সংবাদপত্রে দেখেছি মাননীয় মন্ত্রী ধারাবাহিকভাবে বিবৃতি দিয়েছেন, পার্টিকে কনডেম করেছেন। পেপার কাটিং আমার কাছে আছে। দিনের পর দিন মাননীয় মন্ত্রী তার একটা জঙ্গী ইমেজ রাখার জন্য দলের কাছে বারবার বলেছেন সরকার সিদ্ধান্ত নিয়েছে, এটা সংবাদপত্রেও বেরিয়েছে, বেসরকারি বাস ও মিনিবাসের কর্মচারীদের

সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হবে সরকার সিদ্ধান্ত নিয়েছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বলছেন না। এই রকম সিদ্ধান্ত নেওয়া হয়নি। যখন সংবাদপত্রে আপনার নাম করে বেরিয়েছিল তখন যদি আপনি এটা কন্ট্রাডিক্ট করতেন, তাহলে এই প্রশ্ন উঠতো না। সাধারণ মানুষ ধরে নিতেন আপনি চান, আপনার দল চায় না।

[11.40—11.50 a.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী** : মাননীয় সদস্য দুটো জিনিসকে এক করে ফেলছেন। প্রাইভেট বাস এবং মিনিবাসের কর্মীদের জন্য একটা ইনসিওরেন্স স্কিম করেছি। এটা বামফ্রন্ট সরকার যেমন অনুমোদন দিয়েছেন, তেমনি রাজ্য সরকারও এটার অনুমোদন দিয়েছেন।

পেনশন স্কিম ডিম্যান্ড হিসাবে রাজ্য সরকারের কাছে, আমাদের পরিবহণ বিভাগের কাছে বারে বারে বিভিন্ন ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে উপস্থিত হয়েছে। আমরা এখনও রিজেক্ট করিনি, গ্রহণও করিনি, সেটা সম্ভব করে উঠতে পারিনি। কিন্তু আমরা এই রকম কোনও স্কিম, সরকার গ্রহণ করেছে, দিচ্ছি না, এটা হয়নি। আমরা যে স্কিম নিচ্ছি, দিচ্ছি। সেটা হচ্ছে, 'ইন্সিওরেন্স বেনিফিট স্কিম বা জনসুরক্ষা পলিসি'। অর্থাৎ একজন কর্মচারী যদি ১০ বছর কাজ করেন ড্রাইভার, হেল্পার হিসাবে, তিনি যদি একদিন একটা প্রিমিয়ামও দেন তাহলে তিনি ১০ বছর বেনিফিট পাবেন। ইতিমধ্যে ৩ জন এমন শ্রমিক-কর্মচারী মারা গেছেন, ড্রাইভার। তারা একটা করে মাত্র প্রিমিয়াম দিয়েছিলেন। কিন্তু ৪০ হাজার করে টাকা ইন্সিওরেন্স কোম্পানির কাছ থেকে পেয়েছেন। এই টাকার মধ্যে, প্রিমিয়ামের মধ্যে তিন ভাগের একভাগ টাকা ড্রাইভার নিজে দেবেন, কন্ডাক্টর নিজে দেবেন, আর একভাগ বাস মালিক দেবেন এবং বাকি একভাগ সরকার দেবে। সরকারের এই হেডে আমাদের টাকা আছে। কলকাতা, দুই ২৪-পরগনা এবং হাওড়া—এটা গত বছর করেছি। এটাকে সম্প্রসারিত করতে চাইছি। এই স্কিমের আওতাভুক্ত করতে চাইছি সমস্ত মিনিবাস এবং প্রাইভেট বাসের সংশ্লিষ্ট কর্মচারীদের। ছোট বাসের চারজন এবং বড় বাসের ৬ জনকে। এটা নথিভুক্ত করার ব্যবস্থা নিয়েছি। গঙ্গার এপারে চালু করার ও নথিভুক্ত করার চেষ্টা করছি। সুতরাং, ভাঁওতা বা ধোঁকা দেওয়ার জন্য বা ইমেজ রক্ষা করার জন্য করেছি, এটা ঠিক নয়। কিন্তু যদি মাননীয় সদস্য যদি না জেনে বলে থাকেন তাহলে এক রকম। আর, যদি গুলিয়ে দেওয়ার উদ্দেশ্য নিয়ে এটা করে থাকেন তাহলে তাঁর কাছে এটা আশা করিনি।

**শ্রী আবদুল মান্নান** : না, গুলিয়ে দেওয়ার কোনও ইচ্ছা আমার নেই। আপনি ইলাবোরেটলি বা বিস্তারিত বলেছেন বলে বলছি, আরো একটু জানতে চাইছি। ইনসিওরেন্সের আওতাভুক্ত ছিলেন এমন তিনজন শ্রমিক বেনিফিট পেয়েছেন বলেছেন। আমি জানতে চাইছি, আপনার কাছে এমন কোনও তথ্য আছে কিনা, যে—বে-সরকারি বাস মিনিবাসের কর্মচারীর সংখ্যা কত ? এবং কতজনকে এই ইনসিওরেন্সের মধ্যে এনেছেন ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : এ ব্যাপারে এই মুহূর্তে তথ্য দিতে পারব না। আমি বলেছি, কলকাতা দুই ২৪-পরগনা ও হাওড়া—এই জেলাগুলোতে যে শ্রমিক-কর্মচারীরা আছেন তারা ইচ্ছা করলে এতে নথিভুক্ত হতে পারেন। আমাদের ইউনিয়ন এবং এল আই সি এজেন্ট একসাথে এটা চেষ্টা করছেন। কিন্তু এখনও পর্যন্ত ১০ ভাগের ১ ভাগ শ্রমিক-কর্মচারী এই

সুযোগ নিতে এগিয়ে আসেননি। এবারে আমরা বাধ্যতামূলক সিদ্ধান্ত নিয়েছি যে, 'সার্টিফিকেট অফ ফিটনেস' যখন তারা নিতে যাবেন, বাস মিনিবাস, তখন মালিকদের— তাদের সঙ্গে আমাদের আগেই চুক্তি হয়েছে, বড় বাসের জন্য ৬ জন কর্মচারী, যারা কিনা ১৫০ দিন কাজ করবেন, তাদের নাম নথিভুক্ত হবে এবং তাদের দেও প্রিমিয়াম 'ফিটনেস সার্টিফিকেট' পেতে গেলে দিতে হবে। আর, শ্রমিক-কর্মচারীদের স্বার্থে ইউনিউনের সঙ্গে বসে সিদ্ধান্ত করেছি বোনাসের সময় এই টাকা একসঙ্গে কেটে রেখে তারা সংশ্লিষ্ট কালেকটরেটে বা আর টি এ-র কাছে দেবেন। সুতরাং এবার থেকে সমস্ত কর্মচারী এই বেনিফিট পাবেন।

**শ্রী আবদুল মান্নান** : পার্টিকুলার এই কাজের জন্য কোনও মেজর হেড নেই। মেজর হেড থাকলে বাজেট থেকে দেখে নিতে পারতাম। আপনি এই পারপাসে কত টাকা অ্যালট করেছেন ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : এই পারপাসে প্রথম বছর ৪ কোটি টাকা ভেবেছিলাম, ২ কোটি টাকা রেখেছিলাম। কিন্তু সেই টাকা আমাদের ব্যয় হয়নি। কারণ, সংখ্যাটা সেই ভাবে আসেনি।

**শ্রী আবদুল মান্নান** : অর্থমন্ত্রীর কাছ থেকে টাকা পেয়েছেন ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : হ্যাঁ, পেয়েছি।

**শ্রী নির্মল ঘোষ** : মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, অনেক লাফালাফি হচ্ছে একটা কিছু করার জন্য। প্রকৃত পক্ষে সরকারি বাস যে ভাবে চলে তার জায়গায় বে-সরকারি কর্মচারীদের নিয়ে যেতে চাইছেন। এবং আপনার দল, তারা, আপনি যেটা বলেছেন— সি পি এম সরকার না বামফ্রন্ট সরকার,—কি বললেন, আমি বুঝিনি। আমি এটা জিজ্ঞাসা করতে চাই যে, সি পি এম সরকার, না বামফ্রন্ট সরকার অনুমোদন করেছেন ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : এই স্কিমটা বামফ্রন্ট অনুমোদন করেছেন, রাজ্য সরকারও অনুমোদন করেছেন।

**শ্রী নির্মল ঘোষ** : এই স্কিমটা করার জন্য অনুমোদনের প্রয়োজন হয় না। ইনসিওরেন্স করবেন আপনারা শ্রমিক এবং মালিক দু-পক্ষ মিলে সরকারের সহযোগিতায় যে কোনও সময় করতে পারেন, সরকারের সহযোগিতা না নিয়েও করতে পারেন। সামাজিক নিরাপত্তার জন্য ই এস আই, পি এফ আছে, গ্র্যাচুয়িটি আছে। আপনাদের এই ৩টের যেটা কিনা স্ট্যাটুট এই আইনে—আপনারা বেসরকারি বাস শ্রমিক-কর্মচারীদের জন্য কোনটিকে প্রয়োগ করতে পেরেছেন এবং যদি না করতে পেরে থাকেন তাহলে আপনারা কি সোশাল সিকিউরিটির ক্ষেত্রে বেসরকারি পরিবহনের সমস্ত বাস-ড্রাইভার, কনডাকটর এবং তাদের যে ক্লিনার রয়েছে তাদেরকে রাজ্যব্যাপী সোশাল সেফ্‌টি নেট-ওয়ার্কের মধ্যে আনতে চান কি ? আইদার পি এফ আর গ্র্যাচুয়িটি কোন জায়গায় আপনারা আনতে চান ? এবং এর জন্য কোনও পরিকল্পনা আছে কিনা এবং সেটা ইমপ্লিমেন্ট কবতে পারবেন কিনা ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : ১ নম্বরের উল্লেখ করছি, জনসুরক্ষা পলিসি যেটা আমরা এবছর সম্প্রসারণ করছি গঙ্গার এপারের জেলাগুলোতে এবং হাওড়ায়। উত্তরবঙ্গ বাদ দিয়ে। উত্তরবঙ্গের যদি আগ্রহ হয়, শ্রমিকরা এগিয়ে আসে তাহলে আমরা ভাবব। ২ নম্বরের ক্ষেত্রে

বলি যে, এখানে পি এফ, গ্র্যাচুয়িটি এবং অন্যান্য যে বেনিফিট শ্রমিক সংগঠন হিসেবে পায়, ওখানকার শ্রমিকদের সংখ্যা, আনুপাতিক বিষয়—তাতে এগুলো প্রযোজ্য হয় না। এই অসুবিধা সত্ত্বেও আমরা সেটা করার চেষ্টা করছি। ২ নম্বরের ক্ষেত্রে বলি যে, রাজ্য সরকার ইতিমধ্যে স্কিম চালু করেছেন। পি এফ স্কিম—এই স্কিমের মধ্যে বাস-মিনিবাসের সমস্ত ওয়ারকাররা পড়ছেন—এতে গভর্নমেন্ট নিজে কিছু পয়সা দিচ্ছেন এবং শ্রমিকরা মাসে ২০ টাকা করে দিচ্ছেন। কিন্তু আমাদের ইনসিওরেন্স স্কিমে মালিকও দেবে, সেখানে ৩ জনে মিলে দেবে ইনসিওরেন্সের জন্য। আর ওটাতে আছে শুধু গভর্নমেন্ট এবং শ্রমিক। এই সমস্ত শ্রমিকদের পি এফ কভার করা হয়েছে, ই এস আই এবং অন্যান্য বেনিফিট নেই। সরকার থেকে দপ্তরের কাছে, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বারে বারে অসংগঠিত শিল্পের শ্রমিকরা যে মেমোর‍্যান্ডাম, ওদের দাবিদাওয়া উপস্থিত করেছেন তাতে এই বিষয়গুলোর মধ্যে ওরা অগ্রাধিকার দিয়েছে যে, 'আমাদের চিকিৎসার ব্যাপারে একটা সুব্যবস্থা করা হোক'। এটা আলোচনা হয়েছে। তবে হাসপাতালে কিছু বেড আছে যেখানে বিনামূল্যে, নিখরচায় দেওয়া হয়, সেগুলো শুধু দুঃস্থ শ্রমিক, গরীব মানুষ তাঁরাই পেয়ে থাকেন। এটাকে কিভাবে মেলানো যায়। হয়তো আরও একটু বেশি সুযোগ যদি বাসের শ্রমিকদের জন্য দিতে হয় তাহলে তার সঙ্গে আনুষঙ্গিক শ্রমিক যেমন—টাঙ্গাওয়ালা, রিকশাওয়ালা, ঠেলা চালক এদের জন্যও এসবের ব্যবস্থা করতে হবে। সেটা সরকারের ভাবনায় আছে। আমাদের সরকার আর্থিক নিরাপত্তা দিতে না পারলেও সামাজিক দিকে, চিকিৎসার ক্ষেত্রে যাতে তারা সুরক্ষা পেতে পারে তার জন্য চেষ্টা করছেন, তার জন্য ব্যবস্থা হচ্ছে।

**শ্রী শীতল কুমার সর্দার** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, রাজ্য সরকার উদ্যোগ নিয়েছেন যে, বেসরকারি বাস, মিনিবাসের কর্মচারী যাঁরা আছেন তাঁরা অবসরের পর ভাতা পাবেন, পেনশন পাবেন। এর জন্য ধন্যবাদ। আমার প্রশ্ন এরকম মানুষের সংখ্যা কত ? এদের রেজিস্ট্রেশন আছে কিনা ? এর মাধ্যমে কতজনকে উপকৃত করতে পারবেন ? সব জায়গায়ই সি আই টি ইউ এবং আই এন টি ইউ সি-র ইউনিয়ন আছে। অনেকে মনে করেন সি আই টি ইউ ছাড়া অন্য ইউনিয়নের অন্তর্ভুক্ত মানুষজনদের নাম নথিভুক্ত হবে না। তাদের নাম কিভাবে নথিভুক্ত হবে ?

[11.50—12.00 p.m.]

**শ্রী সুভাষ চক্রবর্তী** : আমার কাছে যে হিসাবটা আছে তাতে দেখছি প্রাইভেট বাস, মিনিবাস-এর যে সমস্ত ড্রাইভার, কনডাক্টর এবং অন্যান্য কর্মীরা আছেন তাদের ক্ষেত্রে— ছোট বাস বা মিনি বাস প্রতি ৪ জন এবং বড় বাস প্রতি ৬ জন কর্মী ধরে আমাদের টার্গেট ৬৫ হাজার। এই সুযোগ এখন পর্যন্ত অল্প কিছু সংখ্যক কর্মী নিচ্ছেন। সবাই নিচ্ছেন না। এখন পর্যন্ত ঠিক কতজন নিচ্ছেন, সেই সংখ্যাটা নোটিশ দিলে বলতে পারব। দুই, এখানে সি আই টি ইউ সি বা আই এন টি ইউ সি-র কোনও প্রশ্ন নেই। আমরা যেভাবে বাধ্য-বাধকতা করতে যাচ্ছি তাতে সবাইকেই এর আওতায় আনা হবে। রাজ্য সরকার তার দেয় অংশ দিচ্ছে, সিন্ডিকেটকে বা মালিকদের দেয় অংশ দিতে হবে, তা নাহলে আর টি এ অফিস থেকে বা ডিস্ট্রিক্টের মোটর ভেইকেল থেকে ফিটনেস সার্টিফিকেট পাবে না। আর শ্রমিকরা বোনাসের

সময় একসঙ্গে অনেক টাকা পান, সেখান থেকে তাদের ৩০০ টাকা করে দিতে হবে। ১০০০ টাকার প্রিমিয়াম ১০ বছর ধরে এবং এটা ৪০,০০০ টাকা হবে। স্বাভাবিকভাবেই যাঁরা এটা বুঝতে পারছেন তাঁরা এগিয়ে আসছেন। আর দুর্ঘটনাজনিত কারণে কোনও শ্রমিকের মৃত্যু হলে সেই শ্রমিক পরিবার টাকাটা পাবে। ইতিমধ্যে এ রকম কয়েকটি পরিবার টাকা পেয়েছে। এতে কোনও শ্রমিকই বঞ্চিত হবে না। আইনের পরামর্শের ভিত্তিতেই আমরা এটা করছি। সরকারের যেটা দেওয়ার সেটা আমরা সরাসরি দিচ্ছি। আই এন টি ইউ সি না করলে বা সি আই টি ইউ না করলে এই সুযোগ পাওয়া যাবে না, এটা ঠিক নয়। সকলেই পাবেন। আই এন টি ইউ সি এবং সি আই টি ইউ সি-র মতো সংগঠিত ইউনিয়নের মধ্যে যাঁরা আছেন তাঁদের ক্ষেত্রে আমাদের হিসাব-নিকাশ রাখতে সুবিধা হচ্ছে—কোনও রুট বাদ পড়ছে কিনা, কোনও মালিক দিচ্ছে কিনা এই ইনফরমেশন পেতে আমাদের সুবিধা হয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় মন্ত্রী মহাশয়, বেসরকারি পরিবহন কর্মচারীদের জন্য পেনশন স্কীম এবং সুরক্ষা আইন করার চেষ্টা করছেন। ঠিক আছে। আমার আপনার কাছে এই প্রসঙ্গে একটা প্রশ্ন, রাজ্য সরকারের পরিবহন সংস্থা সি এস টি সি, এস বি এস টি সি এবং এন বি এস টি সি-র কর্মচারীদের পেনশন দেওয়ার ব্যাপারটা আপনারা স্বীকার করে নিয়েছেন। বলেছেন তারা পেনশন পাবে। অথচ তারা পেনশন পাচ্ছে না। সি এস টি সি-র ক্ষেত্রে একটা সময় পর্যন্ত কিছু মানুষকে পেনশন দিয়ে, পরবর্তীকালের কর্মীদের আর দিতে পারছেন না। আপনার কাছে আমার প্রশ্ন, কোন্ সাল পর্যন্ত পেনশন দিতে পেরেছেন এবং বাকিগুলো কেন পারছেন না ? বহু মানুষ অত্যন্ত অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। এ ব্যাপারে সরকারি নীতি কি ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : যদিও এটা প্রাসঙ্গিক নয় তবুও মাননীয় সদস্যর অবগতির জন্য আমি বলছি সি এস টি সি-র ক্ষেত্রে আমরা ২০০১ সালের মার্চ মাস পর্যন্ত দিতে পেরেছি। এর মধ্যে একটা পিরিয়ড গ্যাপ আছে, সেটা টেকনিক্যাল কারণে, প্রশাসনিক নিয়মের কিছু হেরফেরের জন্য কিছু আটকে আছে। অপশন ডিক্লিয়ারেশন ফর্ম কে ফিলআপ করেছে, কে করেনি ইত্যাদি বিষয়গুলো স্ক্রুটিনি হচ্ছে। আমার ধারণা এক দু-মাসের মধ্যে সবাই পেয়ে যাবে। এটা হল সি এস টি সি। এন বি এস টি সি-র ক্ষেত্রেও আমরা এ কাজ শুরু করেছিলাম, কিন্তু মামলার জন্য এগুতে পারিনি। অন্যগুলোর ক্ষেত্রে আমরা ব্যবস্থা নিচ্ছি, সমস্ত রকম খুঁটিনাটি নিয়ে আলোচনা করছি, চেষ্টা করছি। কিন্তু এখনও পর্যন্ত সেগুলো কার্যকরী রূপ পায়নি। আমাদের সরকারি নীতি হচ্ছে, যেহেতু সি এস টি সি-তে আমরা পেনশন দিয়েছি সেহেতু সরকারি আওতাভুক্ত কর্পোরেশনগুলোর সকলকেই এটা আমাদের ধীরে ধীরে দিতে হবে।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় মন্ত্রী মহাশয়, বাস এবং মিনিবাস কর্মচারীদের জন্য যে অবসরকালীন ভাতা দেয়ার ব্যবস্থা চালু করছেন, এর জন্য সরকার কত টাকা নিচ্ছে, মালিকরা কত টাকা দিচ্ছে এবং কর্মচারীদের নিজেদের কত অংশ দিতে হচ্ছে ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : প্রত্যেকেই ৩ ভাগের ১ ভাগ দিচ্ছে। সংখ্যাটা ভ্যারি করবে। প্রিমিয়াম নির্ভর করবে কে কত বছর কাজ করছে, কত বছর কাজ করতে পারবে।

৪৫ বছরের নিচে যাদের বয়স, ৪৩ বছর বয়স ড্রাইভারের ক্ষেত্রে ইউনিয়নের নেতৃত্ব এবং এল আই সি-র সঙ্গে কথাবার্তা বলে ঠিক করব—তবে কোনও অবস্থাতেই ৫০/৫২ বছরের বেশি ড্রাইভিং করতে পারবে না—৪৩ বছর বয়স যদি ড্রাইভারের হয় তাহলে তাকে প্রিমিয়াম যত দিতে হবে আর ২৫ বছর ড্রাইভারের বয়স হলে তাকে যে প্রিমিয়াম দিতে হবে তা ডিফারেন্স হবে। যতটুকু টাকা তারা দেবে, ততটুকু টাকা মালিক দেবে, ততটুকু টাকা সরকার দেবে। তবে নির্দিষ্ট সংখ্যা নেই। হায়েস্ট সংখ্যা ১ হাজার কয়েক টাকা, এই ৩টে মিলিয়ে হবে।

**শ্রী তপন হোড়** : আপনি জানেন, কেন্দ্রীয় বাজেটে পেট্রোল এবং ডিজেলের দাম কমানো হয়েছিল। গ্যাস আর কেরোসিনের দাম বাড়ানো হয়েছিল। আবার সেটা দ্বিগুণভাবে বাড়ানো হয়েছে। তৃতীয় পর্যায়ে আবার পেট্রোল এবং ডিজেলের দাম বেড়ে গেল। এই বেড়ে যাবার ফলে জনগণের তো অন্য দুর্ভোগ, কিন্তু আপনার পরিবহন সমস্যার ক্ষেত্রে দুর্ভোগ শুরু হবে। বাস-মালিকরা নতুনভাবে চাপ সৃষ্টি করার চেষ্টা করছেন। এই সম্পর্কে যদি আপনি বলেন ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : তেলের দাম বাড়ানোর ব্যাপারটা হচ্ছে ভারত সরকারের।

**মিঃ স্পিকার** : যেটা প্রাসঙ্গিক প্রশ্ন নয় সেটার উত্তর দেবার প্রয়োজন নেই। আজকে যদি ওর প্রশ্নের উত্তর দেন, তাহলে কালকে অন্য আর একজনের প্রশ্নের উত্তর দিতে হবে।

**শ্রী সৌগত রায়** : মাননীয় মন্ত্রীমহাশয় জানিয়েছেন, বেসরকারি বাস, মিনিবাস কর্মচারীদের অবসরকালীন ভাতা, পেনশন দেবার জন্য একটি স্কিম করেছেন এল আই সি-র মাধ্যমে এবং তার জন্য ২ কোটি টাকা দিয়েছিলেন, কিন্তু গত বছর দেয়ার ওয়ার ফিউ টেকারস। যত লোক আছে তার মাত্র ১০ পারসেন্ট নিয়েছিলেন, এখনও পর্যন্ত এই সুবিধা নিয়েছেন থ্রু এল আই সি এবং এল আই সি-র এজেন্টও চেষ্টা করছেন কিন্তু পারছেন না। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাইছি, এই বেসরকারি বাস এবং মিনিবাস কর্মচারীদের ক্ষেত্রে ঘোষণা করেছিলেন অ্যাকসিডেন্ট ইনসিওরেন্স পলিসি চালু করবেন, তার কারণ ওরা প্রায়ই অ্যাকসিডেন্টে পড়ে এবং মারা যায় ও আহত হয়। বর্তমানে বেসরকারি বাস এবং মিনিবাসে অ্যাকসিডেন্ট পলিসি কি চালু করা আছে এবং তার জন্য প্রিমিয়াম সরকারের কত টাকা আর কর্মচারীদের কত টাকা দিতে হয় ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : এটা নির্দিষ্ট প্রশ্ন। আমি এইভাবে উত্তর দিতে পারব না, দেওয়া সম্ভব নয়। তাই আমি পরে জানিয়ে দেব।

**শ্রী সৌগত রায়** : এটা তো অ্যাকসিডেন্ট ইনস্যুরেন্সের ব্যাপার আছে ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : এটা প্রাসঙ্গিক নয়।

## প্রাথমিক বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৩) **শ্রী সেখ ইলিয়াস মহম্মদ** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি গ্রামে এখনও কোন প্রাথমিক বিদ্যালয় নেই ;

(খ) বর্তমান আর্থিক বছরে প্রতি গ্রামে একটি করে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) যদি থাকে, তাহলে বর্তমানে ২০০১-২০০২ আর্থিক বছরে নতুন বিদ্যালয় স্থাপনের জন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছে ?

**শ্রী কান্তি বিশ্বাস** :

(ক) রাজ্যভিত্তিক সমীক্ষা না করে বলা যাবে না। ১৯৯৭ সালের পর আর কোনও সমীক্ষা হয়নি। গ্রামের সংজ্ঞা অনুসারে বিদ্যালয়হীন গ্রাম নেই বলে ধরে নেওয়া যেতে পারে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সেখ ইলিয়াস মহম্মদ** : প্রাথমিক শিক্ষক নিয়োগ সংক্রান্ত ব্যাপারে বর্তমানে কি নিয়ম চালু আছে মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : প্রত্যেক জেলাতে জেলা প্রাথমিক বিদ্যালয় শিক্ষা সংসদ তারা শিক্ষক নিয়োগ করেন। কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকে যা দরকার—একটা শূন্য পদের ২০ গুণ প্রার্থী চাওয়া হয়। তারপর যোগ্যতা বিচার করে ১৫ জনকে ফেরত দেওয়া হয়। ৫ জন যা থাকে সেখানে ৫ জনের পরীক্ষা নিয়ে যে তালিকা তৈরি করা হয় সেই তালিকা থেকে জেলা প্রাথমিক বিদ্যালয় শিক্ষা সংসদ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদে শিক্ষক নিয়োগ করেন।

## Starred Questions

## (To which answers were laid on the 'Table')

### বাঁকুড়া জেলার স্টেডিয়ামের উন্নয়ন

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯) **শ্রী কাশীনাথ মিশ্র** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে বাঁকুড়া জেলার স্টেডিয়ামটির সার্বিক উন্নয়নের জন্য কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কিরূপ ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) স্টেডিয়াম কর্তৃপক্ষের কাছ থেকে এই ধরনের কোনো প্রস্তাব পেলে সরকার বিবেচনা করবে।

(খ) প্রশ্ন ওঠে না।

## রাজ্যের জলপথ পরিবহণ উন্নয়ন

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রী তপন হোড় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যের জলপথ পরিবহন উন্নয়নের জন্য দেশী/বিদেশী অর্থ লগ্নীর সম্ভাবনা দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এই মুহূর্তে রাজ্য সরকার উক্ত পরিবহন উন্নয়নের জন্য কি কি প্রকল্পের কাজ শুরু করেছেন বা করবেন ?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) কতকগুলি কার্যকরী প্রকল্প যা প্রয়োজন ও লগ্নীর ক্ষেত্রে ফলপ্রদ যেগুলিকে ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলি হল—

(১) দুটো এল সি টি অধিগ্রহণের মাধ্যমে ভেহিকুলার জেটি নির্মাণ—রায়চক— কুকরাহাটি। দরপত্র ইত্যাদি চূড়ান্ত হওয়ার মুখে।

| | |
|---|---|
| (২) গ্যাংওয়ে-পনটুন টাইপ অথবা উপযুক্ত প্যাসেঞ্জার জেটি নির্মাণ | নন্দীগ্রাম (হলদিয়া) (কাজ চলছে) |
| (৩) গ্যাংওয়ে-পনটুন টাইপ অথবা উপযুক্ত প্যাসেঞ্জার জেটি নির্মাণ | মণিরামপুর (কাজ চলছে) |
| (৪) গ্যাংওয়ে পনটুন টাইপ প্যাসেঞ্জার জেটি নির্মাণ | শেওড়াফুলি (কাজ চলছে) |
| (৫) গ্যাংওয়ে পনটুন টাইপ উপযুক্ত প্যাসেঞ্জার জেটি নির্মাণ | দক্ষিণেশ্বর (কাজ চলছে) |
| (৬) গ্যাংওয়ে পনটুন টাইপ উপযুক্ত প্যাসেঞ্জার জেটি নির্মাণ | সন্তোষপুর (আক্রা) (কাজ চলছে) |

(৭) ওয়াটার ট্যাক্সি হুগলি নদীতে যাত্রী পারাপারে ক্ষমতা বাড়াতে চালু করা হবে। দ্রুতগামী ফেরিযান অধিগ্রহণ করা হয়েছে।

(৮) সার্কুলার খাল নির্মাণ করা হবে।

**প্রাথমিক শিক্ষা বিষয়ে "ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ্ ম্যানেজমেন্ট" কর্তৃক অনুসন্ধান**

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষা বিষয়ে বিস্তারিত অনুসন্ধানের জন্য ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ্ ম্যানেজমেন্ট একটি উদ্যোগ নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সংস্থার রিপোর্ট সরকার পেয়েছেন কি ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) না, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট প্রাথমিক শিক্ষা বিষয়ে কোনো উদ্যোগ নেয়নি। যা সত্য, তা হল রাজ্য সরকার তাদের ঐ কাজে নিয়োগ করেছিল।

(খ) 'ক' প্রশ্নের সঠিক উত্তর 'না' হলেও উক্ত সংস্থার রিপোর্ট পাওয়া গেছে এবং সেটি এখন বিদ্যালয় শিক্ষা বিভাগের বিবেচনাধীন আছে।

**মহিলাদের স্ব-নিযুক্তি প্রকল্প**

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৭) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিগত ২০০০-০১ আর্থিক বছরে মহিলাদের জন্য স্ব-নিযুক্তি প্রকল্পের লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(খ) কতজন মহিলাকে উক্ত প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে ?

**স্ব-নিযুক্তি প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ২০০০-২০০১ আর্থিক বছরে বাংলা স্ব-নির্ভর কর্ম সংস্থান প্রকল্পে সারা রাজ্যের লক্ষ্যমাত্রা ছিল ২০,০০০।

মহিলাদের জন্য আলাদাভাবে কোনো লক্ষ্যমাত্রা ধার্য্য করা ছিল না। উপকৃতদের মধ্যে বেশি সংখ্যক মহিলা উদ্যোগীকে সুযোগ দেওয়ার চেষ্টা করা হয়েছে।

(খ) ২০০০-২০০১ আর্থিক বছরে প্রায় ২৮৩ জন মহিলাকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। ২০০১-২০০২ আর্থিক বছরে ১০৮৬ জন।

**এক দিবসীয় ক্রিকেট খেলার টিকিটের কালোবাজারি**

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮১) **শ্রী দীপককুমার ঘোষ** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯ জানুয়ারির এক দিবসীয় ক্রিকেট খেলার কত টিকিট কালোবাজারে বিক্রয় হয়েছে ; এবং

(খ) টিকিটের কালোবাজারি বন্ধ করার জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছিলেন ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সরকারি তরফে এই ধরনের কোনো রিপোর্ট পাওয়া যায়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## মেদিনীপুর থেকে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৬১) **শ্রী ভূতনাথ সোরেন** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর-ধুমসাই এবং ঝাড়গ্রাম-ধুমসাই রুটে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু করার কোনো পরিকল্পনা আছে কি ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায় ?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## দমকল বিভাগে চালু গাড়ির সংখ্যা

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৬) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা** : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দমকল বিভাগে চালু গাড়ির সংখ্যা কত ;

(খ) ২০০১-২০০২ আর্থিক বছরে মোট কতগুলি গাড়ি কেনা হয়েছে ; এবং

(গ) গাড়িপিছু বার্ষিক রক্ষণাবেক্ষণে খরচ কত ?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩৯২টি।

(খ) ২৩টি।

(গ) এর জন্য কোনও নির্দিষ্ট বরাদ্দ নেই। গাড়িগুলো সচল রাখবার জন্য কি ধরনের মেরামতি বা যন্ত্রাংশ প্রয়োজন তার উপর রক্ষণাবেক্ষণের খরচ নির্ভর করে।

## প্রথম শ্রেণীতে ভর্তির লটারি

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৯) **শ্রী কমল মুখার্জি** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সরকারি অনুমোদন ও সাহায্যপ্রাপ্ত বেসরকারি বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ভর্তি হবার জন্য লটারি ব্যবস্থা চালু করার পরিকল্পনা চলছে ; এবং

(খ) সত্যি হলে, (১) এর কারণ কি, ও

(২) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না, এখন কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## সিনেমা হলকে ফায়ার লাইসেন্স প্রদান

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫) **শ্রী অশোক দেব** এবং **শ্রীমতী মায়ারাণী** পাল : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ মার্চ, ২০০২ তারিখে অগ্নি নির্বাপণ বিভাগে কর্মরত ফায়ার প্রোটেকশন অফিসারের সংখ্যা কত ;

(খ) বিগত আর্থিক বছরে রাজ্যে মোট কতগুলি নতুন সিনেমা হলকে ফায়ার লাইসেন্স প্রদান করা হয়েছে ; এবং

(গ) এ বাবদ মোট কত টাকা আয় হয়েছে ?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৯ (নয়) জন।

(খ) মোট ২৩টি।

(গ) এ বাবদ কোনরূপ আয় এখনও হয়নি।

[12.00—12.10 p.m.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Ajoy Dey and Shri Nepal Mahato on the subject of admission problem of students in the higher secondary course. The second one is from Shri Asit Kumar Mal on the subject of alleged deteriorating condition of rationing system in the State. The third and the sixth ones are from Shri Kashinath Mishra, Shri Jyotipriya Mallick, Shri Manturam Pakhira and Shri Gobinda Chandra Naskar on the same subject of alleged abduction of the fishermen by the pirates in the Sundarban areas. The fourth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of reported closure of New Central Jute Mill at Budge Budge. And the fifth one is from Shri Saugata Roy on the subject of enactment of legislation for protection of wetlands in and around Kolkata.

The Adjournment Motion on the subject matter similar to the first motion was received on 13.03.2002 consent to which was with held by me. The notice is thus out of order and I reject it.

The subject matters of all the remaining motions relate to day to day administration of the Government and do not call for adjournment of the business of the House. Moreover, the members will get ample scope to raise the matter during the discussion and voting on demands for grants of the concerned department which is now going on. Members may also invite attention of the Minister concerned through calling attention, question, mention etc. I, therefore, with hold my consent to all the motions.

One member of the Party may, however, read the text of the motion as amended.

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিটে বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল, 'বজবজে অবস্থিত নিউ সেন্ট্রাল জুট মিলটি পুনরায় বন্ধের মুখে। পশ্চিমবঙ্গ সরকার বিধানসভায় জানান যে তারা চান ইউনিয়ানে প্রতিনিধি ও যিনি মিল চালাতে সহযোগী (প্রোমোটার) চুক্তি করে মিল চালাবেন। পশ্চিমবঙ্গ সরকার কয়েকদিন আগে একটি সভা করে ১০ দিনের মধ্যে চুক্তি করে মিল চালু করার কথা স্থির করেন। মাসাধিক কাল অতিক্রান্ত হলেও মিল খোলার কোনও লক্ষণই দেখা যাচ্ছে না। মিলটি খুলে দিলেও সরকারের অসহযোগিতার জন্য আজও কাজ চালু হয়নি। সরকার ৪২ শতাংশ অংশীদার হয়েও দায়িত্ব পালনে ব্যর্থ।'

**শ্রী অসিত মাল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, 'সারা পশ্চিমবাংলায় রেশনিং ব্যবস্থা ভীষণভাবে ভেঙে পড়েছে। এ ব্যাপারে মাননীয় খাদ্যমন্ত্রী কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা বাংলার মানুষকে জানানো খুবই জরুরি। সরকারের রেশন কার্ড ছাপানোর মতো আর্থিক সংগতি নেই। তা ছাড়া দীর্ঘদিন নতুন করে কোনও রেশন কার্ড দেওয়া হচ্ছে না। অতি সত্বর রেশন কার্ড ছাপিয়ে সারা পশ্চিমবাংলায় অফিসে অফিসে রেশন কার্ড পাঠিয়ে দেওয়ার জন্য অনুরোধ করছি।

## CALLING ATTENTION (NOTICE)

**Mr. Speaker** : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| (i) Supply of fresh ration cards to the people in the State | : | Shri Nepal Mahato |

| | | |
|---|---|---|
| (ii) | Reported business of adulterated drug in Nadia District | : Shri Ajoy Dey |
| (iii) | Abduction of 31 fishermen by the pirates at the costal areas of Pathar Pratima and Kakdwip | : Shri Asit Kumar Mal<br>Shri Kashinath Mishra &<br>Shri Manturam Pakhira |
| (iv) | Admission problem of the Madhyamik passed students and Urdu speaking students in Higher Secondary Courses | : Shri Abdul Mannan &<br>Shri Sankar Singha |

I have selected the notice of Shri Abdul Mannan & Shri Sankar Singha on the subject of 'Admission problem of the Madhyamik passed students and Urdu speaking students in Higher Secondary courses.

The Minister in charge may please make a statement today, if possible of give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 24th Of June, 2002.

## LAYING OF REPORT

### Audit Report on the Accounts of the Calcutta State Transport Corporation for the Years 1996-97 and 1997-98

**Shri Subhas Chakraborty :** Hon'ble Speaker, Sir, with your kind permission and in accordance with the provision of Section 33(4) of the Road Transport Act 1950, I beg to lay the Audit Report on the Accounts of the Calcutta State Transport Corporation for the years 1996-97 together with the Audit Report and Audit Certificate thereof the Accounts General of West Bengal.

## CALLING ATTENTION

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই মাননীয় সভার সদস্যদের জানাতে চাইছি যে, মেদিনীপুর জেলার শালবনি, বিনপুর অঞ্চলে গত কয়েক মাস যাবৎ পুলিশ নিরীহ মানুষদের উপর অত্যাচার করছে, রাত দুপুরে পুলিশ ৩০-৪০টি গাড়ি করে গিয়ে নিরীহ মানুষদের পি ডব্লু জি-র সদস্য হিসাবে গ্রেপ্তার করছে। এটা আমরা আগেই আশঙ্কা প্রকাশ করেছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার সময়

বলেছিলাম যে, পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন থানায় ওই জিনিস ঘটছে। আমাদের দল নিয়ে সেখানকার সাধারণ মানুষদের সঙ্গে কথা বলতে গতকাল (রবিবার) আমাদের সেখানে যাবার কথা ছিল এবং মাননীয় মুখ্যমন্ত্রী দক্ষিণ বাংলার আই জি-কে বলে দিয়েছিলেন, 'মেদিনীপুরের এস পি নন, আপনি সেখানে থাকবেন, কারণ অভিযোগটা গুরুত্বপূর্ণ। তারই জন্য তিনি আই জি-কে নির্দেশ দিয়েছিলেন থাকবার জন্য। গতকাল এই সভার আমাদের তৃণমূল কংগ্রেস দলের পাঁচজন বিধায়ক তাপস রায়, দীপক ঘোষ, সুব্রত বক্সি, অজিত ভুঞাঁ, বিপ্লব রায়চৌধুরী, এঁদের নিয়ে ওই সমস্ত গ্রাম যেখানে পুলিশ সাধারণ মানুষের উপর অত্যাচার করছে, পি ডব্লু জি-র কর্মী হিসাবে গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছে সেখানে গিয়েছিলাম। এটা আমাদের পূর্বঘোষিত কর্মসূচি এবং মাননীয় মুখ্যমন্ত্রী নিজে এ ব্যাপারে ইন্টারফেয়ার করেছেন এবং পুলিশ প্রশাসনের ওই প্রান্তের সর্বোচ্চ আধিকারিক ইনস্পেকটর-জেনারেল অফ পুলিশ তাঁকে বলে দিয়েছিলেন সেখানে থেকে প্রাথমিক রিপোর্ট নিয়ে তাঁকে জানাবার জন্য। কিন্তু শালবনি থানার মধুপুর গ্রাম, যেখানে আমাদের কর্মীদের পি ডব্লু জি কর্মী হিসাবে গ্রেপ্তার চলছে, সেখানে ঢুকতে যাচ্ছি, তখন বেলা সাড়ে ১১টা, দেখলাম সেখানে ২০০-র মতো সশস্ত্র মানুষ লাল পতাকা, বন্দুক, লাঠি, বল্লম, তীর-ধনুক নিয়ে রাস্তার উপর দাঁড়িয়ে রয়েছে। আমরা আগেই জানিয়েছিলাম সেখানে যাবো এবং পুলিশের গাড়িও সেখানে ছিল। কিন্তু আমরা স্তম্ভিত হয়ে দেখলাম, তারা তীর ছুড়তে শুরু করলো। আমি আমার জীবন নিয়ে বিচলিত হইনি, কিন্তু আমার সঙ্গের পাঁচজন বিধায়কের জীবন নিয়ে আমি বিচলিত হয়েছিলাম। হয়তো আজকে এখানে অবিচুয়ারি পালন করতে হত। বেপরোয়াভাবে তারা সেখানে তীর-ধনুক বল্লম নিয়ে আক্রমণ শুরু করলে পুলিশ তাদের হাতে-পায়ে ধরে অনুরোধ করতে লাগলো। তার ফলে সেখানে আমরা ৪০ মিনিট আটকে ছিলাম, পুলিশ সেখানে নির্বিকার হয়ে থাকলো। আমরা আক্রান্ত হবার সময় আমাদের নির্বাচিত পঞ্চায়েত প্রধান মিতা দাস, তিনি সেখানে এলে তার উপর আক্রমণ হল এবং তাকে মারধোর করা শুরু করলো। সেখানে আমাদের নির্বাচিত পঞ্চায়েত সদস্যা এবং তার স্বামীর উপরও হামলা করা হল। ওইভাবে ত্রাস সৃষ্টি করায় গোটা তল্লাটে আইন-শৃঙ্খলার অবস্থা কি হয়েছে সেটা দেখতে পেলাম। আজকে মুখ্যমন্ত্রীর অনুমোদন নিয়ে তাঁর নির্দেশে ওই এলাকা দেখতে গিয়ে বুঝলাম, শাসকদলের পুলিশ এবং সমাজবিরোধীদের যৌথ মদতে যেটা আমরা আশঙ্কা করে গিয়েছিলাম তেমনিভাবে যারা সি পি এম করে না তাদের পি ডব্লু জি গ্রুপের বলে গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছে।

[12.10—12.20 p.m.]

একজন খুন হচ্ছে, তার পারিবারিক কলহে—খুন হয়ে যাচ্ছে। ১৬ জনের নামে এফ আই আর করা হচ্ছে। ১৬ জনই তৃণমূল কংগ্রেসের কর্মী। তারপর দেখা গেল যে তাদের শরিকি কলহে সে মারা গেছে। একজনের স্ত্রী মারা গিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বলা হচ্ছে তিনি সি পি এম নেতার স্ত্রী। সেই মহিলার নামে ১ মাস আগে ৩ লক্ষ টাকার একটা ইনসিওরেন্স করা হয়েছে এবং বলা হয়েছে ১ মাস পরেই যার নামে এই ইনসিওরেন্স

দেওয়া থাকবে, ১ মাস পরেই যদি কোনো ক্ষতি হয়, তিনি ক্ষতিপূরণ পাবেন। খুনটা হলো এক মাস এক দিন পরেই। আর একটা ইনসিওরেন্স করা হলো। তার নিয়ম হচ্ছে সে যদি তিনটি প্রিমিয়াম দেয়, তিনটি ইনসিওরেন্সের পরেই সমস্ত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। তাকেও খুন করা হলো ৩ মাসের ভেতর। সুতরাং আজকে বুঝতে পারছেন কিভাবে সেখানে সি পি এম তার পারিবারিক লোককে খুন করে দিয়ে আজকে সেখানে অভিযোগ দিচ্ছে। আর পুলিশ সি পি এম-এর কথা শুনে তৃণমূলের নির্বাচিত গ্রামপ্রধান, বারবার দুবার গ্রামপ্রধান নির্বাচিত হয়েছেন, স্থানীয় হাইস্কুলের প্রধানশিক্ষক, তিনি আর ৩ মাস পরে রিটেয়ার করবেন, তাঁর বয়েস ৫৯ বছর পেরিয়ে গেছে, তিন মাসের ভেতর রিটেয়ার করবেন, ১০ বছরের নির্বাচিত সেখানকার পঞ্চায়েতপ্রধান, একজন প্রধানশিক্ষক তাঁকে খুনের আসামী করে বাড়ি ছাড়া করে দেওয়া হচ্ছে। আজ তিনি বাড়িতে যেতে পারছেন না। তাঁর গোটা বাড়িটা লুট হয়ে গেছে, তাঁর লাইসেন্সপ্রাপ্ত বন্দুক লুট হয়ে গেছে, তাঁর মোটর সাইকেল লুট হয়ে গেছে, তাঁর ধান লুট হয়ে গেছে, তাঁর বাসনপত্র লুট হয়ে গেছে, তাঁর জামাকাপড় লুট হয়ে গেছে। পুলিশের সেই দিকে নজর নেই। আজকে তৃণমূল কংগ্রেসের প্রধানকে পি ডবলু জি করে যদি ধরে নিয়ে যেতে পারে তাহলে আগামী পঞ্চায়েত নির্বাচনের মাঠ ফাঁকা থাকবে। তাই এই ব্যবস্থা করা হয়েছে। আর যেহেতু আমরা কালকে গিয়ে পড়েছি তাই আমাদের গতিপথ বন্ধ করে দিয়ে গ্রামে ঢোকা বন্ধ করে দেওয়ার জন্য লাঠি, সড়কি, বোমা, বন্দুক নিয়ে এই অবস্থার সৃষ্টি করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বলছি, আজকে এম এল এ-দের প্রোটেকশান কোথায় ? আজকে জনপ্রতিনিধিদের প্রোটেকশান কোথায় ? আমরা তো এলাকা পরিদর্শন করতে গিয়েছিলাম, আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে গিয়েছিলাম, আমরা তো প্রশাসনকে সাক্ষী রেখে গিয়েছিলাম। পুলিশ সেখানটায় দাঁড়িয়ে আছে, অথচ সেখানটায় আমাদের উপর হামলা চালাবার চেষ্টা করছে। এই ঘটনার শুধু নিন্দা করা বোধ হয় কম হবে। আমি আপনার মাধ্যমে প্রোটেকশান সিক করছি এবং মুখ্যমন্ত্রীর কাছ থেকে জবাব চাইছি। তিনি আমাদের যেতে বললেন, তিনি বললেন ব্যবস্থা থাকবে, তিনি বললেন আই জি-কে বলে দিয়েছি, তিনি বললেন এস পি-কে বলে দিয়েছি, আর সেখানটার চেহারাটা এই হলো। এই অবস্থা আজকে গোটা পশ্চিমবাংলায়। নিরীহ মানুষ অসহায় মানুষ, তাদের উপর শুধুমাত্র রাজনৈতিক স্বার্থে, আজকে প্রশাসন এবং মুখ্য দল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এই কাণ্ড পশ্চিমবাংলায় ঘটাচ্ছে। আমি আপনার মাধ্যমে এই সভাকে সেটা জানাতে চাই।

(এই সময় কিছু মাননীয় তৃণমূল কংগ্রেসের সদস্য এবং কংগ্রেস (আই) সদস্য বলতে ওঠেন)

## RULING FROM THE CHAIR

### (on the calling attention of Shri Pankaj Banerjee)

**মিঃ স্পিকার** : বসুন বসুন। লিডার বললে আপনারা আবার কেউ বলতে পারেন না, নিয়ম নয়। বসুন, না, হয় না। আপনারা লিডারকে সম্মান দেবেন না ? আপনি তো

আমাকে জানাননি কি বলবেন। উনি আমার অনুমোদন নিয়েছেন। নিয়ম মানবেন না ? সব উদ্ভট হবে ? আপনি বলবেন উনি বলবেন। বসুন বসুন। মিঃ প্রবোধ সিনহা, পংকজ ব্যানার্জি দৃষ্টি আকর্ষণী প্রস্তাব তুলেছেন, এটা মুখ্যমন্ত্রীকে বলবেন একটা স্টেটমেন্ট দিতে। আমি অতীতে বলেছি আবার বলছি, এম এল এ-রা যে কোনও জায়গায় যাবে, আগে থেকে জানিয়ে যায়, সেখানে উপযুক্ত ব্যবস্থা যাতে নিরাপত্তা গ্যারান্টি করা হয় পুলিশ প্রশাসনের যা করার দরকার আছে, করা উচিত। ডি এম, এস পি-কে জানানো উচিত। প্রশাসন থেকে একটু সতর্ক থাকা দরকার। এখানে যে ব্যাপারটা হয়েছে, পংকজবাবু যেটা বললেন এই ব্যাপারে মুখ্যমন্ত্রী আগামী বৃহস্পতিবার হবে না, পরের বৃহস্পতিবার যেন একটা স্টেটমেন্ট দেন।

## MENTION CASE

**শ্রী নেপাল মাহাতো** : মাননীয় স্পিকার স্যার, আপনি জানেন যে সারা পশ্চিমবাংলার মধ্যে পুরুলিয়া জেলা হচ্ছে সবচেয়ে অনুন্নত জেলা। পুরুলিয়া জেলা শিক্ষা স্বাস্থ্য এবং রোড সমস্ত দিক থেকে পেছিয়ে পড়া জেলা। কিছুদিন আগে বর্ধমানের উন্নয়নের জন্য বর্ধমান উন্নয়ন পর্যদ গঠন করা হয়েছে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাতে চাই, পুরুলিয়া জেলার সামগ্রিক উন্নয়নের জন্য পুরুলিয়া উন্নয়ন পর্যদ গঠন করা হোক।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যেখানে কৃষকরা তাদের উৎপাদিত ফসলের দাম পাচ্ছে না সেই রকম একটা পরিস্থিতিতে বিদেশে রপ্তানি করার জন্য এফ সি আই-এর কাছ থেকে সস্তায় চাল গম কিনে পশ্চিমবাংলার বাজারে সেইগুলি বিক্রি করা হচ্ছে। সত্বর এখানে হস্তক্ষেপ করে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যাতে এই বিক্রি বন্ধ করা যায় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী অজয় দে** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, খাজনার রেট বেড়ে গেছে এবং তা এত ব্যাপক পরিমাণে বেড়েছে যে এর ফলে মানুষের চরম অসুবিধার সৃষ্টি হয়েছে। পার্সেন্টেজটা লাফিয়ে লাফিয়ে এমন বেড়েছে, হান্ড্রেড পার্সেন্ট থেকে হান্ড্রেড ফিফটি পার্সেন্ট বেড়েছে। আমার দাবি, এর পর্যালোচনা করা হোক। আর একটি কথা, খাজনা কথাটি রাজারাজরা, জমিদারি আমল থেকে ব্যবহৃত হয়ে আসছে। ব্রিটিশ চলে গেছে এবং জমিদারি প্রথাও উঠে গেছে, এখনও এই নামটি থাকবে ? আমি প্রস্তাব করছি, খাজনা কথাটির পরিবর্তে 'ভূমিসেচ' বা 'ভূমিকর' হিসাবে প্রবর্তন করা হোক।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর—এখানে স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী উপস্থিত আছেন, প্রত্যুষবাবু, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—বিষয়টি হচ্ছে, স্যার, আমি এই হাউসে বহুবার বলেছি যে, কলকাতার

হাসপাতালগুলিতে—মেডিকেল কলেজে, এস এস কে এম হাসপাতালে এবং অন্যান্য হাসপাতালগুলিতে রোগীরা ভর্তি হতে পারছে না। মফস্বল থেকে যে রোগীরা আসে তারা এক শ্রেণীর দালালের হাতে পড়ে এবং বহু টাকার বিনিময়ে তাদের ভর্তি হতে হয়। বিশেষ করে এস এস কে এম হাসপাতালে কোনো বিধায়কের, কোনো মন্ত্রীর অফিস থেকে, এমন কি আপনার অফিস থেকে কোনো চিঠি নিয়ে যখন দেখানো হয়, সেই চিঠি হাসপাতালের সুপারিনটেনডেন্ট রিফিউজ করেন। হাসপাতালে এক শ্রেণীর লোক বসে আছে সে বলে ওমুকের কাছে চলে যান, তিনি ভর্তির ব্যবস্থা করে দেবেন। ভর্তির ব্যবস্থা করে দিলে বিশেষ কিছু বলার ছিল না। যারা নিয়ে যায় তারা রোগীদের কাছ থেকে টাকা নিয়ে নেয়। কয়েকদিন আগে আমার এই রকম অভিজ্ঞতা হয়েছে। এম এল এদের চিঠিতে যাতে সব লোক ভর্তি হতে পারে এবং দালালদের হাত থেকে রোগীরা বাঁচতে পারে তার জন্য নিরপেক্ষ ব্যবস্থা গ্রহণ করা হোক, বিশেষ করে পি জি হাসপাতালে।

**শ্রী কমলেন্দু সান্যাল** : স্যার, আমি যেটি বলতে চাইছি, অনেকে ছড়ায় শুনতে চাইছেন—ছড়ায় বলি—

'কোথায় গেলে ইট-ঝামা
পুরসভা, পঞ্চায়েত দেয় ঘামা
পথ, ঘাট, নালা বাঁধতে চায়
গড়বে তারা বরাদ্দ টাকায়।
ইট-ঝামা লৌহ পোষ্ট মেলে কোথায়
প্রাথমিক-মাধ্যমিক, খোঁজে মহাবিদ্যালয়। ..................

মানে আমি এক কথায় বলতে চাইছি, সব জায়গায় ইটের ডিমান্ড বেড়েছে। ইট-ঝামা আমার ছড়ায় আছে, আমি সবটা শোনাতে পারি—সময় লেগে যাবে। প্রচলিত যে আইনকানুন আছে, তার ভেতর দিয়ে নদীর ধারে যে জনপদ আছে, সেই জনপদ ভেদ করে ভাটা তৈরি হচ্ছে। এগুলো দূষণ ছড়াচ্ছে। এরা কর ফাঁকি দিচ্ছে। এর জন্য একটা বিধিবদ্ধ আইন দরকার। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি সংস্কারমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ রত্না দে (নাগ)** : স্যার, গত ১৩ই জুন আমি বিধানসভায় শ্রীরামপুর কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার যে সমস্যা হয়েছিল তার উল্লেখ করেছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় গ্রন্থাগারমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সমস্যা মিটে গিয়েছে। আবার এখানে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হুগলির চন্দননগর কলেজেও একই অবস্থার সৃষ্টি হয়েছে। ওখানে ফর্ম দেওয়া সত্ত্বেও ফর্ম জমা নেওয়া হচ্ছে না। একাদশ শ্রেণীতে ভর্তি বন্ধ করে দিয়েছে কলেজ কর্তৃপক্ষ। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন আপনাদের সরকারি নীতি কার্যকরী না করে বর্তমানে শিক্ষাবর্ষে ওই চন্দননগর কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি করার ব্যবস্থা করুন।

[12.20—12.30 p.m.]

**শ্রী মুজিবর রহমান** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের ভারপ্রাপ্ত স্বরাষ্ট্রমন্ত্রীর মারফত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলার অন্তর্গত ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের কয়েকটি জ্বলন্ত সমস্যার কথা জানাচ্ছি। আমার এলাকায় অত্যন্ত ভাঙন এলাকা, এই এলাকায় ৫, ৬টি অঞ্চল পদ্মা ভাঙ্গনের ফলে ওখানকার মানুষেরা গৃহহীন হয়ে পড়েছে। পশ্চিমবঙ্গ সরকারের চর এলাকায় ৫,৬ হাজার লোকে বসবাস করে। সেই লোকেরা অনেক সময়েই এপাড় ওপাড় করে থাকেন। অনেক সময়েই গবাদি পশু ও রাসায়নিক সার নিয়ে যাতায়াত করতে হয়। ওই যাতায়াত করতে গিয়ে তাদের সীমান্তের বি এস এফদের অকথ্য গালাগালি এবং মারধরও খেতে হয়। নানা রকম অত্যাচার তাদের উপর করা হয়। এর ফলে এলাকায় একটা বিশৃঙ্খলার সৃষ্টি হচ্ছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখছি যাতে ওই সীমান্ত এলাকায় যারা যাতায়াত করে, তাদের উপরে বি এস এফরা অত্যাচার না করে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সরকারের ২০০১ সালের যে তথ্য তাতে ৯৮ লক্ষ ৯৩ হাজার ৪০১ জন বেকারের সংখ্যা দেখিয়েছেন এবং তার সঙ্গে এই বছর যুক্ত হয়ে ৬০ লক্ষর কাছাকাছি পৌঁছেছে। এখানে দেখা যাচ্ছে ২০০১ সাল পর্যন্ত পরীক্ষার ভিত্তিতে যে চাকুরি পেয়েছে এবং জেলাভিত্তিক যে কর্মসংস্থান হয়েছে সেটা কি সেল্ফ এমপ্লয়মেন্টের মাধ্যমে হয়েছে নাকি সরকারি চাকুরিতে কর্মসংস্থান হয়েছে বুঝতে পারলাম না। আপনাদের অনুমোদিত প্রশ্ন যা অ্যাসেম্বলিতে দিয়েছেন তার প্রথম তালিকা, ফার্স্ট লিস্ট বিগত ২৩শে জুলাইয়ের পেয়েছি। হিসাব জেলাভিত্তিক দেওয়া হয়েছে তাতে আমরা দেখছি বাঁকুড়া জেলায় ৪,৩২৫ জন পুরুষ এবং ৩৬৫ জন মহিলা চাকুরি পেয়েছেন। অর্থাৎ ৪,৪৯৬ জনের চাকুরি হয়েছে। এই কর্মসংস্থানগুলো কি সরকারি চাকুরি নাকি সেল্ফ এমপ্লয়মেন্ট নাকি ডি আই সি-র মাধ্যমে হয়েছে সেটা বুঝতে পারলাম না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে কিনা এগুলো আজ পর্যন্ত সরকার পরিষ্কার করে বলছেন না। সেখানে কর্মসংস্থান মিনস্ সেল্ফ এমপ্লয়মেন্ট, না অন্য কিছুর মাধ্যমে তার কোনো ক্লিয়ার চিত্র সরকারের কাছ থেকে পাইনি।

**শ্রী দিবাকান্ত রাউত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্য সরকারের পরিবহনমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমাদের ব্যান্ডেল-কাটোয়া যে দীর্ঘ রেলপথ আছে তা পূর্ব রেলওয়ের একটি গুরুত্বপূর্ণ রেলপথ। ওই রেলপথ দিয়ে হাজার হাজার মানুষ যাতায়াত করে এবং কৃষিজ জিনিসপত্র যাতায়াত করে থাকে। কিন্তু দুঃখের বিষয় হল, এখন পর্যন্ত মানুষের দীর্ঘদিনের দাবি ডাবল লাইন করার, সেটা এখনও পূরণ হয়নি। অথচ আমরা দেখছি, গত ২৯শে এপ্রিল এখানকার লোকেরা প্রায় ২০-২২ লক্ষ মানুষ রেল বয়কট করলেন ডাবল লাইনের দাবিতে। আমি রাজ্যের পরিবহনমন্ত্রীকে অনুরোধ করবো, আপনি এই

বিষয়টার প্রতি উদ্যোগ নিয়ে যাতে এখানে ডাবল লাইন করা যায় সেটা দেখবেন। আর একটি কথা তুলে ধরতে চাই, গত আর্থিক বছরে সেখানে ৪ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, কিন্তু রেল দপ্তরের চরম গাফিলতির জন্য সেই টাকা আজ পর্যন্ত খরচ হয়নি। এই ব্যাপারেও আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি ও সভার দৃষ্টি আকর্ষণ করছি। একটি সাম্প্রতিক ঘূর্ণিঝড়ের প্রসঙ্গে উল্লেখ করছি। সিংগুর বিধানসভা কেন্দ্রের সিংগুর থানার মধ্যে ৪টি আমাদের গ্রাম পঞ্চায়েত আছে। এর মধ্যে প্রায় ২০টি গ্রামে ২ থেকে আড়াই হাজার পরিবারের বাস, গত ১৪.৬.০২ তারিখে যে ভয়ঙ্কর ঘূর্ণিঝড় হয়ে গেছে, তাতে সেখানে প্রভূত ক্ষতি হয়েছে। ঘরবাড়ি এবং শস্য ও ফসলের প্রভূত ক্ষতি হয়েছে। এই সম্পর্কে বিভিন্ন সংবাদপত্রে বর্তমান, আনন্দবাজার, প্রতিদিন, গণশক্তিতে বিভিন্নভাবে একাধিকবার এই সংবাদ প্রচারিত হয়েছে এবং টিভি-র মাধ্যমে ভয়ঙ্কর ঘূর্ণিঝড়ের চিত্র দেখানো হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ ও পুনর্বাসন বিভাগের কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে এই দরিদ্র কৃষকদের সাহায্য ও পুনর্বাসনের ব্যাপারে সহযোগিতার জন্য যেন ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রীমতী জ্যোৎস্না সিংহ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিল্পবাণিজ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে দৃষ্টি আকর্ষণ করছি। আমার খণ্ডঘোষ বিধানসভা এলাকায় ৯০ শতাংশ লোক কৃষির উপর নির্ভরশীল। কেন্দ্রীয় সরকারের উদারনীতির ফলে কৃষকদের যে কি দুরবস্থা তা আপনারা সকলেই জানেন। অপর দিকে আমার খণ্ডঘোষ বিধানসভা এলাকায় একদিকে দ্বারকেশ্বর নদী, অপর দিকে দামোদর নদী আপন মনে বয়ে চলেছে। তাই স্যার, আমি আপনার মাধ্যমে বেকার যুবকদের কর্মের জন্য শিল্পবাণিজ্যমন্ত্রীর কাছে—আমার বিধানসভা এলাকা নদীমাতৃক হওয়ায় এখানে অনুসারী শিল্পের জন্য দাবি জানাচ্ছি। এবং এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এখানে আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী এখানে উপস্থিত আছেন। একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, বেলেঘাটা আই ডি হাসপাতালে গত পরশু সেখানে তিনতলা, চারতলা বিল্ডিং ভেঙে পড়ে, একজন মারা গিয়েছেন, ৬জন ইনজিওর্ড। শুধু তাই নয়, মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী এখানে আছেন, এই ধরনের মেডিকেল কলেজ হাসপাতাল, আর জি কর মেডিকেল কলেজ, এন আর এস মেডিকেল কলেজে এখানে সমস্ত কনডেমড বিল্ডিংগুলি বিপজ্জনক অবস্থায় রয়েছে। আর জি কর হাসপাতালের সিলিং ভেঙে ফ্যান পড়ে যায়, অ্যাকসিডেন্ট হয়। পেশেন্ট, হাসপাতালের কর্মীরা, ডাক্তারদের জীবন বিপজ্জনক অবস্থায় রয়েছে। স্যার, একদিকে হাসপাতালের উন্নয়নের কথা বলছেন, কিন্তু এই রকম বিপজ্জনক অবস্থায় স্বাস্থ্যমন্ত্রী কি ভাবছেন ? এখানে মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী উপস্থিত আছেন তিনি যদি কিছু বলেন তা হলে

ভাল হয়। আমরা খুবই উদ্বিগ্ন। এইগুলির ব্যাপারে আমরা বারবার দৃষ্টি আকর্ষণ করেছি, কিন্তু কিছুই হচ্ছে না। তাই আমার অনুরোধ, এখানে মাননীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী উপস্থিত আছেন, তিনি বিষয়টি নিয়ে কিছু বলুন।

[12.30—12.40 p.m.]

**শ্রী প্রত্যুষ মুখার্জী** : মাননীয় সদস্য আই ডি হাসপাতাল এবং ডি জি হাসপাতালের বারান্দা ভেঙে যাওয়ার যে কথা উল্লেখ করেছেন তাতে একজন মারা গেছেন, আমরা পি ডবলু ডি কন্সট্রাকশানকে ব্যাপারটা জানিয়েছি, তারাই এই বিষয়টি দেখেন। এটা দ্রুত এনকোয়ারি করার জন্য আমি বলেছি। তাছাড়া অন্য কোনো করিডরও যদি কনডেম থাকে সেই সম্পর্কেও আমরা দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে বলেছি। যে ঘটনা ঘটেছে সেটা নিশ্চয় দুঃখজনক, এটা ঘটা উচিত নয়। এটার যাতে দ্রুত সমাধান হয় এবং মেরামতির কাজটা যাতে দ্রুত হয় সেটা আমরা দেখছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, হলদিয়ার উন্নয়ন সামগ্রিকভাবে হলদিয়া উন্নয়ন পর্ষদ এবং হলদিয়া মিউনিসিপ্যালিটির দ্বারাই চলছে। হলদিয়া এলাকায় নন্দীগ্রাম বিধানসভা ক্ষেত্রের অন্তর্গত নন্দীগ্রাম-১ এবং নন্দীগ্রাম-২ ব্লক অবস্থিত। হলদিয়ার অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের ক্ষেত্রে নন্দীগ্রামের গুরুত্ব অপরিসীম। আমি পৌর বিষয়ক মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, হলদিয়া উন্নয়ন পর্ষদের অন্তর্গত নন্দীগ্রাম-১, এবং নন্দীগ্রাম-২কে অন্তর্ভুক্ত করা হোক।

**শ্রী অসিত মাল** : স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের অর্থনৈতিক অবস্থা খারাপের জন্য শিক্ষকমশাইদের বেতন তারা দিতে পারছেন না, এর পরে পশ্চিমবাংলার মানুষকে তারা জল খাওয়াতে পারবে না টাকার অভাবে। বীরভূমের বরসোরা এবং বিষ্ণুপুর এলাকায় ভীষণ জলকষ্ট দেখা দিয়েছে। পঞ্চায়েতে কোনও পয়সা নেই বলে তারা কোনও কাজ করতে পারছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাই অবিলম্বে সেখানে পাইপ লাইন ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা করে ওই এলাকার মানুষকে জলকষ্টের হাত থেকে মুক্ত করা হোক।

**শ্রী কমল মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি বিষয় এই সভায় উত্থাপন করতে চাই এবং এর আগেও বিষয়টি আমি হাউসে উপস্থিত করেছিলাম। আমি মাননীয় পৌরমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে দুটি পৌরসভা এবং গ্রাম পঞ্চায়েত এলাকা অবস্থিত। সেইজন্য আমি পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের আমন্ত্রিত সদস্য। কিন্তু পৌরসভার সব ব্যাপারেই আমাকে বাদ দেওয়া হয়েছে। যেহেতু আমি ওই এলাকার জনপ্রতিনিধি সেইজন্য মানুষ বিভিন্ন সমস্যা নিয়ে আমার কাছে আসে। কিন্তু তাদের আমি কোনও ব্যাপারেই সাহায্য করতে পারি না। আমার মতো এম এল এ যাঁরা আছেন তাঁদের পৌরসভায় বিশেষ আমন্ত্রণমূলক সদস্য করা হোক।

**শ্রী মানিক উপাধ্যায়** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও এখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী উপস্থিত নেই। কিছুক্ষণ আগে বীরভূমের একজন বিধায়ক বললেন, পঞ্চায়েতে টাকা না থাকার জন্য সেখানে গ্রামের মানুষ

পানীয় জল পাচ্ছে না। আমার বারাবণী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বারাবণী ব্লকে এস জি আর ওয়াইয়ের সাত কোটি টাকা, পশ্চিমাঞ্চলের আট কোটি টাকা, আর এল আইতে এগারো লক্ষ চৌদ্দ হাজার টাকা, কমিউনিটি হলে এক লক্ষ একষট্টি হাজার টাকা আছে। এম পি ল্যাডে ৪ লাখ ২০ হাজার টাকা, জোড়বাঁধে ২ লক্ষ টাকা, একটি জল প্রকল্পে ১ লক্ষ টাকা, ইন্দিরা প্রকল্পে ১ লক্ষ ৪২ হাজার টাকা, আই এম এম ৪৬ হাজার টাকা ইত্যাদি প্রকল্পে মোট ৫৫ লক্ষ ১৬ হাজার টাকা পড়ে থাকা সত্ত্বেও গ্রামের মানুষ দীর্ঘদিন ধরে জল পাচ্ছে না। কুয়ো ড্রাই হয়ে গেলেও সেইগুলো রিপেয়ার করা হচ্ছে না, পঞ্চায়েত সমিতির লোকেরা টাকা পকেটস্থ করতে চাইছে। স্যার, আপনার মাধ্যমে সরকারকে এই বিষয়ে আরও ত্বরান্বিত হবার অনুরোধ করছি।

**শ্রী মন্টুরাম পাখিরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের পাথরপ্রতিমা বিধানসভাকেন্দ্র নদী-নালা পরিবেষ্টিত। সেখানকার মানুষকে মহকুমা শহর কাকদ্বীপে সরকারি ও অন্যান্য কাজে যেতে হয়। সেখানে যাওয়ার একটি মাত্র ১৪ কিলোমিটার রাস্তা কাকদ্বীপ-গঙ্গাধরপুর, সেইটি বলাবাহুল্য বেহাল অবস্থায় পড়ে আছে, দীর্ঘদিন ধরে কোনো মেরামতির কাজ হয় না। সেই রাস্তায় সরকারি বা বেসরকারি বাস চলাচল করছে না। অবিলম্বে সেই রাস্তাটি মেরামত করে বাস চলাচল শুরু করার দাবি জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাম্প্রতিক কেন্দ্রীয় সরকার কর্তৃক পেট্রোলিয়ামজাত পণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদ আমরা করেছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন বেসরকারি বাস সংগঠন বাস ভাড়া বৃদ্ধির জন্য পরিবহন মন্ত্রীর কাছে দাবি করেছে, তাদের কিছু কিছু প্রস্তাব আমরা সংবাদপত্রেও দেখেছি। তাদের প্রস্তাব বর্তমানে যে ন্যূনতম ভাড়া আড়াই টাকা সেটা চার টাকা করতে হবে। আমরা ইতিপূর্বে দেখেছি পেট্রোলিয়ামজাত পণ্যের দাম বাড়লে ভাড়া বৃদ্ধি হয়েছে, কিন্তু তুলনায় অনেক বেশি ভাড়া বৃদ্ধি হয়েছে। এখন বিধানসভা চলছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, যদি ভাড়া বৃদ্ধিই করতে হয়, তাহলে বেসরকারি বাস মালিকদের ধর্মঘটের হুমকির কাছে মাথা নুইয়ে নয়, এখানে বিষয়টি আলোচনা করবেন, তারপর যেটা করণীয় সেটা করবেন।

**শ্রী সৌগত রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টি উল্লেখ করব, সেই বিষয়টি দেবপ্রসাদ সরকার উল্লেখ করেছেন এবং মাননীয় মন্ত্রী একটি জবাব দিয়েছেন। বিষয়টি হচ্ছে, স্বাস্থ্য দপ্তরের বিভিন্ন বিল্ডিংগুলো খুবই জরাজীর্ণ অবস্থায় আছে। আপনি হয়তো জানেন যে, গত শুক্রবার বেলেঘাটায় আই ডি হাসপাতালে একটি বাড়ির ৪ তলার পুরো বারান্দাটা ভেঙে পড়ে।

[12.40—12.50 p.m.]

একজন চতুর্থ শ্রেণীর হরিজন কর্মী মারা যান ঘটনাস্থলেই এবং তার ছেলে তার পুরো কোমর ভেঙে গেছে। দুজন ৪ বছরের শিশু আহত হয়েছে। আমি নিজে ঘটনাস্থলে গিয়েছিলাম। মন্ত্রী যাননি। রাষ্ট্রমন্ত্রীও যাননি। এমনকি স্বাস্থ্য সচিবও যাননি। সেখানে গিয়ে

দেখা গেল যে বাড়িটার বারান্দা ভেঙে পড়েছে। সেটা মাত্র ১৫ বছরের পুরনো। ওখানকার লোক বলল যে, পুরানো বাড়িতে ভাঙা জায়গাটায় ফাটল ধরেছে। তারা আই ডি হসপিটালের সুপারকে জানানো সত্ত্বেও এবং পি ডবলু ডিকে জানানো সত্ত্বেও কোনো ব্যবস্থা নেননি। স্যার, আমার কাছে ফিগার আছে যে, ওই বছর পি ডবলু ডি-র বাজেটে মেডিক্যালের জন্য ছিল ১৬১ কোটি টাকা প্ল্যানে। তার মধ্যে খরচ হয়েছে ৯ কোটি ১১ লক্ষ টাকা। সরকারি বাজেটে যেটা বিভিন্ন দপ্তরে নির্দিষ্ট খরচের জন্য সেটাও দিচ্ছে না। যেটা দিচ্ছেন, সেটা আবার খরচ হচ্ছে না। অথচ এই রকম জরাজীর্ণ অবস্থায় মেডিক্যাল কলেজকে এখন ভাড়া বেঁধে সারানো হচ্ছে। নীলরতনকে রিপেয়ার করছেন। কিন্তু কনডেমড় বিল্ডিং-এর কোনো রিপেয়ার হচ্ছে না। যদি প্ল্যানের টাকা খরচ না হয়, তাহলে যে বাড়িগুলি ভেঙে পড়ছে, সেগুলি আরও ভেঙে পড়বে। বাইরের লোক আর দরকার হবে না। হাসপাতাল বাড়ির চিকিৎসার জন্য হাসপাতালগুলি কাজে লাগবে।

**শ্রীমতী সাবিত্রী মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র আড়াইডাঙ্গার ৪টি অঞ্চল পীরপাড়, পুকুরিয়া, পরানপুর, আড়াইডাঙ্গা—এই প্রত্যেকটা অঞ্চলেই ভয়ঙ্করভাবে আর্সেনিক পাওয়া গেছে এবং জনস্বাস্থ্য দপ্তরের কারিগরী অফিসাররা এটা তদন্ত করে পেয়েছেন এবং মালদা জেলার বহু এলাকা আর্সেনিকে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, যাতে আমার বিধানসভার কেন্দ্রের মানুষকে যাতে আর্সেনিক মুক্ত জল দেওয়া যায় তার জন্য।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার, আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে, কেন্দ্রীয় রেলমন্ত্রী ইস্টার্ন রেলওয়েকে ভাগ করে নতুন বিভাগ খোলার চেষ্টা করছেন এবং বিহারের হাজিপুরে এই ইস্টার্ন রেলওয়ের ডিভিশন করার চেষ্টা করছেন। মূল সদর দপ্তর কলকাতা থেকে নিয়ে হাজিপুরে যাওয়ার চক্রান্ত চলছে। আমি কোনো বিশেষ দলের সিদ্ধান্ত নয়, আমি বলতে চাই এখানে সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করা হোক এবং এই ব্যাপারে দিল্লিতে ডেপুটেশান পর্যন্ত যাওয়া উচিত। যদি ইস্টার্ন রেলওয়েকে ভাগ করা হয়, তাহলে ৬০ পারসেন্ট এমপ্লয়ি বিহারে চলে যাবে এবং এখান থেকে লোকজনকে ট্রান্সফার করে দেওয়া হবে। আজকে তারা এখানে দীর্ঘদিন ধরে চাকরি করছে। আপনি দেখবেন হিন্দুস্থান কপারকে দিল্লিতে ট্রান্সফার করার চেষ্টা হয়েছিল। আমি দিল্লিতে মমতা ব্যানার্জির মাধ্যমে আবার হিন্দুস্থান কপারকে কলকাতায় রাখতে পেরেছি। কিন্তু ইস্টার্ন রেলওয়েকে যে কোনো মূল্যে রাখতে হবে এবং তার জন্য সর্বদলীয় প্রতিনিধিদের দিল্লিতে যাওয়া উচিত বলে আমি মনে করি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি টাইমস অব ইন্ডিয়াতে গত ১২ তারিখে কলেজ সারভিস কমিশনের চেয়ারম্যান অজিত বণিক, তিনি একটা স্টেটমেন্ট দিয়েছেন যে উচ্চ শিক্ষায় কোনওরকম রিজারভেশন থাকা উচিত না। আপনি জানেন যে ভারতবর্ষের সংবিধানে তফসিলি জাতিদের জন্য ২২ পার্সেন্ট রিজারভেশন-এর ব্যবস্থা আছে। আজকে সেখানে চেয়ারম্যান কিভাবে বলতে পারে উচ্চশিক্ষায় সংরক্ষণ থাকা উচিত না। আপনি সেদিন বলেছেন ৬শোটা অধ্যাপকের পদ খালি আছে সেই ভ্যাকেন্সিগুলো ডি এমকে

দিয়ে ডি-রিজারভেশন করিয়ে নিয়ে পদগুলো পূরণ করার জন্য। এই ব্যবস্থা হলে এটা হবে একটা বর্ণ বিদ্বেষের পরিচয়। তাই আমি আপনার কাছে অনুরোধ করব যে অজিত বণিককে সাসপেন্ড করা হোক এবং উপযুক্ত লোককে দেওয়া হোক। আমি বুঝতে পারছি না যারা নেট পরীক্ষা এবং স্লেট পরীক্ষা যাঁরা পাশ করছে তারা কি করে বাদ পড়ছে আমি বুঝতে পারছি না।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : মাননীয় সদস্য একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন। কলেজ সারভিস কমিশনের চেয়ারম্যান ঠিক কি বলেছেন আমি সেটা তাঁর কাছ থেকে জেনে নেব। অনেক সময়ে সংবাদপত্রে বিবৃতিগুলো সঠিকভাবে বেরোয় না। রাজ্য সরকারের পক্ষ থেকে একটা জিনিস আমি স্পষ্ট করে দিতে চাই যে শিক্ষা ক্ষেত্রে, উচ্চশিক্ষা ক্ষেত্রে আমাদের যে সংরক্ষণের নীতি আছে তার পরিবর্তনে কোনো চেষ্টা বা পরিকল্পনা আমাদের নেই। আর চেয়ারম্যান কি বলেছেন, সঠিক রিপোর্ট বেরিয়েছে কিনা এটা আমি খোঁজ নেব। তিনি ঠিক এইভাবে বলেছেন এটা হয়তো নয়। আপনি যেটা বললেন অনেকদিন ধরে পোষ্টগুলো খালি আছে। নিয়ম নীতি, তাই না মেনে তার কিছু ডি-রিজারভেশন করে আমরা জেনারেল লিষ্ট থেকে কলেজ সারভিস অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছি। এই পর্যন্ত ৪০ জনের মতো ক্যান্ডিডেটকে জেনারেল লিষ্ট থেকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া গেছে কিন্তু সংরক্ষণের নীতিকে তুলে দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনো পরিকল্পনা নেই। এ বিষয়ে রাজ্য সরকারের নিয়ম নীতি আমি স্পষ্টভাবে ঘোষণা করছি এবং উনি কি বলেছেন সেটা আমি খতিয়ে দেখছি।

**শ্রী অশোক দেব : অনুপস্থিত**

## ZERO HOUR

**শ্রী তপন হোড়** : স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলতে বলছি। আমরা সবাই জানি যে আবার পেট্রোল, ডিজেলের দাম বাড়ছে। উপর্যুপরি পেট্রোল, ডিজেলের দাম বাড়ছে। এতে করে আমাদের পশ্চিমবাংলায় এক ভয়ংকর ঘটনা ঘটবে অর্থনীতির ক্ষেত্রে। আবার বাস ভাড়া বাড়বে। বাস মালিকরা লাভবান হবে।

এই যে তৃণমূল-এর যাঁরা আছেন তাঁরা তো কত সময়ে কত আন্দোলন করেন আর এখন যে পেট্রোল ডিজেলের দাম বাড়ছে তার ফলে যে অবস্থা তৈরি হবে, বাস ভাড়া বাড়বে, বিভিন্ন জায়গায় দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে সেখানে তাঁরা কোনো আন্দোলন করেন না। এই ভয়ঙ্কর পরিস্থিতি মোকাবিলা করার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর যে মূল্যবৃদ্ধি হচ্ছে সেটাকে কমিয়ে দেওয়া হোক।

[12.50—1.30 p.m.]
(including adjournment)

**শ্রীমতী সোনালি গুহ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল ৯৩ সালের ২১শে জুলাই কিছু যুবক বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে আন্দোলনে সামিল হয়েছিল। যুব কংগ্রেসের পতাকাতলে দাঁড়িয়ে সেদিন এই সরকারের পুলিশ ১৩টি যুবককে মেরে ফেলেছিল, রক্তাক্ত করেছিল।

প্রতি বছরই ২১শে জুলাই আমরা শহিদ দিবস পালন করি। প্রত্যেকটা দলের একটা নির্দিষ্ট এই রকম ডেট আছে যেমন, আর এস পি-র ১৯শে মার্চ, এস ইউ সি-র ২৪শে জুলাই, তেমনি আমরাও ১৯৯৩ সাল থেকে ২০০২ পর্যন্ত ২১শে জুলাইকে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে থাকি। স্টেট ইলেকশান কমিশন এবং স্টেট গভর্নমেন্ট একত্রিত হয়ে ২১শে জুলাই হলদিয়া পৌরসভার নির্বাচনের দিন ঠিক করেছেন। আমাদের সভার বিরোধী দলের নেতা পৌরসভার সচিব মিঃ মুখার্জিকে এবং পৌরমন্ত্রী মাননীয় অশোক ভট্টাচার্যকে লিখেছেন : The West Bengal Municipal Act, 1994—The power to fix the date of election lies with the State Government. The notification fixing the date of election of Haldia Municipality has been issued by the State Government.

এই বামফ্রন্ট সরকারের ন্যাক্করজনক প্রয়াসকে আমরা নিন্দা করছি এবং এর প্রতিবাদ করছি।

(হইচই)

এই সময় মাননীয় তৃণমূল কংগ্রেস সদস্যরা ওয়েলে নেমে চিৎকার করে শ্লোগান দিতে থাকেন এবং পোষ্টার প্রদর্শন করতে থাকেন।)

**শ্রী কমলেন্দু সান্যাল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারের রাষ্ট্রপতি নির্বাচনে একজন বৈজ্ঞানিক তাপসকে এমনভাবে নামানো হয়েছে যাতে আমাদের দেশের বিজ্ঞান সাধনায় মহা ক্ষতি হবে। আমি আপনার মাধ্যমে কালামের উদ্দেশ্যে একটা কবিতা নিবেদন করছি,

॥ নরমেধ যজ্ঞে পৌরোহিত্যে ॥

মহা বিজ্ঞানী কালাম, সেলাম আপনাকে সেলাম,

হে মহাবিজ্ঞানী, তব জ্ঞান বিতরণে, অগ্নি, পৃথ্বী ক্ষেপণাস্ত্র মহাবোমা, পোখ্‌রানে, জ্ঞান-সন্ধিৎসু ছাত্র-ছাত্রীর তুমি যে মহান দিশা, আজকে হঠাৎ ভারত রত্নের চোখে যেন অমানিশা বিজ্ঞান সাধনা ত্যজি' কেন আজি, জটিল-কুটিল পাশা খেলায় ?

নরমেধ যজ্ঞোর পৌরোহিত্যে, এ আমন্ত্রণ, তা কি বোঝ, হায়।

**শ্রী অসিত মিত্র** : ২১শে জুলাইয়ের যে ঘটনা নিয়ে আজকে এখানে তৃণমূল বন্ধুরা প্রতিবাদ করছেন আমি তাঁদের সাথে সহমত পোষণ করছি। তার আগে আমি জিরো-আওয়ারে একটা গুরুত্বপূর্ণ প্রস্তাব আপনাদের কাছে বলছি। কিছুক্ষন আগে শোভনদেববাবু যে প্রস্তাব এনেছিলেন সেই প্রস্তাবকে সমর্থন করে বলতে চাই কিছুদিন আগে ২৫ টাকার মান্থলি টিকিট নীতিশকুমার বন্ধ করে দিয়েছেন। ইষ্টার্ন রেলের কয়েকটা ডিভিশান ভেঙে তিনি নতুন করে আরেকটা ডিভিশন করছেন বিহারের হাজিপুরে। আমি শোভনদেববাবুকে সমর্থন করে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ইষ্টার্ন রেলের সদর দপ্তর কলকাতা থেকে সরিয়ে নিয়ে যেতে দেব না, হাজিপুরে নতুন ডিভিশান করতে দেব না। কেন্দ্রীয় রেলমন্ত্রী নীতিশ কুমারের ষড়যন্ত্রের বিরুদ্ধে আমরা সবাই একমত হয়ে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করি। সাউথ-ইষ্টার্ন রেলের সদর দপ্তর ভেঙে দেওয়ার চক্রান্তকে তীব্র প্রতিবাদ করছি।

(এই সময়ও তৃণমূল বিধায়করা বিভিন্ন স্লোগান দিতে দিতে ওয়েলে ঘুরতে থাকেন।)

**শ্রী লক্ষ্মী দে** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, কংগ্রেসের মাননীয় হুইপ যেটা উত্থাপন করেছেন—পূর্ব রেলের ৭টা ডিভিশন থেকে কয়েকটা ডিভিশন আলাদা করে দিয়ে একটা নতুন নাম দিয়ে বিহারে নিয়ে যাওয়া হচ্ছে। পূর্ব রেলের বিরুদ্ধে কেন্দ্রীয় মন্ত্রীর এই চক্রান্তের বিরুদ্ধে হাউসে সকলে মিলিতভাবে প্রতিবাদ করা উচিত। এ ব্যাপারে একটা সর্বদলীয় প্রস্তাব আমরা উত্থাপন করতে চাই এবং একে কেন্দ্র করে দিল্লীতে রেল মন্ত্রকের কাছে ডেপুটেশন দিতে চাই। উনি উত্থাপন করেছেন আমি সমর্থন করছি এবং আশা করছি তৃণমূলের সমর্থকরাও এ ব্যাপারে একমত হবেন।

(এই সময় মিঃ ডেপুটি স্পীকার মহাশয় দেবপ্রসাদ সরকারের নাম ডাকেন।)

**শ্রী দেবপ্রসাদ সরকার** : কি করে বলব স্যার কিছু বোঝা যাচ্ছে না।

**মিঃ ডেপুটি স্পীকার** : আপনি বলবেন কিনা বলুন ?

**শ্রী দেবপ্রসাদ সরকার** : বলা যাচ্ছে না স্যার।

**শ্রী অজয় দে** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে যে মেনশন করা হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে আমি মনে করি এবং আমাদের অসিত মিত্র মহাশয়ও বলেছেন, ২১শে জুলাই শহিদ দিবস এবং সেদিনের ক্ষেত্রে সরকার একটা হঠকারী সিদ্ধান্ত নিয়েছে, সেই ডিসিশন পেছানো উচিত। বিরোধী দলের ন্যায্য দাবিকে সমর্থন করা উচিত। আমরা কংগ্রেসের পক্ষ থেকে মনে করি বিরোধীদের দাবিকে নস্যাৎ করে যেটা করা হচ্ছে সেটা ঠিক হচ্ছে না। অন্যায়ভাবে, খামখেয়ালি করে করা হচ্ছে। ২১শে জুলাই শহিদ দিবস। এটা নিয়ে সরকার চিন্তা-ভাবনা করুন এবং এটা পরিবর্তন করুন। একরোখা নীতি নিয়ে, জেদ করে সরকার চালানো যায় না। সেই জেদের বিরুদ্ধে বলছি এবং এটা পর্যালোচনা করা উচিত। বিরোধী দলকে তাদের প্রাপ্য মর্যাদা দেওয়া উচিত।

**শ্রী নেপাল মাহাতো** : স্যার, পুরুলিয়া জেলার ঝালদা ও বান্দোয়ান এম সি সি অধ্যুষিত এলাকা। এখানে এস সি এস টি-দের জন্য বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনা নেওয়া হয়েছে। এক্ষেত্রে জেলার নির্বাচিত বিধায়কদের পরামর্শ যাতে নেওয়া হয় এবং বিধায়কদের যাতে সেই পরিকল্পনার সদস্য করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন বিরতি। আমরা আবার ১.৩০ মিনিটে মিলিত হব।

[At this stage the House was adjourned till 1.30 p.m.]

[1.30—1.40 p.m.]
(After adjournment)

## POINT OF INFORMATION

**শ্রী কাশীনাথ মিশ্র** : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় জানতে চাই। রাজ্য সরকার যে ইন্দো-জার্মান কর্পোরেশন যে বেসিক হেলথ্ প্রোজেক্ট করছে তার জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন হেলথ্ সেন্টারে সি এম ও এইচ এবং ডেপুটি সি এম ও এইচ যাঁরা আছেন তাঁদের কয়েকজনকে ট্রেনিং-এর জন্য ব্যাংককে পাঠানো হয়েছিল। এরকমই পুরুলিয়ার একজন

ডেপুটি সি এম ও এইচ ডাঃ আশুতোষ লোধ ব্যাংককে ট্রেনিং-এর জন্য গিয়েছিলেন। সেখানে ট্রেনিং নেওয়ার পর ফেরার পথে তাঁর পাসপোর্ট, ভিসা, তাঁর ডলার এবং অন্যান্য জিনিসপত্র সব কিছু চুরি হয়ে গেছে এবং ডাঃ আশুতোষ লোধ ব্যাংককে খুব বিপদে পড়েছেন, তিনি আসতে পারছেন না। গতকাল রূপসী বাংলা ট্রেনে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে আমার দেখা হয়েছে আমি তাঁকে এ ব্যাপারে সব বলেছি এবং ডাঃ আশুতোষ লোধের পরিবারের পক্ষ থেকে একটি চিঠি তাঁকে দিয়েছি। আমি এখন আপনার মাধ্যমে এই ব্যাপারে একটি চিঠি মাননীয় মুখ্যমন্ত্রীকে দেব। যাতে ডাঃ আশুতোষ লোধ ভালভাবে ভারতে ফিরে আসতে পারেন সে ব্যাপারে ব্যবস্থা করা হোক। ডাঃ আশুতোষ লোধের পাসপোর্ট, ভিসা, ডলার ইত্যাদি চুরি যাওয়ার ফলে তিনি ভারতে ফিরতে পারছেন না—একথা সেখানে ইন্ডিয়ান এমব্যাসিকে জানানো হয়েছিল, কিন্তু তাঁরা সে ব্যাপারে কোনো ব্যবস্থা নেননি। তাই তিনি খুব অসুবিধার মধ্যে পড়েছেন। ডাঃ আশুতোষ লোধ যাতে তাড়াতাড়ি ব্যাংকক থেকে এখানে ফিরে আসতে পারেন তার জন্য চিঠির একটি কপি আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে দিচ্ছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল** : স্যার, কলকাতা থেকে ইস্টার্ন রেলের অফিসকে দুটো ভাগ করে একটা ভাগকে বিহারে নিয়ে যাওয়ার ব্যবস্থা হচ্ছে—রেলমন্ত্রী এই চক্রান্ত করছেন। আমি এ ব্যাপারে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি এবং তাঁর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, পশ্চিমবঙ্গ থেকে ইস্টার্ন রেলকে দুটো ভাগ করে একটা ভাগকে যাতে বিহারে নিয়ে না যায় তার জন্য উদ্যোগ নেওয়া হোক।

**শ্রী তপন হোড়** : স্যার, একটা ষড়যন্ত্রের কবলে পশ্চিমবঙ্গ পড়েছে। বহুদিন ধরে ইস্টার্ন রেল এবং সাউথ ইস্টার্ন রেলের সদর দপ্তর কলকাতা থেকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার জন্য ষড়যন্ত্র চলছে। রেলমন্ত্রী নীতিশকুমার ইস্টার্ন রেলের সদর দপ্তর বিহারে নিয়ে যেতে চাইছেন। এটা উদ্দেশ্যপ্রণোদিত। পূর্বেও এই ষড়যন্ত্র হয়েছিল, কিন্তু আমরা সবাই মিলে এই ষড়যন্ত্র রুখে দিয়েছিলাম। আবার আমরা সবাই মিলে এই ষড়যন্ত্র রুখে দেব। আমি আপনার মাধ্যমে, রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি ইস্টার্ন রেল এবং সাউথ ইস্টার্ন রেলের সদর দপ্তরকে কলকাতা থেকে সরিয়ে অন্যত্র নিয়ে যাওয়ার জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে সেটা বন্ধ হোক।

**শ্রী তাপস রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, এর আগেও আমি এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম—বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রী মহোদয়গণ এই হাউসকে যতটা গুরুত্ব দেয়া উচিত ততটা গুরুত্ব দিচ্ছেন না। এটা দীর্ঘদিন ধরে আপনিও লক্ষ্য করছেন। এর আগে একজন মন্ত্রী ঠিক সময় না আসার জন্য তাঁর বিভাগের ব্যয়-বরাদ্দের বিষয়ে সঠিক সময় আলোচনা শুরু করা যায়নি। আজকেও ৫ মিনিট ১৯ সেকেন্ড সময় নষ্ট হয়ে গেল মন্ত্রী মহোদয় ঠিক সময়ে উপস্থিত না হওয়ার জন্য। যদিও উনি আমাদের সকলের অত্যন্ত শ্রদ্ধাভাজন তথাপি উনি ৫ মিনিট পরে হাউসে উপস্থিত হলেন, এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমি এই প্রসঙ্গে মাননীয় পরিষদীয় মন্ত্রী মহোদয়কে জানাচ্ছি, এর পরেও যদি আবার এই জিনিস ঘটে তাহলে মন্ত্রীরা এখানে বসে থাকবেন, আমরা বেরিয়ে যাব। এরপর থেকে মন্ত্রীরা যেন সঠিক সময়ে এখানে উপস্থিত থাকেন।

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 25

**Mr. Deputy Speaker** : There are 30 Cut motions to demand No. 25. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kamal Mukherjee (i—v)<br>Shri Tarak Bandyopadhyay (vi)<br>Shri Biman Chakraborty (vii)<br>Shri Abdul Mannan (viii—ix)<br>Shri Ajoy De (x—xi)<br>Shri Dipak Kumar Ghosh (xii)<br>Shri Kallol Khan (xiii)<br>Shri Kashinath Mishra (xiv—xxvi)<br>Shri Sobhandeb Chattopadhyay (xxvii)<br>Shri Ashok Kumar Deb (xxviii)<br>Shri Moly Ghatak (xxxix)<br>Shri Sobhandeb Chattopadhyay (xxx) | Sir, I beg to move that the amount of the demand be reduced by 100/-. |

### Demand No. 79

**Mr. Deputy Speaker** : There are 41 Cut motions to demand No. 79. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Sadhan Pande (i)<br>Shri Ajoy De (ii—iv)<br>Shri Kalipada Mandal (v)<br>Shri Dipak Kumar Ghosh (vi—vii)<br>Shri Mostaque Alam (viii)<br>Dr. Ratna De (Nag) (ix)<br>Shri Gobinda Chandra Naskar (x)<br>Shri Nirmal Ghosh (xi)<br>Shri Pundarikakshya Saha (xii)<br>Shri Tamonash Ghosh (xiii)<br>Dr. Asish Banerjee (xiv—xv)<br>Shri Kashinath Mishra (xvi)<br>Shri Kallol Khan (xvii)<br>Shri Tarak Bendyopadhyay (xviii—xix)<br>Shri Manturam Pakhira (xx)<br>Shri Jyoti Priya Mallik (xxi—xxiv)<br>Smt. Sonali Guha (xxv)<br>Shri Subrata Bakshi (xxvi—xxvii)<br>Shri Kamal Mukherjee (xxviii—xxx)<br>Shri Sobhandeb Chattopadhyay (xxxi)<br>Shri Ashok Kumar Deb (xxxii)<br>Shri Pankaj Banerjee (xxxiii)<br>Shri Gyan Singh Sohanpal (xxxiv)<br>Shri Moloy Ghatak (xxxv—xxxviii)<br>Shri Saugata Roy (xxxix—xli) | Sir, I beg to move that the amount of the demand be reduced by 100/-. |

**শ্রী সৌগত রায়** : স্যার, পূর্ত দপ্তরের বাজেট বরাদ্দের ওপর আমাদের যা কাটমোশান আছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য বলছি। স্যার, এই হাউসের পি ডব্লু ডি-র যে স্ট্যান্ডিং কমিটি আছে তার আমি চেয়ারম্যান। সাধারণত কেউ স্ট্যান্ডিং কমিটিতে থাকলে তাঁর আর বাজেট বিতর্কে বলার সুযোগ থাকে না। কিন্তু তা সত্ত্বেও আমি বলছি। কারণ এখানে বাজেটের সময় মন্ত্রীদের যেমন একটা অনুপস্থিতি আমরা লক্ষ করছি তেমন পি ডব্লু ডি নিয়ে বলায় সদস্যদের একটা অনীহা লক্ষ করছি। সেজন্যই আমাকে এই বাজেটের ওপর বলতে হচ্ছে। মাননীয় মন্ত্রী দুটো খাতে ৫৮০, ০৪,০৬,০০০ টাকা এবং ৮৭৫,৪৩,১৮,০০০ টাকা চেয়েছেন। আমি বলছি, মন্ত্রীর এই চাওয়ার মূল্য কি আছে ? গত বছর মাননীয় মন্ত্রী যে টাকা চেয়েছিলেন তার কত পারসেন্ট পেয়েছেন সেটা বলবেন কি ? স্যার, আমরা দেখছি অবস্থা অত্যন্ত করুণ। গত বছর মন্ত্রী ৫৯৪ কোটি টাকা চেয়েছিলেন ডিমান্ড নং ২৫-এ। তাতে খরচ হয়েছে কত ? ৩৩৮ কোটি টাকা। আর ডিমান্ড নং ৭৯তে ১১২৯ কোটি টাকা চেয়েছিলেন। খরচ হয়েছে কত ? ৭৩২ কোটি টাকা। গত বছর পি ডব্লু ডি-র প্ল্যানে মাত্র ৭৫ শতাংশ টাকা রিলিজ্‌ড হয়েছে এবং কোর সেক্টরে ৮০ শতাংশ টাকা রিলিজ্‌ড হয়েছে। আমি আমার রিপোর্টে বলেছি—বাজেট এক্সারসাইজ নোশনাল। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলছি, আপনি যত টাকারই বাজেট এখানে পেশ করুন, শেষ পর্যন্ত আপনি টাকা পাবেন না। প্ল্যানে পুরো টাকা পাবেন না, নন-প্ল্যানে টাকা পাবেন না। মাননীয় মন্ত্রী, এর রেজাল্ট নিশ্চয়ই আপনি দেখতে পাচ্ছেন। ইতিপূর্বে আমি এটা মেনশন করেছিলাম, আবার বলছি। ২৫ নং ডিমান্ডে পি ডব্লু ডি-র নিজস্ব হেড নয়। বিভিন্ন দপ্তরের বাড়ি তৈরি হয় এবং সেগুলো পি ডব্লু ডি-র অধীনে থাকে। যেমন, Art & Culture, Housing, Mining, Education, Sports & Culture, Medical, Trival Area Sub-Plan, Public Health, Family Welfare, Information, Social Services, Animal Husbandry, Dairy Development, Food, Storage, Co-operation, Village and Small Industry. এই এতগুলো খাতে পি ডব্লু ডি টাকা খরচ করে, কিন্তু পি ডব্লু ডি-র নিজস্ব কোনও অর্থ নয়। গত বছর এই সমস্ত খাতে কোনও খরচই হয়নি। গত বছর মেডিকেল খাতে এস্টিমেট ছিল—বাজেট এস্টিমেট—১৬১ কোটি টাকা। আর সেখানে খরচ হয়েছে কত, না ৯ কোটি ১১ লক্ষ টাকা ! কারণ কি ? "Though the Finance Department released 75% allocation it could not utilised due to insufficient number of Scheme.

[1.40—1.50 p.m.]

১৬১ কোটি টাকার মধ্যে ৯ কোটি টাকা মাত্র খরচ হয়েছে। তার মানে লেস দ্যান ৬ পারসেন্ট, কোনও টাকা আলটিমেটলি ডিপার্টমেন্ট খরচ করতে পারছে না। তার ফলে রেজাল্ট কি ? এই যে আই ডি হাসপাতাল ভেঙে পড়েছে, কালকে পুরো বারান্দা ভেঙে পড়েছে, ১৫ বছর আগে তৈরি। দেখলাম, রডগুলি বার হয়ে গেছে, পুরানো মর্চে ধরা, বীম পর্যন্ত দেয়নি। পি ডব্লু ডি-র বিভিন্ন দপ্তরের সঙ্গে কোনও সুপারভিশন রয়েছে বলে মনে

হচ্ছে না। তবে এটা আমাদের ভাগ্য যে আরও বাড়ি ভেঙ্গে পড়েনি। পার্টিকুলারালি হাসপাতালের বাড়িগুলির সবই পুরানো, বিল্ডিংগুলি সবই পুরানো। এস এস কে এমের বিল্ডিং বিপজ্জনক। নীলরতন সরকার হাসপাতালের মর্গ বিপজ্জনক। আর জি কর হাসপাতালের বাড়ি কনডেম বলে ডিক্লেয়ার করেছে। মেডিক্যাল কলেজে দীর্ঘদিন ধরে মেইনটেনান্সের কাজ চলেছে। আপনারা টাকা দিচ্ছেন না, অ্যালটমেন্ট ন্যূনতম, ফলে মেইনটেনান্স বা রিপেয়ার যেটা করা দরকার সেটা হচ্ছে না, কাজের অবস্থা শ্লথগতি। আপনি বরং মুখ্যমন্ত্রী এবং ফিনান্স মিনিস্টারকে জিজ্ঞাসা করুন, প্ল্যানে কত টাকা পাবেন, তারপর ডিপার্টমেন্টকে পুরো জানান, একটা স্ট্রিমলাইন করার চেষ্টা করুন। তা না হলে বাজেট বক্তৃতা দিয়ে লাভ হবে না—একটা আমি পরিষ্কারভাবে বলছি এবং জানাচ্ছি। পূর্ত দপ্তরের অধীনে ৩টি প্র্যাকটিক্যালি দপ্তর আছে, পি ডব্লু ডি, পি ডব্লু ডি (রোড্স) এবং কনস্ট্রাকশন বোর্ড। আমি আগে থেকেই বলেছি যে, পি ডব্লু ডি-র ইঞ্জিনিয়াররা কমপিটেন্স এ বিষেয় কোনও সন্দেহ নেই। পি ডব্লু ডি দীর্ঘদিন ধরে অর্থাৎ ব্রিটিশ আমল থেকে আছে। পি ডব্লু ডি-র ইঞ্জিনিয়াররা যে কোনও বাড়ি, যে কোনও রাস্তা, যে কোনও ব্রিজ তৈরি করতে পারেন। কিন্তু কি হচ্ছে ? কাজ যে রকম হওয়া উচিত ছিল সেই রকম হচ্ছে না। আমি নিজে রিপোর্টে বলেছি, হাডকোর টাকা নিয়ে যে রাস্তাগুলি করছে সেই রাস্তাগুলি ভাল হয়েছে। দু-একটি জায়গায় কাজ শেষ হতে দেরি হয়েছে। যেমন, দীঘা-তমলুক রাস্তা, ওই তমলুক থেকে নাচিন্দা, দেরি করে কাজ হয়েছে। কিন্তু যেখানে হাডকোর টাকায় রাস্তাগুলি হয়েছে সেগুলি মোটামুটি ভাল হয়েছে, সাধারণভাবে পি ডব্লু ডি সেইভাবে কাজ দেখাতে পারছেন না। আর আই ডি এফের সাহায্য নিয়ে যে রাস্তা করছেন তার কোয়ালিটি এর থেকে আর একটু খারাপ। আর পি ডব্লু ডি নিজে যে মেইনটেনান্স এবং রিপেয়ার করে তার অবস্থা খুবই খারাপ। অর্থাৎ তাদের যে টাকা দেন সেই টাকায় রাস্তা রিপেয়ার হয় না। তার ফলে এটা বলা যেতে পারে, পশ্চিমবাংলায় ওভারঅল হাডকোর রাস্তা—হাডকো ৬৭/৬৮টি রাস্তা করেছে ফেজ ১ এবং ২ মিলিয়ে তাতে মোটামটি কিছুটা রাস্তা হয়েছে। কিন্তু হাডকো এবং আর আই ডি এফের বাইরে যে রাস্তাগুলি পড়ছে সেই রাস্তাগুলির অবস্থা খারাপ এবং যত বর্ষা আসবে এই হাউসে প্রতিটি সদস্য এসে বলবেন, পি ডব্লু ডি-র রাস্তার অবস্থা এতই খারাপ যে বাস রুট বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন এর ইমপ্রুভ করার ক্ষেত্রে উনি কি পদক্ষেপ নিয়েছেন ? স্যার, একটা বড় প্রবলেম পি ডব্লু ডি-র যে ওরা ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যাপারে সরকারের অন্য দপ্তর থেকে সাহায্য পান না। আমি আমার রিপোর্টে বলেছি, দীঘা যাবার পথে পিছাবনী ব্রিজটি ৮ বছর ধরে পড়ে আছে। শুধু দুটি লেনের উপর দিয়ে গাড়ি চলছে। ৮ বছর ধরে কাজ হয়নি টেন্ডারের গন্ডগোলের জন্য। আমি শুনেছি, নতুন টেন্ডার বেরিয়েছে। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন। আর একটা নন্দীগ্রাম তালপট্টি ব্রিজ কমপ্লিট হয়নি। দুইদিকে রাস্তার জন্য ৭/৮ বছর লেগে গেল। এই রকম যদি পি ডব্লু ডি-র কাজ হয় তাহলে সেটা দুঃখজনক। আমার কেন্দ্রে যেটা আমি সব থেকে অ্যাফেক্টেড সেই

লেক-গার্ডেন ওভারব্রিজের কথা বলছি যেখান থেকে আর এস পি লোকেরা নির্বাচিত হতেন এবং মন্ত্রী হতেন। যতীন চক্রবর্তী ছিলেন, মন্ত্রী হয়েছিলেন, তারপর ক্ষিতি গোস্বামী মন্ত্রী হয়েছিলেন। ১০ বছর ধরে লেক-গার্ডেন ওভারব্রিজটি পড়ে আছে। যতীন চক্রবর্তী মহাশয় ১৯৭৭ সাল থেকে বলে আসছিলেন যে এটা হবে। ১৯৯৬ সালে এর প্রথম কাজ শুরু হয়েছিল। ক্ষিতি গোস্বামী মহাশয় যখন পূর্তমন্ত্রী ছিলেন তিনি কথা দিয়েছিলেন ২০০১ সালে ব্রিজটি কমপ্লিট হবে। আজকে বলছেন, ২০০৩ সালে কমপ্লিট হবে। ক্ষিতিবাবু এই উড়ালপুল হল না বলে হেরে গেলেন।

কিন্তু আপনারা কি চাইছেন এই উড়ালপুল তৈরির কাজ হতে হতে আরও একটা ইলেকশন পার হয়ে যাক ? স্যার, এই পি ডব্লু ডি-র এমনই অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকুমেন যে সেখানে সি এম ডি এ-র যে ১০টা বাড়ি আছে সেগুলি অন্য জায়গায় সরিয়ে বিকল্প ব্যবস্থা করতে হবে, ফুড ডিপার্টমেন্ট এবং আই অ্যান্ড সি এ-র কিছু জমি নিতে হবে সেটাই তাঁরা পারছেন না। স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে নর্দাণ সাইডে প্রোজেক্টটা এক বছর হল কমপ্লিট হয়ে গিয়েছে, রেলের উপরের কাজটাও প্রায় কমপ্লিট কিন্তু সাদার্ন সাইডে ১০ পারসেন্ট মাত্র কাজ করতে পেরেছেন। এই যে টাকাটা আগে খরচ হয়ে যাচ্ছে অথচ প্রোজেক্টটা কমপ্লিট হচ্ছে না এবং তার ফলে ফান্ডটা ব্লকেড হয়ে যাচ্ছে এ ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন মন্ত্রী মহাশয় বলবেন। এ ব্যাপারে প্রোগ্রেস কি হয়েছে সেটাও বলবেন। তারপর বন্ডেল গেটে যে রোড ওভারব্রিজ তাতে একটু কাজ এগিয়েছে ডানদিকে। সেখানে মন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে আমাকে রিপোর্টে দেওয়া হয়েছে যে বন্ডেল গেট-এর কাজটা মার্চ ২০০৩ সালে শেষ হবে। এই কাজটা যে অবস্থায় আছে তাতে আপনাকে বলছি কিছুতেই আপনি এটা ২০০৩ সালে শেষ করতে পারবেন না। কারণ এখনও তো আপনি সাদার্ন সাইডে জমিই পাননি। আপনার ইঞ্জিনিয়াররা বলছেন যে, যেদিন আমরা কমপ্লিট জমি পাব তারপর এক বছর লাগবে। তাহলে মার্চ ২০০৩-এ আপনি করবেন কিভাবে বলছেন ? এগুলি আমি বলছি তার কারণ আপনি এখন একটা সবচেয়ে অ্যামবিশাস প্রোজেক্ট নিতে যাচ্ছেন—নর্থ সাউথ করিডোর। শিলিগুড়ি থেকে কোলকাতা—এন এইচ ৩১ এবং ৩৪, বলছেন একটা নতুন ৬ লেনের হাইওয়ে হবে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে টাকা পেয়েছেন এবং তার মেন কাজ হচ্ছে বারাসত থেকে রায়গঞ্জ পর্যন্ত ওরা চওড়া করবেন। রায়গঞ্জ থেকে শিলিগুড়ি পর্যন্ত অলরেডি তিস্তা বাঁধের পাশ দিয়ে রাস্তা আছে, সেটাকে ওরা করবেন। এখন এই যে রায়গঞ্জ থেকে বারাসত পর্যন্ত আপনি নেবেন এখানে এখন শুধু প্রি-টেন্ডারের কাজটা করেছেন। কত বছর তাহলে এই প্রোজেক্টটা শেষ হতে লাগবে ? ডিপার্টমেন্ট যদি লেক গার্ডেন্সের ফ্লাইওভারের মতন একটা সিম্পল কাজই করতে না পারেন তাহলে নর্থ সাউথ করিডোরের কাজটা করবেন কি করে ? একই অবস্থা স্যার, আরও একটি বড় প্রোজেক্টের ক্ষেত্রে সেটা হল দ্বিতীয় বিবেকানন্দ সেতু। এটা একটা অত্যন্ত এসেনসিয়াল প্রোজেক্ট। আপনি জানেন যে এই দ্বিতীয় বিবেকানন্দ সেতুর কাজের অবস্থাটা কি হয়ে আছে। দ্বিতীয় বিবেকানন্দ সেতুর প্রিলিমিনারি কাজটাই এখনও পর্যন্ত

সম্পূর্ণ হয়নি। ডিপার্টমেন্ট থেকে ওরা বলছেন যে এই দ্বিতীয় বিবেকানন্দ সেতুর কাজ শেষ করতে আরও বেশি সময় লাগবে। এখনও যদি কাজটা শুরুই করা না যায় তাহলে উনি দ্বিতীয় বিবেকানন্দ সেতুর কাজটা শেষ করবেন কতদিনে এবং কিভাবে ? মন্ত্রী মহাশয়, আশা করি বলবেন। এটা ওর কেন্দ্রের কাছাকাছি। স্যার, আমরা দেখছি অনেক কটা রোড ফ্লাইওভারের কাজ পড়ে আছে। তার একটা লিস্ট আপনি দিয়েছেন এবং বলেছেন এগুলির কাজ শুরু করবেন। তার মধ্যে আছে লিলুয়া রোড ওভারব্রিজ, বিরাটি, মধ্যমগ্রাম, বারাসত, বাগনান, কিন্তু একমাত্র মৌড়িগ্রাম ছাড়া কোনও রোড ওভারব্রিজের কাজ অন টাইম প্রসিড করছে না। মৌড়িগ্রামটাই একমাত্র বলার মতন অবস্থায় আছে। কারণ সেখানে ফাঁকা জায়গা পেয়েছেন হাইওয়ের ধারে, তার ফলে সমস্যা হয়নি। আমি আপনাকে বলব, যদি রাজ্যে শিল্প আনতে হয় তাহলে রাস্তা হচ্ছে তার অন্যতম আসল ইনফ্রাস্ট্রাকচার। সেই জায়গায় স্টেট গভর্নমেন্ট ক্যান নট ডেলিভার। তাহলে কিন্তু মুশকিল হয়ে যাবে। আপনার কপাল ভাল কারণ এখানে মেন যে সব ন্যাশানাল হাইওয়ে তাতে আপনাকে কিছু করতে হচ্ছে না। National Highways' Development Autotities of India....... এসেছে এবং আপনার দেখা উচিত যে কি স্পিডে তারা বম্বে রোড চওড়া করছে, কি স্পিডে কোলাঘাটে কাজ করছে। দুর্গাপুর হাইওয়ে অলরেডি হয়ে গিয়েছে, আপ টু বরাকর রাস্তা চওড়া হয়ে গিয়েছে। সেখানে আমাদের স্টেট গভর্নমেন্ট যে রাস্তাগুলি করবেন সেগুলিও দ্রুত কমপ্লিট করা দরকার।

[1.50—2.00 p.m.]

আজকে প্রাইম মিনিস্টার একটি প্রোগ্রাম নিয়েছেন, বলেছেন—কলকাতা, দিল্লী, মুম্বাই এবং মাদ্রাজকে নিয়ে একটা কোয়াড্রিল্যাটারাল অর্থাৎ চতুষ্কোণ তৈরী করবেন। এর সঙ্গে যুক্ত সব স্টেট হাইওয়েগুলির ইম্প্রুভমেন্ট করতে হবে, বনগাঁ-যশোর রোড ডেভেলাপ করতে হবে, হিলি-রায়গঞ্জ রাস্তা বাংলাদেশ বর্ডার পর্যন্ত গেছে, সেটা আপগ্রেড করতে হবে। আমার এখনও পর্যন্ত মনে হচ্ছে, প্রথমত, পি ডব্লু ডি সাফিসিয়েন্ট ফান্ড পাচ্ছে না, দুই, যে ফান্ড পাচ্ছে সেটা দেরী করে পাচ্ছে, তিন, জমি অধিগ্রহণের ক্ষেত্রে পি ডব্লু ডি সরকারের অন্য ডিপার্টমেন্টগুলির সহযোগিতা পাচ্ছে না। এর ফলে আপনার কাজ ঠিকমত এবং অন সিডিউল হচ্ছে না। সম্প্রতি আপনি একটি মিটিং ডেকেছিলেন। এন এইচ ৩৪ এবং নর্থ-সাউথ করিডোর সম্বন্ধে ৬টি জেলার সভাধিপতি এবং ডি এম-দের ডেকেছিলেন, কিন্তু আপনার ডাকে নাকি কেউ আসেননি। এটা লজ্জার ব্যাপার। হতে পারে আপনি ছোট শরিক দলের মন্ত্রী, কিন্তু রাজ্যের তো মন্ত্রী। যদি ডি এম আপনাকে ডিফাই করেন, যদি তাঁরা ঠিকমত কাজ না করেন, তাহলে আপনার দপ্তর কি করে চলবে ? যেখানে রাস্তা গুরুত্বপূর্ণ পরিকাঠামো হিসাবে কনসিডার হচ্ছে সেখানে এইভাবে কি করে চলবে সেটা ভেবে দেখবেন। স্ট্যান্ডিং কমিটিতে থাকবার সময় আমি উত্তরবঙ্গে গিয়েছিলাম তিস্তা ব্যারেজের কাজটা দেখতে। তিস্তা ব্যারেজের কাজ সন্তোষজনকভাবে এগিয়েছে, শিলতোর্ষা ব্রিজের কাজটা হয়ে এসেছে। কিছুদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী গিয়েছিলেন জঙ্গীপুরে ভাগীরথীর উপর যে ব্রীজ হয়েছে সেটার উদ্বোধনে। শহরটা দুই ভাগ হয়েছিল জঙ্গীপুর এবং রঘুনাথগঞ্জে। সুন্দরবনে বিদ্যাধরী নদীর উপর চৈতলঘাট

ব্রীজ তৈরী হয়েছে। আপনি একটা লিস্ট দিয়েছিলেন কোন কোন জায়গায় ব্রিজ তৈরী হচ্ছে। আমরা একজাক্ট জানতে চেয়েছিলাম কবে সেগুলো কমপ্লিট হবে। বিদ্যাধরী ব্রিজ, বলেছেন, ডিসেম্বর ২০০২-এ কমপ্লিট হবে। চৈতলঘাট ব্রিজ সেপ্টেম্বর ২০০৩, বিরাটি ২০০৪, লিলুয়া রেল ওভারব্রীজ ২০০৪-এ কমপ্লিট হবে। আপনার ডিপার্টমেন্ট কমিটিকে এটা বলেছেন। ব্যাপারটা আপনি এখানে কনফার্ম করবেন। দুটো জিনিসে আপনাকে জোর দিতে হবে। একটি হচ্ছে, ব্রীজ যেগুলো নদীর উপর আছে সেগুলোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং অপরটি হচ্ছে, রেললাইনের উপর যে রেলওয়ে ওভারব্রিজ আছে সেগুলো দ্রুত সম্পন্ন করতে হবে। এটা আপনার কাছে ডিমান্ড করছি। আপনার দপ্তরের হাতে কাজ অনেক রয়েছে। আপনারা রাস্তা করেন, ব্রিজ করেন, সরকারী বাড়ি তৈরী করেন, মূর্তি যা বিভিন্ন জায়গায় বসানো হচ্ছে সেই দায়িত্ব যে কোনও কারণেই হোক আপনার উপর পড়েছে—সেটা করেন, সর্বোপরি আপনি রাইটার্স বিল্ডিং-এর দেখাশোনা করেন। কিন্তু রাইটার্স বিল্ডিং-এর উপর আক্রমণ হতে পারে এই খবরে প্রশ্ন উঠেছে কে রাইটার্স বিল্ডিং দেখবে। আপনি বলছেন যে, পুলিশ দেখবে, আবার পুলিশ বলছে, পূর্ত দপ্তর দেখবে। আপনার ডিপার্টমেন্টের ৮০ জন কর্মচারী রাইটার্স বিল্ডিং-এর ভেতর থাকেন। তাঁরা রাইটার্স বিল্ডিং-এর ভেতর টেবিল ভাড়া দেন এবং বাইরের লোক রাইটার্স বিল্ডিংয়ে শোয়। রাইটার্স বিল্ডিংয়ে ফাইল ইঁদুরে কেটে দিচ্ছে বলে সেখানে ইঁদুর ধরতে বেড়াল পুষছেন। সেখানে একটা প্রাগৈতিহাসিক অবস্থা বিরাজ করছে। এটা আপনি একটু দেখবেন। আমি বলবো, একটা ইনভেনটরি তৈরী করা দরকার। আপনার ডিপার্টমেন্টের আন্ডারে কতগুলো বিল্ডিং রয়েছে এবং তার স্টেট অফ রিপেয়ারের ক্ষেত্রে পাঁচ বছরের একটা প্রোগ্রাম ঠিক করা দরকার যে কতগুলো বিল্ডিং আপনারা আপ-টু-ডেট করবেন।

আপনি এই কাজ করবেন। আপনার উপর নাকি এই ওয়াইড এরিয়া নেটওয়ার্ক কাজের দায়িত্ব পড়েছে ? আপনার দপ্তর নাকি অপটিক্যাল ফাইবার, কেবল নেটওয়ার্কে কাজ করবে ? ভিডিও কনফারেন্সের কাজ নাকি আপনার দপ্তর করবে ? এই কাজ করার মতো অনেক ইঞ্জিনীয়ার আপনার আছে। কিন্তু আমার মনে হচ্ছে পি ডব্লু ডি গভর্নমেন্টের যে গতি আনার দরকার ছিল পশ্চিমবাংলার মতো রাজ্যে একটা ইনফ্রাস্ট্রাকচার করার জন্য, সেই গতি আপনি আনতে পারেননি। আমি চাই আপনার দপ্তরের ইঞ্জিনীয়ারদের হাতে আরও বেশি ক্ষমতা দেওয়া হোক। যে কোনও কারণেই হোক আপনার দপ্তরের ইঞ্জিনীয়ারদের ক্ষমতা কিছু কিছু জেলা পরিষদ কিছু কিছু লোকাল এরিয়ার হাতে দেওয়া হচ্ছে। এটা রাজনৈতিক কারণে হচ্ছে। তাতে কাজটা হ্যামপারিং হচ্ছে। ওই কাজের জন্য জেলা পরিষদে যেতে হচ্ছে, সেখান থেকে ফাইল আসতে দেরি হচ্ছে। কাজটা ডিলেড হয়ে যাচ্ছে। আমি মনে করি আগামী বছর আরও দ্রুত নতুন রাস্তা করবেন। আপনার যে বিল্ডিং আছে একজিসটিং অ্যাসেট আছে সেইগুলি ভেঙে যাচ্ছে, সেই ব্যাপারে দ্রুত ব্যবস্থা নেবেন। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে কাটমোশানগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায়** : স্যার, অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে আপনার এবং সবার দৃষ্টি আকর্ষণ করছি। আমি জানি না আর এস পি-র গুরুত্ব কমেছে নাকি সরকারের কাছে পি ডব্লু ডিপার্টমেন্টের গুরুত্ব কমেছে। ৬ জন গুরুত্বপূর্ণ মন্ত্রীর এখানে থাকার কথা। কিন্তু আপনি দেখুন সেটা নেই। এই ব্যাপারে বারে বারে আলোচনা হয়েছে যে অন্তত ৬ জন গুরুত্বপূর্ণ মন্ত্রী এখানে থাকবেন। আজকে পি ডব্লু ডি-র বাজেট হচ্ছে। সিকি আধুলি নয় একেবারে ৬ জন গুরুত্বপূর্ণ মন্ত্রীকে এখানে থাকতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার** : আমাদের একটা নিয়ম আছে, মেনসান পর্যন্ত ৬ জন মন্ত্রী এখানে থাকবেন, বাজেটের সময় ৬ জন মন্ত্রীর থাকার নিয়ম নেই।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত এবং সড়ক দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ২৬ এবং ৭৯ নম্বর অভিযাচনে তা আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাটমোশান দিয়েছেন তা আমি দেখেছি এবং সেইগুলি গ্রহণযোগ্য নয়, আমি মনে করি এইগুলি অবান্তর, তাই আমি তার বিরোধিতা করছি। এই বিতর্কে আমি দু-একটা কথা বলতে চাই। আমাদের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান বলেছেন, আমিও ওই কমিটিতে আছি। যে যে বিষয় তিনি বলেছেন সেই সম্বন্ধে আমি প্রথমে বলি, এটা ওনার পক্ষে বলা উচিত হয়েছে কিনা বলতে পারবো না, তিনি অসত্য সংবাদ পরিবেশন করেছেন জমি অধিগ্রহণ সম্পর্কে। আমি উদাহরণ দিই, বিদ্যাধরী এবং চৈতলঘাট ব্রিজের জমি অধিগ্রহণের ব্যাপারে অন্যান্য দপ্তর বিশেষ করে ভূমি রাজস্ব দপ্তরের সম্পূর্ণ সাহায্য পাওয়া গেছে। একটা কমপ্লিট হয়ে গেছে, আর একটা কমপ্লিট হতে চলেছে। স্থানীয় লোকেরা উদ্যোগ নেন তাহলে সহজে সম্ভবপর হবে। আমার এর পরের কথা হল মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাচ্ছি কয়েকটি কারণে। সেটা হচ্ছে যে এখানে দেখতে পাচ্ছি যে তিনি বাজেট বরাদ্দে যেটা পেশ করেছেন তাতে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য ৩৪.৬৫ এবং ১১.৪৫ অংশ বরাদ্দ করেছেন। তিনি জোর দিয়েছেন সুন্দরবন এবং অন্যান্য দুর্গম স্থানের উপর যে সমস্ত জায়গায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন। যার জন্য উন্নয়ন ব্যাহত হচ্ছে সেই জায়গাগুলির জন্য তিনি জোর দিয়েছেন। তার উদাহরণস্বরূপ আমাদের এখানে সুন্দরবন এলাকার বিভিন্ন সেতুগুলি হচ্ছে। মাননীয় সৌগতবাবু বলেছিলেন দু-একটা জায়গায় উনি দেখে এসেছেন সেইগুলি হচ্ছে, যেমন শিলতোর্ষা এবং আমাদের ওখানে চৈতলঘাট সেতু।

[2.00—2.10 p.m.]

যে হারে হয়ে গেছে, আমি মনে করি যথাসময়েই শেষ হবে। এক-আধ মাসের এদিক ওদিক হতে পারে। আপনারা এই বিষয়ে নিশ্চিন্ত হতে পারেন। আর একটা কথা যেটা বলেছেন, আমি ওঁর সঙ্গে প্রায় একমত। সেটা হচ্ছে ধন্যবাদ দিয়েছেন হাড়কোর রাস্তা ভালো হয়েছে বলে। এরপরে বলেছেন, আর আই ডি এফের রাস্তা একটু খারাপ আর

পি ডব্লু ডি-র রাস্তা খারাপ। আমি সৌগতবাবুকে জিজ্ঞাসা করি, পি ডব্লু ডি হচ্ছে যে সমস্ত নির্মাণ সংস্থা আছে তাদের মধ্যে প্রাচীনতম। রাস্তাগুলো যখন তৈরি হয়েছিল, অনেক আগে হয়েছিল, পাঁচ-দশ টনের ক্ষমতাযুক্ত রাস্তা হিসাবে যেগুলো তৈরি হয়েছিল, সেগুলোর মধ্যে অনেক রাস্তা জাতীয় সড়কে পরিণত হয়েছে। আজকে সেগুলোর ওপর দিয়ে ২৫-৩০ টন মাল যাচ্ছে। আগের তুলনায় একশো গুণ বেশি মাল যাচ্ছে। সেগুলের ক্যাপাসিটিটা বাড়েনি। এগুলোর ভিত্তিটা করেছিলেন আপনাদের পূর্বপুরুষ, আমাদের রাজনৈতিক পূর্বপুরুষ। সুতরাং কথাটা হচ্ছে, মূলে যেখানে দোষ আছে, সেগুলোকে সারানো খুব শক্ত। তবে চেষ্টা করা হচ্ছে। আগে বিভিন্ন জায়গায় যে পরিমাণে চেঁচানো হোত সেটা এখন কম হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় একেবারে শেষ প্যারাতে যে কথা বলেছেন, বোধহয় আমরা যারা নাগরিক, আমাদের দায়িত্ব কম নয়। আমরা রাস্তাগুলো করছি, কিন্তু সেগুলোকে মেনটেন করার চিন্তা করছি না। মাননীয় মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে কটা অনুরোধ করবো, প্রযুক্তির কল্যাণে, বামফ্রন্টের কল্যাণে দেখা যাচ্ছে, উন্নয়নের জন্য ইট, বালি, পাথর বিভিন্ন জায়গা থেকে গ্রামাঞ্চলে চলে আসছে। বিশেষ করে, আমরা যারা সুন্দরবন অঞ্চলে বাস করি তাদের ঘরবাড়ি করার জন্য পাথর, বালি চলে আসে। রাস্তাগুলোর যে পরিমাণ বহন ক্ষমতা আছে, তার চাইতে বেশি ক্ষমতার গাড়ি চলে আসছে। ফলে লোডকে কমানো বা কন্ট্রোল করা যায় কিনা, উন্নয়ন দপ্তরের সঙ্গে কথা বলে মাননীয় মন্ত্রী ব্যবস্থা করবেন। এবারে আমি মেনটেন্স সম্বন্ধে বলি, হাডকোর সঙ্গে যুক্ত হয়ে তারা যে রাস্তা তৈরি করেছে—তেলপাটা রাস্তা, মসৃন রাস্তা। সেই রাস্তা আগামীদিনে তেলপাটা থাকবে কিনা জানিনা। আমি শুনেছি, পরিবহণের তেলের খরচ কমে গেছে, গাড়ির রেকারিং খরচও কমে গেছে, কিন্তু এর জন্য রাস্তার মেনটেন্সে খরচ বেড়ে যাচ্ছে। এর যারা উপভোক্তা, তাদের কাছ থেকে টাকা নিয়ে এই রাস্তাগুলোকে মেনটেন করা যায় কিনা, এটা দেখার জন্য বলছি। আমাদের এখানে জাতীয় সড়ক রয়েছে, রাজ্য সড়ক, জেলা সড়ক এবং গ্রামীণ সড়ক যেগুলো পঞ্চায়েত তৈরি করেছে। কাঁচা রাস্তাগুলো ইট পাতা রাস্তা হয়েছে। তারপর আবার ডিমান্ড আসছে, পিচের রাস্তা করতে হবে। একটা মজার কথা, জাতীয় সড়কের দায়িত্ব আমাদের রাজ্যকে বহন করতে হয়। ১৩৫৬ কিলোমিটার জাতীয় সড়কের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের পুরোপুরি নেওয়া উচিত ছিল। বেশ কিছু জাতীয় সড়কের দায়িত্ব একের পর এক তারা বাদ দিচ্ছে। যেমন জি টি রোডের দায়িত্ব তারা রাজ্যের ওপরে ছেড়ে দিয়েছে। নিজেরা মেনটেন না করে রাজ্যের ওপরে তারা ছেড়ে দিচ্ছে। অথচ জাতীয় গুরুত্বপূর্ণ সড়ক যেগুলো রাজ্য সরকারের অধীনে সেগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ কিন্তু কেন্দ্রীয় সরকার তার দায়িত্বের অঙ্গীকার নিচ্ছে না। ফলে সেগুলোর কাজ হচ্ছে না এবং কেন্দ্রীয় সরকার দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছেন। এমন কি পুনর্নির্মাণের ক্ষেত্রে যেমন বন্যা খাতে বা অন্য কারণে রাস্তাগুলো তৈরি করার ব্যাপারে যে ১০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের দেবার কথা দপ্তরকে, সেই টাকা দেয়নি। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করি এবং এই ব্যাপারটা কতদূর কি

করছেন আপনি জানাবেন। আর একটা ব্যাপারে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে নিতান্ত অভাবের মধ্যেও আপনি উত্তর-পশ্চিম করিডর এবং পূর্ব- পশ্চিম করিডর আপনি তৈরি করার ব্যবস্থা করেছেন। তারপরে আমাদের রাজ্য সড়কের ৩ নং যেটা সুন্দরবনের সঙ্গে যুক্ত সেটা ভাল করে তৈরি করার চেষ্টা করেছেন। সবশেষে যে কথাটা সৌগতবাবু বলেছেন এবং অভিযোগ করেছেন আমারও সেই ব্যাপারে ঠিক মনে হয়েছে যে, অন্যান্য দপ্তরের সঙ্গে এই দপ্তরের সমন্বয়ের একটা অভাব আছে। অন্যান্য দপ্তর যেখানে শতকরা ৭৫ ভাগ তাদের হিসাব মত খরচের টাকা পেয়ে থাকে, কিন্তু এই দপ্তরের যথোপযুক্ত পরিকল্পনা না গ্রহণ করার ফলে ঠিকমত টাকা পায় না। এইদিক দিয়ে ঠিকমত পরিকল্পনা গ্রহণ করা উচিত বলে মনে করি। সর্বোপরি এই অর্থনৈতিক অবস্থার মধ্যেও এই দপ্তর যেভাবে কাজ করে যাচ্ছে তা প্রশংসনীয়। বিশেষত অর্থনৈতিক টানাটানির মধ্যেও যেভাবে পরিকল্পনা গ্রহণ করছে এবং অবহেলিত অঞ্চলগুলোর দিকে নজর দিয়েছেন এবং সুষ্ঠু ব্যবস্থা করছেন তার জন্য এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের বিরোধীদের আনীত কাটমোশানকে সমর্থন করে বক্তব্য রাখছি। আজকে আমার মনে হয় এই সড়ক ব্যবস্থায় যে প্রায়োরিটি দেওয়া দরকার, সরকার সেই প্রায়োরিটি দিচ্ছে না। প্রথমত বিরোধী দলের সদস্য সৌগতবাবু বলেছেন এই দপ্তরের গতি কমছে স্বাভাবিকভাবে এটা পরিলক্ষিত হচ্ছে। গতি বলতে সড়ক ব্যবস্থার উন্নয়ন বলুন, তার রক্ষণাবেক্ষণ বলুন এসব কিছুর নজর দেওয়া দরকার। সেসব হচ্ছে না এর কারণগুলো হচ্ছে বড় দল ফ্রন্ট সরকারের সি পি এম এবং সেই বড় দল ছোট দলকে কোণঠাসা করার প্রবণতা সর্বদাই করে যাচ্ছে। যদিও কিছুটা তার নীতি পরিবর্তন করেছে, আমি অবশ্য সেই দিকে যাচ্ছি না। কিন্তু সেই নীতির ফলে যদি কাজের গতি কমে যায় সেখানে তো আমরা প্রতিবাদ করবই। আমাদের আপনারা বলেছিলেন জেলা পরিষদকে দিয়ে কাজ করানোর কথা, আমরা সেই প্রচেষ্টার কোনও বিরোধিতা করছি না। এবং সেখানে যে পদ্ধতি বা নীতি গ্রহণ করেছিল সিক ইন্ডাস্ট্রি বা রুগ্ন শিল্পকে বাঁচাতে সেই পদ্ধতি কিন্তু ঠিকমত মানা হচ্ছে না। সেখানে ওই ধরনের শিল্পের সঙ্গে যুক্ত যেসব সংস্থাগুলো আছে সেই সংস্থাগুলোর মধ্যে দিয়েই এই কাজগুলো করতে হবে। সেখানে রুগ্ন শিল্পকে বাঁচাতে স্যাক্সবি এবং ম্যাকেনবার্নের মতো কোম্পানী রুগ্ন শিল্পকে বাঁচাতে তাদের দিয়েই কাজ করানো হোক বলেছিলেন।

[2.10—2.20 p.m.]

এবং উদ্দেশ্যটা কি, সেই ইন্ডাস্ট্রিটা সিক্ হয়ে যাচ্ছে সেটাকে বাঁচাতে হবে, কাজ হচ্ছে স্যার, কিন্তু প্রকৃত কি হচ্ছে সেটা আমাদের দেখা দরকার। যে সংস্থাগুলিকে অ্যালটমেন্ট করা হচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে একটা জায়গায় সেই সংস্থাগুলি যে কাজ করছে তারা

সাব-এজেন্ট দিয়ে দিচ্ছে। এটা জেলা পরিষদে খবর নিলেই বোঝা যাবে। আজকে দপ্তরের যারা ইঞ্জিনীয়ার আছেন, আমি দেখেছি, অনেকে স্বীকার করবেন না, কিন্তু যেটা বাস্তব সত্য, বিভিন্ন যে সমস্ত ইঞ্জিনীয়াররা আছেন তাদের ঠুঁটো জগন্নাথ করে রাখা হয়েছে। স্যার, টেকনিক্যালম্যান যাঁরা আছেন তাঁদের দিয়ে আমরা কাজ পেতে পারি, একটা নতুন সম্ভাবনাও দেখা দিতে পারে কিন্তু সেই জায়গায় কি হচ্ছে, তাদের কণ্ঠরোধ করা হচ্ছে। এবং জেলা পরিষদকে দিয়ে যে কাজটা করানো হচ্ছে তাতে কাজের গতি কমছে। সিক্ ইন্ডাস্ট্রিগুলির নামে যে কাজ দেওয়া হচ্ছে তারা আবার সেখানে সাব-এজেন্টকে দিয়ে কাজটা করাচ্ছে। অথচ সরকার থেকে যে নীতি নেওয়া হয়েছে সিক ইন্ডাস্ট্রিকে বাঁচাবে কার্যত সেটা হচ্ছে না। এই দ্বৈত নীতির জন্য কাজের গতি কমছে। আমি মনে করি, বাজেটে যে টাকা বরাদ্দ হয়েছে, বাজেটের সেই টাকা বছরের শেষে কি তারা পাচ্ছেন ? মাননীয় সদস্য সৌগতবাবু সঠিকভাবেই বলেছেন, আপনি অর্থ দপ্তরের মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলুন, কত টাকা পাবেন। আপনি বিভিন্ন জায়গার সেতুর তালিকা দিচ্ছেন, রাস্তার লিস্ট দিচ্ছেন, কিন্তু বছরের শেষে দেখা যাচ্ছে, সেই টাকা আটকে যাচ্ছে, কাজ হচ্ছে না। স্বাভাবিকভাবে এই প্রশ্নটা এসেছে, কাজ বন্ধ হওয়ার ক্ষেত্রে অর্থই দেখা যাচ্ছে প্রকৃত সমস্যা, টাকার অপ্রতুলতা বা বঞ্চনার জন্য কাজ আটকে যাচ্ছে। এই ব্যাপারে আপনি আগে নিজে নিশ্চিত হন এবং সভাকে আশ্বস্ত করুন, এইভাবে দপ্তরের কাজ সঠিকভাবে রূপায়িত হতে পারে। এখানে যে বাজেট বরাদ্দ করা হয়েছে, এই ব্যাপারে বলি, আজকে বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত যে রাস্তার কাজ শুরু হয়েছে, খুব স্বাভাবিকভাবে এই রাস্তা চওড়া হবে। স্বাভাবিকভাবে এতে গতি বাড়বে, এলাকার মানুষের উন্নয়ন হবে। সেই জায়গাতে দপ্তর এখনও পর্যন্ত কোন অবস্থায় আছে সেটা জানা দরকার। যারা শহরের রাস্তা দখল করে আছে, সেই কাজ কতটা এগিয়েছে বা যারা বসে রয়েছেন দীর্ঘদিন ধরে তাদেরকে মানবিকতার খাতিরে কোনও রকম অর্থ সাহায্য করছেন কিনা, সেই ব্যাপারেও বলবেন এবং আপনার টার্গেট কি এই ব্যাপারে তো একটা টাইম বাউন্ড প্রোগ্রাম আছে— এই কাজ কবে নাগাদ শুরু হবে বা শেষ হবে, সেটাও বলবেন। এখানে অনেক ব্রিজের কথা বলেছেন, সেইগুলি নিশ্চয় প্রয়োজন আছে, সেই কারণে আপনি বাজেট বরাদ্দের দাবিও পেশ করেছেন, অনেকগুলি তালিকাও দিয়েছেন, কিন্তু সেইগুলি কি হবে সেটাও বলবেন। আপনার মনে আছে, মাননীয় মন্ত্রী মহাশয় আমি এবং আপনার শাসক দলের এক বন্ধু বর্তমানে মন্ত্রী, আমরা মানুষের দাবি নিয়ে একটা আবেদন আমরা করেছিলাম, সেই আবেদনের পরিপ্রেক্ষিতে আপনি সেই বিষয়টা নিয়ে একটা পদক্ষেপ নিয়েছিলেন, কালনা এবং শান্তিপুরে যে ব্রিজ সেই ব্রিজের ব্যাপার নিয়ে আমরা দলমত নির্বিশেষেসভা করেছিলাম। সেই সভা আপনি ডেকেছিলেন, দুই জেলার এম এল এ এবং ডি এম-দের নিয়ে সভা করেছিলেন কিন্তু দুর্ভাগ্যবশত এই বাজেটে বলেছেন, সেখানকার জন্য অর্থ বরাদ্দ করতে পারেননি সেটা নিয়েও সভাকে আশ্বস্ত করবেন। আপনি বলেছেন, সাউথ করিডোর তৈরি হচ্ছে, এই রাস্তার মধ্যে অনেকগুলি লেভেল ক্রসিং আছে, কিন্তু তার কোনও নির্দিষ্ট তালিকা আপনি দিতে

পারেননি, আপনি বলেছেন—এই সমস্ত গ্রামীণ সড়কের সঙ্গে সংযোগকারী হবে, কিন্তু কোনও তালিকা দেননি, আমি মনে করি, এই ব্যাপারেও আপনি সভাকে আশ্বস্ত করবেন। আজকে ১৯৯৪ সাল থেকে শান্তিপুর এবং ৩৪ নং জাতীয় সড়ক ঘিরে শান্তিপুর বাইপাস রাস্তার কাজ চলছে। সেখানে রেলওয়ে ওভারব্রিজের কাজ শেষ হয়েছে, রাস্তাটার কিছু অংশ বাকি আছে। শহরের ঘিঞ্জি এলাকার মধ্যে এ জায়গা দিয়ে বহু গাড়ি যাতায়াত করে, বিভিন্ন অফিস, স্কুল সমস্তই সেখানে, অনেক দুর্ঘটনাও ঘটছে সেখানে। সেখানে পি ডব্লু ডি-র কাজ কবে শেষ করতে পারবেন জানাবেন। আর একটি বিষয় হচ্ছে, দীর্ঘ ৫/৭ বছর ধরে বলছেন ইন্দিরা গান্ধী এবং অজয় মুখার্জীর মূর্তি হয়ে আছে, কিন্তু জায়গার অভাবে বসাতে পারছেন না। এই সম্পর্কে আমাদের আশ্বস্ত করবেন। এই কটি কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি।

স্যার, আমরা যদি সব রাস্তাই ভালো করে দিই, তবও বিরোধীরা বিরোধিতা করবেন, কারণ এটাই সংসদীয় গণতন্ত্রের প্রথা। তবে, সমালোচনা করলে আমরা আরও ভালোভাবে কাজ করতে পারব। গত ২৫ বছর ধরে এটাই দেখে আসছি আমরা।

আজকে বিরোধীদের বলব,—এখন সবাই গাড়ি নিয়ে কেশপুর, পাঁশকুড়া যেতে পারছে, হাওড়ার সমস্ত এলাকায় যেতে পারছে, আগে যেটা পারত না। আজকে ন্যাশানাল হাইওয়ে-৬, হাডকোর টাকায় যে রাস্তা, দুর্গাপুর বাইপাস, হাওড়া, হুগলি, মেদিনীপুরের রাস্তা, এসব সংরক্ষণের ফলে সেখান দিয়ে বাস যাচ্ছে। মাননীয় বিরোধীরাও স্বীকার করবেন যে, পিচের শত্রু জল। এই বর্ষাকালে পিচের কাজ হচ্ছে, আপনার অফিসাররা করছেন মাননীয় মন্ত্রী মহাশয় এবং ১৫ দিনের মধ্যে সেই পিচ উঠে যাচ্ছে। পিচের কাজ যদি বর্ষার আগে হয় তাহলে কিছুদিন অন্তত ঠিক থাকবে। আমি বলছি—ধর্মতলা-হাওড়া-গাদিয়াড়া রাস্তা বামফ্রন্ট সরকারের সময়তেই হয়েছে।

[2.20—2.30 p.m.]

শ্যামপুরে আগে মানুষজন নৌকা করে যাতায়াত করতেন। এখন সেখানে মোটর চলছে। উলুবেড়িয়া হয়ে গাদিয়াড়া পর্যন্ত লঞ্চ চালু হয়েছে। সেই রাস্তায় মানুষের অনেক উপকার হয়েছে। কিন্তু সেই রাস্তার কাজ যাতে ভালোভাবে হয়, ভালো ইঞ্জিনীয়ারকে দিয়ে হয়, তার ব্যবস্থা করতে হবে। কংগ্রেস আমলে স্বাধীনতার একটা দপ্তর ছিল। সেটা হচ্ছে পি ডব্লু ডি। এখন অনেকগুলি ভাগ হয়েছে। আজকে বাকসী নদীর উপর ব্রিজটার কাজ শেষ হতে চলেছে। তবে মাননীয় মন্ত্রীকে জানাই যে বর্ষার আগে যাতে ব্রিজের কাজ শেষ হয়, সেই চেষ্টা করতে হবে। কারণ ওই এলাকা বন্যাকবলিত এলাকা। মৌরিতে যে ফ্লাইওভার হওয়ার কাজ শেষ হতে চলেছে। কয়েকদিনের মধ্যেই হাজার হাজার লক্ষ

লক্ষ মানুষ যাতায়াত করতে পারে। বাগনানের লেভেল ক্রশিং-এ ফ্লাইওভার হওয়ার কথা ছিল। কিন্তু সেই কাজ প্রতি বছরই হবে বলে বলা হচ্ছিল। সেই কাজ এখনও হয়নি। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন। আর একটা কথা বলছি আমি মেদিনীপুরে গিয়েছিলাম। আমি জাতীয় সড়ক থেকে যখনই মেদিনীপুরে প্রবেশ করলাম, তখন দেখলাম যে ওখানের রাস্তা খুবই খারাপ। ওখানে কলেজ আছে, স্কুল আছে। কিন্তু রাস্তার অবস্থা খুবই খারাপ। উলুবেড়িয়ায় লেভেল ক্রশিং-এর উপর ফ্লাইওভার করার কথা ছিল। সেই ফ্লাইওভারের কাজ কতদিনের মধ্যে শুরু হবে সেটা বলুন। হুগলির গোঘাটে কালিপুর থেকে পানবাজার হয়ে দামোদরপুর পর্যন্ত রাস্তাটাই খুবই খারাপ। সেই রাস্তার সংস্কার কবে হবে। হাওড়া জেলার বড়গাছিয়া থেকে হুগলির জাঙ্গীপাড়ার এই রাস্তার অবস্থা খুবই খারাপ। এইগুলি আপনাকে দেখতে হবে। আমার নিজের এলাকায় আমি মোটর সাইকেলে ঘুরি। দেখলে যতটুকু দেখা যায় ততটুকুই ভাল হয়। উলুবেড়িয়া ভায়া বাগান্ডা হয়ে গাদিয়াড়ার ৫৮টি গেট, এশিয়ার ৫৮টি স্লুইস। পূর্ত দপ্তর দামোদর সেতু উদ্বোধন করেছিলেন মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন, অর্থমন্ত্রী ছিলেন, সেই ব্রিজটার, রাস্তার অবস্থা খুব খারাপ। আমি কালকে গিয়েছিলাম। আমি দেখেছি রাস্তা খোঁড়ার কাজ শুরু হয়েছে। কিন্তু বর্ষা এসে গেছে সেই কাজ কতদিন ঠিক থাকবে। আমার বক্তব্য হচ্ছে, আমার সঙ্গে নিশ্চয়ই সকলে একমত হবেন বর্ষার আগে যাতে আমাদের এই রাস্তার কাজ শেষ হয়। যতটুকু কাজ শেষ হয় সেখানেই শেষ করে রেখে দিন আবার বর্ষা শেষ হয়ে গেলে আবার করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেগঙ্গার বিধায়ক আজ ১৫ বছর ধরে দাবি করে এসেছেন বেলেঘাটার ১০ কিলোমিটার রাস্তা খুব খারাপ এটা আপনি দেখবেন। আর আপনারা যে দামোদর সেতু উদ্বোধন করতে গিয়েছিলেন, ওই এলাকায় স্বাধীনতা সংগ্রামী যাঁর মাথার দাম ১০ হাজার টাকা ঘোষণা করা হয়েছিল, সেই নানু ঘোষ বিধানসভায় তিনি বিভূতি ঘোষ নামে পরিচিত তাঁর নামে ওই সেতুটির নামকরণ করা হোক। এই নানু ঘোষ যিনি স্বাধীনতা সংগ্রামী এবং স্বাধীনতার পরেও এমন কোনও গণতান্ত্রিক আন্দোলন ছিল না যে তিনি নেতৃত্ব দেননি। সেই নানু ঘোষের নামে ওই সেতুটির নামকরণ করার জন্য ওখানকার মানুষের কাছ থেকে দীর্ঘদিন ধরে দাবি উঠেছে। আমি এর আগেও লিখিত প্রস্তাব আপনার কাছে দিয়েছি। এই বিষয়টা আপনি দেখুন। দেউলটি থেকে সামতাবেড়িয়া শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান। শরৎচন্দ্রের জন্মদিনে সেখানে হাজার হাজার লোকের ভিড় হয়, যাতায়াত করে, এই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। এইটা একটু দেখবেন। আর বাকসী ব্রিজের কথাটা আমি আপনাকে আবার বলছি। এইরকম আরও অনেক ব্রিজ আছে সেগুলোও আপনি দেখবেন। আরেকটা কথা আমি আপনাকে বলতে চাই যে, আপনার পি ডব্লু ডিকে যেন এটা আপনি নির্দেশ দেন কোথায় কি কাজ হচ্ছে, আমরা যাঁরা জনপ্রতিনিধি আছি, তাঁদের যদি একটু পি ডব্লু ডি-র ইঞ্জিনীয়াররা চিঠি দিয়ে জানিয়ে দেন কোথায় হবে তাহলে আমরা দেখাশোনা করতে পারি। আর রাস্তার কাজগুলো যাতে বর্ষার আগে হয় সেটা দেখবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.30 p.m.—2.40 p.m.]

**শ্রী ডঃ আশীষ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী আনীত বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে এবং বিরোধীদের কাটমোশানগুলির সমর্থন করে এই বাজেট সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। এখানে বারেবারেই উল্লেখ করা হয়েছে ''হচ্ছে এবং হবে, চলছে এবং চলবে''। এইসব কাজগুলির ক্ষেত্রে যে জেলাওয়াড়ী সেতুর তালিকা দেওয়া হয়েছিল সেখানে দেখা যাচ্ছে প্রত্যেকটি ক্ষেত্রেই কাজ চলছে। এটা কবে শুরু হয়েছিল, আর কবে এর শেষ হবে এই রকম কোন কথা বাজেটে উল্লেখ করেননি। বলেননি যে এই কাজগুলি এই তারিখ থেকে শুরু হয়েছিল এবং এটা শেষ হবে এই তারিখে। এর ফলে তার যে ব্যয় সেটা বেড়ে যাচ্ছে কি না সেটা আপনি আপনার বাজেটে একবারও বলেননি। তারপরে পশ্চাদপদ মানুষের জন্য কোন কাজ হবে, বিশেষ করে সাঁওতাল অধ্যুষিত অঞ্চলগুলির কথা বলছি। সেখানে গরীব মানুষের স্বার্থে, তপসিলি জাতি উপজাতি মানুষের স্বার্থে কোন রাস্তা নির্মাণ হয়েছে কি দয়া করে আপনি আপনার জবাবী ভাষণে যদি বলেন তাহলে উপকৃত হব। দেখা যাচ্ছে বিশেষ করে ট্রাইবাল এলাকায় একটাও রাস্তাঘাট হয়নি, তেমনিভাবে তৈরি হয়নি যেখানে সাধারণ মানুষেরা বা সাঁওতাল মানুষেরা হাসপাতালে যাওয়ার যোগাযোগ করার রাস্তা দরকার, সেই রাস্তা পর্যন্ত নেই। এই অবস্থা দাঁড়িয়েছে, তাই আমি এই বাজেটের সম্পূর্ণ বিরোধীতা করবো। এটা জেনে রাখা দরকার শহরাঞ্চলে কয়েকটি বড় বড় রাস্তা হবে তার জন্য কেন্দ্রীয় সরকারের টাকা আছে, বিশ্বব্যাঙ্কের টাকা আছে। কিন্তু রাজ্য সরকারের বরাদ্দকৃত অর্থে গ্রামের ছোটখাটো রাস্তাগুলি হচ্ছে না এই ব্যর্থতা ঢাকবেন কি করে। বীরভূমের মাটি ভালো কিন্তু চলার পথ দুর্গম, এই দুর্গম করেছে সি পি এম, কিন্তু মন্ত্রী হচ্ছেন শরীক দলের, স্বাভাবিক ভাবেই তিনি কাজ করবার ইচ্ছা প্রকাশ করলেও তিনি যে কাজ করতে কেন পারেন না সেটা আমরা বুঝি। আরেকটা কথা হচ্ছে ঠিকাদারদের উপর কোনো নিয়ন্ত্রণ রাখতে পারছেন না। ঠিকাদাররা যখন বলছে এই কাজটা ছেড়ে দিলাম তখন তাকে সেই কাজ করানোর কোনও দায়দায়িত্ব আপনার দপ্তর গ্রহণ করতে পারছে না। নির্বাচনের আগে ফলক লাগিয়ে দিয়েছেন সেতু নির্মাণের, কিন্তু নির্বাচনের পরে সেটা ভুলে যাচ্ছেন, বিস্মরণ হয়ে যাচ্ছে। আপনারা ফলক দেখিয়ে ভোট নেওয়ার চেষ্টা করছেন, কিন্তু ফলক লাগিয়ে তার পরে আর একবারও দেখছেন না। আপনার একটা মন্তব্যে আপনি বলেছেন পরীক্ষাগারের মধ্যে মান দেখছেন, কাজের মান কি রকম। একটা বন্যায় সেখানে যে রাস্তা তার কত জায়গায় ভাঙন ধরেছে। ২০০০ সালের বন্যায় যে রাস্তাঘাটগুলি, যে সেতুগুলি ভেঙে গেল আজ পর্যন্ত তার পুর্ণনির্মাণের কাজ সম্পূর্ণ হলো না। বন্যায় যে সমস্ত এলাকায় সেতুগুলি ভাঙলো সেগুলি এখনও পর্যন্ত নির্মাণ হল না। আপনি পূর্তমন্ত্রী হিসাবে নিজে এর খবর রাখেন ? বীরভূম জেলায় পূর্ত দপ্তরের যে নির্মাণ কাজ ছিল সেটা করতে পারেন নি। আপনারা এখানে আগামী দিনের কথা ভাবেন, যানজট হতে পারে, চলাচলের রাস্তা কম হতে পারে সেই বিষয়টা আপনারা ভাবেননি, ভাবেননি বলেই এখনও পর্যন্ত কোথাও কোথাও উড়ালপুলের কথা বললেন, কিন্তু বীরভূম জেলায় ঝাড়খন্ড রাজ্য এবং পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে সংযোগকারী যে রাস্তা সেটার এমন অবস্থা যে মানুষ গায়ে গা ঠেকিয়ে চলছে।

যানবাহন চলবার পথ নেই। রেলের একটা ব্রীজ আছে। সেই ব্রীজের অত্যন্ত খারাপ অবস্থা হয়েছে। রেলকে জানানো হয়েছে। রেল একটা কাজ করার জন্য পি ডব্লু ডি-কে অনুমোদন দিয়েছে কিন্তু তারা সেই কাজ করে উঠতে পারেননি। এখনও পর্যন্ত সেই রাস্তার কাজ শুরু হল না। সেখানে একটা উড়াল পুলের প্রয়োজন আছে। এটা হলে সেখানকার মানুষের অনেক উপকার হত। দীর্ঘদিন ধরে সেখানকার মানুষ এ সম্বন্ধে বললেও সরকার গ্রাহ্য করছেন না। যেখানে গ্রামের মানুষ যোগাযোগের রাস্তা করার কথা বলছেন সেখানে এটা দীর্ঘদিন ধরে পিছিয়ে পড়ে থাকছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি আপনি নিশ্চয় স্বীকার করবেন, বোলপুর-রাজগ্রাম রোড কবেই শুরু হয়েছে। কবে শেষ হবে ? এর অবস্থা কোথায় ? সেখানকার সাধারণ মানুষের অবস্থা কোথায় ? আমরা বাল্যকাল থেকে শুনে আসছি, বামফ্রন্ট জন্মানো থেকে শুনে আসছি এটা যে, এই হলে এই হবে। কোথায় হিসাব জেলাওয়াড়ি ? কোথায় তা দিতে পারছেন, বলতে পারছেন যে, এতদিনে শুরু হয়েছে, এতদিনে শেষ হবে ? আপনারা তা বলতে পারছেন না। আপনাদের ব্যর্থতা এখানেই। আজকে বার বার রাস্তা ভাঙছে, বার বার গড়ছে। রাস্তার মান আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে সেটা আর বলার অপেক্ষা রাখে না। আরও একটা বিষয় আপনি এই বাজেটে উল্লেখ করেননি সেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, ২০০১ সালের ৩ সেপ্টেম্বর একটা কাগজে প্রকাশিত হয়েছিল যে, ৮০০ কোটি টাকার নাকি কোনো হিসাব আপনার দপ্তরে নেই। এ ব্যাপারে একটা বিবৃতি এই হাউসে আপনার দেওয়া উচিত ছিল। এই ৮০০ কোটি টাকা কোথায় গেল ? এটা মানুষকে জানানো দরকার। আপনি বলেছেন, রাস্তা-ঘাটের অবস্থা ভালো। বামফ্রন্টের সদস্যরাও বললেন, রাস্তা-ঘাটের অবস্থা ভালো। কিন্তু কত ভালো ? ১৯৯৫ সালে রাস্তায় দুর্ঘটনার সংখ্যা যেখানে ছিল ২৮০টি, সেখানে ৪/৫ বছর পরে ১৯৯৯ সালে তা গিয়ে দাঁড়াল ৮৪৭টি। এটা নিশ্চয় রাস্তা-ঘাটে ভালো হওয়ার লক্ষণ নয়। তাই আমি এই ব্যয়-বরাদ্দের সম্পূর্ণ বিরোধিতা করছি। আমি অনুরোধ করছি, আপনি অন্ততপক্ষে পশ্চিমবাংলার রাস্তা-ঘাটের যে বেহাল দশা হয়েছে তা ফেরানোর চেষ্টা করুন। বাজেটে যে বরাদ্দের কথা বলা হয়েছে তা প্রকৃতপক্ষে করা হচ্ছে না। শুধু মানুষকে বোকা বানানোর চেষ্টা হচ্ছে এবং তাই এই দপ্তরের ব্যর্থতা ধরা পড়ছে। তাই আমি পূর্ত দপ্তরের বরাদ্দের বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.40—2.50 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ** : স্যার, রাজ্যে পূর্ত ও সড়ক দপ্তরের মাননীয় মন্ত্রী অমর চৌধুরী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন তার সমর্থনে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরুদ্ধে আমার বক্তব্য পেশ করছি। পূর্ত দপ্তর অন্যান্য দপ্তর থেকে বিশেষ গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের কাজ-কর্মের উপর রাজ্যের অনেক উন্নয়ন, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, কল-কারখানার উন্নয়ন নির্ভর করছে।

রাজ্যের রাস্তাঘাট, সরকারি ভবন, আমাদের দেশে যে সব কৃতি সন্তান যাঁরা দেশের স্বাধীনতার সময় তাদের জীবনদান করে গিয়েছেন, অন্যান্য সমাজ সংস্কারক, গণতান্ত্রিক আন্দোলনের নেতৃবর্গ—এঁদের মূর্তি স্থাপন, ইত্যাদি কাজ এই দপ্তর করে আসছে। বর্তমানে এই দপ্তরের কাজকর্ম বেড়েছে। ৫-৭ বছর আগে এখানে রাস্তাঘাট যে রকম ছিল এখন সেই

রাস্তাঘাটের অনেক পরিবর্তন ঘটেছে, গ্রামে যেসব রাস্তাগুলো একসারি ছিল এখন সেই সব রাস্তাগুলো ডাবল সারি হয়েছে। রাস্তাগুলো স্ট্রেনদেন্ করা হচ্ছে। যেসব জেলা সড়কগুলো আছে সেগুলো মেরামতি এবং কেন্দ্রীয় সরকারের যে জাতীয় সড়কগুলো আছে সেই জাতীয় সড়কগুলোর মেরামত রাজ্য সরকারের পক্ষ থেকে, এই দপ্তরের পক্ষ থেকে করা হচ্ছে এবং কেন্দ্রীয় সরকার থেকে জাতীয় সড়ক মেরামতের জন্য, মেইনটেনান্সের জন্য যে অর্থ দেওয়ার কথা সেই অর্থ তারা দেয় না। যার ফলে রাজ্য সরকারকে সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে তাদের এই কাজ পরিচালনা করতে হচ্ছে। আমি আপনার বাজেট বক্তব্যে দেখলাম, স্বাধীনতার পরে এই রাজ্যে ১৮ হাজার কিলোমিটার রাস্তাঘাট রক্ষণাবেক্ষণের দায়িত্ব রয়েছে। আপনাকে ১৮ হাজার কিলোমিটার রাস্তাঘাট মেরামত করতে হচ্ছে। তারপর এই স্বাধীনতার পর, দীর্ঘ ৫০-৫২ বছরে মানুষের চাহিদা অনুসারে, দেশের উন্নয়নের সঙ্গে গতি রেখে তালে তাল মিলিয়ে বহু নতুন নতুন রাস্তা তৈরি করতে হয়েছে। এই রাস্তাগুলো মিলিয়ে কত রাস্তা সারা বছরে আপনাকে মেরামত করতে হয় তার একটা হিসেব যদি এখানে দেন তাহলে ভাল হয়। জাতীয় সড়ক ১৯৭০ কিলোমিটার, জাতীয় সড়কের পরিধি এখন বেড়েছে, নতুন নতুন জাতীয় সড়ক হয়েছে, আরও তাকে সংযুক্ত করতে হয়েছে, জাতীয় সড়ক বেড়ে গেছে, জাতীয় সড়ককে মেরামত করতে হচ্ছে। কত জাতীয় সড়ক বাড়ল তার হিসেব যদি দেন তাহলে ভাল হয়। হলদিয়া-ফরাক্কা জাতীয় সড়কের প্রস্তাব উঠেছে, কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত সেই রাস্তার অনুমোদন দেননি জাতীয় সড়ক হিসেবে। কিন্তু রাজ্য সরকারকে সেই সড়ক—বাদশাহী সড়ক—হলদিয়া-ফরাক্কা সড়ক সেই সড়কের নির্মাণ করতে হচ্ছে। এই জাতীয় সড়ক হলে আমাদের কি সুবিধা হবে ? আমরা বোম্বে রোডের সঙ্গে যুক্ত হব, দিল্লি রোডের সঙ্গে যুক্ত হব, এবং ৩৪ নম্বর জাতীয় সড়ক মোড়গ্রামে মুর্শিদাবাদ জেলার ফরাক্কার কাছে সেখানে যুক্ত হবে। কলকাতায় যানজট বাড়ছে, বোম্বে রোডের সমস্ত পরিবহন ব্যবস্থা, দিল্লি রোডের পরিবহণ ব্যবস্থা, কলকাতার উপর দিয়ে ৩৪ নম্বর জাতীয় সড়ক বা উত্তর-পূর্বাঞ্চলে যেতে যে যানজট হয়, ঘণ্টার পর ঘণ্টা জ্যাম হয়, চলাচল করা যায় না। ওই জাতীয় সড়ক তৈরি—হলদিয়া-ফরাক্কা জাতীয় সড়ক তৈরি হলে কলকাতাকে যানজটের হাত থেকে রক্ষা করা যাবে, উত্তর-পূর্বাঞ্চল এবং দক্ষিণ ভারতের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা ভাল হবে। গ্রামের মানুষ তাঁরা নতুন নতুন পিচের রাস্তা চাইছেন, জেলা পরিষদ মোরামের রাস্তা করছে, শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামে বসবাস করে, গ্রামের মানুষ তারা ভাল রাস্তা চাইছে। গ্রামের লোক সংখ্যা বেড়েছে, বিজ্ঞানের যুগ, উন্নয়নের যুগ, বিশ্বায়নের যুগের মানুষ তাঁরা। গ্রামের অবস্থার পরিবর্তন ঘটেছে, তাঁরা উন্নত, দ্রুত যানবাহন যোগযোগ ব্যবস্থা চাইছেন। গ্রামের রাস্তাগুলোর উপর আমাদের আরও গুরুত্ব দিতে হবে। আগে গ্রামের মানুষের যাতায়াত করতে অসুবিধা হত, সেখানে কোনও ব্রীজ ছিল না। আপনি আপনার বাজেট বক্তৃতায় ব্রিজের কথা বলেছেন। পূর্ত দপ্তর প্রতিটি জেলায় অনেকগুলো ব্রিজের কাজ হাতে নিয়েছে এবং সেগুলোর কাজ চলছে। আমাদের রাজ্যে যোগযোগের ক্ষেত্রে এবং রাস্তা তৈরির ক্ষেত্রে একটা বড় বাধা হচ্ছে নদী, নালা, খাল, বিল। এগুলোর উপর বিভিন্ন সংস্থানে ব্রিজ বা সেতু নির্মাণের মধ্যে দিয়ে উভয় দিকের মানুষের মধ্যে যোগাযোগ ব্যবস্থা পাকাপোক্ত করতে হচ্ছে। এই ব্যবস্থার মধ্যে দিয়ে

আমরা গ্রামীণ অর্থনীতিতে পরিবর্তন আনতে সক্ষম হচ্ছি। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে যেমন কৃষি অর্থনীতির উন্নতি সাধিত হয়েছে, যদিও এই মুহূর্তে কৃষকরা ফসলের সঠিক মূল্য পাচ্ছে না, তথাপি কৃষিজাত পণ্য এক প্রান্ত থেকে আর এক প্রান্তে পৌঁছে দেওয়ার প্রশ্নে সেতু এবং সড়ক একটা বড় ভূমিকা পালন করছে। মানুষের জীবন-জীবিকার প্রশ্নের সঙ্গে রাস্তা অঙ্গাঙ্গীভাবে জড়িত হয়ে পড়েছে। আজকের বৈজ্ঞানিক যুগে সমস্ত কিছুই যোগাযোগ ব্যবস্থার ওপর নির্ভরশীল। এই অবস্থায় এই দপ্তরের জন্য যে পরিমাণ অর্থের ব্যয়-বরাদ্দের দাবি আজকে এখানে উত্থাপন করা হয়েছে তা মোটেই যথেষ্ট নয়। এটা আরও বাড়ানো দরকার। তার কারণ এর ওপর দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করছে। আজকে শিল্পোন্নয়নের সমস্ত কিছুই সড়ক যোগাযোগ ব্যবস্থার ওপর নির্ভর করছে। সে কারণে এই দপ্তরকে আরও বেশি গুরুত্ব দিতে হবে। আমরা লক্ষ করছি ক্ষমতা বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে জেলা পরিষদ এবং পূর্ত দপ্তরের মধ্যে কিছু কিছু ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়েছে। নিয়ম হয়েছে, যৌথভাবে তারা ঠিক করবেন কোন্ রাস্তা করবেন, কোন্ রাস্তার সংস্কার করবেন। সে অনুযায়ী ডিপার্টমেন্ট প্ল্যান প্রোগ্রাম করে দেবেন। সে অনুযায়ী জেলা পরিষদ টেন্ডার করবেন। তারপর সেখানে কাজ হবে। এই যে পদ্ধতি চলছে, এতে বহু ক্ষেত্রেই জটিলতা সৃষ্টি হচ্ছে। জটিলতা দূর করে এই ব্যবস্থাকে কি করে সরল করা যায়, সেদিকে লক্ষ রাখতে হবে। এ ছাড়াও হাডকো, নাবার্ড, প্রধানমন্ত্রীর সড়ক যোজনা ইত্যাদি প্রকল্পের কাজ হচ্ছে। কিন্তু সেসব কাজের ক্ষেত্রে এই দপ্তরের সঙ্গে তাদের কোনো যোগাযোগ নেই। এখন শুনছি জেলা পবিষদের ফ্যাংশনিং-এর নাকি কিছু কিছু পরিবর্তন হয়েছে। জানিনা কিভাবে কি হচ্ছে ! মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এ বিষয়ে আমাদের একটু বলবেন। আজ সকালেই আমি আপনার কাছে একটা প্রস্তাব রেখেছি, সেটা আবার এখানে উল্লেখ করছি। বাংলাদেশের ভাষা আন্দোলনের শহিদ সালাম, রফিক, বরকত, ইত্যাদির অন্যতম আবুল বরকত আমাদের মুর্শিদাবাদ জেলার সালার থানার বাবলা গ্রামে জন্মগ্রহণ করেছিলেন। গতকাল তাঁর জন্মদিন ছিল। আমরা এ গ্রামে তাঁর স্মৃতির উদ্দেশ্যে শোকসভা করেছি এবং সেই সভা থেকে একটা প্রস্তাব গ্রহণ করেছি—'আবুল বরকত স্মৃতি সংরক্ষণ কমিটি' প্রস্তাব নিয়েছে ওই গ্রামে তাঁর একটা মর্মর মূর্তি স্থাপন করে তাঁকে সম্মান জানাতে হবে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম এ ক্লাসের ছাত্র ছিলেন। ভাষা আন্দোলন চলাকালীন পুলিশের গুলিতে তাঁর প্রাণ যায়। বাংলাভাষা আন্দোলনের পরিপ্রেক্ষিতে ২১শে ফেব্রুয়ারি সারা বিশ্বে মাতৃভাষা দিবস হিসাবে পালিত হয়। সেই ভাষা আন্দোলনের অন্যতম শহিদকে যাতে আমরা স্মরণে রাখতে পারি তার জন্যই আমি তিনি যে গ্রামে জন্মগ্রহণ করেছিলেন সেখানে একটা মূর্তির প্রস্তাব রাখছি। আশা করছি মাননীয় মন্ত্রী মহাশয় বিষয়টি বিবেচনা করে দেখবেন। এই কটি কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদের সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50—3.00 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, রাজ্য সরকারের পূর্ত ও সড়ক দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি আপনার মাধ্যমে তার বিরোধিতা করে, বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এই

বাজেট বরাদ্দ যে সম্পূর্ণ ভারসাম্যহীন তা সৌগতদা আগেই বলেছেন। যত টাকার বরাদ্দই মাননীয় পূর্তমন্ত্রী এখানে পেশ করুন না কেন, শুধু এ বছরই নয়, বিগত ৩/৪ বছর ধরে আমরা দেখছি তার ৭০ ভাগই রিলিজ হয় না। অথচ পূর্ত দপ্তরের হিসাব বলছে, পি ডব্লু ডি এবং পি ডব্লু ডি (রোড) বিভাগকে প্রতি বছর প্রায় ১৮,০০০ কিলো মিটার রাস্তাকে সংস্কার করতে হয়। পূর্ত দপ্তরের সিডিউল্ড অনুযায়ী এই সংস্কারের জন্য প্রয়োজন ১৮০০ কোটি টাকা। অথচ তার দুটি হেডে বাজেট বরাদ্দ সব মিলিয়ে প্রায় ১৪০০ কোটি সামথিং টাকা। এটা ভারসাম্যহীন বাজেটের মাধ্যমেই বোঝা যাচ্ছে। পূর্ত দপ্তরের কাজকর্মের গতি-প্রকৃতি এবং তার সঙ্গে পূর্ত দপ্তরের কাজের মধ্যে সমন্বয়ের অভাব আছে। পূর্ত দপ্তরকে বিভিন্ন দপ্তরের গৃহ নির্মাণ করতে হয়। আমরা বহু সময়ে দেখেছি, অন্যান্য দপ্তরের সঙ্গে গৃহ নির্মাণ বা অন্যান্য কাজে সমন্বয় না করার ফলে কাজগুলির দীর্ঘসূত্রিতা হয় এবং কাজের জন্য যে এসটিমেট থাকে সেই এসটিমেটগুলি ফেল হয়ে যায়। শুধু তাই নয়, পি ডব্লু ডি দপ্তরের অধীনে ইলেকট্রিক্যাল দপ্তর আছে। আমার মনে হয় এই ইলেকট্রিক্যাল দপ্তরকে আলাদা দপ্তর করা দরকার, এর পরিচালনা আলাদাভাবে করা প্রয়োজন। পি ডব্লু ডি-র সঙ্গে যে ইলেকট্রিক্যাল দপ্তর আছে এদের কাজের সঙ্গে সমন্বয়ের অভাব দেখা যাচ্ছে। একটা বিল্ডিং তৈরি হওয়ার পর ইলেকট্রিক কাজের ব্যয়-বরাদ্দের টাকা না দেবার ফলে কিম্বা দেরি করে দেবার ফলে বিল্ডিংটি হ্যান্ডওভার করতে দেরি হয়। তাই বলছি, দপ্তরগুলির সঙ্গে সমন্বয় সাধন করা দরকার, তা না হলে ইলেকট্রিক্যাল দপ্তরকে আলাদা করে দেওয়ার দরকার আছে। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বলেছেন, তিনি এই কাজের মাধ্যমে ৬ লক্ষ শ্রম দিবসের ব্যবস্থা করতে পেরেছেন। এটা দায়িত্বহীন কথা, এর কোনও যুক্তি নেই। সেই ধরনের ব্যবস্থা এখানে নেই। সঙ্গে সঙ্গে আমি এও দেখেছি, তিনি প্রশংসা করেছেন হাডকো এবং আর আই ডি এফের কাজের জন্য। হাডকোর রাস্তা যে সমস্ত ঠিকাদাররা করছেন তাঁরা সেই রাস্তার জন্য ৩ বছরের গ্যারান্টি দিয়েছেন আর আর আই ডি এফের যে রাস্তাগুলি ঠিকাদাররা করছেন তারা সেই রাস্তার জন্য ১ বছরের গ্যারান্টি দিয়েছেন। এই ৩ বছরের মধ্যে রাস্তাগুলি যদি সংস্কার করতে হয় তাহলে ওই সমস্ত ঠিকাদাররাই তাদের নিজেদের ব্যয়ে করবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে, ৩ বছর তো হতে চলল, কিছু রাস্তা তো হাডকোর মাধ্যমে তৈরি হয়ে গেছে। পরবর্তী পর্যায়ে এর মেরামতির কাজ কে করবে ? কারণ পি ডব্লু ডি-র যে ইনফ্রাস্ট্রাকচার আছে সেই ইনফ্রাস্ট্রাকচার দিয়ে হাডকো যে পদ্ধতিতে রাস্তা করেছে সেই রাস্তা মেরামতি করা পি ডবুল ডি-র পক্ষে সম্ভব নয় যতক্ষণ পর্যন্ত না উন্নতমানের যন্ত্রপাতির ব্যবস্থা করা হয় আপনার দপ্তরে। আপনার দপ্তর সেই ধরনের কোনও ব্যবস্থা করেছেন কি ? ৩ বছর চুক্তির পর হাডকোর রাস্তা মেরামতি কারা করবে তার নির্দিষ্ট রূপরেখা এই বাজেটে নেই। ঠিক তেমনি আর আই ডি এফের রাস্তা ১ বছর চুক্তির পর সেই রাস্তা কারা মেরামতি করবে ? এর জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেই ইনফ্রাস্ট্রাকচার আপনার তৈরি হয়েছে কিনা সে কথা আপনি বাজেটে উল্লেখ করেননি। আমরা দেখেছি, হাডকোর নিজস্ব ল্যাবরেটরী আছে। সেই ল্যাবরেটরীর মাধ্যমে বৈজ্ঞানিক পন্থা অবলম্বন করে তারা রাস্তা তৈরি করছেন। শুধুমাত্র আপনার দপ্তরের ইঞ্জিনিয়ারদের দেখা-শুনার কথা বলা হয়েছে, তার বেশি সুযোগ দেওয়া হচ্ছে না। আগামীদিনে নিজেরা যদি রাস্তা মেরামতির দায়িত্ব নেন তাহলে সেই পূর্ব অবস্থায় রাস্তাগুলি

ফিরে যাবে কিনা সেকথা আপনি পরিষ্কারভাবে বলেন নি। তার সঙ্গে সঙ্গে এই রাস্তাগুলির মান যদি ঠিক রাখতে হয় তাহলে আপনার পরীক্ষাগারের প্রয়োজন আছে। সেই পরীক্ষাগারের ব্যবস্থা করেছেন কিনা সেকথা বাজেটে উল্লেখ করেননি। স্বভাবতই আগামীদিনে সেই রাস্তাগুলির মান কোথায় গিয়ে দাঁড়াবে সেকথা বলেননি। কেন্দ্রীয় সরকারের স্বর্ণচতুর্ভূজ পরিকল্পনা রূপায়ণ হওয়ার পর প্রকৃতপক্ষে যানজট বাড়বে। পশ্চিমবঙ্গে অন্য যে রাস্তাগুলি আছে সেই রাস্তাগুলির ক্ষেত্রে ট্রাকলোড হবে এবং বাড়বে। সেই রাস্তাগুলি কিভাবে সংস্কার করবেন সেকথা আপনার বাজেটে পরিষ্কারভাবে বলা নেই। পূর্ব-পশ্চিম করিডরের ব্যাপারে এশিয়া উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে টাকা পাওয়া যাবে বলে উল্লেখ করেছেন। কিন্তু এই ব্যাপারটা কতদূর এগিয়েছে সেকথা বাজেটে বলা নেই। আপনি কোনও দপ্তরকে সংযুক্ত করতে পারছেন না এবং সেকথা পরিষ্কারভাবে বলেননি। এখন কাজ যদি পিছিয়ে যায় তাহলে এশিয়া উন্নয়ন ব্যাঙ্কের কাছ থেকে যে ঋণ গ্রহণ করেছেন তা সুদের হার যেভাবে বাড়বে তার দায়িত্বভার রাজ্য সরকারকে বহন করতে হবে। স্বভাবতই পূর্ব-পশ্চিম করিডর সম্পর্কে পরিষ্কার দিশা বাজেটে থাকা উচিত ছিল যেটা এখানে নেই।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অনেক টাকা গত বছর ফেরত চলে গিয়েছে কেন্দ্রীয় সরকারের কাছে সেটা আমরা জানি। অবশ্য গত বছর পূর্ত দপ্তরের উপর এর দায়িত্ব ছিল না। এবারে সেই দায়িত্বটা আপনার দপ্তরের উপর আসার পর এ সম্পর্কে আপনি কি চিন্তা-ভাবনা করছেন তার কোনো পরিষ্কার চিত্র এই ভাষণে নেই, আশা করি সেটা বলবেন। জেলা পরিষদগুলির সঙ্গে পূর্ত দপ্তরের সম্পর্ক বিশেষ করে এ গ্রান্ট ইন এডের টাকা নিয়ে সেটা আমরা সকলেই জানি এবং তার ফলে আমাদের রাজ্যে কাজ কতটা পিছিয়ে গিয়েছে তাও আমরা জানি। স্যার, এরই একটা উদাহরণ আমি আপনার মাধ্যমে তুলে ধরছি। আমি একটি পুরসভার পুরপ্রধান। গত দু-তিন বছরে পি ডব্লু ডি হেডে গ্রান্ট ইন এডের টাকার কি অবস্থা হয়েছে শুনুন। বর্ধমান জেলা পরিষদের কাছ থেকে আমরা তিন লক্ষ সামথিং টাকা পেয়েছিলাম বর্ধমান-কাটোয়া রোডের ৫৬ থেকে ৫৮ কিলোমিটার মধ্যেকার অর্থাৎ তিন কিলোমিটার রাস্তার কাজের জন্য। কিন্তু এ কাজের জন্য আপনার দপ্তর থেকে এস্টিমেট করা হল ১৪ লক্ষ টাকার। তিন কিলোমিটার রাস্তার কাজের জন্য ১৪ লক্ষ টাকা খরচ করা আমাদের পক্ষেও সম্ভব নয় এবং পূর্ত দপ্তরও সেই কাজ করছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এ সম্পর্কে বামফ্রন্ট সরকারের দৃষ্টিভঙ্গীটা পরিষ্কার করে বলুন তা না হলে আরও সমস্যার সৃষ্টি হবে। এ বছর অবশ্য টাকা কম থাকার জন্য জেলা পরিষদগুলির গ্রান্ট ইন এডের টাকা কেটে দেওয়া হয়েছে। এ সম্পর্কে আগামীদিনের জন্য আপনি কি পরিকল্পনা নিয়েছেন বলুন, তা না হলে এই বাজেট মূল্যহীন হয়ে যাবে। আপনার দপ্তরের কাজের গতি সম্পর্কে অনেকেই বলেছেন, আমিও কয়েকটি কথা বলব। নবম যোজনাকালে ১০৫টি ব্রিজ তৈরি করার কথা ছিল পূর্ত দপ্তরের কিন্তু আপনার বাজেট বইতেই দেখছি তার মধ্যে মাত্র ৪০টি ব্রিজ করতে পেরেছেন বাকিগুলির কত পারসেন্ট কাজ হয়েছে তার কোনও পরিষ্কার রূপরেখা আপনি দেন নি, আশা করি সেটা বলবেন। এবারে আমি উড়ালপুলের প্রসঙ্গে আসছি। উড়ালপুলের দায়িত্বটা পুরোপুরি আপনি রেলের উপর ছেড়ে দিয়ে আপনার দায়িত্ব শেষ করেছেন। আমরা দেখেছি লেভেল

ক্রশিংগুলি বন্ধ থাকলে গাড়ীর যানজট তৈরি হয় এবং একটা গাড়ী একটা জায়গায় যেতে যে সময় নেওয়ার কথা তার থেকে অনেক বেশি সময় নেয়। আমরা জানি উড়ালপুল তৈরির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের ভাগ আছে। কোনও কোনও সময় রেল বলছে আমরা পূর্ত দপ্তরকে টাকা দেওয়ার পরও তারা কাজটা করছে না। অথা এখানে আপনার ভাষণে আপনি বলছেন যে রেল দপ্তর টাকা না দেওয়ায় কাজ করতে পারছি না। এ সম্পর্কে একটা পরিষ্কার চিত্র আমাদের পাওয়া দরকার। স্যার, কাটোয় স্টেশনের কাছে একটা উড়ালপুলের ব্যাপারে আমি জানি, সেখানে রেলমন্ত্রী পরিষ্কার বলছেন যে আমরা টাকা বরাদ্দ করতে চাইলেও পূর্ত দপ্তর সে সম্পর্কে ব্যবস্থা না নেওয়ায় আমরা কিছু করতে পারছি না। তারপর ল্যান্ড অ্যাকুইজিশনের প্রশ্নটা আপনার দপ্তরের ক্ষেত্রে একটি বড় প্রশ্ন বলেই আমি মনে করি। বামফ্রন্টের একজন বিধায়ক বলছিলেন ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যাপারে কোনও সমস্যা নেই। কিন্তু আমি আপনাকে বলছি, হলদিয় থেকে উত্তরবঙ্গের যোগাযোগের জন্য যে হাইওয়ে তৈরি হচ্ছে সেখানে নতুন হাটের কাছে বাদশাহী রোডের সংযোগস্থলে ৪ কিলোমিটার রাস্তা ল্যান্ড অ্যাকুইজিশনের জন্য আটবে আছে। এ সম্পর্কে চিন্তাভাবনা করার জন্য অনুরোধ করব। পুনরায় এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাটমোশানগুলির প্রতি আমার সমর্থন জানিয়ে শেষ করছি

[3.00—3.10 p.m.]

**শ্রী সেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত, পূর্ত (সড়ক) ও নির্মাণ দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানগুলি বিরোধিতা করে সংক্ষেপে কয়েকটি কথা বলছি। স্যার এই দপ্তরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। রাজ্যের জনগণ যাতে নিরাপদে সুষ্ঠুভাবে যাতায়াত করতে পারেন তা দেখার জন্য এই দপ্তরে কুশলী সব প্রযুক্তিবিদ্‌রা রয়েছেন এবং তাঁরা পরিকল্পনা রচনা করে কাজ করেন। আমরা দেখেছি ১০ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য পূর্ত দপ্তর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমাদের সমাজে সবচেয়ে দুর্বল এবং সামাজিক ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া তপশিলী জাতি উপজাতি মানুষদের উন্নয়নের ব্যাপারটা দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিশেষভাবে গুরুত্ব লাভ করেছে এবং তাদের এলাকার উন্নয়নে পূর্ত দপ্তর গুরুত্বসহকারে কাজ করছে। পূর্ত (সড়ক) দপ্তরের ৫৬৪ কোটি টাকার মধ্যে প্রায় ৩৪.৬৫ শতাংশ টাকা ঐসব পিছিয়ে পড়া মানুষের উন্নতিসাধনের জন্য বরাদ্দ করা হবে। তার পূর্ত বিভাগের অর্থের মধ্যে প্রায় ২৪ শতাংশ টাকা তপশিলী জাতি ৬ শতাংশ টাকা তপশিলী উপজাতি অধ্যুষিত এলাকার কাজে ব্যয় করা হবে। এটা খুবই আনন্দের কথা। আমরা দেখছি, আমাদের রাজ্যে প্রায় ৬৭টির মতো সেতুর কাজ বিগত পাঁচ-সাত বছর ধরে চলছে। আমাদের রাজ্যে নানাবিধ আর্থিক সঙ্কটের মধ্যেও নাবার্ড এবং হাডকোর টাকায় সড়ক এবং সেতু নির্মাণের কাজ, উড়ালপুল নির্মাণের কাজ চলছে। আমরা জানি, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের রাজ্যে যে পরিমাণ অর্থ প্রদান করা উচিত ছিল সেই পরিমাণ টাকা তারা বরাদ্দ করেননি। পরবর্তীকালে অটলবিহারী বাজপেয়ী সরকার প্রধানমন্ত্রী সড়ক যোজনায় একটা টাইম বাউন্ড প্রোগ্রাম দিয়েছেন এবং সেটা সময়ে

আমাদের করতে হবে। এর ফলে আমাদের রাজ্যের উপর চাপ পড়েছে। বর্তমানে গ্রামীণ, জেলা এবং রাজ্য সড়কগুলির উপর মানুষের চাপ প্রচণ্ড বেড়েছে, গাড়ীর সংখ্যাও অনেকগুণ বেড়েছে। সেদিকে লক্ষ রেখে এবং সড়ক উন্নয়নের লক্ষ্যমাত্রা সামনে রেখে আমাদের রাজ্যের পূর্ত দপ্তর নিরলসভাবে কাজ করে চলেছে। আশা করি আমরা এই কাজগুলি করে উঠতে পারব। আমরা দেখেছি, ৬৭টি সেতুর মধ্যে আমাদের নন্দীগ্রামে একটি সেতু এবং নন্দীগ্রাম-মালদা রোডে তালপাটি সেতু এই দুটি সেতু নির্মাণ কাজের শুভ উদ্বোধন তৎকালীন মন্ত্রী ক্ষিতি গোস্বামী এবং প্রাক্তন বিধায়ক শক্তিপ্রসাদ বলের উপস্থিতিতে ১৯৯৬ সালে হয়েছিল। কিন্তু ১৯৯৬ সালের পর আজকে ২০০২ সাল, সেই কাজ কিন্তু এখনো সম্পূর্ণ হয়নি। অনেক চেষ্টার পর ওই দুটি কাজ আবার শুরু হয়েছে। আশা করি এবারে সেটা সম্পূর্ণ হবে। এখানে রেলওয়ে উড়ালপুলের কথা বলা হয়েছে। মানুষের সংখ্যা বেড়েছে এটা ঠিক এবং তাদের যাতায়াতের ব্যবস্থা করতে উড়ালপুলের ব্যবস্থা করেছেন। কিন্তু আমাদের পূর্ব মেদিনীপুর জেলায় ২০০১ সালে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী গিয়ে যার উদ্বোধন করে এলেন, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে কিন্তু তার নাম দেখছি না। আজকে পূর্ব মেদিনীপুর জেলা অনেকটা পিছিয়ে, তাই গেঁওখালি-গাদিয়ারা সেতু নির্মাণের অত্যন্ত প্রয়োজন। হলদিয়ার এম পি শ্রী লক্ষণ শেঠের প্রচেষ্টায় হলদি নদীর উপর একটি সেতু নির্মাণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কথা হয়েছিল ওই কাজে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি এবং হলদিয়া মিউনিসিপ্যালিটি অর্থ দেবে এবং রাজ্য সরকার অর্থের একটা অংশ দেবে। হলদি নদীর উপর ওই সেতু শুধুমাত্র হলদিয়ার উন্নয়নের জন্যই নয়, নন্দীগ্রামের উন্নয়নেও সেতুটির নির্মাণ অত্যন্ত জরুরী। কিন্তু সেই সেতুর উল্লেখ আমরা বাজেটের মধ্যে পেলাম না। আজকে রাজ্যে মূর্তি স্থাপিত হচ্ছে। এইভাবে বরেণ্য মানুষদের স্মরণ করা, সম্মান জানান, ভালো কথা। কাজটা পূর্ত দপ্তর করছেন। মেদিনীপুরে কিন্তু সুকুমার সেনগুপ্ত বা ভূপাল পান্ডার মতো ব্যক্তিত্বের জন্ম হয়েছিল।

যারা আমাদের দেশের মুক্তিসংগ্রামকে এগিয়ে নিয়ে গেছে নিরবচ্ছিন্ন প্রয়াসে, এক ঐতিহাসিক লড়াই হয়েছিল যা ইতিহাসের পাতায় জ্বলজ্বল করছে, তাঁদের মধ্যে কেউ বিধানসভায় দাঁড়িয়েছিলেন কেউ কেউ দাঁড়ান নি। ওনাদের মধ্যে অন্যতম মেদিনীপুরের মানুষ যিনি তেভাগা আন্দোলনে যোগ দিয়েছিলেন, স্বাধীনতা সংগ্রামে আপসহীন সংগ্রাম করেছিলেন, সেই ভূপাল পাণ্ডা মহাশয় এই বিধানসভায় ৭ বার নির্বাচিত হয়েছিলেন। তিনি সংসদীয় গণতন্ত্রকে এগিয়ে নিয়ে গেছেন। এই ভূপাল পাণ্ডার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে পূর্ত বিভাগের কাছে বারে বারে দাবি করা সত্ত্বেও ভূপাল পাণ্ডার একটি মর্মর মূর্তি স্থাপন করা হয়নি। অন্যদিকে কংগ্রেসীরা অনেক লম্বা লম্বা কথা বলছেন, ২৫ বছর পূর্বে রাজ্যের সড়ক উন্নয়নের ব্যাপারে যোগাযোগ ব্যবস্থার ব্যাপারে আপনারা কিছু করেননি। বিধানসভায় এসে কেবল চিৎকার করছেন। দূরদর্শনে নিজেদের দেখানোর জন্য সমস্ত রকম কৌশল প্রয়োগ করে যাচ্ছেন। পশ্চিমবাংলার মানুষ আপনাদের বিশ্বাস করে না, বিশ্বাস করবেও না। আপনাদের স্থান যে আঁস্তাকুড়ে সেটা প্রমাণ হয়ে গেছে। সেই জন্য পূর্তমন্ত্রীর বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভূতনাথ সোরেন** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আমাদের রাজ্যের পূর্তমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ রেখেছেন আমি তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলতে চাই। আমরা সবাই জানি শিল্পায়নের ক্ষেত্রে, ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে বিভিন্ন রকম অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে এই সড়ক ব্যবস্থা যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত জরুরি। এই সময় আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে তিনি যে বাজেট এখানে উত্থাপন করেছেন তাতে যেটা লক্ষ্যণীয় বিষয় তা হলো একটা নির্দিষ্ট কর্মসূচির ওপর দাঁড়িয়ে এবং একটা নীতির ওপর দাঁড়িয়ে তিনি এই বাজেট উত্থাপন করেছেন বলে আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা পেছিয়ে পড়া মানুষ, আমাদের মতো পেছিয়ে পড়া মানুষের জন্য তিনি ব্যয়-বরাদ্দ উৎত্থাপন করেছেন। তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের একজন বিরোধী দলের সদস্য কিছুক্ষণ আগে বললেন, তৃণমূল কংগ্রেসের একজন সদস্য বললেন যে আদিবাসী এলাকার জন্য নাকি এই দপ্তরের কোনও পরিকল্পনা নেয়নি, নাকি কোন কাজ হয়নি। কংসাবতী নদীর ওপর এবারে সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। উনি যদি এইভাবে না জেনে কথা বলেন তাহলে আমরা মনে করবো ওনার এখানে বক্তব্য রাখা মানে বিরোধিতা করার জন্য বক্তব্য রাখেন। আমার বিধানসভা এলাকায় সুবর্ণরেখা নদীর ওপর সেতু হয়েছে এবং এটা বামফ্রন্ট সরকারের আমলেই হয়েছে। সিধু-কানু সেতু হয়েছে, নয়াগ্রাম, মেদিনীপুর পশ্চিমবঙ্গ যাতায়াতের একটি মাত্র রাস্তা, সেটা এই সরকারের আমলেই হয়েছে। এর থেকে কি প্রমাণ হয় যে আদিবাসী মানুষদের জন্য এই দপ্তর এই সরকার কিছু করেনি ? এই কথা বলে বিরোধিতার জন্য বিরোধিতা করা এটা ঠিক নয়। আমি বলবো আপনারা যেগুলি জানেন সেইগুলো নিয়ে গঠনমূলক আলোচনা করুন, পরামর্শ দিন, কিছু কিছু বিষয় সরকার মেনে নেবে। যে বিষয়ে জানেন না সেই বিষয়ে মন্তব্য করবেন না।

[3.10—3.20 p.m.]

আমি এই হাউসে আবার বলছি যে, আমাদের এখানে পি ডব্লু ডি-র পক্ষ থেকে যে পিচের রাস্তাগুলো হচ্ছে, ওড়িষ্যার সঙ্গে যোগাযোগের জন্য যে রাস্তাগুলো হচ্ছে, সেগুলো তো আদিবাসী এলাকার মধ্যে আদিবাসী এলাকার বাইরে নয়। এখানে ওরা বললেন, পিছিয়ে পড়া এলাকার জন্য কিছু করা হয়নি। সুন্দরবন এলাকা একটি পিছিয়ে পড়া এলাকা, ওখানে অনেকগুলি সেতু হয়েছে। ইছামতি নদীর ওপরে যে সেতু হয়েছে, গৌড়েশ্বর সেতু নির্মিত হয়েছে, এরফলে সুন্দরবনের পিছিয়ে পড়া এলাকার মানুষের কোলকাতার সঙ্গে তাড়াতাড়ি যোগাযোগের ব্যবস্থা হয়েছে, উত্তরবঙ্গের জলপাইগুড়িতে, যেখানে অনেক আদিবাসী মানুষ বাস করেন, সেখানে অনেক সেতু হয়েছে। এখানে অনেকে বললেন, নবম পরিকল্পনায় সে সেতুগুলি শুরু হয়েছিল বা তার আগে থেকে যেগুলি শুরু হয়েছিল, সেগুলি এখনও শেষ হয়নি। মন্ত্রী মহাশয় এখানে একটি তালিকা দিয়েছেন, ১৪০টির মধ্যে ১০৫টি সম্পূর্ণ হয়েছে এবং বাকীগুলিতে কাজ চলছে। সুতরাং কিছু হয়নি একথা ঠিক নয়। সৌগতবাবু বললেন, কেন্দ্রীয় সরকারের সাহায্যে জাতীয় সড়কগুলি তাড়াতাড়ি হচ্ছে, খুব উন্নত হচ্ছে। আমাদের ওখানে ৬ নং জাতীয় সড়কের খড়গপুর থেকে লোধাসুলিতে—কাজ করতে গিয়ে আদিবাসী অধ্যুষিত এলাকার রাস্তা দিয়ে লরিতে করে যে পাথর অন্য জায়গা

থেকে নিয়ে আসা হচ্ছে, তার জন্য রাস্তাগুলি নষ্ট হচ্ছে, সেদিকে কেন্দ্রীয় সরকারের কোনও দৃষ্টি নেই। বীনপুরে কোলিয়ান থেকে বোল্ডার নিয়ে আসা হচ্ছে ট্রাকে করে। ওখানে যে রাস্তাগুলি আছে, সেগুলি নষ্ট হচ্ছে। কেন্দ্রীয় সরকারকে এর জন্য চিন্তা করতে হবে। পূর্ত দপ্তরের মাধ্যমে যে কাজগুলি হচ্ছে, প্রশাসনিক ভবনগুলি তৈরি হচ্ছে, সে বাড়িগুলি তৈরি হচ্ছে, সেগুলি শুধুমাত্র কোলকাতায় নয়, রাজ্যের বিভিন্ন স্থানে প্রশাসনিক ভবন, স্কুল বিষয়ক, স্বাস্থ্য বিষয়ক হাসপাতাল এইসবও আছে। মাননীয় মন্ত্রী মহাশয় তার একটি তালিকা দিয়েছেন। সেজন্য হয়নি, এটা বলা ঠিক নয়। এই সঙ্গে বলি, রাজ্য সরকারের কাছে আমার প্রস্তাব আছে, যে রাস্তাগুলি পূর্ত দপ্তরের পক্ষ থেকে হচ্ছে, এর জন্য যে প্ল্যান এস্টিমেটগুলি করা হয় তা পঞ্চায়েত এলাকার প্রতিনিধিরা সঠিকভাবে জানতে পারেন না। এগুলি যাতে প্ল্যান এস্টিমেটের সময়ে জনপ্রতিনিধিরা জানতে পারেন তার জন্য আমি মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন জানাচ্ছি। ঝাড়গ্রামে আদিবাসী এলাকায় রেলের যে লেভেল ক্রসিং আছে, সেখানে ওড়ালপুলের প্রস্তাব আছে। সেটি যাতে তাড়াতাড়ি হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি।

আমার বিধানসভা এলাকা উড়িষ্যার সঙ্গে লাগোয়া, সেই কারণে যাতে রাস্তাগুলো দিয়ে উড়িষ্যার সঙ্গে যোগাযোগ খুব তাড়াতাড়ি হয় সেটা দেখবেন। ইন্টার স্টেটে যোগাযোগ যাতে বাড়ে সেটা দেখবেন এবং তাহলে ওই স্টেটের সঙ্গে আমাদের স্টেটের বাণিজ্য বলুন সব দিক থেকে অনেক সুবিধা হবে। সুতরাং এই দাবিগুলো আমি আপনার কাছে রাখলাম। আমাদের মন্ত্রী জানিয়েছেন বীর শহিদ আমাদের বীরসামুন্ডার আবক্ষ মূর্তি নির্মাণ হচ্ছে, সেটা তাড়াতাড়ি স্থাপন করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি। সেই সঙ্গে বলব আরও আমাদের যে বিপ্লবী আছেন, যাঁরা শহিদ হয়েছেন, তাঁদের সম্মান দেওয়ার জন্য ব্যবস্থা করুন। এই কথা বলে আমাদের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ রেখেছেন তাঁকে সমর্থন করে, বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রমথনাথ রায়** : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পূর্তমন্ত্রী অমরবাবু যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের আনা ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে খুব সংক্ষেপে দু-চারটি কথা বলছি। মাননীয় মন্ত্রী বসে আছেন, তিনি বলেছেন আমাদের একটা নিরাপদ মসৃণ আরামদায়ক যাত্রাপথ পশ্চিমবঙ্গকে উপহার দেবেন। এখানে যে রাস্তা যেমন বি টি রোড, জি টি রোড বলুন, ৩৪ নং জাতীয় সড়ক, ৩১ নং জাতীয় সড়ক, কলকাতা থেকে শিলিগুড়ি যেতে হাল বেহাল হয়ে যাবে। যেটুকু হাড়মাস আছে সেটাও ভেঙ্গে টুকরো টুকরো হয়ে যাবে কলকাতা থেকে শিলিগুড়ি যেতে। অথচ মন্ত্রী বলেছেন একটা মসৃণ আরামদায়ক যাত্রাপথ তিনি পশ্চিমবঙ্গকে উপহার দেবেন। আপনার দপ্তর নির্দিষ্ট মান রক্ষা করার ক্ষেত্রে অসফল হয়েছে। কোনও ক্ষেত্রেই রাস্তার নির্দিষ্ট মান রক্ষিত হয়নি। যে কোন রাস্তা রিপেয়ারের পরে তা হাইওয়ে হোক বা অন্য কোন রাস্তা হোক, দু-তিন মাসের বেশি টেঁকে না। একেবারে কঙ্কালসার চেহারা ধারণ করে। আপনাদের কাজের কি অবস্থা দেখুন—আই ডি হসপিটালের ছাদ ভেঙ্গে পড়েছে, লোক মারা গেছে, আহত হয়েছে। এই অবস্থা আপনার সমস্ত জায়গায়। অথচ আপনি বলেছেন আপনার

ইঞ্জিনীয়াররা নির্দিষ্ট মান রক্ষা করে কাজ করে চলেছে। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি মাননীয় মন্ত্রীকে যে, আমি উত্তর দিনাজপুরের মানুষ, আমার জেলার অবস্থা বলুন কিংবা সমস্ত উত্তরবঙ্গের অবস্থা বলুন একই চিত্র দেখা যাবে। জেলার যারা একসিকিউটিভ ইঞ্জিনীয়ার থাকেন, তাদের কিন্তু কাজের সময়ে পাই না। তারা জেলায় থাকুন বা অন্য কোন কাজ করুন, তাদের কাছে গেলে পাওয়া যায় না। আপনার যদি দপ্তরের ওপরে ন্যূনতম কন্ট্রোল থাকে তাহলে জেলার যেসব একসিকিউটিভ ইঞ্জিনীয়ার আছেন তাঁদের দিয়ে কাজের সুরাহা করা যায় কিনা দেখবেন। আপনি আপনার বাজেট বইতে তৃতীয়, পঞ্চম, অষ্টম এবং দশম পাতায় উড়ালপুল করার ব্যাপারে অনেক কথা বলেছেন দুঃখের সঙ্গে বলতে হচ্ছে সব জায়গাতেই উড়ালপুল হচ্ছে কিন্তু আমাদের উত্তরবঙ্গে সড়কপথে কলকাতা থেকে শিলিগুড়ি, জলপাইগুড়ি যাতায়াত করতে হয়। আমাদের ওখানে ডালখোলা উড়ালপুল তৈরি করা গেল না, কিন্তু আমাদের নিকটবর্তী রাজ্য বিহারের কিষাণগঞ্জের ওড়ালপুলের কাজ শেষ হতে চলেছে। কিষাণগঞ্জ উড়ালপুলটি লেভেল ক্রসিংয়ের কাছে অবস্থিত, তার কাজ শেষ হতে চলেছে। অথচ ডালখোলার কাজ হল না।

[3.20—3.30 p.m.]

ডালখোলা লেভেল ক্রসিং-এর ওপর উড়ালপুলের প্রস্তাব থাকা সত্ত্বেও কেন হচ্ছে না, এই প্রস্তাবটি এতদিনের প্রস্তাব, কিন্তু তার জন্য কিছু করা গেল না। আমি উত্তরবঙ্গের উন্নয়ন পর্ষদ-এর এক্‌জিকিউটিভ কমিটির মেম্বার, আমরা ৮ মাস হল উন্নয়ন পর্ষদ থেকে ১ কোটি টাকা দিয়েছি কাজ করার জন্য, কিন্তু সেই কাজ এখনও হচ্ছে না, কেন এই কাজ করা যাচ্ছে না, এটা খতিয়ে দেখবেন। আপনার বইতে দেখলাম, ইসলামপুর থেকে রায়গঞ্জের দূরত্ব কমাবার জন্য সহজ এবং সংক্ষিপ্ত করার জন্য ১৯৮৫ সালে বেঙ্গল টু বেঙ্গল রাস্তা করার জন্য প্রস্তাব পাস হয়ে গিয়েছিল। ৫ বছরের মধ্যে সেই রাস্তা তৈরি করার কথা ছিল, কিন্তু সেই রাস্তা ১৬ বছরেও হল না। আপনি এখানে উল্লেখ করেছেন, বোতলাবাড়ি-রুদেল-দোমোহনা ১১ কিলোমিটার রাস্তার কাজ সম্পূর্ণ হয়েছে, এর সঙ্গে বেঙ্গল টু বেঙ্গল রাস্তার কাজটাও সম্পূর্ণ হওয়ার কথা, কিন্তু গত ১৬ বছরেও সেটা হলনা। এটা না হওয়ার কারণটা কি ? এই যে বেঙ্গল টু বেঙ্গল রাস্তাটা হওয়ার কথা ছিল, এটা হলে রায়গঞ্জ থেকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজে একজন রোগীকে সহজে আনা যেতো, কিন্তু এটা না হওয়ায়, কিষাণগঞ্জের গেট, ডালখোলার গেটে যদি এক ঘণ্টা আটকে যায় তাহলে সেই পেশেন্টটা রাস্তাতেই মারা যাবে। আমি মাননীয় মন্ত্রীকে বলেছিলাম বেঙ্গল টু বেঙ্গল রাস্তাটা হোক। কিন্তু দেখা যাচ্ছে, বারাসাত থেকে রায়গঞ্জ যে সুপার হাইওয়ে রাস্তাটি হওয়ার কথা ছিল ২০০৬ সালের মধ্যে সেটাও কিছু হলনা, কিষাণগঞ্জের ফ্লাই ওভার হবে না, ডালখোলার ফ্লাই ওভার হবে না, এইসব ব্যাপারে উত্তরবঙ্গের জন্য কিছু করা যায় কিনা আপনি এটা দেখবেন। আপনার বই-এর ১১ নম্বর পাতায় দেখবেন, ২০০১-২০০২ সালেতে যে কাজগুলি শেষ হয়েছে, সেখানে বলছেন, কলকাতায় ২ নম্বর কিড স্ট্রিটের অতিথিশালায় কয়েকটি তলা নির্মাণ। এখানে যেটা বলা হয়েছে, এটা ঠিক, নাকি আমরা যেটা দেখছি সেটাতো ইনকমপ্লিট অবস্থায় পড়ে আছে। এই তথ্যটা কে দিয়েছে ? বিল্ডিং-এর গাঁথনীর

কাজ হলেই কি বিল্ডিং-এর কাজ শেষ হয় ? এই বিল্ডিং-এর কাজ চলছে, এটা এখনও সম্পূর্ণ হয়নি। এম এল এ হোস্টেলে আমরা যেখানে থাকি, সেখানে একটি হল ছিল, সেটা গোডাউনে পরিণত হয়েছে। সেখানে টিভি দেখার ব্যবস্থা ছিল, সেটা গোডাউনে পরিণত হওয়ার কোন কারণে যদি আমরা ঘরে না যেতে পারি তাহলে স্টাফদের চেয়ারে বসে থাকতে হয়। আপনার দপ্তরে এটা খোঁজ নিয়ে দেখবেন। এম এল এ হোস্টেলে স্টাফদের ঘর করার কথা ছিল, সেটাও আজ পর্যন্ত হল না। কেন হল না এটা দেখবেন। এই কথা বলে, এখানে যে বাজেট প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রতন দাস** : মাননীয় চেয়ারম্যান স্যার, পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়, শ্রী অমর চৌধুরী পূর্ত, পূর্ত (সড়ক) ও নির্মাণ পর্ষদ বিভাগের ২৫ ও ৭৯ নম্বর অভিযাচনের ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আজকে এখানে বিরোধী বন্ধুরা যে বক্তব্য রাখলেন, সেই বক্তব্যের মধ্যে কেউ বললেন কাজ কবে শেষ হবে, দীর্ঘসূত্রিতা, টেন্ডারে ত্রুটি এইসব নানান কথা বললেন। আজকে যে বরাদ্দকৃত সময় দেওয়া হচ্ছে, সেটাও তারা পুরো বলছেন না। এমন কি এই দপ্তরের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান তিনি যে বক্তব্য রাখলেন, এতেই বোঝা গেল তার দলের অন্যান্য সদস্যরা উৎসাহবোধ করছেন না। এতেই বোঝা যায় এই দপ্তরের সাফল্য ও গতিবেগ অনেক বৃদ্ধি পেয়েছে। ভারতবর্ষে যে গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা রয়েছে তা পশ্চিমবঙ্গে একটা বিশেষরূপে পরিলক্ষিত হচ্ছে।

এই রাজ্যে বিভিন্ন সৃজনী ক্ষমতার যে দিক আমরা দেখছি, তারই প্রতিফলন ঘটেছে এই বাজেটে। পশ্চিমবঙ্গের সীমানা ৮৮,৭৫১ স্কোয়ার কিলোমিটার এবং জনঘনত্ব খুব বেশি। এখানে সড়ক পথ ৭৫,৪৩৫ কিলোমিটার। জাতীয় সড়ক ১৯৬৬ কিলোমিটার, রাজ্য সড়ক ৩২৪৫ কিলোমিটার, শহরাঞ্চলের অভ্যন্তরীণ রাস্তা কমবেশি ১৭,৩৫৬ কিলোমিটার, বন ও সেচ দপ্তরের রাস্তা কমবেশি ৬,৫৪৫ কিলোমিটার, জেলা ও গ্রামীণ রাস্তা ৪৬,৪৯৫ কিলোমিটার। এই দপ্তরের বহুমুখী কাজের মধ্যে আছে নতুন রাস্তা নির্মাণ এবং পুরনো রাস্তার রক্ষণাবেক্ষণ। আমরা লক্ষ করেছি স্বাধীনতার পর থেকে তিনটি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু কিছু রাস্তা হয়েছিল। কিন্তু সেখানেও দূরদর্শিতার অভাব পরিলক্ষিত হয়। ভবিষ্যতে প্রয়োজন হলে আরও চওড়া করা বা স্ট্রেনদেনিংয়ের ব্যবস্থা, সেসব তাদের চিন্তা-ভাবনার মধ্যে ছিল না। যে সংখ্যক যানবাহনের উপযোগী করে করা হয়েছিল তার তুলনায় এখন বহুগুণ বেড়ে গেছে এই সংখ্যা। ল্যান্ড অ্যাকুইজিশনের ব্যবস্থাও রাখা হয়নি। ৩১-০৩-১৯৯৭ সালের হিসেব অনুযায়ী যানবাহনের সংখ্যা ছিল ১৩.৫ লক্ষ, সেটা ৩১-০৩-২০০২তে দাঁড়িয়েছে ২০.৮ লাখে। ৫/৬ টন রোলার দিয়ে রাস্তা করা হত, আজকে সেখানে ওই রাস্তা দিয়ে ৩০/৩৫ টনের গাড়িও যাচ্ছে। পুরনো রাস্তা মেরামত এবং নতুন রাস্তার দিকে আমাদের নজর দিতে হচ্ছে। কংগ্রেসী আমলে তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেটুকু করেছিলেন, তারপর আর করেননি। ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে দিল্লিতে একটা সভা ডাকা হয়েছিল। ডেকেছিল ক্রিটিক্যাল অ্যান্ড ওয়ার্কস ওয়াইজ রিভিউ কমিটি। সেখানে

পশ্চিমবঙ্গে জাতীয় সড়ক নির্মাণের জন্য ৪০ কোটি ৯৮ লক্ষ টাকা চাওয়া হয়েছিল। কিন্তু তারা দিয়েছিল, কেন্দ্রীয় সরকার দিয়েছিল ৫০ শতাংশেরও কম। এই তো কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, অসহযোগিতার নমুনা এই অবস্থায় দাঁড়িয়ে দেশের বা বিদেশের কোনো আর্থিক সংস্থা থেকে ঋণ নিয়ে এখানে কাজ করতে হচ্ছে। নাবার্ড, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, হাডকো বা রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে দিয়ে কাজ করতে হচ্ছে। কেন্দ্রীয় সরকার কখনো কখনো ঋণ দেয়, তবে তারা ৭ পার্সেন্ট সুদে টাকা নিয়ে আমাদের দেয় ১১ পারসেন্ট সুদে। পশ্চিমবঙ্গে ২০০০ সালে বিধ্বংসী বন্যার পর ৯টি জেলায় সমস্ত রাস্তাঘাট ভেঙে গিয়েছিল, বিভিন্ন সেতুও ভেঙে গিয়েছিল। রাজ্য সরকার অগ্রাধিকারের ভিত্তিতে রাস্তাঘাট, সেতু পুনর্গঠনের কাজ শুরু করে। এখানে নাবার্ড ২৫৭৩ কিলোমিটার, হাডকো ১৪২৭ কিলোমিটার, আর আই ডি এফ ২,৩,৪,৫,৬, ১৮০০ কিলোমিটার রাস্তা করছে। ২ নং ন্যাশানাল হাইওয়ে পানাগড় থেকে পালশিট ৪ লেনের কাজ শুরু হয়েছে রাজ্য সড়ক দপ্তরের মাধ্যমে।

[3.30—3.40 p.m.]

বেলঘরিয়া এক্সপ্রেস হাইওয়ের কাজ এখন শুরু হয়েছে। নাইনথ প্ল্যানে ১০৫টা সেতুর কাজ ধরা হয়েছিল। এই পর্যন্ত ৪০টার কাজ সমাধা হয়েছে। আগামীদিনে বাকীগুলিও সম্পন্ন হবে। অনেকে এখানে অনেক কথাই বলেছেন। কিন্তু আপনারা দেখুন দামোদর নদীর উপর কারালাঘাট সেতুর কাজ নির্দিষ্ট সময়ের ৯ মাস আগেই শেষ হয়েছে। এটা একটা বিরাট সাফল্য। আমি একটা কথা বলছি—এখানে এত বৃষ্টি হয়, এখানে বন্যাপ্রবণ এলাকা এবং বিরাট সীমান্ত নিয়ে আমাদের চলতে হয় এবং তার উপর আছে ট্রাকের চাপ। তার ফলে রাস্তাঘাট খুব তাড়াতাড়ি ভেঙ্গে যায় এবং সেটাকে রক্ষণাবেক্ষণ করতে সময় যায়। আমরা দেখতে পাচ্ছি যে এখানে বি এফ কমিটির মাধ্যমে কাজকর্ম হচ্ছে। কুসুমগ্রাম এবং মন্তেশ্বর এবং নাদনঘাটে যে রাস্তা তৈরি হচ্ছে সেটা ৩৭ কিলোমিটার রাস্তা, ৩৩ কোটি টাকার প্রজেক্ট পার কিলোমিটার ৯০ লাখ টাকা করে বরাদ্দ। আজকে কোনো বিরোধীদের বলতে শোনা যায় না যে, মা বোনেদের রাস্তাঘাটেই ডেলিভারী হয়ে যাচ্ছে। কারোর স্পন্ডিলাইটিস হচ্ছে। কারোর শিরদাড়ার রোগ হচ্ছে। এখন আর আপনারা বলেন না জ্যোতি বসুকে হেলিকপ্টারে করে চড়ে বেলুড়ে যেতে হচ্ছে। এর মাধ্যমেই বোঝা যাচ্ছে যে, পশ্চিমবঙ্গের পূর্ত দপ্তর আন্তরিকভাবে কাজ করছে। অগ্রগতি ঘটেছে। সাফল্যের নজির সৃষ্টি করেছেন। মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব যে, আমাদের শান্তিপুর এবং কালনার সঙ্গে জাতীয় সড়কের যোগাযোগ করা হয়েছে। এস টি আর পি রোড এই বাজেট বিবৃতিতে স্থান পেয়েছে এবং ইনিশিয়াল ফান্ড হিসাবে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে, এর জন্য ধন্যবাদ জানাব। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় চেয়ারম্যান, স্যার, আপনার মাধ্যমে আমাদের পূর্ত সড়ক এবং পূর্ত নির্মাণ বিভাগের যে বাজেট এখানে পেশ করা হয়েছে, এটা আমি বিরোধিতা করছি এবং আমাদের আনা কাটমোশানের সমর্থনে কয়েকটি কথা বলছি। আপনার দপ্তরই পরিকাঠামো তৈরি করতে সাহায্য করে। অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের রাজ্য ৪টি রাস্তা

দিয়ে যুক্ত করা হয়েছে। জি. টি রোড, বম্বে রোড, দিল্লি রোড, ৩৪ নম্বর জাতীয় সড়ক। এই জাতীয় সড়কগুলি তৈরি করার জন্য নাবার্ড, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা আসে। তাছাড়া ব্যাঙ্ক তথা বিভিন্ন ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইনান্স কর্পোরেশন তাদের কাছ থেকে টাকা আসে। আমরা সব সময় বিরোধীপক্ষ থেকে দাবি করেছি আপনার কাছে, আপনার আগের মন্ত্রীর কাছে যে, যে রাস্তা আপনারা তৈরি করছেন, সেই রাস্তার গুণমান ঠিকমত হচ্ছে কিনা সেটা দেখবেন। এবং যে কনট্রাক্টরকে দিয়ে করাচ্ছেন, যে সংস্থাকে দিয়ে করাচ্ছেন আপনি কি তাদের কাছ থেকে সেই গ্যারান্টি আদায় করতে পেরেছেন যে, যে সময় বেঁধে দেওয়া হয়েছে সেই বেঁধে দেওয়া সময়ের মধ্যে তারা রাস্তা কমপ্লিট করতে পেরেছে ? আপনার উন্নয়নমূলক প্রকল্প সে ব্রিজই হোক, সে রাস্তাই হোক, ব্যারেজ হোক বা হাসপাতালের বিল্ডিং হোক সেটা ঠিক সময়ের মধ্যে শেষ হয়েছে। আপনাকে ব্যক্তিগতভাবে আমার বলার কিছু নেই কিন্তু আপনার দপ্তরটির সম্বন্ধে আপনি জানেন যে রাজ্য সরকারের কয়েকটি দপ্তরের অন্যতম, তার মধ্যে আপনার দপ্তরটি একটি ঘুঘুর বাসা। দুর্নীতির জাল রয়েছে যে জাল বুনে রেখেছে আপনার দপ্তরের বিশেষ কয়েকজন অফিসার এবং আমলারা। সেই বেড়াজাল ভেঙে, দুর্নীতির জাল ভেঙে আপনি বেরিয়ে আসতে পারবেন কি ? যে রাস্তাগুলো হাডকো বা এ. ডি. বি. তৈরি করেছে আধুনিক যে যন্ত্রপাতি ব্যবহার করা হয়েছে তার গুণমানে আমরা কিছুটা আশ্বস্ত হয়েছি। আমি আপনার মাধ্যমে এই হাউসকে জানাতে চাই যে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, আমরা কতগুলো সেতুর কাজ করতে চাই। আপনার দপ্তরের দুটো ক্ষেত্রে ২৫ নম্বর এবং ৭৯ নম্বর দাবিতে আপনি ১৪শো কোটি টাকা কমবেশি পেয়ে থাকবেন। এর মধ্যে প্ল্যান এবং নন-প্ল্যান রয়েছে। আমি শুধু আপনাকে তুলনা করে বলতে চাই যে, আপনি তো দিল্লিতে যান সেখানে ২০০১-২০০২ এই দুটো আর্থিক বছরে ২১টা সেতুর কাজ, ফ্লাই ওভারের কাজ—সময়মতো এবং সুন্দরভাবে তৈরি করতে পেরেছেন। ওইদিন দি টাইম পিরিয়ড, ইন সাম কেসেস ইন অ্যাডভান্স টাইম তৈরি হয়েছে। আমাদের রাজ্যে কি বাস্তুকার নেই, আমাদের রাজ্যে কি আর্কিটেক্ট নেই। সারা ভারতবর্ষের তুলনায় কি আমাদের গুণমান কম ? লেবার ফোর্স নেই না লেবার ফোর্সের শক্তি নেই। কেন আপনারা পারেন না। যেখানে মাত্র দুটো আর্থিক বছরে দিল্লি ২১টা সেতু তৈরি করতে পারল। আরও ৬টার কাজ তারা পুজোর আগে, দেওয়ালির আগে শেষ করে ফেলবে। আমরা কেন পারছি না। আমি আপনাকে আরেকটা কথা বলতে চাই যে আপনি যদি মেদিনীপুরকে জোড়েন কলকাতার সঙ্গে, আপনার কতদিন, কত বছর সময় লেগেছিল বিবেকানন্দ সেতু নিয়ে ৫ বছর পরিকল্পনা চলেছে, জমি অধিগ্রহণ চলেছে কথা চলেছে, এখন আবার বলছেন দ্বিতীয় বিবেকানন্দ সেতু তৈরি হবে। প্রথম বিবেকানন্দ সেতু একটাই মাত্র রাস্তা যে রাস্তাটি গিয়ে বি টি রোডে পড়েছে। আমাদের সকলের কথা শুনে আপনি বি. টি রোডের সংস্কারের কাজ শুরু করেছেন। শিল্পের ক্ষেত্রে ব্যারাকপুর মহকুমা সবচেয়ে বড় মহকুমা, এখানে ৩৪ নম্বর জাতীয় সড়ক রয়েছে, যশোর রোড রয়েছে। টাকী রোড আছে। কল্যাণী এক্সপ্রেস হাইওয়ে। স্যার, কল্যাণী এক্সপ্রেস হাইওয়ে সোদপুর পর্যন্ত তৈরি হতে ২০ বছর সময় নিয়েছে এখনও হয়নি কল্যাণী এক্সপ্রেস হাইওয়ে ২৬ কিলোমিটার রাস্তা।

[3.40—3.50 p.m.]

অর্থাৎ ব্যারাকপুর থেকে কলকাতা আসতে দেড় ঘন্টা সময় নেয়। সোদপুর পর্যন্ত করতে ২০ বছর সময় লেগে গেল। আপনি তাই আনতে পারেননি। বেলঘড়িয়া এক্সপ্রেসওয়ে কেন্দ্রীয় প্রকল্পের সঙ্গে রাজ্যের প্রকল্প কল্যাণী হাইওয়ে এক্সপ্রেসওয়ে যুক্ত করে সেটা সোদপুর পর্যন্ত আনতে পারলেন না। তার থেকে ৭, ৮ কিলোমিটার রাস্তা আপনি ভি আই পি রোড পর্যন্ত যুক্ত করতে পারেননি। আমি জানি না কবে এটা শেষ হবে। আপনি যে কাজ করবেন তার জন্য আপনাকে টাইম বাউন্ড প্রোগ্রাম নিতে হবে। কত দিনের মধ্যে শেষ করতে পারবেন সেটা দেখতে হবে। আমাদের জেলার হেডকোয়ার্টার্স হচ্ছে বারাসতে। সেখানে যেতেই দু-ঘন্টা-আড়াই ঘন্টা সময় লেগে যায়। সেখানে ৩টে রাস্তা আছে, (১) বনগাঁ-যশোর রোড, (২) বসিরহাট-টাকি রোড, (৩) ৩৪ নম্বর জাতীয় সড়ক। তারপরে নীলগঞ্জ রোড হয়ে কল্যাণী হাইওয়ে এক্সপ্রেসওয়ে ঢুকতে হবে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে। বারাসতের রেলওয়ে ওভারব্রীজের কি হলো ? খড়দাতে ভূগর্ভস্থ সাবওয়ে তৈরির কথা বলেছেন আপনার দপ্তরের পণ্ডিত মহাশয়রা। আপনি খড়দা চলে গেলেন কেন ? খড়দা থেকে ১০ গুণ লোক বেশি বাস করে আমার কেন্দ্রে। খড়দাতে যদি ৮০ হাজার লোক বাস করে তাহলে আমার কেন্দ্রে যেখানে আপনি থাকেন সেখানের জনসংখ্যা ৪ লক্ষ। আমরা সার্ভে করে দেখেছি সোদপুর ফ্লাইওভারের তলা দিয়ে প্রতিদিন ৮০ হাজার মানুষ নিত্যযাত্রী, ছাত্রছাত্রী, শ্রমিক-কর্মচারী যাতায়াত করে থাকে সেখানকার সাবওয়ের কথা আপনার পুস্তকে জায়গা পায়নি। খড়দাতে ৮০ হাজার লোকের বাস সেখানে আপনি সাবওয়ে করার কথা ভাবছেন। যেখানে সব চেয়ে বেশি প্রয়োজন সিঁথির মোড় সেখানে ভূগর্ভস্থ রাস্তার কথা বলেন নি। বি. টি রোডকে আজকে ৬ লেনে নিয়ে যাওয়ার পরিকল্পনা, কিন্তু ৪ লেন করতেই কত অধিক সময় লাগবে। যদিও আধুনিক পদ্ধতিতে করা হবে, তাই আমার বিশ্বাস এটা তাড়াতাড়ি করতে পারবেন। আপনারা যে রাস্তা তৈরি করছেন তার গুণগত মান ঠিক থাকছে কিনা, টাইম বাউন্ড প্রোগ্রাম হচ্ছে কিনা সেটা দেখতে হবে। সুব্রতবাবু তাঁর বক্তৃতার প্রারম্ভেই বলেছেন আমাদের বহু দপ্তরের দায়িত্ব পূর্ত দপ্তর নিয়ে থাকে। বামফ্রন্টের আমলে পূর্ত দপ্তরকে হসপিটাল ক্ষেত্র থেকে সরিয়ে নিতে, শিক্ষাক্ষেত্রের থেকে সরিয়ে নিতে পারলেই বাঁচে। সংস্কৃতি ক্ষেত্র থেকে, ইনফরমেশান টেকনোলজি তার রক্ষণাবেক্ষণের ক্ষেত্র থেকে সরিয়ে নিতে পারলেই বাঁচে। আপনি গর্ব করতেন রাইটার্স বিল্ডিং-এর রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব আপনাকে দিয়েছে বলে। ২৫০০ কিলোমিটার রাস্তার জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ওয়ার্ল্ড ব্যাঙ্ক, হাডকো, নাবার্ড থেকে যে টাকা তুলবেন সেই টাকা দিয়ে তৈরি করবেন, কিন্তু তার ক্ষেত্রে কোনো ইনফরমেশান টেকনোলজি আপনি ব্যবহার করছেন কি ? তারপরে বলি দীঘা যেতে হলে কি অবস্থার মধ্যে পড়তে হয়। দীঘাতে ১০ লক্ষ মানুষ যায়, সেই দীঘাতে রামগর এক্সপ্রেসওয়ে যদি তৈরি হয় তাহলে দীঘা যাওয়ার পথে যদি সাড়ে ৪ কিলোমিটার রাস্তা বাইপাশ করে দেন তাহলে যেতে সুবিধা হয়। সুন্দরবনের ক্ষেত্রেও নানান পরিকল্পনা নিয়েছেন, কিন্তু বারুইপুর থেকে রেলওয়ে ওভার ব্রীজ করার পরিকল্পনা যদি এখন নিতে না পারেন তাহলে সুন্দরবন যাওয়ার এবং বেরোনোর রাস্তাগুলি কনজেশানের মধ্যে পড়বে। মানুষ সুন্দরবন, দীঘা যাবে, কিন্তু যাবে

কোন দিক থেকে ? এগুলিকে আপনাকে দেখতে হবে। আপনি টাইম বাউন্ড প্রোগ্রাম নিতে পারছেন না, আপনি সব দিক থেকে পিছিয়ে পড়ছেন। আপনি যদি সময়মতো কাজ করতে না পারেন তাহলে কষ্ট অনেক বেড়ে যাবে। এই কথা বলে আমাদের কাটমোশানগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ফিন্যান্সিয়াল এসকেলেশন হচ্ছে। তাই কাটমোশানের সমর্থন করে এবং মাননীয় মন্ত্রীর আনা ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সমর হাজরা** : স্যার, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় ২০০২-২০০৩ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে বক্তব্য রাখছি। মাননীয় সভাপতি মহাশয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্যারা বিরোধিতা করার জন্যই এখানে বক্তব্য রেখেছেন। এবং সেই সঙ্গে জানাতে চেয়েছেন যে, গ্রাম-বাংলায় রাস্তার কোনও উন্নতি হয়নি। স্যার, আমরা যারা গ্রামের জন-প্রতিনিধি, আমরা জানি ওদের আমলে ঐসব, রাস্তাঘাট ছিল না। কিন্তু এখন অবস্থার পরিবর্তন হয়েছে। আগে যেখানে সাদা ধুলো ছিল সেখানে লাল ধুলো এবং পাকা রাস্তা হয়েছে। গ্রামের কৃষকরা কোনদিন ভাবতে পারেননি তাদের ফসল বাজারে নিয়ে যাওয়া যাবে। আজকে মাঠে ট্রাক্টর, ম্যাটাডর পৌঁছে যাচ্ছে। গ্রামের মানুষ আগে ভাবতে না পারলেও এখন গ্রামে কোনো অনুষ্ঠান হলে সেখানে, একেবারে তাদের নাকের ডগায় বাস, গাড়ি, ইত্যাদি যানবাহন পৌঁছে যাচ্ছে। ২৫ বছরের বামফ্রন্ট সরকারের জমানায় পূর্ত দপ্তরকে ধন্যবাদ জানাতেই হয় যোগাযোগ রক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য। আমাদের রাজ্যে দেখা যাচ্ছে প্রতি বছরই প্রায় বন্যার ফলে অনেক রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী উদ্যোগ নিয়ে তৈরি করছেন সন্দেহ নেই, কিন্তু নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের বঞ্চনার ফলে দেখা যাচ্ছে আমাদের রাজ্য সরকারের ইচ্ছা থাকলেও, নতুন রাস্তা তৈরির উদ্যোগ থাকলেও তা করতে পারছেন না। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট বইটাতে অনেক কিছু সাফল্যের কথা, রাস্তার প্রশস্তকরণের কথা, মনীষীদের আবক্ষ মূর্তি তৈরি করার প্রস্তাব দিয়েছেন। আমার পাশে মাননীয় সদস্য ব্রহ্মময় নন্দ মহাশয় বসে আছেন, তাঁর মতো অনেকের ইচ্ছা বর্ধমান জেলার প্রয়াত মন্ত্রী, সকলের শ্রদ্ধেয় বিনয় চৌধুরীর মূর্তি এই শহরে স্থাপন করা যায় কিনা, সেটা ভেবে দেখতে অনুরোধ করব। নতুন নতুন অনেক রাস্তা তৈরি হলেও দেখবেন অনেক সময় রাস্তায় ছোট একটা গর্ত হয়ে গেলে, আপনার দপ্তরের লোকেদের সেই গর্ত মেরামত করা কাজ, কিন্তু দেখা যাচ্ছে অনেক সময় তারা তাতে নজর দিচ্ছে না। এর ফলে ছোট গর্ত বিরাট হচ্ছে, তাতে বাস পড়ছে, গাড়ি পড়ছে, আস্তে আস্তে বড় হচ্ছে এবং একদিন তার ফলে একসিডেন্ট হচ্ছে। দুর্গাপুর এক্সপ্রেসওয়ে তৈরি করেছেন। এবং পাশ দিয়ে শিলিগুড়ি এক্সপ্রেসওয়ে, ফোর লেন রাস্তা, আপ-ডাউন হবে, তার কাজ হচ্ছে। অনেকগুলো মেইন রোডকে দুর্গাপুর এক্সপ্রেসওয়েকে ক্রস করে যেতে হয়। এই রকম কিছু গুরুত্বপূর্ণ রাস্তাকে চিহ্নিত করে মেন মেন ক্রশিংগুলোতে যদি ফ্লাইওভারের ব্যবস্থা করা যায় তাহলে একসিডেন্টের ঘটনা বন্ধ করা যাবে এবং যান চলাচলে মসৃণতা আনা যাবে। কেননা আপ-ডাউনে সেকেন্ডে সেকেন্ডে ট্রেন লাইন দিয়ে এত গাড়ি পাস করছে যে ঘণ্টার পর ঘণ্টা

লেভেল ক্রশিং বন্ধ হয়ে থাকছে, যানজটের সৃষ্টি হচ্ছে। শক্তিগড়ের লেভেল ক্রশিং-এ এমন অবস্থা যে কোনও কোনও দিন এমনও হয়েছে যে, সন্ধ্যায় যানজটের সৃষ্টি হলে সকালের আগে তা ছাড়েনি। এই পরিপ্রেক্ষিতে আমি জানতে চাই, শক্তিগড়ে ফ্লাইওভার করার ক্ষেত্রে রেল দপ্তরের সঙ্গে কি কথা হয়েছে ? যদি না হয়ে থাকে তাহলে এ ব্যাপারে চিন্তা-ভাবনা করতে আমি আপনাদের অনুরোধ করব।

আপনি বাজেট ভাষণে নদীর উপরে ব্রিজ করার কথা বলেছেন। এ ক্ষেত্রে রাজ্যে প্রায় সর্বত্র, সব জেলাতেই আছে, ৫০ থেকে ৬০ শতাংশ কাজ চলছে। কারালাঘাটে দামোদর সেতু হয়েছে। মাননীয় মন্ত্রী এক্ষেত্রে বলেছিলেন ৩৬ মাসে শেষ করবে না। কিন্তু আমরা দেখলাম তার আগেই শেষ হয়ে গেছে। এ ব্যাপারে মাননীয় পূর্তমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। আমার সময় শেষ হয়ে গেছে তাই আর কিছু না বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.50—4.00 p.m.]

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় পূর্তমন্ত্রী ২০০২-২০০৩ সালের ২৫ এবং ৭৯ নম্বর দাবি খাতে ৫৮০ কোটি ৪ লক্ষ ৬ হাজার এবং ৮৫৭ কোটি ৪৩ লক্ষ ১৮ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন। আমরা বিরোধীরা যে কাটমোশানগুলো দিয়েছি তারই সমর্থনে বক্তব্য রাখছি। এখানে ন্যাশনাল হাইওয়ে হচ্ছে ১৬৫১ কিলোমিটার, আমাদের শিল্প দপ্তর থেকে যে সাদা বইটি দেওয়া হয়েছে তাতে কিন্তু ১৬৫১ আছে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বলেছেন সেটা হচ্ছে যে, আমাদের পশ্চিমবঙ্গে জাতীয় সড়কের সর্বমোট পরিমাণ ১৯০৫ কিলোমিটার এবং সম্প্রতি জাতীয় সড়ক ৮০৮১ যুক্ত হয়ে মোট দৈর্ঘ্য হয়েছে ১৯৭০ কিলোমিটার—এখানে একটা ফারাক দেখছি। এখানে স্টেট হাইওয়ে আছে ৩৪১৮ কিলোমিটার, পি ডব্লু ডি (রোডস) হচ্ছে আদার দ্যান ন্যাশনাল অ্যান্ড স্টেট হাইওয়ে যেটা ১২২৮৮ কিলোমিটার, জেলা পরিষদের রোড হচ্ছে ৩১০৬৪ কিলোমিটার, মিউনিসিপ্যাল রোডস হচ্ছে ১৮৬৩২ কিলোমিটার। এই যে রাস্তার পরিমাণগুলো দিয়েছেন সেখানে যে বরাদ্দকৃত অর্থ দেখিয়েছেন, আমরা দেখতে পাচ্ছি ২০০১ সালের যে রিপোর্ট সেই রিপোর্ট অনুযায়ী আপনাকে পুরো টাকা দেওয়া হয়নি। এবং সেই পরিপ্রেক্ষিতে আপনার সেখানে কাজের ক্ষেত্রে এবং ডেভেলপমেন্টের ক্ষেত্রে মূলত ধরুন রাস্তাঘাট না হলে, আমরা শিল্পের কথা বলছি, শিল্পায়নের কথা বলছি, বিশ্বায়নের কথা বলছি কিন্তু যদি জমি না পান, যদি রাস্তা ঠিকমত না হয়, এই যে লিংক, আমি ল্যান্ড অ্যান্ড রেভেনিউ মিনিস্টারকেও বলেছি যে, আপনার সেখানে লিংক কোথায় ? এ ব্যাপারে একটা লিংক দরকার। সেই অবস্থাতে ডিপার্টমেন্টের প্ল্যান এবং এই প্ল্যানের মধ্যে আপনারা সবকিছু দেখিয়েছেন। এবং সেটাতে আমরা দেখতে পাচ্ছি যে, সব খাতে যে হিসাবগুলি দেখিয়েছেন সেটা হল কাজ চলছে, কাজ চলছে, কাজ চলছে। উত্তর ২৪-পরগনায় টেন্ডার প্রক্রিয়া চলছে একটা, প্রাথমিক পর্যায়ে কাজ চলছে একটা, বাকি ৬টির মধ্যে ৪টিতে কাজ চলছে, কাজ চলছে, কাজ চলছে। দক্ষিণ ২৪-পরগনায় একই, হাওড়ায় ৩টে কাজ চলছে, হুগলিতে ২টি

কাজ চলছে। মুর্শিদাবাদে সব কাজ চলছে বলেছেন। কিন্তু কি কাজ হয়েছে ? সারা পশ্চিমবঙ্গে কাজ চলছে বলছেন। কিন্তু কাজের প্রগ্রেস কত ? সেখানে বরাদ্দকৃত অর্থের মধ্যে দেখতে পাচ্ছি, বাজেট বইয়ে আমরা দেখতে পাচ্ছি, বরাদ্দ যেগুলো আছে, আপনারা দিয়েছেন, আপনি বিভিন্ন খাতে যে টাকাগুলোর কথা বলেছেন (১) নম্বর হচ্ছে লিস্ট অফ রোডস প্রোজেক্ট আন্ডার ডেভেলপমেন্ট স্কিম, ডেভেলপমেন্ট অফ স্কিম রোডস সেখানে বেশিরভাগ ক্ষেত্রে যে ভোটেড চার্জ যে অ্যামাউন্ট আছে সেখানে টাকা বরাদ্দ কি আছে দেখুন। এই এপেনডিক্স—৫ দেখুন, সেখানে ৭১ এবং ৪১-এর ক্ষেত্রে দেখুন যে বেশিরভাগ ক্ষেত্রে—সেখানে বারাসত হাইওয়ে ডিভিশন (১) ইমপ্রুভমেন্ট অফ মধুসূদন ব্যানার্জী রোড সেখানে ২০০১-২০০২-এর বাজেট এস্টিমেটে ৫ লক্ষ মতো ছিল এবং ২০০২-২০০৩-এর বাজেট এস্টিমেটে আপনি ১০ লক্ষ করেছেন। বাঁকুড়ার ক্ষেত্রে দেখুন—প্রথমে বিষ্ণুপুর সোনামুখী রাঙামাটি রোড চার্জ এখানে নেই। কিন্তু এই বইয়ে দেখতে পাচ্ছি যে ক্ষেত্রে দেখা যাচ্ছে আপনি সেখানে সে কাজ দেখিয়েছেন সেখানে দেখতে পাচ্ছি যে, বিষ্ণুপুর-পাত্রসায়ের রোড ৮.৩২ কিলোমিটার পোস্ট লিংক রোড। সেখানে ৮৯ শতাংশ কাজ হয়েছে। তারপর বিষ্ণুপুর-সোনামুখী রোড, এই ৭ কিলোমিটার রাস্তার কোনও উল্লেখ এখানে দেখছি না। এছাড়া আপনার এই বাজেট বিবৃতির মধ্যে অনেক ছাপার ভুল আমরা লক্ষ্য করছি। আপনি এখানে বিভিন্ন জাতীয় সড়কের উন্নতিকরণের কথা উল্লেখ করেছেন। যেমন, ৩৪ নং জাতীয় সড়কের বারাসতের উত্তর থেকে শুরু করে রায়গঞ্জ পর্যন্ত ৩৭০ কিলোমিটার পথের উন্নতিকরণের উল্লেখ করেছেন। ১০ নং রাজ্য সড়কের চাকদহ-বনগ্রাম এবং বড়জাগুলিয়া থেকে কল্যাণী এক্সপ্রেসওয়ে পর্যন্ত সড়কের উন্নতিকরণের কথা বলছেন। মালদা, মুর্শিদাবাদ, বর্ধমান, বাঁকুড়া, বীরভূম প্রভৃতি সব জেলার বিভিন্ন কাজের এক্সপেনডিচার আপ টু ৩১শে মার্চ ২০০১ পর্যন্ত আমরা দেখছি। অথচ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ২০০১-২০০২ এবং ২০০২-২০০৩-এর এই সময় পর্যন্ত কোথায় কি হয়েছে সেটা বলেননি। কোনো কোনো জায়গায় টোকেন ধরা আছে। যেমন ধরুন নবান্দা-জয়কৃষ্ণপুর রোড-এর জন্য ২০০১-২০০২ সালে ১ লক্ষ টাকা ধরা ছিল, ২০০২-২০০৩ সালেও সেই একই পরিমাণ, ১ লক্ষ টাকাই ধরা হয়েছে। আজকে আপনাকে যে কোনও কাজের ক্ষেত্রেই বিশ্ব ব্যাঙ্ক, নাবার্ড, হাডকো, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ইত্যাদির ওপর নির্ভর করতে হচ্ছে। প্রতিটি ক্ষেত্রে, সে জাতীয় সড়ক থেকে শুরু করে স্টেট হাইওয়ে পর্যন্ত সর্বক্ষেত্রেই তাদের শর্ত, কন্ডিশন অনুযায়ী আপনাকে কাজ করতে হচ্ছে। আপনার নিজস্ব কাজের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ যদি আপনি না পান তাহলে আপনি সে কাজগুলো করবেন কি করে ? ২০০১-২০০২ সালে আপনি বরাদ্দকৃত অর্থ না পাওয়ার জন্য আপনার বিভাগের নিজস্ব কাজগুলো আপনি এগিয়ে নিতে পারেননি। বরাদ্দকৃত অর্থের অভাবে ডেভেলপমেন্ট ওয়ার্ক আটকে থাকছে। আমি অধ্যাপক সৌগত রায়কে বলেছিলাম, এই বাজেট প্রস্তাবের মধ্যে এবং যে রিপোর্ট এখানে প্রকাশ করা হয়েছে তার মধ্যে আমরা বাঁকুড়া এবং পুরুলিয়ার কোনো উল্লেখ পাচ্ছি না। বাঁকুড়া ২ নং ব্লকে দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরী নদীর ওপর সে দুটো সেতুর কাজ শুরু হয়েছিল, যেখানে ইতিপূর্বে ২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল যে সবের এখানে কোনো উল্লেখ নেই। এখানে বাঁকুড়া এবং

পুরুলিয়াকে অমিট করে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর জবাবী ভাষণে বলবেন যে, তিনি বাঁকুড়া এবং পুরুলিয়াকে তাঁর এই বাজেট থেকে বাদ রেখেছেন কিনা ? যদি বাদ দিয়ে থাকেন তাহলে কি কারণে বাদ দিয়েছেন ? পশ্চিমবঙ্গ করিডর উন্নয়ন প্রকল্প হিসাবে ৩৪ নং জাতীয় সড়কের বারাসতের উত্তর থেকে শুরু করে রায়গঞ্জ পর্যন্ত ৩৭০ কিলোমিটার পথ, ১০ নং রাজ্য সড়কের গাজোল-হিলি, ৩৪ নং জাতীয় সড়কে ১০টি গ্রামীণ প্রবেশ পথের যেসব কথা উল্লেখ করেছেন সেসব কাজ কি আপনি ত্বরান্বিত করতে পারবেন ? প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় বলা হচ্ছে, গত পাঁচ দশক ধরে গ্রামীণ সড়কের বিস্তার ঘটলেও এখন ভারতের ৪০ শতাংশ অর্থাৎ ২.৫ লক্ষ গ্রাম সংযোগহীন অবস্থায় রয়েছে। এই অবস্থার পরিবর্তন ঘটাতে এই প্রথম প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা (পি এম জি এস ওয়াই) নামক একটি কর্মসূচি গ্রহণ করা হয়েছে। একমাত্র গ্রামাঞ্চলে সড়ক নির্মাণের জন্যই এই কর্মসূচি উৎসর্গীকৃত। যে সমস্ত গ্রামের জনসংখ্যা ১০০০-এর অধিক, এই কর্মসূচির আওতায় ২০০৩ সালের মধ্যে সেই সকল গ্রামকে সর্বমরসুম উপযোগী সড়কের মাধ্যমে সংযুক্ত করা হবে এবং পাঁচশোর বেশি জনসংখ্যা সমৃদ্ধ গ্রামগুলিতে ২০০৭ সালের মধ্যে এই কর্মসূচি সম্পন্ন হবে। ১,০০,০০০ গ্রামে সংযোগ ব্যবস্থা স্থাপন ছাড়াও প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার মাধ্যমে প্রায় পাঁচ লক্ষ কিলোমিটার গ্রামীণ সড়কের উন্নয়ন নির্দিষ্ট করা হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় এই পরিকল্পনা কয়েকটা ক্ষেত্রে গ্রহণ করা হচ্ছে, এটা ব্যাপকহারে গ্রহণ করা উচিত ছিল। পশ্চিমবাংলার বিভিন্ন স্থানে একটা গ্রামের সঙ্গে আর একটা গ্রামের কোনও যোগ নেই। কৃষি পণ্য সামগ্রী চাষীরা এক স্থান থেকে আর এক স্থানে ঠিকভাবে নিয়ে যেতে পারে না। যোগাযোগ ব্যবস্থার অভাবে চাষীদের বহু ক্ষেত্রেই ক্ষতি স্বীকার করতে হয়।

[4.00—4.10 p.m.]

সেগুলি ডিলিঙ্কড হয়ে যাচ্ছে, সেখানে লিঙ্ক নেই। এই লিঙ্কের জন্য প্রধানমন্ত্রী জাতীয় সড়ক যোজনার যে পরিকল্পনা নিয়েছেন তাতে ২০০৩ সালে প্রত্যেক জেলায় ব্যাপকভাবে এই পরিকল্পনা নিচ্ছেন না কেন ? ২০০৩ সালের মধ্যে যে সকল পরিকল্পনাগুলি আছে আমাদের জেলায় এবং আরও পাশাপাশি জেলাগুলিতে, এইসব জেলাগুলিতে সেই রকম ব্যবস্থা নেওয়া হয়নি। আজকে আপনাকে এই বিষয়ে একটু চিন্তা করতে হবে। বিগতদিনে টেকনোক্রাট এবং ব্যুরোক্রাটদের লড়াই দেখেছি। আমি তখন বিধানসভার সদস্য ছিলাম। আমি দেখেছি, সেই লড়াইয়ের মাধ্যমে কাজের স্লো প্রোগ্রেস এসেছিল এবং পরবর্তীকালে ভুল বোঝাবুঝির অবসানের পর র‍্যাপিড কাজ হতে লাগলো। কিন্তু এই ২৬ বছর ধরে আপনারা কি কাজ করলেন ? আপনি সেই সব কাজগুলি ত্বরান্বিত করতে পারছেন না। এখন নাবার্ড এসেছে, হাডকো এসেছে। আপনি বিভিন্নভাবে সহযোগিতা পাচ্ছেন এবং জাতীয় পরিকল্পনার ক্ষেত্রে ভারত সরকারের সহযোগিতাও সেখানে পাচ্ছেন। সেই পরিপ্রেক্ষিতে আরও ডেভেলপমেন্ট হওয়া উচিত ছিল। সেগুলি করতে পারলে আপনাদের, আমাদের তথা সমস্ত স্তরের মানুষের উপকার হতো। আজকে শিল্প করতে গেলে রাস্তা অপরিহার্য। রাস্তা-ঘাট যদি না থাকে তাহলে কোনো উন্নয়নমূলক কাজই করতে পারবেন না। শ্রী সৌগত রায় একটা রিপোর্ট দিয়েছিলেন। সেই রিপোর্টে বলছে, Recommendations of the Standing Committee on

Housing and Public Works 2001-2002 says—'The present Clause for land acquisition are very time consuming. The committee recommend that a new law for land acquisition on the lines of National Highways Act, 1956 be enacted so that land for projects can be acuired most easily. আপনার ডিপার্টমেন্ট যে রিপ্লাই দিয়েছে তাতে বলছে, The Department has noted the recommendations of the Committee in this regard. Necessary steps will be taken in consultation with other Department's concerned and within the Constitutional frame work. এখন দেখা যাচ্ছে, বিভিন্নভাবে কাজগুলি যে বাইন্ডিংসের মধ্যে আছে সেগুলি করার প্রয়োজন আছে। প্রশ্ন হচ্ছে যে টেন্ডার। সেখানে বলা হয়েছে, The Present Laws for tender documents have been in vogue for the last 50 years. সেখানে বলেছেন, যে সমস্ত ঠিকাদার ভাল কাজ করতে পারবে তাদের পুরস্কার করবেন আর যারা খারাপ কাজ করবে তাদের তিরস্কার করবেন এবং ব্ল্যাকলিসটেড হবে। এখানে বলছে, কস্ট অফ মেইনটেনান্স অফ হিল এরিয়াজ। পার্বত্য এলাকায় প্লেন এরিয়ার চেয়ে খরচ বেশি। হিল এরিয়ার মেইনটেনান্সের বিষয়টি খুবই চিন্তার। হাডকো বলুন বা বিভিন্নভাবে জাতীয় পরিকল্পনার মাধ্যমেই হোক কিম্বা প্রধানমন্ত্রীর জাতীয় সড়ক যোজনার মাধ্যমেই হোক যে সব রাস্তাগুলি হয়েছে সেগুলি আগামীদিনে মেইনটেনান্সের বিষয়টি এখন থেকেই চিন্তা-ভাবনা করার দরকার আছে। নাবার্ড বা হাডকো যে রাস্তাগুলি করবে, ৩ বছর সেই রাস্তাগুলির দায়িত্ব সেইসব ঠিকাদারদের হাতে থাকবে, দরকার হলে তারাই রাস্তা সারাবে। কিন্তু পরবর্তীকালে সেই দায়িত্ব তাদের আর থাকবে না। তখন তো ভয়ঙ্কর অবস্থা হবে। গ্রামের সঙ্গে শহরের যোগাযোগের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়ে যাবে। সেই পরিপ্রেক্ষিতে আজকে এই বিষয়ে চিন্তা-ভাবনা করার দরকার হয়েছে। আজকে শুধু পি ডব্লু ডি দপ্তর নয়, প্রত্যেকটি দপ্তর আজকে এই দপ্তরের উপর নির্ভরশীল। স্বাস্থ্য বলুন, জুডিসিয়াল ডিপার্টমেন্ট বলুন, জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন বলুন, পুলিশ বলুন প্রত্যেকটি দপ্তর এর সঙ্গে যুক্ত আছে। এইসব দপ্তরের কাজগুলি কিন্তু সেইভাবে ঠিকমত হচ্ছে না। আপনি টেন্থ ফিনান্স কমিশন এবং ইলেভেন ফিনান্স কমিশনের টাকা পেলেন এবং বাড়িঘর করলেন। কিন্তু অন্যান্য ডিপার্টমেন্টের যেসব কাজ হওয়া প্রয়োজন ছিল, যেগুলির র‍্যাপিড প্রোগ্রেস হওয়া উচিত ছিল সেগুলি হয়নি। আজকে হেল্‌থ ডিপার্টমেন্টের বাড়িঘরগুলির কি অবস্থা দেখুন ? বিভিন্ন হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রের বাড়িঘরগুলির কি অবস্থা ? সরকারি স্কুল-কলেজের বাড়িগুলির আজকে কি অবস্থা ? কোর্টের বাড়িগুলির কি অবস্থায় এসে দাঁড়িয়েছে একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে আছে।

আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের প্রয়াত নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর মূর্তি কোথায় বসানো হবে, আজ পর্যন্ত সেটা আপনারা ঠিক করতে পারলেন না। আশা করি সে সম্পর্কে আপনি বলবেন। তারপর বিশ্ববিখ্যাত জার্নালিস্ট রামানন্দ চট্টোপাধ্যায়, যামিনী রায়ের মূর্তির ব্যাপারে আপনারা কি চিন্তাভাবনা করছেন সেটা আশা করি বলবেন। পরিশেষে বলব, সড়ক ব্যবস্থার উন্নতি যদি করতে না পারেন তাহলে কিন্তু প্রকৃতপক্ষে এ রাজ্যের কোনও উন্নতি করতে পারবেন না বিভিন্ন ধরনের যে রাস্তাগুলি আছে তার মধ্যে একটা যোগসূত্র তৈরি করতে না পারলে একবিংশ শতাব্দীতে যে ডেভেলপমেন্ট

চাইছেন, শিল্প চাইছেন, বেকারত্ব দূর করতে চাইছেন সেগুলি বাস্তবায়িত করা যাবে না। কাজেই আপনার ডিপার্টমেন্টের উপর যে দায়িত্বগুলি আছে সেগুলির কাজ ত্বরান্বিত করার জন্য আরও বেশি সক্রিয় হওয়া দরকার বলেই আমি মনে করি। আপনার দপ্তরের কাজে অনেক ত্রুটি আছে, আমরা সেই ত্রুটির জন্যই কাটমোশান এনেছি, আমি সেইসব কাটমোশানগুলি সমর্থন করে, বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী অমর চৌধুরী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০২-২০০৩ সালের জন্য ডিমান্ড নং ২৫ এবং ডিমান্ড নং ৭৯-র অধীনে আমি যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করা হয়েছে তা অনুমোদনের জন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি। বিরোধী পক্ষের তরফ থেকে ডিমান্ড নং ২৫-এর উপর ৩০টি এবং ডিমান্ড নং ৭৯-র উপর ৪১টি কাটমোশান আনা হয়েছে, কাটমোশানগুলির আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি কাটমোশানগুলির এই কারণে যে সম্পূর্ণ অযৌক্তিক এবং কাল্পনিক কতকগুলি অভিযোগের ভিত্তিতে কাটমোশানগুলি আনা হয়েছে। এই বাজেটের আলোচনায় ১৪ জন মাননীয় সদস্য অংশগ্রহণ করেছেন—৭ জন বিরোধী পক্ষের, ৭ জন সরকারের পক্ষের। আমি উভয়পক্ষের মাননীয় সদস্যদের অভিনন্দন জানাই কারণ তারা কিছু কন্সট্রাকটিভ সাজেসান্স দিয়েছেন। কিছু কিছু ব্যাপারে অবশ্য আমি দুঃখ প্রকাশও করছি কারণ বিরোধীপক্ষ থেকে অজ্ঞতাপ্রসূত হয়ে কিছু কিছু মন্তব্য করেছেন। এখানে যেসব আলোচনা হয়েছে তার মধ্যে ব্রিজের উপর বেশি আলোকপাত করা হয়েছে। যেগুলি নিয়ে এখানে বিশেষ করে আলোচনা হয়েছে আমি একে একে সেগুলির উপর আমার বক্তব্য রাখার চেষ্টা করবো। সেগুলি বলার পর বামফ্রন্ট সরকারের আগামীদিনের পরিকল্পনা এবং সামগ্রিকভাবে ব্রীজ, রাস্তা ইত্যাদির খতিয়ান যা দেওয়া হয়েছে আপনাদের কাছে সে সম্পর্কে বলব। আমি প্রথমেই একটা কথা বলে নিই যে আমার এই বাজেট বিবৃতিটি যা দেওয়া হয়েছে সেটা ফেব্রুয়ারি মাসে তৈরি আপনারা মার্চে পেয়েছেন, ফেব্রুয়ারিতেও পেতে পারেন। তারপর ৪ মাস অতিক্রান্ত হয়েছে। এই ৪ মাসের মধ্যে কতগুলি ব্রিজ আমরা সম্পূর্ণ করেছি—আপনারা বলেছেন পি ডব্লু ডি-র কাজে গতি নেই—সেটা আমি বলব।

[4.10—4.20 p.m.]

এবং সেটা আজকে উদ্বোধনের জায়গায় আছে। আজকে বর্তমান আর্থিক বছরের মধ্যে কতগুলো ব্রীজ সম্পূর্ণ করবো সেটা বলবো, রাস্তার কথাও বলবো। বিস্তারিত পরে বলছি। আমি আপাতত দেখলাম যে, ব্রীজ সম্পর্কে আপনারা উল্লেখ করেছেন এবং আমাদের ব্যর্থতা দেখাবার চেষ্টা করেছেন তাতে পাঁচ-সাতটি ছেড়ে দিয়ে প্রায় ৭০টি ব্রীজ যা আমাদের হাতে রয়েছে সেগুলো সম্পর্কে কোনও মন্তব্য নেই। সেসব ক্ষেত্রে কাজটা ভালই চলছে বলে আপনাদের কোনও বক্তব্য নেই। পিছাবনী ব্রীজ, এটা বিগত কয়েক বছর পড়ে রয়েছে। আমি এটুকু বলতে পারি, বিগত ৬ বছরে যতটুকু হয়েছে তাকে এক বছরের মধ্যে সম্পূর্ণ করে আপনাদের সামনে উপহার দেবো আগামী মার্চ মাসের মধ্যে। এর বেশি আমি বলছি না, তবে এর চেয়ে তাড়াতাড়ি করা সম্ভব নয়। ওটা ছোট ব্রীজ, কিন্তু টেকনিকালি সেখানে অসুবিধা

ছিল, এজেন্সী নিয়ে সমস্যা ছিল। ওই এজেন্সীকে তাড়িয়ে দিয়ে কাজটা আমরা শেষ করছি। ছোট ব্রীজ, সেখানে এত সময় লাগলো কেন, নিশ্চয়ই আপনারা বলতে পারেন। এখন আমরা আপনাদের ওই ব্রীজটা মার্চ মাসের মধ্যে উপহার দিতে পারবো। আপনারা তালপট্টি ব্রীজ সম্পর্কে বলেছেন, কিন্তু ওটার কাজ সম্পূর্ণ। একটা সাইডে ওই ব্রীজের সংযোগকারী রাস্তার কাজও সম্পূর্ণ। আর এক সাইডের রাস্তা, সেখানে ল্যান্ড অ্যাক্যুইজিশন সম্পর্কে অসুবিধা রয়েছে। তবে আমরা আশা করছি, সেই সমস্যাও শীঘ্রই দূর হবে। আপনারা জানেন, জমি সংক্রান্ত বিষয়টা কোনও ডিপার্টমেন্টের ব্যাপার নয়, সেখানে আইনগত কারণে সময় লাগার প্রশ্ন আছে। সেখানে নিয়মবিধির মধ্যে দিয়ে যেতে হয়। সেখানে কোনও গাফিলতি নেই এটা বলছি না, কিন্তু আমাদের তরফ থেকে গাফিলতি দূর করবার জন্য জেলাস্তরে প্রতিটি জেলায় গিয়ে সেগুলো দূর করবার চেষ্টা করি আলোচনা করে এবং আমরা নির্দ্বিধায় বলতে পারি, সেটা ফলপ্রসূ হয়েছে। আশা করি, তালপট্টি ব্রীজের কাজ আমরা শীঘ্রই শেষ করতে পারবো ল্যান্ড অ্যাক্যুইজিশনের সমস্যা দূর করে। বন্ডেল রোড এবং লেক গার্ডেন্স সম্পর্কে সৌগতবাবু, পঙ্কজবাবু এবং তাঁদের সঙ্গে রবীন দেবও ছিলেন, ওঁরা তিনজন এই বিষয়ে আমার সঙ্গে বারবার আলোচনা করেছেন, বৈঠক করেছেন। আমরাও ওদের সঙ্গে বসেছি। বন্ডেল গেটে জমি নিয়ে এতদিনের যে সমস্যা ছিল সেই সমস্যা বর্তমানে দূর হয়েছে এবং সেখানে পুরোদমে কাজ চলছে। সেখানে রেলওয়ে কাজে একটু পিছিয়ে রয়েছে। আমরা তাদের তাড়াতাড়ি কাজ শেষ করবার জন্য বলেছি। বালিগঞ্জের দিকের কাজ শেষ হয়েছে। ল্যান্ড অ্যাক্যুইজিশনের টাকাও আমরা পেয়ে গেছি। তাই সেখানে যেমন যেমন প্রয়োজন হচ্ছে তেমন তেমন বাড়ি ভেঙ্গে সেখানে কাজ করছি। লেক গার্ডেন্সের ক্ষেত্রে বলছি, পঙ্কজবাবু বলেছেন—একটু বসতে হবে। তাঁর সঙ্গে ২১ তারিখে বসবো। সৌগতবাবু, সেখানকার ১০টি বাড়ি সম্পর্কে বলেছেন। কিন্তু উনি একটু বিবেচনা করুন, ওখানে ১০টি বাড়ি যা রয়েছে সেগুলো সবই একতলা বাড়ি। আমরা, সেখানে যে জমি আছে সেই জমিতে দু-তলার ফাউন্ডেশান দিয়ে একতলা বাড়ি করে দিচ্ছি। তাতে তাদের আপত্তি। আমি আশা করছি ঠিক হয়ে যাবে। যদি সমস্যার সমাধান না হয়, অ্যামিকেবেল সেটেলমেন্ট যদি না হয় তাহলে আমরা বাড়ি ভেঙে দিতে বাধ্য হবো। আমরা নিশ্চয়ই তাদের আবেদন করবো, আমরা চাই আমাদের বলপূর্বক কিছু ব্যবস্থা না করতে হয়। আমি আশা করি অ্যামিকেবেল সেটেলমেন্টের মাধ্যমে হয়ে যাবে। এই যে কাজ হচ্ছে, এখানে সৌগতবাবু পঙ্কজবাবু আমাদের সহযোগিতা করছেন। আমি আশা করছি সমস্যার সমাধান করবেন। এই সমস্যার সমাধান হলে এই ব্রিজ হতে আর কোনও অসুবিধা হবে না। আমাদের ডিপার্টমেন্টাল অসুবিধা কিছু ছিল। সৌগতবাবু আমাদের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান, তিনি সব পুঙ্খানুপুঙ্খভাবে জানেন, তিনি আমাদের অফিসারদের নিয়ে বসেছেন, তাঁদের সঙ্গে আলোচনা করেছেন, প্রতিটি বিষয়ে খোঁজ-খবর রাখছেন। তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। লেক গার্ডেন্স এবং বন্ডেল গেট নিয়ে দীর্ঘদিন ধরে একটা সমস্যা ছিল, আপাতত এই সমস্যা দূর হয়েছে। এটা কার্যকরী করতে বেশি সময় লাগবে না, ২০০৩ সালের প্রথম দিকটা পর্যন্ত লাগবে। মার্চ ২০০৩ সালের আগেই হয়ে যেতে পারে। নর্থ-সাউথ করিডোর সম্পর্কে ডিটেলসটা পরে বলবো। দ্বিতীয় বিবেকানন্দ সেতু সম্বন্ধে বলি। সেটা হলো বিবেকানন্দ সেতু সম্পর্কে আপনারা জানেন যে বেলঘরিয়া

এক্সপ্রেসওয়ে হচ্ছে এই বেলঘরিয়া এক্সপ্রেসওয়ের সঙ্গে এই দ্বিতীয় বিবেকানন্দ সেতু প্রত্যক্ষভাবে জড়িত। বেলঘরিয়া এক্সপ্রেসওয়ে এবং বিবেকানন্দ সেতু হলে আমাদের এন এইচ-২ এবং এন এইচ-৬ এই দুটি রাস্তা সংযোগ করবে। দ্বিতীয় বিবেকানন্দ সেতু এন এইচ এ আই-কে দিয়ে দেওয়া হয়েছে এবং এই দ্বিতীয় বিবেকানন্দ সেতুর জন্য যে ল্যান্ড অ্যাক্যুইজিশন করার কথা, যে ল্যান্ড দেওয়ার কথা সেই ল্যান্ড আমরা অ্যাক্যুইজিশন করেছি। সমস্যা একটা জায়গায় আছে। সেটা হলো, বরাহনগর জুট মিলের যে জমি সেই জমির কর্তৃত্ব কার, সেই জমির মালিক কে সেটা নিয়ে একটু অসুবিধা রয়েছে। সেই জন্য সিদ্ধান্ত হয়নি, সেটা কোর্টের অধীনে আছে। আমরা টাকা দিতে রাজি আছি। কিন্তু যেহেতু এটা বিচারাধীন আছে, কেস হয়েছে, সেই জন্য একটু অসুবিধা হচ্ছে। না হলে বালির দিকে সমস্ত জমির অধিকার পেয়েছি, বাড়িগুলি ভাঙার জন্য টেন্ডার কল করেছি। বাড়ি ভাঙার পরে, বরাহনগরে কলিকাতার সাইডে অন্যান্য কারখানার জায়গা আছে আমাদের জার্ডিন্স কারখানা আছে সেই সমস্ত কারখানা টেকওভার করেছি। সেইগুলি আমরা ভেঙে দেব। একমাত্র বরাহনগর জুট মিলের যে জমি সেই জমির ব্যাপার নিয়ে কোর্টের বিচারাধীন আছে, এন এইচ এ আই এই ব্যাপারে জড়িত হয়েছে। আমি আশা করি এই কেস মিটে গেলে আর কোনও অসুবিধা হবে না। অনেকে বলেছেন ডালখোলা সম্পর্কে। ডালখোলার ব্যাপারে আপনারা জানেন যে এ ডি বি প্রোজেক্টের সঙ্গে কিছুটা যুক্ত। আজকে রায়গঞ্জের কাছাকাছি গিয়ে এ ডি বি শেষ করছে তারপর ডালখোলা কিসানগঞ্জ, যেটা মিসিং লিঙ্ক। এই মিসিং লিঙ্ক যে প্রোজেক্ট এই মিসিং লিঙ্কের নতুন প্রোজেক্ট করে এ ডি বি সেকেন্ড ফেজে তারা সেটা নেবে। কিভাবে এ ডি বি প্রোজেক্টে নেবে সেটা কেন্দ্রীয় সরকারের বিচারাধীন আছে। আমি বলতে পারি ডালখোলাকে বাইপাস করে আমরা একটা পরিকল্পনা দিয়েছি, ২৫ কোটি টাকার একটা স্কীম দিয়েছি। ডালখোলার ওখানে যে লেভেল ক্রসিং আছে, ওখানে ফ্লাইওভার হবে না।

[4.20—4.30 p.m.]

আর ও বি বাইপাশের ওপরে হবে। আমরা সেই প্রোজেক্ট দিয়েছি। এই যে মিসিং লিঙ্ক আছে এ ডি বি-র প্রোজেক্টে এটি হল এন এইচ ৩৪ এবং এন এইচ ৩১ যুক্ত হবে। বেঙ্গল টু বেঙ্গল সম্পর্কে বলেছেন, বেঙ্গল টু বেঙ্গল যে রাস্তা আছে সেটি গুণগত মানের নয়। সেটি কেন গুণগত মানের তৈরি হয়নি ? এই প্রশ্ন মাননীয় সদস্য করেছেন। এই বিষয়ে আগামীদিনে ভাবতে হবে, আমরা নিশ্চয়ই ভাবতে পারি। ডালখোলা বাইপাস ধরে এটাকে আমরা করার চেষ্টা করছি। বেঙ্গল টু বেঙ্গল নিয়ে আমরা আপাতত ভাবছি না। আর একটি কথা বলেছেন বারাসতের আর ও বি সম্পর্কে। এই ব্যাপারে আমরা রেলওয়ে কর্তৃপক্ষের কাছে স্কীম দিয়ে পাঠিয়েছি। এটি এখন তাদের অনুমোদন সাপেক্ষে আছে। তারা যদি অনুমোদন দেয়, তাহলে অন্যান্য প্রসেসিংয়ের কাজ আমরা করতে পারি। আমরা অনুমোদন এখনও পাইনি। খড়দহ সাব-ওয়ে সম্পর্কে বলেছেন নির্মলবাবু। খড়দহে আর ইউ বি—রোড আন্ডার ব্রীজ বলা আছে। আমি এটাকে সংশোধন করে নেওয়ার জন্য বলবো। পরবর্তীকালে আমাদের বিশেষজ্ঞ ইঞ্জিনীয়াররা দেখেছেন, আর ইউ বি না করে আর ও বি করার প্রয়োজন আছে। ওখানে আর ও বি হবে। তার জন্য যা করার দরকার তা আমরা

করছি। শক্তিগড়-পানাগড় সম্পর্কে বলেছেন। এটি এন এইচ এ আই-এর যে পরিকল্পনা আছে তার মধ্যে পড়ছে এবং যথাসময়েই এই কাজটি হবে। আপনারা সবাই এন এইচ এ আই-এর কাজটি হচ্ছে বলে প্রশংসা করেছেন। অনেকে এটিকে আমাদের স্টেটের কাজের সঙ্গে তুলনা করেছেন। ওদের কাজটি উচ্চমানের হচ্ছে বলে বলেছেন। ওদের প্রোজেক্টটি হচ্ছে ৪ হাজার কোটি টাকার। আর আমাদের ১০ বছরেও ৪ হাজার কোটি টাকার কাজ হয় না। স্বাভাবিকভাবে, এটি আপনাদের বুঝতে অসুবিধা হওয়ার নয়। ওদের যে প্রোজেক্ট আছে, সেটি সেই ভাবেই হবে। আমাদের হাডকো, নাবার্ডের যে কাজগুলো হচ্ছে, ভাল কাজ হচ্ছে বলে উল্লেখ করেছেন। আমরা সুদে টাকা ধার করে করছি। কাজ ভাল হচ্ছে। আমরা কেবলমাত্র বাজেটের ওপরে নির্ভর করে বা মানুষের ট্যাক্সের ওপরে নির্ভর করে করছি, কাজেই একটু তফাৎ নিশ্চয়ই থাকবে। আপনাদের এটি নিশ্চয়ই বিবেচনা করতে হবে। আর আই ডি এফ এবং পি এম জি এস ওয়াই, সম্পর্কে আমাদের মাননীয় সদস্য প্রশ্ন করেছেন, এটি কি আগের মতোই চলছে ? আর আই ডি এফ এবং পি এম জি এস ওয়াই, এই দুটি যোজনা নাবার্ডের, আমাদের জেলা পরিষদের মাধ্যমে কাজ হোত। তারা এটিতে কাজ করতেন। এখন সেখানে সরকার অন্যভাবে চিন্তা করছেন। তবে হ্যাঁ, জেলা পরিষদের নিশ্চয়ই অনুমতি লাগবে। তারা সিলেক্ট করে দেবেন কোনও কাজ হবে না হবে। আর আই ডি এফ এখন যে স্টেজে আছে—আর আই ডি এফ-৪ এবং ৫ পর্যন্ত আমাদের ছিল। আর আই ডি এফ-৫ এবং—৬ জেলা পরিষদ করেছে। এখনও কিছুটা বাকি আছে। আর আই ডি এফ-৭-এর টেন্ডার করেছে। কিছু বাকি আছে। সরকার নীতি ঠিক করেছে, যেগুলোর টেন্ডার হয়নি, আর আই ডি এফ-৬ এবং ৭-এর, সেগুলো পি ডব্লু ডি করবে। নিশ্চয় জেলা পরিষদের সঙ্গে যোগাযোগ রেখেই কাজ করা হবে। আর আই ডি এফ ফোর পর্যন্ত যে তালিকা ছিল সেটা দিয়েছি, তার সব কমপ্লিট হয়ে গেছে, কোনও রাস্তাই বাকী নেই। আর আই ডি এফ-৬ এবং ৭-এ কত রাস্তা টোটাল গ্রহণ করা হবে সেটা পরবর্তী সময়ে বলবো। এতে কিছুটা জেলা পরিষদ করবে এবং কিছুটা পি ডব্লু ডি করবে। তাহলেই আপনারা বুঝবেন আমরা রাস্তার ইনফ্রাস্ট্রাকচারের দিকে কতটা নজর দিয়েছি। কিভাবে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের দিকে নজর দিয়েছি। আমার মনে হয় তাহলে যে অভিযোগ বারে বারে করেছেন সেই ভুলটা বুঝবেন। তারপরে কাশীনাথ মিশ্র মহাশয় বাঁকুড়া এবং পুরুলিয়া সম্পর্কে বলেছেন। বাঁকুড়াতে আপনি জানবেন, খোঁজ নেবেন আর আই ডি এফ, নাবার্ড-এর উপর তিনটি ব্রিজের পরিকল্পনা নেওয়া হয়েছে। পুরুলিয়ার সঙ্গে কানেকটিভ দিশেরগড় ব্রিজটির ইনোগোরেট শীঘ্রই হতে যাচ্ছে। আই ডি এফ-৭-এর যে তালিকা সেটা আলাদা রয়েছে। লিস্ট দিই নি কারণ আর আই ডি এফ ফোর পর্যন্ত আমাদের হাতে ছিল। আপনার ইনফরমেশানের জন্য তথ্যটা আপনাকে দিচ্ছি।

(ভয়েস : প্রাইম মিনিষ্টার সড়ক যোজনার ব্যাপারটা বলুন।)

ওটা রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের ব্যাপার, আমাকে জিজ্ঞাসা করে লাভ নেই, ওদের জিজ্ঞাসা করুন। ওটা আমাদের মধ্যে ছিল না।· ব্রিজ সংক্রান্ত প্যারা ১২ অ্যানেকসার 'এ'-তে যে রিপোর্ট আমরা এটার পরে দিয়েছি ফেব্রুয়ারি মাসের রিপোর্ট, সেখানে আছে। আরও ৭টি ব্রিজের কাজ শেষ হয়ে গেছে এই চার মাসের মধ্যে। বর্তমান আর্থিক বছরের

মধ্যে আরও ২৩টি ব্রিজ কমপ্লিট করবো, সুতরাং মোট ৩০টি ব্রিজ কমপ্লিট হবে। অন্য ব্রিজগুলো পরবর্তী আর্থিক বছরের মধ্যে হবে। ইছামতী ব্রিজ সম্পর্কে আগেই বলছি। একটা অনুরোধ করবো যে ব্রিজের তালিকা থেকে ৪৯ নং বাদ দেবেন।

**মি. স্পিকার** : আমি সভার অনুমতি নিয়ে আরও আধ ঘণ্টা সময় বাড়িয়ে দিলাম।

(এই সময়ে আরও আধ ঘণ্টা সময় বাড়ানো হল।)

**শ্রী অমল চৌধুরী** : এখানে যেটা বলবার চেষ্টা করেছিলাম আমার রিপোর্টের মধ্যে, সেটা সংশোধন করে নেবেন। ব্রিজের তালিকা থেকে ৪৯ নং টা বাদ দেবেন। সেখানে ইংলিশ ব্রিজ চালু করা হয়েছে। এই হচ্ছে ব্রিজের কথা বললাম আর আই ডি এফ নাবার্ডের। আর আই ডি এফ দুই থেকে ফোর পর্যন্ত কমপ্লিট হয়ে গেছে আগেই বলেছি। অ্যানেকসার 'বি'-তে ৩৮টি রাস্তা কমপ্লিট হয়ে গেছে।

[4.30—4.40 p.m.]

অনুমোদিত নাবার্ড প্রকল্প অর্থাৎ আর আই ডি এফ ৬ এবং ৭ সম্বন্ধে যেটা বলছিলেন, আর আই ডি এফ ৬তে ১১২টি রাস্তা এবং আর আই ডি এফ-৭তে ৭৭টি রাস্তা অনুমোদিত হয়েছে, তার জন্য মোট অর্থের পরিমাণ ৫৬৭ কোটি ৭৬ লক্ষ ৮৮ হাজার টাকা অর্থাৎ মোট ১৮৯টি রাস্তা আর আই ডি এফ ৬ এবং ৭তে। এইগুলি আশা করি আপনারা এক বছরের মধ্যে উপহার পেতে পারেন। এক বছরের মধ্যে অর্থাৎ ২০০৩ সালের মধ্যে আশা করি পেয়ে যাবেন। এইগুলি আমাদের পরিকল্পনার কথা বলছি। আমি এবারে, প্যারা ১৩ এবং ১৩.১-এর উপর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এটা হচ্ছে হাডকো ফেজ ওয়ানে যে ৭টি রাস্তার তালিকা দিয়েছি সেটা কমপ্লিট, হাডকো ফেজ টুতে যে ২৫টি রাস্তার কথা বলা হয়েছে এটায় ১৫টি রাস্তা সম্পূর্ণ, বাকি রাস্তা ডিসেম্বর, ২০০২ সালের মধ্যে শেষ হবে জেনে রাখুন। এবারে আপনাদের একটা কথা বলছি, সেটা হল, এছাড়াও আমাদের সি আর এফ অর্থাৎ কেন্দ্রীয় সরকার পেট্রোল-এর উপর যে সেস ধার্য করেন, এটা সাধারণ মানুষের টাকা, আপনাদের টাকা, এই টাকায় পশ্চিমবঙ্গে ৭টি রাস্তা হচ্ছে, এটা প্রায় কমপ্লিট হয়ে যাচ্ছে। আর এর পরে যশোর রোড, প্যারাগ্রাফ ১৭টা দেখুন, সেখানে যশোর রোডটা ধরা ছিল না, যশোর রোড-এর ওয়ার্ক অর্ডার দেওয়া হয়ে গেছে। এই যে আপনারা এজেন্সি নিয়োগ সম্পর্কে কিছু প্রশ্ন তুলেছেন, এখানে যে পদ্ধতিতে এজেন্সি নিয়োগ হয়, এই যশোর রোডের ক্ষেত্রে বলছি, সেখানে আমরা সমস্ত ক্ষেত্রে প্রি-কোয়ালিফিকেশান আগে আমরা করে নিই, করে নিয়ে কাজটা সেখানে করা হয়। আপনারা জেনে রাখুন, সেখানে ৫০ জনের মতো তারা টেন্ডার কিনেছিলেন, ৩৮ জনের মতন তারা সাবমিট করেছিলেন, সেখানে প্রি-কোয়ালিফাই হয়েছে ১২ জন, টেন্ডার অ্যাটেন্ড করেছে ৭ জন, কিংবা ১২ জন হতে পারে, এটা ভুলও হতে পারে, সেই ১২ জনের মধ্যে প্রি-কোয়ালিফাই যেটা হয়েছে সেটা আমাদের টেকনিক্যাল অফিসাররা ছিল, সেখানে ফিনান্সিয়াল কন্ডিশান দেখার জন্য চাটার্ড অ্যাকাউন্টেন্ট দিয়েছিলাম। সুতরাং এইভাবে আমরা এজেন্সিকে স্ক্রুটিনাইজ করে কাজ করাতে চাই।

সুতরাং এর ফলে নিশ্চিতভাবে বলা যেতে পারে যে, আমাদের কাজের মান যেমন বাড়বে, তেমনি কাজের গতিও বাড়বে, এই সম্বন্ধে কোনও সন্দেহ নেই, কারণ আধুনিক যন্ত্রপাতির সাহায্যেই কাজ হবে।

এবারে আমি আপনাদের দৃষ্টি ন্যাশানাল হাইওয়ের দিকে আনছি। আপনারা জানেন জাতীয় সড়ক করার দায়িত্ব আমাদের উপর থাকে এবং আমাদের আগে কাজ করতে হয় পরে রি-ইম্বার্সমেন্ট হয় এবং প্রতি পদে পদে আমাদের অ্যাপ্রুভাল নিতে হয়। সমস্যাটা হয়, যখন কাজ করতে করতে কস্ট এসক্যালেশন হয় এবং রিভাইজড এস্টিমেট করতে হয়। সেই টাকাটা না দিলে আমাদের খুব অসুবিধা হয় কাজের ক্ষেত্রে। এইভাবে আমাদের প্রায় ১০০ কোটি টাকা ২০০১ সাল পর্যন্ত বাকি পড়ে আছে। আমরা আশা করি তারা সেটা বিবেচনা করবেন এবং কাজের সঙ্গে সঙ্গতি রাখতে হলে এই বাধাগুলো তাদের দূর করতে হবে। আমাদের অফিসাররা তাদের সঙ্গে এম ও এস টি-র অফিসারদের সঙ্গে কথা বলেছেন। আশা করি তারা এটা বিবেচনা করবেন এবং যে টাকাটা দিতে এতদিন অস্বীকার করেছিল সেটা দিয়ে দেবে।

একজন মাননীয় সদস্য ন্যাশানাল হাইওয়ে সম্বন্ধে জানতে চেয়েছেন, আমাদের ১৯৭০ কিলোমিটার ন্যাশানাল হাইওয়ে আছে। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, এইটথ্ ফাইভ ইয়ার প্ল্যান পর্যন্ত আমাদের ছিল ১৯০৫ কিলোমিটার রাস্তা, উড়িষ্যার ছিল ১৫৮৯ কিলোমিটার এবং বিহার-ঝাড়খন্ড নিয়ে ছিল ২২১৮ কিলোমিটার রাস্তা। আশ্চর্যের ব্যাপার, নাইনথ্ ফাইভ ইয়ার প্ল্যানের ৫ বছরের মধ্যে উড়িষ্যাতে যোগ হয়েছে ১৬০০ কিলোমিটার রাস্তা, বিহারে যোগ হয়েছে ২৮০০ কিলোমিটার রাস্তা, আর পশ্চিমবঙ্গে যোগ হয়েছে মাত্র ৬৫ কিলোমিটার রাস্তা। নবম পরিকল্পনার শেষে উড়িষ্যাতে হয়েছে ৩১৮৯ কিলোমিটার, বিহারে হয়েছে ৫০১৮ কিলোমিটার এবং আমাদের পশ্চিমবঙ্গে হল ১৯৭০ কিলোমিটার। আজকে এর কৈফিয়ত আপনারা নেবেন না ? আমরা কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, নেগোশিয়েট করেছি, তারা বলেছিল দশম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে ন্যাশানাল হাইওয়ে দিচ্ছে না।

[4.40—4.50 p.m.]

নাইনথ ফাইভ ইয়ার প্ল্যানে আমাদের ডিপ্রাইভ করেছে। বঞ্চনা করেছে। তার জন্য টেনথ ফাইভ ইয়ার প্ল্যানে তাদের কাছে প্রায় আরও এক হাজার ২০০ কিলোমিটারের মতো পশ্চিমবঙ্গকে দিতে হবে। এর জন্য আপনারা দাবি করবেন না ? এই জন্য আপনারা আন্দোলন করবেন না ? বলবেন না এই পরিস্থিতির জন্য দায়ি কে ? এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমার সরকার কাজ করছে। আমি আশা করব আপনারা আমাকে সমর্থন করবেন, কারণ এখানে যেভাবে কাজ করার চেষ্টা করছি এবং কারোর বাড়ির কাছে রাস্তা হল কি হল না, এটাকে বেশি গুরুত্ব দেবেন না। কারণ স্বাভাবিকভাবেই আমরা এই কাজগুলি করে যাচ্ছি এবং আর আই ডি এফ সেভেনে অনেক রাস্তা করে যাচ্ছি। আর আই ডি এফ, নাবার্ড এই যে কিছু রাস্তা আসবে, পরিকল্পনাভাবে চলছে, নিশ্চয় সীমিত ক্ষমতার মধ্যে সেটা আমাদের দেখতে হবে। আমাদের বিবেচনা করতে হবে। আপনাদেরও করতে হবে। আমি আশা করি আপনারা সবাই আমার বাজেটের সম্পূর্ণভাবে সহমত হয়ে গ্রহণ করবেন এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

**Demand No. 25**

The motions that the Amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 580,04,06,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: "2059—Public Works, 2205—Art and Culture (Buildings), 2216—Housing (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical & Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4425—Capital Outlay on Co-operation (Buildings) and 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 193,34,68,000 already voted on account in March, 2002.)

was then put and agreed to.

**Demand No. 79**

The motions that the Amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 857,43,18,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads: "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges" during the year 2002-2003.

(This is inclusive of a total sum of Rs. 285,81,06,000 already voted on account in March, 2002.)

was then put and agreed to.

## Discussion And Voting on Demand For Grants

### Demand No. 41

**Mr. Speaker** : Now discussions under Demand No. 41.

There are 20 cut motions to Demand No. 41. All the motions are in order.

Shri Abdul Mannan (cut motions 1-2)
Shri Jyoti Priya Mallick (cut motion 3)
Shri Gobinda Chandra Naskar (cut motions 4-5)
Shri Subrata Bakshi (cut motion 6)
Shri Dipak Kumar Ghosh (cut motion 7)
Dr. Asish Banerjee (cut motion 8)
Shri Subrata Mukherjee (cut motion 9)
Shri Kashinath Mishra (cut motions 10-11)
Shri Manturam Pakhira (cut motion 12)
Shri Kalipada Mandal (cut motion 13)
Shri Kamal Mukherjee (cut motion 14)
Shri Ashok Kumar Deb (cut motion 15)
Dr. Saumen Kumar Mahapatra (cut motion 16)
Shri Pankaj Banerjee (cut motion 17)
Shir Moloy Ghatak (cut motions 18-20)

— Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার মিনিস্টার শ্রী উপেন কিসকু মহাশয় এবং শ্রীমতী বিলাসীবালা সহিস ৪১ নম্বর দাবিতে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশন সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে আজকে বামফ্রন্টের ২৫ বছরের অপশাসনে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, বিনা নিপীড়িত, বঞ্চিত হয়েছে এই তফশিলী জাতি, উপজাতি সম্প্রদায়ের মানুষেরা। আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন মেদিনীপুরের কেশপুর, সবং, পিংলা, গড়বেতা হুগলির গোঘাট, খানাকুল, আরামবাগ, বীরভূমের নানুর, বাঁকুড়ার সোনামুখী বিভিন্ন জেলাতে এই এস সি এস টি সম্প্রদায়ের মানুষ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত, নিপীড়িত হয়েছে। সবদিক থেকে নিগৃহীত। খুন, জখম, রাহাজানি, ধর্ষণ এই সমস্ত মানুষগুলোর ওপরেই চলেছে সব থেকে বেশি। এই সমস্ত অত্যাচারের শিকার হয়েছে এই সব সম্প্রদায়ের মানুষেরা। আর সি পি এমের তল্পিবাহক পুলিশ তাদের হাতে নিয়ে আপনারা সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছেন। সবদিক থেকেই এই সম্প্রদায়ের মানুষগুলো বঞ্চিত হচ্ছে। বামফ্রন্ট সরকারের অপশাসনে আজকে এস সি, এস টি ও বি সি সম্প্রদায়ের মানুষগুলো আর্থিক দিক থেকেও বঞ্চিত হয়েছে। গৃহ নির্মাণ, লোকদ্বীপ প্রকল্প বেকার যুবকদের কর্মসংস্থান প্রকল্প, কাজের বিনিময়ে খাদ্যের প্রকল্প এতে কোটি কোটি টাকা এসেছে। সেগুলো সময়মতো ব্যয় না করার জন্য বহু ক্ষেত্রে সেই টাকা ফেরত চলে

গেছে। তার হিসাব আপনারা দিতে পারেননি। তাই আমার দাবি এই অর্থের অপব্যবহার বন্ধ হওয়া উচিত। এই অপব্যবহার বন্ধ করতে হবে। কেন্দ্রীয় সরকারের অর্থের সঠিক হিসাব দিতে হবে এই আমাদের দাবি। মাননীয় মন্ত্রীমহাশয়, আপনি জানেন যে আজকে ৭৬ সালে যে আইন পাশ হয়েছিল তফসিলী জাতিভুক্ত মানুষদের উন্নয়নের জন্য ফিনানসিয়াল করপোরেশন গঠন হয়েছিল, এস টিদের জন্য ল্যাম্পস আর ৯৫ সালে ও বি সিদের জন্য বিত্তনিগম তৈরি হয়েছিল। কিন্তু আজকে আমরা কি দেখতে পাচ্ছি যে এই সমস্ত সম্প্রদায়ের গরীব মানুষদের জন্য নাম মাত্র ৬ পার্সেন্ট সুদে অর্থ বিনিয়োগ করে আর্থিক দিক থেকে সহায়তা পেয়ে স্বনির্ভরশীল হতে পারে। কিন্তু এই বিত্তনিগমের অর্থগুলো কি হচ্ছে ? বছরের পর বছর ধরে ডিপার্টমেন্টে পড়ে থাকছে। আর ৮ পার্সেন্ট, ৯ পার্সেন্ট সুদে অর্থ উপায় করছে। এই প্রকল্পের যে প্রকৃত উদ্দেশ্য তা ব্যাহত হচ্ছে। আজকে তফসিলী জাতিদের জন্য যে ল্যাম্পসগুলো আছে তার সংখ্যা হচ্ছে ১২১। এইগুলোতে যোগ্য প্রশাসক, অফিসার নেই, স্টাফ নেই ১৫/১৬টা টিমটিম করে চলছে। আপনার কাছে অনুরোধ আপনি এইগুলো দেখুন, লক্ষ্য রাখুন এবং যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করুন। আজকে তফসিলী সম্প্রদায়ের সার্টিফিকেট বছরের পর বছর দেওয়া হয় না। আজকে এরা বছরের পর বছর ধরে সার্টিফিকেট পাচ্ছে না বলে যোগ্য প্রার্থীরা সংরক্ষিত পদে অ্যাপ্লাই করতে না পারার জন্য বঞ্চিত হচ্ছে।

[4.50—5.00 p.m.]

আজকে অ্যাপয়েন্টমেন্ট এবং প্রোমোশানের ক্ষেত্রে এস সি প্রার্থীরা বঞ্চিত হচ্ছে। ১৯৭৬ সালে কর্মে নিয়োগ এবং প্রোমোশানের ব্যাপারে যে সংরক্ষণ পলিসি ছিল সেটা ঠিকমতো বাস্তবে রূপায়িত হচ্ছে না। এখানে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার একটা সার্কুলার দিয়েছে "Notwithstanding anything contained in the foregoing provisions of this rules, if a candidate belonging to Scheduled Caste or Scheduled Tribe is promoted to an immediate higher post or grade against a reserved vacancy either then his senior General or Other Backward Classes candidate and said General or Other Backward Classes candidate is promoted later to the said higher post or grade the General or Other Backward Classes candidate shall remain his seniority in the immediate higher post or grade over the said Scheduled Caste or Scheduled Tribes candidate promoted earlier to the said immediate higher post or grade."—By order of the Governor, Sd/- B. K. saha, Joint Secy. to the Government of West Bengal, Finance Department. কেন্দ্রীয় সরকার থেকে অ্যাক্ট অ্যামেন্ডমেন্ড হওয়ার পর ফিনান্স ডিপার্টমেন্ট থেকে অর্ডার দেওয়া হয়েছে প্রোমোশান এবং সিনিয়রিটির ক্ষেত্রে। অ্যাক্ট অ্যামেন্ড হয়েছে The position was reviewed subsequently to the judgement of the Supreme Court dated 10.10.95 in the case of Union of India Vs. Virpal Singh Chauhan etc. সেখানে

কি বলছে Therefore, in pursuance of the aforementioned Constitution (Eighty-fifth) Amendment Act, 2001, it has been decided to withdraw with effect from 30.01.97. যেখানে অ্যাক্ট অ্যামেন্ড হয়েছে প্রোমোশান ও সিনিয়রিটির ক্ষেত্রে সেখানে সেই গতানুগতিক চিঠি দিলেন প্রিন্সিপাল সেক্রেটারি, সেখানে বলছে The matter is being taken up separately with the Finance Deptt. for amendment of the West Bengal Services (Determination of seniority) Rules, 1981 in the light of the Govt. of India's order referred to above. I am also request you to circulate the Govt. of India's order to all appointing authorities under your control of information and guidance....Rule 81 may be kept in abeyance. এই গতানুগতিক চিঠি দেওয়া হলো, ফলে কেউ এর গুরুত্ব দিচ্ছে না। যারা প্রোমোশান পাচ্ছে তারা সিনিয়রিটি পাচ্ছে না। প্রোমোশানের ক্ষেত্রেও বিভিন্ন সমস্যা, ফাইল উঠে ৬ মাস পড়ে আছে। কেন এটাকে কেপ্ট ইন অ্যাবেন্স করে ফেলে রাখা হলো। আপনি নিজে আদিবাসী সম্প্রদায়ের মানুষ আপনি যদি এটা না দেখেন, তাহলে কি হবে। সেদিন মাননীয় শিক্ষামন্ত্রী এখানে পরিষ্কার করে বললেন ৮০০ জন অধ্যাপকের মধ্যে ৬০০ পদ শূন্য আছে, তফশিলি জাতি ও উপজাতি থেকে যোগ্য প্রার্থী পাওয়া যাচ্ছে না বলে। আমি বলছি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কমিটি করা হোক, যার চেয়ারম্যান হবেন আপনি এবং অন্যান্য সদস্যরাও থাকবেন। যোগ্য প্রার্থী থাকা সত্ত্বেও কায়দা করে এই সমস্ত ক্যান্টিডেটের জায়গায় ডি এমের চিঠি দিয়ে সংরক্ষণ বন্ধ করে দিয়ে সেখানে জেনারেল কাস্টের এবং হায়ার কাস্টের ছেলেদের সুযোগ করে দেওয়া হচ্ছে। আজকে এদের স্কুলের ক্ষেত্রে ম্যাচিং গ্রান্ট বাড়ানো দরকার। আজকে শিক্ষা দপ্তরে তফসিলি জাতি ও উপজাতিদের আসন সংরক্ষণ বন্ধ করে দেওয়ার ব্যবস্থা হচ্ছে। আপনার কাছে অনুরোধ এই নিয়োগ সংক্রান্ত কমিটিতে রিজার্ভিশানটাকে ডিরিজার্ভিশান করে দেওয়া হচ্ছে। এবং সেখানে কন্ট্রাক্ট বেসিসে পোস্টটাকে ফিল-আপ করা হচ্ছে। আদিবাসীদের জন্য আজকে যে হোস্টেল গ্রান্ট, বুক গ্রান্ট এটার পরিমাণটা বাড়ানো দরকার তার জন্য আপনাকে অনুরোধ করছি। আদিবাসী এলাকায় যাতে রাস্তাঘাট, কালভার্ট ঠিকমতো করা হয় তার জন্য আপনাকে অনুরোধ করছি। এদের হোস্টেলে কোন বাউন্ডারি ওয়াল নেই, বিল্ডিংয়ে জল পড়ে, ভাড়া অবস্থায় রয়েছে এগুলি দেখা দরকার। আদিবাসীরা যে কেন্দুপাতা সংগ্রহ করে তার মূল্য বাড়ানোর দরকার। ও বি সিদের ব্যাপারে ১৭৭টা মন্ডল কমিশনে ছিল তার মধ্যে মাত্র ৬০টাকে অ্যাকসেপ্ট করা হয়েছে। তিনি, সদগোপ, মাহিষ্য, সাহা এরা যাতে ও বি সিদের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে তার জন্য আপনাকে অনুরোধ করবো। আরেকটা কথা ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার কমিটির মিটিং একদমই হয় না এটা একটু দেখবেন। এই কথা বলে আজকের বাজেটের বিরোধীতা করে এবং আমাদের ছাঁটাই প্রস্তাবগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শম্ভুনাথ মান্ডি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ রেখেছেন তাকে আমি সমর্থন করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় ডেপুটি

স্পিকার মহাশয়, যে অংশের মানুষের জন্য এই ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে সেটা আলোচনার আগে অপ্রিয় সত্য কথা বলতে বাধ্য হচ্ছি। আমাদের এখানে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার আগে ঐ সব অংশের মানুষদের এরা ছোটলোক বলতো, তারা কোন সম্মান, মর্যাদা পেত না, মাথা তুলে কথা বলার সাহস পেত না। কিন্তু এই সরকার আসার পর তারা সম্মান এবং মর্যাদা পাচ্ছেন। যারা চিরদিন ওদেরকে নমস্কার করত আজকে সময় এসেছে, তাদের বেলা এসেছে ওদের নমস্কার দেবার জন্য। তাই আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায়—কোথাও সভাধিপতি, সভাপতি, হচ্ছেন। কিসকু, মুর্মু, মান্ডি, সহিস থেকে। আমাদের এই অবস্থাটা এখানে বসে বোঝা যাবে না। ওদের অনুরোধ করব ভারতবর্ষের আরও ২৭টা রাজ্য আছে সেখানে গিয়ে দেখুন, ফারাক বোঝা যাবে, এখানে কেমন আছেন এঁরা। তফসিলি জাতি এবং উপজাতি বলা হয় কতগুলো বৈশিষ্ট্য থাকার জন্য। মূলত যারা অর্থনৈতিক দিক থেকে, শিক্ষা-সংস্কৃতির দিক থেকে পিছিয়ে আছেন তাদেরকে তফসিলি জাতীয় উপজাতি বলে চিহ্নিত করা হয়েছে। আজকে প্রত্যেক ক্ষেত্রে কি করতে হবে তা পরিষ্কারভাবে ফুটে উঠেছে এবং প্রতিফলিত হয়েছে। ধরুন অর্থনৈতিক ক্ষেত্রে। বইটা আপনারা পড়ে দেখেছেন কিনা জানিনা। ৪৯ হেডে উন্নয়নমূলক কাজের জন্য বিভিন্ন দপ্তরের মাধ্যমে কাজ করার জন্য ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে। আপনারা জানেন, শুধু বিভিন্ন দপ্তর নয়, নিজস্ব দপ্তরের মাধ্যমেও সিড্যুইল কাস্ট, তফসিলিদের স্বনির্ভরশীল করে, যাতে মানুষের মত জীবন-জীবিকা নির্বাহ করতে পারে তার জন্য এস সি/এস টি ফিনান্সিয়াল কর্পোরেশন, ও বি সি ফিনান্সিয়াল কর্পোরেশন, তার মাধ্যমে লোন ও অনুদান দেওয়ার ব্যবস্থা আছে। কিছুক্ষণ আগে নির্মল দাদা বললেন অনেক কথা। আজকে এই সম্প্রদায়ের যে সব লোকেরা বিভিন্ন পেশাতে নিযুক্ত রয়েছে বা যুক্ত হচ্ছে তাদের সাহায্যের জন্য টি ডি সি হয়েছে এবং 'ল্যাম্পস'-র মাধ্যমে ব্যবস্থা নেওয়া হচ্ছে। যারা কেন্দুপাতা, শালপাতা, বাবুই দড়ি ইত্যাদির মাধ্যমে জীবিকা নির্বাহ করত তাদের আজকে মহাজনের হাত থেকে রক্ষা করবার জন্য 'ল্যাম্পস' কাজ করে চলেছে।

এবারে আমি শিক্ষা ক্ষেত্রে আসছি। আমরা দেখছি এই সম্প্রদায়ের ছেলে-মেয়েদের শিক্ষার জন্য বিভিন্ন জেলায় কেন্দ্রীয় ছাত্রাবাস, ছাত্রাবাস, আশ্রম ছাত্রাবাস, আবাসিক বিদ্যালয় হচ্ছে। হোস্টেলের ক্ষেত্রে দেখবেন যেখানে মাসে ৩০০ টাকা বেতন ছিল সেখানে ৪০০ টাকা করা হয়েছে। এর ফলে কতজন ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে, না, সেখানে এর ফলে ৭০ হাজার ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে। আবার, যারা বাড়ি থেকে স্কুলে যাতায়াত করে, ৫-ম থেকে ১০-ম শ্রেণি পর্যন্ত, তাদের মেন্টেনেন্সের জন্য বছরে ৪৮০ টাকা দেওয়া হচ্ছে এবং এর ফলে ২ লক্ষ ৭ হাজার ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি অবাক হয়ে যাবেন সিড্যুইল কাস্টের লিটারেসি রেট শুনলে। পরিসংখ্যানটা আমি দিচ্ছি। আমাদের রাজ্যে ১৯৭১ সালে ছেলেদের ক্ষেত্রে ২৫.৭৮ শতাংশ এবং মেয়েদের ক্ষেত্রে ৯.১৮ শতাংশ লিটারেট ছিল

[5.00—5.10 p.m.]

১৯৮১ সালে টোটাল ছিল ২৪.৩৭, তার মধ্যে মেল্ ছিল ৩৪.২৬, ফিমেল্ ছিল ১৩.৭০, ১৯৯১ সালে টোটাল ছিল ৪২.২১, তার মধ্যে মেল্ ছিল ৫৪.৫৫, ফিমেল্ ছিল

২৮.৪৭, সেখানে আদিবাসীদের ক্ষেত্রে ১৯৭১ সালে টোটাল ছিল ৮.৯১, তার মধ্যে মেল্ ছিল ১৪.৪৯, ফিমেল্ ছিল ৩.০৯, ১৯৮১ সালে টোটাল ছিল ১৩.২১, তার মধ্যে মেল্ ছিল ২১.১৬, ফিমেল ছিল ৫.০১, ১৯৯১ সালে টোটাল ছিল ২৯.৭৮, তার মধ্যে মেল্ ছিল ৪০.৭, ফিমেল্ ছিল ১৪.০৯, ২০০১ সালের যে রিপোর্ট সেটা এখনও আমি সংগ্রহ করতে পারিনি, কিন্তু এটা নিশ্চয়ই বুঝতে পারবেন যে, সেই রিপোর্টে দেখা যাবে যে, এই সংখ্যাটা কি হারে বেড়েছে। সামাজিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রে আপনারা হয়তো অবাক হবেন যে, ডাঃ আম্বেদকর, সিধু-কানু, বীরসামুণ্ডা, পণ্ডিত রঘুনাথ মুর্মু, সাধু রামচন্দ্র—এঁদের কি সম্মান আমরা দিচ্ছি এবং জাতীয় স্তরে তাঁরা যাতে সম্মান পান সেই চেষ্টা আমরা করছি। এঁদের নামাঙ্কিত বিভিন্ন ছোট-বড় রাস্তা, ব্রিজ, হল, স্টেডিয়াম এখানে তৈরি হয়েছে এবং হচ্ছে। এসপ্ল্যানেড ইস্টকে অনেকদিন আগে সিধু-কানু-ডহর নামাঙ্কিত করা হয়েছে। আগে ওসব জিনিস ছিল না। নাচ, গান, বিভিন্ন গাঁথা ইত্যাদি ক্ষেত্রে আদিবাসীদের উৎসাহ দেওয়া হচ্ছে, সরকার পক্ষ থেকে চেষ্টা করা হচ্ছে। এর সঙ্গে একটা সাজেশন আমি দিতে পারি, এটা আপনি বিবেচনা করে দেখবেন—এখানে যেমন গঙ্গাসাগর মেলা হয়, লক্ষ লক্ষ লোক আসে, তেমনি বীনপুর বিধানসভা কেন্দ্রের হরগোদায় ট্রাইবাল মেলা হয়, এই মেলাতে সারা ভারতবর্ষ থেকে লক্ষ লক্ষ লোক আসে, সেখানে নানা অনুষ্ঠান হয়, এরজন্য সেখানে যদি কোন অনুদান দেওয়া হয় তাহলে ভাল হয়। এছাড়া ডিস্ট্রিক্ট লেভেলে, স্টেট লেভেলে বিভিন্ন ধরনের খেলাধূলার ক্ষেত্রে যদি ট্রাইবালদের উৎসাহ দেওয়া হয় যাতে তাদের শরীর, স্বাস্থ্য, সংযমের ক্ষেত্রে উন্নতি ঘটবে—এগুলোর দিকে নজর দিলে ভাল হয়। রামের ধনুকের মত যারা ছিলা টানতে পারে সেই তিরন্দাজরা অলিম্পিকে চান্স পায় না, এই তো হচ্ছে অবস্থা। স্যার, ফুটবলের ওয়ার্ল্ড কাপ হচ্ছে, আমরা দেখতে পাচ্ছি, ডায়মন্ড, ব্ল্যাক হর্স, সেনেগাল, নাইজেরিয়া, ক্যামেরুনের খেলোয়াড়দের, দেখতে পাচ্ছি কি স্কিল, কি স্পোর্টসম্যানশিপ স্পিরিট। কিন্তু যখন টি ভি দেখি তখন সমর্থক খুঁজে পাই না, দর্শকদের মধ্যেও সমর্থক খুঁজে পাই না, গতকাল একটা গোল্ডেন গোল দেওয়ার ফলে আজকে খবরের কাগজের ফার্স্ট পেজে ছবি দেখতে পাচ্ছি। কাজেই অত্যন্ত দুঃখ হয়। আজকে যে সব মানুষগুলোর জন্য ব্যয়বরাদ্দ হয়েছে, আমি আপনাদের সাহায্য চাইছি যাতে সঠিকভাবে সেটা তাদের কাছে পৌঁছে যায়—এই অনুরোধ আমি রাখছি। এবং এটাও আমি অনুরোধ করছি যে, সাঁওতালি ভাষা নিয়ে আমরা অনেকবার কেন্দ্রীয় সরকারের কাছে ডেপুটেশন দিয়েছি যাতে সাঁওতালি ভাষাকে অষ্টম তফসিলের অন্তর্ভুক্ত করা হয়, দয়া করে আপনারাও সাঁওতালি ভাষাকে অষ্টম তফসিলের অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারকে বলবেন। সাঁওতালি ভাষা অষ্টম তফসিলের অন্তর্ভুক্ত হলে আদিবাসীরা মাতৃভাষায় লেখাপড়া করতে পারবে। এই কথা বলে আপনাকে আরও একবার অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং বিরোধীদের আনীত কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পবনকুমার লাকড়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত কাট-মোশানকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে আদিবাসী

মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম ছাড়াও উত্তরবঙ্গের বিস্তীর্ণ চা-বাগানে বনবস্তি এলাকায় বসবাস করেন। এই আদিবাসী সম্প্রদায়কে, এদের আগামী প্রজন্মকে যদি আমরা বাঁচাতে চাই তাহলে প্রথমে দরকার শিক্ষা। শিক্ষা থেকে বিশেষ করে উত্তরবঙ্গের আদিবাসী মানুষদের বঞ্চিত করে রেখেছেন। কেননা এ এলাকার আদিবাসীরা নিজেদের মাতৃভাষার পরেই হিন্দিকে স্থান দেয়। আমাদের উত্তরবঙ্গের চা-বাগানগুলোয় প্রাথমিক শিক্ষার যে ব্যবস্থা আছে তাতে হিন্দি শিক্ষার কোনও পরিকাঠামো নেই। প্রকৃত অর্থে প্রাথমিক শিক্ষার কোন পরিকাঠামোই নেই। যে দু'একটি প্রাথমিক বিদ্যালয় আছে তাতে একজন কি দু'জন শিক্ষক আছেন। অথচ এক একটা বিদ্যালয় ৫০০ থেকে ১০০০ ছাত্রছাত্রী আছে। কোনও কোনও বিদ্যালয়ের গৃহ পর্যন্ত নেই। এই বিদ্যালয়গুলোয় হিন্দি ভাষার মাধ্যমে শিক্ষা চালু করা প্রয়োজন। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এসব এলাকার ছাত্রছাত্রীরা মাধ্যমিক শিক্ষা থেকে সম্পূর্ণভাবে বঞ্চিত হচ্ছে। রাজনৈতিক কারণে বা অন্য কারণে ওখানে হিন্দি ভাষায় শিক্ষা দেবার জন্য রাজ্য সরকার কোনও শিক্ষক পাঠাচ্ছে না। ওখানে বাংলা অথবা নেপালী ভাষার শিক্ষক নিয়োগ করা হচ্ছে। প্রাথমিক শিক্ষা শেষ করে যদি কোন আদিবাসী ছাত্র বা ছাত্রী মাধ্যমিক শিক্ষা গ্রহণ করতে চায় তাহলে তাকে হিন্দি ভাষায় শিক্ষালাভের কোনও সুযোগ দেওয়া হচ্ছে না। যে কয়েকটি মাধ্যমিক বিদ্যালয় আছে সেগুলিতে ২/৩ হাজার ছাত্রছাত্রী লেখাপড়া করছে, কিন্তু শিক্ষকের অভাবে, স্থানের অভাবে তারা উপযুক্ত শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। আমি দাবি জানাচ্ছি ওখানে হিন্দি মাধ্যম হাইস্কুল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। উত্তরবঙ্গে যে সমস্ত হিন্দি স্কুলগুলি আছে—আমি খ্রিশ্চান নই, তথাপি আমি বলতে বাধ্য হচ্ছি এ সমস্ত স্কুলের বেশিরভাগই খ্রিস্টান সোসাইটির নির্মিত এবং পরিচালিত। তাঁরা যদি এ স্কুলগুলি ওখানে না করতেন তাহলে আমার মত লোক আজকে এই বিধানসভায় আসতে পারতো না। খ্রিশ্চান সোসাইটি ওখানে বিদ্যালয় স্থাপন না করলে আমার মত আদিবাসী মানুষ এই বিধানসভার এই অধিবেশনে বক্তব্য পেশ করতে পারতো না। চা-বাগান এলাকার এবং বন-বস্তি এলাকার আদিবাসীরা স্বাস্থ্য পরিষেবা থেকে সম্পূর্ণ বঞ্চিত হচ্ছে। চা-বাগান এলাকায় হাসপাতাল আছে, ডাক্তার আছে, নার্স আছে, কিন্তু কোথাও একজনও এম বি বি এস ডাক্তার নেই। ফলে ওখানে প্রতি বছর ম্যালেরিয়া, ডাইরিয়া, মহামারি আকার ধারণ করে। গত মাসে আমার বিধানসভা এলাকার চুয়াপাড়া চা-বাগান এলাকায় ডাইরিয়ায় ২৪/২৫ জন শিশু মারা গিয়েছে, স্বাস্থ্য দপ্তর থেকে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমি এ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছিলাম। স্বাস্থ্য দপ্তর থেকে যথাসময়ে যদি সঠিক পদক্ষেপ নেওয়া হত তাহলে ২৪/২৫ জন শিশু মারা যেত না। আপনারা আর্থিক বিকাশের কথা বলেন। আদিবাসী এবং তফসিলি মানুষদের জন্য রাজ্য সরকার এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো দায়ী। এখানে কর্মসংস্থানের কথা বলা হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এখন পর্যন্ত কতগুলো আদিবাসী পরিবারকে কর্মস্থানের সুযোগ করে দিয়েছেন ? আপনাদের বাজেটে আদিবাসীদের সামাজিক নিরাপত্তার কথা বলেছেন। আমি কি জানতে পারি আজ ২৫ বছর ধরে আপনারা আদিবাসী সমাজকে কতটা নিরাপত্তা দিয়েছেন ? আমার বিধানসভা এলাকায় আদিবাসীদের মধ্যে আর একটা পিছিয়ে পড়া জাতি আছে—ভুটিয়া সম্প্রদায়। এই সমস্ত সম্প্রদায়ের উন্নয়নের জন্য আমরা শুনেছি ইউনিসেফ থেকে এবং রাজ্য সরকারের পক্ষ থেকে

বহু টাকা না কি এখন পর্যন্ত খরচ করা হয়েছে। কিন্তু আমরা তাদের জীবনযাত্রার মানের কোন উন্নতিই লক্ষ্য করছি না। এই ভুটিয়া সম্প্রদায় ছাড়াও রাভা সম্প্রদায় বলে একটা জাতি আছে। জনসংখ্যার দিক দিয়ে তারা খুবই স্বল্পসংখ্যক। এদের বেশিরভাগের বাস বক্সা টাইগার প্রজেক্টের বন-বস্তিতে এবং কোচবিহারের বন-বস্তিতে।

[5.10—5.20 p.m.]

এই বন-বসতি এলাকার মধ্যে ঘিন্দাবাড়ি রাভা বস্তি এবং কোদালবাড়ি রাভা বস্তি এই দুটো বস্তি আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে। মাননীয় মন্ত্রীমহাশয়ের নিকট দাবি, আপনি আদমা ভুটিয়া সম্প্রদায়ের উন্নয়নমূলক কাজের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করতে পারেন, কিন্তু এই রাভা সম্প্রদায়দের জন্য কোন টাকা খরচ করছেন কিনা ? ইংরেজির ২৮.১২.২০০১ থেকে ৩০.১২.২০০১ সাল পর্যন্ত আপনার দপ্তর এবং সশস্ত্র পুলিশবাহিনী নিরীহ রাভাদের উপর নির্দিষ্ট কোন অভিযোগ ছাড়াই ঐ এলাকায় হামলা করে এবং তাদের বাড়িঘর ভেঙে দেয়, এমন কি মারধোর পর্যন্ত করে। এই ব্যাপারে ঐ রাভা সম্প্রদায় অ্যাডিশনাল ডি এম, এস পি এবং বিভিন্ন থানায়, এমন কি আপনার কাছেও প্রতিলিপি দিয়েছিলেন। কিন্তু কোন সুরাহা হয়নি। অত্যন্ত দুঃখের বিষয়, আপনি একজন নিজে আদিবাসী সম্প্রদায়ের লোক। সুতরাং আপনার দায়িত্ব অনেক বেশি আদিবাসীদের উন্নয়নের ব্যাপারে। এর সাথে আর একটা দিক আছে, আদিবাসীরা যদি কোথাও অত্যাচারিত হয় সেই বিষয়ে লক্ষ্য রাখা আপনার দরকার। তাই আজকে আপনার বাজেটের বিরোধিতা করে এবং আমাদের বিরোধীদল যে কাট-মোশান এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মেহেবুব মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অনগ্রসর সম্প্রদায় ও কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় যে বাজেট-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। আমাদের বামফ্রন্ট সরকার চাইছেন এইসব অনগ্রসর সম্প্রদায়ের মানুষ যাতে না থাকে এবং তার জন্য যে ধরনের অগ্রগতি ঘটছে তাতে এইসব অনগ্রসর শ্রেণীভুক্ত মানুষের আর্থ-সামাজিক উন্নতি হচ্ছে। সরকার এইসব সম্প্রদায়ের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটিয়ে এমন একটা পর্যায়ে নিয়ে যেতে চান যাতে এই সমাজে এইসব অনগ্রসর সম্প্রদায়ের মানুষ যাতে না থাকে। আমাদের পরিকল্পনা যা হচ্ছে সেই পরিকল্পনার মধ্যে ভূমি সংস্কারের মধ্য দিয়ে তফসিলি জাতি উপজাতিদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটছে। আমরা দেখেছি, ২০০১ সালের ৩০ সেপ্টেম্বর ৪.২৮ লক্ষ হেক্টর কৃষি জমিতে ২৬.০৫ লক্ষ মানুষের মধ্যে বন্টিত হয়েছে। এর মধ্যে ৯ লক্ষ ৭০ হাজার মানুষ তফসিলি জাতিভুক্ত আর ৫.০৬ লক্ষ তফসিলি উপজাতি ভুক্ত, অর্থাৎ সিলিং-এর অতিরিক্ত জমি বণ্টিত হয়েছে। এর মধ্যে দেখতে পাচ্ছি, ৫৬ পারসেন্ট তফসিলি জাতি ও তফসিলি উপজাতিরা এই জমি ভোগ করছে। ফলে দেখা যাচ্ছে, তাদের ক্রয়ক্ষমতা বেড়েছে এবং আর্থ-সামাজিক উন্নতি ঘটেছে। শুধু তাই নয়, স্বর্ণজয়ন্তী গ্রাম স্ব-রোজগার যোজনায় দেখা যাচ্ছে, ৭০.৩৭ পারসেন্ট মোট যে ভোক্তা আছে তা এস সি অ্যান্ড এস টিরা ভোগ করছে, আর জহর গ্রামীণ সমৃদ্ধি যোজনায় এসেছে—২০০১-২০০২ সালে ৫৮.২৩ ভাগ এস সি অ্যান্ড এস টি অর্থাৎ তারা ভোগ করছে। আর ৫৪.৪১ পারসেন্ট ইন্দিরা আবাস যোজনায় ভোগ করছে। টোটাল যা হচ্ছে তার

মধ্যে বেশিরভাগই এস সি অ্যান্ড এস টি সম্প্রদায়ভুক্ত মানুষদের মধ্যে দেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে তাদের আর্থ-সামাজিক উন্নতি ঘটেছে। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই, কেন্দ্রীয় সরকারের যে বিশ্বায়ন নীতি সেই নীতির ফলে আজকে গ্রামে-গঞ্জের চাষিরা ঠিকমতো চাষ করতে পারছে না, চাষিদের ধান নেই। এর ফলে পরবর্তীকালে যে শ্রম-দিবস সৃষ্টি হয়েছিল সেটা ক্রমশ কমে যাচ্ছে।

এর পর আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে কয়েকটি সাজেশান রাখতে চাই। আমরা জানি এস সি, এস টিদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারটা অনেক সরলীকরণ করা হয়েছে কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার সাজেশান, এটা যাতে আরও সরলীকরণ করা যায় সেটা দেখুন। এস ডি ওদের থ্রু দিয়ে এই সার্টিফিকেট দেওয়া হয় এবং আমরা জানি ৪২ দিনের মধ্যে এই সার্টিফিকেট দেওয়ার কথা কিন্তু এস ডি ও অফিসের যে স্টাফ প্যাটার্ন তাতে ৪২ দিনের মধ্যে সেই কাজ সম্পূর্ণ হচ্ছে না। ব্লক পর্যায়ে ক্যাম্প করে যাতে এই সার্টিফিকেট দেওয়ার কাজটা করা হয় তা দেখার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। আমার গলসি বিধানসভা কেন্দ্রের একটি ঘটনার প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে ৫০ সালের আগের মাইগ্রেসান সার্টিফিকেট আছে, সব কাগজপত্র আছে কিন্তু তবুও বলা হচ্ছে এলাকার ১০ জন এমিনেন্ট পারসনের কাছ থেকে সার্টিফিকেট আনতে হবে এবং এইভাবে সেখানে জটিলতার সৃষ্টি করা হচ্ছে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে। এটা যাতে না হয় সেটা আপনি দেখুন। তারপর রিজার্ভেসানের ব্যাপারে একটি সাজেসান দেব। স্কুলে রোস্টারটা মেনটেন করা হচ্ছে ঠিকই—২২ পারসেন্ট এস সি'র ক্ষেত্রে এবং ৬ পারসেন্ট এস টির ক্ষেত্রে কিন্তু তাদের মধ্যে যারা চাকরি নিয়ে অন্য পদে চলে যাচ্ছে সেখানে ওই ২২ পারসেন্ট এবং ৬ পারসেন্টটা ঠিকমতন মেনটেন করা হচ্ছে কিনা তা ইনসপেকশান করে দেখার দরকার আছে। স্কুল সার্ভিস কমিশন যাতে এই রিজার্ভেসানের ব্যাপারটির প্রতি অধিক নজর দেন সেটা দেখার জন্য বলব। তারপর স্কুলের অনেক ম্যানেজিং কমিটি তারা ইচ্ছা করে ফিজিক্স, ম্যাথমেটিক্স, কেমিস্ট্রি এইসব সাবজেক্টের টিচারের পোস্ট রিজার্ভেসানের ক্ষেত্রে রাখছেন ফলে পরবর্তীকালে সেগুলিকে ডিরিজার্ভেসান করতে হচ্ছে। এ দিকে বিশেষভাবে নজর দেওয়ার জন্য মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি। এই কথা বলে পুনরায় বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী চৌধুরীমোহন জাটুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনগ্রসর জাতিকল্যাণ বিভাগের যে বাজেট এই সভায় পেশ করা হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে এর উপর যে সব কাট-মোশান আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, এই দপ্তরের আগে যিনি মন্ত্রী ছিলেন সেই মন্ত্রী মহাশয় বললেন যে এই দপ্তর খুব ভাল কাজ করছে এবং উনি আশা প্রকাশ করলেন আগামী ওয়ার্লড কাপে এই সম্প্রদায়ের ছেলেরা পার্টিসিপেট করতে পারবে। তা হলে আমি খুবই খুশি হব এবং এরজন্য আমি ওকে আগাম ধন্যবাদ জানাচ্ছি। স্যার আদিবাসী কল্যাণ বিভাগ কিছু কিছু কাজ করেছেন—স্কুলের ছেলেমেয়েদের জন্য কিছু স্টাইপেন্ডের ব্যবস্থা করেছেন, কিছু বুক গ্রান্ট দিয়েছেন, কলেজের ছাত্রছাত্রীদের ক্ষেত্রেও কিছু স্টাইপেন্ডের ব্যবস্থা করেছেন, ছোটখাট কিছু

প্রিসার্ভিস ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। তবে এগুলি প্রয়োজনের তুলনায় খুবই নগণ্য। স্যার, এই বিভাগে যে টাকা খরচ হচ্ছে বা হয়েছে তার প্রায় ১০০ ভাগ টাকাই কোনও কোনও ক্ষেত্রে অবশ্য একটু ক্যাশ পারসেন্ট—কেন্দ্রীয় সরকার থেকে দেওয়া হয়। কিন্তু কেন্দ্রীয় সরকারের দেওয়া অধিকাংশ টাকাই ঠিকমতন খরচ হয় না ফলে তা ফেরত চলে যায়। একটা উদাহরণ দিই। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে ৫টা রেসিডেন্সিয়াল স্কুল করার জন্য কেন্দ্রীয় সরকার বলেছিল এবং কেন্দ্রীয় সরকার বলেছিলেন তার পুরো টাকাটাই কেন্দ্রীয় সরকার দেবেন কিন্তু তিন বছরের মধ্যে আদিবাসী কলাণ দপ্তর এখনও একটাও এই ধরনের স্কুল কমপ্লিট করতে পারেননি।

[5.20—5.30 p.m.]

এছাড়া কেন্দ্রীয় সরকার থেকে নির্দিষ্ট যে টাকা দেওয়া হয়েছিল এই ডিপার্টমেন্টে আদিবাসী ছেলেমেয়েদের হোস্টেল তৈরি করবার জন্য, সেই হোস্টেল কিন্তু এখনো ডিপার্টমেন্ট বানাতে পারেননি। আদিবাসী ছেলেমেয়েদের চাকরিতে ঢুকবার জন্য কিছু কিছু ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। জলপাইগুড়িতে একটি এবং কলকাতায় একটি ট্রেনিং সেন্টার হয়েছে। সেটা মেইনলি ক্ল্যারিকাল সার্ভিসে ঢুকবার জন্য এবং সেটাও প্রয়োজনের তুলনায় কম। একটা স্ট্যাটিসটিক্স দিয়ে বলেছেন, এ পর্যন্ত নাকি ২৫০ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিয়েছেন। অথচ আমরা জানি, পশ্চিমবঙ্গে যত মানুষ বাস করেন তার মধ্যে ৩০ ভাগ এস সি, এস টি এবং ও বি সি সম্প্রদায়ভুক্ত। সেক্ষেত্রে ২৫০জনকে ট্রেনিং দেওয়াটা কিছুই নয়। আমি বলি, কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা আপনারা এদের ক্ষেত্রে ঠিকভাবে খরচ করুন। রেসিডেন্সিয়াল স্কুল, হোস্টেল এবং আদিবাসী অধ্যুষিত অঞ্চলে রাস্তাঘাট ইত্যাদি করবার জন্য যে টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন সেই টাকা যদি খরচ হয় তাহলে কিছুটা উপকার তাদের হতে পারে। সেক্ষেত্রে আপনারা অসুবিধার কথা বলতে গিয়ে বলেন যে, নোডাল ডিপার্টমেন্ট আপনারা হলেও আপনাদের কাজ করার লোক নেই, কাজগুলো পি ডব্লু ডি এবং জেলা পরিষদের মাধ্যমে করতে হয়। লাস্ট ফিনান্সিয়াল ইয়ারে রাস্তা, কালভার্ট ইত্যাদির জন্য যে টাকার স্যাংশন দিয়েছেন, সেই কাজ এখনো শুরু হয়নি ; কাজটা কোন এজেন্সি করবে, না জেলা পরিষদ করবে সেটা এখনো ঠিক হয়নি। আমি আশা করবো, মাননীয় মন্ত্রী এ বিষয়ে ব্যবস্থা নেবেন। সবচেয়ে ভাল হয়, যদি এ দপ্তরে একটা ইঞ্জিনিয়ারিং উইং থাকে, যেমন সুন্দরবন ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের আছে। এই দপ্তরে সেটা হলে কাজ হতে পারে।

আর একটা বিষয় জরুরি বলে মনে করছি। সেটা হচ্ছে, কেন্দ্রের আদিবাসী কল্যাণ কমিশনের একটা নির্দেশ আছে যেটা ডিপার্টমেন্ট জানে, মন্ত্রী মহাশয় জানেন। এখানে যেসব অ্যাপয়েন্টিং এজেন্সি আছে, যেমন—স্কুল সার্ভিস কমিশন, কলেজ সার্ভিস কমিশন বা পাবলিক সার্ভিস কমিশন, সেখানে একজন করে আদিবাসী সম্প্রদায়ের রিপ্রেজেন্টেটিভ থাকবেন। কিন্তু দুঃখের বিষয়, চেষ্টা করেও সেখানে একজনকেও দিতে পারেননি। তার জন্য শুনলাম যে, কলেজ সার্ভিস কমিশনে এই বছর রিপ্রেজেন্টেটিভের দরকার নেই। কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী সার্ভিস কমিশনগুলোতে যদি আদিবাসী সম্প্রদায়ের রিপ্রেজেন্টিটিভ থাকেন তাহলে কিন্তু সমস্যাটা কাটিয়ে ওঠা যায়।

আর একটা বিষয়ে আদিবাসী, তফসিলি ছেলেমেয়েরা সাফার করছে। সেটা হচ্ছে কাস্ট সার্টিফিকেট। এই সার্টিফিকেট এস ডি ও এবং ডি এম-রা ইস্যু করেন। আমার জানা আছে, একটি ছাত্র আড়াই বছর ধরে একবার এস ডি ও অফিস থেকে বি ডি ও অফিসে, আবার বি ডি ও অফিস থেকে এস ডি ও অফিসে ঘোরাফেরা করেও সে তার সার্টিফিকেট পায়নি। তার ফলে চাকরির পরীক্ষায় সুযোগ না পেয়ে তার ভবিষ্যৎ নষ্ট হচ্ছে। মন্ত্রী মহাশয় অনেক কাজ করেছেন বলে বলেছেন। কিন্তু এখনো অনেক কাজ পড়ে রয়েছে। তার মধ্যে কিছু কাজ করলে ঐ ৩০ পারসেন্ট মানুষের ছেলেমেয়েদের উপকার হবে। ধন্যবাদ।

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে খুব অল্প সময়ে কয়েকটি কথা এখানে উত্থাপন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেটের মধ্যে দিয়ে এই প্রতিফলন ঘটেছে যে, আমাদের রাজ্যে তফসিলি জাতি এবং উপজাতি এবং অন্যান্য অনুন্নত অনগ্রসর শ্রেণীর মানুষ যা ৩০ শতাংশ আছে, অতীতে এই সমস্ত শ্রেণীর মানুষদের বঞ্চিত করে রেখেছিল, এই সরকার ক্ষমতায় আসার পর থেকে ধারাবাহিকভাবে তাদের আত্মসামাজিক দিক থেকে সংস্কৃতিক দিক থেকে সঠিক মান উন্নয়নের দিক থেকে বিভিন্ন পরিকল্পনা রূপায়িত করার মধ্যে দিয়ে। আমরা এই কথা জোর দিয়ে বলতে পারি এই সম্প্রদায়ের মানুষের সার্বিক উন্নয়ন করতে গেলে প্রথমে যেটা দরকার সেটা হচ্ছে শিক্ষা। তাদের শিক্ষার জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। আজকে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা একটা উদাহরণ সৃষ্টি করতে পেরেছে তফসিলি জাতি, উপজাতি এবং অনুন্নত অনগ্রসর শ্রেণীর মানুষ আজকে শিক্ষার দিক থেকে তারা অনেকটা এগিয়েছে, সংস্কৃতির দিক থেকে অনেকটা এগিয়েছে। এটা ঘটেছে একমাত্র সুষ্ঠু শিক্ষা পরিকল্পনায় কার্যকরী করার মধ্যে দিয়ে। আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি, হোস্টেলে যে সমস্ত ছাত্রছাত্রী থাকেন তাদের জন্য বছরে ৩০০০ টাকা বরাদ্দ ছিল সেটা তিনি বাড়িয়ে ৪০০০ টাকা করেছেন। এই টাকার পরিমাণ বাড়িয়ে ৪০০০ টাকা করার ফলে সেখানে তাদের উৎসাহ বেড়েছে, আরো বেশি উৎসাহ সৃষ্টি হয়েছে। আজকে এই হোস্টেলগুলির পরিকাঠামো বাড়ানোর জন্য টাকা বাড়ানো দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো এখানে আরো কিছু কিছু ইনফ্রাস্ট্রাকচার গড়ে তোলা দরকার। সেটা হচ্ছে জল এবং বিদ্যুৎ অনেক হোস্টেলে নেই। সারা রাজ্যে ১৬৬টি হোস্টেল আছে। অনেক হোস্টেলে বাউনডারি নেই। এখানে যদি বাউনডারি করা যায়, জল এবং বিদ্যুতের ব্যবস্থা করা যায় তাহলে এই হোস্টেলগুলোতে লেখাপড়ার মানের উন্নতি হবে। আজকে পশ্চিমবাংলায় ভূমিসংস্কার হয়েছে, এই ভূমিসংস্কারের মধ্যে দিয়ে এই সিডিউল কাস্ট এবং সিডিউল ট্রাইবদের অনগ্রসর অনুন্নত শ্রেণীর কৃষকদের জমি দেওয়া হয়েছে, তাদের বর্গাদার রাইট দেওয়া হয়েছে। আজকে তাদের জন্য বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে উত্তরবঙ্গে আম্বেদকার সেচ প্রকল্প গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা এখানে সেচ সম্প্রসারণ করার জন্য ক্ষুদ্রসেচের ব্যবস্থা করছি এস সি অ্যান্ড এস টি সম্প্রদায়ের উন্নয়নের জন্য। পশ্চিমবাংলায় তফসিলি জাতি, উপজাতি উন্নয়ন নিগম, তার মধ্যে দিয়ে এবারে বেশি টাকা পরিকল্পনা গ্রহণ করে যাতে বেশি করে

সেচের সম্প্রসারণ করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। এখন আমাদের পোস্ট গ্রাজুয়েটে এবং বিভিন্ন টেকনিক্যাল কলেজে, সরকার এবং বেসরকারি কলেজগুলোতে যে সংরক্ষণের ব্যবস্থা আছে সেটা যথাযথ যাতে পালন করা হয় সেটা দেখভাল করার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। এস এস সি-র যে পরীক্ষা নেওয়া হচ্ছে, আমি আগেই বলেছিলাম, সেখানে দেখতে পাচ্ছি যে সংরক্ষণ মানা হচ্ছে না। সেখানে ডি এম-কে দিয়ে লিখিয়ে নিয়ে ডি-রিজারভেশান করে নেওয়া হচ্ছে, সেখানে সিডিউল কাস্টদের সুযোগ দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে না। এটাকে কঠোরভাবে মানার জন্য দাবি জানাচ্ছি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, কাট মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.30—5.40 p.m.]

**শ্রী নেপাল মাহাতো :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে মাননীয় উপেন কিস্কু এবং শ্রীমতী বিলাসীবালা সহিস অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের জন্য ৪১ নম্বর দাবির অধীনে যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনীত কাট মোশানকে সমর্থন করে আমি দু'একটি কথা বলতে চাই। আমি কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। কিছুক্ষণ আগে বামফ্রন্টের যাঁরা মাননীয় সদস্য আছেন তাঁরা বিভিন্নভাবে বামফ্রন্ট সরকার এস সি, এস্ টি এবং ও বি সিদের জন্য অনেক কাজ করেছেন বলে সার্টিফিকেট দিয়েছেন। আমি কয়েকটি নমুনা আপনাদের সামনে তুলে ধরতে চাই। মাননীয় বিরোধীপক্ষের (সরকার পক্ষের) যাঁরা সদস্য আছেন তাঁরা এই জিনিসগুলো ভালভাবে চিন্তা করুন। আদার ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য সমস্ত এডুকেশনাল ইনস্টিটিউশনে ভর্তির জন্য রিজার্ভেশনের যে সিস্টেম তা শুধু পশ্চিমবাংলা বাদে সারা ভারতবর্ষে আছে। আপনারা জানেন, আপনাদের রাজত্বে, আপনাদের মুখ্যমন্ত্রী কেরালাতে শতকরা ২৫ পার্সেন্ট ওবিসিদের জন্য সংরক্ষণ করেছেন। তা কোথায়, না এম এ., এম এস সি এবং ইঞ্জিনিয়ারিং পড়ানো হয় এমন সব ইনস্টিটিউশনে ভর্তির জন্য। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি কলিং অ্যাটেনশান এনেছিলাম। এর আগে ওবিসিদের রিজার্ভেশনের জন্য ১৯৯৯ সালে জ্যোতি বসুর আমলে ক্যাবিনেট কমিটির মিটিং হয়েছিল। ২০০০ সালের ২৩শে ফেব্রুয়ারিতে মিটিং হয়েছিল। আবার বুদ্ধদেববাবুর আমলে ১২ এপ্রিল, ২০০১ সালে ওবিসিদের রিজার্ভেশনের জন্য মিটিং হয়েছিল। কিন্তু ক্যাবিনেট কমিটিতে ডিসিসানটি স্থগিত রাখা হয়। বলা হয়, ইলেকশানের পর আমরা এই বিষয়ে সিদ্ধান্ত নেব। এরপর ১৯ জুলাই, ২০০১ সালে একটি কলিং অ্যাটেনশানের উত্তরে বলা হয় যে, ওবিসিদের রিজার্ভেশনের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হচ্ছে। আপনারা সক্রিয়ভাবে বিবেচনা করবেন। ২৪ এপ্রিল, ২০০২ তারিখে মন্ত্রী সভার বৈঠক হয়। সেখানে নাকি নীতিগতভাবে বিষয়টি অনুমোদিত হয়েছে। আইনগতভাবে কিছু ব্যাপার আছে, তার জন্য নাকি ওবিসিদের সংরক্ষণের বিষয়টিকে কার্যকর করা যাচ্ছে না। ওবিসিদের বিভিন্ন এডুকেশনাল ইনস্টিটিউশনে অ্যাডমিশনের ক্ষেত্রে সংরক্ষণের ব্যাপারে আমি শুনেছি—এখানে উচ্চশিক্ষা মন্ত্রী উপস্থিত আছেন—মাননীয় সত্যসাধনবাবু খুব জোরালোভাবে বিরোধিতা করেছিলেন। খবরের কাগজে তা প্রকাশিত হয়েছে। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, সারা

ভারতবর্ষে যেখানে ওবিসিদের এডুকেশনাল ইনস্টিটিউশনে ভর্তির ব্যাপারে রিজার্ভেসানের প্রক্রিয়াটি চালু আছে আজ থেকে বহুদিন আগে থেকে, সেখানে আপনারা কি কারণে, কি তার রহস্য যে বিষয়টিকে এখানে ঝুলিয়ে রেখেছেন ? যাই হোক, এখানে বললেন, পিছিয়ে পড়া সম্প্রদায়ের জন্য আপনারা অনেক কাজ করেছেন, তাদেরকে অনেক এগিয়ে নিয়ে যাচ্ছেন। এটা কি তার নমুনা ? মাননীয় মন্ত্রী মহোদয় আশা করি, তাঁর বক্তব্যে এ সম্বন্ধে বলবেন। আর একটি কথা আমি আপনাদের সামনে তুলে ধরতে চাই, যেটি খুব ইন্টারেস্টিং এবং খুব গুরুত্বপূর্ণ—আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস'এর সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে একটা আইন আছে এক লক্ষ টাকার বেশি ইনকাম হলে সার্টিফিকেট দেওয়া যাবে না। ১৯৯৩ সালে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া একটি সার্কুলার পাঠিয়েছিল, তাতে পরিষ্কার বলা হয়েছিল It is already clarified by way of an explanation under category 'VI'-specified under such and such reference and date-that the income from salaries or agricultural land shall not be clubbed. অর্থাৎ সেই এক লক্ষ টাকার মধ্যে, এই দুটি ইনকাম ধরা যাবে না। ১৯৯৩ সাল থেকে আজকে ২০০২ সাল, এখনও পর্যন্ত সেটি মানা হলো না। আমি কিছুদিন আগে কেন্দ্রীয় ক্যাবিনেট মন্ত্রী বসুন্ধরা রাজে সিন্ধিয়ার সঙ্গে দেখা করেছিলাম। তিনি বলেন, তাঁর সার্কুলারটি স্টেট গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দিয়েছেন ১১ জুন, ২০০২ তারিখে। তাতে তিনি সই করেছেন এবং সেটিতে অ্যাসিস্ট্যান্ট কমিশনার ফর রিজার্ভেশান লিখেছেন যে—It has been specifically stated in the clarificatory D.O. letter that income from salaries and agricultural land should not be taken into account for the purpose of calculation of Anual Income for exclusion of creamy Layer for issue of other Backward classes certificate.

১৯৯৩ সাল থেকে ২০০২ সাল এই ৮ বছর ওই সম্প্রদায়ের মানুষ ও বি সি সম্প্রদায়ের মানুষ, তারা সার্টিফিকেট পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। আজকে আপনি আপনার ক্ল্যারিফিকেশান ১১ জুন ২০০২ সালে প্রকাশ করেছেন যেটা কেন্দ্রীয় অ্যাসিস্ট্যান্ট কমিশনার ফর রিজার্ভেশান অনেক আগেই প্রকাশ করেছেন। আমি দু-একটি কথা বলে শেষ করবো। আপনি আপনার বাজেট ভাষণ যেটা রয়েছে তাতে বলেছেন হোস্টেল বিল্ডিং ও বি সিদের জন্য নির্মাণ হবে। কেন্দ্রীয় মন্ত্রণালয় ১৯৯৮-৯৯ সালে একটা সার্কুলার দিয়ে বলেছিল যে ও বি সিদের হোস্টেল নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার শতবরা ৫০ ভাগ দেবে আর রাজ্য সরকার শতকরা ৫০ ভাগ দেবে। ১৯৯৮-৯৯ সালে ওই সার্কুলার কেন্দ্রীয় সরকার বার করেছে আর আপনার বাজেট ভাষণে বলা আছে এইবার ২০০২ সালে যে ও বি সিদের জন্য হোস্টেল নির্মাণ করার কথা এখনো আপনারা ভাবছেন। ১৯৯৮ সাল থেকে ২০০২ এখনো আপনাদের ভাবার শেষ হয়নি। তারপরে আপনার পোস্ট মেট্রিকুলেশান স্কলারশিপের ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা সার্কুলার পাঠিয়েছিল, সেই সার্কুলারে পরিষ্কার করে বলা আছে যেসব ও বি সি পোস্ট মেট্রিকুলেশান পাশ করবে তাদের সবাইকে ফিনান্স অ্যাসিসটেন্স হিসাবে শতকরা ১০০ ভাগ টাকা কেন্দ্রীয় সরকার পাঠাবেন। ১৯৯৮-৯৯ সালে কেন্দ্রীয় সরকার সার্কুলার পাঠালো আর ৩১.১২.২০০১ সাল পর্যন্ত একজন ছেলেমেয়েকেও কি

আপনারা পোস্ট মেট্রিকুলেশান স্কলারশিপ দিয়েছেন ? আপনারা বলতে পারবেন না। বাজেট ভাষণে লিখেছেন এই সম্পর্কে আপনারা ভাবছেন। ভাবার আপনাদের শেষ হয়নি। আজকে এস সি এবং এস টিদের কথা বলা হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্নভাবে রিজার্ভেশান সিস্টেম চলে আসছে। এটা একটা প্রহসনের ব্যাপার এই রিজার্ভেশান সিস্টেম এখানের। এখানকার যারা অফিসার রয়েছেন তারা যেসব ছেলেমেয়ে এস সি, এস টিতে মেরিট করে এবং জেনারেল ক্যাটাগরিতেই দেবার চেষ্টা করেন। তারা এটা জেনেশুনে ভুল করেন, অজ্ঞানবশত করেন নাকি জ্ঞানত করেন জানিনা। এর আপনি ক্ল্যারিফিকেশান দেবেন। জেনারেল মানে কি আদার দ্যান ও বি সি এটা আমাদের ক্ল্যারিফাই করতে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি। তারপরে সংরক্ষণের যে মূল নীতি সেক্ষেত্রেও দেখা যাচ্ছে বিভিন্ন অভিজ্ঞতার শিকার এস সি, এস টিদের হতে হচ্ছে। সংরক্ষণের মূল নীতি সম্পর্কে সমস্ত অফিসারদের অভিহিত করা আছে। এই ব্যাপারে সুপ্রিম কোর্টের জাজমেন্টও দিয়েছে। সেই জাজমেন্টে পরিষ্কার করে বলে দিয়েছে এটা কোনোভাবেই জেনারেল ক্যাডারের মধ্যে ঢুকিয়ে দেওয়া যাবে না। এমনকি ইউ পি এস সির পরীক্ষাতে আই এ এস, আই পি এস এবং আই এফ এস পরীক্ষার ক্ষেত্রে সুপ্রিম কোর্ট পরিষ্কার করে বলে দিয়েছে এই সম্প্রদায়ের মানুষ যারা রয়েছে ও বি সি সম্প্রদায়, তাদেরকে অ্যাট অল স্টেজ রিজার্ভেশান ফেসিলিটি দিতে হবে। কিন্তু আপনারা তা কার্যকরী করছেন না। আপনারা সেই নীতি কার্যকরী করছেন না বলে এই বাজেটের বিরোধিতা করে আমাদের আনা কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.40—5.50 p.m.]

**শ্রী কিরীটী বাগদি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০২-২০০৩ সালের যে ব্যয়বরাদ্দ অনুন্নত সম্প্রদায় এবং কল্যাণ বিভাগের মন্ত্রী রেখেছেন সেই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি।

আজকে আমাদের যে বাজেট, মন্ত্রীর যে ভাষণ, যে কোনও সম্প্রদায়ের সার্বিক শিক্ষার মানোন্নয়নের প্রয়োজনে এটা আজকে বিশেষ করে বামফ্রন্ট সরকার সেটাকে কার্যকরী করেছে। কারণ যারা ভাবতে পারেনি আমরা স্কুলে যাব এবং আমরা লেখাপড়া শিখব এবং আরও যে অন্য সম্প্রদায়ের মানুষ যারা স্কুলে যায় সেইভাবে আমরা যাব, এটা অনগ্রসর শ্রেণী পিছিয়ে পড়া মানুষ ভাবতে পারেনি। সেই ভাবটা বামফ্রন্ট সরকার লাগু করেছে এবং বিশেষ করে পিছনে পড়া মানুষ ভাবতে পারেনি। সেই ভাবটা বামফ্রন্ট সরকার লাগু করেছে এবং বিশেষ করে পিছনে পড়া যারা গরিব মানুষ এস সি, এস টি তাদের ছেলেমেয়েরা আজকে ব্যাপকভাবে স্কুলে ভীড় করছে। এমনকি যে ছেলের বাবা মা তারা অক্ষর পর্যন্ত জানে না তাদের ঘরের ছেলেমেয়েরা স্কুলমুখী হয়েছে, এই বামফ্রন্ট সরকার আজকে সেটাকে কাজে লাগিয়েছেন। আমি অনুরোধ করবো, আজকে এই যে প্রাইমারি স্তর থেকে হাইস্কুলে যাচ্ছে, এখানে দেখা যাচ্ছে যে ব্যাপকভাবে আবার স্কুল ছেড়ে পালিয়ে যাচ্ছে, স্কুলে যাচ্ছে না। আবার ড্রপ আউট হচ্ছে। এটা যাতে করে অত্যন্ত চেষ্টা করা যায়, এই যে ড্রপ আউট হচ্ছে, কেন হচ্ছে, কিসের জন্য হচ্ছে, সেটা দেখার জন্য আমি অনুরোধ করবো। এটা তদন্ত

সাপেক্ষ। এই যে ড্রপ আউট হচ্ছে, যারা স্কুলে যেতে পারছে না, তাদেরকে আরও কি করে কি করা যায় সেটা নিয়ে ভাবনা চিন্তা করা হচ্ছে। এবং সেটা বেশি করে খোঁজ নিয়ে তফসিলি জাতি উপজাতি গ্রামগুলিকে খোঁজ নিয়ে এটা কার্যকরী করতে হবে। যাতে করে ঐ স্কুলের গন্ডী থেকে তারা বেরিয়ে না আসতে পারে। স্যার, আজকে বিশেষ করে এই যে সংরক্ষণ তফসিলি জাতি উপজাতিদের, তাদের চাকরির ব্যাপারে যে সংরক্ষণ সেই সংরক্ষণ নিশ্চয় প্রয়োজন আছে। কিন্তু সমস্যাটা হচ্ছে, এই সংরক্ষণকে কেন্দ্র করে এই ব্যাপারে যে প্রয়োজন, যে যোগ্যতা দরকার, শিক্ষার, চাকুরির প্রতিযোগিতার জন্য সেখানে বিশেষ করে এস সি ও এস টি ছেলেমেয়েরা বেশি করে অংশগ্রহণ করতে পারছে না। কারণ, সেইজন্যই আজকে বহু জায়গায় সংরক্ষণের পদ পূরণ করা যাচ্ছে না। সেইজন্য আমি বলব, যাতে করে এই প্রতিযোগিতাকে সরলীকরণ করা হয়, তফসিলি জাতি উপজাতিদের ক্ষেত্রে, তা নাহলে তাদের মধ্যে হতাশা দেখা দিচ্ছে শিক্ষার ক্ষেত্রে। আমাদের কাছে কিছু বেকার ছেলেমেয়ে আসে যারা মাধ্যমিক পাস করার পরে বসে আছে, তারা হতাশাগ্রস্ত হয়ে যাচ্ছে, তারা বলছে, না পারলাম ক্ষেতমজুরের কাজ করতে, না পারলাম মাটি কাটতে, অথচ তাদের ব্যাপারে কোনও ব্যবস্থা নেই। অন্তত আগামী দিনে তাদের প্রতি লক্ষ্য রেখে যাতে করে কিছু করা হয় সেইদিকটার প্রতি লক্ষ্য রাখবেন, এই কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীতল সর্দার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট প্রস্তাব পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের আনা কাট-মোশানকে সম্পূর্ণ রূপে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলতে চাই। আমার মনে হয়, যে কয়জন বামফ্রন্ট-এর সদস্যগণ এখানে বক্তব্য রাখলেন আমার মনে হয় তাদের বক্তব্যের মধ্যে দিয়ে বহিঃপ্রকাশ কিছু ঘটলো না। কারণ আমরা যারা আজকে এস সি, এস টি হিসাবে এখানে নির্বাচিত হয়ে এসেছি, এখানে বিধানসভায় ৭৪ জন সদস্য আছেন কিন্তু দুঃখের বিষয় হচ্ছে, অনেক এস সি ছেলেমেয়ে আছেন যারা ঠিক সময়ে সার্টিফিকেট পাচ্ছেন না। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব সার্টিফিকেট না পাওয়ার জন্য আজকে চাকরির ক্ষেত্রে তারা অনেক সুযোগ-সুবিধা পাচ্ছে না। পরিকাঠামো নেই বলেই এটা হচ্ছে। ৬ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট দিতে হবে বলা হলেও দেখা যাচ্ছে ৬ মাসেও পাচ্ছে না। বি ডি ও, থেকে এস ডি ও এইভাবে দেরি হচ্ছে। এতে অনেক ছেলে ক্ষতিগ্রস্ত হচ্ছে। আজকে এস সি, এস টি ছাত্রদের বুক গ্রান্টের টাকা সময়মতো দেওয়া হয় না, দেখা যায় ৫/৬ মাস পরে পায়, সেটা কোন কাজে লাগে না। আপনারা যে বলছেন—এস সি, এস টিদের জন্য অনেক কিছু করছেন, সেটা সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়। বামফ্রন্ট সরকার মুখে এক কথা বলছে আর কাজে অন্যরকম করছে। যেসব ছাত্র হোস্টেলে থাকে, তাদের ২৫০ টাকা করে দেওয়া হয়, আমরা স্ট্যান্ডিং কমিটিতে বলেছিলাম সেটা ৫০০ টাকা করতে হবে। এখন আপনারা বলছেন বাড়াবেন। বছরে ৩ হাজার টাকা ছিল, সেটা ৪ হাজার টাকা করেছেন। এতে কিছু হবে না। আমরা বাঁকুড়া, পুরুলিয়ার বিভিন্ন জায়গায় স্ট্যান্ডিং কমিটি থেকে গেছি, সেখানে দেখেছি আশ্রম হোস্টেলে জলের ব্যবস্থা নেই, মেয়েদের বাথরুম নেই, অথচ ঢাকঢোল পিটিয়ে আপনারা বলছেন

এস সি, এস টি মানুষদের জন্য অনেক কিছু করছেন। এস সি, এস টি মানুষদের জন্য কেন্দ্রের অনেক টাকা আসে, কিন্তু সেই টাকা সঠিক সময়ে, সঠিক ভাবে ব্যয় না হওয়ার কারণে অনেক টাকাই ফেরত চলে যায়। ইন্দিরা আবাসনের টাকা এস সি মানুষরা পায় না। স্পেশাল কম্পোনেন্টের টাকা থেকেও তারা বঞ্চিত হয়। যখন কোনও মিটিং, মিছিল হয়, তখন তাতে তাদের যাওয়া প্রয়োজন মনে করেন, অথচ তাদের জন্য কিছু করছেন না। আজকে রোস্টার মেনে আপনারা কাজ করেন না। আজকে এস সিদের ২০০ শতাংশ এবং এস টিদের ৫ শতাংশ কোটা আপনারা মেনটেন করেন না। মন্ত্রী মহোদয়, আপনি জানেন, আপনি আমাদের মিটিঙে আসেন, আলোচনা করেন, চেষ্টাও করেন, কিন্তু আপনার দপ্তরে যাঁরা আছেন, তাঁরা সঠিক কাজটি করছেন না। একটা উদাহরণ দিই, তাহলে পরিষ্কার হবে বিষয়টি একজন স্কুল শিক্ষকের পদ বাংলা করা দরকার, সেখানে একজন ফিজিক্সের টিচার বা ইংরাজির টিচারের পদ করা হচ্ছে। একজন এস সি বা এস টি ছেলেকে বঞ্চিত করার মনোভাব নিয়ে এটা করা হচ্ছে। এই মনোভাব আপনাদের পরিত্যাগ করতে হবে।

মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই ব্যাপারে সচেষ্ট হোন। এগুলি লক্ষ্য রাখুন। আপনার যে ডিপার্টমেন্ট, সেই ডিপার্টমেন্ট সঠিকভাবে কাজ করছে না। তাই আপনার আনা বাজেটের বিরোধিতা করে আমাদের কাট-মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.50—6.00 p.m.]

**শ্রী যোগরঞ্জন হালদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে উপেন কিস্কু মহাশয় এবং রাষ্ট্রমন্ত্রী বিলাসী বালা সহিস, ৪১ নম্বর দাবির প্ররিপ্রেক্ষিতে পেশ করেছেন এই দাবি এবং ভারত স্বাধীন হওয়ার পর থেকে ভারত সরকার শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষের অনুন্নত শ্রেণীকে উন্নত করার পরিকল্পনা গ্রহণ করেছেন। সেই পরিকল্পনা অনুযায়ী এই বাজেট আজকে পেশ করা হচ্ছে এবং বামফ্রন্ট সরকারের ২৫ বছরের রাজত্বের অনেক আগে থেকেই যে পরিকল্পনা, সারা ভারতের অনুন্নত সম্প্রদায়কে উন্নত করার, যারা অনুন্নত জাতি, অশিক্ষিত জাতি তাদের উন্নত করার পরিকল্পনাকে রূপদান করার দায়িত্ব রাজ্য সরকারেরই। কিন্তু এই ২৫ বছর পরে বামফ্রন্ট সরকারের ব্যর্থতা বাজেটের মাধ্যমে প্রকাশ পেয়েছে। আজকে বাজেটে ৪০৬ কোটি ১৮ লক্ষ ৩৮ হাজার টাকা মঞ্জুর করার জন্য বলেছেন। আমি মন্ত্রীর কাছে বলছি যে, গতবার দাবি পেশ করা হয়েছিল, তার থেকে এটা বেশি অথবা কম এই প্রশ্ন জানতে চাই। আপনার কাছে বলতে চাই আপনি বলছেন পশ্চিমবঙ্গের মোট জনগণের ৩০ শতাংশ মানুষ অনুন্নত। আমরা ২৯ ভাগ পাওয়ার দাবিদার। তাহলে এখানে আপনার যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটা মোট বাজেটের ২৯ ভাগ। অসীম দাশগুপ্ত যে বাজেট এখানে পেশ করেছেন তার ২৯ শতাংশ পাওনা এই এস সি, এস টিদের। কিন্তু আপনি একজন মন্ত্রী হয়ে এখানে ১৫ শতাংশ দাবি পেশ করেছেন, এটা আপনার ব্যর্থতা। তাই আমরা প্রতিবাদ করছি। কেন্দ্রে যে অনুন্নত সম্প্রদায়ের জন্য সমিতি আছে, আমাদের লোকসভায় আলোচনা হয়েছে বিশ্লেষণ হয়েছে, এই অনুন্নত সম্প্রদায় সম্পর্কে।

অনুন্নত বলতে কি বোঝায়। যারা সামাজিক দিক থেকে আর্থিক দিক থেকে, শিক্ষার দিক থেকে অনুন্নত। সে মুসলিমও হতে পারবে। আমরা পশ্চিমবঙ্গ সরকারের কাছে জানতে চাই যে, আজকে তফসিলি জাতি ও উপজাতির সঙ্গে সংখ্যালঘু যারা, যারা অনুন্নত, শিক্ষার দিক থেকে যারা পিছিয়ে আছে, তাদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা। যারা গুজরাটের দাঙ্গা নিয়ে চিৎকার করছে, তারা রাজনীতি করতে চাইছে আজকে তৃণমূলের পক্ষ থেকে এই বিধানসভায় দাবি করছি যে, সংখ্যালঘু সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা হোক। রাষ্ট্রপতি পদে আপনারা আমিলকে সমর্থন করছেন না। আপনারা রাজনীতি করছেন, তাই বিরোধিতা করছি। আজকে বলতে চাই যে, জাতি উপজাতি সম্পর্কে লোকসভার কমিটি কি সুপারিশ করেছে—লোকসভার কমিটি নিয়োগ পদ্ধতি চালু করেছে। নিয়োগ যারা করে, তার দিকে বিশেষ দৃষ্টি রাখতে হবে। কিন্তু আপনি আপনার বাজেটে কি বলেছেন—আপনি বলেছেন—চাকরি নিয়োগের ক্ষেত্রে যদি এস সি প্রার্থী না পাওয়া যায়, ডি এম যদি প্রয়োজন মনে করে, মিটিং করে বাতিল করতে পারে। এর দ্বারা আপনি ডিপ্রাইভ করছেন এস সি, এস টিদের।

আমরা মনে করি এই আই, অর্ডার নাম্বার ২ হাজার ৪এ বি সি ডব্লুতে এই অর্ডার আপনি করেছেন, এই অর্ডারের ব্যাখ্যা আপনি করবেন। এই কারণে এই বাজেটের আমি বিরোধিতা করছি। আপনি বলেছেন যে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে আপনারা নাকি অনেক জটিলতা কাটিয়ে উঠেছেন। আপনাদের বামফ্রন্ট সরকার যখন আসেনি ৬৭ সালে তখন আমরা সার্টিফিকেট দিয়েছি ৬৭ সালে, যখন আপনারা আসেননি তখন আমরা পড়াশোনা করেছি, যখন আপনারা আসেননি তখন আমরা চাকরি পেয়েছি। তখন আমরা ডি এম-এর কাছ থেকে সার্টিফিকেট নিয়েছি মাত্র ১৫ দিনের মধ্যে। আর আজকে কিন্তু বছরে পর পছর গ্রামের ছেলেরা এস ডি ও-র কাছ থেকে সার্টিফিকেট পাচ্ছে না। আপনারা বলছেন বামফ্রন্ট সরকার উন্নতি করেছে। আজকে এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার শেষ করে দিয়েছে জাতি এবং উপজাতিদের। তাই জন্য এর বিরোধিতা করছি। আজকে আপনারা ও বি সিদের জন্য কি করেছেন ? আপনারা বলুন তো, আপনারা তো বলেন যে আমরা গরিবের দরদী সরকার, আজকে আপনার বাজেটে আপনি ও বি সিদের জন্য বিশেষ কোনো অর্থ মঞ্জুর করেননি। আপনারা তাদের ভালোবাসেন ভোট নেওয়ার সময়ে, দাঙ্গা করার সময়ে, মিছিল করার সময়ে আপনারা তাদের ভালোবাসেন কিন্তু পয়সা দেওয়ার সময়ে আপনারা তাদের ভালোবাসেন না। দাঙ্গা করবে কে ? না এস সি, এস টি, মিছিল করবে কে ? এস সি, এস টি, মরবে কে ? এস সি, এস টি। কিন্তু তাদের জন্য টাকা বরাদ্দ করেন না। আবার বামফ্রন্ট সরকার বলে যে আমরা গরিব মানুষের সরকার। আবার বলে যে আমরা ও বি সিদের কল্যাণ করছি। আমার অনেক বলার ছিল কিন্তু সময়ের অভাবে বলা হল না। তাই আজকে মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণরূপে বিরোধিতা করে আমার দলের আনা কাট-মোশানগুলোর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আজকে আমাদের ৪১ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে যে বাজেট উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী সদস্যদের আনা ছাঁটাই প্রস্তাব উদ্দেশ্যমূলকভাবে এখানে

এনেছেন তার বিরোধিতা করে আজকে বাজেট ভাষণের উপরে আমি কয়েকটি কথা বলতে চাই। বাকি বিষয় আমাদের মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন তিনি সে বিষয়ে বিস্তারিত বলবেন। প্রথমে আমি সরকারপক্ষের মাননীয় সদস্যদের অভিনন্দন জানাচ্ছি, বিরোধী সদস্যদেরও আমি ধন্যবাদ জানাচ্ছি তাঁরা আলোচনায় অংশগ্রহণ করেছেন এবং আজকে আমাদের এই যে বাজেট অনগ্রসর কল্যাণের বাজেট পেশ করা হয়েছে এই বাজেটের পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্যরা যে প্রস্তাব দিয়েছেন আগামীদিনে আমাদের দপ্তর পরিচালনা করার ক্ষেত্রে যথাসাধ্য গ্রহণ করার চেষ্টা করব। মাননীয় বিরোধীদলের সদস্যরা নিশ্চয়ই সুচিন্তিত মতামত দিয়েছেন সেগুলো নিশ্চয়ই আমরা দেখব কিন্তু আজকে এখানে বাজেট বক্তৃতার সময়ে অনেক দিনের সদস্য মাননীয় নস্কর মহাশয় তিনি কয়টি বিষয় বললেন। আমার ভালো হত যদি সেগুলো সুনির্দিষ্টভাবে বলতেন এবং তিনি বামফ্রন্ট সরকারকে আক্রমণ করে বক্তব্য রাখলেন। আমি মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই ২০০০ সালের ২৬শে এপ্রিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এল কে আদবানি বিভিন্ন রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিবৃতি দিয়েছিলেন।

[6.00—6.10 p.m.]

যে বিবৃতি দিয়েছিলেন তাতে দেখতে পাচ্ছি ১৯৯৯ সালে বিভিন্ন রাজ্যে তফসিলিভুক্ত লোকজনের উপর নির্যাতনের ক্ষেত্রে বি জে পি শাসিত রাজ্য উত্তরপ্রদেশ সবার উপরে, ১৭৯ জন খুন হয়। অন্ধ্রপ্রদেশে ২৬টি। নির্যাতনের মামলা ১৯৯৯ সালে উত্তরপ্রদেশে ৬১২২টি, তামিলনাড়ুতে ১৭৪৯টি। আদবানীজির বিবৃতিতে রয়েছে ওই সময় পশ্চিমবঙ্গের আদিবাসীদের উপর নির্যাতনের একটা ঘটনাও ঘটেনি।

(হইচই)

পশ্চিমবঙ্গে তফসিলিদের উপর কোনও নির্যাতনের ঘটনা নেই এই হচ্ছে ব্যাপার। ১৯৭৬-৭৭ সালে কংগ্রেসের সময় পশ্চিমবঙ্গে আদিবাসী উন্নয়ন যে দপ্তর ছিল তার বাজেট ছিল ৬ কোটি ৮৭ লক্ষ টাকা মাত্র। কিন্তু বর্তমানে আদিবাসী অনগ্রসর কল্যাণ দপ্তরের বাজেট হচ্ছে ৪০৬ কোটি ১৮ লক্ষ টাকা। এটা মাননীয় সদস্যদের একটু স্মরণ করিয়ে দিতে চাই, আর আপনারা এখানে কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। পশ্চিমবঙ্গে যষ্ঠ বামফ্রন্ট তফসিলি জাতি সংরক্ষিত ৫৭টি আসনের মধ্যে ৪৭টি আসনই বামফ্রন্ট পেয়েছে, তফসিলি জাতি সংরক্ষিত ১৭টি আসনের মধ্যে ১৭টিই বামফ্রন্ট পেয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে আজকে এখানে আপনারা কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন।

(হইচই)

মাননীয় নস্করবাবু বলেছেন ল্যাম্পসের ব্যাপারে। ১২১টি ল্যাম্পস আছে, ৩৮৮ জন স্টাফ আছে তার মধ্যে বর্তমানে ৩২৩ জন আছে এবং এখনও ৬৫ জনকে নিতে পারিনি। আগামী দিনে আমরা নিশ্চয় এই সদস্য সংখ্যা নেব। আমি মনে করি আপনারা জানেন এই ল্যাম্পস-এর মধ্যে দিয়ে প্রায় আড়াই লক্ষর বেশি আদিবাসী মানুষের সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আপনি শুধুমাত্র ওই সংখ্যাই দেখছেন। এই ফিনান্সিয়াল ইয়ারে কেন্দুপাতা সংগ্রহ করেছে ৫৯ লক্ষ টাকার মতো, সেখানে ৩০ হাজার ব্যাগ কালেকশান

করেছে। সার্বিকভাবে আদিবাসী উন্নয়নের প্রশ্নে আমরা দৃঢ়প্রতিজ্ঞ আমরা কাজ করছি। আর একটা বিষয় হচ্ছে আপনাদের অবগতির জন্য জানাতে চাই শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকার নাকি ঔদাসীন্য দেখাচ্ছে, অর্থাৎ আমাদের দপ্তর নাকি সেই ধরনের কাজ করছে না বলেছেন। আমি এই সম্পর্কে একটা তথ্য দিতে চাই। ১৯৭৭ সালে যেখানে ২৫ হাজার ১৪৩ জন পোস্ট মেট্রিক স্কলারশিপ পেতেন। সেখানে ২০০২ সালে ১ লক্ষ ৪৭ হাজার ৫৬৭ জন এস সি, এস টি ছেলেমেয়েকে মেরিট স্কলারশিপ দেওয়া হয়েছে। সামগ্রিকভাবে ১৯৭৭ সালে কেন্দ্রীয় হোস্টেল একটা ছিল। আমরা ৯৩টা কেন্দ্রীয় হোস্টেল পরিচালনা করছি। ৪০টা বর্তমানে করছি এবং বাকিগুলোও বিভিন্ন স্তরে আছে। আমরা আপনাদের একথা স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনাদের সময় স্কুল এটাচড এস সি/এস টি ছেলেমেয়ের সংখ্যা ছিল ১১,৬০০ জন। কিন্তু ২০০২ সাল পর্যন্ত আমরা ৭০ হাজার এস সি/এস টি ছেলেমেয়েকে পড়াশোনায় অংশগ্রহণ করাতে পেরেছি। এসবগুলো আপনারা ভুলে যাবেন না এবং আদিবাসী তফসিলি মানুষের উন্নয়নের নামে মায়াকান্না কাঁদবেন না। পশ্চিমবঙ্গে আজকে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে আদিবাসী, তফসিলি মানুষ ত্রিস্তর পঞ্চায়েতে অংশগ্রহণ করছে। ভূমি সংস্কার হয়েছে। আপনারা তাদের এক ছটাকও জমি দেননি। আজকে আমাদের এখানে যে ভূমি রয়েছে তার মধ্যে তফসিলি জাতির মানুষ ৫৬ শতাংশ ভূমি পেয়েছে। যাই হোক, আমার সময় শেষ হয়ে গেছে তাই আমি পুনরায় ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের ব্যয়-বরাদ্দকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী উপেন কিস্কু ঃ** মাননীয় বন্ধুদের অনুরোধ আজকে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হচ্ছে। সবচেয়ে পিছিয়ে পড়া অংশের মানুষের উন্নয়নের বিষয়ে আপনারা আলোচনা করেছেন। আপনাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আপনারা অনেকে মূল্যবান পরামর্শ দিয়েছেন, কিছু কিছু দুর্বলতার প্রশ্নে অঙ্গুলি নির্দেশ করেছেন। এর মধ্যে যে পরামর্শগুলো আমার পক্ষে গ্রহণ করা সম্ভব সেগুলো গ্রহণ করব। যে দুর্বলতাগুলোর দিকে আপনারা অঙ্গুলি নির্দেশ করেছেন আমরা চেষ্টা করব সমস্ত কর্মচারী, আধিকারিক বন্ধুদের সহায়তায় তা দূর করার জন্য। এখানে যে সমস্যার বিষয়ে প্রায় সব মাননীয় সদস্যই উল্লেখ করেছেন সেটা হচ্ছে কাস্ট সার্টিফিকেট। মাননীয় সদস্যদের বিনীতভাবে স্মরণ করিয়ে দিতে চাই এবং সকলেই জানেন, ভারত সরকারের নির্দেশ অনুসারে কাস্ট সার্টিফিকেট দেওয়ার দায়িত্ব ডি এম-র এবং তার পক্ষে এ ডি এম ও এস ডি ও এই কাস্ট সার্টিফিকেট দিয়ে থাকেন। আমরা এই ব্যাপারে দিল্লির সরকারের কাছে চিঠি লেখালেখির মধ্যে দিয়ে অনেক সরলীকরণ করেছি। ৮ সপ্তাহের মধ্যে এই সার্টিফিকেট দেওয়ার কথা। আমরা চেষ্টা করি বিভিন্ন জায়গার আধিকারিকদের সঙ্গে বসে, যদিও তারা আমাদের দপ্তরের অধীন আধিকারিক নন, তা সত্ত্বেও চেষ্টা করি দ্রুততার সঙ্গে সম্পন্ন করার জন্য। কারণ আমরা তাদের এডুকেশন, চাকরি প্রভৃতি নানা ক্ষেত্রে যে সুযোগ-সুবিধা দিচ্ছি তা পেতে হলে কাস্ট সার্টিফিকেট থাকা প্রয়োজন। সেই জন্য তারা যাতে তাদের কাস্ট সার্টিফিকেট দ্রুত পেতে পারে সেটা আমরা দেখছি। এক্ষেত্রে আগেও তাদের ক্যাম্প করে সার্টিফিকেট দেওয়া হয়েছে এবং প্রয়োজনে আগামীতেও করা যেতে পারে। আমরা চেষ্টা করছি সর্বশেষ দরখাস্ত করার ১৫ দিনের মধ্যে একটা খোলামেলা

এনকোয়ারি করতে হবে। এবং ১৫ দিনের মধ্যে সেই এনকোয়ারি হয়ে গেলে বা না হলে কি করতে হবে সেটা বলা আছে। বেশিরভাগই হয়ে যাচ্ছে। এছাড়া, বিভিন্ন জায়গায়, বর্ডার এরিয়ায় গোড়ার দিকে কিছু সমস্যা হয়। তবে আমরা চেষ্টা করছি একটা টাইম বাউন্ড প্রোগ্রামের মাধ্যমে দ্রুততার সাথে তাদের হাতে সার্টিফিকেট পৌঁছে দিতে।

অন্য যে বিষয়গুলো এসেছে তার মধ্যে যোগরঞ্জন হালদার মহাশয় '৩০ শতাংশ হচ্ছে' ইত্যাদি কি বললেন কিছু বুঝলাম না। উনি ভালোভাবে খোঁজ নিলে দেখবেন, দিল্লিতে জনসংখ্যা অনুযায়ী সব টাকা খরচ হয়—তা নয়।

[6.10—6.20 p.m.]

আমাদের স্বাস্থ্য বিভাগ আছে, শিক্ষা বিভাগ আছে, পি ডাব্লু ডি আছে, বিদ্যুৎ বিভাগ আছে, সেচ বিভাগ আছে, সকলেই উন্নয়ন করে, আদিবাসী তফসিলিরাও তার সুযোগ পায়। যেখানে ফাঁক আছে, যেখানে গ্যাপ থাকে সেটা ফিল-আপ করার জন্য আমার দপ্তর কাজ করে থাকে। তাহলে সে ক্ষেত্রে সেই উন্নয়নটাও, তার ভাগও তাঁরা পান, আর যেখানে ফাঁক থেকে যায় সেই ফাঁক-ফোকরগুলো পূরণ করার জন্য, এস সি, এস টি এবং ও বি সিদের উপর বিশেষভাবে নজর দেওয়ার জন্য, বাড়তি সুযোগ-সুবিধা দেওয়ার জন্য এভাবে আমরা এই কাজটা করে চলেছি এবং স্বাভাবিকভাবে আপনারা পশ্চিমবঙ্গে ভূমিসংস্কারের কথা স্বীকার করবেন। ভূমিসংস্কারের কথা অনেক মাননীয় সদস্যই বলেছেন। এই ভূমিসংস্কারের মধ্যে দিয়ে সব থেকে বেশি তফসিলি জাতি এবং আদিবাসী মানুষরা যাঁরা জমির সঙ্গে যুক্ত তাঁরা সব থেকে বেশি উপকৃত হয়েছে। এবং তার মধ্যে আজকে তাঁদের জীবনবোধ বদলে গেছে, তার জন্য শিক্ষার অঙ্গনে সব থেকে বেশি তফসিলি জাতি, আদিবাসী এবং ও বি সি সম্প্রদায়ের ছেলেমেয়েরাা পশ্চিমবঙ্গের স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়গুলো ভরিয়ে তুলেছে। ভারতবর্ষের অন্য যে কোনও জায়গা থেকে এটা উল্লেখযোগ্য। আমি আপনাকে একটা তথ্য দিতে পারি—আজকে আদিবাসীদের ক্ষেত্রে যারা সব থেকে পিছনে পড়ে আছে সেই আদিবাসী ছেলেমেয়েরা এবারে মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে ৪২ পারসেন্ট এবং এবারে মাধ্যমিক পরীক্ষায় তফসিলি জাতির ছেলেমেয়েরা পাশ করেছে ৫৭.৬৬ পারসেন্ট এবং এর মধ্যে এবারে তফসিলি জাতির ছেলেমেয়ে যারা এবারে মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে তাদের মধ্যে ফার্স্ট ডিভিশনে পাশ করার সংখ্যা হল ৮৭৭৮ জন, এবং আদিবাসী ছেলেমেয়ে যারা এবারে মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে তাদের মধ্যে ফার্স্ট ডিভিশনে পাশ করার সংখ্যা হল ৬,৬০২ জন। গর্বে বুকটা আমার ভরে যায়। আমরা জানি অনেক সমস্যা আছে, কিন্তু এই যে অগ্রগতি ঘটছে এটা তো রিজার্ভেসানের মধ্যে দিয়ে হচ্ছে না, অন্যান্য সুযোগ-সুবিধাগুলো তারা পেয়েছে এবং সেগুলো পাওয়ার পর এই অগ্রগতি ঘটছে। হ্যাঁ, আরও আমাদের এগোতে হবে, যা আমরা করেছি তাতে আমরা সন্তুষ্ট নই, আরও বহু ছেলেমেয়েকে সময়ে বুক-গ্রান্ট পৌঁছে দিতে পারলে, সময়ে স্টাইপেন্ড দিতে পারলে, আরও বেশি ছেলেমেয়েকে কভারেজ দিতে পারলে আরও অগ্রগতি ঘটত। এই দিকে আমরা অগ্রসর হচ্ছি। আমাদের গতি এই দিকে। আমাদের শম্ভুদা বলার সময় বলেছেন যে, বিগত ১৯৬১ থেকে ১৯৭১-এর মধ্যে আদিবাসীদের মধ্যে ৬.৫৫ থেকে ৮.৯২ অর্থাৎ ১০ বছরে মাত্র আড়াই

পারসেন্ট লিটারেসি বেড়েছিল, ১৯৭১ থেকে ১৯৮১ পর্যন্ত আদিবাসীদের মধ্যে মাত্র ৫ ভাগ লিটারেসি রেট বেড়েছে, ১৯৮১ থেকে ১৯৯১ আদিবাসীদের মধ্যে লিটারেসি রেট ১৩.২১ থেকে ২৭.৭৮ হয়েছে, ডাবল্ থেকেও বেশি। আমাদের গতিটা অনেক বেশি, ২০০১ সালের রিপোর্ট যখন পাব তখন দেখবেন সেটা ৫৫ ভাগের কাছাকাছি চলে যাবে। এখনও সেই তথ্যটা আমরা পাইনি, তাহলে বুঝতে পারছেন আমরা জেনারেল অ্যাভারেজ, ভারতবর্ষের যে গড় লিটারেসি রেট সেটাকে আমরা দ্রুত ধরে ফেলতে পারবো। এখন আমাদের অনেক কিছু করণীয় আছে, সেজন্য আমরা সকলের সহযোগিতা চাইছি।

**মি. ডেপুটি স্পীকার ঃ** আমাদের সময় শেষ হয়ে গিয়েছে, সেজন্য আমরা আরও ৩০ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

**শ্রী উপেন কিস্কু ঃ** মাননীয় নেপালবাবু সার্টিফিকেটের কথা বলেছেন, আমি সে ব্যাপারে বলি যে, হ্যাঁ, সে ব্যাপারে আমরা স্পেশাল প্ল্যান ইস্যু করেছি। দেরিতে হলেও তো হচ্ছে। আপনারা যাঁদের বন্ধু বলে মনে করছেন, ১৯৮০ সালে মণ্ডল কমিশনের রিপোর্ট পেশ হয়েছিল, ১৯৯০ সাল পর্যন্ত সেটা ধামাচাপা ছিল, তখন তো আপনারা দরদ দেখাননি। এখন দরদ দেখাচ্ছেন ও বি সিদের জন্য। আজকে আমরা সেই কাজ করার চেষ্টা করছি, শুরু করতে কিছুটা সমস্যা আঁছে, কিছু দেরি হচ্ছে। সার্টিফিকেটের প্রশ্নে যে কাজটা, সেটার নির্দেশ গেছে, সেটা আপনি স্বীকার করেছেন। আমাদের মেরিট ক্যাটাগরির কথা বলেছেন, আমাদের পরিষ্কার নির্দেশ আছে যে, এস সি, এস টি এবং ও বি সি যাঁরা মেরিট ক্যাটাগরিতে আসবেন তাঁরা সংরক্ষণের মধ্যে পড়বেন না, সেগুলো সাধারণ শ্রেণীভুক্ত হবেন, তার বাইরে যাঁরা তাঁরা রিজার্ভেসানের সুযোগ পাবেন। এটা হচ্ছে পরিষ্কার নির্দেশ। কোনও জায়গায় যদি ইনটেনশনালি কেউ এটা ভায়োলেট করে তাহলে আমাদের নজরে আনবেন, আমাদের আধিকারিক আছেন, আমরা বিশেষ আধিকারিক নিয়োগ করেছি, আমাদের সেই ইন্সপেক্টর আছেন তাঁরা খোঁজখবর নিয়ে যদি দেখেন যে, কেউ আইন লঙ্ঘন করেছেন, তাহলে আইন অনুযায়ী তার শাস্তির ব্যবস্থা আছে। আমি আপনাদের অবগতির জন্য জানাতে চাই যে, এখানে অনেকে বলেছেন যে, অনেক সম্প্রদায়কে নাকি ও বি সি সম্প্রদায়ভুক্ত করা হয়নি। কেন্দ্রীয় সরকার কিছুটা করেছে, সবটা পূরণ করেনি। আমরা ৬২টা সম্প্রদায়কে ও বি সি সম্প্রদায়ভুক্ত করেছি। কিন্তু কেন্দ্রীয় সরকার ৬২টার মধ্যে ৫৪টা গ্রহণ করেছে। আমরা যাদের ও বি সি ভুক্ত করেছি সেরকম ৮টা সম্প্রদায়কে কেন্দ্রীয় সরকার এখনো করেনি। অথচ বিরোধী দলের সদস্যদের একজনও কেউ সে কথা বললেন না। আমরা সুপারিশ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাচ্ছি, কিন্তু ওরা সব মানছে না। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, আরো ৮টা সম্প্রদায়কে এস সি ; এস টি ভুক্ত করার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। বিভিন্ন সম্প্রদায় সম্পর্কে গবেষণার জন্য আমাদের কালচারাল রিসার্চ ইন্সটিটিউট আছে। সেখানে আমরা কাগজ-পত্র ধরে ধরে পর্যালোচনা করে দেখি এবং যে সম্প্রদায়গুলি সম্বন্ধে আমাদের মনে হয় সত্যিই শিক্ষা, সংস্কৃতি, অর্থনীতি এবং সামাজিক দিক দিয়ে পিছিয়ে পড়ে আছে সে সমস্ত সম্প্রদায়ের নাম সুপারিশ করে আমরা দিল্লির কাছে পাঠাই—গ্রহণ করা, না করা দিল্লির সরকারের ব্যাপার। সেটা নিশ্চয়ই আমাদের দায়িত্ব নয়।

আগামী দিনে যেগুলো আপনারা আমাদের কাছে আনবেন সেগুলো নিশ্চয়ই আমরা বিচার বিবেচনা করে দেখব। অবশ্য আমি একটা কথা আপনাদের বলতে পারি সারা দেশে পশ্চিমবাংলাই একমাত্র রাজ্য যেখানে এই সমস্ত পিছিয়ে পড়া সম্প্রদায়ের মানুষরা ক্রমশ সামনের সারিতে এগিয়ে আসছে। অর্থনৈতিক দিক দিয়ে, বিভিন্ন শিক্ষার দিক দিয়ে, প্রযুক্তিগত শিক্ষা—প্রশিক্ষণের দিক দিয়ে এরা ক্রমশ এগিয়ে আসছে। অথচ উড়িষ্যায় আদিবাসীরা আমের আঁটি খেয়ে মারা যাচ্ছে। আর একটা কংগ্রেস শাসিত রাজ্যের আদিবাসী মানুষরা বিষাক্ত পশু মাংস খেয়ে মারা যাচ্ছে। রাজ্যটি হল ছত্রিশগড়। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় না এলে পশ্চিমবাংলার আদিবাসীদের অবস্থাও উড়িষ্যা এবং ছত্রিশগড়ের মতোই হত। পশ্চিমবাংলায় বামফ্রন্ট এসেছে বলেই, ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে বলেই পশ্চিমবাংলার তফসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের পিছিয়ে পড়া মানুষরা মাথা উঁচু করে বেঁচে থাকার সুযোগ পেয়েছে। এখনো তাদের জীবনে অনেক সমস্যা আছে, কিন্তু তারা একটু একটু করে উন্নয়নের পথে এগিয়ে আসছে। বামফ্রন্ট সরকার গ্রামোন্নয়নের কাজে হাত লাগিয়ে আদিবাসী মানুষদের প্রকৃত মানুষের মর্যদায় প্রতিষ্ঠিত করেছে। তাদের মধ্যে অধিকার, মর্যাদা এবং জীবনবোধ সৃষ্টি হয়েছে। ফলে আজকে তারা সমস্ত রকম শোষণ, বঞ্চনার বিরুদ্ধে সঠিক চিন্তা-ভাবনা নিয়ে সামনের সারিতে দাঁড়িয়ে লড়াই করছে, আন্দোলন করছে। সেজন্য আজ আর পশ্চিমবাংলায় জোত্‌দার, জমিদাররা আদিবাসীদের ওপর নির্যাতন করার সাহস পায় না। বামফ্রন্ট রাজত্বের এই সুফল পশ্চিমবাংলার আদিবাসী মানুষ পেয়েছে। অন্যান্য শ্রেণীর গণতান্ত্রিক মানুষের সহযোগিতা নিয়ে আদিবাসীরা এগিয়ে চলেছে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলি, এখানে একটা কাট-মোশান আনা হয়েছে গাইঘাটা এবং হীরাপুর এলাকা নিয়ে। এ প্রস্তাবগুলো আমাদের দপ্তরের কাছে সুনির্দিষ্টভাবে পাঠানো হলে আমরা নিশ্চয়ই বিবেচনা করে দেখবো এবং প্রয়োজনে গ্রহণ করব। হীরাপুর এলাকা মিউনিসিপ্যাল কর্পোরেশনভুক্ত হয়েছে। সেখানকার বিষয়গুলো আমাদের কাছে নির্দিষ্ট আকারে এলে আমরা দেখবো। আর যেসব কাট-মোশানগুলো এখানে আনা হয়েছে সেগুলোর কোনও ভিত্তি নেই। সেগুলো একটু ভাল করে পড়াশুনা করে দিলে ভাল হত। ফলে আমি সবকটি কাট-মোশানেরই বিরোধিতা করছি। এস সি, এস টি মানুষদের উন্নয়নের জন্য আপনাদের সকলের সহযোগিতা চাইছি। এই কটি কথা বলে সরকার পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য গ্রহণ করে, বিরোধীদের বক্তব্যের বিরোধিতা করে, আমাদের দপ্তরের কাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য আর একবার সকলের সহযোগিতা কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 41**

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 406,18,38,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "2202—General Education (Tribal Areas Sub-Plan),

2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2217—Urban Development (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2230—Labour & Employment (Tribal Areas Sub-Plan), 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Excluding Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Horticulture and Vegitable Crops (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2404—Dairy Development (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2505—Rural Employment (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 2852—Industries (Food and Beverages) (Tribal Areas Sub-Plan), 3425—Other Scientific Research (Tribal Areas Sub-Plan), 4202—Capital Outlay on Education, Sports Art & Culture (Tribal Areas Sub-Plan), 4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 4216—Capital Outlay on Housing (Tribal Areas Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Outlay on Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings & Horticulture and Vegetable Crops) (Tribal Areas Sub-Plan), 4403—Capital Outlay on Animal Husbandary (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4406—Capital Outlay on Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agriculture Programmes (Tribal Areas Sub-Plan), 4575—Capital Outlay on Other

pecial Areas Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital )utlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital )utlay on Command Area Development (Tribal Areas Sub-Plan), 054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-'lan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled 'ribes and Other Backward Classes (Tribal Areas Sub-Plan), 6250—,oans for Other Social Services (Tribal Areas Sub-Plan) and 6425—.oans for Co-operation (Tribal Areas Sub-Plan)" during the year .002-2003.

(This is inclusive of a total sum of Rs. 149,05,38,000 already voted on account in March, 2002) were then put & agreed to

### Adjournment

[he House were adjourned at 6.26 p.m. till 11.00 a.m. on Tuesday, he 18th June, 2002, at the Assembly House, Kolkata.

# INDEX TO THE
## West Bengal Legislative Assembly Proceedings (Official Report)

**Vol : 120, No. III (Hundred and Twenteeth Session)**
**(February to July, 2002)**

(The 7th, 10th, 11th, 12th, 13th, 14th and 17th June, 2002)

ADJOURNMENT MOTION (NOTICE)
PP-25-26, 123-125, 205-207, 316-317, 419-420 and 502-503

**BILL**

THE WEST BENGAL PRIMARY EDUCATION (AMENDMENT) BILL, 2002 / PP-49-63
by—Shri Asutosh Mukherjee / PP-50-51
by—Shri Debaprasad Sarkar / PP-60-61
by—Shri Kalyan Banerjee / PP-55-59
by—Shri Kanti Biswas / PP-61-63
by—Shri Nirmal Das / PP-54-55
by—Shri Pankaj Banerjee / PP-51-54
by—Shri Purnendu Sengupta / PP-59-60

THE RABINDRA MUKTA VIDYALAYA (AMENDMENT) BILL, 2002 / PP-63-76
by—Shri Kanti Biswas / PP-73-76
by—Shri Kashinath Mishra / PP-71-73
by—Shri Mursalin Molla / PP-68-70
by—Shri Saugata Roy / PP-64-68
by—Shri Subhas Goswami / PP-70-71

THE WEST BENGAL LAND REFORMS AND TENANCY TRIBUNAL (AMENDMENT) BILL, 2002 / PP-147-168
by—Shri Abdur Razzak Molla / PP-165-168
by—Shri Arunava Ghosh / PP-160-162
by—Shri Asit Mitra / PP-158-159
by—Shri Kalyan Banerjee / PP-147-151
by—Shri Nirmal Das / PP-159-160
by—Shri Purnendu Sengupta / PP-162-163
by—Shri Ranjit Kundu / PP-153-154,156-157
by—Shri Saugata Roy / PP-163-165

**CALLING ATTENTION** (NOTICE)
PP-47-48, 125-126, 207-208, 317-318, 420-421, 503-504
by—Shri Pankaj Banerjee / PP-504-506
**DEMAND FOR GRANTS, DEMAND NO. 4**
**(Related to Judicial Department)** / PP-169-186
by—Shri Abdul Mannan / PP-181-184
by—Shri Arunava Ghosh / PP-169-171
by—Shri Bhaktipada Ghosh / PP-175-176
by—Shri Dhananjoy Modak / PP-178-179
by—Shri Kalyan Banerjee / PP-179-181
by—Shri Moloy Ghatak / PP-176-178
by—Shri Mostaque Alam / PP-173-175
by—Shri Nisith Adhikary / PP-184-186
by—Shri Shamsul Islam Mollah / PP-171-173
**DEMAND FOR GRANTS, DEMAND NO. 7 & 61**
**(Related to Land & Land Reforms Department)** / PP-442-482
by—Shri Abdur Razzak Molla / PP-475-481
by—Shri Arup Bhadra / PP-457-459
by—Shri Asit Mitra / PP-443-445
by—Shri Debaprasad Sarkar / PP-463-465
by—Shri Dipak Kumar Ghosh / PP-471-475
by—Shri Gobinda Chandra Naskar / PP-447-450
by—Shri Sk. Illias Mohammad / PP-459-460
by—Shri Kartick Chandra Bag / PP-461-463
by—Shri Kashinath Misra / PP-467-470
by—Shri Krishna Prasad Duley / PP-465-467
by—Shri Mostaque Alam / PP-452-454
by—Shri Nirmal Chandra Mondal / PP-460-461
by—Shri Paresh Chandra Adhikary / PP-450-452
by—Shri Tamser Ali / PP-445-447
by—Shri Tanmoy Mondal / PP-470-471
by—Shri Tapan Hore / PP-454-457
**DEMAND FOR GRANTS, DEMAND NO. 21**
**Related to Home (Police) Department** / PP-337-399
by—Shri Abu Tahar Khan / PP-357-359
by—Shri Ajit Bhunia / PP-369-371

by—Shri Asit Mitra / PP-348-352
by—Shri Brahmamoy Nanda / PP-364
by—Shri Buddhadev Bhattacharya / PP-382-390
by—Shri Chowdhury Mohan Jatua / PP-364-365
by—Shri Debaprasad Sarkar / PP-372-374
by—Shri Lakshmi Kanta Roy / PP-371-372
by—Shri Moinul Hoque / PP-356-357
by—Shri Mustaque Alam / PP-367-368
by—Shri Najmul Hoque / PP-361-363
by—Shri Nirbed Roy / PP-374-376
by—Shri Nripendranath Roy / PP-352-353
by—Shri Pankaj Banerjee / PP-338-343
by—Shri Pundarikakshya Saha / PP-360-361
by—Shri Purnendu Sengupta / PP-359-360
by—Shri Rabin Deb / PP-343-348
by—Shri Rampada Samanta / PP-368-369
by—Shri Saugata Roy / PP-376-379
by—Shri Subhas Naskar / PP-353-356
by—Shri Subrata Basu / PP-366-367
by—Shri Tapas Roy / PP-379-382

**DEMAND FOR GRANTS, DEMAND Nos.** 24, 53, 75, 76, 87, 93, 94, 95, 96, 97, 74, 92, 56

**(Related to Commerce & Industries Department, Industrial Reconstruction Department, Public Enterprises Department and Food Processing & Horticulture Department)** / PP-221-280

by—Shri Abu Hasen Khan Chowdhury / PP-259-260
by—Shri Apurba Mukherjee / PP-241-243
by—Shri Arjun Singh / PP-251-252
by—Shri Asit Mal / PP-236-238
by—Shri Bhaktaram Pan / PP-249-250
by—Shri Dipak Chandra Sarkar / PP-254-256
by—Shri Mehbub Mondal / PP-235-236
by—Shri Mostaque Alam / PP-260-262
by—Shri Nirmal Das / PP-238-241
by—Shri Nirmal Ghosh / PP-247-249
by—Shri Nirupam Sen / PP-268-276
by—Shri Pankaj Banerjee / PP-232-235
by—Shri Partha Chatterjee / PP-224-229

by—Shri Pelab Kabi / PP-245-247
by—Shri Sailen Sarkar / PP-265-268
by—Shri Samar Roy / PP-252-254
by—Shri Saugata Roy / PP-262-265
by—Shri Sk. Illias Mohammad / PP-243-245
by—Shri Sobhandeb Chattopadhyay / PP-256-258
by—Shri Sunil Ghosh / PP-229-232

**DEMAND FOR GRANTS : DEMAND Nos.** 25 & 79

**(Related to Public Works Department)** / PP-518-556

by—Shri Ajoy Dey / PP-526-528
by—Shri Amar Chowdhury / PP-550-555
by—Dr. Asish Banerjee / PP-530-531
by—Shri Bhutnath Soren / PP-538-539
by—Shri Id. Mohammad / PP-531-533
by—Shri Kashinath Mishra / PP-546-550
by—Shri Khitiranjan Mondal / PP-524-526
by—Shri Nirmal Ghosh / PP-542-545
by—Shri Pramatha Nath Roy / PP-539-541
by—Shri Rabindra Ghosh / PP-528-529
by—Shri Rabindranath Chatterjee / PP-533-536
by—Shri Ratan Das / PP-541-542
by—Shri Samar Hazra / PP-545-546
by—Shri Saugata Roy / PP-519-524
by—Shri Sk. Ilias Mohammad / PP-536-537

**DEMAND FOR GRANTS : DEMAND No.** 41

**(Related to Backward Classes Welfare Department)** / PP-557-579

by—Smt. Bilasi Bala Sahis / PP-572-574
by—Shri Chowdhury Mohan Jatua / PP-564-566
by—Shri Gobinda Chandra Naskar / PP-557-559
by—Shri Jagaranjan Haldar / PP-571-572
by—Shri Kirity Bagdi / PP-569-570
by—Shri Mehbub Mondal / PP-563-564
by—Shri Narmada Chandra Roy / PP-566-567
by—Shri Nepal Mahato / PP-567-569
by—Shri Paban Kumar Lakra / PP-561-563
by—Shri Sambhu Nath Mandi / PP-559-561

by—Shri Sital Sardar / PP-570-571
by—Shri Upen Kisku / PP-574-577

**DEMAND FOR GRANTS :**

**DEMAND No.** 51

**(Related to Fisheries Department)** / PP-425-442

by—Shri Asit Mitrá / PP-432-434
by—Shri Debaprasad Sarkar / PP-429-431
by—Shri Dhananjoy Modak / PP-434-435
by—Shri Jyotirmoy Kar / PP-425-428
by—Shri Kiranmoy Nanda / PP-435-441
by—Shri Rishi Haldar / PP-428-429
by—Shri Sailen Mondal / PP-431-432

DISCUSSION ON ADJOURNMENTS MOTION

**Regarding Non-Purcharsing of Targeted Quantity of Paddy at the Minimum Support Price by State Govt.**
**(moved by Shri Abdul Mannan on 10.6.02)** / PP-27-47

by—Shri Abdul Mannan / PP-46-47
by—Shri Dr. Asim Kumar Dasgupta / PP-38-42
by—Shri Asit Mitra / PP-35-38
by—Shri Deba Prasad Sarkar / PP-42-43
by—Shri Dipak Ghosh / PP-30-31
by—Shri Gobinda Chandra Naskar / PP-31-34
by—Shri Kamal Guha / PP-28-30
by—Shri Purnendu Sengupta / PP-43-44
by—Shri Sobhandev Chattopadhyay / PP-44-46
by—Shri Tapan Hore / PP-34-35

GOVERNOR'S REPLY TO THE ADDRESS. / P-25

LAYING OF NOTIFICATION.

**Amendent to Delimitation of Parliamentary and Assembly Constituencies Order, 1976.**

by—Shri Prabadh Chandra Sinha / P-320

LAYING OF REPORT

**Annual Budget of the Damodar Valley Corporation, (2002-03)**

by—Shri Amalendra Lal Roy / P-49

**Annual Report and Audit Report of the Damodar Valley Corporation for the year 2000-2001**
by—Shri Prabodh Chandra Sinha / P-210
**Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2000-2001**
by—Shri Prabodh Chandra Sinha / P-210
**Audit Report on the Accounts of the Kolkàta State Transport Corporation for the years 1996-97 and 1997-98.** / P-504

LAYING OF RULES.
**The West Bengal Wakf Rules, 2001**
by—Shri Prabodah Chandra Sinha / P-49
**Amemdent to the West Bengal Municipal (Internal Audit) Rules, 1997.**
by—Shri Ashok Bhattacharya / P-319
**Amemdent to the West Bengal Panchayat (Gram Panchayat Administration) Rules, 1981**
by—Shri Prabodh Chandra Sinha / P-209

MENTION CASE
PP-128-141, 210-218, 320-332, 421-425 and 507-514

*PP-128-141'*
**Regarding Financial constrains of State Exchequer**
by—Shri Abdul Mannan / PP-132-133
**Regarding Protection against erosion of Ganga embankment at Murshidabad**
by—Shri Abu Taher Khan / P-140-141
**Regarding revision of B. P. L. List**
by—Shri Ajoy Dey / P-128
**Regarding repair of 'Chhawfuke' at Rampurhat areas**
by—Dr. Asish Banerjee / PP-128-129
**Regarding scarcity of A.R.V. at Rampurhat Sub-Divisional Hospital**
by—Shri Asit Kumar Mal / PP-133-134
**Regarding inclusion of Kolaghat & Mecheda in Municipality**
by—Shri Chittaranjan Dasthakur / P-131

**Regarding Income Certificate for Railway monthly Ticket worth Rs. 25/-**

by—Shri Deba Prasad Sarkar / P-129

**Regarding problems in conversion of Agricultural Land to Bastu one**

by—Shri Dipak Chandra Sarkar / P-137

**Regarding atrocities by Police on some Political Party Suporters**

by—Shri Dipak Kumar Ghosh / PP-135-136

**Regarding anomaly in the Publication of results of Madhyamik Examination, 2002**

by—Shri Govinda Chandra Naskar / PP-136-137

**Regarding Protection against erosion of Ganga embankment from Farakka to Jalangi**

by—Shri Golam Kibria Mia / P-141

**Regarding Deployment of Doctors at Primary Hospitals in Suti, Block-I & II**

by—Shri Jane Alam Mian / P-140

**Regarding Admission Problem in H. S. Course**

by—Shri Jyotirmoy Kar / P-131

**Regarding implementation of River Lift Irrigation (R.L.I.) Scheme at Bankura**

by—Shri Kashinath Mishra / -132

**Regarding erosion of 'River Bandh' at Kakdwip**

by—Shri Manturam Pakhira / PP-137-138

**Regarding admission problem in H. S. Course at Asonsol**

by—Shri Moloy Ghatak / P-134

**Regarding Repair of Jhalda—Tulin Road**

by—Shri Nepal Mahato / PP-134

**Regarding Financial assistance to the affected peoples for Ganga erosion**

by—Shri Niamat Sk. / PP-136

**Regarding declaring Aliporeduar as a separate District**

by—Shri Nirmal Das / PP-129-130

**Regarding taking initiative for closer of 42 industries by the State Government**

by—Shri Nirmal Ghosh / P-140

**Regarding Construction of 'Bandh' at Andhabarighat Kazlikura etc. areas in Sitai at Cooch Behar**

by—Shri Nripendra Nath Roy / P-138

**Regarding sit-on-strike of a political party for the problem of Madhyamik Candidates**

by—Shri Pankaj Banerjee / PP-138-139

**Regarding agricultural loss for hail storm in Karimpur-I panchayat areas.**

by—Shri Prafulla Kumar Bhowmick / P-128

**Regarding demand for taking adequate steps for amendment of Bonus Act in farour of Jute Mill workers**

by—Shri Purnendu Sengupta / P-139

**Regarding Non-ultilistion of development fund in Uluberia-I Panchayat Samity**

by—Shri Rabindra Ghosh / P-135

**Regarding admission problems in H.S. Course at Daihat area**

by—Shri Rabindra Nath Chatterjee / P-139

**Regarding reported terrorist threat in Writer's Buildings**

by—Shri Saugata Roy / PP-130-131

**Regarding removal of antiques from Darjeeling Raj Bhavan**

by—Smt. Shanta Chhetri / P-139

**Regarding Problem of Bolepur Sub-Divisional Hospital**

by—Shri Tapan Hore / P-134

*PP-210-218*

**Regarding Publication of Mackancy Report regarding development of Cultivation**

by—Shri Abdul Mannan / PP-216-217

**Regarding Admission problem faced by the Madhyamik passed students**

by—Shri Ashok Kumar Deb / P-218

**Regarding Repair of river bandh on the sides of the Brahmoni and Dwarka in Birbhum District**

by—Shri Asit Kumar Mal / P-210

**Regarding Appointment of Doctor to Sagar Rural Hospital**

by—Shri Bankim Chandra Hazra / P-215

**Regarding Extension of time for Correction of B.P.L. List**
by—Shri Banshi Badan Maitra / P-212
**Regarding Irregular supply of Kerosene Oil in two block areas in Midnapore District**
by—Shri Bhutnath Saren / P-215
**Regarding Setting up of a new Registration office at Debgram in Kaliganj A. C. areas**
by—Shri Dhananjoy Modak / P-218
**Regarding Atrocities by B.S.F. People**
by—Shri Dipak Chandra Sarkar / P-217
**Regarding Delay allotment the area Development Fundfor MLA**
by—Shri Dipak Kumar Ghosh / P-213
**Regarding Atrocities of the Villagers in home of Manashapukur under canning P.S. by Miscreants**
by—Shri Gobinda Chandra Naskar / P-214
**Regarding Flood control measure for the rivers like Banshl O Pagla Chandi etc. in Murshidabad district**
by—Shri Jane Alam Main / P-217
**Regarding Repair of Bandh on the River Ajoy**
by—Shri Kartick Bag / PP-212-213
**Regarding Mythen Gas at Kalidaspur area in Bankura District**
by—Shri Kashinath Mishra / PP-211-212
**Regarding Problems faced by some Tea Garden Laboures in Madarihat A.C. areas**
by—Smt. Kumari Kunjur / P-218
**Regarding Upgradation of Pandaveswar Rural Health Centre**
by—Shri Madan Bauri / P-215
**Regarding Drinking water crisis in Hirapur A.C. areas**
by—Shri Moloy Ghatak / P-211
**Regarding Erosion of the Bhairav river**
by—Shri Niamot Sk. / P-217
**Regarding Jaigaon Development Authority**
by—Shri Nirmal Das / P-211

**Regarding Upgradation of Setai Primary Health Centre**

by—Shri Nripendra Nath Roy / P-218

**Regarding Delay in taking steps to purchase 525 acre of Lands on West Midnapore by Birla Industry authority**

by—Shri Purnendu Sengupta / P-210

**Regarding Problem of Jute industry workers**

by—Shri Rabindra Ghosh / P-216

**Regarding Approval of Burn Unit in District Hospital**

by—Dr. Ratna De (Nag) / P-212

**Regarding Admission problem in H.S. Course in Kanksa A.C. areas.**

by—Shri Saresh Ankure / P-214

**Regarding Proposed agitation among Teachers**

by—Shri Saugata Roy / PP-215-216

**Regarding Issue of Basumati Patrika from Kolkata and its Future**

by—Shri Sobhan Deb Chattopadhyay / PP-213-214

**Regarding Power Supply to Bhatar A.C. arears**

by—Shri Subhas Mondal / P-213

*PP-320-332*

**Regarding Collection of excess land Revenues from the marginal farmers**

by—Shri Abdul Mannan / P-330

**Regarding Onion stoing problems at Noada area in Murshidabad District**

by—Shri Abu Taher Khan / P-320

**Regarding Teghari Hospital**

by—Shri Abul Hasnat / P-322

**Regarding Reconstruction of damaged Charial Bridge in Budge Budge A. C. areas.**

by—Shri Ashok Deb / PP-330-331

**Regarding Telecating of the World-cup Footbal matches through Dooradarshan**

by—Shri Asit Mitra / P-324

**Regarding Opening of Employment Exchange at Bhangar**
by—Shri Badal Zamadar / P-325-326
**Regarding Telephone Facilities in Nayagram Block areas**
by—Shri Bhutnath Soren / P-330
**Regarding Water Logging problem in Taltola Constituency areas**
by—Shri Debesh Das / P-328
**Regarding Ensuing election of Haldia Municipality**
by—Shri Dipak Kumar Ghosh / P-320-321
**Regarding Law and Order Problems at Bhangore P.S. areas**
by—Shri Gobinda Chandra Naskar / PP-327-328
**Regarding Malpractise in the by—election of Howrah Corporation**
by—Shri Jatu Lahiri / PP-331-332
**Regarding Power theft problems**
by—Shri Jotirmoy Kar / PP-322-323
**Regarding Development of Asansol Sub-Division area**
by—Shri Kalyan Banerjee / P-322
**Regarding Introduction of Santi Committees / Thana Committees in the State**
by—Shri Kamal Mukherjee / P-325
**Regarding Cancellation of Balagarh C.E.S.C. Power Station and Gouripur Power Project**
by—Shri Kashinath Mishra / P-323
**Regarding Kakdeep Sub-Divisional Hospital**
by—Shri Mantu Ram Pakhira / PP-326-327
**Regarding Withdrawal of H.S. course from Colleges**
by—Shri Maya Rani Pal / P-326
**Regarding Problems faced by workers of Kanoria Jute Mill**
by—Shri Mohan Mondal / PP-329-330
**Regarding Revision of BPL List**
by—Shri Mostaque Alam / P-329
**Regarding Law and Order situation at Hariharpara P.S. area**
by—Shri Niamat Sk. / P-331
**Regarding Upgradation of different Hospitals is Durgapur areas**
by—Shri Nirmal Das / P-325

**Regarding Financial Assistance to Rishi Rajnarayan Basu Library at Medinipur**

by—Shri Purnendu Sengupta / P-324

**Regarding Renovation of Uluberia Rabindra Bhawan**

by—Shri Rabindra Ghosh / P-326

**Regarding Augmentation of Supply of AVS to Hospitals**

by—Shri Rampada Samanta / P-327

**Regarding Simplification of the System of handing over of dead bodies from Moninpur Morgue**

by—Shri Ratan Das / P-322

**Regarding Cosntruction of fly-over on Ghatal-Midnapure Road**

by—Shri Ratan Pakhira / PP-329

**Regarding Continuation of Studies of Higher Secondary in Serampur College, Hooghly**

by—Dr. Ratna De (Nag) / P-323

**Regarding Drainage Problem in Kolkata**

by—Shri Saugata Roy / PP-321-322

**Regarding Proper Examination of fitness of route Buses**

by—Shri Shyama Prasad Pal / P-323

**Regarding Replacement of Sluice gate at Nandigram Assembly Constituency in Medinipur District**

by—Shri Sk. Illias Md. / P-323

**Regarding Re-opening of GKW**

by—Shri Sobhandev Chattopadhyay / PP-328-329

**Regarding Prevention of Ganga erosion in Purbasthali A.C. areas**

by—Shri Subrata Bhawal / P-321

**Regarding Setting up of a girls school at Khalashuria Barjora A.C. areas**

by—Shri Susmita Biswas / P-327

**Regarding Transport Problem in the State**

by—Shri Tapan Hore / P-320

*PP-421-425*

**Regarding repairing of embankments of the river Ajoy and Mourakshi**

by—Shri Ananda Gopal Das / P-424

**Regarding non-availability of Kerosene Oil through P.D.S.**
by—Shri Ashok Kumar Deb / P-424
**Regarding deploment of Doctor at Bhutni Health Centre**
by—Shri Asima Chowdhuri / P-423
**Regarding State Transport Bus Service from Dhumsa to Midnapore**
by—Shri Bhutnath Saren / PP-424-425
**Regarding Setting up of a Health Centre at Saraighat in Panskura A.C. areas**
by—Shri Chittaranjan Dasthakur / P-422
**Regarding repairing of river embankment in Sundarban areas**
by—Shri Gobinda Chandra Naskar / P-424
**Regarding Dredging of Durgapur Barrage**
by—Shri Kartick Chandra Bag / P-423-424
**Regarding Decission of Medical Council of India regarding MBBS seats for West Bengal**
by—Shri Kashinath Misra / PP-421-422
**Regarding Non-setting up of Civil & Criminal Courts at Kakdwip**
by—Manturam Pakhira / P-423
**Regarding Presidential Election**
by—Shri Pankaj Banerjee / P-423
**Regarding Provision of a Government Service to the widow of one Kalipada Roy died in Jail Custody**
by—Shri Paresh Chandra Adhikary / P-423
**Regarding Killing to Mass-beat**
by—Shri Rabindra Nath Bhattacherya / PP-422-423
**Regarding Setting up of a Junior High School at Dogachia in Nadanghat A.C. areas**
by—Shri Ratan Das / P-422
**Regarding Setting up of a Divisional Power Supply Office in West Midnapur District**
by—Shri Ratan Pakhira / P-424
**Regarding Power Supply Problem in Bangaon**
by—Dr. Ratna Dey (Nag) / P-421

**Regarding Repairing of Damaged 'River Bandhs' in Nandigram A.C. areas**

by—Shri Sk. Illias Mohammad / P-424

**Regarding Request for change fo the date of Election in Haldia**

by—Shri Sobhandeb Chattopadhyay / P-422

**Regarding Repairing of Chupi Road in Purbasthali A. C. areas**

by—Shri Subrata Bhowal / P-425

**Regarding Transport problem in Birbhum District**

by—Shri Tapan Hore / P-421

*PP-507-514*

**Regarding Problems regarding admission in Hospitals**

by—Shri Abdul Mannan / PP-507-508

**Regarding Hikes in Land Revenue**

by—Shri Ajoy Dey / P-507

**Regarding Crisis of Drinking Water at Barsora and Bishnupur in Birbhum District**

by—Shri Asit Mal / P-511

**Regarding Proposal hikes in Bus and Taxi Fares**

by—Shri Asit Mitra / P-512

**Regarding Collapse of Balconies of I. D. Hospital Beliaghata Causing Death of Injury**

by—Shri Deba Prasad Sarkar / PP-510-511

**Regarding Doubling of Bandel-Katwa Railways**

by—Shri Dibakanta Routh / PP-509-510

**Regarding abduchon of Fishermen by Sundarban Pirates**

by—Shri Gobinda Chandra Naskar / PP-513-514

**Regarding Setting up of agro-based Industries in Khandaghosh areas**

by—Shri Jyotsona Singh / P-510

**Regarding Demand for making MLA's as special invities in Municipalities**

by—Shri Kamal Mukherjee / P-511

**Regarding Demand for Publication of Brick-field Management rules**

by—Shri Kamalendu Sanyal / P-508

**Regarding Misuse of money in Panchayat Samity at Barabani**
by—Shri Manik Upadhyay / PP-511-512
**Regarding Dilapidated Condition of Kakdwip Gangadharpur Road**
by—Shri Manturam Pakhira / P-512
**Regarding Atrocity by B.S.F. Jawans**
by—Shri Mojibar Rahaman / P-509
**Regarding Demand for Setting up of Purulia Development Council**
by—Shri Nepal Mahato / P-507
**Regarding Assistance to Cyclone affected People in Singur areas**
by—Shri Rabindranath Bhattacharyya / P-510
**Regarding Arrangment for admission in Class XI at Chandannagar College at Hooghly**
by—Dr. Ratna De (Nag) / P-508
**Regarding Arsenic Pollution in Araidanga A. C. areas**
by—Shri Sabitri Mitra / P-513
**Regarding Dilapidated Condition of Buildings in Govt. Hospitals**
by—Shri Saugata Roy / PP-512-513
**Regarding Stop to Sell Rice and Wheat for export being sold in the State Causing harms to Cultivation**
by—Shri Shyama Prasad Pal / P-507
**Regarding Inclusion fo two Block in Haldia Development Authority at Nandigram A.C. areas**
by—Shri Sk. Illias Mohammod / P-511
**Regarding Bifarcation of a portion of Eastern Railway Headquater**
by—Shri Sobhan Deb Chattopadhyay / P-513

MOTION

**Moved for acceptance of the 18th report of the Business Advisory Committee / P-8**
**Moved for acceptance of the 19th report of the Business Advisory Committee / P-123**
**Moved for acceptance of the 20th report of the Business Advisory Committee / PP-390-391**

**OBITUARY REFERENCES** / PP-1-7
by—Shri Badal Basu / PP-1-2
by—Shri Jatti / P-7
by—Shri Kaify Azmi / PP-4-5
by—Shri Mabadev Mukherjee / P-2
by—Shri Mahadev Saha / PP-3-4
by—Shri Shyam Lal Shakdher / PP-2-3
by—Shri Sundar Hazra / P-2

**PERSONAL EXPLANATION**
by—Shri Ashok Kumar Deb / P-481

**POINT OF INFORMATION**
by—Shri Kashinath Mishra / PP-516-517
by—Shri Nirmal Das / PP-220-221
by—Shri Pankaj Banerjee / P-141,221
by—Shri Parash Dutta / P-168
by—Shri Shyama Prasad Pal / P-517
by—Shri Tapan Hore / P-517
by—Shri Tapas Roy / P-168,517

**POINT OF ORDER**
by—Shri Pankaj Banerjee / PP-131-132
by—Shri Parash Dutta / P-481
by—Shri Tapas Roy / P-524

**POINT OF ORDER**

**(On the admisibility of West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002)**
by—Shri Asit Mitra / P-156
by—Shri Kalyan Banerjee / PP-154-155
by—Shri Pankaj Banerjee / P-154
by—Shri Saugata Roy / P-152

**PRESENTATION OF COMMITTEE REPORT**

**First, Second and Third Reports of the Standing Committee on Agriculture, Agriculture Marketing and Horticulture, (2001-2002)**
by—Shri Chittaranjan Dasthakur / P-127

**First and Second Reports of the Standing Committee on Commerce and Industries & Insutrial Reconstruction (2001-2002)**
by—Shri Sunil Kumar Ghosh / P-48

**First Report of the Standing Committee on Cottage & Small Scale Industies, Co-operation and Animal Resoures Development (2001-2002)**

by—Shri Md. Yaqub / P-209

**First Report of the Standing Committee on Education, Information & Cultural Affairs, Sports and Youth Services (2001-2002)**

by—Shri Padmanidhi Dhar / P-126

**First Report of the Standing Committee on Environment, Forests and Tourism (2001-2002)**

by—Shri Sk. Majed Ali / P-208

**First and Second Reports of the Standing Committee on Food and Supplies, Food Processing and Fisheries (2001-2002)**

by—Shri Subrata Bose / P-127

First Report of the Standing Committee on Health & Family Welfare (2001-2002)

by—Shri Manoranjan Patra / P-127

**Second, Third & Fourth Reports of the Standing Committee on Housing and Public Works (2001-2002)**

by—Shri Saugata Roy / PP-208-209

**Second, Third & Fourth Reports of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2001-2002)**

by—Shri Tapan Hore / PP-48-49

**First Report of the Standing Committee on Labour (2001-2002)**

by—Shri Jagadish Chandra Das / P-208

**Twentieth and 21st Reports of the Standing Committee on Panchayats, Rural Development and Land & Land Reforms (2001-2002) regarding study visit to the Sugar Mills in the Districts of Nadia and Murshidabad and Pre-voting Budged Serutiny of the Budget Estimate for the Year 2002-2003 on the Departments of Panchayat, Rural Development and Land & Land Reforms respectively.**

by—Sk. Jahangir Karim / P-49

**Second and Third Reports of the Standing Committee on Power, Non-conventional Energy Sources, Science & Technology and Information Technology (2001-2002)**

by—Shri Abu Ayes Mondal / P-126

**Fourth Reports of the Standing Committee on Power, Non-conventional Energy Sources, Seience & Technology and Information Technology (2001-2002)**

by—Shri Abu Ayes Mondal / P-318

**First Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation (2001-2002)**

by—Shri Kamalakkshmi Biswas / P-208

**Second Report of the Standing Committee on Social Welfare, Relief, Refugee Relief and Rehabilitation (2001-2002)**

by—Shri Kamalakshmi Biswas / P-319

**First and Second Report of the Standing Committee on Transport and Public Health Engineering (2001-2002)**

by—Shri Sadhan Pande / PP-318-319

**First Report of the Standing Committee on Urban development and Municipal Affairs (2001-2002)**

by—Shri Ajoy De / PP-126-127

**First and Second Reports of the Standing Committee on Welfare of Scheduled eastes, Seheduled Tribes and other Backward Classes (2001-2002)**

by—Shri Rabindranath Hembram / P-209

**18th Report of the Business Advisory Committee**

by—Mr. Speaker / P-8

**19th Report of the Business Advisory Committee**

by—Mr. Speaker / P-123

**20th Report of the Business Advisory Committee**

by—Mr. Speaker / PP-390-391

PRIVILEGE MOTION

by—Shri Padmanidhi Dhar / PP-127-128

QUESTION

**Appointment of S.C., S.T. Drivers in West Bengal Fire Services**

by—Shri Ashok Deb / P-100

**Attraction of investment to West Bengal**
by—Shri Ambica Banerjee P-97
**Casual Workers in the West Bengal Fire Services**
by—Shri Ashok Deb P-100
**Closure of B. E. College, Shibpur**
by—Shri Saugata Roy PP-22-23
**Cosntruction of Court Building at Kharagpur**
by—Shri Gyan Singh Sohan Pal PP-315-316
**Educational Courses**
by—Shri Sisir Adhikari Pp-115
**Government action against Pre-natal Sex determination**
by—Shri Ambica Banerjee P-97
**Infrastructural Development of Purba Medinipur District**
by—Shri Sisir Adhikari P-116
**Mode of Assesment regarding Rent, Cess, Lease, Fees etc**
by—Shri Sisit Adhikari PP-115-116
**New Ration Cards in each Block**
by—Shri Jagaranjan Halder P-303
**No. of Water Tender Engines Lying out of Order**
by—Shri Bankim Chandra Hazra P-23
**Preventing Traffic Jam at Behala**
by—Shri Partha Chatterjee PP-314-315
**Rectification of incomplete results of the students under the Vidyasagar University**
by—Shri Sisir Adhikary P-311
**Scarcity of Rice, Wheat and Sugar in the Ration Shops of Darjeeling**
by—Shri Dipak Kumar Ghosh PP-306-307
**Target for procurement of Rice**
by—Shri Dipak Kumar Ghosh P-307
**Total Number of Criminals arrested**
by—Shri Nepal Mahato PP-311-312
**Total No. of New Ration Cards in Birbhum District**
by—Shri Asit Kumar Mal P-315

**১৯৯৭ হতে ২০০১ পর্যন্ত রাজ্যে খুন, ডাকাতি ও অপহরণের সংখ্যা**
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / P-301
**অর্থকরী ফসলের চাষ**
—শ্রী দীপককুমার ঘোষ / P-306
**অনুমোদিত ও অননুমোদিত মাদ্রাসার সংখ্যা**
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / PP-483-488
**অনুমোদিত স্বনিযুক্তি প্রকল্পের সংখ্যা**
—শ্রী পরেশনাথ দাস / P-23
**অবৈধ চোলাই মদ প্রস্তুতকারকদের কাছ থেকে আবগারি শুল্ক আদায়**
—শ্রী ভূতনাথ সরেন / P-110
**অলচিকি ভাষার মাধ্যমে শিক্ষাদান**
—শ্রী ভূতনাথ সরেন / P-417
**অশোকনগরে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন**
—শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত / P-117
**অশোকনগরে পর্যটন কেন্দ্র**
—শ্রীমতী শর্মিষ্ঠা দত্ত / P-117
**আই আই আই টি সল্টলেককে ডিমড্ ইউনিভার্সিটিতে উন্নীত করার পরিকল্পনা**
—শ্রীমতী সোনালী গুহ / P-96
**আদিবাসী অধ্যুষিত এলাকায় বিদ্যুৎ সংযোগ**
—শ্রী কাশীনাথ মিশ্র / P-96
**আবাস ইউনিট নির্মাণে হাডকোর ঋণ**
—শ্রী বিমান চক্রবর্তী / PP-300-301
**আমন ধানের উৎপাদন**
—শ্রী দীপককুমার ঘোষ / PP-91-92
**আর্সেনিক কবলিত ব্লক / মৌজা**
—শ্রী শিবপ্রসাদ মালিক / PP-287-288
**এ ডি বি-এর সহায়তায় রাস্তা নির্মাণ**
—শ্রী অজয় দে / PP-417-418
**এক দিবসীয় ক্রিকেট খেলার টিকিটের কালোবাজারি**
—শ্রী দীপককুমার ঘোষ / PP-500-501
**একলাখি-বালুরঘাট রেলপথের জন্য জমি হস্তান্তর**
—শ্রী তপন হোড় / P-95

**ই এস আই হাসপাতালের সংস্কার**
—শ্রী জটু লাহিড়ি / P-107
**উদ্বাস্তু কলোনিগুলিতে শিল্প সংস্থাপন**
—শ্রী আব্দুল মান্নান / PP-77-81
**উদ্বাস্তু কলোনির উন্নয়ন**
—শ্রী জটু লাহিড়ি / P-106
**ইনজেকশন ডায়ালে আর্সেনিক**
—শ্রীমতী রত্না দে (নাগ) / P-203
**কর্তব্যরত অবস্থায় নিহত/আহত ট্রাফিক পুলিশের সংখ্যা**
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-308
**কর্মবিনিয়োগ কেন্দ্রে কমপিউটার**
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / PP-102-104
**কলকাতায় উচ্ছেদপ্রাপ্তদের বাসগৃহ**
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP-281-287
**কাকদ্বীপে হিমঘর স্থাপন**
—শ্রী মন্টুরাম পাখিরা / P-99
**ক্রেতা সুরক্ষা ফোরাম গঠন**
—শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আব্দুল মান্নান / PP-415-416
**গরিব কৃষকদের ডাল ও তৈলবীজ সরবরাহ**
—শ্রী রামপদ সামন্ত / P-91
**গাঙ্গুলীবাগান টেনামেন্ট স্কিম**
—শ্রী দীপককুমার ঘোষ / P-307
**জুনিয়ার হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরের পরিকল্পনা**
—শ্রী যোগরঞ্জন হালদার / PP-302-303
**জেলা পরিষদের অডিট**
—শ্রী শঙ্কর সিংহ ও শ্রী আব্দুল মান্নান / P-94
**জেলা পরিষদগুলির সহায়ক অনুদান**
—শ্রী তপন হোড় / P-94
**ঝালদায় নদীসেচ প্রকল্প**
—শ্রী নেপাল মাহাতো / P-112
**ট্যুরিস্ট লজ বেসরকারিকরণ**
—শ্রী আব্দুল মান্নান / PP-187-191

**তফসিলি জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের সরকারি হোস্টেল**
—শ্রী কমল মুখার্জি / P-108
**তাঁত বিপণন কেন্দ্রগুলিতে রিবেট**
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-196-199
**তারাপুর প্রাথমিক হাসপাতাল**
—ডঃ আশীষ ব্যানার্জি / P-120
**তারাপীঠে নতুন থানা স্থাপনের পরিকল্পনা**
—ডঃ আশীষ ব্যানার্জী / P-313
**ত্রাণসামগ্রী ক্রয়**
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-87-90
**দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন থানা স্থাপন**
—শ্রী মন্টুরাম পাখিরা / P-305
**দক্ষিণ ২৪-পরগনার বিভিন্ন মৌজায় বিদ্যুৎ-সংযোগ**
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P-108
**দক্ষিণ ২৪-পরগনায় মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা**
—শ্রী তমোনাশ ঘোষ / P-114
**দমকল পরিষেবায় বিদেশি লগ্নি**
—শ্রী নর্মদা রায় ও শ্রী তপন হোড় / PP-20-21
**দমকল বিভাগে চালু গাড়ির সংখ্যা**
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P-501
**দিল্লির ওয়েবেলের সাবসিডিয়ারি অফিসে কর্মীসংখ্যা**
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-194-196
**দীঘায় নোটিফায়েড এলাকা**
—শ্রী অখিল গিরি / P-105
**ধানের মূল্য হ্রাস**
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-418-419
**নদিয়া জেলা পরিষদের অডিট**
—শ্রী অজয় দে / P-115
**নিহত পুলিশ কর্মীর স্ত্রীকে চাকুরি দেওয়ার প্রস্তাব**
—শ্রী যোগরঞ্জন হালদার / P-302
**নিয়ন্ত্রিত বাজারের সংখ্যা**
—শ্রী রামপদ সামন্ত / PP-97-98

**পঞ্চায়েত ও পুরসভা স্তরে যুব উৎসব**
—শ্রী অজয় দে / PP-24-25
**পরিবেশ দূষণ**
—শ্রী কাশীনাথ মিশ্র / P-297
**পরিবেশ দূষণজনিত কারণে বন্ধ কারখানা**
—শ্রী ধনঞ্জয় মোদক ও শ্রী তপন হোড় / PP-117-118
**পশ্চিমবঙ্গের তুলনায় অন্যান্য রাজ্যে বিদ্যুতের মূল্য**
—শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকার / PP-405-414
**পশ্চিমবঙ্গে যোজনা প্রকল্প**
—শ্রী শঙ্কর সিংহ ও আব্দুল মান্নান / P-202
**পাটচাষিদের স্বার্থ রক্ষা**
—শ্রী আবু তাহের খান / P-116
**পাটশিল্পের উন্নয়নে নতুন প্রযুক্তি**
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / P-204
**পানচাষিদের স্বার্থে নিয়ন্ত্রিত বাজার স্থাপন**
—শ্রী মন্টুরাম পাখিরা / PP-98-99
**পুরুলিয়ায় ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন**
—শ্রী নেপাল মাহাতো / P-112
**পুরুলিয়া জেলার কোটশিলায় নতুন থানা স্থাপন**
—শ্রী নেপাল মাহাতো / P-112
**পুরুলিয়া জেলায় পানীয় জল সরবরাহ**
—শ্রী নিশিকান্ত মেহতা / P-288
**পুরুলিয়া বি এড কলেজে আসন সংখ্যা হ্রাস**
—শ্রী নেপাল মাহাতো / P-111
**পুরুলিয়া জেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকার শূন্য পদের সংখ্যা**
—শ্রী নেপাল মাহাতো / P-113
**পুরুলিয়া জেলায় সমবায় প্রশিক্ষণ কেন্দ্র**
—শ্রী নিশিকান্ত মেহতা / P-121
**পূর্ব মেদিনীপুর জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা**
—শ্রী সেখ ইলিয়াস মহম্মদ / P-101
**প্রতিবন্ধী ও মানসিক জড়বুদ্ধিসম্পন্ন ছাত্রছাত্রীদের কল্যাণ প্রকল্প**
—শ্রী কমল মুখার্জি / P-110

**প্রথম শ্রেণীতে ভর্তির লটারি**
—শ্রী কমল মুখার্জি / PP-501-502
**প্রভিডেন্ট ফান্ডে অর্থ জমা**
—শ্রী আব্দুল মান্নান / P-93
**প্রাথমিক বিদ্যালয়হীন গ্রামের সংখ্যা**
—শ্রী সেখ ইলিয়াস মহম্মদ / PP-497-498
**প্রাথমিক শিক্ষার উন্নতিকল্পে গৃহীত ব্যবস্থা**
—শ্রী ডাঃ রত্না দে (নাগ) / P-313
**প্রাথমিক শিক্ষা বিষয়ে 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট' কর্তৃক অনুসন্ধান**
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-500
**প্রাণীরোগ প্রতিষেধক টিকা**
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP-81-87
**ফলতায় আচার্য জগদীশচন্দ্র বসুর বাগানবাড়িতে মিউজিয়াম**
—শ্রী তমোনাশ ঘোষ / P-113
**বড় পঞ্চায়েতগুলির বিভক্তিকরণ**
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-203
**বর্ধমান জেলায় কৃষিভিত্তিক শিল্প**
—শ্রীমতী সাধনা মল্লিক / PP-104-105
**বন্ধ ডানলপ কারখানা খুলতে ব্যবস্থা গ্রহণ**
—শ্রী তপন হোড় / PP-201-202
**বধূ নির্যাতন, বধূ হত্যা ও নারী ধর্ষণের ঘটনা**
—শ্রী জটু লাহিড়ি / P-300
**বসুমতী পত্রিকা প্রকাশনা**
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-99
**বসুমতী পত্রিকার কর্মচারীদের আর্থিক সুযোগ-সুবিধা**
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-100
**বাঁকুড়া জেলায় নতুন থানা স্থাপন**
—শ্রী কাশীনাথ মিশ্র / P-95
**বাঁকুড়া জেলায় সংশোধনাগার নির্মাণ**
—শ্রী কাশীনাথ মিশ্র / P-95
**বাঁকুড়া জেলার স্টেডিয়ামের উন্নয়ন**
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-498

**বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতাল**
—শ্রী কাশীনাথ মিশ্র / P-302
**বাড়ি ভাড়া আইনের সংশোধন**
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-401-405
**বাঘের আক্রমণে নিহতের সংখ্যা**
—শ্রী ঈদ মহম্মদ / PP-295-296
**বিচারকের শূন্যপদের সংখ্যা**
—শ্রী সামসুল ইসলাম মোল্লা / P-22
**বীরভূম জেলায় লাইসেন্সপ্রাপ্ত নতুন দেশী মদের দোকানের সংখ্যা**
—শ্রী অসিতকুমার মাল / P-122
**বেসরকারি বাস/মিনিবাস কর্মচারীদের অবসরকালীন ভাতা, পেনশন প্রদান**
—শ্রী আব্দুল মান্নান / PP-492-497
**বেলুড় নিস্কো কারখানার ফাউন্ড্রি বিভাগের উন্নয়ন**
—শ্রীমতী কণিকা গাঙ্গুলী / P-113
**বোলপুর শ্রীনিকেতন ব্লকে বানভাষীদের পুনর্বাসন**
—শ্রী ধনঞ্জয় মোদক এবং শ্রী তপন হোড় / P-313
**বুনো হাতির আক্রমণে মৃতের সংখ্যা**
—শ্রী ভূতনাথ সরেন / P-111
**বৃহৎ পঞ্চায়েত ও ব্লকগুলির বিভাজন**
—শ্রী নির্মল দাস / P-121
**ভি ডি ও পার্লারের দৌরাত্ম্য**
—শ্রী প্রমথনাথ রায় / P-121
**মহাবিদ্যালয়ে অধ্যক্ষের শূন্যপদ**
—শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-22
**মহাবিদ্যালয়ে অধ্যাপকদের শূন্যপদ পূরণ**
—শ্রী দেবপ্রসাদ সরকার / PP-8-15
**মহিলা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিতে পুরুষদের অধিকার**
—শ্রী জটু লাহিড়ি / P-416
**মহিলাদের স্ব-নিযুক্তি প্রকল্প**
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / P-500
**মাদ্রাসা বোর্ডের পাঠ্যসূচি**
—শ্রীমতী সোনালী গুহ / PP-488-491

**মাধ্যমিক বিদ্যালয়সমূহে ছাত্রছাত্রীর সংখ্যা**

—শ্রী জানে আলম মিঞা / PP-491-492

**মেদিনীপুর থেকে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালু**

—শ্রী ভূতনাথ সোরেন / P-501

**ম্যালেরিয়া আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি**

—শ্রী কমল মুখার্জি / P-205

**যুবকল্যাণ বিভাগ থেকে সাহায্যপ্রাপ্ত যুবক-যুবতীর সংখ্যা**

—শ্রী কমল মুখার্জি / P-24

**যৌথ উদ্যোগে আবাসন প্রকল্প**

—শ্রী কমল মুখার্জি / P-300

**রংমহল প্রেক্ষাগৃহে অগ্নিকাণ্ডের তদন্ত**

—শ্রী আব্দুল মান্নান / P-93

**রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র**

—শ্রী দীপককুমার ঘোষ / PP-298-299

**রপ্তানি বৃদ্ধিতে উন্নয়ন সমিতি গঠন**

—শ্রী আবু আয়েশ মন্ডল / PP-192-194

**রাজারহাট উপনগরী**

—শ্রী রামপদ সামন্ত / PP-296-297

**রাজারহাট এলাকায় নতুন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় স্থাপন**

—শ্রী তন্ময় মন্ডল / P-120

**রামপুরহাট ১নং ব্লকের জন্য রেশন কার্ড**

—ডঃ আশীষ ব্যানার্জি / P-314

**রামপুরহাটের মাড়গ্রামে থানা এলাকায় চুরি, ডাকাতির ঘটনা**

—ডঃ আশীষ ব্যানার্জি / P-314

**রাজ্যে আরক্ষা বাহিনী আধুনিকীকরণে কেন্দ্রীয় বরাদ্দ**

—শ্রী মন্টুরাম পাখিরা / PP-305-306

**রাজ্যে এন ভি এফ কর্মীর সংখ্যা**

—শ্রী মন্টুরাম পাখিরা / P-98

**রাজ্যে চালু সমবায় ব্যাঙ্কের সংখ্যা**

—শ্রীমতী সোনালী গুহ / PP-303-304

**রাজ্যের জলপথ পরিবহন উন্নয়ন**

—শ্রী তপন হোড় / P-499

**রাজ্যে নতুনভাবে রেশন কার্ডের শ্রেণীবিন্যাস**
—শ্রী অজয় দে / PP-310-311
**রাজ্যে পাখিরালয়ের সংখ্যা**
—শ্রী তপন হোড় / PP-297-298
**রাজ্যে পুলিশের গুলিচালনা**
—শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেবপ্রসাদ সরকার / PP-288-295
**রাজ্যের বিশ্ববিদ্যালয়সমূহে উপাচার্য নিয়োগের পদ্ধতি**
—শ্রীমতী সোনালী গুহ P-303
**রাজ্যে হিমঘরের সংখ্যা**
—শ্রী বাঁশরীমোহন কাঁজি / P-122
**রাজ্যে প্রতিটি ব্লকে মৎস্য উৎপাদন খামার**
—শ্রী জানে আলম মিঞা / P-416
**'রূপলাল নন্দী' ক্যান্সার রিসার্চ সেন্টার**
—শ্রী কমল মুখার্জি / P-109
**রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র ও কুটির শিল্পের সংখ্যা**
—শ্রী দীপককুমার ঘোষ / PP-202-203
**শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজারের উন্নয়ন**
—শ্রী আব্দুল মান্নান / P-92
**সমাজবিরোধী দৌরাত্ম্য বন্ধে 'টাস্ক ফোর্স'**
—শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / P-296
**সরকার পরিচালিত খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প**
—শ্রী রামপদ সামন্ত / P-202
**সরকারি কলেজে 'আর্টস অ্যান্ড ক্রাফ্‌টম্যানশিপ' পাঠ্যক্রম**
—শ্রী রামপদ সামন্ত / P-304
**সরকারি পদ বাতিল**
—শ্রী অজয় দে / P-114
**সরকারি মহাবিদ্যালয় ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা**
—শ্রী মলয় ঘটক / P-24
**সাগরদিঘি ব্লকের দামুস বিলের আয়তন**
—শ্রী পরেশনাথ দাস / P-310
**সাপে কাটা রোগীর প্রয়োজনীয় ওষুধ**
—শ্রী অশোক দেব / P-204

**সাবসিডিয়ারি হেলথ্ সেন্টারগুলিতে ডাক্তারের শূন্য পদ**
—শ্রী ঈদ মহম্মদ / PP-199-201
**সি ই এস সি এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব চেয়ে রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্রস্তাব**
—শ্রী আব্দুল মান্নান / P-415
**সিনেমার অশালীন হোর্ডিং**
—শ্রী ব্রহ্মময় নন্দ / P-104
**সিনেমা হলকে ফায়ার লাইসেন্স প্রদান**
—শ্রী অশোক দেব ও শ্রীমতী মায়ারানি পাল / P-505
**সুন্দরবন উন্নয়ন পর্ষদের গঠন ও কার্যকলাপ**
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / PP-308-309
**সুন্দরবন এলাকায় নতুন থানা স্থাপন**
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-312
**সুন্দরবনে জনসাধারণের স্বেচ্ছাশ্রম দ্বারা রাস্তা নির্মাণ**
—শ্রী গোবিন্দচন্দ্র নস্কর / P-119
**সুবর্ণরেখা বাঁধ প্রকল্পে কেন্দ্রীয় অর্থ**
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-204-205
**সুসংহত শিশুবিকাশ প্রকল্প**
—শ্রী শ্যামাপ্রসাদ পাল / PP-101-102
**সেন্ট্রাল রোড ফান্ড বাবদ রাজ্যকে বরাদ্দকৃত অর্থ**
—শ্রী তপন হোড় / P-414
**স্বল্পকালীন বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র**
—শ্রী আবু আয়েশ মন্ডল / PP-15-20
**স্বাস্থ্য ও পরিকাঠামোর উন্নয়ন**
—শ্রীমতী সোনালী গুহ / P-96
**হলদিয়ার কুমারচক গ্রামে দূষণ**
—ডাঃ রত্না দে (নাগ) / P-118
**হলদিয়া-ফারাক্কা রাস্তার বর্ধমান ও বীরভূম বাইপাসের জন্য বরাদ্দকৃত অর্থ**
—শ্রী আনন্দগোপাল দাস / P-418
**হাওড়া জেলায় এইডস্ ও আর্সেনিক দূষণে আক্রান্তের চিকিৎসা**
—শ্রী বিমান চক্রবর্তী / P-119
**হাওড়া জেলার ডুমুরজলায় স্টেডিয়াম নির্মাণ**
—শ্রী জটু লাহিড়ি / P-107

**হাওড়া জেলায় থানায় নিযুক্ত মহিলা পুলিশ কর্মীর সংখ্যা**
—শ্রী জটু লাহিড়ি / PP-309-310
**হাওড়া জেলায় মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত বিদ্যালয়ের সংখ্যা**
—শ্রী জটু লাহিড়ি / P-107
**হাসপাতালে স্থায়ী ডাক্তার নিয়োগ**
—শ্রী আশীষ ব্যানার্জি / PP-119-120
**হুগলি জেলায় নিবন্ধীকৃত শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা**
—শ্রী কমল মুখার্জি / PP-109-110
**হুগলির মহানাদের 'চন্দ্রদিঘি' লিজ দেবার পরিকল্পনা**
—শ্রী আশুতোষ মুখোপাধ্যায় / P-310
**হোমগার্ডের সংখ্যা**
—শ্রী পরেশনাথ দাস / P-299

**RULING FROM THE CHAIR**
**(On the Point of order on the West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002)** / PP-152-153

**RULING FROM THE CHAIR**
**(On the adminissbility of West Bengal Land Reforms and Tenancy Tribunal (Amendment) Bill, 2002)** / P-156

**RULING FROM THE CHAIR** / PP-506-507

**ZERO HOUR** / PP-141-147, 219-220, 332-337 and 514-516

*Printed at :*
**Basumati Corporation Limited**
166 B. B. Ganguly Street
Kolkata-700 012
400/2004